ভজেচ্চ শারদং মাল্যং সীধোঃ পানঞ্চ যুক্তিতঃ।
পিত্তপ্রশমনং যচ্চ তচ্চ সর্ব্বং সমাচরেৎ ॥
হেমন্তঃ শীতলো রুক্ষো মন্দসূর্য্যোঽনিলাকুলঃ।
ততস্তু শীতমাসাদ্য বায়ুস্তত্র প্রকুপ্যতি ॥
কোষ্ঠস্থঃ শীতসংস্পর্শাদন্তঃ পিণ্ডীকৃতোঽনলঃ।
রসমুচ্ছোষয়ত্যাশু তস্মাৎ স্নিগ্ধং তদা হিতং ॥
হেমন্তে লবণ-ক্ষার-তিক্তাম্ল-কটুকোৎকটং।
সসর্পিষ্কৈস্তৈলহিমমশনং হিতমুচ্যতে ॥
তীক্ষ্ণান্যপি চ পানানি পিবেদগুরুভূষিতঃ।
তৈলাভ্যক্তঃ সুখোষ্ণে চ বারিকোষ্ঠেঽবগাহয়েৎ ॥
সাঙ্গারযানে মহতি কৌশেয়াস্তরণাস্তৃতে।
শয়ীত শয়নে বাপি বৃতো গর্ভগৃহোদরে ॥
স্ত্রীশ্লিষ্টাগুরুধূপাঢ্যাঃ পীনোরুজঘনস্তনীঃ।
প্রকামঞ্চ নিষেবেত মৈথুনং তর্পিতো নৃপঃ ॥
মধুরং তিক্তকটুকমম্লং লবণমেবচ।
অন্নপানং তিলান্ মাষান্ শাকানি চ দধীনি চ ॥
তথেক্ষুবিকৃতীঃ শালীন্ সুগন্ধাংশ্চ নবানপি।
প্রসহ্যানুপমাংসানি ক্রব্যাদবিলশায়িনাং ॥
ঔদকানাং প্লবানাঞ্চ পাদিনাঞ্চোপজায়তে।
মদ্যানি চ প্রসন্নানি যচ্চ কিঞ্চিৎ বলপ্রদং ॥
কামতস্তন্নিষেবেত পুষ্টিমিচ্ছন্ হিমাগমে।
এষ এব বিধিঃ কার্য্যঃ শিশিরে সমুদাহৃতঃ ॥
হেমন্তে নিচিতঃ শ্লেষ্মা শৈত্যাচ্ছীতশরীরিণাং।
ঔষ্ণ্যাদ্বসন্তে কুপিতঃ কুরুতে চ গদান্ বহূন্ ॥

ততোহম্ল মধুর স্নিগ্ধ লবণানি গুরূণিচ।
বর্জ্জয়েদ্বমনাদীনি কর্ম্মাণ্যপিচ কারয়েৎ॥
ষষ্টিকান্নংযবান্ শীতান্ মুদ্গান্ নীবার কোদ্রবান্।
লাবাদি বিষ্কির রসৈ র্দদ্যাদ্যূষৈশ্চ যুক্তিতঃ॥
পটোল নিম্ববার্ত্তাকু তিক্তকৈশ্চ হিমাত্যয়ে।
সেবেন্মধ্বাসবারিষ্টান্ সীধুমাধ্বীক মাসবান্॥
ব্যায়াম মঞ্জনং ধূমং তীক্ষ্ণঞ্চ কবলগ্রহং।
সুখাম্বুনাচ সর্ব্বার্থান্ সেবেত কুসুমাগমে॥
তীক্ষ্ণরুক্ষকটুক্ষার কষায়ং কোষ্ণ মদ্রবং।
যবমুদ্গমধুপ্রায়ং বসন্তে ভোজনং হিতং॥
ব্যায়ামোহত্র নিযুদ্ধাধ্বশিলানির্ব্বাতজোহিতঃ।
উৎসাদনং তথাস্নানং বনিতা কাননানি চ॥
সেবেত নির্হরেচ্ছাপি হেমন্তোপচিতং কফং।
শিরোবিরেকবমন নিরূহ কবলাদিভিঃ॥
বর্জ্জয়েন্মধুরস্নিগ্ধ দিবাস্বপ্নগুরুদ্রবান্।
ব্যায়ামমুষ্ণমায়াসং মৈথুনঞ্চাতি শোষিচ॥
রসাংশ্চাগ্নিগুণোদ্রিক্তান্ নিদাঘে পরিবর্জ্জয়েৎ।
সরাংসি সরিতোবাপি বনানি রুচিরাণি চ॥
চন্দনানি পরার্ঘ্যানি স্রজঃসকমলোৎপলাঃ।
তালবৃন্তানিলাহারাং স্তথাশীত গৃহানি চ॥
ঘর্ম্মকালে নিষেবেত বাসাংসি সুলঘূনিচ।
শর্করাথণ্ডদিগ্ধানি সুগন্ধীনি হিমানি চ॥
পানকানিচ সেবেত মন্থাংশ্চাপি সশর্করান্।
ভোজনঞ্চ হিতং শীতং সঘৃতং মধুরদ্রবং॥
শৃতেন পয়সা রাত্রৌ শর্করামধুরেণ চ।
প্রত্যগ্রকুসুমাকীর্ণ শয়নে হর্ম্ম্য সংস্থিতে॥

শয়ীত চন্দনার্দ্রাঙ্গঃ স্পৃশ্যমানোঽনিলৈঃ সুখৈঃ।
তাপাত্যয়ে হিতানিত্যং রসা যে গুরবস্ত্রয়ঃ॥
পয়োমাংস রসাঃকোষ্ণা স্তৈলানি চ ঘৃতানি চ।
বৃংহণঞ্চাপি যৎকিঞ্চিদভিষ্যন্দি তথৈবচ॥
নিদাঘোপচিতশ্চৈব প্রকুপ্যন্তং সমীরণং।
নিহন্যাদনিলঘ্নেন বিধিনাবিধিকোবিদঃ॥
নদীজলং রুক্ষমুষ্ণমুদমন্থং তথাতপং।
ব্যায়ামঞ্চ দিবাস্বপ্নং ব্যবায়ঞ্চাত্র বর্জ্জয়েৎ॥
যব ষষ্টিক গোধূমান্ শালীংশ্চাপ্যনবাংস্তথা।
হর্ম্ম্যমধ্যে নিবাতে চ ভজেচ্ছয্যা মৃদূত্তরাং॥
সবিষপ্রাণি বিন্মূত্র লালানিষ্ঠীননাদিভিঃ।
সমাপ্লুতং তদাতোয় মন্তরীক্ষং বিষোপমং॥
বায়ুনাবিষজুষ্টেন প্রাবিষ্যেব প্রদূষিতং।
তদ্ধিসর্ব্বোপযোগেষু তস্মিন্‌কালে বিবর্জ্জয়েৎ॥
নিরুহৈর্ব্বস্তিভিশ্চান্যৈস্তথান্যৈ র্মারুতগ্রহৈঃ।
কুপিতং সময়েদ্বায়ুং বার্ষিকং বা চরেদ্বিধিং॥
ঋতাবৃতৌ য এতেন বিধিনা বর্ত্ততে নরঃ।
ঘোরানৃতুকৃতান্ রোগান্নাপ্নোতি স কদাচন॥

অতউর্দ্ধং দ্বাদশাশন প্রবিভাগান্ বক্ষ্যামঃ। তত্র শীতোষ্ণস্নিগ্ধরু ক্ষদ্রবশুষ্কৈক কালিকদ্বিকালিকৌষধযুক্তমাত্রাহীনদোষপ্রশমন বৃত্ত্যর্থাঃ॥

তৃষ্ণোষ্ণমদদাহার্ত্তান্ রক্তপিত্ত বিষাতুরান্।
মূর্চ্ছার্ত্তান্ স্ত্রীষুচ ক্ষীণান্ শীতৈরন্নৈরুপাচরেৎ॥
কফবাতাময়াবিষ্টান্ বিরিক্তান্ স্নেহ পায়িনঃ।
প্রক্লিন্নদেহাংশ্চ নরানুষ্ণৈরন্নৈরুপাচরেৎ॥
বাতিকান্ রুক্ষদেহাংশ্চ ব্যায়ামোপহতাংস্তথা।
ব্যায়ামিনশ্চাপিনরান্ স্নিগ্ধৈরন্নৈরুপাচরেৎ॥

মেদসাভিপরীতাংস্তু স্থূলান্মেহাতুরানপি ।
কফাভিপন্নদেহাংশ্চ রুক্ষৈরন্নৈরুপাচরেৎ ॥
শুষ্কদেহান্ পিপাসার্ত্তান্ দুর্ব্বলানপিচ দ্রবৈঃ ।
প্রক্লিন্নকায়ান্ ব্রণিনঃ শুষ্কৈর্মেহিত মেবচ ॥
এককালং ভবেদ্দেয়ো দুর্ব্বলাগ্নি বিবৃদ্ধয়ে ।
সমাগ্নয়ে তথাহারো দেয়ঃকালমথোভয়ং ॥
ঔষধদ্বেষিণে দেয় স্তথৌষধ সমাযুতঃ ।
মন্দাগ্নয়ে রোগিণেচ মাত্রাহীনঃ প্রশস্যতে ॥
যথার্থদত্তশ্চাহারো দোষপ্রশমনঃ স্মৃতঃ ।
অতঃপরস্তু স্বস্থানাং বৃত্ত্যর্থং সর্ব্বমেবচ ॥
দ্বাদশান্ন প্রবিচারানেতানেব প্রচক্ষ্যতে ।

অতঊর্দ্ধং দশৌষধকালান্ বক্ষ্যামঃ। তত্র নির্ভক্তং প্রাগ্ভক্ত মধোভক্তং মধ্যেভক্তমন্তরাভক্তং সভক্তং সামুদ্গং মুহুর্মুহু গ্রাসং গ্রাসান্তরঞ্চেতি দশৌষধকালাঃ ॥

তত্র নির্ভক্তং কেবলমেবৌষধমুপযুজ্যতে। বীর্য্যাধিকং ভবতি ভেষজমন্নহীনং হন্যাত্তথাময়মসংশয়মাশুচৈব। তদ্বালবৃদ্ধযুবতী মৃদবোহপ পীত্বা গ্লানিং পরাং সমুপযান্তি বলক্ষয়ঞ্চ ॥ প্রাগ্ভক্তং নাম যত্তু প্রাগ্-ভক্তস্যোপযুজ্যতে ।

শীঘ্রং বিপাকমুপযাতি বলং ন হিংস্যাদন্নাবৃতং নচ মুহুর্ব-দনান্নিরেতি। প্রাগ্ভক্ত-সেবিত মথো বলমাদধাতি দদ্যাচ্চ বৃদ্ধ শিশু ভীরুবরাঙ্গনাভ্যঃ ॥ অধোভক্তংনাম যদ্ভুক্তান্তে পীয়তে ॥

পীতং যদন্নমুপযুজ্য তদূর্দ্ধকায়ে হন্যাদ্গদান্ বহুবিধাংশ্চ বলং দধাতি ।

মধ্যে ভক্তংনাম যন্মধ্যে ভক্তস্য পীয়তে ।

মধ্যেতু পীতমুপহন্ত্যবিসারিভাবান্ যে মধ্যদেহমভিভূয় ভবন্তি রোগাঃ ।

অন্তরাভক্তংনাম যদন্তরাপীয়তে পূর্ব্বাপরয়োর্ভক্তয়োঃ।
হৃদ্যং মনোবলকরন্তৃতি দীপনীয়ং।
পথ্যঞ্চ সম্ভবতি চান্তরভক্তমেতৎ॥
সভক্তং নামৌষধেষুযৎ সাধ্যতে ভক্তং।
পথ্যং সভক্তমবলাবলয়োর্হি নিত্যং।
তদ্দ্বেষিণামপি তথাশিশুবৃদ্ধয়োশ্চ॥
সামুদ্গংনাম যদ্ভক্তস্যাদাবন্তেচ পীয়তে॥
দোষেদ্বিধা প্রতিসৃতেতু সমুদ্গসংজ্ঞ।
মাদ্যন্তয়োর্যদশনস্য নিষেব্যতেতু॥
মুহুর্মুহুর্নাম সভক্ত মভক্তংবা যদৌষধং মুহুর্মুহু রুপযুজ্যতে॥
শ্বাসে মুহুর্মুহুরতি প্রসৃতে চ কাসে।
হিক্কাবমীষুচ বদন্ত্যপযুজ্যমেতৎ॥
গ্রাসান্তরং নাম যৎপিণ্ড ব্যামিশ্রং॥।
গ্রাসান্তরেষু বিতরেদ্বমনীয় ধূমান্।
শ্বাসাদিষু প্রথিত দৃষ্ট গুণাংশ্চলেহান্॥
এবমেতে দশৌষধকালাঃ॥

বিসৃষ্টেবিন্মূত্রে বিশদকরণে দেহেচ সুলঘৌ বিশুদ্ধে চোদ্গারে হৃদিসুবিমলে বাতেচ সরতিঃ তথান্ন শ্রদ্ধায়াং ক্ষুদুপগমনে কুক্ষৌচ শিথিলে প্রদেয়স্ত্বাহারো ভবতি ভিষজা কালঃ সতুমতঃ॥

পঞ্চষষ্টিতমোঽধ্যায়ঃ॥

অথাতস্তন্ত্রযুক্তিনামাধ্যায়ং ব্যাখ্যাস্যামঃ।

দ্বাত্রিংশত্তন্ত্র যুক্তয়োভবন্তি। তদ্যথা॥ অধিকরণং যোগঃ পদার্থোহেত্বর্থঃ উদ্দেশোনির্দ্দেশ উপদেশোঽপদেশঃ প্রদেশোঽতি

দেশোঽপবর্গো বাক্য শেষোঽর্থাপত্তির্বিপর্য্যয়ঃ প্রসঙ্গএকান্তো ঽনেকান্তঃ পূর্ব্বপক্ষোনির্ণয়োঽনুমতং বিধানমনাগতাবেক্ষণ মতিক্রান্তা বেক্ষণং সংশয়ো ব্যাখ্যানং স্বসংজ্ঞানির্ব্বচনং নিদর্শনং নিয়োগো বিকল্পঃ সমুচ্চয় উহ্যমিতি ॥

অত্রাসাং তন্ত্রযুক্তীনাং কিংপ্রয়োজনমিত্যুচ্যতে বাক্যযোজন মর্থযোজনঞ্চ ॥

ভবন্তিচাত্র শ্লোকাঃ ॥

অসদ্বাদি প্রযুক্তানাং বাক্যানাং প্রতিষেধনং ।
স্ববাক্য সিদ্ধিরপিচ ক্রিয়তে তন্ত্রযুক্তিতঃ ॥
ব্যক্তাঽনুক্তাশ্চ যেহ্যর্থা লীনা যেচাপ্য নির্ম্মলাঃ ।
লেশোক্তা যেকচিত্তন্ত্রে তেষাঞ্চাপি প্রসাধনং ॥
যথাঽম্বুজবনস্যার্কঃ প্রদীপো বেশ্মনো যথা ।
প্রবোধ্যস্য প্রকাশার্থা স্তথাতন্ত্রস্য যুক্তয়ঃ ॥

যমর্থমধিকৃত্যোচ্যতে তদধিকরণং যথা রসংদোষংবা যেন বাক্যংযুজ্যতে সযোগঃ যথা ।

তৈলংপিবেচ্চামৃত বল্লি নিম্বহিংস্রাভয়া বৃক্ষক পিপ্পলীভিঃ ।
সিদ্ধংবলাভ্যাঞ্চ সদেব দারুহিতায় নিত্যাঙ্গলগণ্ডরোগী ॥

সিদ্ধং পিবেদিতি প্রথমং বক্তব্যে তৃতীয় পাদে সিদ্ধং প্রযুক্তমেবং দূরস্থানামপি পদানামেকী করণং যোগঃ ॥

যোঽর্থোঽভিহিতঃ সূত্রে পদে বা স পদার্থঃ । অপরিমিতাশ্চ পদার্থাঃ । যথা স্নেহস্বেদাঞ্জনেষু নির্দ্দিষ্টেষু দ্বয়োস্ত্রয়াণা মর্থানামুপপত্তি দৃশ্যতে তত্র যোঽর্থঃ পূর্ব্বাপরযোগাসদ্ধোভবতি স গ্রহীতব্যো যথা । বেদোৎপত্তিং ব্যাখ্যাস্যাম ইত্যুক্তে সন্দিহ্যতে বুদ্ধিঃ ।

কতমস্য বেদস্যায় মুৎপত্তিং বিবক্ষুরিতি । ঋগ্বেদাদয়স্তু বেদাস্তত্র পূর্ব্বাপর যোগমুপলভ্য বিদ বিচারণে বিদ বিন্দত্যোতয়োশ্চ ধাত্বো রনেকার্থয়োঃ প্রয়োগঃ পশ্চাৎ প্রতিপত্তির্ভবতি । আয়ুর্ব্বেদোৎ-

পত্তিময়ং বিবক্ষুরিত্যেবং পদার্থঃ। যদন্যদুক্তমন্যার্থ সাধকং ভবতি স হেত্বর্থঃ ॥

যথামৃৎপিণ্ডোঽদ্ভিঃ প্রক্লিদ্যতে তথামাষদুগ্ধ প্রভৃতিব্র্ণঃ প্রক্লি-দ্যত ইতি।

সমাস কথনমুদ্দেশঃ। যথা শল্যমিতি।

বিস্তর বচনং নির্দ্দেশঃ। যথা শারীর ভাগন্তচেতি ॥

এবমিত্যুপদেশঃ। যথা তথা ন জাগৃয়াদ্রাত্রৌ দিবাস্বপ্নঞ্চ বর্জ্জয়েৎ। অনেন কারণেনে ত্যপদেশঃ ॥ যথোপদিশ্যতে মধুরেণ শ্লেষ্মাভিবর্দ্ধত ইতি।

প্রকৃতস্যাতিক্রান্তেন সাধনং প্রদেশঃ।

যথাদেবদত্তস্যানেন শল্যমুদ্ধৃতং তস্মাদ্ যজ্ঞদত্তস্যাপ্যষমেবোদ্ধরিষ্যতীতি।

প্রকৃতস্যানাগতেন সাধনমতিদেশঃ। যথানেনাস্য বায়ু রূর্দ্ধমুপতিষ্ঠতে তেনোদাবর্ত্তঃ স্যাদিতি ॥

অভিব্যাপ্যাপকর্ষণ মপবর্গঃ।

যথাঽস্বেদ্যা বিষোপসৃষ্টা অন্যত্র কীটবিষাদিতি।

যেন পদেনানুক্তেন বাক্যং সমাপ্যতে স বাক্যশেষঃ ॥

যথাশিরঃ পাণিপাদ পার্শ্বপৃষ্ঠোদরোরসা মিত্যুক্তে পুরুষগ্রহণমপি গম্যতে পুরুষ এবোক্ত ইতি।

যদকীর্ত্তিত মর্থাদাপদ্যতে সার্থাপত্তিঃ। যথৌদনং ভক্ষ্যইত্যুক্তেঽর্থাপন্নং ভবতি নায়ং পিপাসুর্যবাগূমিতি .

যদযত্রাভিহিতং তস্য প্রাতি লোম্যং বিপর্য্যয়ঃ যথা কৃশাল্পপ্রাণ ভীরবো দুশ্চিকিৎস্যা ইত্যুক্তে বীপরীতং গৃহ্যতে দৃঢ়াদয়ঃ সুচিকিৎস্যা ইতি।

প্রকরণান্তরেণ সমাপনং প্রসঙ্গঃ।

যথা প্রকারান্তরিতো যোঽর্থো সকৃদুক্তঃ সমাপ্যতে স প্রসঙ্গঃ। যথা মহাভূত শরীরি সমবায়ঃ পুরুষস্তস্মিন্ ক্রিয়া সোঽধিষ্ঠান মিতি

বেদোৎপত্তাবভিধায় ভূতবিদ্যায়াং পুনরুক্তং যতোঽভিহিতং পঞ্চ মহাভূত শরীরি সমবায়ঃ পুরুষ ইতি স খল্বেবং কর্ম্মপুরুষশ্চিকিৎসায়া মধিকৃতঃ সর্ব্বত্র যদবধারণেনোচ্যতে স একান্তঃ ॥

যথা ত্রিবৃদ্বিরেচয়তি মদনফলং বাময়তীতি কচিত্তথা কচিদন্যথেতি যঃ সোঽনেকার্থঃ ।

যথা কেচিদাচার্য্যা ব্রুবতে দ্রব্যং প্রধানং কেচিদ্রসং কেচিদ্বীর্য্যং কেচিদ্বিপাকমিতি

আক্ষেপ পূর্ব্বকঃ প্রশ্নঃ পূর্ব্বপক্ষঃ ॥ যথা কথং বাতনিমিত্তাশ্চত্তারঃ প্রমেহা অসাধ্যা ভবন্তীতি তস্যোত্তরং নির্ণয়ঃ। যথা শরীরং প্রপীড্য পশ্চাদধোগত্বা বসামজ্জানুবিদ্ধং মূত্রং প্রসৃজতি বাত এব মসাধ্যা বাতজা ইতি। যথাচোক্তং ॥ কৃৎস্নং শরীরং নিষ্পীড্য মেদো মজ্জা বসাযুতঃ। অধঃপ্রকুপ্যতে বায়ু স্তেনাসাধ্যাস্তু বাতজাঃ। পরমতমপ্রতি ষিদ্ধ মনুমতং যথান্যে৷ ব্রূয়াৎ সপ্ত রসা ইতি।

প্রকরণানুপূর্ব্বাভিহিতং বিধানং যথা সক্থি মর্ম্মাণ্যেকাদশ প্রকরণানুপূর্ব্বাভিহিতানি। এবং বক্ষ্যতীত্যনাগতাবেক্ষণং।

যথা শ্লোক স্থানে ব্রূয়াচ্চিকিৎসিতেষু বক্ষ্যামীতি। যৎপূর্ব্বমুক্তং তদতিক্রান্তাবেক্ষণং ॥ যথা চিকিৎসিতেষু ব্রূয়াৎ শ্লোকস্থানে যদারিত মিতি।

উভয় হেতুদর্শনং সংশয়ঃ। যথা তল হৃদয়াভিঘাতঃ প্রাণহরঃ পাণিপাদ ছেদন মপ্রাণ হরমিতি।

তন্ত্রাতিশয়োপবর্ণনং ব্যাখ্যানং ॥ যথেহ পঞ্চবিংশতিকঃ পুরুষোঽত্র ব্যাখ্যায়তে। অন্যেষ্বায়ুর্ব্বেদ তন্ত্রেষু ভূতাদি প্রকৃত্যারব্ধ চিন্তা। অন্য শাস্ত্রাসামান্যা স্বসংজ্ঞা। যথা মিথুনমিতি মধুসর্পিষো গ্রহণং। লোকে প্রথিত মুদাহরণং যথোষ্ণভয়াচ্ছীতমনুধাবতি।

নিশ্চিতং বচনং নির্ব্বচনং। যথায়ুর্বিদ্যতে ঽস্মিন্ননেনায়ুর্ব্বিন্দ তীত্যায়ুর্ব্বেদঃ ॥ দৃষ্টান্তেনার্থঃ প্রসাধ্যতে যত্র তন্নিদর্শনং যথাগ্নির্বায়ুনা সহিতঃ কোষ্ঠৈর্বৃদ্ধিংগচ্ছতি তথা বাতপিত্তকফ দুষ্টোব্রণ ইতি।

ইদমেব কর্ত্তব্যমিতি নিয়োগঃ। যথাপথ্যমেব ভোক্তব্যমিতি ইদঞ্চেদঞ্চেতি সমুচ্চয়ঃ। যথা মাংসবর্গে এণ হরিণলাব তিত্তিরি শারঙ্গাঃ প্রধানমিতি।

ইদঞ্চেতি বিকল্পঃ। যথারসৌদনঃ সঘৃতা যবাগূর্ব্বা॥

যদনিদিষ্টং বুদ্ধিমতা তদূহ্যং। যথাবিহিত মন্নপানবিধৌ চতুর্ব্বিধঞ্চান্ন মুপদিশ্যতে ভক্ষ্যভোজ্যং লেহ্যপেয়মেবঞ্চতুর্ব্বিধে বক্তব্যে দ্বিবিধ মভিহিতমত্রোহ্যমিতি। অন্নপানে দ্বয়োর্গ্রহণেক্কতে চতুর্ণামপি গ্রহণং ভবতি। কিঞ্চান্যং। অন্নেন ভক্ষ্যমবরুদ্ধ স্তন্নসাধর্ম্ম্যাং। পেয়েন লেহ্যং দ্রব সাধর্ম্ম্যাং। চতুর্ব্বিধশ্চাহারঃ প্রায়েন দ্বিবিধঃ প্রসিদ্ধ ইতি।

দ্বাত্রিংশদ্যুক্তয়োহ্যেতাস্তন্ত্রসারগবেষণে।
ময়াসম্যগ্‌বিনিহিতাঃ শব্দন্যায়ার্থ সংযুতাঃ॥
যো হ্যেতা বিধিবদ্বেত্তি দীপীভূতাস্তবুদ্ধিমান্‌।
সপূজার্হোভিষক্‌ শ্রেষ্ঠ ইতি ধন্বন্তরেস্মতং॥

ষট্‌ষষ্টিতমোঽধ্যায়ঃ।

অথাতো দোষভেদ বিকল্পনামাধ্যায়ং ব্যাখ্যাস্যামঃ।

অষ্টাঙ্গায়ুর্ব্বেদবিদং দিবোদাসং মহামতিং।
ছিন্নশাস্ত্রার্থসন্দেহং সূক্ষ্মাগাধমিবোদধিং॥
বিশ্বামিত্র সুতঃশ্রীমান্‌ সুশ্রুতঃ পরিপৃচ্ছতি।
দ্বিষষ্টির্দোষভেদা যে পুরস্তাং পরিকীর্ত্তিতাঃ॥
কতি তত্রৈকশো জ্ঞেয়া-দ্বিশোবাপ্যথবাত্রিশঃ।
তস্যতদ্বচনং শ্রুত্বা সংশয়ছিন্মহাতপাঃ॥
প্রীতাত্মা নৃপশার্দ্দূলঃ সুশ্রুতায়াহ তত্ত্বতঃ।
ত্রয়োদোষাধাতবশ্চ পুরীষং মূত্রমেবচ॥
দেহংসন্ধারয়ন্ত্যেতে হ্যব্যাপন্নারসৈর্হিতৈঃ।
পুরুষঃ ষোড়ষকলঃ প্রাণশ্চৈকাদশৈব যে॥

রোগাণাস্তু সহস্রং যচ্ছতং বিংশতিরেবচ।
শতঞ্চ পঞ্চ দ্রব্যাণাং ত্রিসপ্ততাধিকোত্তরং॥
ব্যাসতঃ কীর্ত্তিতং তদ্ধি ভিন্নদোষাস্ত্রয়োগুণাঃ।
দ্বিষষ্টিধা বদন্ত্যেতে ভূয়িষ্ঠমিতিনিশ্চয়ঃ॥
ত্রয় এব পৃথক্ দোষা দ্বিশো নব সমাধিকৈঃ।
ত্রয়োদশাধিকৈকক দ্বিসম মধ্যোল্বণৈঃস্ত্রিশঃ॥
পঞ্চাশদেবন্তু সহ ভবন্তি ক্ষয়মাগতৈঃ।
ক্ষীণমধ্যাধিক ক্ষীণ ক্ষীণ বৃদ্ধৈস্তথাহপরৈঃ॥
দ্বাদশৈবং সমাখ্যাতা স্ত্রয়োদোষাদ্বিষষ্টিধা।
মিশ্রধাতুমলৈর্দোষা যান্ত্যসংখ্যেয়তাং পুনঃ॥
তস্মাৎ প্রসঙ্গং সংযম্য দোষভেদবিকল্পনৈঃ।
রোগং বিদিত্বোপচরেদ্রসভেদৈর্যথেরিতৈঃ॥
ভিষক্ কর্ত্তাথকরণং রসাদোষাস্তু কারণং।
কার্য্যমারোগ্যমেবৈকং মনারোগ্য মতোহন্যথা॥
অধ্যায়ানান্তু ষট্ষষ্ট্যা গ্রথিতার্থপদক্রমং।
এবমেতদশেষেণ তন্ত্রমুত্তর মৃদ্ধিমৎ॥
স্পষ্ট গূঢ়ার্থ বিজ্ঞানমগাঢ় মন্দচেতসাং।
যথাবিধি যথা প্রশ্ন ভবতাং পরিকীর্ত্তিতং॥

সহোত্তরন্তে তদধীত্য সর্ব্বং ব্রাহ্ম্যং বিধানেন যথোদিতেন। ন হীয়তেহর্থান্মনসোহভ্যুপেতাদেতদ্বচো ব্রাহ্মমতীব সত্যং॥

ইতি সৌশ্রুতে আয়ুর্ব্বেদ শাস্ত্রে উত্তর স্থানং সমাপ্ত মিতি।

সমাপ্তশ্চায়ং গ্রন্থঃ॥

নিদানস্থানে ২৪৪ পত্রে সপ্তদশ পঙ্ক্ত্যাং অন্নীয়ঃথাং যদেতাদিঃপঠিতব্যঃ

সুশ্রুত।

সূত্রস্থান।

প্রথম অধ্যায়।

অথ ব্রহ্মা, প্রজাপতি, অশ্বিনীকুমার, দেবরাজ, ধন্বন্তরি ও সুশ্রুত প্রভৃতিকে নমস্কার।

গ্রন্থ প্রকাশ করিবার পূর্ব্বে মঙ্গলজনক শব্দ প্রয়োগ করিতে হয়, তজ্জন্য প্রথমে অথ শব্দের সংস্থাপন করিলাম। অনন্তর ভগবান্ ধন্বন্তরি সুশ্রুতকে যাহা কহেন, সেই আয়ুর্ব্বেদোৎপত্তি নামক অধ্যায় ব্যাখ্যা করিব।

ঔপধেনব, বৈতরণ, ঔরভ্র, পৌষ্কলাবত, করবীর্য্য, গোপুর, রক্ষিত, সুশ্রুত প্রভৃতি মুনিগণ, ঋষি সমূহ কর্ত্তৃক পরিবেষ্টিত অমর-শ্রেষ্ঠ মহৈশ্বর্য্যসম্পন্ন ধন্বন্তরিকে কহিলেন। হে ভগবন্, শারীরব্যাধিজন্য, মানসিক-ব্যাধিজন্য, আকস্মিকব্যাধিজন্য এবং স্বাভাবিক-ব্যাধিজন্য নানা প্রকার বেদনা জন্মায়। সেই সকল বেদনায় অভিভূত, সহায়সম্পন্ন হইয়াও সহায়হীনের ন্যায় চেষ্টারহিত এবং বিক্রোশকারি, অর্থাৎ হায় আমি মরিলাম, আমি এ যাত্রায় আর বাঁচিব না, ইত্যাদি শব্দকারি মানবগণকে দেখিয়া আমাদিগের মনে পীড়াবোধ হইতেছে। সুখাভিলাষি সেই মানবদিগের রোগ নিবারণের নিমিত্ত, আপনাদিগের প্রাণ রক্ষাহেতু এবং প্রজাদিগের মঙ্গল-কামনায়, আমরা আপনার নিকট

আয়ুর্ব্বেদ শ্রবণ করিতে ইচ্ছা করি। ঐহিক বা পারত্রিক মঙ্গল এই আয়ুর্ব্বেদ শাস্ত্রের অধীন হইয়াছে। সেই কারণ আমরা মহাশয়ের নিকটে শিষ্যরূপে আসিয়াছি। ভগবন্ ধন্বন্তরি সেই মুনিদিগকে কহিলেন, তোমাদিগের আগমন সুখজনক হইয়াছে। হে বৎস সকল, তোমরা সকলেই সুপণ্ডিত ও আয়ুর্ব্বেদ পড়াইবার পাত্র হইয়াছ। এই ভূমণ্ডলে অথর্ব্ববেদের অঙ্গের অঙ্গ আয়ুর্ব্বেদ নামক যে পুস্তক আছে, ব্রহ্মা প্রজাসৃষ্টির পূর্ব্বে, উহা লক্ষ শ্লোক ও সহস্র অধ্যায়ে রচনা করিয়াছিলেন। অনন্তর মানবদিগের পরমায়ুর ও ধারণাবতীবুদ্ধির অল্পতা নিরীক্ষণ করিয়া তাহাকে অষ্টভাগে বিভক্ত করিলেন, যথা; শল্যতন্ত্র, শালাক্যতন্ত্র, কায়চিকিৎসাতন্ত্র, ভূতবিদ্যাতন্ত্র, কৌমারভৃত্যতন্ত্র, অগদতন্ত্র, রসায়নতন্ত্র ও বাজীকরণতন্ত্র।

সেই অষ্টখণ্ডের মধ্যে শল্যতন্ত্রের লক্ষণ কহিতেছি। নানা প্রকার তৃণ, কাষ্ঠ, পাষাণ, পাংশু, স্বর্ণাদি ধাতু, ইষ্টকাদির ক্ষুদ্র খণ্ড, অস্থি, কেশ, নখ, ইত্যাদি শরীরে প্রবিষ্ট হইয়া, এবং পূয ও প্রস্রাব আদি শরীরে বদ্ধ হইয়া পীড়াদায়ক হয়। তাহাদিগকে বহিষ্কৃত করিবার নিমিত্ত যন্ত্র, শস্ত্র, ক্ষার ও অগ্নি প্রস্তুত ও প্রয়োগ করিবার উপদেশ, এবং বিবিধ প্রকার রোগের নিশ্চয় করিবার উপদেশ যাহাতে আছে, তাহাকে শল্যতন্ত্র কহে।

স্কন্ধ সন্ধির উপরিস্থিত রোগ সমূহের অর্থাৎ কর্ণেন্দ্রিয়, নয়নেন্দ্রিয়, মুখ, নাসিকা, জিহ্বা, দন্ত, ওষ্ঠ, অধর, গণ্ড, তালু ও আলজিহ্বা প্রভৃতি স্থানে যে সকল ব্যাধি হয়, তাহাদিগের বিনাশের উপদেশ যাহাতে আছে, তাহাকে শালাক্যতন্ত্র কহে।

যাহাতে সর্ব্বাঙ্গব্যাপ্ত ব্যাধিসকলের অর্থাৎ জ্বর, অতিসার, রক্তপিত্ত, শোষ, উন্মাদ, অপস্মার, কুষ্ঠ, মেহ, ইত্যাদি ব্যাধি সকলের উপশম করিবার উপায় আছে, তাহাকে কায়চিকিৎসাতন্ত্র কহে।

দেব, অসুর, গন্ধর্ব্ব, যক্ষ, রাক্ষস পিতৃলোক, পিশাচ, তক্ষকাদিনাগ,

সূর্য্যাদি নবগ্রহ, এবং স্কন্দাদি গ্রহ, ইহাদিগের দ্বারা চিত্ত আবিষ্ট হইলে যে সকল মানসিক ব্যাধি উৎপন্ন হয়, তাহাদিগের উপশমনের উপায়স্বরূপ, শান্তিকর্ম্ম, মন্ত্রজপ, দেবতাদিগের পূজাবিধি, ও ঔষধ ধারণের উদ্দেশে রত্নাদি ধারণ, ও দেবতা দিগের উদ্দেশে রত্নাদি দান, যাহাতে বিহিত হইয়াছে, তাহাকে ভূতবিদ্যাতন্ত্র কহে।

যাহাতে সদ্যোজাত বালকবালিকার প্রতিপালনার্থ, বেতন দ্বারা নিয়োজিত ধাত্রীদিগের স্তন্যদুগ্ধ সংশোধনের বিশেষ বিধি আছে, এবং দুষ্ট দুগ্ধ জন্য ব্যাধি সকলের, ও স্কন্দাদি গ্রহগমনে বায়ু-স্পর্শ জন্য ব্যাধি সকলের, উপশমের উপায় যাহাতে কথিত হইয়াছে, তাহাকে কৌমার ভৃত্যতন্ত্র কহে।

সর্পজাতি, কীটজাতি, মাকড়সাজাতি, বিছাজাতি, মূষিকজাতি ইত্যাদি বিষযুক্ত প্রাণিগণ কোন প্রাণিকে দংশন করিলে, কোন্ জাতির বিষ, ইহা বিশেষ রূপে জানিবার উপদেশ যাহাতে আছে; এবং সেই সকল বিষ স্পর্শ করিয়া অথবা দ্রব্য সংযোগে ভক্ষণ করিয়া প্রাণিগণ নষ্ট-প্রায় হইলে, তাহার উপশমনের উপদেশ যাহাতে কথিত হইয়াছে, তাহাকে অগদতন্ত্র কহে।

বয়ঃস্থাপন অর্থাৎ মানবের যুবার ন্যায় বলিষ্ঠ হইবার উপায় ও পরমায়ু, মেধা, বল ইত্যাদি বৃদ্ধি করিবার উপায় এবং দেহ নীরোগ করিবার উপায়, যাহাতে কথিত আছে, তাহাকে রসায়নতন্ত্র কহে।

অল্প অথবা শুষ্ক শুক্রের বৃদ্ধি করিবার বিধান, যে শুক্র বিকৃত ভাব প্রাপ্ত হইয়াছে তাহাকে স্বাভাবিক অবস্থায় আনিবার বিধান, ক্ষয়প্রাপ্ত শুক্রের উৎপত্তির বিধান, ক্ষীণশরীরে বল বৃদ্ধি করিবার বিধান এবং চিত্তেতে অত্যন্ত আনন্দের উৎপত্তি বিধান, যাহাতে কথিত আছে, তাহাকে বাজীকরণতন্ত্র কহে।

এই অষ্ট খণ্ডে বিভক্ত আয়ুর্ব্বেদ এই রূপে উপদেশ করিব।

ধন্বন্তরি কহিলেন এ স্থলে কাহাকে কি কহিব। তাঁহারা কহিলেন,

আমাদিগের সকলকেই শল্যতন্ত্র প্রকাশ করিয়া উপদেশ করুন। তিনি কহিলেন, তাহাই হউক। তাঁহারা পুনর্ব্বার ভগবানকে কহিলেন। আমরা সকলে একমতাবলম্বী, আমাদিগের অভিপ্রায় বিবেচনা করিয়া সুশ্রুতই আপনাকে জিজ্ঞাসা করিবেন, আপনি ইঁহাকে উপদেশ করুন, আমরা সকলে একাগ্র মনে শ্রবণ করিব। তাহাতে ভগবান্ ধন্বন্তরি তথাস্তু বলিয়া সুশ্রুতকে সম্বোধন পূর্ব্বক কহিতে লাগিলেন। হে বৎস সুশ্রুত, এই ভূমণ্ডলে পীড়িত ব্যক্তিদিগকে পীড়া হইতে মুক্ত করাই, ও সুস্থ ব্যক্তিদিগের রোগ না হইবার উপায়-বিধান করাই, আয়ুর্ব্বেদশাস্ত্রের প্রয়োজন।

অনন্তর আয়ুর্ব্বেদ শব্দের ব্যুৎপত্তি কহিতেছেন। যাহাতে অথবা যাঁহার দ্বারা আয়ুঃ লাভ করা যায়, কিম্বা যাহার দ্বারা আয়ুকে জানা যায়, তাহাকে আয়ুর্ব্বেদ কহে। জ্ঞানশাস্ত্র, প্রত্যক্ষ, অনুমান, ও উপমান, এই সকলের সহিত যাহাতে বিরোধ না হয় এরূপ ভাবে আমি এই শল্যতন্ত্র উপদেশ করিতেছি শ্রবণ কর। ইহারই উপদেশ অনুসারে ব্রণের রোপণ হয়, অর্থাৎ কাটা ঘা জোড়া লাগে এবং ক্ষত ঘায়ের মাংস পূরিয়া উঠে। এই শল্যখণ্ডেরই বিধান-মতে পূর্ব্বে দক্ষপ্রজাপতির ছিন্ন মস্তক দেহে সংযোগ করা হইয়াছিল। এই কারণে আয়ুর্ব্বেদের এই অঙ্গটী শ্রেষ্ঠ হইয়াছে। শীঘ্র ফল লাভ হয় বলিয়া, এবং যন্ত্র, শস্ত্র, ক্ষার ও অগ্নি প্রস্তুত করিবার উপদেশ আছে বলিয়া, আয়ুর্ব্বেদ-তন্ত্রের অষ্ট খণ্ড মধ্যে এই শল্য-খণ্ডই অত্যন্ত আদরণীয়। এই খণ্ডই নিত্য পুণ্যজনক, স্বর্গ লাভের হেতু, যশোদায়ক, আয়ুঃপ্রদায়ী এবং অর্থকরী। প্রথমে ব্রহ্মা আয়ুর্ব্বেদ কহেন, তাঁহার নিকটে প্রজাপতি অধ্যয়ন করেন, প্রজাপতির নিকটে অশ্বিনীকুমার-দ্বয় অধ্যয়ন করেন, অশ্বিনীকুমার-দ্বয়ের নিকটে ইন্দ্রদেব অধ্যয়ন করেন, ইন্দ্রদেবের নিকটে আমি অধ্যয়ন করিয়াছি। এক্ষণে আমি, এই ভূমণ্ডলে প্রজাদিগের হিতার্থ, যাচকদিগকে প্রদান করিব।

এস্থলে শ্লোক কহিতেছেন।

আমিই ইহলোকে রোগনাশ করিতে প্রথম প্রকাশমান হইয়াছি। এবং দেবতাদিগের জরা, রোগ ও মৃত্যু আমিই নাশ করিয়া থাকি। এক্ষণে শালাক্যাদি খণ্ড ও শল্যখণ্ড প্রচুর রূপে উপদেশ করিবার জন্য পৃথিবীতে আগমন করিয়াছি।

এই দেহ পঞ্চভূত বিশিষ্ট। ইহার সহিত যে চেতনশক্তি মিলিত হয়, তাহাকে পুরুষ অথবা আত্মা কহে। সেই পুরুষেতেই চিকিৎসা কার্য্য হইয়া থাকে। তিনিই সকল লোকে অধিষ্ঠাতা। লোক দুই প্রকার, স্থাবর ও জঙ্গম। বৃক্ষ, লতা, তৃণ ইত্যাদি স্থাবর। এবং পশু, পক্ষী, কীট মনুষ্য প্রভৃতি, যাহারা গমনাগমন করে, তাহারা জঙ্গম। সেই স্থাবর জঙ্গম রূপ লোকদ্বয়, উষ্ণ শীত গুণভেদে পুনরায় আগ্নেয় ও সৌম্য এই দুই প্রকারে বিভক্ত। অথবা ক্ষিতি জল অগ্নি বায়ু আকাশ এই পঞ্চ ভূত ভেদে পাঁচ প্রকারে বিভক্ত। সেই লোক-দ্বয়ের মধ্যে ভূতের উৎপত্তি চারিপ্রকার, যথা স্বেদ হইতে উৎপন্ন, ডিম্ব হইতে উৎপন্ন, পৃথিবী ভেদ করিয়া উৎপন্ন এবং জরায়ু হইতে উৎপন্ন। সেই চতুর্ব্বিধ শরীর সকলের মধ্যে পুরুষই প্রধান। শরীর সকল সেই পুরুষের ক্রিয়া করণের উপায় মাত্র। সেই হেতু পুরুষই এই সকল শরীরের অধিষ্ঠাতা। সুতরাং সেই পুরুষে দুঃখ সংযোগ হইলেই পীড়া কহে। পীড়া চারি প্রকার। আগন্তু, শারীরিক, মান-সিক ও স্বাভাবিক। তাহাদিগের মধ্যে আগন্তু ব্যাধি অভিঘাত জন্য উৎপন্ন হয়, অর্থাৎ শরীরে কোন প্রকার আঘাত জন্য হইয়া থাকে। ভক্ষ্য ও পানীয় দ্রব্যের দ্বারা এবং বাত পিত্ত কফ শোণিত ও সন্নিপাত ইহাদিগের বিকৃতি ভাবের দ্বারা, শারীরিক ব্যাধি জন্মে। ক্রোধ, শোক, ভয়, হর্ষ, বিষাদ, ঈর্ষা, অভ্যসূয়া, দৈন্য, মাৎসর্য্য, কাম, লোভ, ইহারাই মানসিক ব্যাধি, ইচ্ছাদ্বেষ বশতঃ জন্মিয়া থাকে। স্বাভাবিক ব্যাধি, ক্ষুধা, তৃষ্ণা, জরা, মৃত্যু, নিদ্রা প্রভৃতি। সেই সকল ব্যাধি

মনে এবং শরীরে অবস্থান করে। যদ্দ্বারা শরীরস্থ যাবতীয় পদার্থের পরিষ্কার করা হয় তাহাকে সংশোধন দ্রব্য কহে। এবং যদ্দ্বারা শরীরস্থ বিকৃত পদার্থের স্বাভাবিকাবস্থা প্রাপ্তি হয় তাহাকে সংশমন দ্রব্য কহে। এই প্রকার শোধনী ও শমনী দ্রব্য সকল বিধিপূর্ব্বক ব্যবহৃত হইলে এবং সেই রূপ শোধনী ও শমনী ক্রিয়া সকল বিধিপূর্ব্বক আচরিত হইলে, সকল ব্যাধির শান্তি হয় *। আহার, প্রাণিসমূহের দেহের বল বর্ণ ও তেজের কারণ। সেই আহার, কটু তিক্ত কষায় মধুর অম্ল ও লবণ এই ছয় প্রকার রসের অধীন। এই ছয় রস দ্রব্যকে আশ্রয় করিয়া থাকে। দ্রব্য সকল ওষধি নামে বিখ্যাত। সেই ওষধি সকল দুই প্রকার, স্থাবর ও জঙ্গম। তাহার মধ্যে স্থাবর গুলি চারি প্রকার, বনস্পতি, বৃক্ষ, বীরুধ্, এবং ওষধি। যাহাদিগের পুষ্প না হইয়া ফল হয় তাহাদিগকে বনস্পতি কহে। যাহার ফল পুষ্প দুই হয় হয় তাহাকে বৃক্ষ কহে। যাহারা একত্রীকৃত তৃণের গোছার ন্যায় অথবা লতার ন্যায়, তাহাদিগকে বীরুধ কহে। কেবল ফলের পরিপাক পর্য্যন্ত যাহার স্থিতি হয় অর্থাৎ ফল পাকিলে যে গাছ মরিয়া যায় তাহাকে ওষধি কহে। জঙ্গমও চারি প্রকার, জরায়ুজ, অণ্ডজ, স্বেদজ, উদ্ভিজ্জ। তাহাদিগের মধ্যে পশু মনুষ্য প্রভৃতি জরায়ু স্থান হইতে উৎপন্ন হয় বলিয়া তাহাদিগকে জরায়ুজ কহে। পক্ষি সর্প মৎস্য প্রভৃতি অণ্ড হইতে উদ্ভব হয়, তজ্জন্য ইহাদিগকে অণ্ডজ কহে। যাবতীয় প্রাণির মৃত-দেহ ও মল ইত্যাদি পরিপাকে যে উষ্ম জন্মে তাহাকে স্বেদ কহে, ঐ স্বেদ হইতে কৃমি কীট পিপীলিকা প্রভৃতি উৎপন্ন হয় বলিয়া উহাদিগকে স্বেদজ কহে। বর্ষাকালে মৃত্তিকা হইতে সমুৎপন্ন, রক্তবর্ণ

---

* আমাদিগের প্রাচীন পণ্ডিতেরা বলেন যে বিধিপূর্ব্বক যোগ অভ্যাস করিয়া উত্তীর্ণ হইলে জরা মৃত্যু থাকে না, সুতরাং এস্থানে জরা এবং মৃত্যু ব্যাধি মধ্যে গণ্য হইলেও ঔষধবিশেষ ব্যবহারে বা ক্রিয়া-বিশেষের আচরণে "সকল ব্যাধির শান্তি হয়" একথা বলা গ্রন্থকারের পক্ষে অসঙ্গত হয় নাই।

সূতার ন্যায় আকার বিশিষ্ট ইন্দ্রগোপ নামে ক্ষুদ্র কীট এবং ভেক প্রভৃতি, মৃত্তিকা ভেদ করিয়া প্রকাশ হয়, তজ্জন্য ইহাদিগকে উদ্ভিজ্জ কহে। তাহাদিগের মধ্যে স্থাবর হইতে ছাল, পাতা, ফুল, ফল, শিকড়, কন্দ, আটা ও রস, ইহারা প্রয়োজনীয়। জঙ্গম হইতে চর্ম্ম, নখ, লোম ও রক্ত প্রভৃতি প্রয়োজনীয়। পার্থিব বস্তু মধ্যে সুবর্ণ, রূপা, হীরা-জাতি, মুক্তা, মনছাল, শরা প্রভৃতি প্রয়োজনীয়। কাল সম্বন্ধে প্রকৃষ্ট বায়ু, নির্ব্বাত, রৌদ্র, ছায়া, জ্যোৎস্না, অন্ধকার, শীত, উষ্ণ, বর্ষা, অহোরাত্র, পক্ষ, মাস, ঋতু, অয়ন ও সম্বৎসর, ইহারা স্বভাবতই বায়ু পিত্ত আদির সঞ্চয়ের, প্রকোপের, প্রশমের, ও প্রতিকারের কারণ হইয়াছে, অতএব ইহারাও প্রয়োজনীয়।

এস্থলে শ্লোক কহিতেছেন।

চিকিৎসকেরা কহেন, যে পূর্ব্বোক্ত পুরুষ, ব্যাধি, ঔষধ ও কাল শরীরস্থ বিকারের সম্বন্ধে সঞ্চয়ের, প্রকোপের ও প্রশমের কারণ হই-য়াছে। মানসিক ব্যাধি সকল ভিন্ন প্রকার, ও শারীরিক ব্যাধি সকল ভিন্ন প্রকার। তাহাদিগের ক্রিয়াও দুই প্রকার। শরীরজাত ব্যাধি হইলে শরীর সহযোগে ক্রিয়া করিবে। মানসিক ব্যাধি হইলে অভি-লষিত শব্দাদি সকল রোগনাশক হয়। এই পুরুষ, ব্যাধি, ঔষধ ও ক্রিয়াকাল, চারিটি সংক্ষেপে কহিলাম। সেই চারিটির মধ্যে যে পুরুষ শব্দ বলা হইল, তাহাতে মানসিক-শক্তি, বল, পঞ্চভূত এবং শরীরের অঙ্গ প্রত্যঙ্গ ভেদে ত্বক্, মাংস, শিরা, স্নায়ু প্রভৃতি, সমস্তই বুঝিতে হইবে। ব্যাধি কহাতে, শরীরে যে বায়ু, পিত্ত, কফ, শোণিত ও সন্নিপাত আছে, তাহাদিগের বিকৃতিভাব হইলে যে সকল ব্যাধি জন্মে তাহাদিগের সকলকেই বুঝিতে হইবে। ঔষধ কহাতে, দ্রব্য, গুণ, রস, বীর্য্য, বিপাক ও প্রভাব সমস্তই বুঝিতে হইবে। ক্রিয়া কহাতে, ছেদনীয়াদি ক্রিয়া সকলকে, এবং স্নেহাদি ক্রিয়া সকলকে

বুঝিতে হইবে * । কাল কহাতে, পূর্ব্বোক্ত সকল প্রকার ক্রিয়া যে যে কালে করিতে হয়, সেই সমস্ত কালকে বুঝিতে হইবে।

এস্থলে শ্লোক কহিতেছেন।

এই গ্রন্থ শল্যতন্ত্র প্রধান। ইহার অঙ্কুর রূপ এই বাক্য এস্থলে সংক্ষেপে কহিলাম, পরে ইহার একশতবিংশতি অধ্যায় ব্যাখ্যা করিব। সেই একশত বিংশতি অধ্যায় পঞ্চ স্থানে কহিব। সেই পঞ্চ স্থান যথা, সূত্র-স্থান, নিদান-স্থান, শারীর-স্থান, চিকিৎসিত-স্থান ও কল্প-স্থান। এই পঞ্চ স্থানে প্রয়োজন বশতঃ একশত বিংশতি অধ্যায় কহিয়া, পরে উত্তর তন্ত্রে অবশিষ্ট সকল অধ্যায় ব্যাখ্যা করিব।

এস্থলে শ্লোক কহিতেছেন।

এই আয়ুর্ব্বেদ গ্রন্থ ব্রহ্মা কর্তৃক কথিত, ও ধন্বন্তরি কর্তৃক প্রকাশিত। ইহা যিনি পাঠ করেন, তিনি পৃথিবীতে পুণ্যকর্ম্মশালী বলিয়া বিখ্যাত ও ভূপতি কর্তৃক পূজিত হইয়া মরণসময়ে ইন্দ্রলোকে গমন করেন।

দ্বিতীয় অধ্যায়।

শিষ্যের উপনয়ন।

আয়ুর্ব্বেদ অধ্যয়ন করাইতে হইলে, যে প্রকারে শিষ্যের উপনয়ন করিতে হয়, তাহাই এই অধ্যায়ে ব্যাখ্যা করিব। ব্রাহ্মণ ক্ষত্রিয় বৈশ্য এই তিন জাতির মধ্যে যে কেহ হউক, শুদ্ধ-বংশজাত, ষোড়শ-বর্ষ বয়স্ক, বীরভাবাপন্ন, পবিত্রদেহ, গুরুর উপদেশ অনুসারে কর্ম্মকারী, বিনয়গুণ-বিশিষ্ট, বলবান্, ধীর, মেধাবী, যশঃ অভিলাষী, পাতলা

* 'ছেদনীয়াদি ক্রিয়া' অর্থাৎ ঘা ফোড়া বেদনা ইত্যাদি রোগে, ছেদ ভেদ প্রভৃতি শস্ত্রক্রিয়া। 'স্নেহাদি ক্রিয়া' অর্থাৎ ঘৃত তৈল ঔষধ আদির পাক ও প্রস্তুত করণ ও তদ্দ্বারা ব্রণ প্রভৃতি রোগে চিকিৎসাক্রিয়া।

জিহ্বা ও ওষ্ঠ বিশিষ্ট, সূক্ষ্ম দন্তাগ্র বিশিষ্ট, সরলাবয়ব, প্রসন্নমনা, প্রসন্ন বাক্য, পরের অনিষ্ট কার্য্যে বিরত, এবং ক্লেশ সহনে সমর্থ, এই রূপ গুণ-বিশিষ্ট হইলে, গুরু তাঁহাকে আয়ুর্ব্বেদ উপদেশ করিবার নিমিত্ত শিষ্যভাবে উপনয়ন করিবেন।

ব্রাহ্মণই উপনয়নকর্ত্তা হইবেন। শুভক্ষণে, প্রশস্ত দিকে, পবিত্র ও সমতল স্থানে, চারি কোণ বিশিষ্ট ও চারি হস্ত পরিমিত বেদী নির্ম্মাণ করিবেন। সেই বেদী গোময়ের দ্বারা লেপন করিয়া তাহার উপর কুশ বিস্তার করিবেন। অনন্তর পুষ্প, লাজ, অন্ন ও রত্ন দ্বারা দেবতাগণকে পূজা করিবেন ও বিপ্র এবং ভিষক্‌দিগকে অভিষেক করিবেন। তদনন্তর কুশনির্ম্মিত ব্রাহ্মণকে আপনার দক্ষিণ ভাগে এবং অগ্নিকে সম্মুখে সংস্থাপন করিবেন। পরে খদির পলাশ দেবদারু ও বিল্ব এই চারি প্রকার কাষ্ঠে, অথবা বট যজ্ঞডম্বুর অশ্বত্থ ও মউল এই চারি প্রকার কাষ্ঠে, দধি মধু ঘৃত মাখাইয়া, তাহার দ্বারা অগ্নি প্রজ্বালিত করিবেন। সেই অগ্নিতে, প্রণব ও ব্যাহৃতি মন্ত্রের দ্বারা আচার্য্য স্বয়ং দেবতাদিগকে ও ঋষিদিগকে আহুতি প্রদান করিবেন ও শিষ্যকেও করাইবেন।

ব্রাহ্মণ, সকল জাতির, ক্ষত্রিয়, ক্ষত্রিয় বৈশ্য জাতির, এবং বৈশ্য, কেবল বৈশ্য জাতির উপনয়ন করিতে পারিবেন। কেহ কেহ বলেন সৎকুল-জাত ও সদ্‌গুণ-সম্পন্ন শূদ্রকেও উপনয়ন না করিয়া অধ্যয়ন করাইতে পারেন।

অনন্তর আচার্য্য শিষ্যকে তিনবার অগ্নি স্পর্শ করাইবেন, ও অগ্নি সাক্ষী করিয়া তাঁহাকে কহিবেনঃ—কাম, ক্রোধ, লোভ, মোহ, মান, অহঙ্কার, ঈর্ষ্যা, কর্কশতা, খলতা, অসত্য, অলস, এবং নিন্দনীয় কার্য্য, এই সমস্ত পরিত্যাগ করিয়া, অল্প নখ ও অল্প রোম ধারণ, সর্ব্বদা শুচি, রক্ত-বস্ত্র পরিধান, স্ত্রীসঙ্গাদি বর্জ্জন ও গুরুজনের অভিবাদনে তৎপরতা, এই সকল আচরণ অবশ্যই করিতে হইবে। আমার অভিমতে স্থিতি

গমন শয়ন উপবেশন ভোজন এবং অধ্যয়ন করিবে, এবং আমার প্রিয়কার্য্যে তৎপর হইবে। যদি ইহার অন্যথাচরণ কর তবে তোমার অধর্ম্ম হইবে এবং বিদ্যাও নিষ্ফলা হইবে। তুমি আমার অভিমতে কার্য্য করিলে আমি যদি তোমার প্রতি অন্যথাচরণ করি, তবে আমি পাপভাগী হইব এবং আমার বিদ্যাও নিষ্ফলা হইবে। দ্বিজ, গুরু, দরিদ্র, মিত্র, সন্ন্যাসী, আশ্রিত, সাধু, অনাথ, এবং দেশান্তর হইতে আগত, এই সকল ব্যক্তিকে আপনার বান্ধবের ন্যায় স্বীয় ব্যয়সাধ্য ঔষধ দ্বারা চিকিৎসা করাই সাধুর কার্য্য। পশুঘাতী, পক্ষিঘাতী, পতিত এবং পাপকারিদিগকে চিকিৎসা করিবে না। এই রূপে কার্য্য করিলে বিদ্যা প্রকাশ পায় এবং মিত্র যশঃ ধর্ম্ম অর্থ ও কাম লাভ হয়।

এস্থলে শ্লোক কহিতেছেন।

শুক্ল ও কৃষ্ণ পক্ষের অষ্টমী ও চতুর্দ্দশী, এবং অমাবস্যা ও পূর্ণিমা, এই কয় দিবসের প্রাতঃকাল হইতে সায়ংকাল পর্য্যন্ত, এবং বর্ষাকাল ভিন্ন অন্যকালে বিদ্যুৎ বা মেঘধ্বনি হইলে, স্বাধীন রাজ্যের রাজার পীড়া হইলে, শ্মশানে গমন হইলে, মৃত ব্যক্তির আদ্যকৃত্য হইলে, যুদ্ধ হইলে, মহোৎসব হইলে এবং উৎপাত দর্শন করিলে, অধ্যয়ন করিবে না। বিপ্রেরা যে যে দিবসে অধ্যয়ন না করেন সেই সকল দিবসে ও অশুচি অবস্থাতে অধ্যয়ন করিবে না।

তৃতীয় অধ্যায়।

এই গ্রন্থে যে যে বিষয় আছে তাহার বিবরণ অর্থাৎ সূচী পত্র।

পূর্ব্বে বলা হইয়াছে যে পঞ্চ স্থানে একশত বিংশতি অধ্যায় ব্যাখ্যা করা হইবে। তাহার মধ্যে সূত্র স্থানে ছয় চল্লিশ অধ্যায়, নিদান স্থানে ষোড়ষ অধ্যায়, শারীর স্থানে দশ অধ্যায়, চিকিৎসা স্থানে চল্লিশ

অধ্যায়, এবং কল্প স্থানে আট অধ্যায়, এই একশত বিংশতি অধ্যায় কহিয়া পশ্চাৎ উত্তর তন্ত্রে ছয়ষষ্টি অধ্যায় ব্যাখ্যা করিব।

এই গ্রন্থে যে সকল বিষয়ের বিবরণ আছে নিম্নে তাহার সূচীপত্র কহিতেছেন।

আয়ুর্ব্বেদের উৎপত্তি। শিষ্যের উপনয়ন। অধ্যায়ের সূচীপত্র। প্রভাষণীয় অধ্যায়। অগ্রে আহরণীয় দ্রব্যের বিবরণ। ঋতু বিবরণ। যন্ত্র বিবরণ। শস্ত্র বিবরণ। কর্ম্ম শিখাইবার বিধি। রোগজ্ঞানের উপায়। ক্ষার প্রস্তুত ও প্রয়োগ করিবার বিধি। অগ্নি প্রস্তুত ও প্রয়োগ করিবার বিধি। জোঁকের লক্ষণ ও প্রয়োগবিধি। রক্ত বর্ণন ও রক্ত-মোক্ষণ বিধি। বায়ু পিত্ত কফের, ধাতুর ও মলমের বিজ্ঞান। কর্ণ বেধের ও কর্ণপাটা বৃদ্ধির উপায়। শোথ জাত ব্যাধিদিগের পক্বাপক্ব জ্ঞান। ব্রণের* উপর আলেপন ও বন্ধন বিধি। ব্রণ হইলে যে রূপ আচরণ করিতে হয় তাহার উপদেশ। পথ্যাপথ্য বিধি। বাতাদির স্থান ও সংজ্ঞা কথন এবং ব্রণ কি রূপে উৎপত্তি হয় তাহার বিবরণ। ব্রণের আধার, স্রাব ও বর্ণ কথন। সাধ্যাসাধ্য ব্রণের লক্ষণ। অস্ত্র-সাধ্য ও ঔষধ-সাধ্য ব্যাধির ভেদ। অষ্টবিধ শস্ত্র কর্ম্মের নির্ণয়। শল্যের ভেদ ও অদৃশ্য শল্য জানিবার উপায়। শরীরে সম্যক্‌বিদ্ধ বা অসম্যকবিদ্ধ শল্য † বাহির করিবার উপায়। সাধ্য এবং অসাধ্য ব্রণের জ্ঞান। দূত দ্বারা, এবং প্রশস্ত বা অপ্রশস্ত স্বপ্নাদির দ্বারা রোগের সাধ্যাসাধ্য নিরূপণ। পঞ্চ জ্ঞানেন্দ্রিয়ের দ্বারা বিপরীত জ্ঞান হইলে তাহার ফল। স্বভাব-বিরুদ্ধ ছায়াদির দ্বারা আয়ুঃ শেষ নিরূপণ। স্বভাবের বৈপরীত্যের দ্বারা আয়ুঃশেষ নিরূপণ। অসাধ্য ব্যাধির নিরূপণ। যুক্তসেন ভূপতির প্রতি স্বাস্থ্যরক্ষার উপদেশ, এবং পাদচতুষ্টয়সম্পন্ন চিকিৎ

---

* শরীরে যে কোন প্রকার স্ফোটক বা ঘা হয় তাহাকে ব্রণ কহে।

† শরীরের মাংস অস্থি নাড়ী প্রভৃতির মধ্যে যে কোন পদার্থ বিদ্ধ হইয়া বা বদ্ধ হইয়া পীড়াদায়ক হয়, তাহাকে শল্য কহে।

সার প্রত্যেক পাদের দোষ গুণ বর্ণন। পীড়িত ব্যক্তির শরীরের অবয়ব দ্বারা পরমায়ুর নিরূপণ এবং বাতাদির ও চিকিৎসার গুণ দোষ নিরূপণ। মিশ্রিত দ্রব্যগণ দ্বারা পীড়া শান্তির উপদেশ। ভূমি নিরূপণ দ্বারা ওষধির দোষ গুণ ব্যাখ্যা। যে যে দ্রব্য একত্র সংযোগ হইলে যে যে পীড়া শান্তি করে তাহার বিবরণ। শোধনীয় ও শমনীয় দ্রব্যগণ অর্থাৎ যে যে দ্রব্য অবস্থা বিশেষে একত্র ব্যবহার করিলে দেহের সংশোধন ও পীড়ার শমতা হয় তাহার বর্ণন এবং বাত পিত্ত কফাদি দোষ সংশোধনের ও উপশমনের নিমিত্ত দ্রব্যগণের গুণ বর্ণনা। দ্রব্য, রস, গুণ, বীর্য্য, ও বিপাক, ইহাদিগকে পৃথক্ পৃথক্ জানিবার উপদেশ। দ্রব্য সকলকে বিশেষ রূপে জানিবার উপদেশ। রস বিশেষের জ্ঞান ও রস বিশিষ্ট দ্রব্য গণের নিরূপণ। বমনকারক দ্রব্যগণের নিরূপণ। বিরেচন কারক দ্রব্যগণের নিরূপণ। বিবিধ প্রকার জল, দুগ্ধ, দধি, ঘৃত, তৈল, মধু, ইক্ষু, গুড়, সুরা, মূত্র, ধান্য, কলাই, ফল, মূল, ও মাংস ইত্যাদির গুণ বর্ণনা। গ্রন্থের এই ভাগে চিকিৎসা বিষয়ের সূচনা, সূত্রপাত, দ্রব্যের যোগাযোগ বর্ণন এবং মর্ম্মার্থের বিস্তার করা হইয়াছে, একারণ ইহাকে সূত্রস্থান কহে। ইহা ছয়চল্লিশ অধ্যায়ে রচিত।

বাত রোগ, অর্শঃ, অশ্মরী (পাথুরী), ভগন্দর, কুষ্ঠ, মেহ, উদরী, মূঢ়-গর্ভ, বিদ্রধি (রাজগাঁড়), বিসর্প (ত্বক্ রোগ বিশেষ), গ্রন্থি রোগ, বৃদ্ধি রোগ (কোষ-বৃদ্ধি, গলগণ্ড, গোদ ইত্যাদি), ভগ্ন (অস্থিভগ্ন), শূক রোগ (পুং চিহ্নের রোগ বিশেষ), ক্ষুদ্র রোগ (হাম বসন্ত প্রভৃতি) এবং মুখ রোগ, এই সকল রোগের কারণ ও লক্ষণ যে ভাগে কথিত হইয়াছে তাহাকে নিদান কহে। নিদান ষোড়শ অধ্যায়ে গ্রথিত।

ভূত চিন্তা, শুক্র শোণিত শুদ্ধি, গর্ভাবস্থার বিবরণ, গর্ভস্থ শরীরের বিবরণ, শারীর তত্ত্ব, দেহস্থ মর্ম্মস্থানের নিরূপণ, শিরা বর্ণন, শিরা বিদ্ধ করিবার বিধি, ধমনী বিবরণ, ও গর্ভিণী স্ত্রীলোকের স্বাস্থ্য রক্ষার উপ-

দেশ। বৈদ্যদিগের ও যোগীদিগের দেহতত্ত্ব জানিবার নিমিত্ত, মহর্ষি ধন্বন্তরি কর্তৃক এই দশ অধ্যায় শারীর-স্থানে কথিত হইয়াছে।

দুইপ্রকার ব্রণের চিকিৎসা, সদ্যোব্রণের চিকিৎসা, ভগ্ন-দোষ-চিকিৎসা, বাতব্যাধি-চিকিৎসা, মহা-বাতব্যাধি-চিকিৎসা। অর্শো-রোগ, অশ্মরীরোগ, ভগন্দর, কুষ্ঠ, মহাকুষ্ঠ, মেহ, পীড়ক প্রমেহ, মধু-মেহ, উদর-রোগ, মূঢ়-গর্ভ, বিদ্রধি, বিসর্প, গ্রন্থি, অপচী, অর্ব্বুদ ও গলগণ্ড, বৃদ্ধি, উপদংশ ও শ্লীপদ, ক্ষুদ্ররোগ, শূকদোষ, মুখরোগ এবং শোফ, এই সকল রোগের চিকিৎসা *। সম্ভাবিত ব্যাধির নিবারণের উপায়। মিশ্র চিকিৎসা। ক্ষীণ শরীরে বল এবং পুরুষশক্তি বৃদ্ধি করিবার উপায়। সকল প্রকার পীড়া শমনার্থ রসায়ন। মেধা এবং আয়ুর্বর্দ্ধনকারী রসায়ন; স্বাভাবিক ব্যাধির বিনাশ নিমিত্ত রসায়ন। সন্তাপ-নিবৃত্তিকর রসায়ন। তৈল ও ঘৃতের প্রকরণ। ঘর্ম্ম করাইবার প্রকরণ। বমন-বিরেচন-প্রকরণ। বমন-বিরেচন দ্বারা যে উপদ্রব জন্মে, তাহার চিকিৎসা। নেত্র ও বস্তির পরিমাণ ও ভেদ †। নেত্র-বস্তি-প্রয়োগ-জন্য উপদ্রবের শান্তি-বিধান। উত্তর-বস্তি, নিরূঢ়োপ-ক্রম, আতুরসংজ্ঞ এবং ধূমন-বিধি (ঔষধ বিশেষের ধূম গ্রহণ করিবার প্রণালী)। এই চল্লিশ অধ্যায় চিকিৎসা-স্থানে বর্ণিত হইয়াছে।

ভক্ষ্য দ্রব্য যাহাতে বিষযুক্ত না হয়, তাহার উপদেশ। স্থাবর-বিষ-জ্ঞান, জঙ্গম-বিষ-জ্ঞান, সর্প-দংশনের বিষ-জ্ঞান, সর্প-দংশনের চিকিৎসা, দুন্দুভ কল্প, মূষিক কল্প এবং কীট কল্প। বিষ-জ্ঞান ও বিষনাশক ঔষধ সকল এই আট অধ্যায়ে কল্পিত হইয়াছে, একারণ এই খণ্ডের নাম কল্পস্থান হইল।

---

* সাধারণের বুঝিবার কারণ এই সকল রোগের নাম প্রত্যেক রোগের অধিকারে ভাষায় লিখিত হইবে।

† নেত্র শব্দের অর্থ নল, এবং বস্তি শব্দের অর্থ তলপেট। এই অধ্যায় হইতে চারি অধ্যায়ে পিচকারির দ্বারা বিরেচন করাইবার প্রণালী কথিত হইয়াছে।

সমুদায়ে এক শত বিংশতি অধ্যায় কথিত হইল। ইহার পর উত্তর-তন্ত্র কহিতেছি। আয়ুর্ব্বেদের অষ্ট খণ্ডের মধ্যে এই খণ্ড শ্রেষ্ঠ বলিয়া ইহাকে উত্তর-তন্ত্র কহে। চক্ষু-রোগের উপদ্রব। চক্ষুর সন্ধি-গত, পথ-গত, শ্বেত-ভাগ-গত, তারা-গত, সর্ব্বস্থান-গত এবং দৃষ্টি-গত রোগ সকল জানিবার উপদেশ। ছেয়াত্তর প্রকার নয়ন-রোগের বিবরণ। তাহাদিগের প্রত্যেকের চিকিৎসা-বিধি। বায়ু-জন্য, পিত্ত-জন্য, শ্লেষ্মা-জন্য অথবা শোণিত-জন্য চক্ষে অভিস্যন্দ রোগ হইলে তাহার চিকিৎসা। লেখ্য রোগের বিধি, ছেদ্য রোগের বিধি এবং ভেদ্য রোগের বিধি। চক্ষের পাতাতে যে সকল রোগ জন্মে, তাহার নিবারণ-বিধি। যে সকল রোগ দৃষ্টি-প্রতিবন্ধক, তাহার নিবারণ-বিধি। নানা-প্রকার চক্ষু-রোগের প্রতিকার। কর্ণ-গত রোগের জ্ঞান ও তাহার প্রতিকার। নাসিকা-গত রোগের জ্ঞান ও তাহার প্রতিকার। প্রতি-শ্যায় অর্থাৎ নাসিকা হইতে জল পড়ার চিকিৎসা। শিরোগত রোগের জ্ঞান ও তাহার চিকিৎসা। এই কয়েকটী অধ্যায়কে শালাক্যতন্ত্র কহে।

স্কন্দাদি নবগ্রহ কর্ত্তৃক সদ্যোজাত বালকের দেহে নানাপ্রকার রোগ হয়। তাহার মধ্যে ভিন্ন ভিন্ন গ্রহ কর্ত্তৃক যে ভিন্ন ভিন্ন রোগ হয়, তাহার প্রত্যেকের লক্ষণ। নবগ্রহের আকৃতি জ্ঞান। স্কন্দ গ্রহের নিবারণোপায়। অপস্মার গ্রহের নিবারণোপায়। শকুনী গ্রহের নিবারণোপায়। রেবতী গ্রহের নিবারণোপায়। পূতনা গ্রহের নিবারণোপায়। অন্ধ-পূতনা গ্রহের নিবারণোপায়। মণ্ডিকা গ্রহের নিবারণোপায়। শীত-পূতনা গ্রহের নিবারণোপায়। নৈগমেষ গ্রহের নিবারণোপায়। গ্রহদিগের উৎপত্তি। কৌমারভৃত্য নামক তন্ত্রের শারীর অধ্যায়ে এই সকল কথিত হইয়াছে।

যোনিজাত রোগসমূহের নিবারণ। জ্বর, অতিসার, শোষ, গুল্ম, হৃদ্রোগ, পাণ্ডু, রক্তপিত্ত, মূর্চ্ছা, মদ্যপান জন্য রোগ, তৃষ্ণা, ছর্দ্দি (বমন),

হিক্কা, শ্বাস, কাশ, স্বরভঙ্গ, কৃমি, উদাবর্ত্ত, বিসূচিকা, অরুচি, মূত্রাঘাত ও মূত্রকৃচ্ছ্র, এই সকল রোগের নিদান ও চিকিৎসা কায়চিকিৎসা তন্ত্রে কথিত হইয়াছে।

অমানুষ-রোগের, অপস্মার-রোগের ও উন্মাদ-রোগের নিদান ও চিকিৎসা। এই তিন অধ্যায়কে ভূতবিদ্যা কহে। রসভেদ কথন, স্বস্থ বৃত্তির লক্ষণ ও স্বাস্থ্যরক্ষার উপদেশ, তন্ত্রের যুক্তি কথন ও দোষের ভেদ কথন। এই চারিটী অধ্যায় শল্যতন্ত্রের অলঙ্কারের স্বরূপ হইয়াছে। এই তন্ত্র শ্রেষ্ঠ বলিয়া মহর্ষিগণ ইহাকে উত্তর-তন্ত্র কহেন। বহু অর্থের সংগ্রহ আছে বলিয়া ইহাকে শ্রেষ্ঠ, উত্তর এবং পশ্চিমও কহিয়া থাকেন। শালাক্যতন্ত্র, কৌমারভৃত্য-তন্ত্র, কায়চিকিৎসা-তন্ত্র এবং ভূতবিদ্যা-তন্ত্র এই চারিটী উত্তর তন্ত্রে কথিত হইয়াছে। বাজীকরণ-তন্ত্র ও রসায়ন-বিধি কায়চিকিৎসা খণ্ডে কথিত হইয়াছে। বিষ-চিকিৎসা কল্পখণ্ডে কথিত হইয়াছে। এবং শল্যজ্ঞান-তন্ত্র মধ্যে মধ্যে গ্রন্থের সর্ব্বস্থানেই কথিত হইয়াছে। এই অষ্টাঙ্গ আয়ুর্ব্বেদ ধন্বন্তরি কর্ত্তৃক প্রকাশিত। ইহা বিধিপূর্ব্বক অধ্যয়ন করিলে লোকে প্রাণদাতা হইতে পারে। এই শাস্ত্র অধ্যয়ন করিবে এবং চিকিৎসা-কার্য্য শিক্ষা করিবে। যে বৈদ্য এই দুটীই জানেন, তিনি ভূপতির নিকটে পূজিত হয়েন।

এস্থলে শ্লোক কহিতেছেন।

যুদ্ধকালে ভীরু ব্যক্তি যেরূপ অবসন্ন হয়, চিকিৎসা শিক্ষা না করিয়া কেবল শাস্ত্র পাঠ করিলে চিকিৎসা করিবার কালে বৈদ্যও সেইরূপ অবসন্ন হয়েন। এবং যে বৈদ্য চিকিৎসা-কর্ম্মে কুশল হইয়াও শাস্ত্র অধ্যয়ন না করেন, তিনি সাধুদিগের নিকটে মান্য হইতে পারেন না। ভূপতিকর্ত্তৃক তাঁহার প্রাণদণ্ড হওয়া উচিত। এই দুইপ্রকার বৈদ্যই চিকিৎসা-কার্য্যে পারগ নহেন। ব্রাহ্মণ যেমন বেদের অর্দ্ধাংশ মাত্র অধ্যয়ন করিয়া বেদোক্ত কার্য্য করিলে, অথবা

পক্ষী যেমন একটীমাত্র পক্ষ লইয়া উড্ডয়ন করিলে বিফল হয়, সেই-রূপ মূর্খ বৈদ্য অমৃতের ন্যায় ঔষধ দিলেও কোন ফল হয় না। বরং তাহা শস্ত্র, বজ্র বা বিষের ন্যায় হয়। অতএব উক্ত দুইপ্রকার বৈদ্যকে পরিত্যাগ করিবে। যে বৈদ্য শস্ত্র-ক্রিয়া এবং স্নেহাদি-ক্রিয়া না জানেন, তিনি লোভবশতঃ রোগীকে বিনাশ করেন। রাজার অমনোযোগ বশতই এরূপ কুবৈদ্য হইয়া থাকে। রথ যেরূপ দুইখানি চক্রবিশিষ্ট হইলে যুদ্ধকার্য্য নির্ব্বাহ করিতে পারে, সেইরূপ বুদ্ধিমান্ বৈদ্য ঐ দুইপ্রকার কার্য্য জানিলে চিকিৎসা-কার্য্যে পারগ হয়েন।

অনন্তর হে বৎস, এই শাস্ত্র যেপ্রকারে অধ্যয়ন করিতে হয়, তাহা কহিতেছি, শ্রবণ কর। শিষ্য অধ্যয়ন-কালে পবিত্র-দেহ, উত্তরীয়ধারী এবং স্থিরচিত্ত হইবেন। এবং গুরু আপনার জ্ঞানানুসারে শিষ্যকে শ্লোকের চরণ বা সম্পূর্ণ শ্লোক ক্রমে ক্রমে অধ্যয়ন করাইবেন। শিষ্যও আপনার মনে ক্রমে ক্রমে তাহার অনুশীলন করিবেন। এবং ধীরে ধীরে অথচ বিলম্ব না করিয়া, নির্ভয়-মনে, চক্ষুঃ ভ্রূ ওষ্ঠ ও হস্তাদি স্থির রাখিয়া, মধ্যম স্বরে, শুদ্ধ বাক্যে পাঠ করিবেন। পাঠের কালে গুরু-শিষ্যের মধ্যস্থান দিয়া অপর কেহ গমন করিবে না। পবিত্র-দেহ, গুরু-পরায়ণ, কার্য্যদক্ষ এবং আলস্য ও নিদ্রা বর্জ্জিত হইয়া, পূর্ব্বোক্ত নিয়মানুসারে পাঠ করিলে এই শাস্ত্রে পারদর্শী হইতে পারে। এই শাস্ত্রে পারদর্শী হইতে ইচ্ছা করিলে, বাক্যের শীলতার নিমিত্ত, পদার্থ-জ্ঞানের নিমিত্ত, অহঙ্কার-ত্যাগের নিমিত্ত ও কার্য্যে নিপুণ হইবার নিমিত্ত, যত্নবান্ হওয়া কর্ত্তব্য।

চতুর্থ অধ্যায়।

প্রভাষণীয় অধ্যায়।

অধ্যয়ন করিয়া অভ্যাস হইলেও যদি মর্ম্ম-বোধ না হয়, তবে গর্দ্দ-ভের চন্দন-ভার-বহনের ন্যায় কেবল পরিশ্রমই সার হয়।

এস্থলে শ্লোক কহিতেছেন।

গর্দ্দভকে চন্দনের ভার বহন করিতে হইলে, ভারমাত্র বহন করে, গন্ধ জানিতে পারে না। সেই রূপ মর্ম্ম-বোধ না হইলে, অনেক শাস্ত্র অধ্যয়ন করা গর্দ্দভের ন্যায় ভার বহন করা মাত্র। অতএব এই এক-শত বিংশতি অধ্যায়ের শব্দ, অর্দ্ধ-শ্লোক এবং শ্লোক, পুনঃ পুনঃ বর্ণন করা এবং শ্রবণ করা কর্ত্তব্য। যে হেতু দ্রব্য, রস, গুণ, বীর্য্য, বিপাক, দোষ, ধাতু, মলাশয়, মর্ম্ম, সিরা, স্নায়ু, সন্ধি, অস্থি, গর্ভসম্ভূত দ্রব্য সমূ-হের বিভাগ, অদৃশ্য শল্যের উদ্ধার, ব্রণ-নিরূপণ, বিবিধ ভগ্ন-দোষের এবং সাধ্য যাপ্য ও অসাধ্য রোগের বিচার, ইত্যাদি সহস্র সহস্র বিশেষ সূক্ষ্ম সূক্ষ্ম বিষয় আছে, সে সকল চিন্তা করিতে গেলে, নির্ম্মল এবং বিপুল-বুদ্ধি-বিশিষ্ট ব্যক্তিরও বুদ্ধি অভিভূত হয়। অল্পবুদ্ধির ত কথাই নাই। অতএব শব্দ, পাদ, অর্দ্ধশ্লোক এবং শ্লোক পুনঃ পুনঃ বর্ণন করা এবং শ্রবণ করা অবশ্যই কর্ত্তব্য। অন্যান্য শাস্ত্রসম্বন্ধীয় কোন বিষয় এ শাস্ত্রে উপস্থিত হইলে, সেই সকল শাস্ত্র যাঁহারা জানেন, তাঁহাদিগের নিকটে তাহার ব্যাখ্যা শ্রবণ করিবে। যে হেতু এক শাস্ত্রের দ্বারা সকল শাস্ত্রের জ্ঞান হইতে পারে না।

এস্থলে শ্লোক কহিতেছেন।

একটীমাত্র শাস্ত্র অধ্যয়ন করিলে শাস্ত্রের মর্ম্ম বোধ হয় না, অত-এব চিকিৎসকের বহু শাস্ত্রে জ্ঞান থাকা প্রয়োজন। যে ব্যক্তি গুরু-মুখ হইতে শাস্ত্র শ্রবণ করিয়া অভ্যাস করে, এবং তদনুসারে কর্ম্ম করে, সেই বৈদ্য। তদ্ভিন্ন সকলে তস্কর। চিকিৎসা-শাস্ত্রের মধ্যে শল্যতন্ত্রই প্রধান। ঔপধেনব, ঔরভ্র, সৌশ্রুত এবং পৌষ্কলাবত, এই কয়েক গ্রন্থই ইহার মূল বলিয়া নিরূপিত হইয়াছে।

পঞ্চম অধ্যায়।

অগ্রে আহরণীয় দ্রব্যের বিবরণ।

কর্ম্ম তিনপ্রকার; পূর্ব্বকর্ম্ম, প্রধানকর্ম্ম এবং পশ্চাৎকর্ম্ম। এই তিন কর্ম্ম প্রত্যেক রোগের প্রকরণে উপদেশ করিব। এই গ্রন্থে শস্ত্র-কর্ম্ম প্রধান বলিয়া শস্ত্রক্রিয়া এবং তাহার প্রয়োজনীয় দ্রব্য সকল প্রথমে উপদেশ করিব। শস্ত্রকর্ম্ম আটপ্রকার, যথা ছেদক্রিয়া (কাটা), ভেদক্রিয়া (নবম অধ্যায়ে বক্তব্য), লেখনক্রিয়া (আঁচড়ান), বেধ্যক্রিয়া (সূচ প্রভৃতির দ্বারা বিদ্ধ করা), এষণক্রিয়া (সূক্ষ্ম শলাকাদির দ্বারা শরীর মধ্যে অন্বেষণ করা), আহরণক্রিয়া (পীড়াদায়ক বস্তুকে শরীর হইতে বাহির করা), বিস্রাব্য ক্রিয়া (শরীর হইতে রক্ত পূয প্রভৃতি স্রাব করান), এবং সীব্যক্রিয়া (মিলন করিবার নিমিত্ত সূত্রদ্বারা ক্ষত স্থান সেলাই করা)। এই আটপ্রকার কর্ম্মের মধ্যে কোন কর্ম্ম করিতে হইলে যন্ত্র, শস্ত্র, ক্ষার, অগ্নি, শলাকা, শৃঙ্গ, জোঁক, তিত লাউ, জাম্ব-বোষ্ঠ (একপ্রকার শলাকা), তুলা, বস্ত্রখণ্ড, সূতা, পাতা, পাট, মধু, ঘৃত, বসা, দুগ্ধ, তৈল, তর্পণদ্রব্য, কষায়দ্রব্য, আলেপনদ্রব্য, কল্কদ্রব্য, পাখা, শীতল জল, উষ্ণ জল ও কড়া ইত্যাদি দ্রব্য সমূহ এবং ধীর ও বলবান্ পরিচারক অগ্রে সংগ্রহ করা কর্ত্তব্য। শস্ত্রপাত করিবার পূর্ব্বে রোগীকে লঘু ভোজন করাইবে। তদনন্তর শুভক্ষণে দেবতা ও ব্রাহ্মণ-দিগকে পূজা করিয়া রোগীকে পূর্ব্বাভিমুখে বসাইয়া বৈদ্য পশ্চিমাভি-মুখে বসিবেন। মর্ম্মস্থান, নাড়ী, সূক্ষ্ম নাড়ী, সন্ধি স্থানের অস্থি ও সিরা, এই সকলে যাহাতে আঘাত না লাগে, এমত ভাবে শস্ত্রপাত করি-বেন। যে স্থানে পূয আছে, সেই স্থান পর্য্যন্ত শস্ত্র প্রবেশ করাইবেন। পূয-স্থান দেখিতে পাইলেই তৎক্ষণাৎ শস্ত্র উঠাইয়া লইবেন। ব্রণের স্থানে অধিক ফুলা থাকিলে, দুই বা তিন অঙ্গুলি পরিমাণ শস্ত্র-চিহ্ন

করিবেন। যে ফোড়া বিস্তৃত ও উচ্চ, এবং যাহার চারিদিক্ সমান ও মধ্যস্থলে মুখ, সেই ফোড়া ক্লেশদায়ক হয় না।

যে ফোড়া উচ্চ ও আয়তনে বৃহৎ এবং যাহার মধ্যস্থলে মুখ ও অস্ত্র করিবার উপযুক্ত সময় উপস্থিত, সেই ফোড়াই অস্ত্র করিবার পক্ষে প্রশস্ত। বীরতা, শীঘ্র-কার্য্য-কারিতা, তীক্ষ্ণ শস্ত্র ব্যবহার করা, কম্প অথবা ঘর্ম্ম না হওয়া এবং বুদ্ধি অবসন্ন না হওয়া; অস্ত্র করিতে হইলে বৈদ্যের এইগুলি প্রয়োজন।

একবার অস্ত্র করিলে যদি মন্দ রক্ত বা পূয নিঃশেষে নির্গত না হয়, তবে তাহা পরীক্ষা করিয়া পুনর্ব্বার অস্ত্র করিবে।

এস্থলে শ্লোক কহিতেছেন।

যে যে স্থানে মন্দ রক্তের বা পূযের গতি হয় অথবা ফুলা থাকে, সেই সেই স্থানে শস্ত্রপাত করিবে। দূষিত পদার্থ কোনমতে শরীরে না থাকে।

শরীরের মধ্যে ভ্রূ, গণ্ড, রগ, কপাল, চক্ষুঃ, ওষ্ঠ, দন্তের মাড়ী, বগল, উদর এবং কুঁচ্কি, এই কয় স্থানে তির্য্যক্ ভাবে শস্ত্রপাত করিবে *। হস্তে এবং পাদে চন্দ্রমণ্ডলবৎ গোল করিয়া শস্ত্রপাত করিবে। মলদ্বারে ও লিঙ্গমূলে অর্দ্ধচন্দ্রের ন্যায় শস্ত্রাঘাত করিবে। ইহার অন্যথা করিলে সূক্ষ্ম সিরা ও স্নায়ু ছেদন হেতু অতিমাত্র বেদনা হয়, ঘা বিলম্বে পূরিয়া উঠে এবং ঘা পূরিলেও সেই স্থানের মাংস-বৃদ্ধি হয়। মূঢ়-গর্ভ, উদর-রোগ, অর্শঃ, অশ্মরী, ভগন্দর ও মুখরোগ, এই সকল রোগে শস্ত্রক্রিয়া করিতে হইলে রোগীকে ভোজন না করাইয়া শস্ত্রপাত করিবে। শস্ত্র চালন করিলে পর শীতল জলের দ্বারা রোগীকে আশ্বাসিত করিবে। পশ্চাৎ ব্রণের চতুর্দ্দিকে অঙ্গুলির দ্বারা টিপিয়া আর্দ্র বস্ত্রের দ্বারা ব্রণ পরিষ্কার করিবে। তিলবাটা, মধু ও ঘৃত

* অস্ত্রচিহ্নটী শরীরের উর্দ্ধ অধোভাগে দীর্ঘ না হইয়া পার্শ্বভাগে দীর্ঘ হইবে। তাহাকেই তির্য্যক্ কহে।

গাঢ়রূপে মিশ্রিত করিয়া পলিতায় মাখাইয়া পূর্ব্বে প্রস্তুত করিয়া রাখিবে। পূর্ব্বোক্তপ্রকারে ব্রণ পরিষ্কার হইলে, সেই পলিতা তাহার মধ্যে প্রবেশ করাইবে। পরে তাহার উপরে কল্ক (পিষিত ঔষধকে কল্ক কহে) আচ্ছাদন করিয়া বস্ত্র এবং পাটের দ্বারা বন্ধন করিবে। তদনন্তর গুগ্‌গুল, অগুরু, ধুনা, বচ, শ্বেত সর্ষপ, সৈন্ধব ও নিম্বপত্র এই সকল দ্রব্যের চূর্ণ এবং ঘৃত একত্র মিশ্রিত পূর্ব্বক ধূপ নির্ম্মাণ করিয়া অগ্নিতে প্রদান করিবে। পরে অগ্নিতে কিঞ্চিৎ ঘৃত প্রদান করিবে ও কলসী হইতে জল লইয়া গৃহমধ্যে প্রোক্ষণ করিয়া রক্ষামন্ত্র পাঠ করিবে। তদনন্তর রক্ষা-মন্ত্র কহিতেছি। কৃত্যা-দেবতাদিগের এবং রাক্ষসদিগের ভয় হইতে রক্ষা করিবার নিমিত্ত রক্ষা-কর্ম্ম করিব, ব্রহ্মা তাহাতে অনুমতি করুন। সর্পগণ, পিশাচগণ, গন্ধর্ব্বগণ ও পিতৃগণ, ইহাঁদিগের মধ্যে যে কেহ তোমাকে আশ্রয় করিবেন, ব্রহ্মাদি দেবতারা তাঁহাকে নাশ করুন। পৃথিবীতে এবং আকাশে যে সকল নিশাচর গমনাগমন করেন এবং দিকে ও বাস্তুভূমিতে যাঁহারা বাস করেন, তাঁহারা তোমাকর্ত্তৃক নমস্কৃত হইয়া তোমাকে রক্ষা করুন। ব্রহ্মা হইতে উৎপন্ন সনকাদি মুনিগণ, স্বর্গস্থিত রাজর্ষি সকল, সুমেরু প্রভৃতি পর্ব্বত সকল, গঙ্গাদি নদী সকল ও লবণাদি সমুদ্র সকল, তোমাকে রক্ষা করুন। অগ্নিদেবতা তোমার জিহ্বাকে, বায়ুদেবতা তোমার প্রাণবায়ুকে, সোমদেবতা ব্যানবায়ুকে, পর্জ্জন্য অপানবায়ুকে, বিদ্যুৎ উদানবায়ুকে, মেঘ সমানবায়ুকে, বলের পতি ইন্দ্রদেবতা বলকে, মনুদেবতা গ্রীবার পার্শ্বস্থ সিরাদ্বয়কে ও মননশক্তিকে, গন্ধর্ব্ব সকল অভিলাষ-শক্তিকে, ইন্দ্র সত্বকে, বরুণ রাজা প্রজ্ঞাকে, সমুদ্র নাভিমণ্ডলকে, সূর্য্যদেবতা চক্ষুকে, দিক্ সকল কর্ণদ্বয়কে, চন্দ্রদেবতা মনকে, নক্ষত্র সকল রূপকে, নিশা সকল তোমার ছায়াকে, জল সকল তোমার বীর্য্যকে, ওষধি সকল তোমার রোম সকলকে, আকাশ সকল তোমার দেহস্থ আকাশকে, বসুন্ধরা তোমার দেহকে, বৈশ্বানর দেবতা তোমার শিরকে, বিষ্ণু দেবতা

তোমার পরাক্রমকে, পুরুষশ্রেষ্ঠ তোমার পৌরুষকে, ব্রহ্মা তোমার আত্মাকে এবং ধ্রুব দেবতা তোমার ভ্রূদ্বয়কে রক্ষা করুন। এই সকল দেবতারা তোমার দেহে নিত্য আছেন। ইহাঁরা তোমাকে সতত রক্ষা করুন। তুমি দীর্ঘ আয়ু লাভ কর। ভগবান্ ব্রহ্মা আদি দেবতা সকল তোমার মঙ্গল করুন। চন্দ্র, সূর্য্য, নারদ ও পর্ব্বত ঋষিদ্বয়, অগ্নি, বায়ু এবং ইন্দ্রের সহগামী দেবতারা, তোমার মঙ্গল করুন। পিতামহ-কৃত রক্ষা তোমার মঙ্গল করুন। তোমার আয়ু-বৃদ্ধি হউক। অতিবৃষ্টি, অনাবৃষ্টি, শলভ, মূষিক, পক্ষী এবং প্রত্যাসন্ন রাজা সকল শান্তিভাব প্রাপ্ত হউক। তুমি সর্ব্বদা পীড়া-রহিত হও। এই মন্ত্র পাঠ করিয়া স্বাহা শব্দ উচ্চারণ করিবে। এই বেদাত্মক মন্ত্র কৃত্যা-(উপদেবী)-জনিত রোগ নাশ করে। তুমি আমার পঠিত এই রক্ষা-মন্ত্র দ্বারা দীর্ঘ আয়ু প্রাপ্ত হও।

অনন্তর রক্ষা-কর্ম্ম সমাপন করিয়া রোগীকে গৃহমধ্যে প্রবেশ করাইবে। এবং তৎকালে যেরূপ আচরণ করিতে হয়, তাহার উপদেশ তাঁহাকে দিবে। তিন দিবস পরে প্রথম বন্ধন খুলিয়া পুনরায় বস্ত্র এবং পাটের দ্বারা বন্ধন করিবে। দুই দিবসের মধ্যে সেই দ্বিতীয় বন্ধন খুলিবে না। তাহা হইলে ক্ষত-স্থানে বেদনা হয়, এবং ঘা পূরিয়া উঠিতে বিলম্ব হয়। তৎকালে ক্ষত, স্থানের অবস্থা, কাল ও রোগীর বল ইত্যাদি বিবেচনা করিয়া ক্বাথ, আলেপন, বন্ধন, এবং রোগীর আহার ও আচার বিধান করিবে। ভিতরে মন্দ রক্ত বা পূয থাকিলে ঘা পূরাইবে না। তাহা হইলে অল্প অত্যাচার ঘটিলেই সেই ঘা ভিতরে ফুলিয়া পুনর্ব্বার বিকৃত হয়।

এ স্থলে শ্লোক কহিতেছেন।

সেই হেতু অন্তরে এবং বাহিরে নির্দ্দোষ হইলে পরে ক্ষত স্থান পূরণ করা কর্ত্তব্য। ঘা পূরিলেও অজীর্ণজনক দ্রব্য ভোজন, ব্যায়াম এবং স্ত্রীসংসর্গ পরিত্যাগ করিবে। ক্ষত-স্থান যাবৎ চর্ম্মের সহিত সমানভাব না হয় তাবৎ হর্ষ-জনক, ক্রোধ-জনক এবং ভয়-জনক ক্রিয়া পরি-

ত্যাগ করিবে। হেমন্ত, শিশির ও বসন্ত, এই তিন কালে তিন দিনের পরে, এবং শরৎ, গ্রীষ্ম ও বর্ষা এই তিন কালে দুই দিনের পরে, ক্ষত-স্থানের বন্ধন খুলিবে। রোগ ভয়ানক হইলে বৈদ্য এ নিয়ম অবলম্বন করিবেন না। যেরূপ অগ্নির দ্বারা গৃহ প্রজ্বলিত হইলে শীঘ্র প্রতী-কার করা প্রয়োজন, সেইরূপ রোগ প্রবল হইলে যাহাতে শীঘ্র প্রতী-কার হয়, তাহাই করিবে। শরীরে শস্ত্রাঘাত জন্য যদি তীব্র বেদনা হয়, তবে যষ্টিমধুর সহিত ঈষদুষ্ণ ঘৃত অভিষেচন করিবে, তাহাতে বেদনার শান্তি হয়।

ষষ্ঠ অধ্যায়।

ঋতু-বিবরণ।

কালই ভগবান্ স্বয়ম্ভু অর্থাৎ স্বয়ং প্রকাশমান। আদি, অন্ত, মধ্য রহিত। মানবগণের জীবন ও মৃত্যু, এবং পদার্থ সমূহের রসের উৎপত্তি ও ক্ষয়, এই কালের অধীন। ইহার অতি সূক্ষ্মমাত্র অংশও ধ্বংস হয় না এই হেতু; অথবা প্রাণিসকলকে সঙ্কলন করে বা (জন্ম-মৃত্যুতে) প্রেরণ করে এই হেতু, ইহাকে কাল কহে। ভগবান্ সূর্য্য, গতি-বি-শেষের দ্বারা, সেই কালের সংবৎসররূপ দেহকে, অক্ষি-নিমেষ, কাষ্ঠা, কলা, মুহূর্ত্ত, অহোরাত্র, পক্ষ, মাস, ঋতু, অয়ন, সংবৎসর ও যুগ, এই সকল অংশে বিভাগ করেন। একটী লঘু অক্ষরের উচ্চারণ করিতে যে সময় লাগে, তাহাকে অক্ষি-নিমেষ কহে। (লঘু অক্ষর যথা ক।) পঞ্চদশ অক্ষি-নিমেষে এক কাষ্ঠা। ত্রিংশৎ কাষ্ঠাতে এক কলা। বিং-শতি কলাতে এক মুহূর্ত্ত। কলার দশ ভাগকেও মুহূর্ত্ত কহে। ত্রিংশৎ মুহূর্ত্তে এক অহোরাত্র। পঞ্চদশ অহোরাত্রে এক পক্ষ। পক্ষ দুই, শুক্ল ও কৃষ্ণ। সেই দুই পক্ষে এক মাস। মাস দ্বাদশ। সেই দ্বাদশ মাসের

মধ্যে দুই দুই মাসে এক এক ঋতু হয়। ঋতু ছয়টী,যথা—শিশির, বসন্ত, গ্রীষ্ম, বর্ষা, শরৎ ও হেমন্ত। সেই দ্বাদশ মাসের মধ্যে মাঘ ও ফাল্গুন শিশির, চৈত্র ও বৈশাখ বসন্ত, জ্যৈষ্ঠ ও আষাঢ় গ্রীষ্ম, শ্রাবণ ও ভাদ্র বর্ষা, আশ্বিন ও কার্ত্তিক শরৎ, এবং অগ্রহায়ণ ও পৌষ হেমন্ত। শীত, উষ্ণ, বর্ষাই সেই সকল ঋতুর লক্ষণ। কাল, চন্দ্র সূর্য্য কর্ত্তৃক বিভক্ত হইয়া দুইটী অয়ন জন্মায়, দক্ষিণায়ন এবং উত্তরায়ণ। দক্ষিণায়ন কালে বর্ষা, শরৎ এবং হেমন্ত, এই তিন ঋতু হইয়া থাকে। এই কালে ভগবান্ চন্দ্রমা তেজঃপুঞ্জ হয়েন। তজ্জন্য অম্ল, লবণ এবং মধুর এই তিন রসের প্রাদুর্ভাব হয়, অর্থাৎ এই তিন রসের ওষধিই বিশেষরূপে জন্মে। এবং প্রাণিগণও উত্তরোত্তর বলবান্ হয়। উত্তরায়ণ কালে শিশির, বসন্ত ও গ্রীষ্ম, এই তিন ঋতু হইয়া থাকে। এই কালে ভগবান্ সূর্য্য তেজঃপুঞ্জ হয়েন। তজ্জন্য তিক্ত, কষায় এবং কটু এই তিন রস বলবান্ হয়। এবং প্রাণিগণের বলও উত্তরোত্তর হ্রাস প্রাপ্ত হয়।

এস্থলে শ্লোক কহিতেছেন।

চন্দ্র পৃথিবীকে আর্দ্র করেন, এবং সূর্য্য তাহাকে শুষ্ক করেন। বায়ু ইহাঁদিগের উভয়কে আশ্রয় করিয়া প্রাণিগণকে পালন করেন।

কোন কোন পণ্ডিতেরা কহেন, যে দুই অয়নে সংবৎসর এবং পাঁচ বৎসরে এক যুগ হইয়া থাকে। সেই নিমেষাদি যুগ পর্য্যন্ত কাল, চক্রের ন্যায় পরিবর্ত্তিত হইতেছে বলিয়া কালচক্র নামে কথিত হয়।

আয়ুর্ব্বেদ-মতে বর্ষা, শরৎ, হেমন্ত, বসন্ত, গ্রীষ্ম ও প্রাবৃট্, এই ছয় ঋতু, দোষের সম্বন্ধে সঞ্চয়ের, প্রকোপের ও প্রশমের কারণ। সেই ছয় ঋতু ভাদ্র মাস অবধি দুই-দুই মাসে হইয়া থাকে। যথা, ভাদ্র আশ্বিন বর্ষা, কার্ত্তিক অগ্রহায়ণ শরৎ, পৌষ মাঘ হেমন্ত, ফাল্গুন চৈত্র বসন্ত, বৈশাখ জ্যৈষ্ঠ গ্রীষ্ম, এবং আষাঢ় শ্রাবণ প্রাবৃট্। ছয় ঋতুর মধ্যে বর্ষা-কালে ওষধি* সকল নূতন জন্মে সুতরাং অল্প-বীর্য্য, জল ক্লেদ-যুক্ত এবং ক্ষিতি

---

* পূর্ব্বে বলা হইয়াছে যে, ফল পাকিলেই যে গাছ মরিয়া যায়, তাহাকে ওষধি

মলপূর্ণ। সেই কালে আকাশমণ্ডল মেঘাচ্ছন্ন থাকে, ভূমি জলে আর্দ্র থাকে এবং প্রাণিগণের দেহও আর্দ্র হয়। আর্দ্র দেহে শীতল-বায়ু-সংযোগে অগ্নিমান্দ্য হয়। সুতরাং সেই সকল নূতন অল্প-বীর্য্য (১) ওষধি ভক্ষণ করিলে, অথবা সেই অপরিষ্কার জল পান করিলে, বিদাহ অজীর্ণ হয়, অর্থাৎ পরিপাক-কালে অম্লরস বৃদ্ধি হয়, তদ্দ্বারা কোন কোন স্থলে গলা জ্বলিয়া উঠে। সেই বিদাহ অজীর্ণ হেতু এই কালে পিত্তের সঞ্চয় হইয়া থাকে। শরৎকালে আকাশমণ্ডল মেঘশূন্য হইলে এবং পঙ্ক (কাদা) সমস্ত শুষ্ক হইলে, সেই সঞ্চিত পিত্ত সূর্য্যকিরণ দ্বারা সমস্ত শরীরে ব্যাপ্ত হইয়া পৈত্তিক জন্য ব্যাধি সকল জন্মায়। হেমন্ত কালে সেই সকল ওষধি কাল-গৌণ-হেতু পরিপক্ব এবং বলবান্ হইয়া উঠে, জলও নির্ম্মল হয়, এবং সূর্য্যের কিরণ-মান্দ্য হয়, সুতরাং হিম ও শীতল বায়ু কর্ত্তৃক প্রাণিগণের দেহও জড়ীভূত হইয়া পড়ে। সেই কালে সেই স্নিগ্ধ ও গুরুপাক ওষধি এবং জল ভক্ষণ এবং পান করিলে আমাজীর্ণ হয়, অর্থাৎ গুরুপাকপ্রযুক্ত সম্যক্ পরিপাক হয় না। সুতরাং সেই স্নিগ্ধ, শীতল, গুরুপাক ও পিচ্ছিল ওষধি ও জল দ্বারা এই কালে শরীরে শ্লেষ্মার সঞ্চয় হইয়া থাকে। বসন্ত কালে প্রাণিগণের শরীর অল্প জড়ীভূত থাকে। সূর্য্যকিরণ দ্বারা সেই সঞ্চিত শ্লেষ্মা সর্ব্ব শরীরে ব্যাপ্ত হইয়া শ্লেষ্মা-জন্য ব্যাধি সকল জন্মায়। গ্রীষ্ম কালে সেই সকল ওষধি নীরস, রুক্ষ ও লঘু হয়, জলও লঘু হয়, এবং সূর্য্যকিরণে প্রাণিগণের দেহও শুষ্কপ্রায় হয়। সুতরাং এপ্রকার ওষধি ভক্ষণ বা জল পান করিলে নীরস হেতু, রুক্ষতা হেতু এবং লঘুতা হেতু প্রাণিগণের শরীরে বায়ুর সঞ্চয় হইয়া থাকে। প্রাবৃট্-কালে, ভূমি জলে আর্দ্র হইলে এবং প্রাণিগণের দেহও আর্দ্র হইলে, শরীরস্থ সেই সঞ্চিত বায়ু, বাহিরের শীতল

কহে। তাহাতে ধান্য, কলাই প্রভৃতি যে সকল শস্য এবং শাক ও মূল প্রভৃতি যে সকল ভূমিজাত আহারীয় দ্রব্য প্রতি বৎসর জন্মে, এস্থলে তাহাদিগকেই বুঝিতে হইবে।

(১) অল্প-বীর্য্য অর্থাৎ অল্প-সার-বিশিষ্ট।

বায়ুর এবং বর্ষার প্রভাবে প্রাণিগণের দেহ ব্যাপ্ত হওয়াতে, বাতিক জন্য ব্যাধি সকল জন্মে। এইপ্রকার সকল দোষের সঞ্চয় ও প্রকোপের হেতু কথিত হইল *। বর্ষাকালে, হেমন্তকালে এবং গ্রীষ্মকালে যে সকল দোষ সঞ্চিত হয়, সেই সকল সঞ্চিত দোষের, এবং শরৎকালে, বসন্তকালে ও প্রাবৃট্‌কালে যে সকল দোষ কুপিত হয়, সেই সকল কুপিত দোষের, প্রতিকার করা কর্ত্তব্য। † শরৎকালে পৈত্তিক জন্য ব্যাধির, বসন্তকালে শ্লেষ্মা জন্য ব্যাধির, এবং প্রাবৃট্‌কালে বাতিক জন্য ব্যাধির, প্রতিকার করা বিধেয়। দোষের সঞ্চয়, প্রকোপ এবং উপশম স্বভাবতঃ যেপ্রকারে হইয়া থাকে, তাহা বলা হইল।

এক দিবসের মধ্যে ছয় ঋতুর ভোগ কহিতেছেন।

প্রাতঃকালে বসন্তের লক্ষণ, মধ্যাহ্নকালে গ্রীষ্মের লক্ষণ, অপরাহ্নে প্রাবৃটের লক্ষণ, সন্ধ্যাকালে বর্ষার লক্ষণ, অর্দ্ধরাত্রে শরতের লক্ষণ এবং রাত্রি অবসানে হেমন্তের লক্ষণ, লক্ষিত হয়। এইপ্রকার সংবৎসরের ন্যায় দিবারাত্রি মধ্যেও ছয় ঋতুর লক্ষণ দেখা যায়, এবং সেই সেই কালে বাত, পিত্ত ও শ্লেষ্মার সঞ্চয়, প্রকোপ ও উপশমও হইয়া থাকে।

যে যে ঋতুতে যে যে লক্ষণ হইয়া থাকে, তাহার অন্যথা না হইলে, ওষধি সকল এবং জল প্রকৃত ভাবে থাকে। সেই ওষধি এবং জল ভক্ষণ এবং পান করিলে, প্রাণিগণের আয়ু, বল এবং বীর্য্য বৃদ্ধি হয়। সেই সকল ঋতুর অন্যথা হওয়া দৈবের অধীন। শীত, উষ্ণ, বাত ও

---

* দোষ অর্থাৎ বায়ু, পিত্ত, কফ।

† এই সমুদায়ের স্থূল তাৎপর্য্য এই যে, ভাদ্র আশ্বিন দুই মাস বর্ষাতে শরীরে পিত্তের সঞ্চয় হইয়া, কার্ত্তিক অগ্রহায়ণ দুই মাস শরৎ কালে তাহার প্রকোপ হয়। পৌষ মাঘ দুই মাস হেমন্ত কালে শরীরে শ্লেষ্মার সঞ্চয় হইয়া, ফাল্গুন চৈত্র দুই মাস বসন্ত কালে তাহার প্রকোপ হয়। বৈশাখ জ্যৈষ্ঠ দুই মাস গ্রীষ্ম কালে শরীরে বায়ুর সঞ্চয় হইয়া, আষাঢ় শ্রাবণ দুই মাস প্রাবৃট্‌ কালে তাহার প্রকোপ হয়।

বর্ষা উপযুক্ত কালে না হইলে ওষধি সকল এবং জল বিগুণ হয়। সেই সকল ওষধি বা জল ভক্ষণ বা পান করিলে নানাপ্রকার রোগের প্রাদুর্ভাব হয়, অথবা মারিভয় উপস্থিত হয়। কোন সময়ে ঋতুর লক্ষণ অন্যথা না হইলেও এবং ওষধি বা জল বিকৃত না হইলেও, কৃত্যা, পিশাচ ও রাক্ষসাদির ক্রোধ হেতু, অথবা অধর্ম্মের প্রাদুর্ভাব হেতু, দেশ ধ্বংস হয়। অথবা, বিষাক্ত ওষধির বা বিষাক্ত পুষ্পের গন্ধ বায়ুপ্রবাহে আনীত হইলে, তদ্দ্বারা যে সকল দেশ আক্রান্ত হয়, সেই সকল দেশে, শরীরের ভিতরে অথবা বাহিরে বিকৃতির কোন কারণ না থাকিলেও; কাশ, শ্বাস, বমি, নাসিকা হইতে জল নিঃসরণ, শিরোরোগ এবং জ্বর, এই সকল রোগে লোক অতিশয় তাপিত হয়। গ্রহ নক্ষত্রের গতি-বিশেষেও এরূপ ঘটিয়া থাকে। অথবা গৃহ, স্ত্রী, আসন, যান, বাহন, মণি বা রত্ন প্রভৃতি কোন গৃহ দ্রব্য মন্দ-লক্ষণ-যুক্ত হইলে, অথবা অন্য কোনপ্রকার মন্দ লক্ষণ ঘটিলে, এইরূপ রোগের প্রাদুর্ভাব হইয়া থাকে। এরূপ মারিভয় অথবা রোগের প্রাদুর্ভাব হইলে স্থানপরিত্যাগ, শান্তিকর্ম্ম, প্রায়শ্চিত্ত, জপ, হোম, তপস্যা, নিয়ম, দয়া, দান, দীক্ষা, দেবতা এবং ব্রাহ্মণ পরায়ণ ইত্যাদি ক্রিয়ার অনুষ্ঠান করিলে মঙ্গল হয়।

অতঃপর যে যে ঋতুতে যে যে লক্ষণ হইয়া থাকে, তাহা কহিতেছি। হেমন্ত কালে, উত্তর দিক্ হইতে শীতল বায়ু প্রবাহিত হয়। সকল দিক্ ধূলি ও ধূমে ব্যাপ্ত, দিবাকর হিম-কণাতে আচ্ছন্ন, ও জলাশয় সকল হিমে আবৃত। কাক, গণ্ডার, মহিষ, মেষ ও হস্তি প্রভৃতি পশু-গণ বলবান্ হইয়া উঠে, এবং রোধ্র, প্রিয়ঙ্গু ও পুন্নাগ বৃক্ষ সমস্ত পুষ্পে শোভিত হইয়া থাকে। শিশির কালে, অতিশয় শীত হয়, বাত বৃষ্টিতে সকল দিক্ আকুলিত হয়, এবং হেমন্ত কালের সকল লক্ষণও এ কালে হইয়া থাকে। বসন্ত কালে, দিক্ সকল নির্ম্মল হয়, পলাশ, পদ্ম, বকুল, আম্র এবং অশোকাদি পুষ্পে পরিপূর্ণ কানন সকলের দ্বারা, এবং

কোকিল ও ভ্রমর প্রভৃতি পক্ষিগণের গানের দ্বারা, চতুর্দ্দিক্ শোভিত ও মনোহর হইয়া উঠে, দক্ষিণ দিক্ হইতে বায়ু প্রবাহিত হয়, এবং সকল জলাশয়ই সুদৃশ্য হয়। গ্রীষ্ম কালে সূর্য্যের কিরণ তীক্ষ্ণ হয়, এবং নৈর্ঋত কোণ হইতে অসুখজনক বায়ু বহিতে থাকে। এতদ্ভিন্ন, ভূমি উত্তপ্তা, নদ নদীতে অল্প জল, দিক্ সকল প্রজ্বলিতপ্রায়, মৃগ সমস্ত পিপাসায় আকুল, তৃণ ও লতা সকল শুষ্ক, এবং বৃক্ষ সমস্ত পত্রশূন্য হইয়া থাকে। প্রাবৃট্ কালে, পশ্চিম-দিকৃস্থ বায়ু কর্তৃক মেঘ আকৃষ্ট হইয়া আকাশমণ্ডল আচ্ছন্ন করে, এবং বিদ্যুৎ ও তুমুল গর্জ্জন সহকারে জলধারা বর্ষণ করিতে থাকে। এই কালে কোমল শ্যামবর্ণ শস্যে এবং কদম্ব, কেলিকদম্ব, কুটজ, সাল ও কেতকী প্রভৃতি বৃক্ষে পৃথিবী শোভান্বিতা হয়। বর্ষা কালে, সকল নদী জলে পূর্ণ হয়, নদীতীরস্থ বৃক্ষ সকল ভগ্ন হইয়া পড়ে, সরোবর সকল প্রফুল্ল কুমুদ এবং নীল পদ্মে শোভিত হয়, এবং ভূমির উপরিভাগ জলে পরিপূর্ণ হওয়াতে উচ্চ ও নিম্ন ভূমির কিছুই বিশেষ জানা যায় না। পৃথিবী বহু শস্যে শোভিতা হয়েন, মেঘ সমস্ত অল্প গর্জ্জন করিয়া বর্ষণ করিতে থাকে, এবং সূর্য্যদেব আচ্ছন্নপ্রায় হইয়া থাকেন। শরৎ কালে, সূর্য্যের কিরণ খরতর হয়, শ্বেতবর্ণ মেঘ থাকাতে আকাশমণ্ডল নির্ম্মলপ্রায় হয়, সরোবরে পদ্ম প্রস্ফুটিত হয় এবং হংসগণ তাহাতে ক্রীড়া করে। এতদ্ভিন্ন, ভূমিও শুষ্ক হয় এবং তাহার সর্ব্বস্থানেই ছাতিম, বাঁধুলি, কেশে, আসন প্রভৃতি বৃক্ষও জন্মে। এইপ্রকার প্রত্যেক ঋতুতে যে সকল লক্ষণ হইয়া থাকে, কোন ঋতুতে সেই সকল লক্ষণ অধিকতর হইলে অথবা বিপরীত হইলে বা কোনরূপে তাহার অন্যথা হইলে, প্রাণিগণের দেহে বাত, পিত্ত, শ্লেষ্মা কুপিত হয়। অতএব শরীরে বাত, পিত্ত, শ্লেষ্মা বিকৃত হইবার পূর্ব্বেই তাহার উপশম করিতে হইলে, বসন্ত কালে শ্লেষ্মার শান্তি করিবে, শরৎ কালে পিত্তের শান্তি করিবে এবং বর্ষা কালে বায়ুর শান্তি করিবে।

সপ্তম অধ্যায়।

যন্ত্র-বিবরণ।

যন্ত্র এক শত এক প্রকার। তাহাদিগের মধ্যে হস্তই প্রধান। কারণ হস্ত ভিন্ন কোন যন্ত্রই ব্যবহার করা যায় না। সমস্ত শল্যই মনের এবং শরীরের পীড়াকর। যন্ত্র সমস্ত; সেই সকল শল্যকে শরীর হইতে বাহির করিবার উপায়। যন্ত্র ছয়প্রকার, যথা—স্বস্তিক-যন্ত্র, সন্দংশ-যন্ত্র, তাল-যন্ত্র, নাড়ী-যন্ত্র, শলাকা-যন্ত্র এবং উপযন্ত্র। তাহার মধ্যে স্বস্তিক-যন্ত্র চতুর্ব্বিংশতিপ্রকার, সন্দংশ-যন্ত্র দুইপ্রকার, তাল-যন্ত্র দুইপ্রকার, নাড়ী-যন্ত্র বিংশতিপ্রকার, শলাকা-যন্ত্র অষ্টাবিংশতিপ্রকার, এবং উপযন্ত্র পঞ্চবিংশতিপ্রকার। সেই সকল যন্ত্র প্রায়ই লৌহে বা লৌহসদৃশ অন্য কোন পদার্থে নির্ম্মিত হইয়া থাকে, এবং হিংস্র জন্তুর, হরিণের অথবা পক্ষীর মুখের ন্যায় তাহাদিগের মুখ হইয়া থাকে। সেই সকল যন্ত্র নির্ম্মাণ করাইতে হইলে, তাহাদিগের আকার যেরূপ দেখা যায়, সেইরূপ নির্ম্মাণ করান কর্ত্তব্য। শাস্ত্র, গুরূপদেশ বা যুক্তি অনুসারেও নির্ম্মাণ করান যাইতে পারে। তাহাদিগের আকার পরিমিত হইবে, মুখ তীক্ষ্ণ ও সূক্ষ্ম হইবে, এবং গঠন দৃঢ় ও মনোহর হইবে; এবং এরূপ সুগ্রাহী হইবে, যেন তাহার দ্বারা কোন পদার্থকে দৃঢ়রূপে ধরিতে পারা যায়।

স্বস্তিক-যন্ত্র অষ্টাদশ অঙ্গুলি পরিমিত দীর্ঘ; সিংহ, ব্যাঘ্র, কুক্কুর, তরক্ষু, ভল্লূক, বৃহৎ ব্যাঘ্র, মার্জ্জার, শৃগাল, হরিণ, এর্ব্বারুক, কাক, কঙ্ক, কুরর, নীলকণ্ঠ, শিকারী পক্ষী, পেচক, চিল, বাজপক্ষী, গৃধিনী, ক্রৌঞ্চ, ভৃঙ্গরাজ, গৃধ্র পক্ষী, অবভঞ্জন ও নন্দিমুখ, এই সকল পশু-পক্ষীদিগের মুখের ন্যায় মুখ; ও যে খিলের দ্বারা ইহার মধ্যস্থল বদ্ধ থাকে, তাহার আকার মসূর কলাইয়ের ন্যায়, এবং গোড়াটী গোল অথবা আঁকুড়শির ন্যায়। অস্থির ভিতরে যে শল্য প্রবিষ্ট হয়, তাহাই

বাহির করিবার জন্য এই যন্ত্র ব্যবহার হয়। (এই যন্ত্রের আকার সাঁড়াশির মত।) সন্দংশ-যন্ত্র (শোন্না বা চিম্‌টা) দুইপ্রকার। ত্বক্‌, মাংস, সিরা ও স্নায়ুর মধ্যে যে শল্য থাকে, তাহাকে অনুসন্ধান ও বাহির করিবার নিমিত্ত এই দুইপ্রকার সন্দংশ-যন্ত্র ব্যবহৃত হইয়া থাকে। ইহার পরিমাণ ষোড়শ অঙ্গুলি। তাল-যন্ত্র দ্বাদশ অঙ্গুলি-পরিমাণ দীর্ঘ। তাহার এক মুখ অথবা দুই মুখই মৎস্যের তালুর ন্যায়। কর্ণ, নাসিকা এবং নাড়ীর মধ্যে যে শল্য থাকে, তাহা বাহির করিবার কারণ এই যন্ত্র ব্যবহার হয়। নাড়ী-যন্ত্র অনেক প্রকার এবং অনেক বিষয়ে প্রয়োজন হয়। তাহার এক দিকে মুখ হইয়া থাকে। সিরা বা ধমনী প্রভৃতির মধ্যে, বা শরীরের অন্য কোন দ্বার মধ্যে, কোনপ্রকার শল্য থাকিলে তাহা বাহির করিবার নিমিত্ত, রোগ-পরীক্ষার নিমিত্ত, কোন পদার্থ চুষিয়া বাহির করিবার নিমিত্ত, এবং নানাবিধ কার্য্যের সুবিধার নিমিত্ত, এই যন্ত্র ব্যবহার হইয়া থাকে। সিরা, ধমনী, মলদ্বার এবং প্রস্রাবদ্বার ইত্যাদি শরীরে যে সকল স্রোত অর্থাৎ নাড়ী অথবা দ্বার আছে, তাহাদিগের মুখের পরিমাণানুসারে, অথবা স্থানবিশেষে প্রয়োজনানুসারে, এই যন্ত্রের দীর্ঘতা এবং বিস্তৃতি হইয়া থাকে। (এই যন্ত্র নলের ন্যায়।)

ভগন্দর, অর্শঃ, আব, ব্রণবস্তি, উত্তরবস্তি, মূত্রবৃদ্ধি এবং দকোদর প্রভৃতি রোগে যে সকল যন্ত্র প্রয়োজন হয়, সেই সকল যন্ত্র এবং অলাবু ও শৃঙ্গ-যন্ত্র পশ্চাৎ কহিব।

শলাকা-যন্ত্রও নানাপ্রকার। তাহাদিগের প্রয়োজনও অনেক বিষয়ে হয়। যে স্থানে যেমন প্রয়োজন, তদনুসারে তাহারা দীর্ঘ ও আয়ত হইয়া থাকে। তাহাদিগের মধ্যে দুইপ্রকার শলাকার মুখ কেঁচোর মত, দুইপ্রকারের মুখ শরের পাখার মত, দুইপ্রকারের মুখ সর্প-ফণার মত এবং দুইপ্রকারের মুখ বড়িশের মত। শরীরের মধ্যে অনুসন্ধান করা, ঔষধ আদি বিন্যাস করা, মাংসের বা অস্থি প্রভৃতির অভ্যন্তরস্থ

কোন পদার্থ চালন করা, এবং শরীর হইতে কোন পদার্থ বাহির করা এই সকল কার্য্যের মধ্যে এক একটী কার্য্যে পূর্ব্বোক্ত দুই দুই প্রকার শলাকা ব্যবহার হইয়া থাকে। ছয়প্রকার শলাকা, মুখে তূলা-জড়ান, ব্রণের স্থান পরিষ্কার করিবার নিমিত্ত ব্যবহার হয়। তিনপ্রকার শলাকা, হাতার মত আকার এবং খলের ন্যায় মুখ, ব্রণের স্থানে ক্ষার এবং ঔষধ দিবার নিমিত্ত ব্যবহার হইয়া থাকে। (এই যন্ত্রের মুখ ক্ষুদ্র চামচের ন্যায়।) তিনপ্রকার শলাকার জামফলের ন্যায় মুখ, এবং তিনপ্রকার শলাকার আঁকুশির মত মুখ, এই ছয়প্রকার শলাকা ব্রণাদি দগ্ধ করিবার নিমিত্ত ব্যবহৃত হয় *। একপ্রকার শলাকার মুখ কুলের আঁটির অর্দ্ধখণ্ডের মত, সেই মুখের অগ্রভাগ খলের মত, এবং তাহার দুই পার্শ্বে ধার থাকে। নাসিকার ছিদ্রের মধ্যে আব হইলে, তাহা কাটিয়া বাহির করিবার কারণ এই শলাকা ব্যবহার হয়। একপ্রকার শলাকা মাষকলাইয়ের মত স্থূল, এবং তাহার দুই দিকে পুষ্পের মুকুলের ন্যায় মুখ থাকে, তাহা কেবল চক্ষে অঞ্জন দিবার নিমিত্ত ব্যবহার হয়। একপ্রকার শলাকা, মালতী পুষ্পের বৃন্তের অগ্রভাগ যে পরিমাণে গোল, সেই পরিমাণে গোল হইয়া থাকে। ইহা প্রস্রাবের দ্বার পরিষ্কার করণার্থ ব্যবহার হয়।

উপযন্ত্র। রজ্জু, বেণিকা (বিনান চুল), পাট, চর্ম্ম, বৃক্ষের অভ্যন্তরস্থ ছাল, লতা, বস্ত্র, অষ্ঠিলা (নুড়ী), প্রস্তর, মুদ্গর, হস্ত, পাদতল, অঙ্গুলি, জিহ্বা, দন্ত, নখ, মুখ, চুল, অশ্বের লৌহ-বলয় (খুর), বৃক্ষের শাখা, ষ্ঠীবন (থুতু), প্রবাহন, হর্ষজনক দ্রব্য, এবং ক্ষার, অগ্নি ও ঔষধ, ইহারা উপযন্ত্র। এই সকল উপযন্ত্রের মধ্যে, দেহে এবং দেহের সকল অবয়বে, সন্ধিস্থানে, কোষ্ঠে, এবং ধমনী-মধ্যে, যে স্থানে যেটী প্রয়োজন, সে স্থানে সেইটীই ব্যবহার করিবে।

যন্ত্রকার্য্য চতুর্ব্বিংশতিপ্রকার; যথা,—ছেদন, ব্রণ-মধ্যে ঔষধাদি

---

* যে শলাকার জামফলের মত মুখ, তাহাকে জাম্ববৌষ্ঠ কহে।

পূরণ, বন্ধন; একত্রীকরণ, সংস্থাপন, চালন, বিবর্ত্তন (ওল্টান), বহিষ্কৃত করণ, পীড়ন (টেপা), পূয বা রক্তাদি নিঃসরণের পথ পরিষ্কার করণ, আকর্ষণ, আহরণ (টানিয়া বাহির করণ); আক্রমণ, উন্নত করণ, ভঞ্জন, উন্মথন (উপরে চোঁচা), চূষণ, অনুসন্ধান করণ, বিদীর্ণ করণ, সরল করণ, প্রক্ষালন, দগ্ধ করণ এবং মার্জ্জন।

এস্থলে শ্লোক কহিতেছেন।

শরীরস্থ শল্য অসংখ্যপ্রকার হইয়া থাকে। অতএব বুদ্ধিমান্ বৈদ্য স্থান-ভেদে যুক্তি অনুসারে যন্ত্রকার্য্য প্রয়োগ করিবেন।

যন্ত্রের দ্বাদশপ্রকার দোষ ঘটিয়া থাকে। যথা, অতিস্থূল, সার-রহিত, অতিদীর্ঘ, অতিহ্রস্ব, গ্রহণের অযোগ্য, বিপরীতভাবে গ্রহণীয়, বক্র, শিথিল, অতিশয় উন্নত, মৃদু-কীলক, (১) মৃদু-মুখ (২) এবং মৃদু-পার্শ্ব। যে যন্ত্র এই সকল দোষ-রহিত, এবং পরিমাণে অষ্টাদশ অঙ্গুলি, তাহাই প্রশস্ত। সেই যন্ত্রই শস্ত্র-ক্রিয়াতে ব্যবহার করিবে।

এস্থলে শ্লোক কহিতেছেন।

শরীরস্থ শল্য দৃশ্যভাবে থাকিলে, সিংহমুখাদি যন্ত্রের দ্বারা, এবং অদৃশ্যভাবে থাকিলে কঙ্কমুখাদি যন্ত্রের দ্বারা, অল্পে অল্পে শাস্ত্র এবং যুক্তি অনুসারে বহিষ্কৃত করিবে। সকল যন্ত্রের অপেক্ষা কঙ্কমুখ যন্ত্রই শ্রেষ্ঠ, যেহেতু শরীরের সর্ব্ব স্থানে ইহাকে নির্ব্বিঘ্নে প্রবেশ করান যায়, ব্রণমধ্যে প্রবিষ্ট করিয়া ঘুরান যায়, এবং ইহার দ্বারা শরীরস্থ শল্যকে দৃঢ়রূপে ধারণ করিতে পারা যায়।

অষ্টম অধ্যায়।

শস্ত্র-ব্যবহারের প্রণালী।

শস্ত্র বিংশতিপ্রকার, যথা—মণ্ডলাগ্র, করপত্র, বৃদ্ধিপত্র, নখশস্ত্র, মুদ্রিকা, উৎপল-পত্র, অর্দ্ধধার, সূচী, কুশপত্র, আটীমুখ, শরারীমুখ,

---

(১) মৃদু-কীলক অর্থাৎ যাহার খিল আল্‌গা।

(২) মৃদু-মুখ বা মৃদু-পার্শ্ব অর্থাৎ মুখ বা ধার ভোঁতা বা মোটা।

অন্তর্মুখ, ত্রিকূর্চ্চক, কুঠারিকা, ব্রীহিমুখ, আরা, বেতসপত্র, বড়িশ, দন্তশঙ্কু এবং এষণী। এই সকল শস্ত্রের মধ্যে মণ্ডলাগ্র এবং করপত্র, ছেদন ও লেখন (১) কার্য্যে ব্যবহৃত হয়। বৃদ্ধিপত্র, নখশস্ত্র, মুদ্রিকা, উৎপল-পত্র, এবং অর্দ্ধধার, এই কয়েকপ্রকার শস্ত্র, ছেদ অথবা ভেদ করিতে হইলে ব্যবহার করিবে। সূচী, কুশপত্র, আটীমুখ, শরারীমুখ, অন্তর্মুখ এবং ত্রিকূর্চ্চক, স্রাব (২) করাইতে হইলে এই কয়েকপ্রকার শস্ত্র ব্যবহার করিবে। কুঠারিকা, ব্রীহিমুখ, আরা, বেতসপত্র এবং সূচী, বিদ্ধ করিতে হইলে এই কয়প্রকার শস্ত্র ব্যবহার করিবে। শরীর হইতে কোন পদার্থ আহরণ করিতে হইলে, বড়িশ এবং দন্তশঙ্কু এই দুই শস্ত্র ব্যবহার করিবে। শরীরের মধ্যে অন্বেষণ করিতে হইলে, অথবা শরীরের মধ্যে কোন পদার্থ উচ্চস্থান হইতে নীচে নামাইতে হইলে, এষণী ব্যবহার করিবে। সেলাই করিতে হইলে সূচী ব্যবহার করিবে। এই আটপ্রকার কার্য্যে শস্ত্র সকল ব্যবহৃত হইয়া থাকে। অনন্তর শরীরে প্রয়োগ করিতে হইলে, কোন্ শস্ত্রকে কিরূপে ধরিতে হয়, তাহা সংক্ষেপে করিতেছি। বৃদ্ধিপত্র নামক শস্ত্রকে বৃন্ত (বাঁট) এবং ফলকের মধ্যস্থলে ধরিবে। ভেদ করিতে হইলে সকল শস্ত্রই এইরূপে ধারণ করিতে হয়। বৃদ্ধিপত্র এবং মণ্ডলাগ্র, এই দুই শস্ত্রকে হস্ত কিঞ্চিৎ উত্তোলন করিয়া অর্থাৎ কনুইটা কিছু উর্দ্ধদিকে তুলিয়া ধরিতে হয়। লেখন-ক্রিয়া করিতে হইলে অনেক শস্ত্রই এইরূপে ধারণ করিতে হয়। স্রাব করাইতে হইলে বৃন্তের অগ্রভাগে ধরিতে হয়। কিন্তু বালক, বৃদ্ধ, কোমলাঙ্গ, ভীরু, নারী, রাজা ও রাজপুত্র-দিগের শরীরে স্রাব করাইতে হইলে, ত্রিকূর্চ্চক নামক শস্ত্র ব্যবহার করিবে। করতলের মধ্যে শস্ত্রের বৃন্তভাগ আচ্ছাদিত রাখিয়া, অঙ্গুষ্ঠ এবং তর্জ্জনীর দ্বারা ব্রীহিমুখ শস্ত্রকে ধারণ করিবে। কুঠারিকাকে

---

(১) লেখন-কার্য্য অর্থাৎ আঁচড়ান বা ছাল তোলা।

(২) স্রাব অর্থাৎ ব্রণ হইতে রক্ত পূযাদি নিঃসারিত করা।

বামহস্তে ধরিবে, এবং দক্ষিণ হস্তের অঙ্গুষ্ঠ দ্বারা মধ্যম অঙ্গুলি চাপিয়া রাখিয়া সেই মধ্যমাঙ্গুলির দ্বারা কুঠারিকার উপরি আঘাত করিবে। আরা, করপত্র এবং এষণী, এই তিন শস্ত্রকে মূলে (গোড়াতে) ধরিতে হয়। অপরাপর শস্ত্র সকলকে কার্য্যের সুবিধা বিবেচনা করিয়া ধরিবে। শস্ত্র সকলের যেরূপ নাম, সেই অনুসারে তাহাদিগের আকার হইয়া থাকে। তাহাদিগের মধ্যে নখশস্ত্র এবং এষণীর পরিমাণ অষ্টাঙ্গুলি। সূচীর পরিমাণ পশ্চাৎ কহিব। বড়িশ এবং দন্তশঙ্কু, এই দুই শস্ত্রের অগ্রভাগ কিঞ্চিৎ নত, তীক্ষ্ণ-কণ্টক-বিশিষ্ট, এবং যবের নূতন পত্রের ন্যায় মুখ। এষণী শস্ত্রের আকার এবং মুখ কেঁচোর মত। মুদ্রিকা-শস্ত্রের পরিমাণ কনিষ্ঠাঙ্গুলির অগ্রপর্ব্বের মত। শরারী-মুখী শস্ত্রের পরিমাণ দশ অঙ্গুলি। ইহাকে কর্ত্তরী (কাটারি) কহে। অবশিষ্ট সকল শস্ত্রের পরিমাণ ছয় অঙ্গুলি। দৃঢ়রূপে ধরিবার উপায় থাকা, উত্তম লোহে নির্ম্মিত হওয়া, উত্তম ধার এবং উত্তম গঠন হওয়া, মুখের অগ্রভাগ সুসমাহিত হওয়া, এবং দেখিতে ভয়ঙ্কর না হওয়া, এইগুলি শস্ত্রের গুণ। বক্র, ধার-রহিত, ভগ্ন, খরধার, অতিস্থূল, অতিসূক্ষ্ম, অতিদীর্ঘ ও অতিহ্রস্ব, শস্ত্রের এই অষ্টপ্রকার দোষ। যে শস্ত্রে এই সকল দোষ নাই, তাহাই ব্যবহার করিবে। করপত্রই কেবল খরধার-বিশিষ্ট ব্যবহার করিবে। যে হেতু তাহাতে অস্থি ছেদন করিতে হয়।

শস্ত্র সকলের ধার অর্থাৎ তীক্ষ্ণতা ভিন্ন ভিন্ন প্রকার। ভেদনকারী শস্ত্রের মসূর কলায়ের পরিমাণ, এবং লেখনকারী শস্ত্রের অর্দ্ধ মসূর পরিমাণ ধার হইয়া থাকে। বেধনকারী ও বিস্রাবকারী শস্ত্রের কৈশিকী অর্থাৎ কেশের ন্যায় সূক্ষ্ম, এবং ছেদনকারী শস্ত্রের কেশের অর্দ্ধভাগ পরিমাণে সূক্ষ্ম ধার হইয়া থাকে। তাহাদিগের পায়না অর্থাৎ পা'ন তিনপ্রকার; যথা ক্ষার, জল, এবং তৈল *।

পায়না (পা'ন) দিতে হইলে শস্ত্রকে অগ্নিতে দগ্ধ করিয়া প্রয়োজনানুসারে

শর, শল্য অথবা অস্থি ছেদন করিতে হইলে, শস্ত্রে ক্ষার পায়না বিধি। মাংসের ছেদন, ভেদন বা পাটন করিতে হইলে, শস্ত্রে বিশুদ্ধ জল পায়না বিধি। এবং সিরা বিদ্ধ অথবা স্নায়ু ছেদন করিতে হইলে শস্ত্রে তৈল পায়না বিধি। শস্ত্র সকল শাণিত করিবার নিমিত্ত মাষ-কলায়ের ন্যায় বর্ণবিশিষ্ট শিলা ব্যবহার করিবে। এবং শস্ত্রের ধার সমভাবে থাকে, এজন্য শাল্মলী কাষ্ঠের ফলক মধ্যে তাহাদিগকে রাখিবে।

এস্থলে শ্লোক কহিতেছেন।

যে শস্ত্র এরূপ শাণিত, যে তদ্দ্বারা রোম ছেদন করা যায়, সুন্দর-গঠন এবং এরূপ পরিমাণ-বিশিষ্ট, যে দৃঢ়রূপে ধরা যায়, সেই শস্ত্রই শস্ত্র ক্রিয়াতে ব্যবহার করিবে।

বাঁশ, স্ফটিক, কাচ, কাচ-লবণ, জোঁক, অগ্নি, ক্ষার, নখ, গোজী (লতা বিশেষ), শেফালিকা-পত্র, বৃক্ষাদির অঙ্কুর, বাল (চুল) এবং অঙ্গুলি, এইগুলি শস্ত্রের অনুকল্প। শিশু এবং যাহারা শস্ত্র দেখিলে ভয় পায়, তাহাদিগের শরীরে ছেদ বা ভেদ ক্রিয়া করিতে হইলে, বুদ্ধিমান্ বৈদ্য শস্ত্রের পরিবর্ত্তে বংশ, স্ফটিক, কাচ বা কাচলবণ ব্যবহার করিবে। ছেদ, ভেদ এবং আহার্য্য ক্রিয়া নখ-সাধ্য হইলে নখই ব্যবহার করিবে। ক্ষার, অগ্নি এবং জলোকার প্রণালী পশ্চাৎ কহিব। মুখে এবং চক্ষের পাতায় যে সকল রোগ জন্মে, তাহাতে স্রাব করাইতে হইলে, গোজী এবং শেফালিকা-পত্র ব্যবহার করিবে। এষ্য-ক্রিয়া (শরীর মধ্যে অনুসন্ধান) করিতে হইলে, এষণী অলাভে কেশ, অঙ্গুলি ও অঙ্কুর ব্যবহার করিবে। এই সকল শস্ত্র বিশুদ্ধ লৌহে বিজ্ঞ কর্ম্মকারের দ্বারা নির্ম্মাণ করাইবে। যে বৈদ্য শস্ত্রের প্রয়োগ জানেন, তাঁহার নিত্য সিদ্ধি লাভ হয়। অতএব বৈদ্যের প্রথমে শস্ত্রে পরিচিত হওয়া প্রয়োজন।

ক্ষারজলে, বিশুদ্ধ জলে অথবা তৈলে মগ্ন করিতে হয়। ইহাকেই পা'ন দেওয়া বলে।

নবম অধ্যায়।

চিকিৎসা করিবার বিধি ও রোগ-জ্ঞানের উপায়।

শিষ্য সর্ব্বশাস্ত্রের অর্থ জ্ঞাত হইলেও; গুরু তাঁহাকে ছেদনীয়াদি এবং স্নেহাদি ক্রিয়ার প্রণালী উপদেশ করিবেন। বারংবার উত্তমরূপে শ্রবণ করিলেও, শিক্ষা না করিলে কদাপি কর্ম্ম করিবার যোগ্যতা জন্মে না। অতএব শরীরে যে যে প্রকারে ছেদন করিতে হয়, পুষ্প, ফল, অলাবু, তরমুজ, শশা, কাঁকুড়, কুষ্মাণ্ড প্রভৃতি দ্রব্যে, সেই সেই প্রকার ছেদন করিবার প্রণালী দেখাইবেন, এবং উৎকর্ত্তন (চর্ম্ম তুলিয়া লওয়া) ও পরিকর্ত্তন (খণ্ড খণ্ড করা) প্রভৃতি ক্রিয়ারও উপদেশ দিবেন। চর্ম্মের থলিতে ও পশ্বাদির মূত্র-স্থলীতে জল এবং পঙ্ক পরিপূর্ণ করিবেন। তদনন্তর শরীরে যেরূপ ভেদ-ক্রিয়া * করিতে হয়, সেই রূপ ভেদ-ক্রিয়া তাহাতে করিয়া দেখাইবেন। শরীরে যে রূপ লেখন (আঁচড়ান বা ছাল-তোলা) করিতে হয়, তাহার শিক্ষা দিতে হইলে, রোমবিশিষ্ট বিস্তৃত চর্ম্মখণ্ডে সেইরূপ লেখন করিয়া দেখাইবেন। যেরূপে বেধন করিতে হয়, তাহার শিক্ষা দিতে হইলে, মৃত পশুর সিরাতে এবং পদ্মের নালে সেইরূপ বেধন করিয়া দেখাইবেন। এষণ (শরীর মধ্যে অনুসন্ধান) করিবার প্রণালী শিক্ষা দিতে হইলে, শুষ্ক অলাবুর মুখে, ঘুণ কর্তৃক জীর্ণ কাষ্ঠে, এবং বংশ নালে এষণ করিয়া দেখাইবেন। আহরণ (শরীরের ভিতর হইতে কোন পদার্থকে টানিয়া বাহির করণ) করিবার প্রণালী শিক্ষা দিতে হইলে, পনস ও বিম্বী ফলে, বিল্ব ফলের শস্যে, এবং মৃত পশুর দন্তে, সেইরূপ আহরণ করিয়া দেখাইবেন। ব্রণ হইতে যেরূপে স্রাব করাইতে হয়, শাল্মলী-কাষ্ঠের খণ্ডে মোম লিপ্ত করিয়া, তাহাতে সেইরূপ স্রাব করাইবার প্রণালী দেখাইবেন। এবং শরীরে যেরূপে সীবন (সেলাই) করিতে হয়, তাহার শিক্ষা দিতে

---

* মলাধার, মূত্রাধার বা ব্রণ মধ্যে পূযের আধার-স্থান শস্ত্রের দ্বারা ভেদ করা।

হইলে, সূক্ষ্ম ঘন বস্ত্রের এবং দুই খণ্ড কোমল চর্ম্মের প্রান্তভাগে সেই-রূপ সীবন করিয়া দেখাইবেন। শরীরের যে স্থানে যে রূপে বন্ধন করিতে হয়, তাহার শিক্ষা দিতে হইলে, মৃত্তিকা নির্ম্মিত পুরুষের অঙ্গ প্রত্যঙ্গে বন্ধন করিয়া দেখাইবেন। কর্ণের সন্ধি-স্থানে যেপ্রকার বন্ধন করিতে হয়, কোমল মাংসপেশীতে ও পদ্মের নালে সেইপ্রকার বন্ধন করিয়া দেখাইবেন। শরীরে যেরূপে ক্ষারকার্য্য বা অগ্নিকার্য্য করিতে হয়, তাহার শিক্ষা দিতে হইলে, কোমল মাংসখণ্ডে সেইরূপ ক্ষার বা অগ্নি কার্য্য করিয়া দেখাইবেন। নলের দ্বারা যেরূপে বস্তি-ক্রিয়া (মল অথবা মূত্র নিঃসারিত-করণ) করিতে হয়, অথবা ব্রণের অভ্যন্তরস্থ পূযস্থান হইতে যেরূপে পূযাদি নিঃসারিত করিতে হয়, জল-পূর্ণ ঘটের পার্শ্ব-স্রোতে, অলাবুর মুখে, অথবা সেইরূপ অন্য কোন দ্রব্যে, সেইপ্রকার কার্য্য করিয়া দেখাইবেন।

এইপ্রকার দ্রব্য সকলে যথাবিধিক্রমে শস্ত্র-ক্রিয়া অভ্যাস করিলে মেধাবী বৈদ্য চিকিৎসা-কালে অবসন্ন হইয়া পড়েন না। অতএব শস্ত্র, ক্ষার এবং অগ্নি ক্রিয়াতে পারদর্শী হইতে ইচ্ছা করিলে, শিক্ষা-কালে যে উদ্দেশে যে ক্রিয়া যে প্রণালীক্রমে অভ্যাস করিবেন, অন্যত্র চি-কিৎসা কালেও সেই উদ্দেশে সেই ক্রিয়া সেই প্রণালীতেই নির্ব্বাহ করিবেন।

দশম অধ্যায়।

চিকিৎসকের কর্ত্তব্য এবং রোগ-জ্ঞানের উপায়।

শাস্ত্র এবং শাস্ত্রের মর্ম্ম অবগত হইলে, কর্ম্ম* দেখিলে ও শিক্ষা করিলে, এবং শাস্ত্রের অর্থ কহিতে সমর্থ হইলে, রাজা কর্ত্তৃক অনুজ্ঞাত হইয়া, অল্প নখ এবং রোম ধারণপূর্ব্বক, পবিত্র দেহে শুক্ল বস্ত্র পরিধান করিয়া, ছত্র, দণ্ড ও পাদুকা ধারণ করিয়া, ধীর-বেশে, বিশুদ্ধ-মনে, অকপট-হৃদয়ে সকলকে কল্যাণ-বাক্যে সম্ভাষণ করিতে করিতে, সকল

* কর্ম্ম শব্দে এস্থলে শস্ত্র-ক্রিয়া এবং স্নেহাদি-ক্রিয়া বুঝায়।

প্রাণীর মিত্রস্বরূপ হইয়া, বৈদ্য, চিকিৎসা করিবার নিমিত্ত রাজপথে গমন করিবেন।

দূত এবং পক্ষীর লক্ষণের দ্বারা মঙ্গলামঙ্গল অবগত হইয়া, রোগীর গৃহে প্রবেশপূর্ব্বক দর্শন, স্পর্শ এবং প্রশ্ন করিবেন। কোন কোন পণ্ডিত কহেন যে, এই তিন উপায়ের দ্বারাই প্রায় সকল রোগ নির্ণয় করা যায়। কিন্তু তাহাতে সম্যক্ জ্ঞান হয় না। রোগ-জ্ঞানের উপায় ছয়প্রকার, শ্রবণ, স্পর্শন, দর্শন, আস্বাদন, ঘ্রাণ এবং প্রশ্ন। ব্রণ হইতে যে রক্ত পূযাদির স্রাব হয়, সেই স্রাবের ভেদ শ্রবণের দ্বারা জানা যায়। কারণ যখন ফেণার সহিত রক্তনিঃসরণ হইতে থাকে, তখন বায়ুও তাহার সহিত শব্দসহকারে নির্গত হয়। ব্রণ হইতে যে সকল পূয রক্ত প্রভৃতি পদার্থ নিঃসৃত হয়, তাহাদিগের দোষ গুণ বর্ণনার স্থলে এইটী বিশেষ করিয়া বলিব। জ্বর এবং শোফ (ফুলা) রোগে, শীতলতা, উষ্ণতা, মসৃণতা, কর্কশতা (সমান না হওয়া), কোমলতা এবং কঠিনতা, শরীরের বা স্ফীত স্থানে এই সকল গুণ স্পর্শের দ্বারা জানা যায়। শরীরের ক্ষীণতা, স্থূলতা, পরমায়ুর লক্ষণ, বল, বর্ণ এবং বিকৃতি, দর্শনের দ্বারা জানা যায়। প্রমেহ আদি রোগে, ক্ষরিত মেহ আদির স্বাদ আস্বাদনের দ্বারা জানা যায়। ব্রণ অথবা অন্য রোগে, শরীরের গন্ধ-বিশেষের দ্বারা মৃত্যুলক্ষণ জানা যায়। এমত স্থলে ঘ্রাণের দ্বারা রোগ নির্ণয় হইয়া থাকে। দেশ, কাল, জাতি, প্রকৃতি, ভয়ের উৎপত্তি, বেদনা বৃদ্ধি, বল, অগ্নির দীপ্তি, বায়ু, মূত্র ও পুরীষের সরলতা, স্ত্রীলোক-দিগের রজোনিঃসরণ হওয়া, এবং কালবিশেষে পীড়ার হ্রাস বৃদ্ধি হওয়া, রোগীর সম্বন্ধে এই বিষয়গুলি প্রশ্নের দ্বারা জানা যায়। যিনি সর্ব্বদা নিকটে থাকেন এবং সকল অবস্থা জানেন, রোগীর এমত আত্মীয় লোকের দ্বারা এ বিষয়গুলি জানিবেন।

এস্থলে শ্লোক কহিতেছেন।

বিকার * না হইয়াও বাহিরে বিকারের ন্যায় দেখাইলে, বৈদ্যের নিকটে রোগীর প্রকৃত অবস্থা বর্ণন করিবার কিছুমাত্র অন্যথা হইলে, অথবা রোগনির্ণয়ে কোন অন্যথা হইলে, চিকিৎসা-কালে বৈদ্য মুগ্ধ হইয়া পড়েন।

রোগটী সম্যক্‌রূপে পরীক্ষা করিয়া, সাধ্য হইলে আরোগ্য হওয়া পর্য্যন্ত চিকিৎসা করিবে, যাপ্য হইলে অর্থাৎ একেবারে আরোগ্য হইবার না হইলে স্থগিত করিবে, এবং অসাধ্য হইলে পরিত্যাগ করিবে। রোগ সংবৎসর ভোগ করিলে রোগীকে প্রায়ই চিকিৎসা করিবে না। কারণ, রোগ সাধ্য হইলেও দীর্ঘকাল ভোগ করিলে প্রায়ই অসাধ্য হইয়া উঠে। বেদাধ্যায়ী, রাজা, স্ত্রীলোক, বালক, বৃদ্ধ, ভয়শীল, রাজভৃত্য, ধূর্ত্ত, দুর্ব্বল, বৈদ্য-নিন্দক, রোগ-গোপনকারী, দরিদ্র, কৃপণ, ক্রোধী, অহিতাচারী এবং অনাথ, ইহাদিগের চিকিৎসা করিতে হইলে, রোগটী সাধ্য, যাপ্য কি অসাধ্য, এইটী নির্ণয় করিয়া চিকিৎসা করিলে, ধর্ম্ম, অর্থ, কাম এবং যশঃ লাভ হয়।

বৈদ্য স্ত্রীলোকের সহিত কদাচ আলাপ বা পরিহাস করিবেন না। এবং স্ত্রীলোকের হস্ত হইতে আহারীয় দ্রব্য ব্যতিরেকে অন্য কোন দ্রব্যই গ্রহণ করিবেন না।

একাদশ অধ্যায়।

ক্ষার-পাক ও প্রয়োগ।

ছেদন, ভেদন এবং লেখন কার্য্য সম্পাদন করে বলিয়া, বায়ু, পিত্ত, কফ এই ত্রিদোষ নষ্ট করে বলিয়া, এবং বিশেষতঃ ক্রিয়ার অবচারণ (সমানভাবে সঞ্চারিত হওয়া) হয় বলিয়া, শস্ত্র এবং শস্ত্রের সদৃশ

* যে কোন রোগ হউক, যদি রোগের সরল গতি না হইয়া অন্যান্যপ্রকার দোষ ঘটে, তবে সেইটাই সেই রোগের বিকার অবস্থা অথবা বিকৃতি-ভাব বলিতে হইবে।

সকল দ্রব্য অপেক্ষা ক্ষার সমধিক কার্য্যকারী *। ইহার দ্বারা রক্ত পূযাদি ক্ষরিত হয়, অথবা ব্রণ এই কালে বিনষ্ট হয়, একারণ ইহাকে ক্ষার বলে। নানা প্রকার ঔষধের সংযোগ থাকায়, ইহা বাত, পিত্ত, শ্লেষ্মা, এই ত্রিদোষেরই শান্তি করে। শ্বেতবর্ণ প্রযুক্ত ইহাকে সৌম্য † বলা যায়। সৌম্য হইলেও দহন, পচন এবং বিদারণ করিবার শক্তি ইহাতে থাকা অসম্ভব নহে। উষ্ণ-বীর্য্যের ঔষধি সকল অধিক পরিমাণে সংযোগ থাকায়, ইহা কটু, উষ্ণ এবং তীক্ষ্ণ গুণবিশিষ্ট। পাচন, বিলয়ন (লোপ করা), শোধন, রোপণ, শোষণ, স্তম্ভন এবং লেখন, এই সকল ক্রিয়া ক্ষারের দ্বারা সম্পন্ন হয়। ইহা সেবন করিলে কৃমি, আম, কুষ্ঠ, কফ, বিষ এবং মেদ ক্ষয় হয়। অধিক পরিমাণে সেবন করিলে পুরুষত্বের হানি করে। ক্ষার দুইপ্রকার,—প্রতিসারণীয় (লেপনযোগ্য), এবং পানীয় (পানযোগ্য)। কুষ্ঠ, কিটিভ (মাথার উকুন), দদ্রু, কিলাস (ছুলি), মণ্ডল (মণ্ডলাকার কুষ্ঠ), ভগন্দর, আব, দুষ্ট-ব্রণ, নাড়ী-ব্রণ, চর্ম্মকীল (আঁচিল বিশেষ), তিলকালক (তিল), ন্যচ্ছ (জরুল), ব্যঙ্গ (মুখে বিবর্ণ দাগ বিশেষ), মশক (আঁচিল), বাহ্যব্রণ, কৃমি, বিষ ও অর্শ, এই সকল রোগে প্রতিসারণীয় ক্ষার বিধেয়। এবং উপজিহ্বা (আলজিবের রোগ), অধিজিহ্বা (জিহ্বার রোগ বিশেষ), উপকুশ ও দন্ত-বৈদর্ভ (এই দুইটী দন্ত-রোগ বিশেষ), এবং তিনপ্রকার রোহিণী রোগ (গল-রোগ

* ইহার তাৎপর্য্য এই যে, বিধি অনুসারে ক্ষারের দ্বারা দগ্ধ করিলে, ব্রণের অন্তরস্থ সকল স্থানের এবং সকল দোষের সমানভাবে এবং সম্যক্‌রূপে প্রতিকার করা হয়।

† আমাদিগের প্রাচীন পণ্ডিতগণ, এই ব্রহ্মাণ্ডস্থ সমস্ত পদার্থ এবং ক্রিয়াকে দুইপ্রকারে বিভক্ত করেন। প্রথম, সূর্য্যাংশসম্ভূত আগ্নেয়, দ্বিতীয়, চন্দ্রাংশসম্ভূত সৌম্য। ইহাতে সৌম্য শব্দে শীতলও বুঝাইতে পারে।

বিশেষ), এই সপ্তপ্রকার মুখরোগেও ঐ ক্ষার বিধেয় *। পূর্ব্বেই বলা হইয়াছে যে এই সকল রোগে ক্ষার শস্ত্রতুল্য কার্য্যকারী। গরল, গুল্ম, উদর-রোগ, অগ্নিমান্দ্য, অজীর্ণ, অরুচি, আনাহ, শর্করা অশ্মরী, অন্তর্ব্রণ, কৃমি, বিষদোষ এবং অর্শঃ, এই সকল রোগে পানীয় ক্ষার বিধেয়। বালক, বৃদ্ধ, দুর্ব্বল এবং পিত্ত-প্রকৃতি-বিশিষ্ট, ইহাদিগের পক্ষে ক্ষার হিতকর নহে। এবং রক্ত-পিত্ত, জ্বর, ভ্রম, মত্ততা, মূর্চ্ছা ও তিমির-রোগ, এই সকল রোগে, অথবা এইরূপ অন্যান্য রোগেও ক্ষার হিতকারী নহে।

এই ক্ষারকে অন্যান্য ক্ষারের ন্যায় স্রাবিত করিয়া (চোয়াইয়া) লইবে। অন্যত্র ইহার বিশেষ কহিব। ক্ষার তিনপ্রকার, মৃদু, মধ্য ও তীক্ষ্ণ। ইহা প্রস্তুত করিতে হইলে, শরৎ কালের প্রশস্ত দিবসে, উপবাস করিয়া ও শুচি হইয়া, পর্ব্বতের সানুপ্রদেশ-মধ্যে প্রশস্ত স্থানে জাত, মধ্যম-বয়স্ক, শ্বেতবর্ণ, বৃহৎ অখণ্ড ঘণ্টাপারুল বৃক্ষকে অধিবাস (আমন্ত্রণ) করিয়া রাখিবে। পর দিবসে এই মন্ত্র পাঠপূর্ব্বক তাহাকে উৎপাটন করিবে। মন্ত্র,—হে অগ্নি-বীর্য্য, হে মহা-বীর্য্য, তোমার বীর্য্য নষ্ট না হউক। হে কল্যাণ, তুমি এই স্থানে অবস্থিতি করিয়া আমার কার্য্য সাধন কর। আমার কার্য্য সাধন হইলে স্বর্গলোকে গমন করিবে।

অনন্তর সহস্র রক্তপুষ্প ও সহস্র শ্বেতপুষ্পের দ্বারা হোম করিবে। পরে সেই বৃক্ষকে খণ্ড খণ্ড করিয়া বায়ুশূন্য স্থানে সংস্থাপন করিবে, ও তাহার উপর সুধা-শর্করা (ঘুটিং, যাহাতে চূণ হয়) প্রক্ষেপ করিয়া, তিল-বৃক্ষের কাষ্ঠের দ্বারা দগ্ধ করিবে। অগ্নি নির্ব্বাণ হইলে, ঐ বৃক্ষের

* এই গ্রন্থের মতে উপজিহ্বা, অধিজিহ্বা, উপকুশ, দন্তবৈদর্ভ এবং তিনপ্রকার রোহিণী রোগ, এই সপ্তপ্রকার রোগকে, মুখ-রোগ বলিয়া উল্লেখ করিয়াছেন। কিন্তু গ্রন্থান্তরে রোহিণী রোগই অষ্টাদশপ্রকার নির্ণীত হইয়াছে, এবং অধিজিহ্বা, উপজিহ্বা প্রভৃতি মুখ-রোগ তাহার অন্তর্গত বলিয়া উল্লিখিত হইয়াছে।

এবং শর্করার ভস্ম পৃথক্ পৃথক্ রাখিবে। কুড়চি, পলাশ, অশ্বকর্ণ-পলাশ, পালিতামাদার, বহেড়া, সোঁদাল, লোধ, আকন্দ, মনসা-সিজ, আপাঙ, পারুল, ডর-করঞ্জা, বাকস, কদলী, চিতে, নাটা-করঞ্জা, অর্জ্জুন-বৃক্ষ, কাষ্ঠ-মল্লিকা, করবীর, ছাতিম, গণিকারী, কুঁচ এবং চারিপ্রকার ঘোষা-ফল, এই সকল বৃক্ষের মধ্যে কোন বৃক্ষের ক্ষার করিতে হইলে, তাহার ফল, মূল, পত্র ও শাখা সকল একত্র করিয়া পূর্ব্বোক্ত বিধানক্রমে দগ্ধ করিতে হয়। দ্রোণ-পরিমাণ (৩২ শের) ভস্ম, ছয়গুণ জলে অথবা গোমূত্রে আলোড়ন করিয়া, বস্ত্রের দ্বারা ২১ বার ছাঁকিবে। পরে বৃহৎ কটাহে হাতার দ্বারা অল্প অল্প সঞ্চালনপূর্ব্বক অগ্নিতে পাক করিবে। সেই জল যখন নির্ম্মল, রক্তবর্ণ, তীক্ষ্ণ এবং পিচ্ছিল হইবে, তখন বৃহৎ বস্ত্রখণ্ডে ছাঁকিয়া, অসার ভাগ (সিটে) পরিত্যাগপূর্ব্বক পুনর্ব্বার অগ্নিতে পাক করিবে। অনন্তর অর্দ্ধশের পরিমাণে সেই ক্ষার-জল লইবে। ঝিনুক ও শঙ্খনাভি অগ্নিতে দগ্ধ করিবে। অগ্নিবর্ণ হইলে, ঐ দুই দ্রব্য এবং নাটাবীজ ও পূর্ব্বোক্ত শর্করা-ভস্ম, এই চারি দ্রব্য প্রত্যেকে ৮ পল পরিমাণ (৩২ তোলা) লৌহ-পাত্রে রাখিয়া, পূর্ব্বোক্ত অর্দ্ধশের ক্ষারজলের দ্বারা পেষণ করিবে। পেষণ করা হইলে, ঐ সকল দ্রব্যকে দুই দ্রোণ পরিমাণ ক্ষারজলে প্রক্ষেপ করিবে। অনন্তর হাতার দ্বারা নিরন্তর সঞ্চালনপূর্ব্বক স্থিরচিত্তে সেই ক্ষারজল পাক করিবে। পাক যেন অতিশয় ঘন না হয়, এবং অতিশয় তরলও না থাকে। পাকের এইরূপ অবস্থায় সেই ক্ষার চুল্লী হইতে নামাইয়া ও লৌহ-কলসে রাখিয়া, কলসীর মুখ বদ্ধপূর্ব্বক নির্জ্জন স্থানে রাখিবে। ইহাই মধ্যম ক্ষার। প্রক্ষেপ দ্রব্য না দিয়া, এবং সম্যক্‌রূপে সঞ্চালিত করিয়া পাক করিলে, মৃদু ক্ষার হয়। দন্তীবৃক্ষ, থুলকুড়ি, চিত্রক-লাঙ্গলিকা (বিষ-লাঙ্গুলে), নাটা-করঞ্জ, প্রবাল, মুরামাংসী, বিট্‌লবণ, সাজী-মাটী, স্বর্ণক্ষীরী লতা, হিঙ্গু, বচ এবং শৃঙ্গীবিষ, এই সকল দ্রব্যের মধ্যে যাহা যাহা পাওয়া যায়, তাহা সমভাগে লইয়া উত্তমরূপে চূর্ণ করিবে।

সেই চূর্ণ শুক্তি-পরিমাণে (২ তোলা) ক্ষারজলে প্রক্ষেপ করিয়া পাক করিলে, সেই ক্ষার পাক্য-গুণ-বিশিষ্ট হয় (অর্থাৎ স্ফোটকাদি বা স্ফীত-স্থানে প্রয়োগ করিলে পাকিয়া উঠে)। ইহাই তীক্ষ্ণ ক্ষার। এই তিনপ্রকার ক্ষার, ব্যাধির অবস্থানুসারে সেবন করিবে। ক্ষীণবল হইলে ক্ষারোদক সেবন করিবে, তাহাতে বল-বৃদ্ধি হয়।

অতি তীক্ষ্ণ অথবা মৃদু না হওয়া, শ্বেতবর্ণ, নির্ম্মল এবং পিচ্ছিল হওয়া, এবং দ্রবকারী, বলকর ও (শরীরের মধ্যে) শীঘ্র প্রবেশকারী হওয়া, ক্ষারের এই আটপ্রকার গুণ। অতিশয় মৃদু, অতিশয় শীতল, অতিশয় তীক্ষ্ণ, অতিশয় প্রবেশকারী অথবা অতিশয় ঘন হওয়া, অপক্ক থাকা, অথবা দ্রব্যহীন হওয়া, ক্ষারের এইগুলি দোষ।

ক্ষারসাধ্য রোগে, পঞ্চমাধ্যায়ের বিধানমতে প্রয়োজনীয় দ্রব্যগুলি অগ্রে আহরণ করিয়া, বায়ুশূন্য এবং প্রতিবন্ধকরহিত স্থানে রোগীকে উপবেশন করাইবে। অনন্তর রোগীর পীড়িত স্থান নিরীক্ষণপূর্ব্বক পরিষ্কার করিয়া, ও অল্প অল্প ছাল তুলিয়া, শলাকার দ্বারা ক্ষার-পাত করিবে। ক্ষার-পাত করিয়া, একশত বাক্য বলিতে যত টুকু সময় প্রয়োজন, সেই পরিমাণ কাল অপেক্ষা করিবে।

পীড়িত স্থানে ক্ষার প্রয়োগ করিলে কৃষ্ণবর্ণ হয়। সেইটী দগ্ধের লক্ষণ। ঘৃত-মধু-সংযুক্ত অম্ল-বর্গ * তাহাতে প্রয়োগ করিলে, দগ্ধ-জনিত জ্বালা নিবৃত্তি হয়। যদি গাঢ়তর দগ্ধ হওয়া প্রযুক্ত শান্তি না হয়, তাহাতে এই আলেপন প্রয়োগ করিবে,—অম্ল-বর্গ, কাঞ্জি, বীজ (জীবন্তী-বীজ), তিল এবং যষ্টিমধু, এই সকল দ্রব্য সমভাগে লইয়া, একত্র পেষণ করিয়া প্রলেপ দিবে। যষ্টিমধু ও ঘৃত সংযুক্ত তিলবাটা,

* অম্ল-বর্গ প্রভৃতি কতকগুলি বর্গ পশ্চাৎ বলা হইবে, এবং কোন্‌টী উষ্ণবীর্য্য ও কোনটা তীক্ষ্ণ, তাহাও জানা যাইবে।

ক্ষারের চিকিৎসা এক্ষণে দেখা যায় না। ডাক্তারেরা যে কাষ্টকী দ্বারা পীড়িত স্থান ক্ষত করেন, তাহাতে ক্ষার-দগ্ধের কিছু সাদৃশ্য দেখা যায়।

উষ্ণবীর্য্য ও তীক্ষ্ণ অম্লরসের সহিত যোগ করিয়া প্রয়োগ করিলে, ক্ষত-স্থান পূরিয়া উঠে। হে বৎস, যদি তুমি এমন সংশয় কর, যে এই সকল আগ্নেয় দ্রব্য অগ্নি-তুল্য, ইহাদিগের দ্বারা কিরূপে ক্ষারের গুণের অন্যথা হয়, অর্থাৎ ক্ষার-দগ্ধের জ্বালা নিবৃত্তি হয়, তাহার কারণ কহিতেছি, শ্রবণ কর। অম্ল ভিন্ন সকল রসই এই ক্ষারে আছে। কটু-রসই তাহাতে সর্ব্বাপেক্ষা অধিক, লবণরস তাহা অপেক্ষা কিঞ্চিৎ ন্যূন। সেই তীক্ষ্ণ লবণরস, অম্লের সহিত সংযোগ হইয়া, তীক্ষ্ণতা পরিত্যাগ পূর্ব্বক মধুরতা প্রাপ্ত হয়। অগ্নি যেরূপ জলে আপ্লুত হইলে তৎক্ষণাৎ নির্ব্বাণ হয়, সেইরূপ মাধুর্য্য-ভাব প্রাপ্ত হইলে, লবণ-রসের তীক্ষ্ণতা তৎক্ষণাৎ শমতা হয়।

ক্ষত স্থান ক্ষারকর্ত্তৃক সম্যক্‌রূপে দগ্ধ হইলে, বিকারের উপশম হয়, লাঘব হয় এবং সেই স্থান হইতে রক্ত পূযাদির স্রাবও আর হয় না। সম্যক্‌রূপে দগ্ধ না হইলে, সেই স্থানে বেদনা, চুলকনা ও ভার বোধ হয়, এবং রোগেরও বৃদ্ধি হয়। অতিরিক্ত দগ্ধ হইলে ক্ষত স্থান জ্বালা করে, পাকিয়া উঠে, রক্তবর্ণ হয় ও তাহা হইতে রক্ত পূযাদি নিঃসৃত হয়, এবং সমস্ত শরীরের কামড়ানি, গ্লানি, পিপাসা, মূর্চ্ছা এবং মৃত্যু পর্য্যন্তও হইয়া থাকে। ক্ষার কর্ত্তৃক দগ্ধ হইলে, দগ্ধ স্থানের যেরূপ অবস্থা হয়, তদনুসারে তাহার চিকিৎসা করিবে।

দুর্ব্বল, বালক, বৃদ্ধ, ভয়শীল, গর্ভিণী, ঋতুমতী এবং ক্ষীণ, ইহাদিগের পক্ষে ক্ষার হিতকর নহে। এবং পুরাতন জ্বর, প্রমেহ, উরঃক্ষত, তৃষ্ণা ও মূর্চ্ছা, এই সকল রোগেও ক্ষারের দ্বারা চিকিৎসা বিধেয় নহে। মর্ম্মস্থান, সিরা, স্নায়ু, ধমনী, সন্ধিস্থান, কোমল অস্থি, সেবনী, * গল-দেশ, নাভি, নখমধ্য, শোথ, স্রোত-মধ্য (শরীরের দ্বার), এবং যে সকল স্থান অল্প-মাংস-বিশিষ্ট, এই সকল স্থানে ক্ষার প্রয়োগ করিবে

* শরীরের অবয়বের সংযোগ-বিশেষকে সেবনী কহে। সেবনী সাতটী, তাহার মধ্যে পাঁচটী মস্তকে, একটী শিশ্নদেশে এবং একটী জিহ্বাতে আছে।

না। এবং চক্ষু-রোগের মধ্যে বর্ত্মগত রোগ ব্যতিরেকে, অন্য চক্ষু-রোগে ক্ষার প্রয়োগ করিবে না। যাহার সমস্ত শরীরে বা অস্থিতে বেদনা থাকে, অন্নে যাহার রুচি নাই, অথবা হৃদয় বা সন্ধি স্থানে পীড়া থাকে, ক্ষারের দ্বারা সেই রোগীর কোন উপকার হয় না।

ক্ষার, অল্প-বুদ্ধি বৈদ্যের দ্বারা ব্যবহার করা হইলে, বিষ, অগ্নি, শস্ত্র বা বজ্রের ন্যায় মৃত্যুজনক হইয়া উঠে। কিন্তু বুদ্ধিমান্ বৈদ্যের দ্বারা প্রয়োগ করা হইলে, সেই ক্ষার বিবিধ ঘোরতর রোগ অবিলম্বেই নাশ করিয়া থাকে।

দ্বাদশ অধ্যায়।

অগ্নিকর্ম্মের বিধি *।

শস্ত্র-চিকিৎসার বিষয়ে এরূপ কথিত আছে, যে ক্ষারক্রিয়া অপেক্ষা অগ্নিক্রিয়া প্রধান। কারণ, অগ্নি-কর্ম্মের বিধান-মতে দগ্ধ করিলে সে রোগ পুনর্ব্বার উৎপত্তি হয় না এবং ঔষধ, শস্ত্র বা ক্ষারের দ্বারা যে রোগ আরোগ্য না হয়, তাহা অগ্নি-কর্ম্মে আরোগ্য হয়।

পিপ্পলী, ছাগীবিষ্ঠা, গোদন্ত, শর, শলাকা, জাম্ববৌষ্ঠ অথবা অন্যপ্রকার লৌহ, মধু, গুড়, এবং ঘৃত তৈল ও বসা প্রভৃতি স্নেহ দ্রব্য, অগ্নিকর্ম্ম করিতে হইলে, এই কয়েক দ্রব্যের সংযোগে করিতে হইবে। কোনপ্রকার ত্বক্-রোগে দগ্ধ করিতে হইলে, পিপ্পলী, ছাগীবিষ্ঠা, গোদন্ত, শর এবং শলাকার দ্বারা, মাংসগত রোগে দগ্ধ করিতে হইলে, জাম্ববৌষ্ঠ অথবা অন্য কোনপ্রকার লৌহের দ্বারা, সিরাগত, স্নায়ুগত, সন্ধিগত অথবা অস্থিগত রোগে দগ্ধ করিতে হইলে, গুড়, মধু অথবা কোনপ্রকার ঘৃত তৈলাদি স্নেহ-দ্রব্যের দ্বারা, দগ্ধ করিতে হইবে। শরৎ গ্রীষ্ম ভিন্ন সকল ঋতুতেই অগ্নি-কর্ম্ম বিধেয়। যদি অগ্নি-কর্ম্ম ব্যতীত রোগ আরোগ্য না হয়, তবে এ দুই কালেও করিতে হইবে। কিন্তু এ দুই কালে দগ্ধ করিতে হইলে, শরৎ ও গ্রীষ্মকাল জন্য ক্ষত স্থানে

* পীড়িত স্থান দগ্ধ করাকে অগ্নিকর্ম্ম কহে।

যে সকল পীড়া ঘটিবার সম্ভাবনা, অগ্রে সেই সকল পীড়া নিবারণের উপায় করিতে হইবে। সকল রোগেই এবং সকল কালেই রোগীকে পিচ্ছিল অন্ন আহার করাইয়া অগ্নি-কর্ম্ম করা বিধি। কেবল মূঢ়গর্ভ, অশ্মরী, ভগন্দর, অর্শঃ এবং মুখরোগে অনাহারে রাখিয়া করিবে। কোন কোন পণ্ডিতেরা কহেন, যে অগ্নিকর্ম্ম দুইপ্রকার, ত্বক্-দগ্ধ এবং মাংস-দগ্ধ। কিন্তু এ গ্রন্থের মতে সিরা, স্নায়ু, সন্ধি এবং অস্থি-স্থানেও অগ্নিকর্ম্ম করিবার নিষেধ নাই। ত্বক্ দগ্ধ করিলে (চট্ চট্) শব্দ, দুর্গন্ধ এবং ত্বকের সঙ্কোচ-ভাব হয়। মাংস দগ্ধ করিলে, দগ্ধ স্থান (কপোতবর্ণ), অল্প ফুলা এবং বেদনা বিশিষ্ট, শুষ্ক, সঙ্কুচিত এবং ক্ষত হইয়া থাকে। সিরা এবং স্নায়ু দগ্ধ করিলে, দগ্ধস্থান কৃষ্ণবর্ণ ও উন্নত-ব্রণ-বিশিষ্ট হয়, এবং রক্তাদির স্রাব বন্ধ হয়। সন্ধি এবং অস্থি দগ্ধ করিলে, দগ্ধ স্থান রুক্ষ, অরুণ-বর্ণ ও কর্কশ হয়, এবং সেই দগ্ধ-জনিত ক্ষতও শীঘ্র আরোগ্য হয় না। তাহার মধ্যে শিরো-রোগে এবং অধি-মন্থ রোগে * ভ্রূ, ললাট এবং ললাটের অস্থি দাহন করিবে। বর্ত্ম-রোগে চক্ষুর দৃষ্টি-স্থানে আর্দ্র অলক্তক (আলতা) আচ্ছাদন দিয়া, বর্ত্ম স্থানের রোম দগ্ধ করিবে। ত্বক্, মাংস, সিরা, স্নায়ু, সন্ধি এবং অস্থি স্থানে, বায়ু-জন্য তীব্র-বেদনাযুক্ত, উচ্চ, কঠিন এবং স্পন্দরহিত ব্রণ হইলে, অগ্নি-কার্য্য বিধেয়। গ্রন্থি, অর্শঃ, অর্ব্বুদ, ভগন্দর, অপচী, শ্লীপদ, চর্ম্মকীল, তিলকালক, অন্ত্র-বৃদ্ধি, সন্ধি ও সিরাচ্ছেদন, অথবা নাড়ী হইতে অতিশয় শোণিত-নিঃসরণ, এই সকল রোগেও অগ্নি-কার্য্য কর্ত্তব্য। রোগের স্থান-ভেদে অগ্নিকার্য্য চারিপ্রকার হইয়া থাকে, যথা বলয় (১), বিন্দু (২), বিলেখন (৩) ও প্রতিসারণ (৪)। এই চারিপ্রকারে দগ্ধ করা যায়।

* অধিমন্থ রোগ শব্দে চক্ষুরোগ বিশেষ।

(১) বালার ন্যায় গোল রেখার আকারে দগ্ধ করা। (২) বিন্দুর আকারে দগ্ধ করা। (৩) শরীরের ত্বক্‌মাত্র দগ্ধ করা। (৪) উষ্ণ ঘৃত তৈলাদি তরল দ্রব্য সং-

অনন্তর রোগের কারণ জানিয়া, এবং রোগীর মর্ম্ম-স্থান ও বল, এবং ব্যাধি ও কাল সম্যক্‌রূপে বিবেচনা করিয়া, অগ্নিকর্ম্মের বিধান করিবে।

পীড়িত স্থান সম্যক্‌রূপে দগ্ধ হইলে, তাহাতে মধু ও ঘৃত মাখাইবে। যাহাদিগের পিত্তাধিক্য প্রকৃতি, যাহারা রক্তপিত্ত বা অতিসার রোগবিশিষ্ট, যাহাদিগের শরীর হইতে শল্য বাহির করা না হইয়া থাকে, অথবা যাহারা দুর্ব্বল, বালক, বৃদ্ধ বা ভয়শীল, অথবা যাহাদিগের শরীর অনেক ব্রণের দ্বারা পীড়িত, বা যাহাদিগের ঘর্ম্ম করান যায় না, সেই সকল ব্যক্তির পক্ষে অগ্নিকর্ম্ম বিধেয় নহে।

অতঃপর অপর সকলপ্রকার দগ্ধের লক্ষণ কহিতেছি। অগ্নি, ঘৃত তৈলাদি স্নেহ-বিশিষ্ট অথবা নীরস দ্রব্যকে আশ্রয় করিয়া দহন করে। অগ্নি কর্ত্তৃক সন্তপ্ত হইলে, ঘৃত তৈল প্রভৃতি স্নেহদ্রব্য সূক্ষ্ম সিরার মধ্যে প্রবেশ করিতে পারে, একারণ ত্বক্‌ ও মাংস প্রভৃতির মধ্যে প্রবেশ করিয়া শীঘ্র দহন করে। অতএব স্নেহ-দ্রব্যের দ্বারা দগ্ধ হইলে, অতিশয় বেদনা হয়। অগ্নিদগ্ধ চারিপ্রকার, যথা, প্লুষ্ট, দুর্দগ্ধ, সম্যক্‌-দগ্ধ এবং অতি-দগ্ধ। যাহাতে জ্বালা করে ও বিবর্ণ হয়, তাহাকে প্লুষ্ট কহে। যাহাতে দগ্ধ স্থানে স্ফোট (ফোস্‌কা) উত্থিত হয়, এবং সেই স্থান অতিশয় উষ্ণতা, দাহ, রক্তবর্ণ, পাক এবং বেদনা বিশিষ্ট হয়, এবং এই সকল বিলম্বে আরোগ্য হয়, তাহাকে দুর্দগ্ধ কহে। দগ্ধ স্থান গভীর না হইলে, পক্ব তাল-ফলের ন্যায় বর্ণ হইলে, এবং পূর্ব্বোক্ত সকল লক্ষণ-বিশিষ্ট হইলে, সম্যক্‌-দগ্ধ কহে। অতিদগ্ধ হইলে, দগ্ধ স্থানে মাংস ঝুলিয়া পড়ে, শরীর শিথিল হয়, সিরা, স্নায়ু, সন্ধি ও অস্থির বিনাশ হয়, এবং অতিমাত্র জ্বর, দাহ, পিপাসা, মূর্চ্ছা প্রভৃতি উপদ্রব জন্মে। ইহাতে ক্ষত স্থানও বিলম্বে পূরিয়া উঠে, এবং পূরিয়া

যোগে দগ্ধ করা, যাহাতে দগ্ধের উপকরণ-দ্রব্যটী শরীরে বিস্তৃত হইয়া পড়ে এবং এই সকল বিলম্বে আরোগ্য হয়।

উঠিলে বিবর্ণ হইয়া যায়। এই চারিপ্রকার দগ্ধের দ্বারা অগ্নিকর্ম্মের সাধন হইয়া থাকে।

অগ্নি কর্ত্তৃক প্রাণিগণের রক্ত কোপিত হইয়া শীঘ্রই বেগবিশিষ্ট হয়। রক্তের সেই বেগ কর্ত্তৃক পিত্তও বেগবান্ হইয়া উঠে। অগ্নি এবং পিত্ত উভয়ে একজাতীয় দ্রব্য, এবং একই রস-বিশিষ্ট। সেই হেতু অগ্নিদগ্ধ নিমিত্ত তীব্র বেদনা, স্বভাবতঃ জ্বালা ও স্ফোট হইয়া থাকে এবং জ্বর ও তৃষ্ণাও বৃদ্ধি হয়।

অতঃপর অগ্নিদগ্ধের উপশমনের নিমিত্ত চিকিৎসা কথিত হইতেছে। প্লুষ্ট দগ্ধে অগ্নির তাপ এবং উষ্ণক্রিয়া ও উষ্ণ ঔষধ প্রয়োগ করিবে। তদ্দ্বারা শরীর ঘর্ম্মাক্ত হইলে, রক্তও তরল হয়। শীতল জলের দ্বারা স্বভাবতঃই রক্ত স্কন্দিত হয় *। একারণ প্লুষ্ট দগ্ধে উষ্ণ ভিন্ন শীতল-ক্রিয়া কথনই সুখকর হয় না। দুর্দগ্ধ স্থলে, উষ্ণ এবং শীতল উভয়প্রকার ক্রিয়া করা কর্ত্তব্য। এবং দগ্ধ-স্থানে ঘৃত আলেপন ও শীতল দ্রব্য সেচন করাইবে। সম্যক্ দগ্ধ হইলে, বংশলোচন, পাঁকুড়ছাল, চন্দন, গেরিমাটী এবং গুলঞ্চ, ঘৃত-মিশ্রিত করিয়া আলেপন দিবে। এবং গ্রামে অথবা জল-বাহুল্য দেশে যে সকল পশু জন্মে, সেই সকল পশুর অথবা জল-জন্তুর মাংস পেষণ করিয়া প্রলেপ দিবে। পিত্ত জন্য বিদ্রধি হইলে, যেরূপ নিরন্তর উষ্ণ-ক্রিয়া করিতে হয়, ইহাতেও সেইরূপ করিতে হইবে। অতিদগ্ধের স্থলে যে সকল মাংস শীর্ণ হইয়া

* স্কন্দিত শব্দের অর্থ বিপরীত দিকে গতি হওয়া অথবা শুষ্ক হওয়া। রক্তের আধার-স্থান হৃদয়। রক্ত, হৃদয় হইতে নিঃসৃত হইয়া আন্তরিক উষ্ণতা সহকারে সিরা-পথে প্রবেশপূর্ব্বক শরীরের দিকে ধাবমান হয়। শরীরের কোন স্থানে শীতল স্পর্শ হইলে, সেই স্থানে যে সিরা-পথে রক্ত সম্মুখ দিকে প্রবাহিত হয়, সেই সিরা-পথেই পশ্চাৎ দিকে প্রবাহিত হইয়া হৃদয়ের অভিমুখে প্রত্যাগমন করিতে থাকে। ইহাকেই বিপরীত গতি কহে। আধুনিক শারীরতত্ত্ববিৎ পণ্ডিতগণেরও শারীরতত্ত্ব-গ্রন্থে এইরূপ বর্ণিত আছে। এবং সেই শীতল স্পর্শ প্রযুক্ত আন্তরিক উষ্ণতার অভাবে রক্ত ঘনীভূত হইয়া যে চাপ বাঁধিয়া যায়, তাহাকে শুষ্ক হওয়া বলা যাইতে পারে।

যায়, সেইগুলিকে তুলিয়া ফেলিবে, এবং তাহাতে শীতল-ক্রিয়া করিবে। তদনন্তর শালিধান্যের তুষহীন তণ্ডুল পিষিয়া ও ঘৃতযুক্ত করিয়া অথবা গাবছালের কাথ প্রস্তুত করিয়া, অথবা গাবছাল পিষিয়া ও তাহাতে ঘৃত যুক্ত করিয়া, সেই স্থানে প্রলেপ দিবে। অথবা গুলঞ্চের পত্রের দ্বারা, বা জলে যে সকল গাছ জন্মে তাহাদিগের মধ্যে কোন গাছের পত্রের দ্বারা, ক্ষত-স্থান আচ্ছাদিত করিয়া রাখিবে। পিত্ত জন্য বিসর্প রোগ হইলে যে সকল ক্রিয়া করিতে হয়, ইহাতেও সেই সকল ক্রিয়া কর্ত্তব্য। মোম, যষ্টিমধু, লোধ-বৃক্ষের ছাল, ধুনা, মঞ্জিষ্ঠা, চন্দন এবং মুর্ব্বামূল, এই সমুদায় একত্র পিষিবে, এবং সেই পিষ্ট-দ্রব্যের দ্বারা ঘৃত পাক করিবে। এই ঘৃতের দ্বারা সকলপ্রকার অগ্নিদগ্ধজনিত ব্রণ উত্তমরূপে পূরিয়া উঠে। স্নেহ-দ্রব্য-সংযোগে দগ্ধ হইলে, রুক্ষ-ক্রিয়াই বিশেষরূপে বিধেয়।

অতঃপর ধূম কর্ত্তৃক উপহত হইলে, অর্থাৎ শরীরে ধূম প্রবেশ করিলে, যেরূপ লক্ষণ হয় তাহা কহিতেছি। শ্বাস, হাঁচি, কাস, কাতর শব্দ, চক্ষুর্দ্বয়ের জ্বালা ও রক্তবর্ণতা, নিশ্বাসের সহিত ধূম নির্গত হওয়া, ধূম ভিন্ন অন্য দ্রব্যের গন্ধ বা স্বাদ জানিতে না পারা, শ্রবণ-শক্তি রহিত হওয়া, এবং তৃষ্ণা, দাহ ও জ্বর প্রযুক্ত অবসন্ন ও জ্ঞান-শূন্য হওয়া, ধূমোপহতের লক্ষণ। অতঃপর তাহার চিকিৎসা করিতেছি। ঘৃত, ইক্ষুরস, দ্রাক্ষা, দুগ্ধ, চিনি বা মিছরির পানা, ও মধুরাম্ল রস, এই সকলের দ্বারা বমন করাইবে। বমন করিলে কোষ্ঠ-শুদ্ধি হয়, এবং ধূমের গন্ধ আর থাকে না। শরীরের অবসন্নতা, হাঁচি, জ্বর, দাহ, মূর্চ্ছা, তৃষ্ণা, উদরাধ্মান, শ্বাস ও কাস, এই সমস্ত এই প্রতিকারেই শান্তি হয়। অনন্তর মধু, লবণ, অম্ল ও ঝালদ্রব্য মুখে রাখিলে, জিহ্বার দ্বারা রস গ্রহণ হয়, এবং মনও প্রসন্ন হয়। অনন্তর শাস্ত্রবিৎ বৈদ্য সেই রোগে হাঁচি হইবার নিমিত্ত যুক্তি করিয়া ঔষধ দিবেন। তদ্দ্বারা দৃষ্টি বিশোধিত হয়, এবং মস্তক ও গ্রীবা স্বচ্ছন্দভাব প্রাপ্ত হয়। অনন্তর

যাহাতে অম্লরস না জন্মে, এমত অবিদাহী, লঘু ও স্নিগ্ধ আহার প্রদান করিবে। উষ্ণ বায়ু এবং রৌদ্র কর্ত্তৃক দগ্ধ হইলে, শীতল-ক্রিয়া করিবে। শীত, বর্ষা এবং বায়ু কর্ত্তৃক ক্লিষ্ট হইলে, উষ্ণ অথচ স্নিগ্ধ ক্রিয়া সকল, অর্থাৎ উষ্ণ দ্রব্য ভক্ষণ ও সেবন, এবং তৈলাদি মর্দ্দন, প্রশস্ত। অতিশয় তেজ দ্বারা দগ্ধ হইলে, কোন প্রতিকারেই শান্তি হয় না। বজ্রাগ্নি দ্বারা দগ্ধ হইয়া জীবিত থাকিলে, ঘৃত তৈলাদি স্নেহদ্রব্য সর্ব্বাঙ্গে মর্দ্দন ও সেবন করিবে, এবং পূর্ব্বোক্ত অগ্নিদগ্ধের প্রলেপও প্রয়োগ করিবে।

ত্রয়োদশ অধ্যায়।

জলৌকা (জোঁক) ব্যবহার-প্রণালী।

রাজা, ধনী, বালক, বৃদ্ধ, ভীরু, দুর্ব্বল, নারী এবং কোমলাঙ্গ ব্যক্তিগণের শোণিতাবসেচন (রক্তস্রাব) করাইবার কারণ, অতিশয় মৃদু অর্থাৎ অক্লেশকর উপায়ের স্বরূপ, জোঁক-ব্যবহার-প্রণালী কথিত হইতেছে। বাত, পিত্ত অথবা কফ কর্ত্তৃক দূষিত শোণিত, যথাক্রমে শৃঙ্গ, জলৌকা অথবা অলাবুর (লাউয়ের খোল) দ্বারা অবসেচন (মোক্ষণ) করাইবে। অর্থাৎ বাত কর্ত্তৃক দূষিত শোণিত শৃঙ্গের (শিং) দ্বারা, পিত্ত কর্ত্তৃক দূষিত শোণিত জলৌকার দ্বারা, এবং শ্লেষ্মা কর্ত্তৃক দূষিত শোণিত অলাবুর দ্বারা, নির্গত করাইবে। যে হেতু শৃঙ্গের স্নিগ্ধ গুণ, জলৌকার শীতল গুণ, ও অলাবুর রুক্ষ গুণ। সন্নিপাতিকে এই তিনপ্রকারই প্রয়োগ হইতে পারে।

গোরুর শৃঙ্গ, উষ্ণ, স্নিগ্ধ এবং মধুর-রস-বিশিষ্ট, অতএব বাতের উপসর্গ-বিশিষ্ট রোগে, ইহার দ্বারা রক্ত-মোক্ষণ করাই কর্ত্তব্য। জলে জন্ম এবং শীতল স্থানে বাস বলিয়া, সকল জলৌকা মধুর-রস-বিশিষ্ট, অতএব পিত্তের উপসর্গ-বিশিষ্ট রোগে রক্ত-মোক্ষণ করাইতে হইলে, জলৌকা ব্যবহার করাই হিতকর। অলাবু, কটু ও রুক্ষ, অতএব

শ্লেষ্মার উপসর্গ-বিশিষ্ট রোগে, অলাবুর দ্বারাই রক্ত-মোক্ষণ করান কর্ত্তব্য।

শৃঙ্গের দ্বারা রক্ত নির্গত করাইতে হইলে, যে স্থানে রক্ত নির্গত করাইবে, সেই স্থান শস্ত্রাঘাতে একটু ক্ষত করিয়া, ও পাতা লতা বস্ত্রের দ্বারা শৃঙ্গের চতুর্দ্দিক্ এবং মুখ বদ্ধ করিয়া, সেই শৃঙ্গ দ্বারা মুখ দিয়া চুষিয়া রক্ত নির্গত করাইবে। অলাবুর দ্বারা রক্ত মোক্ষণ করাইতে হইলে, লাউয়ের খোলের ভিতর দীপ জ্বালিয়া ধূমের দ্বারা পূর্ণ করিবে, এবং শৃঙ্গ বসাইবার প্রণালীতে সেই খোল সেই স্থানে বসাইবে।

অতঃপর জলৌকা কাহাকে কহে, তাহা বলা হইতেছে।

জল যাহাদিগের আয়ু তাহাদিগকে জলায়ুকা, অথবা জল যাহাদিগের ওকস্ (বাসস্থান), তাহাদিগকে জলৌকা কহে। জলৌকা দ্বাদশপ্রকার। তাহার মধ্যে ছয়প্রকার সবিষ (বিষাক্ত), এবং ছয়প্রকার নির্ব্বিষ। ছয়প্রকার সবিষ জোঁকের নাম যথা, কৃষ্ণা, কর্ব্বুরা, অলগর্দ্দা, ইন্দ্রায়ুধা, সামুদ্রিকা এবং গোচন্দনা।

ইহাদিগের মধ্যে যাহাদিগের অঞ্জন-চূর্ণের ন্যায় বর্ণ, অর্থাৎ শরীর চিকচিকে কাল ও মস্তক স্থূল, তাহাদিগকে কৃষ্ণা কহে। যাহাদিগের শরীর বর্ম্মি অর্থাৎ বাণ মৎস্যের ন্যায়, এবং উদর ছিন্ন ও উন্নত, তাহাদিগকে কর্ব্বুরা কহে। যাহাদিগের শরীর লোম-বিশিষ্ট, দুই পার্শ্ব বৃহৎ, এবং মুখ কৃষ্ণবর্ণ, তাহাদিগকে অলগর্দ্দা কহে। যাহাদিগের শরীরের পুচ্ছ-দেশ হইতে মাথা পর্য্যন্ত ইন্দ্র-ধনুর ন্যায় বিচিত্র বর্ণের রেখা আছে, তাহাদিগকে ইন্দ্রায়ুধা কহে। যাহাদিগের শরীর ঈষৎ কৃষ্ণ এবং পীত বর্ণ, এবং বিচিত্র পুষ্পাকারে চিত্রিত, তাহাদিগকে সামুদ্রিকা কহে। যাহাদিগের পুচ্ছ-দেশ গোরুর শৃঙ্গের ন্যায় দুই ভাগে বিভক্ত, এবং মস্তক ক্ষুদ্র, তাহাদিগকে গোচন্দনা কহে। মানুষের শরীরে এই সকল বিষাক্ত জোঁক দংশন করিলে, দংশ-স্থানে শ্বয়থু (ফুলা), অতিমাত্র কণ্ডু (চুলকানি), মূর্চ্ছা, জ্বর, দাহ, ছর্দ্দি (বমন), মত্ততা বা মনের

বিকৃতিভাব, এবং শরীরের অবসন্নতা, এই সকল লক্ষণ হইয়া থাকে। এমন স্থলে মহা অগদ * নামে ঔষধ পান করিবে, দংশন স্থানে লেপন করিবে, এবং তাহারই নস্য লইবে। এইমত বিষাক্ত জোঁকজাতি ও তাহাদিগের দংশনের চিকিৎসা কথিত হইল। ইহাদিগের মধ্যে ইন্দ্রা-যুধ কর্ত্তৃক দংশন করা হইলে আরোগ্য হয় না।

ছয়প্রকার নির্ব্বিষ জোঁকের নাম যথা, কপিলা, পিঙ্গলা, শঙ্কুমুখী, মূষিকা, পুণ্ডরীক-মুখী ও সাবরিকা। মনঃশিলাতে রঞ্জিত অর্থাৎ রং করিলে যেরূপ বর্ণ হয়, উভয় পার্শ্ব সেইরূপ বর্ণ-বিশিষ্ট, এবং পৃষ্ঠদেশ চিক্কণ ও মুগের মত বর্ণ-বিশিষ্ট,তাহাকে কপিলা বলে। যাহাদিগের শরীর গোল এবং বর্ণ ঈষৎ রক্তিমা ও পিঙ্গল, ও গতি শীঘ্র, তাহাদিগকে পিঙ্গলা কহে। যাহারা যকৃতের ন্যায় বর্ণবিশিষ্ট, শীঘ্র-পায়িনী, অর্থাৎ অল্প সময়ের মধ্যে প্রচুর রক্ত পান করিতে পারে, দীর্ঘাকার এবং তীক্ষ্ণ-মুখী (যাহাতে শরীর-মধ্যে শীঘ্র প্রবেশ করিতে পারে), তাহাদিগকে শঙ্কুমুখী কহে। যাহারা মূষিকের ন্যায় আকার, বর্ণ এবং দুর্গন্ধ বিশিষ্ট, তাহাদিগকে মূষিকা কহে। যাহাদের মুগের ন্যায় বর্ণ, এবং পদ্মের মত মুখ, তাহাদিগকে পুণ্ডরীক-মুখী বলে। যাহাদিগের শরীর চিক্কণ ও পদ্ম-পাতার ন্যায় বর্ণবিশিষ্ট, এবং দীর্ঘে অষ্টাদশ অঙ্গুলি, তাহাদিগকে সাবরিকা কহে। সাবরিকা, অশ্ব, গো, হস্তী প্রভৃতি পশুদিগের নিমিত্ত ব্যবহৃত হয়। এই সকল নির্ব্বিষ জোঁক-জাতির বিবরণ কথিত হইল। যবন, পাণ্ড্য, সহ্য, পৌতন ইত্যাদি ক্ষেত্র তাহাদিগের বাসস্থান। ঐ সকল জোঁকের মধ্যে যাহারা বলবান্, শীঘ্র রক্ত পান করিতে পারে, অধিক আহার করিতে পারে,এবং শরীরও সমধিক বৃহৎ,তাহারা বিশেষ-রূপে নির্ব্বিষ হইয়া থাকে।

জলৌকা সকলের মধ্যে, যাহারা বিষাক্ত মৎস্য, কীট, ভেক, মূত্র এবং পুরীষ পরিপাকে অর্থাৎ পচিয়া ঘোলা জলে জন্মে, তাহারা সবিষ।

* মহা অগদ নামক ঔষধ বিষ-চিকিৎসা-খণ্ডে বলা হইবে।

এবং যাহারা পদ্ম, উৎপল, নলিন, কুমুদ, সৌগন্ধিক অর্থাৎ শ্বেত পদ্ম, কুবলয়, পুণ্ডরীক এবং শৈবাল, এই সকল দ্রব্য-পরিপাকে অর্থাৎ পচিয়া নির্ম্মল জলে জন্মে, তাহারা নির্ব্বিষ।

ইহারা ক্ষেত্র-মধ্যে এবং সুগন্ধি সলিল-মধ্যে বিচরণ করিয়া থাকে। ইহারা সঙ্কীর্ণ স্থানে চরে না, অথবা পঙ্কে শয়ন করে না। ইহাদিগকে ভিজে চামড়া অথবা অন্য কোন বস্ত্রর দ্বারা গ্রহণ করিবে। অনন্তর নূতন বড় ঘট, সরোবর অথবা বৃহৎ-পুষ্করিণী-জলে এবং পঙ্কে পূর্ণ করিয়া, তাহার মধ্যে তাহাদিগকে রাখিবে। শৈবল অর্থাৎ শেয়ালা, বল্লুর (শুষ্ক মাংস), এবং জলে যে সকল মূল জন্মে তাহা চূর্ণ করিয়া, ইহাদিগকে আহার করিতে দিবে। এবং তৃণ ও জলে যে সকল পাতা জন্মে, তাহা তাহাদিগকে শয়ন করিতে দিবে। দুই দিন বা তিন দিন অন্তর জল এবং ভক্ষ্য দ্রব্য পরিবর্ত্তন করিয়া, নূতন জল এবং ভক্ষ্য দ্রব্য দিবে। এবং সপ্তাহ অন্তর ঘট পরিবর্ত্তন করিয়া নূতন ঘটে রাখিবে।

যাহাদিগের মধ্যভাগ স্থূল, যাহারা অতিশয় ক্ষীণ অথবা স্থূলকায়, যাহারা মন্দ-বিচেষ্টিত অর্থাৎ ধীরগামী, যাহারা অগ্রাহী অর্থাৎ পীড়িত স্থানে ধরে না, যাহারা অল্পপায়ী. অথবা যাহারা বিষাক্ত, সেই সকল-প্রকার জলৌকা রক্তমোক্ষণ-কার্য্যে প্রশস্ত নহে।

জলৌকা দ্বারা রক্ত-মোক্ষণ-করিতে হইলে, পীড়িত ব্যক্তিকে উপবেশন বা শয়ন করাইবে। এবং সেই পীড়িত স্থান যদি বেদনা-রহিত হয়, তবে সেই স্থানে শুষ্ক গোময় এবং মৃত্তিকা-চূর্ণ অল্প ঘর্ষণ করিবে। অনন্তর ক্ষেত্র হইতে জলৌকা সকল গ্রহণ করিয়া, সর্ষপ ও হরিদ্রার শিলা-পিষ্ট কল্ক জলে মিশ্রিত করিয়া তাহাদিগের শরীরে মাখাইয়া দিবে। পরে মুহূর্ত্ত কাল অর্থাৎ যাবৎ তাহাদিগের শ্রম না দূর হয়, তাবৎ এক সলিলপাত্রের মধ্যে রাখিয়া, পশ্চাৎ পীড়িত স্থানে ধরাইবে। ধরাইবার কালে, উত্তম, সূক্ষ্ম অর্থাৎ পাতলা, সাদা এবং আর্দ্র তূলা কিংবা

কাপড়ের দ্বারা তাহাদিগের শরীর আচ্ছাদন করিয়া, মুখ খুলিয়া রাখিবে। যাহারা না ধরে, তাহাদিগকে এক বিন্দু দুগ্ধ বা শোণিত দিবে, বা অস্ত্র দ্বারা বিলেখন করিয়া দিবে। তাহাতেও যদি না ধরে, তবে অপর একটা ধরাইবে। যৎকালে অশ্বের খুরের মত মুখ এবং স্কন্ধ-দেশ উচ্চ করিয়া, ভিতরে মুখ নিবিষ্ট করে, তৎকালে ধরিয়াছে বলিয়া জানা যায়। যাহারা ধরিয়া থাকে, তাহাদিগের শরীর আর্দ্র বস্ত্রের দ্বারা আচ্ছাদিত করিয়া রাখিবে, এবং মধ্যে মধ্যে জল-সেচন করিবে। যে জোঁক ধরিয়া রক্ত পান করে, তাহার দংশ-স্থানে অর্থাৎ ধরিবার মুখে যদি বেদনা বোধ হয় অথবা চুল্কায়, তখন তাহাকে বিশুদ্ধ রক্ত পান করিতেছে বলিয়া জানিবে। এরূপ বিশুদ্ধ রক্ত পান করিতেছে বলিয়া জানিতে পারিলে, সেই জোঁককে অপনীত অর্থাৎ শরীর হইতে ছাড়াইয়া ফেলিবে। যদ্যপি শোণিতগন্ধে ত্যাগ না করে, তাহা হইলে ইহার মুখে সৈন্ধব-লবণের চূর্ণ নিক্ষেপ করিবে। শোণিত পান করিলে পর, এইরূপে অপনীত হইলে বা পতিত হইলে, তাহাদিগের শরীরে তণ্ডুলের কুঁড়া মাখাইয়া, এবং মুখে তৈল ও লবণ মাখাইয়া, বাম হস্তের অঙ্গুষ্ঠ এবং অঙ্গুলি, অর্থাৎ যাহাকে বুড়া অঙ্গুলি কহে এবং তাহার পর যে অঙ্গুলি, এই দুই অঙ্গুলির মধ্যে তাহার পুচ্ছদেশ অর্থাৎ লেজ ধরিয়া, দক্ষিণ হস্তের অঙ্গুষ্ঠ এবং অঙ্গুলির দ্বারা পুচ্ছদেশ হইতে অল্পে অল্পে ঊর্দ্ধদিকে মার্জ্জন করিয়া অর্থাৎ মুখের দিকে চুঁচিয়া লইয়া যাইয়া, মুখ দিয়া বমন করাইবে। যাবৎ সম্যক্‌রূপ বমন না করে, তাবৎ এইরূপ করিবে। যাহারা সম্যক্‌রূপে বমন করে, তাহারা আহারের অভিলাষী হইয়া সলিল-পাত্রের মধ্যে বিচরণ করিতে থাকে। এবং যাহাদিগের সম্পূর্ণরূপ বমন করা না হয়, তাহারা অবসন্ন হইয়া পড়ে ও তাহাদিগের কোন চেষ্টা থাকে না। অতএব তাহাদিগকে পুনরায় বমন করাইবে। যাহাদিগকে সম্যক্‌রূপ বমন করান না হয়, তাহাদিগের ইন্দ্রমদ নামে অসাধ্য ব্যাধি হইয়া থাকে। যাহাদিগকে

সম্যক্ বমন করান হয়, তাহাদিগকে পূর্ব্ববৎ জলপূর্ণ ঘটে রাখিবে। রক্তের যোগাযোগ বিবেচনা করিয়া, অর্থাৎ দূষিত রক্ত আর আছে কি না এই বিবেচনা করিয়া, জোঁক যে স্থানে ধরিয়াছিল সেই স্থান মধুর দ্বারা মার্জ্জন করিয়া দিবে, এবং শীতল জল সেচন করিবে। অথবা সেই ব্রণের উপরি কষায় এবং মধুর রস-বিশিষ্ট ঘৃতযুক্ত শীতল আলেপন দ্বারা প্রলেপ দিয়া, বন্ধন করিয়া রাখিবে।

সকলপ্রকার জলৌকার ক্ষেত্রে, অর্থাৎ যে স্থানে যেপ্রকার পাওয়া যায়, তাহাদিগের ধরিবার বিধি, পোষণ করিবার প্রণালী, শরীরে প্রয়োগ করিবার বিধি, এবং তাহাদিগের জাতি, যে ব্যক্তি এই সমস্ত জানেন, তিনিই জলৌকাসাধ্য সকল রোগ আরোগ্য করিতে পারেন।

চতুর্দশ অধ্যায়।

অথ শোণিত-বর্ণনা।

আহার চারিপ্রকার, চর্ব্ব্য, চূষ্য, লেহ্য এবং পেয়। এই চতুর্ব্বিধ আহার, ক্ষিতি অপ্ তেজঃ মরুৎ ব্যোম, এই পঞ্চভূত * হইতে উৎপন্ন।

* পঞ্চভূত শব্দে, ক্ষিতি জল অগ্নি বায়ু আকাশ, সামান্যতঃ এই পাঁচটীকে বুঝায়। কিন্তু দৃশ্যমান এই পঞ্চ স্থূল পদার্থকে পঞ্চ মূল-ভূত বলা, প্রাচীন আর্য্যগণের অভিপ্রেত নহে। বেদান্ত প্রভৃতি শাস্ত্রে পঞ্চ মূল-ভূতকে পঞ্চতত্ত্ব অথবা পঞ্চতন্মাত্র কহে। তত্ত্ব অথবা তন্মাত্র শব্দে অতিসূক্ষ্ম অমিশ্র মূল-দ্রব্য বুঝায়; প্রাচীন আর্য্যগণেরা, এই সমুদায় জগৎ পাঁচটী মূল-দ্রব্যে নির্ম্মিত হইয়াছে বলিয়া নির্ণয় করেন। সেই পাঁচটী মূল-দ্রব্য যথা,—আকাশ অথবা শব্দতন্মাত্র, বায়ু অথবা স্পর্শতন্মাত্র, অগ্নি অথবা রূপতন্মাত্র, জল অথবা রসতন্মাত্র, এবং ক্ষিতি অথবা গন্ধতন্মাত্র। অথবা আকাশ বায়ু অগ্নি জল ক্ষিতি, এই পাঁচটী যে অবস্থায় পরস্পর মিলিত না হইয়া সূক্ষ্মভাবে থাকে, সেই অবস্থায় তাহাদিগকে তন্মাত্র অথবা মূলদ্রব্য কহে। এবং শব্দ স্পর্শ রূপ রস গন্ধ, এই পাঁচটী এক একটী করিয়া যথাক্রমে ঐ পাঁচটী দ্রব্যের গুণ। কিন্তু আধুনিক রসায়নতত্ত্ব-দর্শী পণ্ডিতেরা আমাদিগের প্রাচীন পুরুষগণের এই সিদ্ধান্তটীকে ভ্রান্তিমূলক বলিয়া নির্ণয় করেন। তাঁহারা মূল-দ্রব্য ষষ্টি-সংখ্যক অর্থাৎ পাঁচটী অথবা

সেই আহার, কটু, অম্ল, তিক্ত, কষায়, লবণ ও মধুর এই ছয়প্রকার রস, এবং দুইপ্রকার অথবা অষ্টপ্রকার বীর্য্য-বিশিষ্ট *, এবং বহুবিধ-গুণ-যুক্ত। সেই আহার পরিমিত হইলে, অর্থাৎ যে পরিমাণ ক্ষুধা-শান্তির নিমিত্ত প্রয়োজন হয়, তাহার ন্যূনাধিক না হইলে, তাহার

ততোধিক বলিয়া নির্ণয় করিয়া থাকেন। এ বিষয়ে অদ্যাবধি তাঁহাদিগের নিশ্চয় মীমাংসা হয় নাই। কিন্তু আর্য্যেরা বলেন যে, "কর্ণ, ত্বক্, চক্ষু, জিহ্বা ও নাসিকা, এই পঞ্চ জ্ঞানেন্দ্রিয়ের দ্বারাই আমরা সমস্ত বাহ্য জগৎ জ্ঞাত হইয়া থাকি। এই পাঁচটী জ্ঞানযন্ত্রের দ্বারা আমরা কেবল শব্দ স্পর্শ রূপ রস গন্ধ গ্রহণ করি। তাহাতেই আমাদিগের সমস্ত বাহ্য জগতের জ্ঞান জন্মে। জগৎ পদার্থ যতপ্রকারই হউক, আমরা যখন এই পাঁচটী জ্ঞানযন্ত্রের দ্বারাই সেই সমস্ত জ্ঞাত হইতেছি, তখন জ্ঞানের সম্বন্ধে পাঁচটীর অতিরিক্ত মূল গুণ থাকা কখনই সম্ভবে না। অতএব এই সমস্ত জগৎ, শব্দ স্পর্শ রূপ রস গন্ধ, এই পাঁচটী মূল গুণেই ব্যাপ্ত। গুণ থাকিলেই সেই গুণের আশ্রয়ভূত দ্রব্য থাকা যদি স্বীকার করিতে হয়, তবে এই পঞ্চ-গুণ-বিশিষ্ট জগতের উপাদান মূলদ্রব্য যতই হউক এবং যাহাই হউক, তাহাদিগের এরূপ হওয়া উচিত, যাহাতে এই পাঁচটী গুণ থাকিতে পারে। দ্রব্য থাকিলেই তাহার গুণ এবং ক্রিয়া থাকিবে। অথবা দ্রব্য গুণ ক্রিয়া, এই তিনটীর একটী থাকিলেই অপর দুইটীকে থাকিতেই হইবে।" আমাদিগের প্রাচীন দর্শনশাস্ত্রের এই মত। তাহা স্বীকার করিতে হইলে এক একটী অমিশ্র দ্রব্যের এক একটী গুণ, অথবা একটী গুণের আশ্রয় এক একটী অমিশ্র দ্রব্য থাকাই সম্ভব। সুতরাং মূলদ্রব্য পাঁচটী হওয়া অসঙ্গত বোধ হয় না। কারণ অতিরিক্ত দ্রব্য থাকিলেই অতিরিক্ত গুণ থাকিবে, অতিরিক্ত গুণ থাকিলে, সেই অতিরিক্ত গুণের জ্ঞাতা, অতিরিক্ত জ্ঞানেন্দ্রিয় থাকা প্রয়োজন। আমাদিগের যখন পাঁচটীর অতিরিক্ত জ্ঞানেন্দ্রিয় নাই, এবং সেই পাঁচটী জ্ঞানেন্দ্রিয়ের দ্বারা যখন আমরা পাঁচটীর অতিরিক্ত মূল গুণ জ্ঞাত হইতে পারি না, এবং সেই পাঁচটীর গুণ জানাতেই আমাদিগের জগৎ-জ্ঞান যখন পর্য্যাপ্ত হইতেছে, তখন সেই পাঁচটী গুণের আশ্রয়ভূত পাঁচটী মূলদ্রব্য বলা নিতান্ত অসঙ্গত বলিয়া বোধ হয় না। এ বিষয়ে আর্য্যগণ-প্রদর্শিত অন্যান্য প্রমাণ, বাহুল্যপ্রযুক্ত উদ্ধৃত করা হইল না।

* দুইপ্রকার বীর্য্য বলিতে শুক্র ও শোণিত; এবং অষ্টপ্রকার বীর্য্য বলিতে শরীরের সপ্ত ধাতু ও ওজঃ পদার্থ, বুঝিতে হইবে।

সম্যক্ পরিপাকের দ্বারা তেজের নিদানস্বরূপ অতি সূক্ষ্ম যে সার জন্মে, সেই সারই রস নামে কথিত হয়। তাহার স্থান হৃদয়। হৃদয় হইতে সেই রস দশটী ঊর্দ্ধগামিনী রস-রক্ত-বাহিনী ধমনী-পথে প্রবেশপূর্ব্বক ঊর্দ্ধদিকে, এবং দশটী অধোগামিনী ধমনী-পথে প্রবেশ পূর্ব্বক অধোভাগে, এবং চারিটী তির্য্যক্-গামিনী ধমনী-পথে প্রবেশ পূর্ব্বক উভয় পার্শ্ব ভাগে, গমন করে। অদৃষ্ট-হেতু ক্রিয়া, অর্থাৎ যে ক্রিয়ার কারণ দেখা যায় না, এরূপ ক্রিয়ার দ্বারা সেই রস এইপ্রকার চতুর্ব্বিংশতি ধমনীপথে প্রবেশ করিয়া, সমস্ত শরীরকে অহরহ তর্পণ, বর্দ্ধন, ধারণ, যাপন এবং জাবৎমান করিতেছে। ক্ষয়, বৃদ্ধি এবং বিকার অর্থাৎ শরীর ক্ষীণ হইতেছে, বৃদ্ধি হইতেছে এবং ব্রণাদিরূপ বিকার প্রাপ্ত হইতেছে, এই কারণে সর্ব্বশরীরগামী সেই রসের অনুমানের দ্বারা গতি উপলব্ধি করা যায়। সর্ব্বশরীরের অবয়ব অর্থাৎ হস্ত পাদাদি, দোষ অর্থাৎ বায়ু পিত্ত কফ, ধাতু অর্থাৎ রস, রক্ত, মাংস, মেদ, অস্থি, মজ্জা এবং শুক্র এই সপ্ত ধাতু, এবং মলাশয়, এই সকলের অনুগামী যে রস, তাহার সম্বন্ধে জিজ্ঞাস্য এই যে, ইহা সৌম্য কি তৈজস? অর্থাৎ ইহা চন্দ্রাংশ-সম্ভূত শীতল, কি তেজঃপদার্থ-সম্ভূত উষ্ণ? ইহাতে কথিত হইতেছে যে, জলীয় পদার্থের সদৃশ সেই রস, দেহের স্নেহন অর্থাৎ চিক্কণকর, জীবনীয় ও তৃপ্তিকর এবং সর্ব্বশরীর ধারণ করে, অর্থাৎ শরীরের সকল অবয়বকে প্রকৃতভাবে রক্ষা করে। এই সকল গুণ-বিশেষের দ্বারা, তাহাকে সৌম্য বলিয়া জানা যায়। সেই নিশ্চয় জলময় রস যকৃৎ এবং প্লীহা-স্থান প্রাপ্ত হইয়া রক্তবর্ণ হয় *।

---

* অন্নরস হইতে রক্ত উৎপত্তির বিষয়ে, আধুনিক ইউরোপীয় শারীরতত্ত্ববিৎ পণ্ডিত ডাক্তার কুম্ব সাহেবও প্রায় এইরূপই বলেন। তবে আর্য্যেরা বলেন যে, শ্বেতবর্ণ অন্নরস যকৃতের স্থান প্রাপ্ত হইয়াই রক্ত হয়। এবং কুম্ব সাহেব বলেন যে, সেই অন্নরস হৃদয় মধ্যে প্রবেশ করিবার অব্যবহিত পূর্ব্বে রক্তবর্ণ হয়।

প্রাণিগণের দেহস্থ অব্যাপন্ন (১) রস, সুপ্রসন্ন (২) তেজ কর্ত্তৃক রঞ্জিত হইয়া রক্ত নামে কথিত হয়। এই রস হইতে যে রক্ত হয়, তাহাই স্ত্রীলোকদিগের শরীরে রজো-নামে কথিত হয়। তাহা দ্বাদশ বর্ষ বয়ঃক্রম হইতে আরব্ধ হইয়া, পঞ্চাশৎ বর্ষ বয়সে ক্ষয়প্রাপ্ত অর্থাৎ রহিত হয়। গর্ভের অগ্নীষোমীয়ত্ব হেতু, অর্থাৎ শীতোষ্ণ উভয় গুণ থাকাতে, স্ত্রীলোকদিগের আর্ত্তব-শোণিত আগ্নেয়। অপরাপর আচার্য্যেরা কহিয়া থাকেন যে, জীব-রক্ত পাঞ্চভৌতিক। অর্থাৎ যে পঞ্চ মহাভূতে এই শরীর উৎপন্ন হয়, তাহাই জীবের রক্তে আছে। মাংস-গন্ধ-বিশিষ্ট, তরল, রক্তবর্ণ, ক্ষরণ-শীল এবং লঘু হওয়া, শোণিতের এই গুণগুলিকেই পঞ্চভূতের গুণ বলা যায়। রস হইতে রক্ত, রক্ত হইতে মাংস, মাংস হইতে মেদ, মেদ হইতে মজ্জা, এবং মজ্জা হইতে শুক্র, এইরূপ পরম্পরা-ক্রমে সপ্ত ধাতু উৎপন্ন হইয়া থাকে।

অন্ন-পানের দ্বারা যে রস জন্মে, তাহাই এই সকল ধাতুর পোষণ-কর্ত্তা। পুরুষ অর্থাৎ দেহী এই রস হইতেই সম্ভূত হয় (৩)। অতএব বুদ্ধিমান্ ব্যক্তি অলসশূন্য হইয়া অন্ন, পান এবং আচারের, অর্থাৎ শয়ন, ভোজন, গমন, মৈথুন ইত্যাদি বিষয়ের নিয়ম-বিশেষের দ্বারা এই রসকে যত্নের সহিত রক্ষা করিবে।

রস ধাতু গতি অর্থ বুঝায়। অহরহ গমন করে এই হেতু ইহাকে রস কহে। সেই রস তিন সহস্র পঞ্চদশ কলা করিয়া এক এক ধাতুতে অবস্থান করে। এইরূপে সেই রস এক মাসে শুক্ররূপে, এবং স্ত্রী-লোকের দেহে আর্ত্তবরূপে পরিণত হয়।

এইরূপ কথিত হইয়াছে যে, স্বতন্ত্র ও পরতন্ত্র ভাবে অষ্টাদশ সহস্র নবতি অর্থাৎ সমুদায়ে আঠার হাজার নব্বই কলা এই রসে অবস্থিতি

(১) "অব্যাপন্ন রস" অর্থাৎ যে রসে কোনপ্রকার বিকৃতি-ভাব নাই।

(২) "সুপ্রসন্ন তেজ" যৎকালে পিত্তের কার্য্য শরীরে স্বাভাবিকরূপে হইতে থাকে, সেই কালে তেজ সুপ্রসন্ন বলা যায়।

(৩) দেহী যে কিরূপে অন্নরস হইতে উৎপত্তি হয়, তাহা সহজে বুঝিতে পারা যায়

করে (১)। শব্দ, তেজঃ এবং জল যে প্রকার সূক্ষ্ম ভাব-বিশেষের দ্বারা ব্যাপক হয়, এই রস সেইপ্রকার কেবল শরীরের অনুগামী হইতেছে। বাজীকরণের ওষধি সকল স্বীয় বল এবং গুণের ঔৎকর্ষ্য হেতু বিরেচনের ন্যায় কার্য্যকারী, তাহাতে শীঘ্র শুক্রকে বিরেচিত করে (২)।

না। চক্ষু কর্ণ নাসিকা ত্বক্ জিহ্বা, এই পাঁচটী জ্ঞান-যন্ত্রের পাঁচটী আভ্যন্তরিক জ্ঞান-শক্তি, বাক্ পাণি পাদ পায়ু উপস্থ, এই পাঁচটী ক্রিয়া-যন্ত্রের পাঁচটী আভ্যন্তরিক ক্রিয়া-শক্তি। এবং দেহ-নির্ম্মাণের উপাদান পঞ্চ ভূত, মানসী শক্তি ও বুদ্ধি-শক্তি, প্রাচীন আর্য্যদিগের মতে, এই সমস্ত আন্তরিক শক্তি মিলিত হইয়া জীব, দেহী, পুরুষ অথবা আমি-শব্দের বাচ্য হয়। এই সকল আন্তরিক-শক্তি-বিশিষ্ট এই দেহ, পিতা মাতার শুক্র-শোণিত-সংযোগেই উৎপত্তি হয়। তদ্দ্বারা পিতা মাতার শারীরিক ও মানসিক প্রকৃতি পর্য্যন্তও অধিকাংশ সন্তানে বর্ত্তে। যেমন অতি ক্ষুদ্র বীজে বৃহৎ বৃক্ষের সমুদায় প্রকৃতি গূঢ়ভাবে নিহিত থাকে, সেইরূপ শরীরের বীজস্বরূপ সেই শুক্র শোণিতে সমুদায় শারীরিক ও মানসিক প্রকৃতি অতি সূক্ষ্ম এবং গূঢ়ভাবে নিহিত থাকে। দেহের মূলবীজ সেই শুক্র শোণিত অন্নরস হইতেই উৎপন্ন হয়। সুতরাং পরম্পরা-সম্বন্ধে অন্নরস হইতেই জীবের বা দেহীর উৎপত্তি স্বীকার করা অসঙ্গত হয় না।

(১) প্রত্যেক ধাতুতে ৩০১৫ অংশ করিয়া ছয়টী ধাতুতে ১৮০৯০ কলা অবস্থিতি করে এবং রস ধাতু ক্রমশঃ পরিপাক হইয়া ত্রিংশৎ দিবস পরে শুক্র ধাতু জন্মায়। ইহার তাৎপর্য্য এইরূপ বিবেচনা হয়।

আহার-জনিত শরীরে প্রতিদিন যে রস জন্মে, সেই রস পাঁচ দিবসে পরিপাক হইয়া ষষ্ঠ দিবসে রক্ত ধাতুতে গমন করে। এবং সেই পাঁচ দিবস মধ্যে নূতন রস সঞ্চিত হইয়া পরিপাক হইতে থাকে। রক্ত পাঁচ দিবসে পরিপাক হইয়া, ষষ্ঠ দিবসে মাংস জন্মায়। এইরূপ ক্রমশঃ ত্রিশ দিনের পর অন্ন-রস হইতে শুক্র ধাতু জন্মে। এবং পাঁচ দিবসের পূর্ব্বে যে ধাতু জন্মিয়াছে, তাহা অন্য ধাতুতে গমন করে। পাঁচ দিবস মধ্যে যে ধাতু জন্মে, তাহা সেই ধাতুতেই থাকে। ধাতুর যে অংশকে অন্য ধাতুতে গমন করিতে হয়, তাহাই ইহার পরতন্ত্র অংশ এবং যে অংশ আপনাতে থাকে তাহাই ইহার স্বতন্ত্র অংশ। এইরূপ স্বতন্ত্র ও পরতন্ত্র ভাবে ১৮০৯০ অংশ, রস অবধি মজ্জা পর্য্যন্ত ধাতুতে অবস্থিতি করে।

(২) পূর্ব্বে কথিত হইয়াছে যে, ধাতু সকল পরিপাক-ক্রমে এক মাসে শুক্র জন্মায়। তাহাতে এরূপ সংশয় হইতে পারে, যে বাজীকরণ ওষধি সকলে রতি-শক্তি বৃদ্ধি করে

আরও কহিতেছেন, পুষ্পের মুকুল অবস্থায় গন্ধ আছে, এমত বলা যায় না, কারণ মুকুলাবস্থায় গন্ধ উপলব্ধি হয় না। গন্ধ নাই, এমতও বলা যায় না, কারণ যাহা একেবারেই না থাকে, তাহা পরে প্রকাশ পাইতে পারে না। অতএব 'মুকুলাবস্থায় পুষ্পে গন্ধ থাকে' কেবল বাক্যে এই ভাব প্রকাশ করা মাত্র, সূক্ষ্মতা-হেতু তাহা উপলব্ধি হয় না। কিন্তু পুষ্পের পত্র কেশরাদি প্রকাশ হইলে, কালান্তরে সেই গন্ধ প্রকাশ পায়। সেইপ্রকার বালকদিগেরও বয়সের পরিপাকের দ্বারা শুক্র ধাতুর, এবং শরীরের লোম সমূহের উৎপত্তি হয়। এবং নারী-দেহে আর্ত্তব-শোণিত প্রাদুর্ভূত হয়। স্ত্রীলোকের দেহে রজঃ উপচিত হইলে, স্তন, গর্ভাশয় এবং যোনি ক্রমে ক্রমে বৃদ্ধি হইয়া থাকে।

জরা কর্ত্তৃক শরীর পরিপক্ক হয় বলিয়া, সেই অন্ন-রস বৃদ্ধদিগের পক্ষে পুষ্টিকর হয় না। এই সকল ধাতু, রস হইতে উৎপন্ন হইয়া শরীরকে ধারণ করে, একারণ তাহাদিগকে ধাতু কহে। সেই সকল ধাতুর ক্ষয় ও বৃদ্ধি শোণিত-নিমিত্ত। অতএব সেই শোণিতের বিষয় এক্ষণে কহিব। ফেণিল অর্থাৎ ফেণা-বিশিষ্ট, অরুণ-বর্ণ, কৃষ্ণ-বর্ণ অথবা বিবিধ-বর্ণ-বিশিষ্ট, পাতলা, শীঘ্রগামী এবং অস্কন্দি (যাহা শুষ্ক হয় না), বাত কর্ত্তৃক যে শোণিত দূষিত হয়, তাহার এই সকল লক্ষণ হইয়া থাকে। নীল, পীত, হরিত অথবা পিঙ্গল বর্ণ ও কাঁচা মাংসের মত গন্ধ, পিপীলিকা ও মক্ষিকাদির অপ্রীতিকর (যে রক্তে মক্ষিকা বা পিপীলিকা ধরে না), এবং অস্কন্দি, পিত্ত কর্ত্তৃক দূষিত শোণিতের এই সকল লক্ষণ হইয়া থাকে। গেরিমাটির জলের মত বর্ণ, স্নিগ্ধ, শীতল, বহল অর্থাৎ প্রবাহশীল, পিচ্ছিল, চিরস্রাবী (বহুক্ষণ ধরিয়া স্রাব হয়), এবং দেখিতে মাংসপেশীর ন্যায়, শ্লেষ্মা কর্ত্তৃক দূষিত যে শোণিত, তাহার এই সকল

বলিয়া সদ্যঃ শুক্র জন্মায়, কিন্তু তাহা নহে। বিরেচক ঔষধিতে যেরূপ পুনঃ পুনঃ মল নির্গত করে, সেইরূপ এই বাজীকরণ ঔষধিতে পুনঃ পুনঃ শুক্র নির্গত করে। সদ্যঃ জন্মাইতে পারে না।

লক্ষণ হইয়া থাকে। এই সকল লক্ষণ-যুক্ত, কাঞ্জির ন্যায় আভা, বিশেষতঃ দুর্গন্ধবিশিষ্ট, সন্নিপাত অর্থাৎ বাত পিত্ত কফ এই তিন কর্ত্তৃক দূষিত হইলে, শোণিতের এইরূপ লক্ষণ হইয়া থাকে। পিত্তের দ্বারা দূষিত হইলে যেরূপ কৃষ্ণ-বর্ণ হয়, রক্ত স্বয়ং দূষিত হইলেও সেই রূপ অতিশয় কৃষ্ণ-বর্ণ হয়। বাত-পিত্ত, পিত্ত-শ্লেষ্মা এবং বাত-শ্লেষ্মা, ইহার মধ্যে কোন দুই দোষের লক্ষণ দৃষ্ট হইলে, তাহাকে সংসৃষ্ট কহে। জীব-শোণিতের বিষয় অন্যত্র কহিব। যে শোণিত, ইন্দ্রগোপ-কীটের ন্যায় রক্তবর্ণ, তরল, এবং বিবর্ণ রহিত, সেই শোণিতই প্রকৃতিস্থ অর্থাৎ স্বাভাবিক বলিয়া জানিবে। যে সকল স্থলে রক্তস্রাব কর্ত্তব্য, তাহা অন্যত্র কহিব। যে সকল স্থলে অকর্ত্তব্য, তাহাই এইস্থানে কহিতেছি। সর্ব্বাঙ্গ স্ফীত, ক্ষীণ অথবা অম্ল-ভোজন-প্রযুক্ত রোগ হইলে, পাণ্ডু, অর্শঃ, উদরী, শোথ অথবা শোষ রোগ হইলে, এবং স্ত্রীলোক গর্ভিণী হইলে, রক্তস্রাব করান অকর্ত্তব্য। শস্ত্র দ্বারা রক্তস্রাব-করণ দুই-প্রকার, প্রচ্ছান অর্থাৎ ত্বক্ ও মাংস বিদ্ধ করা, এবং সিরা বিদ্ধ করা। ঋজু, অসঙ্কীর্ণ, সূক্ষ্ম, সমভাব, অনবগাঢ় এবং অনুত্তান (অধিক গভীর না হয় অথবা গভীরতা-রহিতও না হয়), এইরূপে সাবধানে শীঘ্র শস্ত্র-পাত করিবে। শস্ত্রপাত-কালে যেন মর্ম্ম, সিরা, স্নায়ু এবং সন্ধি-স্থানে আঘাত না পায়। বর্ষা এবং মেঘাচ্ছন্ন দিনে, শরীরের দুর্ব্বিদ্ধ স্থানে, শীতল বায়ু কর্ত্তৃক ঘর্ম্ম রুদ্ধ থাকিলে, অথবা অতিশয় ঘর্ম্ম হইলে, রক্ত কিছুমাত্র নিঃসৃত হয় না, অথবা অল্পমাত্রই নিঃসৃত হয়।

উন্মত্ত, মূর্চ্ছিত, অতিশয় শ্রান্ত, এবং বাত, বিষ্ঠা ও মূত্র-বেগ বিশিষ্ট, নিদ্রাভিভূত, এবং ভীত ব্যক্তিগণের দেহে, রক্ত সম্যক্‌রূপে নিঃসৃত হয় না। সেই দুষ্ট-অবরুদ্ধ শোণিত কর্ত্তৃক কণ্ডূ অর্থাৎ চুলকনা, শোথ অর্থাৎ ফুলা, রক্ত-বর্ণ, দাহ, পাক এবং বেদনা জন্মে। অতিশয় উষ্ণ কাল হইলে, অতিশয় ঘর্ম্মাক্ত হইলে, অথবা অনভিজ্ঞ বৈদ্য কর্ত্তৃক অতিরিক্ত বিদ্ধ হইলে, অতিশয় শোণিত-স্রাব হয়। সেই অতি-

স্রাবজনিত মস্তকের উষ্ণতা, অন্ধতা, অধিমন্থ (চক্ষুরোগ-বিশেষ), তিমিরাচ্ছন্ন দৃষ্টি, ধাতুক্ষয়, আক্ষেপ (যাহাকে খেঁচুনি বলে), পক্ষাঘাত, দক্ষিণ বা বাম অঙ্গের বিকৃতি, তৃষ্ণা, দাহ, হিক্কা, শ্বাস, কাশ, পাণ্ডুরোগ এবং মৃত্যু, এই সকল উপসর্গ ঘটিয়া থাকে।

অতএব অতিশয় শীত না হইলে, অতিশয় উষ্ণ না হইলে, বা এককালীন ঘর্ম্ম-রহিত না হইলে, অথবা অতিশয় তাপিত না হইলে, রোগীর রক্তমোক্ষণ করাইবে। এবং রক্তমোক্ষণের পূর্ব্বে যবের মণ্ড পান করাইবে। রক্ত যখন সম্যক্ নির্গত হইয়া আপনি নিবৃত্তি পায়, তখন বৈদ্য তাহাকে বিশুদ্ধরূপে স্রাবিত হইয়াছে বলিয়া জানিবে। শরীরের লঘুতা, বেদনা-শান্তি, রোগের স্থগিত হওয়া, এবং মনের প্রসন্নতা, রক্ত সম্যক্ বিস্রাবিত হইলে এই সকল লক্ষণ হইয়া থাকে। চর্ম্মরোগ, গ্রন্থি সকল স্ফীত (গাঁইট সকল ফুলা), এবং অপরাপর যে সকল রক্তজনিত রোগ আছে, যে ব্যক্তি রক্তমোক্ষণ করাইয়া থাকে, তাহার সে সকল রোগ কদাচই হয় না।

রক্ত সম্যক্ নির্গত না হইলে, এলাইচ, বেতস, এলবালু, কুড়, তগরপাদুকা, আকনাদি, ভদ্রদারু, বিড়ঙ্গ, চিত্রক, ত্রিকটু, গৃহধূম (ঝুল), হরিদ্রা, আকন্দের কুঁড়ি ও নক্তমাল (করঞ্জ-ফল), এই সকল দ্রব্যের মধ্যে যাহা যাহা পাওয়া যায়, তাহা সমস্ত চূর্ণ করিয়া, সর্ষপতৈল এবং লবণের সহিত গাঢ় করিয়া ব্রণের মুখে লেপ দিলে, সম্যক্‌রূপে রক্ত নির্গত হয়। শোণিত অতিশয় নির্গত হইতে থাকিলে, লোধ, যষ্টিমধু, প্রিয়ঙ্গু, রক্তচন্দন, গেরিমাটী, ধুনা, রসাঞ্জন, সিমুল-ফুল, শাঁখ, ঝিনুক, মাষকলাই, যব এবং গোধূম, এই সকল দ্রব্য চূর্ণ করিয়া, অঙ্গুলির অগ্রভাগের দ্বারা ব্রণের মুখে টিপিয়া প্রবেশ করাইয়া দিবে। অথবা ধুনা, অর্জ্জুন-বৃক্ষ, বিট্‌খদির, মেষশৃঙ্গ, ধববৃক্ষ, ধন্বনবৃক্ষ এবং গুড়ত্বক্, (১) এই সকল দ্রব্য চূর্ণ করিয়া সেই চূর্ণের দ্বারা, অথবা পট্টবস্ত্র

(১) অনেক স্থানে ঔষধ-বর্ণনার স্থলে কেবল বৃক্ষের নাম আছে। সেই সকল বৃক্ষের

ভস্ম করিয়া তাহার দ্বারা, বা সমুদ্রফেণা এবং লাক্ষাচূর্ণের দ্বারা, অথবা ব্রণবন্ধনের নিমিত্ত ব্রণালেপন অধ্যায়ে যে সকল দ্রব্য কথিত হইয়াছে, সেই সকল দ্রব্যের দ্বারা, গাঢ়রূপে বন্ধন করিবে। শীতল আচ্ছাদন, শীতল ভোজন, শীতল বাসস্থান, শীতল পরিষেচন, এবং শীতল আলেপন ব্যবহার বা প্রয়োগ করিবে। অথবা ক্ষার বা অগ্নির দ্বারা দগ্ধ করিবে। অথবা যে শিরার দ্বারা অতিশয় রক্ত নির্গত হইতে থাকে, সেই শিরা বিদ্ধ করিবে। অথবা দ্রব্য-সংগ্রহণীয় অধ্যায়ে কাকোল্যাদি-গণে যে সকল দ্রব্য কথিত হইয়াছে, সেই সকল দ্রব্যের ক্বাথ, অথবা শর্করা এবং মধু একত্র পান করাইবে। কালসার হরিণ, শশ, মহিষ, অথবা বরাহ, ইহাদিগের মধ্যে কোন পশুর রুধির, ক্ষীর, যূষ এবং স্নিগ্ধ রসের সহিত ভোজন করাইবে। রক্তমোক্ষণজনিত উপদ্রব জন্মিলে, লক্ষণ বিবেচনা করিয়া সেই উপদ্রবের চিকিৎসা করিবে।

রক্তমোক্ষণ করাইলে, ধাতুক্ষয়-জনিত অগ্নিমান্দ্য হয়। তাহাতে বায়ু অতিশয় কুপিত হয়। সেই হেতু অতিশয় শীতল না হয়, এবং লঘু, স্নিগ্ধ, শোণিত-বর্দ্ধন-কারী ও ঈষৎ অম্ল বা একেবারেই অম্ল-রহিত হয়, এইরূপ দ্রব্য রোগীকে ভোজন করিতে দিবে। রক্ত-নিবারণের উপায় চারিপ্রকার; সন্ধান অর্থাৎ জোড় লাগান, স্কন্দন (বিপরীত গতি হওন), পাচন * এবং দহন। কষায় রসের দ্বারা ক্ষত-স্থান সন্ধান করা যায়, হিম-গুণের দ্বারা রক্ত স্কন্দিত হয়, † ভস্মের

কোন্ অংশ লইতে হইবে, তাহার উল্লেখ নাই। কিন্তু ভিন্ন ভিন্ন ঋতুতে ত্বক্, সার, মূল, রস প্রভৃতি ভিন্ন ভিন্ন অংশ গ্রহণ করিবার বিধি পরে স্বতন্ত্র অধ্যায়ে বলা হইয়াছে।

* রক্ত-নিঃসরণ হওয়াটী নিবৃত্তি হইয়া, অন্য কোন পীড়া না ঘটিলে, তাহাকে রক্তের পাচন কহে।

† বিপরীত গতি কহে।

দ্বারা পাচন হয়, এবং দগ্ধকরণের দ্বারা সিরা সকল সঙ্কুচিত হয়। শীতল প্রয়োগে রক্তের নিঃসরণ নিবৃত্তি না হইলে, সন্ধান-কর ঔষধ প্রয়োগ করিবে। সন্ধান-কর ঔষধে যদি ক্ষত মুখ জোড়া না লাগে, তবে পাচন প্রয়োগ করিবে। বৈদ্য যথাবিধি ক্রমে এই তিনপ্রকার উপায় প্রয়োগ করিবে। এই তিন উপায় বিফল হইলে অবশেষ দাহই শ্রেয়স্কর। রক্ত নিঃশেষে দোষরহিত না হইলে কদাচ ব্যাধির শান্তি হয় না। অতএব কিছুমাত্র দোষ থাকিলে ব্যাধিও স্থায়ী হয়। দেহের মূল শোণিত, শোণিতই দেহ ধারণ করে। অতএব অতিশয় যত্নপূর্ব্বক এই শোণিতকে রক্ষা করিবে। তাহা হইলেই জীবের জীবত্ব থাকে। রক্তমোক্ষণ করাইবার পর শীতল পরিষেকের দ্বারা বায়ু কুপিত হইলে, ক্ষত স্থানে বেদনাযুক্ত ফুলা হয়, সে স্থলে ঈষদুষ্ণ ঘৃতের দ্বারা পরিষেচন করিবে।

পঞ্চদশ অধ্যায়।

দোষ, ধাতু ও মলের ক্ষয়-বৃদ্ধি-বিজ্ঞানীয় অধ্যায়।

বায়ু পিত্ত কফ, সপ্ত ধাতু এবং মল, ইহারাই শরীরের মূল। অতএব ইহাদিগের লক্ষণ বলা যাইতেছে, শ্রবণ কর। স্পন্দন, উদ্বহন (ঊর্দ্ধে বহন), বিবেক (পৃথক্-করণ), ধারণ ও লক্ষণ (নির্দ্দিষ্ট স্থানে গমন), বায়ু এই পঞ্চ গুণে বিভক্ত হইয়া শরীরকে ধারণ করে। রাগ (রক্তবর্ণ করা), পাক (ব্রণাদি পাকান), ওজঃ অথবা তেজঃ, মেধা এবং উষ্ণকারিতা, পিত্ত এই পঞ্চ গুণে বিভক্ত হইয়া অগ্নিকার্য্যের দ্বারা শরীরের কার্য্য সম্পাদন করে। সন্ধি-স্থানের সংযোগকরণ, স্নেহ-যুক্তকরণ, রোপণ (পূরণ), বল এবং স্থৈর্য্যতাকরণ, শ্লেষ্মা এই পঞ্চ গুণে বিভক্ত হইয়া, উদক-ক্রিয়ার দ্বারা শরীরের কার্য্য সম্পাদন করে। রস, প্রীতি উৎপাদন করে, এবং রক্তকে পোষণ করে। রক্ত, দেহের বর্ণ করে, মাংসকে পোষণ করে, এবং জীবিত রাখে।

মাংস, শরীর পুষ্টি করে, এবং মেদ ধাতুকে পোষণ করে। মেদ হইতে ঘর্ম্ম হয়, শরীর চিক্কণ ও দৃঢ় হয়, এবং অস্থি সকলের পুষ্টি হয়। অস্থি, দেহকে ধারণ করে ও মজ্জার পোষণ করে। মজ্জা, প্রীতি-করী, চিক্কণ-করী, অস্থি সকলের পূরণ-করী, এবং বল ও শুক্রের পোষণ-করী। শুক্র হইতে দেহের বল, সহিষ্ণুতা, প্রীতি এবং প্রফুল্লতা উৎপন্ন হয়। ইহা-তেই জীবের বীজ নিহিত থাকে *। পুরীষ, উপস্তম্ভ করে, শরীর এবং শরীরস্থ বায়ু ও অগ্নিকে ধারণ করে। মূত্র, বস্তি-পূরণ ও শরীরের ক্লেদ রহিত করে। স্বেদ, শরীরের ক্লেদমাত্র, ইহাতে ত্বকের কোমলতা হয়। আর্ত্তব-শোণিতও রক্তের ন্যায় কার্য্যকর এবং গর্ভ-কর।

গর্ভ কর্ত্তৃক গর্ভের লক্ষণ প্রকাশ পায়। স্তন্য, স্তনদ্বয়ের স্থূলত্ব এবং জীবনের কারণ। এই সমস্ত পদার্থকে যথাবিধি ক্রমে সম্যক্‌রূপে রক্ষা করা কর্ত্তব্য।

অতঃপর এই সকল পদার্থ ক্ষয় হইলে যে সকল লক্ষণ হয়, তাহা কহিব। সংশোধনীয় এবং সংশমনীয় দ্রব্যের অতি-মাত্রায় সেবন, বিষ্ঠা মূত্রের বেগ-ধারণ, অসাত্ম্য অর্থাৎ অনিয়মিত বা অস্বাভাবিক আহার, মনস্তাপ, শ্রম, অনশন ও অতিশয় মৈথুন, এই সকল কারণে শারীরিক পদার্থ সকল ক্ষয় হয়। তাহাদিগের মধ্যে বাত-ক্ষয় হইলে, মন্দ-চেষ্টতা অর্থাৎ সকল ইন্দ্রিয়ের শিথিলতা, বাক্‌শক্তির অল্পতা, অ-প্রফুল্লতা, এবং জ্ঞানের মূঢ়তা ঘটিয়া থাকে। পিত্ত-ক্ষয় হইলে, অগ্নির অর্থাৎ পিত্তের উষ্ণতার মান্দ্য হয়, এবং শরীর প্রভাহীন হয়। শ্লেষ্মা-ক্ষয়ে রুক্ষতা, অন্তর্দাহ, আমাশয়, পক্বাশয় এবং মস্তকের শূন্যতা অর্থাৎ ভারহীন, লঘু—যাহাকে খালী খালী বলে, সন্ধি সকলের শিথিলতা, তৃষ্ণা, দৌর্ব্বল্য এবং নিদ্রা হীনতা ঘটে। বায়ু, পিত্ত বা শ্লেষ্মা ক্ষীণ

* শুক্রের দ্বারাই পিতার শারীরিক ও মানসিক প্রকৃতি পুত্রে প্রবর্ত্তিত হয়। অতএব দেহের সমস্ত সার অংশ শুক্রে নিহিত থাকে।

হইলে, তাহা যে দ্রব্য দ্বারা বৃদ্ধি হয়, এরূপ দ্রব্যের সেবনই তাহার প্রতীকার। রস-ক্ষয় হইলে, হৃদয়ের পীড়া, কম্প, শূন্যতা এবং তৃষ্ণা জন্মে। শোণিত-ক্ষয় হইলে, ত্বকের রুক্ষ ভাব ও সিরা সকল শিথিল হয়, এবং অম্ল ও শীতল-দ্রব্যে অভিলাষ জন্মে। মাংস-ক্ষয়ে, নিতম্ব, গণ্ড, ওষ্ঠ, উপস্থ, উরু, বক্ষ, কক্ষা, নাভি, উদর এবং গ্রীবা, ইহা-দিগের শুষ্কতা, শরীরের রুক্ষতা এবং পীড়া, শরীরের অবসাদ এবং ধমনীর শৈথিল্য, এই সকল লক্ষণ হইয়া থাকে। মেদ-ক্ষয় হইলে, প্লীহা-বৃদ্ধি, সন্ধি-স্থানের শূন্যতা, রুক্ষতা এবং কোমল মাংসে অভি-লাষ, এই সকল উপসর্গ হইয়া থাকে। অস্থি-ক্ষয়ে, অস্থি-পীড়া, দন্ত ও নখ ভঙ্গ এবং দেহের রুক্ষতা জন্মিয়া থাকে। মজ্জা-ক্ষয় হইলে, শুক্রের অল্পতা, পর্ব্ব-ভেদ, অস্থি-নিস্তোদ (অস্থি-স্থানে বেদনা), এবং অস্থি-শূন্যতা (অস্থির আভ্যন্তরিক স্থান শূন্য হওয়া) ঘটিয়া থাকে। শুক্র-ক্ষয়ে, মেঢ্র এবং মুষ্ক দেশে বেদনা ও মৈথুনে অশক্তি জন্মে, অথবা বিলম্বে রেতঃপতন হয়, এবং পতন-কালে অল্প রক্তের সহিত শুক্র দৃষ্ট হয়। কোন ধাতু ক্ষীণ হইলে, যে দ্রব্যে সেই ধাতুর বৃদ্ধি হয়, সেই দ্রব্যের সেবনই তাহার প্রতীকার। পুরীষ-ক্ষয়ে, হৃদয়ের পার্শ্বদেশে পীড়া জন্মে, এবং বায়ু শব্দ করিয়া উর্দ্ধাদিকে গমন ও কুক্ষি-দেশে সঞ্চরণ করে। মূত্র-ক্ষয়ে, বস্তিদেশে বেদনা এবং মূত্রের অল্পতা হয়। পুরীষ বা মূত্র ক্ষয় হইলে, যে সকল দ্রব্যে তাহার বৃদ্ধি হয়, সেই সকল দ্রব্যের সেবনই তাহার প্রতীকার। স্বেদ-ক্ষয়ে, রোম-কূপের স্তব্ধতা, ত্বক্-শোষ অর্থাৎ গায়ে তৈলাদি মাখিলে শুষ্ক হইয়া যায়, স্পর্শের বৈগুণ্য অর্থাৎ স্পর্শ-জ্ঞানের হানি হয়, এবং ঘর্ম্ম হয় না। স্বেদ-ক্ষয় হইলে, তৈলাদি মর্দ্দন করিবে, এবং যাহাতে ঘর্ম্ম হয়, এইরূপ ক্রিয়া করিবে *। আর্ত্তব-ক্ষয়ে, যথোচিত কালে অর্থাৎ প্রতিমাসে আর্ত্তব

---

* ঘর্ম্ম করাইবার প্রণালী পশ্চাৎ বলা হইয়াছে।

শোণিতের একবারে অদর্শন, অথবা অল্প পরিমাণে দৃষ্ট হয়, এবং যোনি-দেশে বেদনা হয়। আর্ত্তব-শোণিতের ক্ষয় হইলে, সংশোধনী * এবং আগ্নেয় (অগ্নিকর) দ্রব্যের যথাবিধি প্রয়োগ করিবে। স্তন্য অর্থাৎ স্তন-দুগ্ধের ক্ষয় হইলে, স্তন-দ্বয়ের ম্লানতা হয়, এবং স্তন্য একবারে জন্মে না, অথবা অল্পই উৎপত্তি হয়। স্তন্য-ক্ষয়ে শ্লেষ্মা-বৃদ্ধিকর দ্রব্য সেবন করিবে। গর্ভ-ক্ষয় হইলে, কুক্ষি-দেশ অর্থাৎ তল-পেট উচ্চ থাকে না, গর্ভের স্পন্দন রহিত হয়। তাহাতে দুগ্ধ-সংযোগে বস্তিক্রিয়া করিবে, এবং মেদ-জনক আহার প্রদান করিবে।

অতঃপর ইহাদিগের বৃদ্ধি হইলে, অর্থাৎ এই দোষ, ধাতু এবং মলের পরিমাণ অধিক হইলে, যেরূপ লক্ষণ হয়, তাহা কহিব। দোষ-বৃদ্ধি-কর আহার বিহারেই ইহার বৃদ্ধি হইয়া থাকে। বায়ু-বৃদ্ধি হইলে, ত্বকের পারুষ্য অর্থাৎ কোমল-ভাব রহিত হওয়া, কৃশতা, কৃষ্ণবর্ণতা, গাত্রের স্ফুরণ অর্থাৎ ঈষৎ কম্প, উষ্ণ দ্রব্যে অভিলাষ, নিদ্রানাশ, দুর্ব্বলতা এবং মলের কঠিনতা, এই সকল লক্ষণ হয়। পিত্ত-বৃদ্ধি হইলে, শরীরে পীতবর্ণ আভা, সন্তাপ, শীতল দ্রব্যের অভিলাষ, নিদ্রার অল্পতা, মূর্চ্ছা, বল-হানি, ইন্দ্রিয়ের দুর্ব্বলতা, ও বিষ্ঠা মূত্র এবং চক্ষু পীত-বর্ণ হইয়া থাকে। শ্লেষ্মা-বৃদ্ধি হইলে, শরীরের শুক্লবর্ণতা, শীতলতা, স্থিরতা, গৌরব অর্থাৎ ভার, অবসাদ, তন্দ্রা, নিদ্রা এবং সন্ধি-স্থানের অস্থির বিশ্লেষ, এই সকল লক্ষণ হইয়া থাকে। রস অতিশয় বৃদ্ধি হইলে, হৃদয়ের উৎক্লেদ এবং প্রসেক (লালা বা শ্লেষ্মা নিঃসরণ) জন্মিয়া থাকে। রক্ত অতিশয় বৃদ্ধি হইলে, শরীর এবং চক্ষুঃ রক্তবর্ণ, এবং সিরা সকলের পূর্ণ-ভাব হইয়া থাকে। মাংস অতিশয় বৃদ্ধি হইলে, নিতম্ব, গণ্ড, ওষ্ঠ, উপস্থ, উরু, বাহু এবং জঙ্ঘা, এই সকল স্থান বৃদ্ধি হইয়া থাকে, এবং দেহের গুরুত্ব জন্মে অর্থাৎ ভার বোধ হয়। মেদ অতি-

* সংশোধনীয় দ্রব্য শোধনীয় ও শমনীয় দ্রব্যগণের অধ্যায়ে বক্তব্য।

শয় বৃদ্ধি হইলে, উদরের পার্শ্বভাগ বৃদ্ধি হয়, কাশ শ্বাস প্রভৃতি রোগ জন্মে, এবং শরীরের চিক্কণতা ও দৌর্গন্ধ্য জন্মে। অস্থি-বৃদ্ধি হইলে, অধ্যস্থি অর্থাৎ বৃহদস্থির নিকট ক্ষুদ্র অস্থি ও অধিদন্ত অর্থাৎ গজদন্ত জন্মে। মজ্জা অতিশয় বৃদ্ধি হইলে, সকল শরীর এবং চক্ষুঃ ভার বোধ হয়। শুক্র-বৃদ্ধি হইলে, শুক্রাশ্মরী (এক প্রকার পাথুরে রোগ), এবং অতিশয় শুক্র নির্গত হইয়া থাকে। পুরীষ-বৃদ্ধি হইলে, তলপেট ভার হয় ও কুক্ষিদেশে বেদনা জন্মে। মূত্র-বৃদ্ধি হইলে, মুহুর্মুহুঃ মূত্র-প্রবৃত্তি, বস্তি-দেশে বেদনা এবং আধ্মান (ফাঁপা) হয়। স্বেদ অতিশয় বৃদ্ধি-হইলে, ত্বকে অতিশয় দুর্গন্ধ এবং কণ্ডু হইয়া থাকে। আর্ত্তব-বৃদ্ধি হইলে, অঙ্গমর্দ্দ অর্থাৎ শরীরের কামড়ানী, অতিরিক্ত শোণিতস্রাব এবং দুর্ব্বলতা হইয়া থাকে। স্তন্য-বৃদ্ধি হইলে, স্তনদ্বয়ের স্থূলত্ব, মুহুর্মুহুঃ দুগ্ধ-নিঃসরণ এবং স্তনদ্বয়ে বেদনা হয়। গর্ভ অতিশয় বৃদ্ধি হইলে, জঠর-বৃদ্ধি এবং শোথ হয়। ধাতু সকলের মধ্যে কোন ধাতু বৃদ্ধি হইলে, সংশোধনী এবং অবিরুদ্ধ ক্রিয়া-বিশেষের দ্বারা ক্ষয় করাই তাহার প্রতীকার।

পূর্ব্ব পূর্ব্ব ধাতু অতিশয় বৃদ্ধি হইলে, পর পর ধাতু সকলও বৃদ্ধি প্রাপ্ত হয়। অতএব যে সকল ধাতু অতিশয় বৃদ্ধি হয়, তাহাদিগকে হ্রাস করিবার নিমিত্ত প্রতীকার করা কর্ত্তব্য *।

অতঃপর বলের লক্ষণ এবং বল-ক্ষয়ের লক্ষণ কহিতেছি। রস হইতে শুক্র পর্য্যন্ত সপ্ত ধাতুর যে পরম তেজোভাগ, তাহাকে ওজঃ কহে। আয়ুর্ব্বেদ-শাস্ত্রের সিদ্ধান্ত-মতে সেই ওজই বল নামে কথিত হইয়াছে। বল থাকিলে মাংস দৃঢ় এবং পুষ্ট হয়, সকল কার্য্যে উৎসাহ

* পূর্ব্ব পূর্ব্ব ধাতু অতিশয় বৃদ্ধি হইলে পরবর্ত্তী ধাতুও অতিশয় বৃদ্ধি হয়, অর্থাৎ রস অতিশয় বৃদ্ধি হইলে রক্তও অতিশয় বৃদ্ধি হয়, রক্ত অতিশয় বৃদ্ধি হইলে মাংস অতিশয় বৃদ্ধি হয়; এইরূপ যথাক্রমে বৃদ্ধি হইয়া থাকে।

থাকে, স্বর এবং শরীরের বর্ণ প্রসন্ন-ভাবে থাকে, বাহ্য এবং অন্তরস্থ সকল ইন্দ্রিয় অবাধে স্ব স্ব কার্য্য নির্ব্বাহ করে।

শরীরস্থ ওজঃ সোম-গুণ-বিশিষ্ট, স্নিগ্ধ, শ্বেত-বর্ণ, শীতল, স্থির, সরস, মৃদু এবং সুগন্ধ-বিশিষ্ট। ইহা শরীর-মধ্যে গুপ্তভাবে থাকে, এবং ইহার দ্বারা প্রাণ-রক্ষা হয়। প্রাণীদিগের দেহের সকল অবয়বে ইহা ব্যাপ্ত হইয়া থাকে। তাহার অভাবে শরীর শীর্ণ হইয়া যায়। সকল ধাতু হইতে যে সার নিঃসৃত হয়, তাহাই ওজঃ। মানসিক ও ও শারীরিক ক্লেশ, ক্রোধ, শোক, একাগ্রচিন্তা, শ্রম এবং ক্ষুধা (আহার না করিলে), এই সকল কারণে সেই ওজের ক্ষয় হয়। ওজঃ-ক্ষয় হইলে প্রাণি-গণের তেজেরও ক্ষয় হয়।

সেই ওজঃ বা বলের বিস্রংসা (অপ্রসন্নতা), ব্যাপৎ (বিকৃতি), অথবা ক্ষয় হইলে যেপ্রকার লক্ষণ হয়, তাহা কহিতেছি। সন্ধিস্থানের শিথিলতা, শরীরের অবসন্নতা, বাত, পিত্ত, শ্লেষ্মার চ্যবন (প্রকোপ), এবং ক্রিয়ার নিরোধ (শারীরিক ক্রিয়ার অভাব), বলের বিস্রংসা হইলে এই সকল লক্ষণ ঘটিয়া থাকে। বল ব্যাপন্ন হইলে, শরীরের স্তব্ধতা ও ভার, বায়ু-জন্য শোফ, বর্ণের বিভিন্নতা, গ্লানি, তন্দ্রা ও নিদ্রা, এই সকল লক্ষণ হইয়া থাকে। বল-ক্ষয় হইলে, মূর্চ্ছা, মাংস-ক্ষয়, মোহ, প্রলাপ এবং মৃত্যুও হইয়া থাকে।

বলের তিনপ্রকার দোষ, ব্যাপৎ, বিস্রংসা এবং ক্ষয়। শরীরের শিথিলতা, অবসন্নতা ও শ্রান্তি, বায়ু পিত্ত ও কফের বিকৃতি, এবং শরীরের ইন্দ্রিয়-কার্য্য স্বভাবতঃ যে পরিমাণে হইয়া থাকে সেই পরিমাণে না হওয়া অথবা না পারা, বলের বিস্রংসা হইলে এই সকল লক্ষণ ঘটিয়া থাকে। শরীরের ভার, স্তব্ধতা এবং গ্লানি, শারীরিক বর্ণের বিভিন্নতা, তন্দ্রা, নিদ্রা, এবং বায়ু-জন্য শোফ, বল ব্যাপন্ন হইলে এই সকল লক্ষণ ঘটিয়া থাকে। বলের ক্ষয় হইলে মূর্চ্ছা, মাংস-ক্ষয়, মোহ, প্রলাপ ও অজ্ঞান, এই সকল লক্ষণ এবং পূর্ব্বোক্ত সকল লক্ষণ

অথবা মৃত্যু পর্য্যন্তও ঘটিয়া থাকে। বলের বিস্রংসা এবং ব্যাপৎ হইলে, নানাপ্রকার অবিরুদ্ধ প্রতীকারের দ্বারা তাহাকে স্বাভাবিক অবস্থায় আনিবে *। দুর্ব্বলতা-জন্য যদি জ্ঞান-শূন্য প্রভৃতি লক্ষণ ঘটে, তবে সেই রোগীকে পরিত্যাগ করিবে †।

শরীরস্থ তেজও আগ্নেয়। সকল ধাতুর অন্তরে যে স্নেহ (ঘৃত তৈলের ন্যায় পিচ্ছিল) পদার্থ থাকে, ধাতুর পরিপাক-কালে সেই সকল স্নেহ পদার্থ হইতে শরীরের তেজঃস্বরূপ বসা নামক ধাতু জন্মে। বসা ধাতু স্ত্রীলোকদিগের শরীরে অধিক পরিমাণে জন্মিয়া থাকে। তাহার দ্বারা শরীরের কোমলতা, সৌন্দর্য্য, উৎসাহ, দৃষ্টি, স্থিতি, পরি-পাক-শক্তি. কান্তি ও দীপ্তি জন্মে, এবং শরীরের রোম অল্প ও কোমল হয়। কষায়, তিক্ত, শীতল. রুক্ষ অথবা মলমূত্র-রোধক পদার্থ সেবন করিলে, অথবা স্ত্রী-সংসর্গ, ব্যায়াম বা ব্যাধি কর্ত্তৃক কৃশ হইলে, সেই বসা ধাতু বিকৃত হয়। বসা ধাতু বিকৃত হইয়া অপ্রসন্নভাবে থাকিলে, ত্বকের পারুষ্য, বর্ণের বিভিন্নতা, গাত্র বেদনা বা কামড়ানি, অথবা শরীর প্রভা-শূন্য হইয়া থাকে। ব্যাপন্ন হইলে শরীরের কৃশতা, অগ্নি-মান্দ্য, শরীর হইতে অধঃ ও তির্য্যক্ ভাগে ক্ষরণ, এই সকল ঘটিয়া থাকে। এবং ক্ষয় হইলে, দৃষ্টির, অগ্নির ও বলের হানি, বায়ুর প্রকোপ অথবা মৃত্যু হইয়া থাকে। বসা ধাতুর বিকৃতি হইলে পূর্ব্বোক্ত তিন অবস্থাতেই স্নেহদ্রব্য পান করা ও তাহা শরীরে মর্দ্দন, লেপন বা পরি-ষেচন করা, এবং স্নিগ্ধ অথচ লঘু, এরূপ দ্রব্য ভোজন করা, বিধেয়।

---

* যে প্রতীকারের দ্বারা শরীরে অন্য কোন দোষ বৃদ্ধি না হইয়া বল রক্ষা হয়, তাহাই এস্থলে অবিরুদ্ধ ক্রিয়া বলিয়া কথিত হইয়াছে। তাহাতে শারীরিক সকল অবস্থা-বিবেচনা করিয়া আহারাদির নিয়ম, এবং ক্রিয়াবিশেষের আচরণই গ্রন্থকারের অভিপ্রেত বলিয়া বোধ হইতেছে।

† জ্ঞান-শূন্য প্রভৃতি লক্ষণ বলাতে মূর্চ্ছা, মাংসক্ষয় প্রভৃতি উপরোক্ত পাঁচটী লক্ষণ বুঝায়।

দোষ (বায়ু, পিত্ত, কফ), সপ্ত ধাতু, মল, অথবা বল (ওজঃ ধাতু), ইহাদিগের মধ্যে কোন একটীর ক্ষয় হইলে, যেপ্রকার আহারের দ্বারা সেই ক্ষয়টীর পূরণ হয়, ক্ষীণ অবস্থায় সেইপ্রকার আহারেই লোকের অভিলাষ জন্মে। ক্ষীণ ব্যক্তির যে যেপ্রকার আহার করিতে আকাঙ্ক্ষা হয়, সেই সেইপ্রকার আহার প্রাপ্ত হইলেই তাহার শারীরিক ক্ষয়প্রাপ্ত অংশের পূরণ হয় *। ধাতু-ক্ষয়-প্রযুক্ত রোগীর চেতন-শক্তি এবং ইন্দ্রিয়-কার্য্য বায়ুকর্ত্তৃক রহিত হইলে, অথবা রোগীর বল অত্যর্থ ক্ষীণ হইলে, চিকিৎসা করিতে পারা যায় না।

রসের ন্যূনাধিক্য বশতই শরীর কৃশ বা স্থূল হইয়া থাকে। শ্লেষ্মা-জনক দ্রব্য আহার, অধিক পরিমাণে আহার, পরিশ্রম না করা এবং দিবা-ভাগে নিদ্রা যাওয়া, এই সকল কারণে মধুরতর অন্নরস উত্তম পরিপাক না হইয়াই সর্ব্ব শরীরে সঞ্চারিত হইতে থাকে। তাহাতে শরীরে অতিশয় স্নেহ (তৈলাক্ত) পদার্থ জন্মে। সেই স্নেহ পদার্থের আধিক্য হেতু মেদ জন্মে। সেই মেদ কর্ত্তৃক শরীর অতিশয় স্থূল হয়।

* যে দোষ বা যে ধাতু ক্ষীণ হইলে যে দ্রব্যে অভিলাষ জন্মে, সেই দ্রব্যের আহারেই সেই দোষ বা সেই ধাতুর পুষ্টি হয়; যথা, অতিশয় পিত্ত-বৃদ্ধি হইয়া শ্লেষ্মা-ক্ষয় হইলে শীতল দ্রব্যে অভিলাষ জন্মে, শীতল দ্রব্য সেবনে শ্লেষ্মা-বৃদ্ধি হয়। এবং কোন রোগ হইতে উত্তীর্ণ হইলে, শরীর যাবৎ ক্ষীণ থাকে, তাবৎ আহারীয় দ্রব্যে যে অধিকতর আকাঙ্ক্ষা দেখা যায়, তাহা সেই ক্ষীণতার পূরণের নিমিত্ত স্বভাবতই হইয়া থাকে। ইহা আধুনিক শারীরতত্ত্ববেত্তাদিগেরও অভিমত। ইহাতেই বিবেচনা হয় যে, শরীরে যে পদার্থ যে পরিমাণে থাকা উচিত, তাহার ন্যূন হইলে, সমস্ত শারীরিক প্রকৃতিই যেন সেই ক্ষতি-পূরণের নিমিত্ত যত্নবান্ হয়। অতএব যে ধাতু-ক্ষয় হয়, সেই ধাতু যাহাতে জন্মে, এরূপ দ্রব্য আহারেই অভিলাষ হইয়া থাকে, গ্রন্থকারের এই অভিপ্রায় অসঙ্গত নহে। সুতরাং ক্ষীণ অবস্থায় কোনপ্রকার আহারে অভিলাষ জন্মিলে, এইটী বুঝিতে হইবে যে, সেই ক্ষীণ অবস্থায় শারীরিক ক্ষতি পূরণ করিবার নিমিত্ত প্রকৃতিই তাহা আকাঙ্ক্ষা করিতেছে। তবে শারীরিক অন্যান্য অবস্থা, অগ্নির দীপ্তি ও পরিপাক-শক্তি অনুসারে তাহার বিধান করা কর্ত্তব্য।

শরীর অতিশয় স্থূল হইলে ক্ষুদ্রশ্বাস (অল্প পরিশ্রমে হাঁপাইয়া উঠা), পিপাসা, ক্ষুধা, নিদ্রা, ঘর্ম্ম, শরীরের দৌর্গন্ধ্য, ক্রথন, অবসন্নতা এবং জড়তা, এই সকল উপসর্গের দ্বারা অভিভূত হয়। অধিক পরিমাণে মেদ জন্মিলে শরীরের সৌন্দর্য্য হয়, কিন্তু পরিশ্রম করিতে অশক্ত হয়। কফ ও মেদ কর্তৃক শরীরের সকল সিরা-পথ রুদ্ধ হওয়াতে স্ত্রীসংসর্গ-শক্তিও হ্রাস হয়, এবং অস্থি, মজ্জা ও শুক্র, শরীরের এই তিন অবশিষ্ট ধাতুরও পুষ্টি হয় না। শরীর এপ্রকার স্থূল হইলে, প্রমেহ, পীড়ক-প্রমেহ, জ্বর, ভগন্দর, বিদ্রধি ও নানাবিধ বাত রোগ, এই সকল রোগের মধ্যে কোন একটী রোগে মৃত্যু হইয়া থাকে। অথবা সিরাপথ রুদ্ধ হওয়াতে এই সমস্ত রোগই বলবান্ হইয়া উঠে। অতএব যে সকল কার্য্যের দ্বারা শরীর অতিশয় স্থূল হয়, সেই সকল কার্য্য পরিত্যাগ করিবে। কিন্তু স্থূল হইয়া পড়িলে, শিলা-জতু, গুগ্গুল, গোমূত্র, ত্রিফলা, লৌহ-চূর্ণ, রসাঞ্জন, মধু, যব, মুগ, কোরদূষক (ধান্য-বিশেষ), শ্যামা (শস্য-বিশেষ), ও কোদ্দালক (ধান্য-বিশেষ), এই সকল দ্রব্য এবং রুক্ষ ও বমনকারক দ্রব্য, বিধি-পূর্ব্বক আহার করিবে, এবং ব্যায়াম, শরীরের লেখন-ক্রিয়া ও বিরেচক দ্রব্য সেবন করিবে। ইহাতে শরীরের স্থূলতার প্রতীকার হয়। যাহাতে বায়ু বৃদ্ধি হয় এরূপ দ্রব্য আহার, অতিশয় ব্যায়াম বা অতিশয় স্ত্রীসংসর্গ, ভয়, শোক, চিন্তা, রাত্রি-জাগরণ, পিপাসা (পান না করিলে), ক্ষুধা (সময়ে আহার না করিলে), ও কষায় রস সেবন, ইত্যাদি কারণে শরীর শুষ্ক হয়। শরীর শুষ্ক হইলে, সেই শুষ্ক অল্প রস শরীর-মধ্যে সঞ্চারিত হইয়া সমস্ত শরীরকে পোষণ করিতে পারে না। সুতরাং শরীর অতিশয় কৃশ হইয়া পড়ে। শরীর অতিশয় কৃশ হইলে, ক্ষুধা, পিপাসা, শীত, উষ্ণ, বাত ও বর্ষার প্রভাব সহ্য করিতে অসমর্থ হয়। নানাপ্রকার বাত-রোগে আক্রান্ত, ও অল্প পরি-শ্রমে ক্লান্ত হয়। এবং শ্বাস, কাশ, শোষ, প্লীহা, উদরী, অগ্নিমান্দ্য, গুল্ম ও রক্ত-পিত্ত, এই সকল রোগের মধ্যে কোন একটী রোগে মৃত্যু হইয়া

থাকে, অথবা অল্প-প্রাণ প্রযুক্ত এই সকল রোগগুলিই বলবান্ হইয়া উঠে। অতএব যে সকল ক্রিয়ার দ্বারা শরীর কৃশ হয়, সেই সকল ক্রিয়া পরিত্যাগ করিবে। শরীর কৃশ হইলে, ক্ষীরকাকোলী, অশ্বগন্ধা, বিদারী, বিদারীগন্ধা (শালপর্ণী), শত-মূলী, বলা, অতিবলা (পীতবেড়লা), নাগ-বলা (গোরক্ষ চাউলে) ইত্যাদি মধুর-রস-বিশিষ্ট সকল ওষধি সেবন করিবে। ক্ষীর, দধি, ঘৃত, মাংস, শালি ও ষাট ধান্যের তণ্ডুল, যব এবং গোধূম প্রভৃতি দ্রব্য আহার করিবে। এবং দিবা-নিদ্রা, ব্রহ্মচর্য্য (স্ত্রী-সঙ্গ-রহিত), ব্যায়াম ও পুষ্টিকর দ্রব্য ভোজন, এই ক্রিয়াগুলিও করিবে। যে ব্যক্তি পুষ্টিকর ও ক্ষীণকর উভয়প্রকার দ্রব্য আহার করে, তাহার শরীরে অন্নরস সঞ্চারিত হইয়া সকল ধাতুকে সমান-ভাবে পোষণ করে। শরীরের সকল ধাতু সমান-ভাবে জন্মিলে, শরীর স্থূল বা কৃশ না হইয়া মধ্যম-ভাবে থাকে, সকল কার্য্যে সমর্থ হয়, ক্ষুধা, পিপাসা, শীতল, উষ্ণ, বর্ষা ও রৌদ্র সহ্য করিতে পারে, এবং বলবান্ হয়। অতএব শরীর যাহাতে মধ্যম-ভাবে থাকে, সেইরূপ কার্য্য করাই কর্ত্তব্য।

স্থূল এবং কৃশ, এই উভয়প্রকার শরীরই নিন্দনীয়। মধ্যম শরীরই সর্ব্বাপেক্ষা শ্রেষ্ঠ। স্থূল এবং কৃশের মধ্যে কৃশ শরীর বরং শ্রেয়স্কর। প্রজ্বলিত হইলে বহ্নি যেরূপ পাত্র-স্থিত জল শোষণ করে, কুপিত হইলে বায়ু, পিত্ত, কফও সেইরূপ শরীরস্থ সকল ধাতুকে ক্ষয় করে। শরীরস্থ দোষ (বায়ু, পিত্ত, কফ), ধাতু (সপ্ত ধাতু) এবং মল, ইহাদিগের কোন নিরূপিত পরিমাণ নাই। সুতরাং শরীরে ইহারা সমান ভাবে আছে কি না, তাহা অন্য কোন কারণের দ্বারা নির্ণয় করা যায় না। কেবল শরীর যখন স্বাস্থ্য অবস্থায় থাকে, তখনই সেই শরীরে দোষ, ধাতু ও মল সমান-ভাবে আছে বলিয়া চিকিৎসকেরা অবধারণ করেন। শরীরের ইন্দ্রিয়-সমস্ত অপ্রসন্ন-ভাবে থাকিলে, অভিজ্ঞ চিকিৎসকেরা অনুমান করিয়া থাকেন, যে সেই শরীরে দোষ, ধাতু এবং মল সমান-

ভাবে নাই। বায়ু পিত্ত কফ, অগ্নির দীপ্তি, সপ্ত ধাতু ও মলের ক্রিয়া (সরলতা) সমভাবে থাকিলে, এবং মনঃ, অন্তঃকরণ-বৃত্তি ও সকল ইন্দ্রিয় প্রসন্নভাবে থাকিলে, তাহাকেই স্বাস্থ্য অবস্থা কহে। শরীরের স্বাস্থ্য-রক্ষার নিমিত্তই যত্ন করিতে হয়। অস্বাস্থ্য অবস্থা ঘটিলে, রোগী যাবৎ স্বাস্থ্য অবস্থা প্রাপ্ত না হয়, তাবৎ প্রয়োজনানুসারে তাহার শরীরস্থ দোষ, ধাতু ও মলের ক্ষয় অথবা বৃদ্ধি করিবে।

ষোড়শ অধ্যায়।

কর্ণ-বেধ ও বন্ধন-প্রণালী *।

রক্ষা-ভূষণ ধারণ করিবার নিমিত্ত বালকের কর্ণদ্বয় বিদ্ধ করিবে। ষষ্ঠ অথবা সপ্তম মাসে, শুক্ল-পক্ষের প্রশস্ত দিবসে, মঙ্গলাচরণ ও স্বস্তি-বাচন পূর্ব্বক বালককে ধাত্রীর ক্রোড়ে উপবেশন করাইবে, এবং প্র-লোভনের দ্বারা সান্ত্বনা করিয়া বাম হস্তে তাহার কর্ণ ধারণ করিবে। তদনন্তর কর্ণপালীতে যে স্বাভাবিক ছিদ্রের যোগ্য স্থানটী সূর্য্য-কিরণ দ্বারা প্রকাশ পায়, সেই স্থানটী সূচীর দ্বারা সরলভাবে বিদ্ধ করিবে। বালকের দক্ষিণ কর্ণ এবং কন্যার বাম কর্ণ অগ্রে বিদ্ধ করিবে। বিদ্ধ করা হইলে সেই ছিদ্র-মধ্যে তুলার পলিতা প্রবেশ করাইবে, এবং সেই স্থানে অপক্ক তৈল সেচন করিবে। বিদ্ধ করিলে কর্ণে যদি কোন উপদ্রব না জন্মে, তবে পূর্ব্বোক্ত ছিদ্র-যোগ্য স্থানই বিদ্ধ হইয়াছে বলিতে হইবে। সেই স্থান ভিন্ন অন্য স্থান বিদ্ধ হইলে, অতিশয় রক্ত নিঃসরণ হয় ও বেদনা জন্মে। অনভিজ্ঞ বৈদ্য কর্ত্তৃক কর্ণের শিরা বিদ্ধ হইলে, কালিকা, কর্ম্মরিকা ও লোহিতিকা, এই তিনপ্রকার উপদ্রব জন্মে। কালিকা নামক উপদ্রব ঘটিলে, জ্বর, দাহ, কর্ণে শোফ এবং

* কর্ণ বিদ্ধ করিতে গেলে কোন কোন স্থলে কর্ণ ক্ষত হইয়া যায়। রক্ষা-ভূষণ ধারণ করিবার নিমিত্ত সেই ক্ষতস্থানে স্বতন্ত্র মাংস বসাইয়া পূরণ করাকে কর্ণ-বন্ধন অথবা কাণ-বাঁধান বলে।

বেদনা জন্মে। মর্ম্মরিকা উপদ্রব ঘটিলে, বেদনা, জ্বর ও গ্রন্থি-রোগ হয়। লোহিতিকা উপদ্রবে মন্যাস্তম্ভ (যাহাতে ঘাড় ফেরে না), অপতানক (বায়ু-রোগ, যাহাতে অজ্ঞান হয় ও হাত পা আছড়ায়), শিরঃপীড়া ও কর্ণ-শূল জন্মে। সেই সকল উপদ্রবের কারণ বিবেচনা করিয়া প্রতীকার করিবে। বক্র, স্থূলাগ্র (মোটা মুখ), অথবা অপ্রশস্ত সূচীর দ্বারা বিদ্ধ হইলে, পলিতা অতিশয় স্থূল হইলে; বায়ু পিত্ত কফ কুপিত হইলে, অথবা অপ্রশস্ত-রূপে বিদ্ধ হইলে, কর্ণে সংরম্ভ (কট্‌কটানি) ও বেদনা হয়। তাহা হইলে পলিতাটী কর্ণ হইতে বাহির করিয়া ফেলিবে, এবং যাবৎ ঘা পূরিয়া না উঠে, তাবৎ যষ্টিমধু, এরণ্ড মূল, মঞ্জিষ্ঠা, যব ও তিল, এই সকল দ্রব্যের কল্কের (শিলাতে পিষ্ট দ্রব্যকে কল্ক কহে) সহিত ঘৃত ও মধু মিশ্রিত করিয়া সেই স্থানে প্রলেপ দিবে। ঘা পূরিয়া উঠিলে পূর্ব্বোক্ত বিধানমতে পুনর্ব্বার সেই কর্ণ বিদ্ধ করিবে। তিন দিন অন্তর ছিদ্রের পলিতা পরিবর্ত্তন করিয়া দিবে, এবং প্রতি-বারে পলিতাটী পূর্ব্বাপেক্ষা কিছু স্থূলতর করিবে। অনন্তর বিদ্ধ স্থানটী সম্যক্-রূপে নির্দ্দোষ এবং উপদ্রব-রহিত হইলে, কর্ণের পালী বৃদ্ধি করিবে। কর্ণ-পালী * বৃদ্ধি করিবার নিমিত্ত যে সকল সহজ প্রণালী আছে, তাহাই অবলম্বন করিবে। কর্ণ-পালী বর্দ্ধিত করিবার কালে, বায়ু পিত্ত কফ বিকৃত হইয়া পালীতে কোনপ্রকার রোগ জন্মাইলে, তদ্দ্বারা সেই পালী যদি খণ্ডিত-ভাবে ছিন্ন হইয়া পড়ে, অথবা কোন অস্ত্রাদির আঘাতে কোনপ্রকারে ছিন্ন হইয়া যায়, সেই ছিন্ন-পালী যেরূপে সংযোগ করিতে হইবে, তাহা কহিতেছি, শ্রবণ কর। যদি কাহারও কর্ণের উপরিভাগে ও নিম্নভাগে পালী না থাকে, তাহার কর্ণ-পীঠের মধ্যস্থান বিদ্ধ করিয়া ঊর্দ্ধভাগে ও নিম্নভাগে কর্ণের পাতা বর্দ্ধিত করিবে। তাহাতে কর্ণের অন্তরস্থ ভাগ দীর্ঘ হইলে বাহিরে

* কর্ণপালী অর্থাৎ কর্ণের পাটা অথবা পাতা, কর্ণ-বিবরের বহির্ভাগে যে স্থানে কর্ণভূষণ থাকে, তাহাকে কর্ণের পাটা বা পালী কহে।

সন্ধি-স্থান হইবে, এবং বহির্ভাগ দীর্ঘ হইলে সন্ধি-স্থানটী অন্তরে হইবে। যদি একটীমাত্র, অচল, স্থূল পালী কর্ণের নিম্নভাগে থাকে, এবং উপরিভাগে পালী একেবারেই না থাকে, তবে সেই পালীকে দুই খণ্ডে ছেদ করিয়া, তাহার অর্দ্ধ খণ্ড লইয়া কর্ণপীঠের উপরিভাগে সংযোগ করিয়া দিবে। অথবা জীবিত ব্যক্তির গণ্ড-দেশ হইতে মাংস ছেদন করিয়া লইবে, এবং কর্ণের পালী-রহিত স্থানে লেখন কার্য্যের দ্বারা রক্ত বাহির করিয়া, তাহাতেই সেই মাংস সংযোগ করিয়া পালী প্রস্তুত করিবে।

পূর্ব্বোক্ত কোনপ্রকারে সংযোগ করিয়া কর্ণ বন্ধন * করিতে হইলে, অগ্রোপহরণীয় অধ্যায়ে যে সকল দ্রব্যের উল্লেখ করা হইয়াছে, অগ্রে সেই সকল দ্রব্য আহরণ করিতে হইবে। বিশেষতঃ সুরামণ্ড (মদের ফেণা), দুগ্ধ, জল, ধান্যাম্ল (কাঁজি), এবং কপাল-চূর্ণ (মৃত

---

* কর্ণ বন্ধন অর্থাৎ কাণ বাঁধান, কর্ণের পাটা খণ্ড খণ্ড হইলে অথবা তাহার কোন অংশ এককালে ছিন্ন হইয়া পড়িলে, খণ্ডিত স্থান পরস্পর সংযোগ করাকে, অথবা সেই ছিন্ন স্থানে অন্য মাংস লইয়া সংযোগ করাকে, কর্ণ-বন্ধন কহে। কর্ণ যেরূপে ছিন্ন বা খণ্ডিত হউক, তাহাকে বন্ধন করা যায়। কেবল নিম্নলিখিত পাঁচপ্রকার পাটার বন্ধন করা যায় না। তাহাদিগের নাম যথা, সঙ্ক্ষিপ্ত, হীন-কর্ণ, বল্লী-কর্ণ, যষ্টি-কর্ণ ও কাকৌষ্ঠক। কর্ণচ্ছিদ্র শুষ্ক ও কোন স্থানে অল্প পাটা আছে, কোন স্থানে নাই, তাহাকে সঙ্ক্ষিপ্ত কহে। যে পাটার শরীরের সহিত সংযোগ-স্থানটীর পরিসর অল্প ও উপরিভাগে ও নিম্নে এই উভয় পার্শ্বে মাংস রহিত, তাহাকে হীন-কর্ণ বলে। তনু (পাতলা) এবং ছোট পালী বিপরীতভাবে থাকিলে, তাহাকে বল্লী-কর্ণ কহে। যে পাটা মাংস-পিণ্ডের ন্যায় স্পন্দ-রহিত ও শিরাতে পরিপূর্ণ, সেই সূক্ষ্ম পাটাকে যষ্টি-কর্ণ বহে। যে পাটা মাংস-রহিত ও অল্প-রক্তবিশিষ্ট এবং যাহার অগ্রভাগ সঙ্কোচিত, তাহাকে কাকৌষ্ঠক কহে। এই পঞ্চ প্রকারের মধ্যে কোনপ্রকার অবস্থা ঘটিলে, কর্ণ-পাটা বন্ধন করা যায় না। কর্ণপাটা বন্ধন করিলে যদি বন্ধন-স্থানে ফুলা, দাহ, রক্ত-বর্ণ, পাক, ক্ষুদ্র ক্ষুদ্র ব্রণ ও রস নিঃসৃত হইতে থাকে, তবে যেমন পাটাই হউক, তাহাতে বন্ধন সিদ্ধি হয় না।

শরীরের মস্তকের অস্থি-চূর্ণ), এইগুলি এ স্থলে আহরণ করা প্রয়োজন। তদনন্তর স্ত্রী বা পুরুষ যাঁহার কর্ণ বন্ধন করিতে হইবে, তিনি লঘু-ভোজন করিয়া, কেশের অগ্রভাগ বন্ধন করিয়া ও আত্মীয়গণ কর্ত্তৃক বেষ্টিত হইয়া বসিবেন। বৈদ্য তাহার কর্ণে ছেদ্য, ভেদ্য, লেখ্য বা বেধ্য ক্রিয়া করিয়া, নিঃসৃত শোণিত দূষিত কি না, তাহা বিবেচনা করিবেন। যদি নিঃসৃত শোণিত বায়ু-কর্ত্তৃক দূষিত বলিয়া বোধ হয়, তবে ধান্যাম্ল এবং উষ্ণ জলের দ্বারা, পিত্ত-কর্ত্তৃক দূষিত হইলে শীতল জল এবং দুগ্ধের দ্বারা, এবং শ্লেষ্মা-কর্ত্তৃক দূষিত হইলে, সুরামণ্ড এবং উষ্ণ জলের দ্বারা প্রক্ষালন করাইবেন। অনন্তর কর্ণের যে স্থানে বন্ধন করিতে হইবে, সেই সন্ধি-স্থানে অগ্রে লেখন (শস্ত্রদ্বারা আঁচড়ান) করিবেন। লেখন করিলে যে রক্ত-পাত হইবে, সেই রক্ত থাকিতে থাকিতেই সেই স্থানে যে কোনপ্রকার সংযোগ করা প্রয়োজন, তাহা করিবেন। পালীটী সংযোগ করিবার সময় যেন উচ্চ, নিম্ন বা বিপরীত ভাবে সংযোগ করা না হয়। তদনন্তর সেই স্থান তুলা বা বস্ত্রের দ্বারা আচ্ছাদনপূর্ব্বক সূত্রের দ্বারা বন্ধন করিবেন ও তাহাতে কপাল-চূর্ণ প্রক্ষেপ করিবেন। সূত্রের বন্ধনটী যেন অতিশয় দৃঢ় বা শিথিল না হয়। এই কালে যে সকল নিয়ম পালন করিতে হইবে, রোগীকে তাহার উপদেশ দিবেন। দ্বিব্রণ রোগের যেরূপ চিকিৎসা-প্রণালী পশ্চাৎ বলা হইবে, সেই প্রণালীক্রমে এস্থলেও চিকিৎসা করিতে হইবে।

বিঘট্টন (ঘসড়া লাগা), দিবা-নিদ্রা, ব্যায়াম (কুস্তি), অতিশয় ভোজন, স্ত্রীসংসর্গ, অগ্নির উত্তাপ, অধিক বাক্যকথন, এবং পরিশ্রম, পরিত্যাগ করিবে। ত্রিরাত্র-কাল সেই স্থানে আম (কাঁচা) তৈল পরিষেচন করিবে। তিন দিনের পর বন্ধনের তুলা তৈলে ভিজাইয়া কর্ণ হইতে খুলিয়া লইবে। পূর্ব্বে বলা হইয়াছে যে; কর্ণ বন্ধন করিতে হইলে, কর্ণের যে স্থানে সংযোগ করিতে হইবে, সেই সন্ধি-স্থানটী লেখন

করিয়া রক্তমুখ করিবে। তাহাতে যাবৎ দূষিত রক্ত, অধিক রক্ত বা নিতান্ত অল্প রক্ত স্রাব হইতে থাকে, তাবৎ তাহাতে সংযোগ-কার্য্য করিবে না। যদি সংযোগ করা যায়, এবং সেই সংযোগ-স্থানে যদি বাত-কর্ত্তৃক দূষিত রক্ত থাকে, তবে বন্ধটী পূরিয়া উঠিলেও সংযোগের স্থানটী গহ্বর হইয়া যায়। যদি পিত্ত-কর্ত্তৃক দূষিত রক্ত থাকে, তবে সংযোগ-স্থানটী দাহ, পাক, রক্তবর্ণ এবং বেদনাবিশিষ্ট হয়। যদি শ্লেষ্মা-কর্ত্তৃক দূষিত রক্ত থাকে, তবে সংযোগ-স্থানটী স্থূল ও ভার হয়, এবং সেই স্থানে কণ্ডূ (চুলকনা) জন্মে। কর্ণের যে স্থানে সংযোগ করিতে হইবে, সেই স্থানে পূর্ব্বোক্তপ্রকারে লেখন করিলে যদি অতিশয় রক্ত নিঃসৃত হয়, তবে সংযোগ করিলে সে স্থানটী কৃষ্ণবর্ণ ও ফুলাবিশিষ্ট হয়। যদি অল্প রক্ত নিঃসৃত হয়, তবে সংযোগ-স্থানটী অল্প-মাংসবিশিষ্ট হয় এবং কর্ণপালীও সে স্থলে বৃদ্ধি হয় না। কর্ণ বন্ধন করিলে সংযোগ-স্থান যৎকালে উত্তমরূপে পূরিয়া উঠে, এবং উপদ্রব-শূন্য ও স্বাভাবিক বর্ণ-বিশিষ্ট হয়, তৎকালে ইহাকে অল্পে অল্পে বর্দ্ধিত করিবে। ইহার অন্যথা হইলে কর্ণে সংরম্ভ (কট্‌কটানি), দাহ, পাক, রক্তবর্ণ এবং বেদনা জন্মে। তাহাতে পুনর্ব্বার ছেদন করা প্রয়োজন হইতে পারে। অনন্তর কর্ণবন্ধনে অর্থাৎ কর্ণে যে সংযোগ করা যায়, সেই সংযোগ-স্থানে, পূর্ব্বোক্ত কোন প্রকার দোষ না থাকিলে ও উত্তমরূপে সংযুক্ত হইয়া ঘা পূরিয়া উঠিলে, কর্ণপালী বর্দ্ধিত করিবার নিমিত্ত নিম্নলিখিত মাখিবার ঔষধ কর্ণে মর্দ্দন করিবে। গোধা (গোসাপ), হিংস্রক পক্ষী, নির্জ্জল-দেশজাত পশুর বা পক্ষীর বসা এবং মজ্জা, দুগ্ধ, এবং ঘৃত অথবা শ্বেত সরিষার তৈল, এই সকল দ্রব্যের মধ্যে যাহা যাহা পাওয়া যায়, সংগ্রহ করিবে। তদনন্তর আকন্দ, শ্বেত আকন্দ, বেলেড়া, গোরক্ষ-চাকুলে, অনন্তমূল, আপাঙ্, অশ্বগন্ধা, শ্বেত ভূমিকুষ্মাণ্ড, শাল-

পালী, শৈবাল (জলের শেওলা) ও মধুর-বর্গ, * এই সকল দ্রব্য প্রক্ষেপ দিয়া পূর্ব্বোক্ত তৈল অথবা ঘৃত পাক করিবে †।

অনন্তর এই স্নেহ দ্রব্যের দ্বারা কর্ণ মর্দ্দন করিবে ও তাহাতে স্বেদ দিবে। ইহাতে উপদ্রব-রহিত ও দৃঢ় হইয়া কর্ণপালী বর্দ্ধিত হইতে থাকে। যব, অশ্বগন্ধা, যষ্টিমধু ও তিল, এই কয়েক দ্রব্য একত্র পেষণ করিয়া প্রলেপ দেওয়াও কর্ণের পক্ষে হিতকর। শতমূলী, অশ্বগন্ধা, ভূমিকুষ্মাণ্ড, এরণ্ডমূল, ক্ষীরকাকোলী, এরণ্ড ও জীবক, এই সকল দ্রব্যের সম-ভাগ ও দুগ্ধ, ইহাতে তৈল প্রস্তুত করিয়া কর্ণে মর্দ্দন করিলে, কর্ণের পালী বর্দ্ধিত হয়। এই বিধান-ক্রমে কর্ণ সংযুক্ত হইয়াও (জোড় লাগিয়াও) যদি বর্দ্ধিত না হয়, তবে তাহার অপাঙ্গ-দেশে অল্প ছেদন করিবে। কিন্তু বাহ্যভাগে ছেদন করিবে না, তাহাতে বিপদ্ ঘটিয়া থাকে। যেরূপ কাঁচা কলসীর দুই খণ্ড পরস্পর উত্তমরূপে সংযুক্ত না হইলে, অগ্নির উত্তাপে (পোড়াইবার কালে) বিশ্লিষ্ট হইয়া পড়ে, সেইরূপ কর্ণ-বন্ধনটী সংযুক্ত হইবামাত্র কর্ণপালী বাড়াইতে গেলে, বন্ধনটী বিশ্লিষ্ট হইয়া পড়ে (জোড় ছাড়িয়া যায়)। অতএব কর্ণ-বন্ধন করিলে যখন সেই স্থানে রোম জন্মে, সন্ধি-স্থানটী উত্তমরূপে সংযুক্ত, দৃঢ় ও সমান হয়, উত্তমরূপে পূরিয়া উঠে, এবং বেদনাশূন্য হয়, তখন সেই কর্ণপালী অল্পে অল্পে বর্দ্ধিত করিবে। কর্ণ-বন্ধন নানাপ্রকার। যে স্থলে যেরূপে বন্ধন করিলে বন্ধনটী কর্ণের সহিত উত্তমরূপে সংলগ্ন হয়, সেই স্থলে সেইরূপে বন্ধন করিবে।

হে বৎস সুশ্রুত, কর্ণপালীতে যে সমস্ত রোগ হয়, তাহা পুনর্ব্বার

---

* মধুর-বর্গ বলিতে কতকগুলি দ্রব্য বুঝায়, তাহা সূত্রস্থানের ৪২ অধ্যায়ে উল্লেখ করা হইয়াছে।

† ঘৃত /৪ চারি সের, গোসাপ ও পক্ষি-প্রভৃতির বসা বা মজ্জা /১ এক সের, দুগ্ধ /৪ চারি সের। প্রক্ষেপ দ্রব্য সমুদায় মিলিত করিয়া এক পোয়া (১৬ তোলা) লইবে। তৈল, ঘৃত বা ঔষধ পাক করিতে হইলে অভিজ্ঞ বৈদ্যের দ্বারা করান কর্ত্তব্য।

কহিতেছি, শ্রবণ কর। বায়ু পিত্ত কফ, এই তিনের মধ্যে দুইটী অথবা ইহারা সকলে কুপিত হইয়া কর্ণপালীতে নানাপ্রকার রোগ উৎপাদন করে। কর্ণপালীতে বায়ু বিকৃত হইলে, বিস্ফোটক, জড়তা ও শোফ (ফুলা) জন্মে। পিত্ত বিকৃত হইলে, দাহ, বিস্ফোটক ও শোফ হয়, এবং পাকিয়া উঠে। কফ বিকৃত হইলে, কণ্ডূ, শোথ, জড়তা ও ভার বোধ হয়। পালীতে যে কিছু দোষ থাকে, তাহা সংশোধন করিয়া চিকিৎসা করাই কর্ত্তব্য। স্বেদ, ঘৃত-তৈলাদি-মর্দ্দন, পরিষেচন, প্রলেপ, রক্ত-মোক্ষণ, মাংস-বর্দ্ধন ও আহারের নিয়ম, এই সকল মৃদু-ক্রিয়াগুলি যে বৈদ্য জানেন, তিনিই কর্ণপালী-স্থিত দোষের চিকিৎসা করিতে পারেন।

তদনন্তর কর্ণপালী-গত সকল রোগের নাম, এবং নামের দ্বারাই তাহাদিগের লক্ষণ করিতেছি। উৎপাটক (যাহাতে চড়্ চড়্ করে) উৎপুটক (যাহাতে পিট্ পিট্ করে), শ্যাব (শেয়াই-বর্ণ হওয়া), কণ্ডূযুত (চুলকনা-যুক্ত হয়), অবমন্থ (১), সকণ্ডূক (চুলকনা-বিশিষ্ট অবমন্থ), গ্রন্থিক (কাণে গাঁট হয়), জম্বুল, স্রাবী (যাহাতে কাণে রস পড়ে), এবং দাহ (যাহাতে কাণ জ্বালা করে)। অনন্তর ক্রমশঃ ইহাদিগের প্রতীকার কহিতেছি, শ্রবণ কর। কর্ণবন্ধে উৎপাটক রোগ হইলে, আপাঙ্, ধুনা, এবং পারুল ও মাদার গাছের ছাল, এই দ্রব্যগুলি জলের সহিত একত্র পিষিয়া প্রলেপ দিবে, অথবা ইহাদিগের দ্বারা তৈল পাক করিয়া দিবে। উৎপুটক রোগ হইলে, সোঁদাল ছাল, সজিনার ছাল, নাটাকরঞ্জার ছাল, গোসাপের মেদ অথবা বসা, বন্য শূকরের, গরুর ও হরিণের পিত্ত, এবং ঘৃত, এই সকল দ্রব্যের দ্বারা প্রলেপ দিবে, অথবা তৈল পাক করিয়া দিবে। শ্যাব রোগ হইলে,

(১) দীর্ঘা বহ্বশ্চ পিড়কা দীর্য্যন্তে মধ্যতস্তু যাঃ। সোঽবমন্থঃ কফাসৃগ্‌ভ্যাং বেদনা-রোমহর্ষকৃৎ॥ কর্ণপালীর মধ্যস্থলে কফরক্ত জন্য যে বহুসংখ্যক দীর্ঘাকার ব্রণ জন্মিয়া বেদনা ও রোম-হর্ষণ জন্মায়, তাহাকে অবমন্থ রোগ কহে।

রাস্না-লতা, শ্যামা-লতা, হরিদ্রা, অনন্ত-মূল ও কাঁটা-নটে গাছ, এই গুলি পিষিয়া প্রলেপ দিবে, অথবা এইগুলির সহিত তৈল পাক করিয়া দিবে। সকণ্ডূক রোগে, আকনাদ, রসাঞ্জন, ও উষ্ণ কাঁজি, এই সকল দ্রব্য একত্র পিষিয়া প্রলেপ দিবে; অথবা এই দ্রব্য গুলির দ্বারা তৈল পাক করিয়া দিবে। কর্ণ-বন্ধে ঘা হইলে, পশ্চাৎ-লিখিত তৈল বিধেয়। যষ্টি-মধু, ক্ষীর-কাকোলী, জীবক, ঋষভক, মুগানি, মাষাণি, মেদ, মহামেদ, গুলঞ্চ, কাঁকড়া-শৃঙ্গী, বংশলোচন, পদ্ম, পুণ্ডরীয়া-বৃক্ষ, ঋদ্ধি, দ্রাক্ষা ও জীবন্তী, এই সকল দ্রব্যের মধ্যে যাহা যাহা প্রাপ্ত হওয়া যায়, তাহাদিগের দ্বারাই তৈল পাক করিবে। * কর্ণের মাংস বৃদ্ধি করিতে হইলে, গোসাপের, বন্য শূকরের ও সর্পের বসা ঐ তৈলে (প্রত্যেকে তৈলের সমভাগে) প্রদান করিবে। কর্ণ-বন্ধে অবমন্থ রোগ হইলে, পুণ্ডরীয়া-বৃক্ষ, যষ্টিমধু, বরাক্রান্তা এবং ধব-বৃক্ষ, এই সকল দ্রব্য একত্র পিষিয়া প্রলেপ দিবে, এবং ইহাদিগের দ্বারা তৈল প্রস্তুত করিয়া দিবে। কণ্ডূমৎ রোগ হইলে, সহদেবা, বিশ্ব-দেবা (ছোট গড়গড়ে বৃক্ষ), ছাগী-দুগ্ধ এবং সৈন্ধব লবণ, এই সকল দ্রব্যের প্রলেপ দিবে, এবং ইহাদিগের দ্বারা তৈল পাক করিয়া দিবে। গ্রন্থি রোগ হইলে, অগ্রে গ্রন্থিগুলি হইতে রস ও রক্তাদি নিঃসারিত করিবে, পশ্চাৎ সৈন্ধব লবণের দ্বারা সেই স্থান ঘর্ষণ করিয়া প্রলেপ দিবে। জম্বুল রোগ হইলে, অগ্রে কর্ণের ছাল তুলিবে, পশ্চাৎ রোধ্র-চূর্ণের দ্বারা ঘর্ষণ করিয়া দুগ্ধের দ্বারা প্রক্ষালন করিবে। পরিষ্কৃত হইলে ক্ষত স্থান পূরণ করিবে। কর্ণে স্রাব (রস-পড়া) রোগ হইলে, গুলঞ্চ, মউল ও যষ্টি-মধু, এই কয় দ্রব্যে মধু সংযোগ করিয়া লেপ দিবে, এবং ইহাদিগের দ্বারা তৈল প্রস্তুত করিয়া দিবে। কর্ণ-বন্ধে দাহ রোগ হইলে, অশ্বত্থ, পাঁকুড়, বট, যজ্ঞডুম্বুর ও কপিত্থ (কয়েদ-বেল), ইহা-

---

* এই সকল দ্রব্যের মধ্যে যাহা যাহা পাওয়া যায়, তাহা সমস্ত একত্র করিয়া যত হইবে, তাহার চতুর্গুণ তৈল।

দিগের ছাল পিঁষিয়া ঘৃতের সহিত প্রলেপ দিবে। অথবা জীবক, ঋষভক, ঋদ্ধি, বৃদ্ধি, মেদ, মহামেদ, কাকোলী, ক্ষীর-কাকোলী, মুগানি ও মাষাণি, এই সকল দ্রব্য পিষিয়া ঘৃতের সহিত প্রলেপ দিবে।

অনন্তর, নাসিকা বিশ্লিষ্ট (গন্না খ্যাঁদা) হইলে, সেই নাসিকা সংযোগ করিবার উপায় কহিতেছি, শ্রবণ কর। বৃক্ষের পত্রের দ্বারা নাসিকার বিশ্লিষ্ট ভাগের পরিমাণ গ্রহণ করিবে। সেই পরিমাণ অনুসারে গণ্ড-দেশের (গালের) পার্শ্বভাগ হইতে মাংস ছেদন করিয়া তুলিয়া লইবে। অনন্তর নাসিকার যে স্থানে সংযোগ করিতে হইবে, সেই স্থান লেখন-কার্য্যের দ্বারা রক্তমুখি করিয়া, ঐ মাংস-খণ্ড সেই স্থানে উন্নত (উচ্চ) ভাবে সংযোগ করিবে, যেন নাসিকার দুইটী ছিদ্রের পথ রুদ্ধ হইয়া না যায়। এই রূপে সংযোগ করা হইলে, রক্তচন্দন যষ্টি-মধু ও রসাঞ্জন, এই কয় দ্রব্য চূর্ণ করিয়া সেই সন্ধি-স্থানে প্রচুর পরিমাণে দিবে। এবং তাহার উপরিভাগে শুক্ল বস্ত্রখণ্ড সংচ্ছাদন পূর্ব্বক পুনঃ পুনঃ তিল-তৈল সেচন করিবে। অনন্তর রোগীকে ঘৃত পান করাইবে। ঘৃত পরিপাক হইলে, স্নিগ্ধ বিরেচক দ্রব্যের দ্বারা বিরেচন করিবে। প্রথমতঃ বিশ্লিষ্ট নাসিকার এক দিকে এইরূপে মাংস সংযোগ করিবে। সেই দিকের ঘা পূরিয়া উঠিলে, এবং মাংস উত্তমরূপে সংযুক্ত হইলে, পরে অন্য দিকে পুনর্ব্বার সেইরূপে মাংস সংযোগ করিবে। সংযোগ হইলে পর যদি সেই সংলগ্ন স্থানটী নাসিকার পরিমাণ অপেক্ষা ছোট হইয়া পড়ে, তবে সেই অবশিষ্ট ভাগে পুনর্ব্বার এই প্রণালীতেই মাংস সংয়োগ করিয়া দিবে। যদি মাংস সংযুক্ত হইলে নাসিকার পরিমাণ বড় দেখায়, তবে তাহা ছেদনপূর্ব্বক সমান করিয়া দিবে।

অনন্তর নাসিকা বিশ্লিষ্ট হইলে তাহা সংযোগ করিবার নিমিত্ত যে

প্রণালী কথিত হইল, ওষ্ঠ বিশ্লিষ্ট * হইলেও সেই প্রণালী-ক্রমে সংযোগ করিবে। তবে নাসিকার সংযোগ স্থলে যেরূপ ছিদ্র-পথের প্রতি দৃষ্টি রাখিতে হয়, এ স্থলে তাহার প্রয়োজন নাই। এইপ্রকার সকল কার্য্য যিনি জানেন, তিনিই রাজ-বৈদ্য।

সপ্তদশ অধ্যায়।

পক্ব এবং অপক্ব ব্রণের লক্ষণ।

শরীরে যে সকল শোফ উৎপত্তি হয়, তাঁহারা প্রায়ই গ্রন্থি, বিদ্রধি ও অলজী প্রভৃতি নামে কথিত হইয়া থাকে। তাহাদিগের আকৃতি নানাপ্রকার, ও লক্ষণ ভিন্ন ভিন্নপ্রকার। বাত, পিত্ত, কফ ও শোণিত, এই সকল দোষ স্বয়ং অথবা পরস্পর মিলিত হইয়া, শরীরের কোন স্থানে সমান বা বিপরীত ভাবে, ত্বক্ অথবা মাংসভেদী যে স্থূল গ্রন্থি (গাঁটের মত) জন্মায়, তাহাকে শোফ কহে। শোফ ছয়প্রকার; যথা,—বাত-জন্য, পিত্ত-জন্য, কফ-জন্য, শোণিত-জন্য, সন্নিপাত-জন্য, এবং শরীরে কোনপ্রকার আঘাত জন্য।

অনন্তর সেই সকল ভিন্ন ভিন্নপ্রকার শোফের লক্ষণ কহিতেছি শ্রবণ কর। বাত-জন্য শোফ হইলে, অরুণ অথবা কৃষ্ণবর্ণ, পরুষ (খস্‌খসে অর্থাৎ তেলপানা নয়), কোমল, এবং অস্থায়ী তোদ-বিশিষ্ট (১) হইয়া থাকে। পিত্ত জন্য শোফ হইলে, পীত-বর্ণ, কোমল, রক্তযুক্ত, শীঘ্র-অনুসারী (শীঘ্র বিস্তৃত হওয়া) এবং চোষ (২), এই সকল লক্ষণ

---

* ওষ্ঠ অর্থাৎ উপরের ঠোঁট। কাহার কাহার উপরের ঠোঁটের মধ্যস্থলে কাটা থাকে। তাহার সংযোগ করাই গ্রন্থকারের অভিপ্রায়।

(১) 'অস্থায়ী' অর্থাৎ কখন আছে, কখন নাই। 'তোদ' অর্থাৎ টনটনানি। স্থূল তাৎপর্য্য এই যে, কখন টন্‌টন্ করে, কখন করে না।

(২) চুষিলে যেরূপ পীড়া হয়, তাহাকে চোষ কহে। চূষণেনেব পীড়ারমিতি শব্দার্থচিন্তামণিঃ।

হইয়া থাকে। শ্লেষ্মা-জন্য শোফ হইলে, পাণ্ডু অথবা শুক্ল-বর্ণ, কঠিন, শীতল, স্নিগ্ধ (চক্‌চকে), মন্দানুসারী (অল্পে অল্পে বিস্তৃত হয়), এবং কণ্ডু প্রভৃতি পীড়া-বিশিষ্ট হইয়া থাকে। সন্নিপাত-জন্য অর্থাৎ বায়ু পিত্ত কফ এই তিন দোষের শোফ হইলে, পূর্ব্বোক্ত সকলপ্রকার বর্ণ ও সকলপ্রকার লক্ষণ-বিশিষ্ট হইয়া থাকে। রক্তপিত্ত-জন্য অথবা শরীরে অভিঘাত-জন্য শোফ হইলে, রক্ত-বর্ণ হয়।

যখন বাহ্যিক বা আন্তরিক ক্রিয়ার (১) দ্বারা উপশম না হয়, তখন বিপরীত ক্রিয়া (২) করিলে অথবা দোষের আধিক্য হইলে, সেই শোফ পাকিতে আরম্ভ হয়। অপক্ব থাকিলে, পাকিতে আরম্ভ হইলে, এবং পাকিয়া উঠিলে, যে সকল লক্ষণ হয়, তাহা কহিতেছি, শ্রবণ কর। শোফ অপক্ব-অবস্থায়, অল্প-উষ্ণ; শরীরের চর্ম্মের ন্যায় বর্ণ-বিশিষ্ট, শীতল, দৃঢ়, অল্প বেদনা এবং অল্প ফুলা-বিশিষ্ট হইয়া থাকে। পাকিতে আরম্ভ হইলে, সূচীর দ্বারা বিদ্ধ হওনের ন্যায়, পিপীলিকা কর্ত্তৃক দষ্ট (কামড়ান) হওনের ন্যায়, শোফের অন্তরে পিপীলিকা চলিলে যে রূপ হয় তাহার ন্যায় (শড় শড় করা), শস্ত্রের দ্বারা ছিন্ন বা ভিন্ন হওনের ন্যায়, দণ্ডের দ্বারা তাড়িত হওনের ন্যায়, অঙ্গুলির দ্বারা ঘট্টিত (রগড়ান) হওনের ন্যায়, এবং ক্ষার অথবা অগ্নির দ্বারা দগ্ধ হওনের ন্যায়, যন্ত্রণা হইয়া থাকে। বৃশ্চিক (বিছা) দংশন করিলে, দংশ-স্থানে যেরূপ উষ্ণতা, চোষ এবং জ্বালা হইয়া থাকে, শরীরে শোফ পাকিতে আরম্ভ হইলে, শোফের স্থানে সেইরূপ যন্ত্রণা হয়। শয়ন, উপবেশন প্রভৃতি কোন অবস্থাতেই তাহার শান্তি হয় না। এই কালে শোফ উচ্চ হইয়া উঠে, এবং তাহার পরিসরও বৃদ্ধি হয় ও উপরিভাগের ত্বক্

---

(১) বাহ্যিক ক্রিয়া প্রলেপাদি, আন্তরিক ক্রিয়া ঔষধভক্ষণ।

(২) "বিপরীত ক্রিয়া" অর্থাৎ উষ্ণ ক্রিয়ার দ্বারা উপশম না হইলে শীতল ক্রিয়া করা, অথবা শীতল ক্রিয়ার দ্বারা উপশম না হইলে উষ্ণ ক্রিয়া করা, ইহাকেই বিপরীত ক্রিয়া কহে।

বিবর্ণ হয়। জ্বর, দাহ, পিপাসা ও অরুচি, পাকিতে আরম্ভ হইলে এ সকল লক্ষণও হইয়া থাকে। পাকিয়া উঠিলে, সকল যন্ত্রণার নিবৃত্তি হয়, শোফের স্থান পাণ্ডু-বর্ণ ও বলির ন্যায় আকারবিশিষ্ট হয়, ফুলা হ্রাস হইয়া যায়, উচ্চ ভাব থাকে না, অঙ্গুলির দ্বারা চাপিলে নত হয়, এবং শোফের উপরিভাগের ত্বক্ চিক্কণ (চক্‌চকে) হয়। বস্তি-দেশে যেরূপ জলের সঞ্চার হয়, পাকিয়া উঠিলে শোফের মধ্যে সেইরূপ পূয সঞ্চরণ করে, এবং একবার একবার টন্ টন্ করে ও চুলকায়। পাকিতে আরম্ভ হইলে, জ্বর, দাহ, পিপাসা ও অরুচি প্রভৃতি যে সকল ব্যাধি বা উপসর্গ জন্মে, পাকিয়া উঠিলে আহার কিছুই থাকে না। কফ-জন্য শোফ হইলে, পাকিয়া উঠিলেও সকল লক্ষণ স্পষ্ট-রূপে জানা যায় না। এবং শরীরে আঘাত-জন্য শোফ হইলে, পক্ক অবস্থায় সকলপ্রকার লক্ষণ জন্মে না। সুতরাং এই দুই স্থলে পক্ক শোফকে অপক্ক বলিয়া ভ্রম হইতে পারে। সেই স্থলে শোফের স্থান শীতল ও স্থূল হইলে, শরীরের চর্ম্মের ন্যায় বর্ণ-বিশিষ্ট হইলে, যন্ত্রণার হ্রাস হইলে, এবং চারি দিক্ সঙ্কুচিত হইয়া এক স্থানে প্রস্তর-খণ্ডের (চিলের) মত ঘন হইলে, পক্ক বলিয়া নির্ণয় করিবে। তাহাতে ভ্রম জন্মিবার সম্ভাবনা নাই।

শোফ অপক্ক থাকিলে, পাকিতে আরম্ভ হইলে, এবং পাকিয়া উঠিলে, যে সকল ভিন্ন ভিন্নপ্রকার লক্ষণ হয়, তাহা যিনি জানেন, তিনিই বৈদ্য, তদ্ভিন্ন সকলে তস্কর। বায়ু-কর্তৃক শোফের স্থানে যন্ত্রণা হয়, পিত্ত-কর্তৃক সেই শোফ পাক হয় (পাকিয়া উঠে), এবং কফ-কর্তৃক তাহাতে পূয হয়। অতএব শরীরে শোফের পরিপাক (পাকিবার) কালে, বায়ু পিত্ত কফ এই তিন দোষই মিলিত হইয়া তাহাকে পরিপাক করে। কোন কোন পণ্ডিতেরা কহেন যে, একবার পরিপাক হইলে, সেই স্থানে পিত্ত হঠাৎ বায়ু এবং শ্লেষ্মার সহযোগে রক্তকে পাক করিয়া পুনর্ব্বার পূয জন্মায়।

শোথকের অপক্ক অবস্থায় ছেদন করিলে, মাংস, শিরা, স্নায়ু, অস্থি, অথবা সন্ধি-স্থান বিদ্ধ বা ছিন্ন হয়। তাহাতে শোণিতের অতিশয় নিঃসরণ, বেদনার প্রাদুর্ভাব, অবদরণ (চারি দিক্ ফাটিয়া যাওয়া) এবং অন্যান্য উপদ্রব হইয়া থাকে। অথবা সেই স্থানে ক্ষতরোগ জন্মে *। যদি ভয় এবং মোহ বশতঃ পক্ক অবস্থায় অপক্ক বিবেচনা করিয়া ছেদ করা না হয়, এবং গভীরভাবে অধিক পরিমাণে পূয থাকে, তবে নিঃসৃত হইবার পথ অভাবে, সেই পূয শোফস্থান বিদীর্ণ করিয়া স্বয়ং নির্গত হয়। তাহাতে নিঃসরণের মুখ বা দ্বার বিস্তৃত হয়, এবং তাহাতে নালী জন্মিয়া রোগটী কষ্ট-সাধ্য বা অসাধ্য হইয়া উঠে। যে বৈদ্য অপক্ক শোফ ছেদন করে, এবং যে পক্ক শোফ উপেক্ষা করে, এই উভয়-প্রকার বৈদ্যেরই পক্কাপক্ক বিষয়ে নিশ্চয় জ্ঞান নাই। তাহাদিগকে চণ্ডাল বলিয়া জানিবে। শরীরে শস্ত্রকর্ম্ম করিবার পূর্ব্বে রোগীকে অভিলষিত দ্রব্য ভোজন করাইবে, অথবা রোগী মদ্যপায়ী হইলে, তাহাকে তীক্ষ্ণ মদ্য পান করাইবে। কারণ, ভোজন করিলে রোগী মূর্চ্ছিত হয় না, অথবা মদ্যপানে উন্মত্ত হইলে, শস্ত্রকর্ম্মের যন্ত্রণা আদৌ জানিতে পারে না। অতএব সচরাচর শস্ত্র-কর্ম্মের স্থলে, রোগী মূর্চ্ছিত না হয়, এ নিমিত্ত তাহাকে অগ্রে ভোজন করাইবে। কারণ, শরীরস্থ প্রাণ (শ্বাস প্রশ্বাস বায়ু), সেই প্রাণ-ধারণের উপযুক্ত জগতের সকল পদার্থের সহিত মিলিত হইয়া, এই পঞ্চভূত-বিশিষ্ট শরীরকে রক্ষা করে।

যে শোফ অল্প বা অধিক উন্নত হইয়া, আলেপন প্রভৃতি ক্রিয়া না করিলেও পাকিয়া উঠে, বিস্তৃত ও বিপরীত এবং বিদগ্ধ (কৃষ্ণবর্ণ) হয়, সেই শোফে প্রগাঢ় দোষ থাকে, এবং তাহা কষ্টে আরোগ্য হয়। আলেপন, রক্ত-মোক্ষণ ও সংশোধনী ঔষধ সম্যক্‌রূপে প্রয়োগ করিলেও যে শোফের শান্তি না হয়, সেই শোফ বিস্তৃত ও অল্প গভীর হইয়া, এবং পিণ্ডাকারে (তাল বাঁধিয়া) উন্নত হইয়া, এককালে পাকিয়া

* সেই স্থানে ঘা হইয়া ক্রমে ক্রমে ক্ষয় হইতে থাকে।

উঠে। বহ্নি, বায়ু-কর্ত্তৃক সঞ্চালিত হইলে যেরূপ শীঘ্র সম্যক্‌রূপে দগ্ধ করে, নিঃসৃত না হইলে পূযও সেইপ্রকার মাংস, শিরা এবং স্নায়ু ক্ষয় করে।

ব্রণের চিকিৎসা করিবার প্রণালী।—প্রথমতঃ,স্বেদ (ভাপ্‌রা) দিবে, দ্বিতীয়তঃ, রক্তমোক্ষণ করাইবে, তৃতীয়তঃ, প্রলেপ * দিবে, চতুর্থতঃ, শস্ত্রক্রিয়া করিবে, পঞ্চম, সংশোধনী ঔষধ (যাহাতে রক্ত পূযাদি সংশোধিত হয়) প্রয়োগ করিবে, ষষ্ঠ; রোপণ (ঘা পূরণ) করিবে, সপ্তম সেই স্থানে আর কোনপ্রকার বিকৃতি (শরীরে ব্রণের দাগ প্রভৃতি) না থাকে; তাহার উপায় করিবে। ব্রণের চিকিৎসা করিতে হইলে এই প্রণালীক্রমে করিতে হয়।

অষ্টাদশ অধ্যায়।

ব্রণের আলেপন ও বন্ধন। †

সকলপ্রকার শোফের (ফুলার) প্রথম উপক্রমে আলেপনের দ্বারাই প্রতিকার করিবে। প্রলেপ দুইপ্রকার, সামান্য এবং বিশেষ। যে রোগে বা অবস্থায় যেপ্রকার প্রলেপ বিধেয়, তাহা প্রত্যেক রোগের অধিকারে বলা যাইবে। প্রলেপ অপেক্ষা বন্ধ শ্রেষ্ঠ। বন্ধের দ্বারা ব্রণের সংশোধন ও রোপণ হয়, এবং অস্থির সংযোগ দৃঢ় হয়। শরীরে আলেপন করিতে হইলে, প্রতিলোম-ভাবে (শরীরের নিম্ন দিক্ হইতে ঊর্দ্ধ দিকে) আলেপন করিবে। অনুলোম-ভাবে (ঊর্দ্ধ দিক্ হইতে নিম্ন দিকে) কর্ত্তব্য নহে। প্রতিলোম-ভাবে আলেপন করিলে, ঔষধ শরীরে সংলগ্ন হইয়া থাকে, এবং সকল রোম-কূপে ও স্বেদ-বাহিনী ‡ সকল শিরার মুখে তাহার তেজঃ প্রবেশ করে।

---

* প্রলেপ অর্থাৎ আলেপন পরে দেখ।

† আলেপন ও বন্ধন অর্থাৎ যাহাকে আধুনিক ইউরোপীয় শস্ত্রচিকিৎসাবিৎ পণ্ডিতেরা পুল্‌টিস এবং ব্যাণ্ডেজ কহেন।

‡ যে শিরার দ্বারা শরীরের ঘর্ম্ম নির্গত হয়, তাহাকে স্বেদবাহিনী শিরা কহে।

প্রলেপ শুষ্ক হইলে শরীরে রাখিবে না। তাহা কার্য্যকারী নহে, অথচ শরীরের পীড়াকর (চড়চড় করে)। প্রলেপ তিনপ্রকার, প্রলেপ, প্রদেহ ও আলেপ। তাহার মধ্যে, শুষ্ক হউক বা না হউক, শীতল এবং অল্প হইলেই প্রলেপ বলা যায়। উষ্ণ অথবা শীতল, অনেক অথবা অল্প, এবং শুষ্ক, এরূপ হইলে প্রদেহ বলা যায়। এই উভয় প্রকারের মধ্যবর্ত্তী হইলে আলেপ বলা যায়।

রক্ত-পিত্ত-জন্য রোগে আলেপ বিধেয়; এবং বাত-শ্লেষ্মা-জন্য রোগ হইলে, অথবা ভগ্ন অস্থির সংযোগ করিতে হইলে, অথবা ব্রণের শোধন * বা পূরণ করিতে হইলে, অথবা ফুলার স্থানে বেদনা হইলে, প্রদেহ বিধেয়। ক্ষত বা অক্ষত উভয় স্থলেই প্রদেহ ব্যবহার করা যায়। যাহা ক্ষত স্থানে প্রয়োগ করা যায়, তাহাকে কল্ক অথবা নিরুদ্ধালেপন কহে। তাহার দ্বারা ব্রণের স্রাব (ব্রণ হইতে রস রক্তাদি নিঃসৃত হওয়া) রুদ্ধ হয়, ব্রণ কোমল হয় (শক্ত থাকিলে নরম হয়), এবং সকল পূতি (পচা) মাংস নির্গত হইয়া যায়। সুতরাং তদ্দ্বারা ব্রণের আভ্যন্তরিক স্থান সংশোধিত হইয়া নির্দ্দোষ হয়।

যে শোফ ক্ষারের দ্বারা দগ্ধ করা না হয়, তাহার পক্ষে আলেপন হিতকর। যে দ্রব্য ভক্ষণ বা পান করিলে শরীরের অভ্যন্তরস্থ যে দোষের শান্তি হয়, সেই দ্রব্যের প্রলেপ দিলে শরীরের ত্বক্-স্থিতও সেই দোষের শান্তি হয়, † এবং ব্রণের জ্বালা ও চুলকনাও নিবৃত্ত হয়। শরীরের ত্বক্ সংশোধন ও ব্রণের দাহ শান্তি করিতে হইলে, আলেপনই প্রধান উপায়। ইহার দ্বারা মাংস ও রক্ত সংশোধিত হয়, এবং শোফের (ফুলা স্থানের) চুলকনার শান্তি হয়। শরীরের মর্ম্মস্থানে অথবা গুহ্-

---

* দূষিত রক্ত বা পূযাদি না জন্মিলে বা না থাকিলে ব্রণের শোধন হওয়া কহে।

† গব্য ঘৃতের দ্বারা বায়ু পিত্ত কফ, এই তিন দোষের শান্তি হয় বলিয়াই, যেরূপ ব্রণ হউক, সচরাচর গব্য ঘৃতের লেপনের দ্বারা উপকার হয়। এইরূপে ব্রণের দোষ বিবেচনা করিয়া প্রলেপ ব্যবস্থা করিলে যথেষ্ট উপকারের সম্ভাবনা।

স্থানে যে সকল রোগ হয়, তাহার সংশোধনের নিমিত্ত আলেপন বিধেয়।

আলেপন প্রস্তুত করিতে হইলে, পিত্ত-জন্য রোগে, সকল আলেপন-দ্রব্য মিলিয়া যত পরিমাণ হইবে, তাহার ষোড়শ ভাগের ছয় ভাগ স্নেহ-দ্রব্য (ঘৃত, তৈল বা বসা প্রভৃতির কোন একটী) তাহাতে সংযোগ করিবে। বায়ু-জন্য রোগে, চারি ভাগ (সিকি) পরিমাণে, এবং শ্লেষ্মা-জন্য রোগে, অর্দ্ধেক পরিমাণে স্নেহ-দ্রব্য সংযোগ করিবে। মহিষের চর্ম্ম আর্দ্র হইলে যে পরিমাণে উচ্চ হয় (ফুলিয়া উঠে), শরীরের আলেপও সেই পরিমাণ বেধবিশিষ্ট (পুরু) হইবে। আলেপন রাত্রিকালে প্রয়োগ করিবে না। এবং যাবৎ কাল ব্রণ হইতে উষ্ণতা (উত্তাপ) নির্গত হইতে থাকে, তাবৎ তাহাতে শীতল আলেপন প্রয়োগ করিবে না। কারণ, ব্রণের উষ্ণতা নির্গত হইতে না পাইলে, সেই উষ্ণতা বদ্ধ থাকিয়া ব্রণের অন্তরে বিকৃত ভাব জন্মায়।

শরীরে প্রদেহ লেপন করিতে হইলে, দিবাভাগে লেপন করাই হিতকর। বিশেষতঃ পিত্তজন্য, রক্তজন্য, আভিঘাত (শরীরে কোন আঘাত) জন্য অথবা বিষজন্য রোগে, দিবাভাগেই লেপন করা কর্ত্তব্য। যে প্রলেপ পূর্ব্বদিন প্রস্তুত করা থাকে, তাহা কদাচ প্রয়োগ করিবে না। কারণ, সে প্রলেপ গাঢ় হইয়া যায়, এবং তাহা প্রয়োগ করিলে, উষ্ণতা, বেদনা ও দাহ জন্মে। প্রলেপের উপর প্রলেপ দিবে না।

বায়ু পিত্ত অথবা শ্লেষ্মা; এই তিন দোষের মধ্যে যে কোন দোষ জন্য ব্রণ হউক, তাহার আলেপনে ঘৃতই সংযোগ করা প্রশস্ত। কারণ, ঘৃতের দ্বারা তিন দোষেরই শান্তি হয়। কিন্তু তৈল অথবা বসা প্রভৃতি স্নেহ, আলেপনে সংযোগ করিতে হইলে, সেইপ্রকার স্নেহের দ্বারা ব্রণের আভ্যন্তরিক দোষের শান্তি হইতে পারে কি না, তাহা বিবেচনা করিতে হইবে। অন্যথা হইলে বিপরীত হইতে পারে। তাহার উদাহরণ-স্থল, যেমন রক্তপিত্ত-জনিত ব্রণ হইলে, তাহার আলেপনে তৈল-সংযোগ অবিধেয়।

অথবা, যে প্রলেপ একবার শরীর হইতে মোচন করা হয়, তাহা পুনর্ব্বার শরীরে প্রয়োগ করা কর্ত্তব্য নহে। তাহা শুষ্ক হওয়া প্রযুক্ত অকর্ম্মণ্য হইয়া পড়ে।

অতঃপর যে সকল দ্রব্যের দ্বারা ব্রণ বন্ধন করিতে হয়, তাহার উপদেশ প্রদান করিতেছি। বৃক্ষের ছাল-নির্ম্মিত বস্ত্র, কার্পাস, কম্বল, পট্টবস্ত্র, চর্ম্ম, বৃক্ষের অভ্যন্তরস্থ ছাল, অলাবু-শকল (লাউয়ের খণ্ড), লতা, অরহর প্রভৃতি বৃক্ষ হইতে যে রজ্জু জন্মে সেই রজ্জু, দুগ্ধের রস, তূল-ফল (আকন্দ-ফল) এবং লৌহ। রোগ এবং কাল বিবেচনা করিয়া এই সকল বন্ধনের দ্রব্য প্রয়োগ করিবে। রোগের প্রকরণে ইহার বিশেষ বর্ণন করিব। কোশ, দাম, স্বস্তিক, অনুবেল্লিত, প্রতোলী, মণ্ডল, স্থগিকা, যমক, খট্বা, চীন, বিবন্ধন, বিতান, গোফণা এবং পঞ্চাঙ্গী, শরীরের স্থান-ভেদে ব্রণের উপর এই চতুর্দ্দশ প্রকার বন্ধন ব্যবহৃত হয়। এই সকল নামের দ্বারাই সেই সকল বন্ধনের আকার বুঝিতে হইবে। তাহাদিগের মধ্যে অঙ্গুষ্ঠ এবং অঙ্গুলির পর্ব্বে বন্ধন করিতে হইলে, কোশ নামক বন্ধন বিধেয়। শরীরে কোন স্থানে কামড়ানি প্রভৃতি যাতনা হইলে, দাম নামক বন্ধন বিধেয়। শরীরের সন্ধিস্থানে, স্তনদ্বয়ের এবং ভ্রূদ্বয়ের মধ্যবর্ত্তী স্থানে, তল-প্রদেশে এবং কর্ণে, স্বস্তিক নামক বন্ধন বিধেয়। গ্রীবা এবং মেঢ্র-দেশে, প্রতোলী-বন্ধন বিধেয়। শরীরের যে সকল স্থান গোলাকার, সেই সকল স্থানে, মণ্ডল-বন্ধন বিধেয়। অঙ্গুষ্ঠের, অঙ্গুলির এবং লিঙ্গের অগ্রভাগে, স্থগিকা-বন্ধন বিধেয়। যমক (যোড়া) ব্রণ হইলে, যমক-বন্ধন বিধেয়। হনু-প্রদেশে, গণ্ডদেশে, এবং ললাটে, খট্বা নামক বন্ধন বিধেয়। অপাঙ্গ-দেশে, চীন-বন্ধন বিধেয়। পৃষ্ঠে, উদরে এবং বক্ষঃস্থলে, সুবিবন্ধ বিধেয়। মূর্দ্ধ্নি দেশে, বিতান-বন্ধন বিধেয়। চিবুক, নাসিকা, ওষ্ঠ, স্কন্ধ এবং বস্তি-দেশে (তল পেটে), গোফণা-বন্ধ বিধেয়। এবং স্কন্ধ-সন্ধির উপরিভাগে, পঞ্চাঙ্গী-বন্ধন বিধেয়। অথবা শরীরের স্থান-ভেদে এই সকল প্রকারে

বন্ধন করিবে, অথবা যে স্থানে যেরূপে বন্ধন করিলে বন্ধনটী সুনিবিষ্ট হয়, সেই স্থানে সেইরূপেই বন্ধন করিবে। সেই বন্ধনের উপরিভাগে, নিম্নে এবং পার্শ্বভাগে রজ্জু আদির দ্বারা বন্ধন দৃঢ় করিবে।

বন্ধন করিতে হইলে, প্রথমতঃ ঘন প্রলেপ দিবে। তাহার উপরি-ভাগে সরল এবং অসঙ্কুচিত-ভাবে কোমল পট্ট-বস্ত্রের দ্বারা বন্ধন করিবে। ব্রণের উপরিভাগে দৃঢ় গ্রন্থি দিবে না। ব্রণের উপরে যদি দৃঢ় গ্রন্থি দেওয়া যায়, তবে প্রলেপের ঔষধ কিম্বা পলিতা (১) অতিশয় ঘৃত-যুক্ত থাকিলে, ব্রণের স্থান ক্লেদ-যুক্ত হয়, এবং ঔষধ রুক্ষ অর্থাৎ ঘৃতাদি রহিত হইলে, খণ্ড খণ্ড হইয়া পড়ে। বিপরীত-ভাবে বন্ধন হইলে, অর্থাৎ যে স্থান যেরূপে বন্ধন করা উচিত, তাহার বিপরীত হইলে, ব্রণের মুখ ঘৃষ্ট হয় (ঘষড়ে যায়)। ব্রণের আয়তনানুসারে বন্ধন তিনপ্রকার হইয়া থাকে,—দৃঢ়, সম এবং শিথিল। বন্ধনে কষ্ট বোধ হইলে দৃঢ়-বন্ধ কহে। বন্ধনের মধ্যে বায়ু গমনাগমন করিতে পারিলে শিথিল-বন্ধন কহে। এই উভয়ের মধ্যবর্ত্তী হইলে সম-বন্ধন কহে। তাহার মধ্যে নিতম্ব, উদর, বগল, কুঁচকি, বক্ষঃস্থল এবং মস্তক, এই সকল স্থানে দৃঢ়-বন্ধন ব্যবহার করিবে। হস্ত, পদ, মুখ, কর্ণ, কণ্ঠ, মেঢ্র, মুষ্ক, পৃষ্ঠ, পার্শ্ব এবং উদর, এই সকল স্থানে সম-বন্ধ ব্যবহার করিবে। চক্ষুর সন্ধি-স্থানে শিথিল-বন্ধন ব্যবহার করিবে। পিত্ত অথবা শোণিত দূষিত হইয়া রোগ হইলে, শরীরের যে স্থানে দৃঢ়-বন্ধন করিতে হয়, সেই স্থানে সম-বন্ধন করিবে, সম-বন্ধের স্থানে শিথিল-বন্ধন করিবে, এবং শিথিল-বন্ধের স্থানে একেকালে বন্ধন করিবে না। শ্লেষ্মা-জন্য অথবা বায়ু-জন্য রোগ হইলে, শরীরের যে স্থানে শিথিল-বন্ধন করিতে হয়, তাহাতে সম-বন্ধন করিবে, সম-বন্ধনের স্থানে দৃঢ়-বন্ধন করিবে, এবং দৃঢ়-বন্ধনের স্থানে, অতিশয় দৃঢ় বন্ধন করিবে। শরৎ ও গ্রীষ্ম কালে,

(১) এক্ষণে যে অভিপ্রায়ে ব্রণের মধ্যে লিণ্ট দেওয়া হয়, পূর্ব্বে সেই অভিপ্রায়ে ব্রণের মধ্যে পলিতা দেওয়া হইত।

পিত্তদূষিত অথবা রক্তদূষিত ব্যাধি হইলে, প্রাতর্ (সকাল) এবং সায়ং (সন্ধ্যা) এই দুই কালে, দুইবার বন্ধন করিবে। হেমন্ত ও বসন্ত কালে, শ্লেষ্ম-জন্য অথবা বায়ু-জন্য ব্যাধি হইলে, প্রাতর্, মধ্যাহ্ন ও সায়াহ্ন, এই তিন কালে, তিনবার বন্ধন করিবে। সম-বন্ধন এবং শিথিল-বন্ধনের স্থানে দৃঢ়-বন্ধন করিলে, প্রলেপ বিফল হয়, এবং ফুলা ও বেদনা জন্মে। দৃঢ় এবং সম বন্ধনের স্থানে শিথিল-বন্ধন হইলে, প্রলেপ পড়িয়া যায়, এবং বন্ধনের বস্ত্র শিথিল হওয়া প্রযুক্ত তাহার ঘর্ষণে ব্রণের মুখ ছিন্ন হয়। গাঢ় এবং শিথিল বন্ধের স্থানে সম-বন্ধন করিলে, বন্ধন করাই বিফল হয়। এই সকল নিয়ম অনুসারে বন্ধন করিলে, বেদনার শান্তি হয়, রক্তের স্বাভাবিক অবস্থা প্রাপ্তি হয়, এবং ব্রণ কোমল হয়। বন্ধন না করিলে, দংশ, মশক, তৃণ, কাষ্ঠ, শীতল বায়ু এবং রৌদ্র প্রভৃতির দ্বারা ব্রণের স্থান অভিহত হয়। তাহাতে ব্রণের স্থানে নানা-প্রকার পীড়া জন্মে, ব্রণ দূষিত হয়, এবং আলেপন শাস্ত্র শুষ্ক হইয়া যায়। অস্থি, চূর্ণ, মথিত (মচ্কান), ভুগ্ন, বিশ্লিষ্ট (যোড়-ছাড়া) বা উৎপাতিত হইলে (উঠে পড়িলে), অথবা শিরা বা স্নায়ু ছিন্ন হইলে, বন্ধনের দ্বারা তাহার প্রতিকার হয়। ব্রণে বন্ধন করিলে, ব্রণ-বিশিষ্ট ব্যক্তি স্বচ্ছন্দ-ভাবে শয়ন, গমন ও উপবেশন করিতে পারে, তাহাতে ব্রণের স্থানে কোন পীড়া বোধ হয় না। এবং যে ব্যক্তি স্বচ্ছন্দ-ভাবে শয়ন বা উপবেশন করিয়া থাকে, তাহার ব্রণ শীঘ্র পূরিয়া উঠে। পিত্ত-জন্য, রক্ত-জন্য, শরীরে অভিঘাত-জন্য অথবা বিষ-জন্য ব্রণ হইলে, অথবা ফুলা, দাহ, রক্তবর্ণ এবং বেদনাবিশিষ্ট হইয়া পাকিবার উন্মুখ হইলে, অথবা ক্ষার-কর্ত্তৃক কিম্বা অগ্নি-কর্ত্তৃক দগ্ধ হইয়া পাকিতে আরম্ভ হইলে, অথবা সেই দগ্ধ স্থানের মাংস সকল শীর্ণ হইয়া পড়িলে, ব্রণের স্থানে বন্ধন করিবে না।

কুষ্ঠ রোগীর, অগ্নিদগ্ধ রোগীর, পিড়ক-প্রমেহ রোগীর, অথবা মধুমেহ রোগীর ব্রণ হইলে, অথবা ব্রণ কোনপ্রকারে বিষ-যুক্ত হইলে,

অথবা ব্রণ-স্থানের মাংস পাকিতে আরম্ভ হইলে, অথবা মলদ্বার অতিশয় পাকিয়া উঠিলে, বন্ধন করিবে না। সেই সকল স্থলে কোন্‌টী শস্ত্রক্রিয়ার যোগ্য এবং কোন্‌টী অযোগ্য, বুদ্ধিমান্ বৈদ্য অগ্রে তাহার নিশ্চয় করিবেন। এবং তাহাতে বন্ধন করিতে হইলে, দেশ, কাল ও ব্রণের দোষ বিবেচনা করিয়া বন্ধন করিবেন *। বন্ধন তিনপ্রকার, ঊর্দ্ধবন্ধ, অধোবন্ধ এবং পার্শ্ববন্ধ।

যেপ্রকারে বন্ধন করিতে হয়, তাহা কহিতেছি, শ্রবণ কর। প্রলেপ ঘন এবং আচ্ছাদন-বস্ত্র কোমল হইবে, ঔষধ এবং পলিতা অতিশয় স্নেহ-যুক্ত হইবে না। অতিশয় স্নেহ-যুক্ত হইলে ব্রণের স্থান ক্লেদবিশিষ্ট হয়, এবং রুক্ষ হইলে ব্রণের স্থান ক্ষীণ হয়, অর্থাৎ যে সকল দূষিত পদার্থ একত্র হইয়া ব্রণের মুখে উচ্চভাবে থাকে, তাহা পুনর্ব্বার শরীরে মিলিয়া যায়। অথবা পলিতা স্নেহ-যুক্ত হইলে ব্রণের মাংস পূরিয়া উঠে। পলিতাটী ব্রণের মুখে উত্তমরূপে দেওয়া না হইলে, ব্রণের মুখ ঘৃষ্ট হয় (ঘষড়া লাগে), এবং বিপরীত-ভাবে দেওয়া হইলে ব্রণের মুখ স্তম্ভিত হইয়া যায়, ও তাহা হইতে রস, রক্ত প্রভৃতি নিঃসৃত হইতে থাকে। ব্রণের অবস্থা বিবেচনা করিয়া ঔষধ প্রয়োগ করিবে। পিত্ত-দূষিত অথবা রক্ত-দূষিত ব্রণ হইলে, তাহার চারি দিকে অঙ্গুলির দ্বারা টিপিয়া একবারমাত্র স্রাব করাইবে। এবং কফ-জন্য বা বায়ুজন্য হইলে, ব্রণের তলায় করতলের দ্বারা টিপিয়া পুনঃ পুনঃ অনুলোমভাবে স্রাব করাইবে। সকলপ্রকার বন্ধন শরীরের গূঢ় স্থানে এবং সন্ধি স্থানে প্রয়োগ করিবে। ওষ্ঠ সংযোগ করিবার স্থলে, অথবা অস্থিভগ্নের স্থলে প্রয়োগ করিতে হইলে, অভিজ্ঞ বৈদ্য বিবেচনা পূর্ব্বক বন্ধন করিবেন, যেন উঠিতে, বসিতে, শয়ন বা গমন করিতে, অথবা কোনপ্রকার বাহনের দ্বারা গমন করিতে, ব্রণ দূষিত না হয় (চাড় না

* ব্রণের দোষ বিবেচনা করা অর্থাৎ বায়ুজন্য ব্রণ, কি পিত্তজন্য ব্রণ, কি শ্লেষ্মা-ব্রণ, ইহা নিশ্চয় করা।

লাগে)। ত্বকের অথবা মাংসের উপরিভাগে, সন্ধি, অস্থি অথবা কোষ্ঠ স্থানে, শিরা কিংবা স্নায়ু মধ্যে, যে সকল গাঢ় অথচ গম্ভীর ব্রণ হয়, অথবা যে সকল ব্রণ শরীরে বিপরীতভাবে স্থিত হয়, বন্ধন ব্যতিরেকে সেই সকল ব্রণ কদাচ আরোগ্য করিতে পারা যায় না।

একোনবিংশতি অধ্যায়।

ব্রণ হইলে যেরূপ আচরণ করা কর্ত্তব্য তাহার উপদেশ।

ব্রণের উপক্রমেই গৃহ মধ্যে অবস্থিতি করিবে। যে গৃহ পবিত্র, রৌদ্র এবং বায়ু বর্জ্জিত ও যাহার বাস্তু প্রশস্ত, সেই গৃহে শারীরিক, মানসিক বা আগন্তু (হঠাৎ যে রোগ জন্মে), কোনপ্রকার রোগ হয় না। সেই গৃহে মনোহর, বিস্তৃত এবং অক্লেশকর শয্যা প্রস্তুত করিবে। সেই শয্যার শিরোভাগ পূর্ব্ব দিকে হইবে, এবং তাহাতে কোনপ্রকার শস্ত্র থাকিবে। সেই বিস্তৃত শয্যাতে ব্রণ-রোগী স্বচ্ছন্দ-ভাবে শয়ন করিবেন। পূর্ব্বদিকে দেবতারা অবস্থিতি করেন বলিয়া, তাঁহাদিগের সম্মানার্থ পূর্ব্বদিকেই মস্তক অবনত রাখিয়া, সেই বিস্তৃত শয্যায় ব্রণ-রোগী স্বচ্ছন্দভাবে শয়ন করিবেন। সেই গৃহ-মধ্যে প্রিয়বাদী, অনুকূল সুহৃদ্গণ-কর্ত্তৃক বেষ্টিত থাকিবে ও ইচ্ছানুসারে সকল কার্য্য করিবে। কারণ প্রিয়বাদী সুহৃদ্গণ সর্ব্বদা নিকটে থাকিলে, তাহাদিগের আশ্বাস-বাক্যে ও নানাপ্রকার কথার প্রসঙ্গে ব্রণের যাতনা দূর হয়। দিবাভাগে নিদ্রা যাওয়া কর্ত্তব্য নহে। কারণ দিবানিদ্রার দ্বারা ব্রণে কণ্ডু, শোফ, বেদনা ও রস রক্তাদি স্রাব, এই সকল দোষ জন্মে, ব্রণ রক্ত-বর্ণ হয় এবং শরীর ভার হয়। উত্থান, উপবেশন, পরিবর্ত্তন (পাশ ফেরা), গমনাগমন এবং উচ্চৈঃস্বরে বাক্য কথন প্রভৃতি শারীরিক ক্রিয়া, অতি ধীর-ভাবে নির্ব্বাহ করিয়া ব্রণকে রক্ষা করিবে। ব্রণ-রোগীর পক্ষে এই সকল কার্য্য সামর্থ্য থাকিলেও কর্ত্তব্য নহে। এই সকল শারীরিক ক্রিয়া অতিরিক্ত পরিমাণে অথবা আগ্রহতার সহিত নির্ব্বাহ করিতে

গেলে, শরীরে বায়ু কুপিত হইয়া ব্রণের স্থানে বেদনা জন্মায়। অতএব এরূপ সকল কার্য্য পরিত্যাগ করিবে, অথবা সাবধানে নির্ব্বাহ করিবে। যে সকল স্ত্রীলোক গমনীয়, তাহাদিগের সহিত সাক্ষাৎ করা, আলাপ করা, অথবা তাহাদিগকে স্পর্শ করা, এককালে পরিত্যাগ করিবে। যদি স্ত্রীলোকের সন্দর্শনাদির দ্বারা কোনমতে শুক্র ক্ষরিত হয়, তবে স্ত্রীসংসর্গ না করিলেও সংসর্গ-জনিত দোষ ঘটে। নূতন তণ্ডুল, মাষ-কলাই, তিল, কলাই, কুলত্থ কলাই, বরবটী, হরিদ্বর্ণ শাক, অম্ল-দ্রব্য, লবণ, কটু-দ্রব্য, গুড়, পিষ্টক, শুষ্ক মাংস, শুষ্ক শাক, ছাগ অথবা মেষ-মাংস, নির্জ্জল-দেশে যে পশু জন্মে তাহার মাংস, বসা, শীতল জল, কৃশরা, পায়স, দধি, দুগ্ধ, তক্র প্রভৃতি পরিত্যাগ করিবে। নূতন ধান্য হইতে তক্র পর্য্যন্ত যে কয়েকটী বর্গ পশ্চাৎ কহিব, তাহা সমস্ত পরিত্যাগ করিবে। কারণ, তাহাতে ব্রণ দূষিত হয়, এবং পূয বৃদ্ধি হয়। মদ্যপায়ী ব্যক্তি মৈরেয় সুরা, নিম্ব-বৃক্ষ-জাত সুরা, এবং অন্যান্য সুরার বিকৃতি পরিত্যাগ করিবে। অম্ল, রুক্ষ, তীক্ষ্ণ, উষ্ণ এবং আশু-কারী (যাহাতে শীঘ্র নেশা হয়), এই সকল গুণ-বিশিষ্ট মদ্য পান করিলে ব্রণ ব্যাপাদিত হয় (বসিয়া যায়)। বায়ু রৌদ্র ধূলা ধূম এবং হিম অতিশয় সেবন করা, অনিষ্ট দর্শন বা শ্রবণ, ঈর্ষা, অক্ষান্তি, ভয়, ক্রোধ, শোক, রাত্রি-জাগরণ, একাগ্র চিন্তা, বিপরীত আহার (বিংশতি অধ্যায়ে কথিত), অতিশয় আহার, অনাহার, সর্ব্বদা শয়ন, কলহ, পুনঃ পুনঃ গমনাগমন, শীতল বায়ু এবং অজীর্ণ-জনক দ্রব্য, এই সকল পরিত্যাগ করিবে। এই সকল আচরণে অথবা সেবনে ব্রণ-রোগীর শরীর সন্তপ্ত হয়। সন্তপ্ত হইলে শরীরের রক্ত ও মাংস ক্ষয় হইতে থাকে। শরীরের সন্তাপ ও ক্ষীণতা প্রযুক্ত ভুক্ত দ্রব্য সম্যক্ পরিপাক হয় না। পরিপাক না হইলে বায়ু কুপিত ও বলবান্ হইয়া উঠে। তাহার দ্বারা ব্রণের স্থানে ফুলা, বেদনা ও দাহ জন্মে, রস-রক্তাদি নিঃসরণ হয়, এবং ব্রণ পাকিয়া উঠে।

ব্রণ-রোগী সর্ব্বদা পবিত্রভাবে থাকিবে, অল্প নখ, অল্প রোম ও শুক্ল বস্ত্র ধারণ করিবে, শান্তি ও মঙ্গল কার্য্য করিবে, এবং দেবতা, ব্রাহ্মণ ও গুরু-পরায়ণ হইবে। যেহেতু, যে সকল বলবান্ রাক্ষস, পশুপতি কুবের ও কার্ত্তিকেয়ের অনুচর, তাহারা হিংসার নিমিত্ত বিচরণ করে। মাংস ও শোণিতপ্রিয় সেই সকল রাক্ষসগণ সৎকৃত হইবার অথবা বিনাশ করিবার অভিলাষে, ব্রণ-রোগীর নিকটে উপস্থিত হয়। তাহাদিগের পূজার নিমিত্ত মনে মনে যত্ন করিবে, এবং ধূপ, বলি ও ভক্ষ্য দ্রব্য দ্বারা তাহাদিগকে উপহার প্রদান করিবে। তাহারা তৃপ্ত হইলে আত্ম-রক্ষাভিলাষীদিগকে হিংসা করে না। অতএব সর্ব্বদা লোক-কর্ত্তৃক পরিবৃত হইয়া, এবং দীপ, জল, মাল্য, পুষ্প এবং লাজ প্রভৃতি গৃহ-মধ্যে স্থাপন করিয়া, সম্পদ্-সূচক, মঙ্গল-সূচক ও আহ্লাদ-সূচক কথার প্রসঙ্গে সেই গৃহ-মধ্যে বাস করিবে। সম্পদ্-সূচক প্রভৃতি মনোহর কথার প্রসঙ্গে মন সন্তুষ্ট থাকিলে, ব্যাধি হইতে শীঘ্র মুক্ত হইবার অভিলাষ জন্মে। সুতরাং তদ্দ্বারা সুখলাভ হয়। ঋক্ যজুঃ সাম অথর্ব্ব এই চারি বেদ-কর্ত্তৃক, অথবা অন্য কোন শাস্ত্র কর্ত্তৃক, যে সকল আশীর্ব্বাদ-বাক্য বিহিত হইয়াছে, সেই সকল আশীর্ব্বাদ-বাক্যের দ্বারা আচার্য্য এবং বৈদ্য দুই সন্ধ্যা রোগীকে রক্ষা করিবে। সর্ষপ ও নিম্বপত্রে ঘৃত এবং লবণ মিশ্রিত করিয়া ধূপ নির্ম্মাণ করিবে। উপর্য্যুপরি দশ দিবস প্রাতঃকালে ও সায়ংকালে সেই ধূপ গৃহ-মধ্যে প্রজ্বালিত করিবে (ধূয়া দিবে)। মৌরী, শোল্‌ফা-শাক, লাঙ্গূলী, জটামাংসী, ব্রাহ্মী শাক, ঋদ্ধি, শালপাণী, চাকুলিয়া, শ্বেত-দূর্ব্বা, দূর্ব্বা ও শ্বেত-সর্ষপ, এই সকল মস্তকে ধারণ করিবে।

বাল-ব্যজনের (নূতন পাখা) দ্বারা ব্রণের উপরি বাতাস করিবে। ব্রণ কদাচ ঘর্ষণ করিবে না, টিপিবে না, অথবা চুলকাইবে না। শয্যাতে থাকিয়া সাবধানে ব্রণের স্থান রক্ষা করিবে। বনে সিংহ থাকিলে মৃগ যেরূপ বন পরিত্যাগ করে, ব্রণ-রোগী এইপ্রকার

নিয়ম বিশিষ্ট হইলে নিশাচরেরা তাহাকে সেইরূপ পরিত্যাগ করিবে। স্নিগ্ধ, অল্প-উষ্ণ, দ্রব-প্রায়, পুরাতন শালী-তণ্ডুলের অন্ন, বন্য-পশুর মাংসের সহিত ভোজন করাই ব্রণ-রোগীর পথ্য, তাহাতে ব্রণ শীঘ্র আরোগ্য হয়। অথবা নটে শাক, জীবন্তী, সুষুণী-শাক, বেতো-শাক, অপক্ক মূলক, বার্ত্তাকু, পটোল এবং কারবেল্ল (করলা উচ্ছে), এই সকল দ্রব্য আমলকী এবং দাড়িমের সহিত, ঘৃত ও সৈন্ধব লবণ সংযোগে ভর্জ্জিত করিবে (ভাজিবে)। এই সকল ভর্জ্জিত দ্রব্যের অথবা এইরূপ গুণ-বিশিষ্ট অন্য দ্রব্যের সহযোগে পূর্ব্বোক্তপ্রকার অন্ন ভোজন করিবে। অথবা, গোধূম বা যবের শুষ্ক-চূর্ণ ও মণ্ড, মুদ্গ-রসের (মুগের ডাউলের ঝোলের) সংযোগে পান করিবে। এবং কাঞ্জি (আমানি) ও জল অগ্নিতে তপ্ত করিয়া পান করিবে। পরি-শ্রম-হেতু ব্রণে শ্বয়থু (ফুলা বা শোথ) জন্মে। রাত্রি-জাগরণ-হেতু ফুলা এবং রক্ত-বর্ণ হয়। দিবানিদ্রা-হেতু রক্তবর্ণ, ফুলা ও বেদনা হয়। এবং স্ত্রীসংসর্গ-প্রযুক্ত এই সমস্ত দোষ এবং মৃত্যুও ঘটিয়া থাকে। ব্রণ-রোগী দিবা-ভাগে নিদ্রা যাইবে না, বায়ু-শূন্য গৃহে অবস্থিতি করিবে, এবং বৈদ্যের মতে চলিবে। তাহা হইলে, ব্রণ শীঘ্র আরোগ্য হয়। এইরূপ আচরণ করিলে, ব্রণ-রোগী সুখ এবং দীর্ঘ আয়ু লাভ করে।

বিংশতি অধ্যায়।

আহারীয় দ্রব্যের হিতাহিত বর্ণন।

কোন কোন পণ্ডিতেরা কহেন যে, যে দ্রব্য বায়ুর পক্ষে পথ্য, তাহা পিত্তের পক্ষে অপথ্য। এই হেতু কোন দ্রব্যই একান্ত হিতকর বা একান্ত অহিতকর হইতে পারে না। কিন্তু তাহাতে সম্যক্-রূপে দ্রব্যের হিতাহিত জ্ঞান হয় না। কারণ সকল দ্রব্যই স্বভাবতঃ অথবা অন্য দ্রব্যের সহিত সংযুক্ত হইলে, একান্ত হিতকর,

একান্ত অহিতকর, অথবা হিত ও অহিত উভয় গুণবিশিষ্ট হইয়া থাকে। জল, ঘৃত, দুগ্ধ এবং অন্ন প্রভৃতির জাতিসাত্ম্য (১) প্রযুক্ত একান্ত হিতকর। অগ্নি, ক্ষার ও বিষ প্রভৃতি দ্রব্য, দহন, পচন ও মারণাদি গুণবিশিষ্ট বলিয়া, একান্ত অহিতকর। দ্রব্যান্তরের সহিত সংযুক্ত হইলেও অনেক দ্রব্য বিষতুল্য হইয়া থাকে। এবং হিত ও অহিত গুণবিশিষ্ট সকল দ্রব্যের মধ্যে যাহা বায়ুর পক্ষে পথ্য, তাহা পিত্তের পক্ষে অপথ্য, এবং যাহা পিত্তের পক্ষে পথ্য, তাহা বায়ুর পক্ষে অপথ্য হইয়া থাকে। অতএব সকল প্রাণীর আহারের নিমিত্ত, দ্রব্যের বর্গ উপদেশ করা যাইতেছে। রক্তবর্ণ ধান্য, ষষ্টিক (ষাট) ধান্য, গন্ধুক, মুকুন্দ, পাণ্ডু, পীত, প্রমোদ, কাল, অশন, পুষ্প, কর্দ্দম, শকুনাহৃত, সুগন্ধ, কলমা, নীবার (উড়ি), এবং উদ্দালক, এই সকল প্রকার ধান্য, শ্যামাঘাস, গোধূম এবং যব ইত্যাদি সামান্যতঃ সকলের পক্ষেই সুপথ্য। সকল প্রকার মৃগ, কালসার, ক্রুকর (খৈরী), কপোত, অলাব (ছাতরা), তিত্তির, কপিঞ্জল, বর্ত্তী এবং অবর্ত্তী, মাংসের মধ্যে এই সকল পশু পক্ষিগণের মাংস সামান্যতঃ সকলের পক্ষেই সুপথ্য। মুগ, বনমুগ, ছোলা, মসূর, হরেণু, অরহর এবং সতীন (তেওড়া), এই সকল কলাই সামান্যতঃ সকলেরই পথ্য। চিল্লি-শাক, বেতো-শাক, সুষুণি-শাক, জীবন্তী, নটে-শাক, এবং থুল-কুড়ী, এইগুলি সামান্যতঃ সকলের পক্ষে সুপথ্য। দুগ্ধ, ঘৃত, সৈন্ধব, দাড়িম ও আমলকী, এগুলিও সেইরূপ সামান্যতঃ সুপথ্য। ব্রহ্ম-চর্য্য আচরণ, বায়ুশূন্য স্থানে শয়ন, উষ্ণোদক পান, রাত্রিকালে নিদ্রা যাওয়া, এবং ব্যায়াম অভ্যাস করণ, একান্ত হিতকর। যেপ্রকার দ্রব্য একান্ত হিতকর, বা একান্ত অহিতকর, তাহা বলা হইল। যে সকল দ্রব্য হিত ও অহিত উভয় গুণবিশিষ্ট, তাহারা বায়ুর পক্ষে পথ্য

(১) যে জাতীয় জীবের যেরূপ আহারে শরীর-পোষণ হয়, তাহাকেই সেই জীবের জাতিসাত্ম্য আহার বলা যায়।

হইলে পিত্তের পক্ষে অপথ্য হয়, এবং পিত্তের পক্ষে পথ্য হইলে বায়ুর পক্ষে অপথ্য হয়। অপর অনেকপ্রকার দ্রব্য আছে, যাহারা অন্য দ্রব্যের সহিত সংযুক্ত হইলে বিষতুল্য হয়। যথা বল্লীফল (লতা গাছের ফল, যথা লাউ, কুমড়া), কবক (ফল-বিশেষ), অম্ল-ফল (চালতা, আমড়া প্রভৃতি), লবণ, কুলথ-কলাই, পিণ্যাক (তিল বা সরিষা বাটা), তৈলে ভর্জ্জিত পিষ্টক, শুষ্ক শাক, ছাগলের অথবা মেষের মাংস, মদ্য, জাম-ফল, চিলিচিম (চিংড়ীমৎস্য), গোধা অথবা বরাহ মাংস, এই সকলের মধ্যে কোন দ্রব্য দুগ্ধের সহিত একত্র ভোজন করিবে না। রোগ, প্রকৃতি, দেশ, কাল, দেহের অবস্থা, এবং অগ্নির দীপ্তি, এই সকল বিবেচনা করিয়া রোগীর আহারের ব্যবস্থা করিবে। দুগ্ধ এবং বিষের মধ্যে, দুগ্ধ নিতান্ত হিতকর, এবং বিষ নিতান্ত অহিতকর। কিন্তু রোগীদিগের সম্বন্ধে অতিশয় অবস্থা-ন্তর হইলে, দ্রব্যের স্বাভাবিক হিতকারিতা বিবেচনা না করিয়া, তৎকালে যাহাতে স্বাস্থ্য-রক্ষা হয়, এরূপ দ্রব্য ব্যবস্থা করিবে *। হে বৎস সুশ্রুত, দ্রব্য, রস অথবা সলিলাদি অন্য দ্রব্য বা রসের সহিত সংযুক্ত হইলে, অবস্থা-বিশেষে এইরূপ একান্ত হিতকর হইয়া থাকে জানিবে।

অতঃপর অপরাপর যে সকল দ্রব্য পরস্পর সংযোগে অহিতকর হয়, তাহা কহিতেছি। নূতন ধান্যের অন্নের সহিত, অথবা বসা, মধু, গুড়, দুগ্ধ কিংবা মাষকলাইয়ের সহিত, গ্রাম্য বা নির্জ্জল-দেশ-জাত পশুর মাংস ভোজন করিবে না। দুগ্ধ বা মধুর সহিত রোহিণী (কটফল-শাক), অথবা জাতু (হিঙ্গু) শাক ভোজন করিবে না। কাঞ্জি অথবা মদ্যের সহিত বলাকার (বাল-হাঁস) মাংস, পিপ্পলী

---

* দুগ্ধ একান্ত হিতকর পথ্য হইলেও কোন কোন স্থলে তাহাতে স্বাস্থ্য-রক্ষা হয় না। এবং বিষ নিতান্ত অহিতকর হইলেও অবস্থা-বিশেষে স্বাস্থ্য-রক্ষার নিমিত্ত ব্যবস্থা করা যাইতে পারে।

অথবা মরীচের সহিত কাকমাচী (১), অথবা নাড়ীভঙ্গ-শাক, কুক্কুট-মাংস এবং দধি, একত্র ভোজন করিবে না। মধু পান করিয়াই উষ্ণোদক পান করিবে না। পিত্তের সহিত মাংস পাক করিয়া ভোজন করিবে না। সুরা, তিল-মিশ্রিত-পিষ্টক এবং পায়স, একত্র ভোজন করিবে না। কাঞ্জির সহিত তিলের পিষ্টক, মৎস্যের সহিত গুড়, চিনী প্রভৃতি ইক্ষুবিকার, গুড়ের সহিত কাকমাচী, মধুর সহিত মূলক, এবং গুড় অথবা মধুর সহিত বরাহ-মাংস ভোজন করা বিরুদ্ধ। দুগ্ধের সহিত মূলক, আম্র, জাম্ব, শূকর-মাংস, গোসাপ, কোনপ্রকার মৎস্য, বিশেষতঃ চিলিচিম (চিংড়ি-মৎস্য), এবং দুগ্ধ, দধি অথবা তাল-ফলের সহিত কদলীফল, ভোজন করা কর্ত্তব্য নহে। দুগ্ধ, দধি, মাষসূপ (মাষকলাইয়ের ডাল), মধু অথবা ঘৃতের সহিত লকুচ-ফল (মাদার) ভক্ষণ করিবে না। যে সকল দ্রব্য দুগ্ধ-যোগে আহার করিতে নিষেধ, তাহা দুগ্ধ পান করিবার অব্যবহিত পূর্ব্বে বা পরে আহার করিবে না।

যে সকল আহারীয় দ্রব্য ক্রিয়া-বিশেষের দ্বারা বিরুদ্ধ হয়, তাহা কহিতেছি। কপোত-মাংস সর্ষপ-তৈলে ভর্জ্জন করিয়া ভোজন করিবে না। কপিঞ্জল, ময়ূর, ছাতরা, তিতির ও গোসাপ, ইহাদিগের মাংস, এরণ্ড কাষ্ঠের অগ্নিতে, অথবা এরণ্ড তৈলে পাক করিয়া ভোজন করিবে না। ঘৃত অথবা মধু দশরাত্র কাংস্য-পাত্রে রাখিয়া পান করিবে না। উষ্ণ দ্রব্যের সহিত কাকমাচী পাক করিয়া খাইবে না। তিলবাটার সহিত কলমী শাক পাক করিয়া খাইবে না। নারিকেল ও বালহাঁসের মাংস একত্র বরাহ-বসাতে (শূকরের চর্ব্বিতে) ভর্জ্জন করিয়া খাইবে না। কুক্কুট-মাংস, শলাকায় বিদ্ধ করিয়া অঙ্গারের অগ্নিতে পাক করিয়া ভোজন করিবে না।

অতঃপর যে সকল দ্রব্য পরিমাণের ভেদে বিরুদ্ধ হইয়া উঠে,

---

(১) ইহাকে গুড়কামাই বলে।

তাহা কহিতেছি। মধু এবং জল, অথবা মধু এবং ঘৃত তুল্য পরিমাণে পান করিবে না। দুইপ্রকার স্নেহ-দ্রব্য, মধু ও কোনপ্রকার স্নেহ-দ্রব্য, এবং জল ও কোনপ্রকার স্নেহ-দ্রব্য একত্র পান করিবে না। বিশেষতঃ মধু অথবা কোনপ্রকার স্নেহ পান করিয়া, তাহার অব্যবহিত পরেই বর্ষার জল পান করা অকর্ত্তব্য।

অতঃপর যে সকল রস পরস্পর মিলিত হইয়া, রসে, বীর্য্যে অথবা পরিপাকে বিরুদ্ধ হয়, তাহা কহিতেছি। মধুর এবং অম্ল-রস মিলিত হইলে, রসে এবং বীর্য্যে বিরুদ্ধ। মধুর ও লবণ-রস, এবং মধুর ও কটু-রস মিলিত হইলে, রসে, বীর্য্যে এবং পরিপাকে বিরুদ্ধ। মধুর-রস ও তিক্তরস, রসে এবং পরিপাকে বিরুদ্ধ। মধুর ও কষায়-রস, এবং অম্ল ও লবণ-রস, রসে বিরুদ্ধ। অম্ল ও কটু, রসে এবং পরিপাকে বিরুদ্ধ। অম্ল তিক্ত এবং অম্ল কষায়, রসে, বীর্য্যে এবং পরিপাকে, লবণ ও কটু রস পরিপাকে, লবণ ও তিক্ত রস, এবং লবণ ও কসায় রস, রসে, বীর্য্যে এবং পরিপাকে বিরুদ্ধ। কটু ও তিক্ত, রসে এবং বীর্য্যে, কটু ও কষায়, এবং তিক্ত ও কষায়, কেবল রসে বিরুদ্ধ। অতি-রুক্ষ, অতি-স্নিগ্ধ, অতি-উষ্ণ এবং অতি-শীতল, এই সকল বর্জ্জন করিবে।

যে সকল আহারীয় দ্রব্য রসে, বীর্য্যে এবং পরিপাকে বিরুদ্ধ, তাহারা নিতান্ত অহিতকর। এতদ্ব্যতিরেকে অপর সকল দ্রব্য হিত এবং অহিত উভয়প্রকার গুণবিশিষ্ট। এই সকলপ্রকার বিরুদ্ধ আহারের দ্বারা ব্যাধি, ইন্দ্রিয়ের দুর্ব্বলতা, এবং মৃত্যু পর্য্যন্তও হইয়া থাকে। এই সকল বিরুদ্ধ আহার প্রযুক্ত অল্পমাত্র দোষ ঘটিলে, যদি তাহাদিগকে নির্গত করা না হয়, তবে সেই রস ক্রমশঃ বিকৃতি-প্রাপ্ত হয়। বিরুদ্ধ ভোজনে যে সকল রোগ জন্মে, তাহা বিরেচনের দ্বারা নাশ হয়। এবং বমন করিলে, রোগ জন্মিবার পূর্ব্বেই তাহার শমতা হয়। অভ্যাস থাকিলে, পরিমাণ অল্প হইলে, অগ্নির দীপ্তি

থাকিলে, বয়স তরুণ হইলে, শরীর স্নিগ্ধ থাকিলে, অথবা ব্যায়ামশীল বা বলিষ্ঠ হইলে, বিরুদ্ধ ভোজন ক্লেশকর হয় না। ব্যায়ামশীল, বলবান্, শিশু, স্নিগ্ধ-শরীর-বিশিষ্ট, বা বহু-ভোজন-কারী হইলে, বা অগ্নির দীপ্তি থাকিলে, বিরুদ্ধ ভোজনের দ্বারা এই সকল ব্যক্তির রোগ জন্মে না। অথবা অভ্যাস থাকিলে বা অল্প পরিমাণে আহার করিলেও রোগ জন্মে না।

অনন্তর বায়ুর গুণ বর্ণন করা যাইতেছে।

পূর্ব্বদিক্ হইতে যে বায়ু প্রবাহিত হয়, তাহা মধুর ও লবণ রস বিশিষ্ট, স্নিগ্ধ, ভার, অম্লপিত্ত-জনক, এবং রক্তপিত্ত-বর্দ্ধনকারী। বিশেষতঃ যাহারা ক্ষত-রোগ, বিষ-রোগ, অথবা ব্রণ-রোগ বিশিষ্ট, অথবা যাহাদিগের শ্লেষ্মল শরীর, পূর্ব্বদিকস্থ বায়ুর দ্বারা তাহাদিগের রোগ বর্দ্ধিত হয়, এবং ব্রণের ক্লেদও (পূযাদি) বর্দ্ধিত হয়। কিন্তু যাহারা বায়ুরোগ-বিশিষ্ট, শ্রান্ত, অথবা যাহাদিগের শরীরের কফভাগ শুষ্ক হইয়া যায়, তাহাদিগের পক্ষে বিশেষ উপকারী। দক্ষিণদিক্ হইতে যে বায়ু প্রবাহিত হয়, তাহা মধুর ও কষায় রস বিশিষ্ট, লঘু, চক্ষুর দীপ্তিকারী ও বল-বর্দ্ধনকারী। ইহাতে অম্লপিত্ত জন্মে না, এবং বায়ুরও প্রকোপ হয় না। পশ্চিমদিক্ হইতে যে বায়ু প্রবাহিত হয়, তাহা বিশদ, রুক্ষ, কঠিন, খরস্পর্শ, তীক্ষ্ণ, কফ ও মেদ শোষণ-কারী, এবং শরীরের চিক্কণতা ও বল বিনাশকারী। ইহার দ্বারা শরীর শুষ্ক হয়, এবং প্রাণ-নাশও হইয়া থাকে। উত্তরদিক্ হইতে যে বায়ু প্রবাহিত হয়, তাহা স্নিগ্ধ, মৃদু, মধুর ও কষায় রস বিশিষ্ট, এবং শীতল। ইহার দ্বারা কোন দোষের প্রকোপ হয় না, বরং বল বৃদ্ধি হয়, কিন্তু শরীরে ক্লেদ জন্মে। ক্ষীণ, এবং ক্ষয়-রোগ ও বিষ-রোগ বিশিষ্ট ব্যক্তিগণের পক্ষে ইহা বিশেষরূপে হিতকারী।

একবিংশতিতম অধ্যায়।

বাতাদির স্থান, সঞ্চয়, প্রকোপ, প্রসরণ ও তদ্দ্বারা ব্রণ উৎপত্তির বিবরণ।

বাত পিত্ত শ্লেষ্মাই দেহের উৎপত্তির কারণ *। যেমন তিনটী স্তম্ভে গৃহ ধারণ করে, সেইরূপ ইহারাও শরীরের অধঃ, ঊর্দ্ধ এবং

---

* "বাত পিত্ত শ্লেষ্মা শরীর ধারণের মূল" আর্য্যগণের এই অভিপ্রায়টী স্পষ্ট করিয়া বুঝিয়া উঠা সহজ নহে। এই সম্বন্ধে এ গ্রন্থের স্থানে স্থানে যেরূপ বলা হইয়াছে, তাহাতে পিত্ত এবং শ্লেষ্মার উৎপত্তি, আকার, আশ্রয়, লক্ষণ এবং শরীরের যে-যে কার্য্যের জন্য তাহাদিগের প্রয়োজন, এই সকল বিষয়ের অধিকাংশ বুঝিতে পারা যায়। কিন্তু বায়ুকে যে কি কারণে আর্য্যেরা শরীর-ধারণের মূল বলিয়া নিরূপণ করিয়াছেন, এক্ষণে তাহার বিবেচনা করা যাইতেছে। বা ধাতুর অর্থ গমন করা। যদ্দ্বারা দেহ-যন্ত্র চালিত হয়, তাহাকে বায়ু কহে। আয়ুর্ব্বেদ ও অন্যান্য গ্রন্থে উল্লিখিত আছে যে, প্রধান বায়ু পাঁচটী এবং উপবায়ু পাঁচটী। শ্বাস-প্রশ্বাস-ক্রিয়া-বিশিষ্ট প্রাণ বায়ুই তাহার মধ্যে প্রধান। স্থান-ভেদে এই প্রাণ বায়ুরই দশবিধ নাম হইয়াছে। অনেকানেক তন্ত্রে বর্ণিত আছে যে, দেহস্থ কুণ্ডলিনী নাম্নী শক্তি হইতে সেই প্রাণ-বায়ু সম্ভূত হইয়াছে। তন্ত্রকারেরা সেই কুণ্ডলিনী শক্তিকে বায়ু এবং অগ্নির সূক্ষ্মাংশ তড়িন্ময় পদার্থ বলিয়া বর্ণনা করেন। সেই শক্তি মেরু-দণ্ডের মধ্যে থাকিয়া, জ্ঞান ইচ্ছা ক্রিয়া, এই তিন রূপে বিভক্ত হইয়া, কি বাহ্যেন্দ্রিয়ের কার্য্য, কি আন্তরিক যন্ত্র-কার্য্য, দেহস্থ সমস্ত কার্য্যেরই প্রবর্ত্তিকা হইয়াছেন। অসংখ্য শূন্য অথবা বায়ু-বাহিনী ধমনী মেরুদণ্ডে সংলগ্না বলিয়া তন্ত্রে বর্ণিত আছে। তন্মধ্যে জ্ঞান-শক্তি-বাহিনী, ইচ্ছা-শক্তি-বাহিনী এবং ক্রিয়া-শক্তি-বাহিনী, এই তিন নাড়ী প্রধানা বলিয়া নিরূপিত হইয়াছে। সেই সকল ধমনী-পথে তড়িন্ময় সূক্ষ্ম বায়ু সহকারে জ্ঞান ইচ্ছা ও ক্রিয়া-শক্তি দেহে এবং দেহস্থ সমস্ত যন্ত্রে সংযোজিতা হয়। পাশব-তাড়িত-তত্ত্ববেত্তা ডাক্তার ডড্ সাহেব স্বীয় তাড়িত-তত্ত্ব-গ্রন্থে, শরীরে শোণিত সঞ্চালিত হওনের হেতু-সম্বন্ধে এইরূপ বলিয়াছেন যে, মেরুদণ্ড হইতে হৃদয়ের উপরিভাগ পর্য্যন্ত যে একটী শিরা সংযুক্ত হইয়াছে, তাহা ছেদনমাত্রই রক্তের সঞ্চালন এককালে রহিত হয়। ইহাতেই তিনি অনুমান করেন যে, এ ধমনীর দ্বারাই হৃদয়ে রক্ত-সঞ্চালিনী শক্তি সংযোজিতা হয়। শারীরতত্ত্ববিৎ ডাক্তার কুম্ব সাহেব

মধ্যদেশে অবিকৃত-ভাবে থাকিয়া এই শরীরকে ধারণ করে। এ কারণ কোন কোন পণ্ডিত এই শরীরকে ত্রিস্থূণ (তিনটী স্তম্ভ-বিশিষ্ট) গৃহ বলিয়া থাকেন। ইহাদিগের বিকৃতি-ভাব হইলেই দেহের নাশ হয়। এই তিনটী এবং শোণিত, এই চারিটী উৎপত্তি, স্থিতি এবং বিনাশ কালেও শরীরে অবিচ্ছিন্ন-ভাবে থাকে। বাত পিত্ত শ্লেষ্মা এবং শোণিত, এই চারিটী ব্যতিরেকে দেহ রক্ষা হয় না। ইহারাই দেহকে নিরন্তর ধারণ করিয়া থাকে। ইহাদিগের মধ্যে বা ধাতুর অর্থ গতি এবং বন্ধন বুঝায়, ইহার উত্তর ক্ত প্রত্যয় করিয়া বাত শব্দ উৎপত্তি হয়। তপ ধাতুর অর্থ সন্তাপ বুঝায়, তাহার উত্তর ক্ত প্রত্যয় করিয়া পিত্ত শব্দের উৎপত্তি হয়। এবং শ্লিষ ধাতুর অর্থ আলিঙ্গন বুঝায়, তাহার উত্তর মন্ প্রত্যয় করিয়া শ্লেষ্মা শব্দের উৎপত্তি হয়।

অতঃপর বাত পিত্ত শ্লেষ্মা এবং শোণিত, এই চারিটী দোষের আশ্রয়ের স্থান কহিতেছি। ইহাদিগের মধ্যে বায়ু, কটিদেশ এবং মলাশয় আশ্রয় করিয়া থাকে। কটি এবং মলাশয়ের উপরিভাগে এবং নাভির অধোভাগে পক্কাশয়, সেই পক্কাশয় এবং আমাশয়ের * মধ্য-স্থানে পিত্ত আশ্রয় করিয়া থাকে। এবং শ্লেষ্মা, আমাশয়ের স্থান আশ্রয় করিয়া থাকে। এই বাত পিত্ত শ্লেষ্মা পুনর্ব্বার পঞ্চ প্রকারে বিভক্ত হইয়া পঞ্চ স্থানে অবস্থিতি করে। তাহার মধ্যে বায়ুর পঞ্চ স্থান বাত-

---

বলেন যে, মেরুদণ্ডের উভয় পার্শ্বে জ্ঞান-শক্তি-বাহিনী ও ক্রিয়া-শক্তি-বহিনী যে শিরা আছে, তাহা তিনি সেই শিরা ছেদন পূর্ব্বক পরীক্ষা করিয়া দেখিয়াছেন। এই সমস্ত বিবেচনা করিলে বোধ হয় যে, সেই মেরুদণ্ডাশ্রিত সকল ধমনীর মধ্যগতা যে সকল বায়বী শক্তি আছে ও তাহার শ্বাস প্রশ্বাস আদি যে সকল বাহ্যক্রিয়া দৃষ্ট হয়, তাহাই আর্য্যগণের দ্বারা দেহস্থ মূল-বায়ু বলিয়া বর্ণিত হইয়াছে। নিদান-স্থানে ইহার আরও বিশেষরূপ মীমাংসা পাওয়া যাইবে।

* জীর্ণ হইবার পূর্ব্বে ভুক্ত দ্রব্য অপক্ক অবস্থায় যে স্থানে থাকে, তাহাকে আমাশয় কহে। আমাশয়ের স্থান নাভির উপরিভাগ।

ব্যাধির অধিকারে কহিব। পিত্তের স্থান যকৃৎ, প্লীহা, হৃদয়, দৃষ্টি, ত্বক্‌, এবং পূর্ব্বোক্ত পক্ক ও আমাশয়ের মধ্য-স্থান। শ্লেষ্মার স্থান বক্ষ, মস্তক, কণ্ঠদেশ, সন্ধি-স্থান এবং আমাশয়। বাত পিত্ত শ্লেষ্মা, এই তিন দোষ বিকৃত না হইলে, এই সকল স্থান আশ্রয় করিয়া থাকে। যেমন চন্দ্র, সূর্য্য এবং বায়ু, ক্ষরণ, আকর্ষণ এবং সঞ্চালন ক্রিয়া দ্বারা এই জগৎ-রূপ বিরাট্‌ দেহকে ধারণ করিয়া আছেন, সেইরূপ কফ পিত্ত বায়ু প্রাণিগণের দেহকে ধারণ করিয়া থাকে।

এ স্থলে বিবেচনার বিষয় এই যে, পিত্ত ব্যতিরেকে দেহে অন্য কোনরূপ অগ্নি আছে, কি পিত্তই অগ্নি। পিত্ত ব্যতিরেকে দেহে অন্য কোনপ্রকার অগ্নির উপলব্ধি হয় না। পিত্ত আগ্নেয় পদার্থ। দহন ও পরিপাক বিষয়ে পিত্তই অধিষ্ঠিত থাকিয়া অগ্নির ন্যায় কার্য্য করে। ইহাকেই অন্তরগ্নি কহে। কারণ, প্রথমতঃ দেহে অগ্নির মান্দ্য হইলে, যাহাতে পিত্ত-বৃদ্ধি হয়, এরূপ দ্রব্যই সেবন করা যায়, এবং অগ্নি অতিশয় বৃদ্ধি হইলে, শীতল ক্রিয়ার দ্বারাই তাহার প্রতিকার করিতে হয়। দ্বিতীয়তঃ, আগম শাস্ত্রেও এরূপ কথিত আছে, যে পিত্ত ভিন্ন দেহে অন্য কোনপ্রকার অগ্নির অধিষ্ঠান নাই। পক্কাশয় এবং আমাশয়ের মধ্যে অবস্থিতি করিয়া, পিত্ত যে কি প্রণালীতে চতুর্ব্বিধ আহার পরিপাক করে, এবং কি প্রণালীক্রমেই বা আহার-জনিত রস বায়ু, পিত্ত, কফ, মূত্র এবং পুরীষ প্রভৃতিকে পরস্পর পৃথক্‌ করে, তাহা প্রত্যক্ষ করা যায় না। পিত্ত ঐ স্থানে অবস্থিতি করিয়াই অগ্নি-ক্রিয়ার দ্বারা দেহে অপর চারিটী পিত্ত-স্থানের ক্রিয়ার সাহায্য করে। সেই পক্ক ও আমাশয়ের মধ্যস্থিত পিত্তে পাচক নামে অগ্নি অধিষ্ঠান করে। যকৃৎ প্লীহা মধ্যে যে পিত্ত অধিষ্ঠিত, তাহাতে রঞ্জক নামে অগ্নি অবস্থিতি করে। সেই অগ্নিই আহার-সম্ভূত রসকে রক্ত-বর্ণ করে। যে পিত্ত হৃদয়-স্থানে সংস্থিত, তাহাতে সাধক নামে অগ্নি অবস্থিতি করে। তদ্দ্বারা মনের সকল অভিলাষ সাধিত হয়। যে পিত্ত

দৃষ্টি-স্থানে অধিষ্ঠিত, তাহাতে আলোচক নামে অগ্নি অবস্থিতি করে। তদ্দ্বারা পদার্থের রূপ অথবা প্রতিবিম্ব গৃহীত হয়। যে পিত্ত ত্বকে সংস্থিত, তাহাতে ভ্রাজক নামে অগ্নি অবস্থিতি করে। তৈলমর্দ্দন, অবগাহন, আলেপন প্রভৃতি ক্রিয়ার দ্বারা যে সকল স্নেহ প্রভৃতি দ্রব্য শরীরে লিপ্ত হয়, এই পিত্তের দ্বারা সেই সকল দ্রব্যের পরিপাক ও দেহের ছায়ার প্রকাশ হয়।

পিত্ত তীক্ষ্ণগুণ ও পূতিগন্ধ বিশিষ্ট, নীল অথবা পীত-বর্ণ বিশিষ্ট, এবং তরল। পিত্ত উষ্ণ হইলে কটুরস-বিশিষ্ট, এবং বিদগ্ধ হইলে অম্লরস-বিশিষ্ট হয়।

অতঃপর শ্লেষ্মার স্থান কহিতেছি। শ্লেষ্মার স্থান আমাশয়। সেই স্থান পিত্তাশয়ের উপরিভাগে থাকা প্রযুক্ত, শ্লেষ্মা এবং পিত্ত পরস্পর বিপরীত গুণ বিশিষ্ট হওয়া প্রযুক্ত, এবং পিত্তের ঊর্দ্ধগতি প্রযুক্ত, চন্দ্র যেরূপ সূর্য্য-ক্রিয়ার আধার, সেইরূপ শ্লেষ্মাও চারিপ্রকার আহারের আধার *। সেই আমাশয়ের স্থানে, শ্লেষ্মার জলীয় গুণের দ্বারা সকল-প্রকার ভুক্ত-দ্রব্য ক্লিন্ন (আর্দ্র) হয়, একত্রীভূত থাকিলে পৃথক্ পৃথক্ হয়, এবং তাহাতে অনায়াসেই জীর্ণ হয়। শ্লেষ্মা আমাশয়ের স্থানেই উৎপত্তি। মাধুর্য্য এবং পিচ্ছিল ভাব প্রযুক্ত, এবং ভুক্ত দ্রব্যকে

* "ছাদকো ভাস্করস্যেন্দুরধঃস্থো ঘনবদ্ভবেৎ"। জ্যোতিষের এই বচনের দ্বারা জানা যাইতেছে যে, আর্য্যেরা চন্দ্রকে সূর্য্য এবং পৃথিবীর মধ্যস্থিত বলিয়া নিরূপণ করিয়াছিলেন। সেই উপমান অনুসারেই এস্থলে শ্লেষ্মাকেও পিত্তাগ্নি এবং ভুক্ত দ্রব্যের মধ্যস্থিত বলিয়া উল্লেখ করা হইয়াছে। চন্দ্র এই সমস্ত বিশ্ব চরাচরকে অমৃত-রসে আপ্লুত করিয়া রাখিয়াছেন, এবং সূর্য্য স্বীয় কিরণ দ্বারা সেই রস উত্তাপিত করিয়া সমস্ত পদার্থকে পরিপাক করিতেছেন। সুতরাং রস অথবা চন্দ্রই সূর্য্য-ক্রিয়ার আধার। চন্দ্র না থাকিলে পদার্থের পরিপাক হইত না, এককালে দগ্ধ হইয়া যাইত। সেইরূপ পিত্তাগ্নিও শ্লেষ্মাকে উত্তপ্ত করিয়া ভুক্ত-দ্রব্য পরিপাক করে। শ্লেষ্মার দ্বারা আচ্ছন্ন না থাকিলে ভুক্ত-দ্রব্য পরিপাক না হইয়া দগ্ধ হইয়া যাইত। এ স্থলে উপমান এবং উপমেয়ের সম্বন্ধ বিবেচনা করিতে গেলে, শ্লেষ্মাকে পিত্তক্রিয়ার আধার বলাই সম্ভবে।

প্রক্লেদিত করা প্রযুক্ত, ইহা মধুর-রস ও শীতল-গুণ বিশিষ্ট। শ্লেষ্মা আমাশয়ে অবস্থিতি করিয়া, সাধ্যানুসারে উদক-ক্রিয়ার দ্বারা শরীরের অপরাপর শ্লেষ্মা-স্থানের আনুকূল্য করে। হৃদয়স্থ শ্লেষ্মা, কটিদেশে সন্ধি ধারণ করে, এবং অন্নরসের সহিত মিলিত হইয়া হৃদয়-স্থান অবলম্বন করে। কণ্ঠস্থিত শ্লেষ্মা, জিহ্বামূল আশ্রয় করিয়া থাকে, এবং রসনেন্দ্রিয়ের সৌম্য-গুণ প্রযুক্ত রসের আস্বাদন কার্য্যেই তাহার অধিষ্ঠান হয়। মস্তকে যে সকল তৈল প্রভৃতি স্নেহ-দ্রব্য মর্দ্দন করা যায়, তাহার দ্বারা সন্তৃপ্ত হইয়া, শিরঃস্থিত শ্লেষ্মা, শ্রবণ দর্শন প্রভৃতি ইন্দ্রিয়-কার্য্যের আনুকূল্য করে। সন্ধি-স্থান-গত শ্লেষ্মা, শরীরের সন্ধি-স্থান সংশ্লিষ্ট রাখিবার পক্ষে আনুকূল্য করে।

শ্লেষ্মা গুরু, শ্বেত-বর্ণ, স্নিগ্ধ, পিচ্ছিল এবং শীতল। সেই শ্লেষ্মা মধুর-রস বিশিষ্ট হইলে অবিদাহী, এবং লবণ-রস বিশিষ্ট হইলে বিদাহী হইয়া থাকে।

পূর্ব্বেই বলা হইয়াছে যে, শোণিতের স্থান যকৃৎ ও প্লীহা। শোণিত, ঐ দুই স্থান হইতেই দেহের সমুদয় শোণিত-ক্রিয়ার আনুকূল্য করে। শোণিত উষ্ণ নহে, শীতলও নহে, স্নিগ্ধ, রক্তবর্ণ, গুরু, মাংস-গন্ধ-বিশিষ্ট, এবং পিত্তের ন্যায় বিদাহ-গুণ-বিশিষ্ট।

প্রত্যেক দোষের যে যে স্থান বলা হইল, সেই সেই স্থানে তাহারা সঞ্চিত হয়। যে যে কারণে যে যে দোষ সঞ্চিত হয়, তাহা ঋতু-বর্ণন অধ্যায়ে পূর্ব্বে বলা হইয়াছে। কোন দোষ সঞ্চিত হইলে, কোষ্ঠ-দেশ পূর্ণ এবং ভার হয়, শরীরের ঈষৎ পীতবর্ণতা, অল্প উষ্ণতা, ভার ও আলস্য জন্মে, এবং যে সকল কারণে সেই দোষ জন্মে, সেই সকল কারণের প্রতি বিদ্বেষ, এই সকল লক্ষণ ঘটে। সঞ্চিত দোষের প্রতিকার করিবার পক্ষে এইটী প্রথম কাল।

অতঃপর যে কারণে যে দোষের প্রকোপ হয়, তাহা কহিতেছি। বলবানের সহিত ব্যায়াম করা, অতিরিক্ত ব্যায়াম করা, স্ত্রীসংসর্গ,

অধ্যয়ন, পতন, ধাবন (দৌড়ান), প্রপীড়ন (অতিশয় টেপা), অভি-ঘাত, লঙ্ঘন, প্লবন (জলে থাকা), সন্তরণ, রাত্রি-জাগরণ, ভার-বহন, গজ, অশ্ব, রথ প্রভৃতি বাহনে অথবা পদব্রজে গমন, কটু কষায় তিক্ত বা রুক্ষ দ্রব্য, লঘু অথবা শীতল তেজ-বিশিষ্ট-দ্রব্য, শুষ্ক পাক, শুষ্ক মাংস, কোদ্দালক, কোর-দূষক, শ্যামা-ধান্য, নীবার (উড়ি ধান্য), মুদ্গ, মসূর, অরহর ও কলাই, এই সকল দ্রব্য ভোজন, অনশন, বিপ-রীত-ভোজন, অধিক ভোজন, এবং বাত মূত্র পুরীষ শুক্র ছর্দ্দি (বমন) হাঁচি উদ্গার ও অশ্রু প্রভৃতির বেগ ধারণ, এই সকল কারণে বায়ুর প্রকোপ হয়। বিশেষতঃ মেঘাচ্ছন্ন কালে, শীতল বায়ু প্রবাহন কালে, ঘর্ম্মের নিবারণকালে, এবং, প্রতিদিন প্রত্যূষে ও অপরাহ্ণ কালে ও অন্ন পরিপাক হইয়া গেলে; বায়ুর প্রকোপ হইয়া থাকে।

ক্রোধ শোক ভয় চিন্তা উপবাস অগ্নিদাহ মৈথুন উপগমন, অথবা কটু অম্ল লবণ তীক্ষ্ণ উষ্ণ লঘু বিদাহী তিলতৈল পিণ্যাক কুলত্থ সর্ষপ মসিনা-শাক গোধা (গোসাপ) মৎস্য ছাগ বা মেষমাংস, দধি তক্র দধিমস্তু ছানা কাঁজি সুরা বা কোনরূপ সুরার বিকৃতি ও অম্লরসবিশিষ্ট ফল, ঘোল এবং রৌদ্রের উত্তাপ, এই সকলের দ্বারা পিত্তের প্রকোপ হয়। বিশেষতঃ উষ্ণ-ক্রিয়া করিলে, বা উষ্ণ কাল হইলে, মেঘের অবসান হইলে, অথবা মধ্যাহ্নকাল বা অর্দ্ধ-রাত্র হইলে, অথবা ভুক্ত-দ্রব্য পরিপাক হইবার কাল উপস্থিত হইলে, পিত্তের প্রকোপ হয়।

দিবানিদ্রা, শ্রমের অভাব, অলস, মধুর রস, অম্লরস, লবণরস, শীতল, স্নিগ্ধ, গুরু, পিচ্ছিল-দ্রব-বস্তু, অভিষ্যন্দি হৈমন্তিক ধান্য, যব, মাষ, গোধূম, তিল-পিষ্টক, দধি, দুগ্ধ, কৃশরা, পায়স, ইক্ষুবিকার, অনূপত সজলদেশ-জাত মাংস, মাংস, বসা, মৃণাল, কেশুর, শৃঙ্গাটক (পানিফল), মধুর-রস-বিশিষ্ট অলাবু ও কুষ্মাণ্ড প্রভৃতি লতা-ফল সম্যক্ ভোজন, বা অতিরিক্ত ভোজন, এই সকলের দ্বারা শ্লেষ্মার

প্রকোপ হয়। বিশেষতঃ শীতল-ক্রিয়া করিলে, বা শীত কিংবা বসন্ত ঋতু হইলে, এবং প্রতিদিন প্রাতঃকালে ও সায়ংকালে ও আহার করিবামাত্র, শ্লেষ্মার প্রকোপ হয়।

পিত্তের প্রকোপ হইলেই রক্ত কুপিত হয়, অথবা যদি সর্ব্বদা দ্রব, স্নিগ্ধ ও গুরুপাক দ্রব্য আহার করে, দিবাভাগে নিদ্রা যায়, অথবা ক্রোধ, অগ্নিতাপ-সেবন, রৌদ্র-সেবন, শ্রম, অভিঘাত, অজীর্ণ-জনক অথবা বিরুদ্ধ দ্রব্য ভোজন, ইত্যাদি কোনপ্রকার অহিতাচার করে, তাহাতেও রক্তের প্রকোপ হয়। বায়ু পিত্ত কফ, এই তিন দোষের মধ্যে কোন দোষ কুপিত না হইলে, রক্ত কুপিত হয় না। অতএব সেই অনুষঙ্গী দোষ যে যে কালে কুপিত হয়, রক্তও সেই সেই কালে কুপিত হয় *। কোন দোষ কুপিত হইলে, কোষ্ঠ-দেশে বেদনা ও দেহে দূষিত রক্তের সঞ্চার, অম্লরস-যুক্ত পানীয় দ্রব্যে অভিলাষ, গাত্রদাহ, অন্নে অরুচি, এবং হৃদয়ে উৎক্লেদ (শ্লেষ্মার আশ্রয়) হইয়া থাকে। কুপিত দোষের প্রতিকার করিবার পক্ষে এইটী দ্বিতীয় কাল।

অতঃপর সেই সকল কুপিত দোষ যেরূপে শরীরে প্রসারিত হয়, তাহা কহিতেছি। সুরা প্রস্তুত কালে, যেমন কিণ্বোদক (মশলার জল) এবং পিষ্ট-তণ্ডুল একত্র পর্য্যুষিত হইলে (পচিলে) বর্দ্ধিত হয়, সেইরূপ পূর্ব্বোক্ত সকল কারণে দোষ কুপিত হইলে, বর্দ্ধিত হইয়া গতি-বিশিষ্ট হয়। বায়ুর গতি-শক্তির দ্বারাই তাহাদিগের গতি হইয়া থাকে। বায়ু অচেতন পদার্থ হইলেও, তাহাতে অধিক পরিমাণে

* দোষের প্রকোপ-কালেই যে রক্তের প্রকোপ হয়, তাহা জ্বর-রোগে স্পষ্টই জানা যায়। কারণ যে দোষ কুপিত হইয়া জ্বর হয়, সেই দোষ কুপিত হইবার পক্ষে দিবা-রাত্রির মধ্যে যে কাল নির্ণীত হইয়াছে, প্রতিদিন সেই কালেই শরীর উত্তপ্ত হইয়া জ্বর আরম্ভ হয়। ইহাতে এরূপ সিদ্ধান্ত করা যাইতে পারে যে, প্রতিদিন প্রকোপ-কালে দোষ কুপিত হইলে, রক্তও তাহার সহিত কুপিত হইয়া উঠে। রক্ত কুপিত হইলে উত্তপ্ত হয়, তদ্দ্বারা শরীরও উত্তপ্ত হইয়া উঠে।

রজোগুণ (১) আছে। রজোগুণ, সকল ভাবের প্রবর্ত্তক। যেমন একটী সেতুর এক দিকে সমধিক জলরাশি একত্র সঞ্চিত হইলে, সেই জলরাশি সেতু ভঙ্গ করিয়া, অপর দিকস্থ জলের সহিত মিশ্রিত হইয়া, নানাদিকে প্রসারিত হয়, সেইরূপ সকল দোষের মধ্যে কোন দোষ কুপিত হইলে, সেই সমস্ত দোষ স্বতন্ত্র স্বতন্ত্র, অথবা দুইটী বা সকলে একত্র মিলিয়া, অথবা শোণিতের সহিত মিলিত হইয়া, নানাপ্রকারে প্রসারিত হইতে থাকে। সকল দোষ স্বতন্ত্র অথবা মিলিত হইয়া এই পঞ্চদশ প্রকারে প্রসারিত হয় ; যথা, বাত, পিত্ত, শ্লেষ্মা, শোণিত, বাত-পিত্ত, বাত-শ্লেষ্মা, পিত্ত-শ্লেষ্মা, বাত-শোণিত, পিত্ত-শোণিত, শ্লেষ্মা-শোণিত, বাত-পিত্ত-শোণিত, বাত-শ্লেষ্মা-শোণিত, পিত্ত-শ্লেষ্মা-শোণিত, বাত-পিত্ত-শ্লেষ্মা এবং বাত-পিত্ত-শ্লেষ্মা-শোণিত।

যেরূপ আকাশের মধ্যে যে স্থানে মেঘের সঞ্চার হয়, সেই স্থানেই বৃষ্টি হয়, সেইরূপ শরীরের মধ্যে যে স্থানে কুপিত দোষের গতি হয়, সেই স্থানেই বিকৃতি জন্মে। দোষ কুপিত হইয়া প্রথমতঃ গমন-পথে লীন হইয়া থাকে। পরে তাহাকে দমন করিয়া রাখিতে পারে এরূপ কোন কারণ না থাকিলে, কাল-সহকারে সেই দোষ কোন একটী কারণ পাইলেই তৎক্ষণাৎ কুপিত হইয়া উঠে।

যে বায়ু কুপিত হইয়া পিত্ত স্থানে গমন করে, তাহার পিত্তের ন্যায়, যে পিত্ত কুপিত হইয়া শ্লেষ্মার স্থানে গমন করে, তাহার শ্লেষ্মার ন্যায়, এবং যে শ্লেষ্মা কুপিত হইয়া বায়ুর স্থানে গমন করে, তাহার বায়ুর ন্যায়, প্রতিকার করিবে। কুপিত দোষ শরীরে প্রসারিত হইলে যেরূপ লক্ষণ হয়, তাহা বলা যাইতেছে। কুপিত বায়ুর গতি হইলে, বায়ুর বিপরীত পথে গতি এবং আটোপ হয়। কুপিত পিত্তের

(১) ক্রিয়া-প্রবর্ত্তিনী শক্তি অথবা গুণই রজোগুণ। যে গুণের দ্বারা শরীরে অথবা বাহ্য জগতে ক্রিয়া-শক্তির উদ্ভাবন হয়, অধ্যাত্ম-পণ্ডিতেরা তাহাকেই রজোগুণ বলেন।

গতি হইলে উষ্ণতা, সর্ব্বাঙ্গ-দাহ, এবং ধূমোদ্গার হয়। কুপিত শ্লেষ্মার গতি হইলে, অরুচি, অগ্নিমান্দ্য, অঙ্গের অবসাদ, এবং বমন, এই সকল লক্ষণ ঘটে। কুপিত দোষের প্রতিকারের এইটী তৃতীয় কাল।

অতঃপর কুপিত হইয়া শরীরের মধ্যে যে যে স্থানে গমন করে, সেই সেইরূপ ব্যাধি জন্মায়। উদরে অবস্থিতি করিলে, গুল্ম, বিদ্রধি, অগ্নিমান্দ্য, আনাহ, বিসূচিকা ও অতিসার প্রভৃতি রোগ জন্মায়। বস্তিদেশে অবস্থিতি করিলে, প্রমেহ, অশ্মরী, মূত্রাঘাত, মূত্রদোষ প্রভৃতি রোগ জন্মায়। মেঢ্রগত হইলে, নিরুদ্ধ প্রকাশ, উপদংশ ও শূকদোষ প্রভৃতি রোগ জন্মায়। মলদ্বার-গত হইলে, ভগন্দর, অর্শঃ প্রভৃতি রোগ জন্মায়। বৃষণ-(অণ্ডকোষ)-গত হইলে, কোষ-বৃদ্ধি হয়। স্কন্ধ-দেশের ঊর্দ্ধ-গত হইলে, ঊর্দ্ধ-গত সকল রোগ জন্মায়। ত্বক্ মাংস অথবা শোণিত গত হইলে, ক্ষুদ্র-রোগ, কুষ্ঠ এবং দদ্রু-রোগ জন্মায়। মেদ-গত হইলে, গ্রন্থি, অপচী, অর্ব্বুদ, গলগণ্ড, অলজী প্রভৃতি রোগ জন্মায়। অস্থি-গত হইলে, বিদ্রধি, অনুশয়ী প্রভৃতি রোগ জন্মায়। পাদগত হইলে, শ্লীপদ, বাত-শোণিত, অথবা বাত-কণ্টক প্রভৃতি রোগ জন্মায়। এবং সর্ব্বাঙ্গ-গত হইলে, জ্বর এবং অন্যান্য সর্ব্বাঙ্গ-গত রোগ জন্মায়। এই সকল রোগের পূর্ব্বরূপ প্রত্যেক রোগের অধিকারে কহিব। রোগের পূর্ব্বরূপই প্রতিকারের চতুর্থ ক্রিয়াকাল। অতঃপর রোগের প্রকাশ হইলে যেরূপ লক্ষণ হয়, তাহা কহিতেছি। শোফ (ফুলা), অর্ব্বুদ (আব), গ্রন্থি, বিদ্রধি (রাজগাঁড়), এবং বিসর্প (দদ্রু) প্রভৃতি রোগের প্রকাশ হইলে স্পষ্টতই জানা যায়। এবং জ্বর অতিসার প্রভৃতি রোগ প্রকাশ হইলে, তাহাদিগের লক্ষণও স্পষ্ট জানা গিয়া থাকে। রোগ যে কালে শরীরে প্রকাশ পায়, সেই কালে তাহার প্রতিকার করিবার পক্ষে পঞ্চম ক্রিয়া-কাল।

কোন রোগে ক্ষত হইয়া শরীরে ব্রণ উপস্থিত হইলে, সেই অবস্থা সেই রোগের প্রতিকারের পক্ষে ষষ্ঠ ক্রিয়াকাল। জ্বর, অতিসার

প্রভৃতি রোগ দীর্ঘকালস্থায়ী। এই ষষ্ঠ ক্রিয়া-কালে প্রতিকার না করিলে রোগ অসাধ্য হইয়া উঠে।

সঞ্চয়, প্রকোপ, গতি, শরীরের মধ্যে কোন স্থান আশ্রয় করা, প্রকাশ হওয়া, এবং ব্রণ-ভাবে পরিণত হওয়া, দোষের এই অবস্থা-গুলি যিনি জানেন, তিনিই বৈদ্য। সঞ্চিত হইবার কালেই যে দোষের শান্তির বিধান করা যায়, তাহা আর বৃদ্ধি হইতে পায় না। দোষ যতই বৃদ্ধির অবস্থা পাইতে থাকে, ততই বলবান্ হইয়া উঠে। সকল দোষের মধ্যে, যদি একটী বা ততোধিক দোষ কুপিত হয়, তবে তাহার সংসর্গে অপর একটী, দুইটী, বা অবশিষ্ট সমস্ত দোষই কুপিত হইয়া সেই কুপিত দোষের অনুগমন করে। এইরূপ সংসর্গের দ্বারা অধিক দোষ কুপিত হইলে, তাহাদের মধ্যে যেটী সর্ব্বাপেক্ষা প্রবল, অগ্রে তাহারই চিকিৎসা করিবে। কিন্তু এরূপ প্রণালীতে চিকিৎসা করিতে হইবে, যেন অপর সকল দোষ বৃদ্ধি না হয়। সন্নিপাতে অর্থাৎ সকল দোষ একত্র কুপিত হইবার স্থলেও এইরূপে চিকিৎসা করিবে।

দ্বাবিংশতিতম অধ্যায়।

ব্রণের স্রাব বিজ্ঞানীয় অধ্যায়।

ত্বক্ মাংস শিরা স্নায়ু অস্থি সন্ধি কোষ্ঠ এবং মর্ম্ম, এই আট-প্রকার ব্রণ-বস্তু। এই সকল স্থানেই ব্রণ জন্মিয়া থাকে। এই সকলের মধ্যে কেবল ত্বক্ মাত্র ভেদ করিয়া যে সকল ব্রণ উৎপত্তি হয়, তাহা সুচিকিৎসনীয়। অবশিষ্ট কোন স্থানে যে ব্রণ জন্মিয়া স্বয়ং বিদীর্ণ হয়, তাহা দুশ্চিকিৎসনীয়। চতুরস্র, গোল, এবং ত্রিকোণ, ব্রণের সচরাচর এইরূপ আকৃতিই হইয়া থাকে। এ ভিন্ন যাহারা বিকৃত আকৃতি বিশিষ্ট, সহজে তাহাদিগের চিকিৎসা করা যায় না। অহিতাচার না করিলে, এবং সুবৈদ্যের দ্বারা চিকিৎসিত হইলে, সকলপ্রকার ব্রণই শীঘ্র আরোগ্য হয়। অহিতাচার করিলে,

অথবা কুবৈদ্য কর্ত্তৃক চিকিৎসিত হইলে, দোষ-বৃদ্ধি হইয়া ব্রণ দূষিত হয়। অতিশয় সংবৃত (মুখ ছোট হওয়া), বা অতিশয় বিবৃত (মুখ বড় হওয়া), অতিশয় কঠিন বা অতিশয় মৃদু. অতিশয় উচ্চ বা অতিশয় নিম্ন, অতিশয় শীতল বা অতিশয় উষ্ণ, এবং কৃষ্ণ, রক্ত, পীত, শুক্ল প্রভৃতি বর্ণ ব্যতিরেকে অন্য কোনপ্রকার বর্ণ-বিশিষ্ট, দেখিতে ভয়ঙ্কর, দুর্গন্ধবিশিষ্ট পূয মাংস সিরা স্নায়ু প্রভৃতিতে পরিপূর্ণ, উন্মার্গী (উর্দ্ধে শোষ), উৎসঙ্গী (ফাঁপা ও ফুলা), দুর্গন্ধ-বিশিষ্ট-পূযস্রাবী, অপ্রিয়-গন্ধ-বিশিষ্ট, অতিশয় বেদনা-বিশিষ্ট, দাহ- পাক রাগ কণ্ডূ শোফ এবং পীড়ক, এই সকল উপদ্রব-বিশিষ্ট, দুষ্ট-রক্ত-স্রাবী এবং দীর্ঘ-কাল-স্থায়ী, এইগুলি দুষ্ট ব্রণের লক্ষণ। দোষের ন্যূনাধিক অনুসারে সকল ব্রণ ছয়প্রকারে বিভক্ত। সেই সকল দোষ অনুসারে তাহাদিগের চিকিৎসা করিবে।

অতঃপর সকলপ্রকার ব্রণের স্রাব কহিতেছি। ত্বকে যে সকল স্ফোট হয়, ঘৃষ্ট ছিন্ন ভিন্ন বা বিদীর্ণ হইলে, সেই সকল স্ফোট হইতে অল্প মাংস-গন্ধ-বিশিষ্ট, ঈষৎ পীতবর্ণ জলের মত রস নিঃসৃত হয়। মাংস-গত ব্রণ হইলে, ঘৃতের ন্যায় ঘন, শ্বেত এবং পিচ্ছিল পদার্থের স্রাব হয়। সিরা-গত ব্রণ হইলে, ও তাহাতে সিরা তৎক্ষণাৎ ছিন্ন হইলে, অতিশয় রক্ত নিঃসৃত হয়। সেই ব্রণ পাকিয়া উঠিলে, জলনালীর দ্বারা যেরূপ জল নিঃসৃত হয়, সেইরূপ তাহা হইতে লালা বা শ্লেষ্মার সদৃশ অথবা ঈষৎ কৃষ্ণবর্ণ পূয, বিচ্ছিন্ন সূত্রের ন্যায় অতি সূক্ষ্ম-ধারা-ক্রমে স্রাব হইতে থাকে। স্নায়ুগত ব্রণ হইলে যে স্রাব হয়, তাহা স্নিগ্ধ, ঘন, রক্ত-মিশ্রিত, এবং সিংহান (নাসিকা হইতে নিঃসৃত শ্লেষ্মা) সদৃশ। অস্থিগত ব্রণ হইলে, এবং অস্থি-স্থান অভিহত, স্ফুটিত, ভিন্ন, বিদীর্ণ অথবা জীর্ণ হইলে, অস্থি নিঃসার হইয়া পড়ে ও তাহা হইতে ঝিনুক-ধোয়া জলের মত জল নিঃসৃত হইতে থাকে। সেই আস্রাব স্নিগ্ধ, এবং মজ্জা ও রক্তের সহিত মিশ্রিত হইয়া নিঃ-

স্রুত হয়। সন্ধি স্থানে ব্রণ হইলে, ভালরূপে উত্থিত হয় না, অথচ যাতনা হয়। এবং আকুঞ্চন, প্রসারণ, উন্নত-করণ, অবনত-করণ, বেগে গমন, অধিক বাক্য কথন এবং প্রবাহণ প্রভৃতি ক্রিয়ার দ্বারা স্রাব বৃদ্ধি হয়। সেই আস্রাব পিচ্ছিল ও সূত্রের ন্যায়, এবং ফেনা, পূয ও রুধির মিশ্র হইয়া থাকে। কোষ্ঠ-গত ব্রণ হইলে, রক্ত, মূত্র, পুরীষ, পূয ও জলবৎ রস স্রাব হয়। মর্ম্মস্থানে ব্রণ হইলে, ত্বক্ প্রভৃতির দ্বারা আচ্ছাদিত থাকে, সুতরাং তাহার আস্রাব বলা নিষ্প্রয়োজন। বায়ু-জন্য ব্রণ হইলে, ত্বক্ মাংস সিরা স্নায়ু সন্ধি অস্থি এবং কোষ্ঠ, সপ্ত স্থান হইতে যে আস্রাব হয়, তাহা যথাক্রমে কঠিন, ঈষৎ কৃষ্ণ-বর্ণ, হিম-সদৃশ, এবং দধিমস্তু, ক্ষারজল, মাংস-ধৌত অথবা তুষ-ধৌত জলের ন্যায়। পিত্তজন্য ব্রণ হইলে, পূর্ব্বোক্ত সপ্ত ধাতু হইতে যে স্রাব হয়, তাহা যথাক্রমে গোমেদ, গোমূত্র, ভস্ম, শঙ্খ, কষায়, মধু এবং তৈলের ন্যায়। রক্ত-জন্য ব্রণ হইলে, পিত্ত-জন্য ব্রণের যে সকল লক্ষণ হয়, সেই সমস্ত হইয়া থাকে, তদ্ভিন্ন অতিশয় আমিষ-গন্ধ হয়। কফ-জন্য ব্রণ হইলে, উক্ত সপ্ত স্থান হইতে যথাক্রমে নবনীত, হিরেকস, মজ্জা, তণ্ডুল-পিষ্ট, তিল বা নারিকেল জল, ও বরাহ-রস সদৃশ স্রাব হয়। সন্নিপাত-জন্য ব্রণ হইলে, তিল বা নারিকেল জল, কাঁকুড়ের রস, কাঞ্জি, খদিরের জল, যকৃৎ বা মুদ্গযূষ, এই সকলের ন্যায় বর্ণ হইয়া থাকে।

পক্বাশয় হইতে যদি তুষের জলের মত স্রাব হয়; অথবা রক্তাশয় হইতে যদি ক্ষার-জলের ন্যায় স্রাব হয়, অথবা আমাশয় হইতে যদি কলাইয়ের জলের ন্যায় স্রাব হয়, তবে তাহা অসাধ্য বলিয়া জানিবে। স্রাব পরীক্ষা করিয়া চিকিৎসা আরম্ভ করা কর্ত্তব্য।

অতঃপর সকলপ্রকার ব্রণের বেদনা বর্ণন করিতেছি। পীড়ন, ভেদন, তাড়ন, ছেদন, রোধন, বিলোড়ন, বিক্ষেপণ, চুম চুম করণ, অতিশয় দাহ, ভঞ্জন, স্ফোটন, বিদারণ, উৎপাটন, কম্পন, বিশ্লেষ

করণ, পূরণ, স্তম্ভন, আকুঞ্চন, অঙ্কুশ দ্বারা আঘাত করণ, যে ব্রণে এই সকলপ্রকার অথবা কোন্ কারণ ব্যতিরেকে অন্য কোনপ্রকার বেদনা মুহুর্মুহুঃ উপস্থিত হয়, তাহাকে বাতিক-জন্য ব্রণ বলিয়া জানিবে। যে ব্রণে শরীরের এবং ব্রণের জ্বালা, পাকিবার সময় শরীরে যেন অগ্নি নিক্ষেপ করিতেছে এরূপ যাতনা, শরীরের উষ্ণতা-বৃদ্ধি, এবং ব্রণ ক্ষত হইলেও (গলিয়া গেলেও) তাহাতে ক্ষার-দগ্ধের ন্যায় জ্বালা, ও অন্যান্যপ্রকার বেদনা বিশেষ জন্মে, তাহাকে পিত্ত-জন্য ব্রণ বলিয়া জানিবে। রক্ত-জন্য ব্রণ হইলেও, পিত্ত-জনিত ব্রণের ন্যায় লক্ষণ হইয়া থাকে। যে ব্রণে কণ্ডূ, গুরুত্ব, স্তম্ভ অল্প, বেদনা ও শীতলতা, এই গুণগুলি ঘটে, তাহাকে শ্লেষ্মা-জন্য বলিয়া জানিবে। যে ব্রণে পূর্ব্বোক্ত সকলপ্রকার লক্ষণই ঘটে, তাহাকে সান্নিপাতিক বলিয়া জানিবে।

অতঃপর সকলপ্রকার ব্রণের বর্ণ কহিতেছি। ব্রণ বায়ু-জন্য হইলে, ভস্ম, কপোত বা অস্থি বর্ণ, অথবা পরুষ, অরুণ বা কৃষ্ণ বর্ণ হয়। পিত্ত-জন্য হইলে. নীল পীত হরিত শ্যাব কৃষ্ণ রক্ত কপিল অথবা পিঙ্গল বর্ণ হইয়া থাকে। রক্ত-জন্য হইলেও এইরূপ লক্ষণ হয়। শ্লেষ্মা-জন্য হইলে, শ্বেত, স্নিগ্ধ অথবা পাণ্ডু-বর্ণ হয়। সান্নি-পাতিক হইলে, সকল বর্ণেরই লক্ষণ দৃষ্ট হয়।

বৈদ্য যে কেবল ব্রণ-রোগেই এই প্রকার বেদনা এবং বর্ণের প্রতি লক্ষ্য করিবে এমন নহে, সকলপ্রকার শোফের বিকার অবস্থায় এইরূপ লক্ষ্য করা কর্ত্তব্য।

ত্রয়োবিংশতিতম অধ্যায়।

কৃত্যাকৃত্য-বিধি।

যৌবন-অবস্থা, দৃঢ়-শরীর, ক্লেশ-সহিষ্ণু, অথবা বলবান্ হইলে, ব্রণ সহজে আরোগ্য হয়। যাহাতে এই চারিটী গুণই থাকে, তাহার

ব্রণ অতিশয় সুখসাধ্য। যৌবনাবস্থায় সকল ধাতুর বৃদ্ধির মুখ বলিয়া ব্রণ শীঘ্র পূরিয়া উঠে। শরীর দৃঢ় হইলে, কঠিন ও মাংসল প্রযুক্ত, শস্ত্র-ক্রিয়া-কালে শস্ত্রটী সিরা অথবা স্নায়ু পর্য্যন্ত প্রবেশ করিতে পারে না। ক্লেশ-সহিষ্ণু হইলে, কোনপ্রকার বেদনা, অথবা শস্ত্র ক্রিয়া-জনিত যন্ত্রণার দ্বারা অন্য কোনপ্রকার পীড়া জন্মে না। বলবান্ হইলে, গুরুতর শস্ত্রক্রিয়া করিলেও বেদনা জন্মে না। অতএব এই সকল ব্যক্তির ব্রণ অতিশয় সুখসাধ্য। বৃদ্ধ, কৃশ, অল্প-প্রাণ এবং ভীরু ব্যক্তিতে এই সকলের বিপরীত গুণ লক্ষিত হয়। উপস্থ, গুহ্য-দেশ, ললাট, গণ্ড, ওষ্ঠ, পৃষ্ঠ, কর্ণফলক, কোষ, উদর, স্কন্ধ-সন্ধি, এবং মুখের অভ্যন্তরে যে সকল ব্রণ হয়, তাহা সহজে আরোগ্য হয়। চক্ষু, দন্ত, নাসিকা, অপাঙ্গ, কর্ণ, নাভি, জঠর, সেবনী, নিতম্ব, পার্শ্ব, কুক্ষি, বক্ষ, কক্ষ, স্তন, অথবা সন্ধি স্থানে যে ব্রণ হয়, যে ব্রণের মধ্যে ফেনাযুক্ত পূয ও শোণিত এবং বায়ু-প্রবাহিনী নালী হয়, অথবা যাহাতে কোনপ্রকার শল্য (১) বিদ্ধ বা বদ্ধ হইয়া থাকে, তাহা কষ্টে আরোগ্য হয়। শরীরের অধো-বাহিনী (নীচের দিকে শোষ), ঊর্দ্ধ-বাহিনী (উপর-দিকে শোষ), রোমকূপ মধ্যে, নখ মধ্যে, মর্ম্ম-স্থানে, জঙ্ঘা-দেশে অথবা অস্থিপ্রদেশে ব্রণ হইলেও, কিংবা ভগন্দর অন্তর্মুখ (ভিতরে মুখ) হইলেও কষ্টে আরোগ্য হইয়া থাকে। এবং কুষ্ঠরোগীর, বিষার্ত্ত রোগীর, শোষ এবং মধুমেহ রোগীর ব্রণ হইলে, অথবা ব্রণের উপরি ব্রণ হইলেও কষ্টসাধ্য হয়। অবপাটিকা, নিরুদ্ধ-প্রকাশ, নিরুদ্ধ-গুদ, জঠর-গ্রন্থি, অথবা ক্ষত (কুষ্ঠ প্রভৃতি) রোগ, বা পানস-জাত অথবা কোষ্ঠ-স্থানজাত রোগ, ত্বক্-দোষ-বিশিষ্ট রোগীর অথবা প্রমেহ রোগীর শরীরের ক্ষয় অবস্থায় যে সকল রোগ দৃষ্ট হয় সেই সকল রোগ; শর্করা বা সিকতা মেহ, বাত-কুণ্ডলী, অষ্ঠীলা, দন্তশর্করা (দাঁতের

(১) শরীরে যে কোন পদার্থ বিদ্ধ বা বদ্ধ হইয়া পীড়াদায়ক হয়, তাহাকে শল্য কহে।

পাথুরী), উপকুশ, কণ্ঠশালুক, দন্তবেষ্ট, দক্রু, অস্থি-ক্ষত, উরঃ-ক্ষত, ব্রণ-গ্রন্থি প্রভৃতি রোগ যাপ্য, অর্থাৎ স্থগিত থাকে, একবারে আরোগ্য হয় না।

প্রতিকার না করিলে সাধ্য রোগও ক্রমশঃ যাপ্য হয়, যাপ্য রোগ অসাধ্য হয়, এবং অসাধ্য রোগ প্রাণ নাশ করে। যে রোগ প্রতিকার করিলেই স্থগিত থাকে, এবং প্রতিকার না করিলে দেহ নাশ করে, তাহাকেই যাপ্য রোগ বলা যায়। স্তম্ভ উপযুক্তরূপে যোজিত হইলে যেমন পতনোন্মুখ গৃহকে রক্ষা করে, সেইরূপ উপযুক্তরূপে প্রতিকার হইলে যাপ্য-রোগ-বিশিষ্ট রোগীরও দেহ রক্ষা হয়।

অতঃপর অসাধ্য রোগ কহিতেছি। যে ব্রণ মাংসপিণ্ডের ন্যায় উদ্গত, সর্ব্বদা স্রাব-যুক্ত, অন্তরে পূয ও বাহিরে বেদনা বিশিষ্ট, এবং যাহার ক্ষত-স্থানের (ঘায়ের) সকল পার্শ্ব অশ্বের গুহ্য-দেশের ন্যায় উচ্চ, যে ব্রণ কঠিন, গোরুর শৃঙ্গের ন্যায় উচ্চ এবং কোমল মাংসাঙ্কুর-বিশিষ্ট, যে ব্রণ হইতে দূষিত রুধির বা অল্প পিচ্ছিল পদার্থ স্রাব হয়, এবং যাহার মধ্যভাগ উন্নত, যে ব্রণের ছিদ্র বা মুখ পর্য্যন্ত না থাকে, যে ব্রণ শণের আঁইশের ন্যায় স্নায়ুজাল-বিশিষ্ট, দেখিতে ভয়ঙ্কর, ও যাহা হইতে বসা মেদ মাংস অথবা মস্তিষ্ক নিঃসৃত হয়, অথবা যে ব্রণ কোষ্ঠ-স্থানে জন্মে, এবং পীত অথবা কৃষ্ণ-বর্ণ, মূত্র বা পুরীষ ও বায়ু-বাহিনী, তাহা অসাধ্য বলিয়া জানিবে। শরীরের মস্তক ও কণ্ঠ-দেশে অল্প-মাংস-বিশিষ্ট, চতুর্দ্দিকে শোষ ও মাংসের বুদ্বুদযুক্ত যে সকল বায়ু-বাহিনী ব্রণ জন্মে, শরীরে যে সকল অল্প-মাংস-বিশিষ্ট পূয-রক্ত-বাহিনী ব্রণ জন্মে ও তদ্দ্বারা রোগীর অরুচি, অপাক, শ্বাস ও কাস প্রভৃতি উপদ্রব ঘটে, অথবা শিরোদেশ বা কপাল (মাথার খুলি) ভিন্ন হইয়া, যদি মস্তিষ্ক দৃষ্ট হয়, এবং তাহাতে ত্রিদোষের লক্ষণ প্রাদুর্ভূত হয়, অথবা যদি তদ্দ্বারা কাস ও শ্বাস উপদ্রব ঘটে, তবে সেই ব্রণও অসাধ্য বলিয়া জানিবে।

যে ব্রণ হইতে বসা, মেদ, মজ্জা অথবা* মস্তিষ্ক নিঃসৃত হয়, সেই ব্রণ যদি শরীরে কোনপ্রকার আঘাত জন্য জন্মে, তবে আরোগ্য হয়। শারীরিক দোষ কুপিত হইয়া জন্মিলে আরোগ্য হয় না। শরীরের যে সকল স্থানে মর্ম্ম, শিরা, সন্ধি অথবা অস্থি না থাকে, সেই সকল স্থানে ব্রণ জন্মিয়া যদি বিকৃত হয়, তবে সেই ব্রণ অসাধ্য বলিয়া জানিবে। তাহা ক্রমে ক্রমে বিকৃত হইয়া সমুদয় ধাতুর মধ্যে প্রবেশ করে। বর্দ্ধিত বৃক্ষকে যেরূপ উন্মূলিত করা যায় না, সেইরূপ সেই রোগকে উন্মূলিত করা যায় না। যেরূপ দুষ্ট গ্রহ মন্ত্রের প্রভাব নিবারণ করে, সেইরূপ সেই রোগ স্থির, মহান্ ও ধাতুগত হইয়া সকলপ্রকার ঔষধের বীর্য্য নাশ করে। অবদ্ধমূল বৃক্ষকে যেরূপ অনায়াসে উন্মূলিত করা যায়,এই সকল লক্ষণের বিপরীত লক্ষণবিশিষ্ট হইলে, ব্রণও সেইরূপ সহজে আরোগ্য হয়। তিন দোষের কোনপ্রকার. দোষ না থাকিলে, শ্যাম বর্ণ ও ক্ষুদ্র আকার হইলে, এবং বেদনা ও আস্রাব রহিত হইলে, ব্রণ শুদ্ধ হইয়াছে বলিয়া জানিবে। যে ব্রণের কপোতের ন্যায় বর্ণ, অন্তরে ক্লেদ-রহিত, এবং কঠিন চিপিটিকা (চামড়ী) বিশিষ্ট, সেই ব্রণ ক্রমশঃ পূরিতেছে বলিয়া জানিবে। যে ব্রণ গ্রন্থি-শূন্য, বেদনা ও যন্ত্রণা রহিত, ত্বকের ন্যায় বর্ণবিশিষ্ট ও তাহার সহিত সমানভাবে স্থিত, এবং যাহার মুখ পূরিয়া উঠিয়া থাকে, তাহাকে সম্যক্‌রূপে রূঢ় (পূরিয়াছে) বলিয়া জানিবে। ব্রণ পূরিয়া উঠিলেও, দোষের প্রকোপ, ব্যায়াম, অভিঘাত (শারীরিক আঘাত), অজীর্ণ, হর্ষ, ক্রোধ অথবা ভয়প্রযুক্ত, পুনর্ব্বার তাহা বিদীর্ণ হয় (ফুলিয়া উঠিয়া রস পড়ে)।

চতুর্ব্বিংশতি অধ্যায়।

ব্যাধি-সমুদ্দেশীয় অধ্যায়।

ব্যাধি দুইপ্রকার, শস্ত্র-সাধ্য এবং স্নেহাদি-ক্রিয়া-সাধ্য। যে রোগ

---

* 'এবং' ও 'অথবা' এই দুই শব্দের ভেদ বিবেচনা করিতে হইবে।

শস্ত্র-ক্রিয়া-সাধ্য, তাহাতে স্নেহাদি-ক্রিয়া করা অকর্ত্তব্য নহে, কিন্তু যে সকল রোগ স্নেহাদি-ক্রিয়া-সাধ্য, তাহাতে শস্ত্র-চিকিৎসা করা অবৈধ। এই গ্রন্থে আয়ুর্ব্বেদ-শাস্ত্রের সামান্যতঃ সকল খণ্ডই আছে, সুতরাং সকলপ্রকার রোগই ইহাতে স্থূলরূপে উল্লিখিত হইয়াছে। পূর্ব্বে বলা হইয়াছে যে, পুরুষে দুঃখ সংযোগ হইলেই ব্যাধি বলা যায়। সেই দুঃখ তিনপ্রকার, যথা—আধ্যাত্মিক, আধিভৌতিক ও আধিদৈবিক। সেই তিনপ্রকার দুঃখ সপ্তপ্রকার ব্যাধিতে প্রবর্ত্তিত হয়। সেই সপ্তপ্রকার ব্যাধি যথা,—আদি-বল-জাত, জন্ম-বল-জাত, দোষ-বল-জাত, সঙ্ঘাত-বল-জাত, কাল-বল-জাত, দৈব-বল-জাত, এবং স্বভাব-বল-জাত। শুক্র শোণিত-দোষে কুষ্ঠ অর্শঃ প্রভৃতি যে সকল রোগ জন্মে, তাহারাই আদি-বল-জাত রোগ। আদি-বল-জাত রোগ দুই-প্রকার, মাতৃ-দোষ-জাত এবং পিতৃ-দোষ-জাত। মাতৃ-দোষ-প্রযুক্ত জন্মান্ধ, বধির, মূক, মিণমিণ ও বামন প্রভৃতি জন্মে। মাতৃ-দোষ দুই-প্রকার, রস-জনিত দোষ, এবং দৌহৃর্দ-জনিত দোষ *। আতঙ্ক অথবা মিথ্যা আহার-বিহার-জনিত যে সকল রোগ, তাহাদিগকেই দোষ-বল-জাত রোগ কহে। দোষ-বল-জাত ব্যাধি দুইপ্রকার, শারীরিক ও মানসিক। শারীরিক দোষও দুইপ্রকার,—আমাশয় আশ্রিত, ও পক্বাশয় আশ্রিত। পূর্ব্বোক্ত সকল পীড়াকে আধ্যাত্মিক বলা যায়। আগন্তু রোগই সঙ্ঘাত-বল-জাত ব্যাধি। আগন্তু ব্যাধি (শরীরে কোন-প্রকার আঘাত জন্য রোগ) দুইপ্রকার, শস্ত্রাঘাত-জনিত, এবং হিংস্র জন্তুর কৃত। আগন্তু রোগকেই আধিভৌতিক কহে। শীত, উষ্ণ, বাত, বর্ষা প্রভৃতি কারণে যে সকল রোগ জন্মে; তাহাদিগকে কাল-

* গর্ভাবস্থায় স্ত্রীলোকদিগের যে আহার বিহার বা সম্ভোগ-বিশেষের অভিলাষ জন্মে, তাহাকে দৌহৃর্দ কহে। আর্য্যদিগের মতে সেই অভিলাষ পূর্ণ না হইলে সন্তানে দোষ বর্ত্তে। এই নিমিত্তই গর্ভবতী স্ত্রীলোককে সাধ দিবার প্রথা অদ্যাবধি প্রচলিত আছে।

বল-জাত রোগ কহে। কাল-বল-জনিত রোগ দুইপ্রকার, যথা,—ব্যাপন্ন-ঋতু (ঋতু-বিপর্য্যয়)-জনিত রোগ, এবং অব্যাপন্ন (স্বাভাবিক ঋতু-জনিত রোগ *)। দেব-দ্রোহ বা অভিশাপ প্রযুক্ত, অথবা অথর্ব্ব-বেদোক্ত অভিচার বা উপসর্গজনিত যে সকল রোগ জন্মে, তাহা-দিগকেই দৈব-বল-জনিত ব্যাধি বলা যায়। দৈব-বল-জনিত ব্যাধি দুইপ্রকার; যথা, বিদ্যুৎ বা বজ্রাঘাত কৃত, এবং পিশাচাদি-কৃত। তাহা-দিগকে আরও দুইপ্রকারে বিভক্ত করা যায়; যথা,—আকস্মিক এবং সংসর্গজাত (যাহা ঘটনাক্রমে জন্মে)। ক্ষুধা, পিপাসা, জরা, মৃত্যু ও নিদ্রা প্রভৃতি স্বভাব-বল-জাত ব্যাধি। ইহারাও দুইপ্রকার, কাল-কৃত এবং অকাল-কৃত। অতি যত্নেও যাহা নিবারণ করা যায় না, তাহা-কেই কাল-জন্য বলা যায়। যত্ন না করাপ্রযুক্ত যাহা ঘটে, তাহাই অকাল-সম্ভূত।

বাত, পিত্ত, শ্লেষ্মাই সকল রোগের মূল। সকল রোগেই তাহা-দিগের লক্ষণ দেখা যায়, এবং শাস্ত্রেও সেইরূপ বিবরণ পাওয়া যায়। বিকার-সম্ভূত বিশ্ব-রূপে অবস্থিত এই সকল বিবিধ জগৎ-পদার্থ যেমন সত্ত্ব, রজঃ, তমঃ, এই তিন গুণ ব্যতিরেকে থাকিতে পারে না, বিশ্বরূপে অবস্থিত বিবিধ-বিকার সম্ভূত এই দেহস্থ সকল রোগও বাত, পিত্ত, শ্লেষ্মা, এই তিনকে অতিক্রম করিয়া থাকিতে পারে না †। দোষ, ধাতু

* ব্যাপন্ন এবং অব্যাপন্ন ঋতুর লক্ষণ ঋতুচর্য্যা অধ্যায়ে বলা হইয়াছে।

† পঞ্চভূতের বিকৃতির দ্বারা জন্মে বলিয়া জগৎ-পদার্থকে বিকার-সম্ভূত বলে। এই অনন্ত ব্রহ্মাণ্ড অসংখ্য দ্রব্য গুণ ক্রিয়াতে পরিপূর্ণ। সেই সমস্ত দ্রব্য গুণ ক্রিয়া একত্র করিয়া একাকারে ভাবিলে বিরাট্ বলিয়া বলা যায়, এবং সমস্ত ভিন্ন ভিন্ন করিয়া ভাবিলে বিশ্ব বলিয়া বলা যায়। সেই অসংখ্য বিশ্ব-পদার্থ সত্ত্ব রজস্তম এই তিন গুণ ব্যতিরেকে থাকিতে পারে না, গ্রন্থকারের এই অভিপ্রায় বিবেচনা করা যাইতেছে। অস্ ধাতুর উত্তর শতৃ করিয়া সৎ শব্দের উৎপত্তি। তাহার উত্তর ত্ব প্রত্যয় করিয়া সত্ত্ব শব্দ সিদ্ধ হয়। ইহাতে সত্ত্ব শব্দের অর্থ নিরন্তর স্থিতি হওয়া বা কখন অভাব না হওয়া বুঝায়। যতই রূপান্তর বা নামান্তর হউক, দ্রব্যের একবারে

এবং মলের পরস্পর সংসর্গ-ভেদে (১), স্থান-ভেদে (২), এবং কারণ-ভেদে (৩), দেহস্থ রোগ বিবিধপ্রকার হইয়া থাকে। সপ্ত ধাতু, দোষ কর্ত্তৃক অতিশয় দূষিত হইয়া যে সকল রোগ জন্মায়, সেই সকল রোগের রসজ, রক্তজ, মাংসজ, মেদজ, অস্থিজ, মজ্জজ এবং শুক্রজ, এই সকল নাম দেওয়া যায়। তাহাদিগের মধ্যে রস-ধাতু দূষিত হইলে অন্নে অশ্রদ্ধা, অরুচি, অপাক, অঙ্গমর্দ্দ (গায়ের কামড়ানি), জ্বর, হৃল্লাস, তৃপ্তি (ক্ষুধার অভাব), শরীরের গৌরব, পাণ্ডু, হৃদ্রোগ, মার্গের উপরোধ, কৃশতা, মুখের বিরসতা, অবসন্নতা, অকালে ত্বকের সঙ্কোচ ও কেশ পক্ক হওয়া প্রভৃতি বিকার জন্মে। শোণিত দূষিত হইলে, কুষ্ঠ, বিসর্প, পীড়ক, নীলিকা, তিল, ব্যঙ্গ, ন্যচ্ছ, ইন্দ্রলুপ্ত, প্লীহা, বিদ্রধি, গুল্ম, বাতরক্ত, অর্শঃ, অর্ব্বুদ, অঙ্গমর্দ্দ, অসৃগ্দর, রক্ত-পিত্ত, এবং মুখ মলদ্বার ও মেঢ্র-দেশে পাক, ইত্যাদি বিকার জন্মে। মাংস দূষিত হইলে, অধিমাংস, অর্ব্বুদ, অর্শঃ, অধিজিহ্বা, উপকুশ, গলশুণ্ডিকা, অলজী এবং মাংস-সঙ্ঘাত প্রভৃতি বিকার জন্মে। মেদ

ধ্বংস হয় না, কেবল নাম ও রূপের পরিবর্ত্তন হয়। এই ভাবে সকল পদার্থই নিত্য। এইরূপে নিত্য-ভাবে থাকাই সকল পদার্থের সত্ত্বগুণের লক্ষণ। দ্রব্য-মাত্রেরই গুণ আছে। সেই গুণ ক্রিয়া-প্রবর্ত্তক। সেই ক্রিয়া-প্রবর্ত্তক গুণ থাকাই পদার্থের রজো-গুণের লক্ষণ। সেই ক্রিয়া-প্রবর্ত্তক গুণের দ্বারা পদার্থের নিয়ত রূপান্তর হইতেছে। স্বরূপ ত্যাগ করিয়া রূপান্তর হওয়াই পদার্থের তমোগুণের লক্ষণ। এইরূপে বিবেচনা করিয়া দেখিলে দোষ, ধাতু ও মল বিকৃত হইয়াই দেহস্থ বিবিধপ্রকার রোগ উৎপত্তি হয়। সেই রোগ বাত, পিত্ত, শ্লেষ্মা ব্যতিরেকে কদাচ থাকিতে পারে না।

(১) দোষ, ধাতু ও মলের মধ্যে যে যে পদার্থ যে পরিমাণে কুপিত হয় ও কুপিত হইয়া যে পরিমাণে পরস্পর মিলিত হয়, সেই অনুসারে রোগের ভিন্নতা হইয়া থাকে।

(২) শরীরের মধ্যে যে যে স্থানে সেই কুপিত দোষ আশ্রয় করে, সেই সেই স্থানের ভিন্নতাপ্রযুক্ত রোগেরও ভিন্নতা হয়।

(৩) যে যে কারণে দোষ কুপিত হয়, সেই সেই কারণের ভিন্নতাপ্রযুক্ত রোগের ভিন্নতা হইয়া থাকে।

দূষিত হইলে, গ্রন্থি-বৃদ্ধি, গলগণ্ড, অর্ব্বুদ, ওষ্ঠ-প্রকোপ, মধুমেহ, অতি-স্থূলতা ও অতিশয় ঘর্ম্ম-নিসঃরণ প্রভৃতি বিকার জন্মে। অস্থি দূষিত হইলে, অধ্যস্থি, অধিদন্ত, অস্থি-তোদ ও কুনখ প্রভৃতি বিকার জন্মে। মজ্জা দূষিত হইলে, তমোদৃষ্টি, অন্ধকার দেখা, মূর্চ্ছা, ভ্রম, শরীরের গৌরব, উরু ও জঙ্ঘার স্থূলতা, চক্ষের অভিষ্যন্দি প্রভৃতি বিকার জন্মে। শুক্র দূষিত হইলে, ক্লীবতা, প্রহর্ষণ (গায়ে কাঁটা দেওয়া বা শরীর রোমাঞ্চ হওয়া), শুক্রাশ্মরী ও শুক্রমেহ প্রভৃতি বিকার জন্মে। মলাশয় দূষিত হইলে, ত্বক্‌-রোগ জন্মে, মল রুদ্ধ অথবা অতিশয় নিঃসরণ হয়। শারীরিক কোন ইন্দ্রিয়ের স্থান দূষিত হইলে, ইন্দ্রিয়-কার্য্যের অপ্রবৃত্তি অথবা অস্বাভাবিক প্রবৃত্তি হইয়া থাকে। এই সকল লক্ষণ এই স্থলে সংক্ষেপে কহিলাম। পরে প্রত্যেক রোগে বিশেষ করিয়া কহিব। দোষ কুপিত হইয়া শরীরের সর্ব্ব স্থানে ধাবিত হইতে থাকে। তাহার মধ্যে যে স্থানে সেই কুপিত দোষের সংসর্গে অন্য দোষ বিগুণ হয়, সেই স্থানেই ব্যাধি জন্মে।

এই স্থলে এইরূপ সংশয় জন্মিতেছে যে, জ্বর প্রভৃতি রোগ, বায়ু পিত্ত কফ, এই তিন দোষকে নিত্য আশ্রয় করিয়া থাকে, কি তাহাদিগের বিরাম আছে? যদি নিত্য আশ্রয় করিয়া থাকে, তবে সকল প্রাণীকে নিত্য পীড়িত থাকিতে হয়। যদি বায়ু পিত্ত কফ ভিন্ন এবং জ্বর ভিন্ন বলা যায়, তবে জ্বর-কালে অন্যপ্রকার লক্ষণ না হইয়া কিনিমিত্ত কেবল বায়ু পিত্ত কফের লক্ষণ দৃষ্ট হয়? একারণ বায়ু পিত্ত কফই জ্বরের কারণ বলা যায়। কিন্তু তাহা নহে। এক্ষণে তাহার মীমাংসা করা যাইতেছে। বায়ু পিত্ত ও কফেই জ্বর প্রকাশ পায় বটে, কিন্তু তাহাতে নিত্য অবস্থিতি করে না। যেমন বিদ্যুৎ, বাত, বজ্র, বর্ষা আকাশ ব্যতীত প্রকাশ পায় না, অথচ তাহারা নিয়ত আকাশে থাকে না, অন্য কোন কারণের দ্বারা আকাশে সম্ভূত হয়, জ্বরও সেইরূপ অন্য কারণে বায়ু পিত্ত ও কফকে আশ্রয় করিয়া প্রকাশ পায়। তরঙ্গ

অথবা বুদ্বুদ যেমন জল হইতে ভিন্ন নহে, অথচ জল থাকিলেই তাহাতে নিরবচ্ছিন্ন তরঙ্গ বা বুদ্বুদ থাকে না, অন্য কারণের দ্বারা তাহারা জলে উৎপন্ন হয়, জ্বরাদি রোগও সেইরূপ অন্য কারণের দ্বারা বায়ু পিত্ত ও কফে উৎপন্ন হয়।* সকল রোগের পৃথক্ পৃথক্ বিকারের লক্ষণ, পরিমাণ এবং সংখ্যা উত্তর-তন্ত্রে বিস্তার করিয়া বলা যাইবে।

পঞ্চবিংশতি অধ্যায়।

অষ্টবিধ শস্ত্র-কর্ম্মের বিবরণ।

ভগন্দর, গ্রন্থি, শ্লেষ্মজ-ব্রণ, তিলকালক (দেহে যে তিল জন্মে), ব্রণ-বর্ত্ম, অর্ব্বুদ, অর্শঃ, চর্ম্মকীল, অস্থিগত বা মাংসগত শল্য, জতু-মণি, মাংস-সংঘাত (আব-বিশেষ); গলশুণ্ডিকা, অস্থি-জাত, মাংস-জাত বা শিরা-জাত কোথ, বল্মীক, শতপোনক, অধ্রুষ, উপদংশ, মাংসকন্দী, ও অধিমাংস, † এই সকল রোগে ছেদন-কার্য্য করিবে। সান্নিপাতিক ব্যতীত আর সকল বিদ্রধি রোগে, বাত-জন্য, পিত্ত-জন্য

---

* কোনপ্রকার স্বাভাবিক নিয়ম লঙ্ঘনে অথবা ঋতুর প্রভাবে বায়ু পিত্ত কফের মধ্যে একটী বা ততোধিক দোষ বৃদ্ধি হয়। সেই বর্দ্ধিত দোষ সেইরূপ কোন কারণে কুপিত হয়। সেই কুপিত দোষ শরীরের কোন এক দেশ আশ্রয় করিলে এক-দেশ-গত রোগ (ঘা, ফুলা, বেদনা প্রভৃতি) জন্মায়। সর্ব্বাঙ্গ ব্যাপ্ত হইলে জ্বর প্রভৃতি সর্ব্বাঙ্গ-গত রোগ হয়। কিন্তু দোষ কুপিত হইয়া শরীরের এক দেশই আশ্রয় করুক বা সমস্ত শরীরই আশ্রয় করুক, দোষের প্রকোপমাত্রই রক্তের প্রকোপ হয়। রক্ত কুপিত হইলেই উষ্ণ ও অধিকতর বেগবান্ হইয়া উঠে। তজ্জন্য প্রায় সকলপ্রকার রোগেই জ্বরের লক্ষণ দৃষ্ট হয় অর্থাৎ শরীর উষ্ণ এবং ধমনী বেগবতী বলিয়া অনুভব হয়।

† এই সকল রোগ যে কিরূপ, তাহা প্রত্যেক রোগের অধিকারে জানা যাইবে। বাঙ্গালা ভাষায় সকল রোগের নাম পাওয়া যায় না।

অথবা শ্লেষ্মা-জন্য গ্রন্থি রোগে, শুক্র-শোণিত-দোষে যে সকল বিসর্প রোগ জন্মে সেই সকল বিসর্প রোগে, বৃদ্ধি রোগে, পীড়ক প্রমেহ রোগে, শোফ অথবা স্তন-রোগে, অবমন্থ রোগে, কুম্ভীকা (নেত্র-রোগ-বিশেষ) রোগে, অনুশয়ী (পায়ে যে ঘা হয়) রোগে, নাড়ী-ব্রণ (নালী ঘা), এবং বৃন্দ, অলজী প্রভৃতি প্রায় সকল ক্ষুদ্র রোগে, তালুপুপ্পুট বা দন্ত-পুপ্পুট রোগে, তুণ্ডিকেরী বা গিলায়ু রোগে, অথবা যে সকল ব্রণ পূর্ব্বে শরীরের অন্তরে পাকিয়া পরে বাহিরে প্রকাশ হয়, সেই সকল ব্রণ রোগে, মলাশয়-জাত বা মূত্রাশয়-জাত রোগে, অথবা অশ্মরী বা সকলপ্রকার মেদ-রোগে, ভেদন-ক্রিয়া করিবে। চারি-প্রকার রোহিণী রোগ, কিলাস, উপজিহ্বিকা, সকলপ্রকার মেদ-জাত রোগ, দন্তবৈদর্ভ ও গ্রন্থি রোগ, চক্ষুর পাতাগত রোগ, অধি-জিহ্বা, সকল প্রকার অর্শ, মণ্ডল, মাংসকন্দী এবং মাংসোন্নতি, এই সকল রোগে লেখন-ক্রিয়া করিবে। সকলপ্রকার শিরোগত রোগে, মূত্রবৃদ্ধি এবং জলোদরী রোগে বেধন-ক্রিয়া করিবে। নাড়ী-ব্রণ (নালী ঘা) হইলে, নাড়ীর মধ্যে শল্য থাকিলে; অথবা ব্রণের পার্শ্বভাগে শোষ হইলে, এষণ-কার্য্য (শলাকার দ্বারা অনুসন্ধান) করিবে। অশ্মরী (পাথুরী) জন্মিলে, দন্তশর্করা (দাঁতের গোড়ায় পাথুরী) হইলে, শরীরে কোনপ্রকার শল্য বিদ্ধ বা বদ্ধ হইলে, মূঢ়গর্ভ অর্থাৎ গর্ভ-মধ্যে সন্তান নষ্ট হওয়া প্রযুক্ত অথবা বিপরীত-ভাবে থাকা প্রযুক্ত প্রসব হইতে না পারিলে, অথবা গুহ্যদেশে মল কঠিন হইয়া বদ্ধ থাকিলে, আহরণ-ক্রিয়া (দেহ-মধ্য হইতে বাহির করা) কর্ত্তব্য। সান্নিপাতিক গুল্ম ব্যতীত অপর পঞ্চপ্রকার গুল্ম, কুষ্ঠ, বাতজন্য বেদনা, এক-দেশ-জাত শোফ (১), কর্ণ-পালী-স্থিত

(১) শরীরের মধ্যে কোন এক স্থানে ফুলিয়া উঠিলে এক-দেশ-জাত শোফ কহে। সর্ব্ব শরীর ফুলিয়া উঠিলেও শোফ বলে, কিন্তু তাহা এস্থলে গ্রন্থকারের অভিপ্রেত নহে। কারণ,পূর্ব্বে বলা হইয়াছে যে, সর্ব্ব শরীর ফুলিয়া উঠিলে শস্ত্র-ক্রিয়া বিধেয় নহে।

রোগ, শ্লীপদ (গোদ), বিষ-দূষিত শোণিত, অর্ব্বুদ (আব্), বিসর্প, (দদ্রু রোগ), গ্রন্থি-রোগের অধ্যায়ে যে তিনপ্রকার গ্রন্থি-রোগ প্রথমে বলা হইবে সেই তিনপ্রকার গ্রন্থি রোগ, তিনপ্রকার উপদংশ রোগ, স্তনরোগ, বিদারিকা, শৌষির, গলশালূক, কণ্টক, কৃমিদন্ত (দাঁতে পোকা হওয়া), দন্ত-বেষ্ট, উপকুশ, শীতাদ, দন্ত-পুপ্পুট, পিত্ত-রক্ত অথবা কফ-জন্য ওষ্ঠব্রণ, এবং নানাপ্রকার ক্ষুদ্র রোগ, এই সকল রোগে স্রাব (রস রক্ত পূযাদি নির্গত) ক্রিয়া কর্ত্তব্য। যে সকল ব্রণ মেদ-ধাতুতে জন্মে, এবং ভেদ-ক্রিয়া ও লেখন-ক্রিয়ার দ্বারা দূষিত রক্ত পূযাদি যাহা হইতে নিঃশেষে নির্গত হইয়া থাকে, অথবা সচল সন্ধি-স্থানে (১) যে সকল ব্রণ সদ্য জন্মে (কোনপ্রকার আঘাতের দ্বারা), সেই সকল ব্রণে সীবন (সেলাই) কার্য্য করিবে। কিন্তু ক্ষার-ক্রিয়া বা অগ্নিক্রিয়া প্রযুক্ত ব্রণ হইলে, বা ব্রণ বিষযুক্ত হইলে, অথবা ব্রণে শোষ থাকিলে অথবা ব্রণের মধ্যে রক্ত বা পূয প্রভৃতি শল্য বদ্ধ থাকিলে, অগ্রে সেই সকলের শোধন করিয়া, পরে ব্রণ-সীবন করা কর্ত্তব্য। পাংশু, রোম, নখ, অথবা ভগ্ন অস্থি-খণ্ড দেহের মধ্যে বদ্ধ থাকিলে তাহাদিগকে অগ্রে বাহির করা কর্ত্তব্য। কারণ তাহারা বদ্ধ থাকিলে সেই স্থানের মাংস পাকিয়া উঠে, এবং বিবিধপ্রকার যন্ত্রণা হয়। এরূপ স্থলে অগ্রে ব্রণের শোধন করা কর্ত্তব্য। তদনন্তর ব্রণের মুখ পরস্পর মিলিত করিয়া, সূক্ষ্ম সূত্র অথবা অশ্মন্তক বৃক্ষের বল্কলের দ্বারা সীবন (সেলাই) করিবে। শণ ক্ষৌম-সূত্র স্নায়ু কেশ মূর্ব্বা অথবা গুড়ূচী-সূত্রের দ্বারাও সীবন-কার্য্য হইতে পারে। বক্র, গোফণিকা, তুন্নসেবনী এবং ঋজুগ্রন্থ, (২) এই

(১) যে সন্ধির দ্বারা শরীরের অঙ্গ সঞ্চালিত হয়, যথা স্কন্ধ হাটু ইত্যাদি, ইহারাই সচল সন্ধি।

(২) এই চারিটী সেলাইয়ের নাম।

চারিপ্রকার সীবন-ক্রিয়ার মধ্যে শরীরের যে স্থানে যেপ্রকার সু-সঙ্গত হয়, সে স্থানে সেইপ্রকারে সেলাই করিবে। শরীরের অল্প-মাংস-বিশিষ্ট স্থানে অথবা সন্ধি-স্থানে দুই অঙ্গুলি পরিমিত গোল সূচী ব্যবহার করিবে। মাংস-বিশিষ্ট স্থানে তিন অঙ্গুলি পরিমিত ত্রিকোণ সূচী প্রশস্ত। মর্ম্ম-স্থানে, ফলকোষে (অণ্ডকোষ) এবং উদরে সীবন করিতে হইলে ধনুর ন্যায় বক্র সূচী প্রশস্ত। সীবন-ক্রিয়াতে এই তিনপ্রকার সূচী ব্যবহৃত হয়। সেই সকল সূচীর অগ্রভাগ তীক্ষ্ণ, এবং আকার মালতী-পুষ্পের বৃন্তের অগ্রভাগের ন্যায় গোল হওয়া উচিত। সীবন-কার্য্যে ব্রণের মুখ হইতে অধিক দূরে দূরে বা অতি নিকটে নিকটে সূচীপাত করিবে না। কারণ দূরে দূরে সূচীপাত করিলে ব্রণের মুখে বেদনা হয়। ব্রণের মুখের নিকটে নিকটে করিলে সেলাই খুলিয়া যায়। সেলাই করা হইলে, ক্ষৌম এবং তুলার দ্বারা আচ্ছন্ন করিবে, এবং প্রিয়ঙ্গু, অঞ্জন, যষ্টি-মধু ও রোধ্র, এই চারি দ্রব্যের চূর্ণ তাহার চতুর্দ্দিকে মাখাইবে। অথবা সল্লকীফল ও ধ্যামক (গন্ধ-তৃণ-বিশেষ) চূর্ণ করিয়া মাখাইবে। অনন্তর ব্রণ-বন্ধনের বিধানক্রমে বন্ধন করিয়া, যেরূপ আচরণ করিতে হয়, রোগীকে তাহার উপদেশ দিবে। এই অষ্টবিধ কার্য্য এখানে সংক্ষেপে কহিলাম, পরে চিকিৎসিত-স্থানে বিশেষ বিস্তারপূর্ব্বক কহিব। অল্প ছেদ করা, অতিরিক্ত ছেদ করা, বক্রভাবে ছেদ করা, এবং আপনার অঙ্গ ছেদ করা, পূর্ব্বোক্ত আটপ্রকার কর্ম্ম করিতে এই চারিপ্রকার ব্যাঘাত ঘটে।

অজ্ঞান, লোভ, ভয় বা মোহ প্রযুক্ত, অথবা অন্য কোন কারণ বশতঃ, শস্ত্র-ক্রিয়া-কালে বৈদ্য মন্দ শস্ত্র ব্যবহার করিলে, ব্রণ-মধ্যে অশেষপ্রকার বিকার জন্মে। যে বৈদ্য পুনঃ পুনঃ অযৌক্তিকরূপে ক্ষার, অগ্নি বা শস্ত্র-ক্রিয়া অথবা ঔষধ প্রয়োগ করে, জীবিতাভিলাষী ব্যক্তি তাহাকে বিষ বা অগ্নির ন্যায় জ্ঞান করিয়া পরিত্যাগ করিবে।

তাহার দ্বারা চিকিৎসিত হইলে, সাংঘাতিক মর্ম্মস্থান, সন্ধিস্থান, শিরা, স্নায়ু অথবা অস্থি আহত হয়। মূর্খ বৈদ্যের চিকিৎসায়, তৎক্ষণেই হউক বা বিলম্বেই হউক, রোগীর প্রাণ-বিয়োগ হয়। ভ্রম, প্রলাপ, উঠিতে অসমর্থ, মোহ, ইন্দ্রিয়গণের কার্য্যে অপ্রবৃত্তি, সংলপন, শরীরের উষ্ণতা, অঙ্গের শিথিলতা, মূর্চ্ছা, বায়ুর ঊর্দ্ধ গতি, বায়ুজন্য তীব্র বেদনা, মাংস-ক্ষালিত জলের ন্যায় রক্ত-নিঃসরণ, এবং কর্ম্মেন্দ্রিয় ও জ্ঞানেন্দ্রিয়-বৃত্তির অভাব, শরীরের পঞ্চ মর্ম্ম-স্থান * সামান্যতঃ আহত হইলে, এই সকল লক্ষণ হইয়া থাকে। শিরা ছিন্ন ভিন্ন বা ক্ষত হইলে, ইন্দ্রগোপ কীটের ন্যায় বর্ণবিশিষ্ট রক্তের অধিক পরিমাণে নিঃসরণ, এবং বায়ু কর্ত্তৃক বিবিধপ্রকার রোগ হইয়া থাকে। স্নায়ু বিদ্ধ হইলে, শরীরের বক্রভাব, অঙ্গের অবসন্নতা, কার্য্যে অসমর্থ, তুমুল বেদনা এবং বিলম্বে ব্রণের রোপণ হওয়া, এই সকল লক্ষণ হইয়া থাকে। সন্ধি-স্থান আহত হইলে, অতিশয় ফুলা, তুমুল বেদনা, বল-ক্ষয়, পর্ব্বের (১) ভেদ (বেদনা-বিশেষ) ও ফুলা এবং সন্ধি-স্থানের ক্রিয়া-রাহিত্য, এই সকল লক্ষণ হইয়া থাকে। অস্থি বিদ্ধ হইলে, ঘোরতর যন্ত্রণা, দিবা রাত্রির মধ্যে কোন অবস্থাতেই তাহার শান্তি না হওয়া, তৃষ্ণা, অঙ্গের অবসন্নতা, ফুলা এবং বেদনা হইয়া থাকে। মর্ম্ম-স্থান বিদ্ধ হইলে, যে স্থানে সেই মর্ম্ম থাকে, সেই স্থান বিদ্ধ হইলে যেরূপ লক্ষণ হয়, সেই স্থানের মর্ম্ম বিদ্ধ হইলেও সেইরূপ লক্ষণ হইয়া থাকে। যেমন অস্থি-স্থানে যে মর্ম্ম থাকে, তাহা বিদ্ধ হইলে, অস্থি-বিদ্ধের ন্যায় লক্ষণ হইয়া থাকে। মাংসস্থিত মর্ম্ম আহত হইলে, স্পর্শ-জ্ঞান থাকে না, এবং পাণ্ডু বর্ণ হয়। যে বৈদ্য শস্ত্র-ক্রিয়া করিতে রোগীকে বিনাশ করে, সেই জঘন্য আত্মঘাতী

---

* অস্থি, মাংস, শিরা, স্নায়ু ও সন্ধি, এই পঞ্চবিধ মর্ম্ম-স্থান।

(১) 'পর্ব্ব' শব্দের অর্থ গ্রন্থি।

বৈদ্যকে হিতাভিলাষী ব্যক্তি পরিত্যাগ করিবে। তির্য্যগ্‌ভাবে ছেদ করিলে যে দোষ ঘটে, তাহা পূর্ব্বে বলা হইয়াছে। অতএব যাহাতে দোষ না ঘটে, এরূপে শস্ত্র-পাত করিবে। পীড়িত ব্যক্তির পিতা মাতা বান্ধব-বর্গের প্রতি বিশ্বাস হয় না, কিন্তু বৈদ্যকে অনায়াসে বিশ্বাস হয়। বৈদ্যের হস্তে আত্মসমর্পণ করিতে রোগী কথনই শঙ্কিত হয় না। অতএব বৈদ্য রোগীকে পুত্রবৎ জ্ঞান করিবে। কোন রোগ একটী কর্ম্মের দ্বারা, কোন রোগ বা দুইটী কর্ম্মের দ্বারা, কোন রোগ বা তিনটী কর্ম্মের দ্বারা, কোন রোগ বা চারিটী কর্ম্মের দ্বারা, আরোগ্য হয়। এইপ্রকার রোগীর হিতাভিলাষী হইয়া কার্য্য করিলে, ধর্ম্ম অর্থ এবং কীর্ত্তি সমধিক লাভ হয়। ইহাই সাধুগণকে বশীভূত করিবার উত্তম উপায়, এবং ইহার দ্বারা স্বর্গ-লাভ হয়।

ষড়্‌বিংশ অধ্যায়।

প্রনষ্ট শল্যের বিজ্ঞান।

শল অথবা শ্বল ধাতুর অর্থ গমন করা। শল্য শব্দ তাহা হইতে উৎপন্ন। শল্য দুইপ্রকার, শারীরিক এবং আগন্তু। সকল শল্যই শরীরের পীড়াকর। এই শাস্ত্রে সেই শল্যের উপদেশ করা যাইতেছে বলিয়া ইহাকে শল্য-শাস্ত্র কহে। রোম, নখ, সপ্ত ধাতু, মল এবং বায়ু, পিত্ত, কফ, শরীরের মধ্যে দূষিত হইলে ইহাদিগকেই শারীরিক শল্য বলা যায়। শারীরিক শল্য ব্যতীত অপর যাহা কিছু শরীরের ক্লেশজনক হয়, তাহাকে আগন্তু শল্য বলা যায়। আগন্তু শল্য প্রায়ই লৌহময়, বেণুময়, বৃক্ষময়, তৃণময়, শৃঙ্গময় অথবা অস্থিময় হইয়া থাকে। তাহার মধ্যে লৌহময় শল্য দুর্নিবার্য্য, সূক্ষ্মমুখ এবং দূর হইতে যোজিত হয় বলিয়া প্রাণ-বিয়োগকারী। অতএব লৌহময় শল্য অথবা শরের বিষয়ই এ স্থলে বিশেষরূপে বলা যাইতেছে। শর (বাণ) দুইপ্রকার,—কর্ণী (কাণবিশিষ্ট) এবং শ্লক্ষ্ণ (সরু)। সেই সকল

শল্যের আকার, প্রায় নানাবিধ বৃক্ষ পত্র পুষ্প অথবা ফলের ন্যায়, অথবা হিংস্র জন্তু বা পশু পক্ষীর মুখের ন্যায়। স্থূল অথবা সূক্ষ্ম এই উভয়প্রকার শরেরই পাঁচপ্রকার গতি, ঊর্দ্ধ, অধঃ, পশ্চাৎ, বক্র ও সরল। নিক্ষিপ্ত হইলে সেই সকল শর, বেগের হ্রাস হওয়া অথবা প্রতিহত হওয়া (বাধা পাওয়া) প্রযুক্ত, শরীরের মধ্যে ত্বক্, মাংস, শিরা, স্নায়ু, অস্থি প্রভৃতি ব্রণ-বস্তুতে বদ্ধ হইয়া থাকে। শরীরে শল্য বদ্ধ থাকিলে যে সকল লক্ষণ হয়, তাহা কহিতেছি, শ্রবণ কর। সেই লক্ষণ দুইপ্রকার, সামান্য ও বিশেষ। ব্রণের স্থান অল্পমাংস-বিশিষ্ট, কৃষ্ণ-বর্ণ, দাহ, ফুলা ও বেদনা-বিশিষ্ট, এবং তাহা হইতে জল-বুদ্‌বুদের ন্যায় অল্প অল্প রক্ত নিঃসরণ, ব্রণের মধ্যে শল্য বদ্ধ থাকিলে সামান্যতঃ এই সকল লক্ষণ হইয়া থাকে। অতঃপর বিশেষ লক্ষণ কহিতেছি। শল্য ত্বক্-মধ্যে বদ্ধ হইলে, ব্রণটী আয়ত, বিবর্ণ, ফুলা-বিশিষ্ট এবং কঠিন হইয়া থাকে। মাংস-মধ্যে বদ্ধ হইলে, শল্যটী মাংসের দ্বারা আবৃত থাকে, চোষ ও অসহনীয় যাতনা হয়, এবং ব্রণ পাকিয়া উঠে। মাংসপেশীর মধ্যে বদ্ধ হইলে, শল্য মাংসগত হইলে যে সকল লক্ষণ হয়, সেই সমস্ত লক্ষণ হয়, কেবল চোষ ও শোফ হয় না। শিরা-মধ্যে রুদ্ধ হইলে, শিরা স্ফীত হয়, ও তাহাতে বেদনা ও শোথ হয়। স্নায়ু-মধ্যে থাকিলে, সেই স্থানের সকল স্নায়ু উৎক্ষিপ্ত হয়, এবং তাহাতে সংরম্ভ ও উগ্র বেদনা জন্মে। স্রোত-মধ্যে অর্থাৎ রস-রক্ত বাহিনী শিরা বা শরীরের দ্বার-মধ্যে শল্য রুদ্ধ হইলে, স্রোত-পথের কার্য্যের হানি হয়। ধমনী-মধ্যে থাকিলে, ফেণাযুক্ত রক্ত-স্রাব হয়, শব্দ সহকারে বায়ু নির্গত হয়, এবং শরীরের কামড়ানি, পিপাসা ও বমি হইয়া থাকে। অস্থি-গত হইলে, ফুলিয়া উঠে ও বিবিধপ্রকার বেদনার প্রাদুর্ভাব হয়। অস্থির ছিদ্র-মধ্যে বদ্ধ হইলে, অস্থির পূর্ণতা ও বেদনা হয়, এবং বায়ু বলবান্ হইয়া উঠে। শল্য সন্ধি-স্থানে প্রবিষ্ট হইলে, অস্থি-মধ্যে প্রবিষ্ট হওনের

ন্যায় সকল লক্ষণ হয় ও সন্ধি-স্থানের ক্রিয়া রহিত হয়। কোষ্ঠ-স্থানে থাকিলে, আটোপ ও আনাহ হয়, ও ব্রণ-মুখ হইতে মূত্র, পুরীষ এবং ভুক্ত দ্রব্য দৃষ্ট হয়। মর্ম্ম-স্থানে থাকিলে, মর্ম্ম বিদ্ধ হইলে যেরূপ হয়, সেইরূপ সকল লক্ষণ হইয়া থাকে। শল্যের সূক্ষ্মগতি হইলে, এই সকল লক্ষণ স্পষ্টরূপে প্রকাশ পায় না। বিশুদ্ধ দেহে স্থূল অথবা সূক্ষ্ম শল্য অনুলোমভাবে (১) প্রবিষ্ট হইলে, ভিতরে শল্য বদ্ধ থাকিয়া প্রবেশের মুখ পূরিয়া উঠে। বিশেষতঃ কণ্ঠ-স্রোতঃ, শিরা, ত্বক্‌ এবং অস্থি-বিবরে প্রবিষ্ট হইলে, এইরূপে পূরিয়া উঠিয়াও দোষের প্রকোপ, ব্যায়াম অথবা শরীরে অন্য কোনপ্রকার আঘাত প্রযুক্ত সেই স্থান হইতে প্রচলিত হইয়া পুনর্ব্বার ক্লেশকর হইয়া উঠে।

শল্য যদি ত্বকের মধ্যে থাকিয়া অনুদ্দেশ হয়, তবে প্রথমতঃ ত্বকে স্নেহ ও স্বেদ দিবে। ঘর্ম্ম হইলে, মৃত্তিকা মাষকলাই যব গোধূম ও গোময় একত্র করিয়া ত্বকে মর্দ্দন করিবে। মর্দ্দন করিলে যে স্থানে সংরম্ভ অথবা বেদনা হয়, সেই স্থানে শল্য আছে বলিয়া জানিবে। অথবা গাঢ় ঘৃত মৃত্তিকা বা চন্দন পেষণ করিয়া প্রলেপ দিলে, শরীরের যে স্থানে শল্যের উষ্ণতার দ্বারা ঘৃত শীঘ্র দ্রব হয়, অথবা লেপ শুষ্ক হইয়া যায়, সেই স্থানে শল্য আছে বলিয়া জানিবে। মাংসমধ্যে শল্য অনুদ্দেশ হইলে, স্নেহ স্বেদ প্রভৃতি অবিরুদ্ধ ক্রিয়া বিশেষের দ্বারা অগ্রে রোগীকে কৃশ করিবে। কৃশ হইলে শল্য দেহ-মধ্যে শিথিল হইয়া পড়ে। তৎকালে টিপিয়া দেখিলে যে স্থানে সংরম্ভ ও বেদনা বোধ হয়, সেই স্থানে শল্য আছে বলিয়া জানিবে। কোষ্ঠ অস্থি সন্ধি পেশী এবং অস্থি-বিবরে শল্য অনুদ্দিশ্য-ভাবে থাকিলে, এইরূপে পরীক্ষা করিবে। শিরা, ধমনী, স্রোতঃ এবং স্নায়ুর মধ্যে অনুদ্দিশ্য-ভাবে থাকিলে, রোগীকে ভগ্নচক্র-যুক্ত যানে আরোহণ

(১) মাংসপেশীর শিরা যে দিকে দীর্ঘ, সেই দিকে দীর্ঘ হইয়া প্রবিষ্ট হওয়া।

করাইয়া, বিষম (উচ্চ নীচ) পথে গমন করাইবে। এইরূপে গমন করিতে শরীরের যে স্থানে সংরম্ভ বা বেদনা জন্মে, সেই স্থানে শল্য আছে বলিয়া নির্ণয় করিবে। শল্য অস্থি-মধ্যে অনুদ্দেশ হইলে, পূর্ব্বোক্তপ্রকারে স্নেহ ও স্বেদাদি ক্রিয়া এবং অস্থি-স্থানে বন্ধন ও পীড়ন করিবে। তাহাতে যে স্থানে সংরম্ভ ও বেদনা হইবে, সেই স্থানে শল্য আছে জানিবে। সন্ধি-স্থানে অনুদ্দিশ্য হইলে, অগ্রে সেই সন্ধি-স্থানে স্নেহ ও স্বেদ প্রয়োগ করিবে। পরে সেই সন্ধি স্থান আকুঞ্চন ও প্রসারণ এবং তাহাতে বন্ধন ও পীড়ন প্রভৃতি করিলে, যদ্যপি সংরম্ভ বা বেদনা জন্মে, তাহা হইলে সেই স্থানে শল্য থাকাই নির্ণয় করিবে। মর্ম্ম-স্থানে অনুদ্দেশ হইলে, শিরা স্নায়ু সন্ধি ও অস্থি, এই সকলের মধ্যেই মর্ম্ম নিহিত থাকায়, তাহার স্বতন্ত্রপ্রকার পরীক্ষা করিতে হয় না। পূর্ব্বোক্ত প্রণালীতেই তাহার পরীক্ষা করা যায়। হস্তি-স্কন্ধে বা অশ্ব-পৃষ্ঠে গমন, পর্ব্বত বা বৃক্ষে আরোহণ, পথ-গমন, উল্লঙ্ঘন, সন্তরণ, ধনু-র্ব্যায়াম, দ্রুত-গমন, প্লবন, ব্যায়াম, জৃম্ভন, উদ্গার, কাস, ক্ষবথু, হসন, প্রাণায়াম, এই সকল ক্রিয়া করিবার সময়, অথবা বাত মূত্র পুরীষ ও শুক্র ত্যাগ করিবার সময়, যে স্থানে সংরম্ভ বা বেদনা হয়, সেই স্থানে শল্য আছে বলিয়া নিরূপণ করিবে।

শরীরের যে স্থান চিক্কণতা-হীন, বেদনা ও ভার বোধ হয়, অথবা যে স্থান রগড়াইলে রস রক্তাদি স্রাব ও বেদনা বোধ হয়, অথবা রোগী যে স্থান সর্ব্বদা রক্ষা করে বা মর্দ্দন করে, সেই স্থানে শল্য আছে বলিয়া নিরূপণ করিবে।

অল্প পীড়া থাকিলে, অথবা ফুলা, বেদনা বা অন্য উপদ্রব রহিত হইলে, ভিতর পর্য্যন্ত কোমল হইলে, ব্রণের স্থান উন্নত না থাকিলে, এষণীর দ্বারা ব্রণ-মধ্যে চারি দিক্ অনুসন্ধান করিয়া দেখিলে, এবং পীড়িত অঙ্গ অবাধে প্রসারিত ও আকুঞ্চিত করিতে পারিলে, ব্রণ-মধ্যে শল্য নাই বলিয়া নির্ণয় করা যায়। শরীর-মধ্যে অস্থিময় শল্য

বিদ্ধ বা বদ্ধ হইয়া থাকিলে, তাহা ক্রমশঃ ভগ্ন হইয়া শীর্ণ হইতে থাকে। লৌহময় বা শৃঙ্গময় শল্য শরীরে বদ্ধ হইয়া অবস্থিতি করে। বৃক্ষময়, বেণুময় বা তৃণময় শল্য যদি দেহ হইতে নির্গত না হয়, তবে শরীরের রক্ত ও মাংস পাক করিতে থাকে। কনক, রজত, তাম্র, পিত্তল, রাং অথবা সীস, শরীরে প্রবিষ্ট হইলে, পিত্ত-তেজের প্রতাপে কিছু দিন পরে শরীরে বিলীন হইয়া যায়। যে সকল দ্রব্য স্বভাবতঃ শীতল বা মৃদু, তাহারা শরীর-মধ্যে থাকিলে ক্রমশঃ ধাতুর সহিত মিলিয়া যায়। শৃঙ্গ, দন্ত, কেশ, অস্থি, বেণু, দারু অথবা উপলখণ্ড শরীর-মধ্যে বিশীর্ণ হয় না। ত্বক্ প্রভৃতি ব্রণবস্তুর মধ্যগত দুইপ্রকার শল্য, এবং তাহাদিগের পাঁচপ্রকার গতি যিনি জানেন, তিনিই রাজ-বৈদ্য।

সপ্তবিংশ অধ্যায়।

শল্য অপনয়ন।

শল্য (১) দুইপ্রকার, বদ্ধ এবং অবদ্ধ। তাহার মধ্যে বদ্ধ-শল্য উদ্ধারের উপায় পঞ্চদশপ্রকার। যথা, স্বাভাবিক ক্রিয়া, পাচন, ভেদন, দারণ, পীড়ন, ধ্মাপন, বমন, বিরেচন, প্রক্ষালন, প্রতিমর্ষ, প্রবাহন, আচূষণ, অয়স্কান্ত (চুম্বক পাথর) এবং হর্ষ। তাহার মধ্যে অশ্রু, ক্ষবথু, উদ্গার, কাস, মূত্র এবং পুরীষ, এই সকলের সহিত স্বাভাবিক ক্রিয়ার দ্বারা দেহ হইতে শল্য নির্গত হয়। শল্য গাঢ়রূপে দেহে বদ্ধ হইলে, সেই স্থান দগ্ধ করিবে। পরে পাকিয়া উঠিলে পূয ও শোণিতের বেগে অথবা আপন ভার প্রযুক্ত দেহ হইতে নির্গত

---

(১) পূর্ব্বাধ্যায় এবং এ অধ্যায়ের অনেক স্থলেই শল্য শব্দে শর অথবা বাণই গ্রন্থকারের অভিপ্রায়।

ভারতবর্ষে প্রাচীন রাজাদিগের যখন বাণ-যুদ্ধের প্রথা ছিল, তৎকালেই এই চিকিৎসা প্রচলিত ছিল।

হয়। পাকিয়া উঠিলে যদি আপনি নির্গত না হয়, তবে সেই স্থান ভেদ করিয়া অথবা যন্ত্র বা অঙ্গুলির দ্বারা পীড়ন করিয়া সেই শল্য বাহির করিবে। চক্ষে ক্ষুদ্র শল্য থাকিলে, জল-সেচন ও বস্ত্র, কেশ বা হস্তের দ্বারা মার্জ্জন করিবে। ভুক্ত দ্রব্যের অবশিষ্ট গলনলীতে বদ্ধ হইলে, কাসি, বমন বা অঙ্গুলির দ্বারা নির্গত করিবে, এবং পক্কাশয়ে বদ্ধ হইলে বিরেচনের দ্বারা নির্গত করিবে। বাত মূত্র বা পুরীষের স্থানে অথবা গর্ভ-মধ্যে শল্য থাকিলে বেগ-প্রদানের দ্বারা নির্গত করিবে। শোণিত বিষ-যুক্ত বা স্তন্য দূষিত হইলে মুখ বা শৃঙ্গের দ্বারা চুষিয়া নির্গত করিবে। যে শল্য (শর অথবা বাণ) অল্প বিদ্ধ হইয়া শরীরে সরলভাবে থাকে, ও যাহার কর্ণ (কাণি) না থাকে, তাহা অয়স্কান্তের দ্বারা বাহির করিবে। হৃদয়ে শোকরূপ শল্য বদ্ধ থাকিলে, হর্ষোৎপাদনের দ্বারা অপনীত করিবে। শল্য দুইপ্রকারে বাহির করা যায়। যে শল্যের ঊর্দ্ধদিকে মুখ, তাহাকে নিম্নদিক্ হইতে টানিয়া বাহির করিবে। এবং যে শল্যের নিম্নদিকে মুখ, তাহাকে ঊর্দ্ধদিক্ হইতে টানিয়া বাহির করিবে।

শল্য বাহির করিবার কালে মূর্চ্ছিত হইলে, শীতল জল অবসেচন করিবে, রোগীর মর্ম্ম-স্থান রক্ষা করিবে, এবং মুহুর্মুহুঃ শীতল জলের দ্বারা আশ্বাসিত করিবে। শল্য নির্গত হইলে, এবং শোণিত-নিঃসরণ স্থগিত হইলে, স্বেদনীয় হইলে অগ্নি ও ঘৃত প্রভৃতির দ্বারা সেই স্থানে স্বেদ দিবে, নচেৎ দগ্ধ করিবে এবং ঘৃত ও মধু লেপন করিবে। অনন্তর ব্রণ বন্ধন করিয়া, যেরূপ নিয়ম পালন করিতে হয়, তাহার উপদেশ দিবে। শল্য শিরাতে অথবা স্নায়ুতে বিদ্ধ হইয়া থাকিলে, অগ্রে শলাকার দ্বারা তাহা বিযুক্ত করিয়া, পরে বাহির করিবে। যদি ব্রণের ফুলা-প্রযুক্ত শল্য আবৃত হইয়া থাকে, তবে ফুলার চারিদিকে টিপিয়া শল্যে কুশ অথবা রজ্জু বন্ধনপূর্ব্বক টানিয়া বাহির করিবে। হৃদয়ের কোন স্থানে শল্য বিদ্ধ হইলে, অগ্রে শীতল জল প্রভৃতির

দ্বারা রোগীকে ব্যাকুলিত করিবে, পশ্চাৎ যেরূপ সহজে বাহির করা যায়, সেইরূপে বাহির করিবে। শল্য যদি এরূপ বিদ্ধ হয় যে, তাহাকে সহজে টানিয়া বাহির করা যায় না, তবে তাহাকে উৎপাটিত করিবে (উপাড়িয়া ফেলিবে)। যদি অস্থি-বিবর মধ্যে প্রবিষ্ট অথবা অস্থিতে বিদ্ধ হয়, তবে পাদদ্বয়ের দ্বারা যন্ত্র ধারণ করিয়া, সেই যন্ত্রের দ্বারা শল্য ধরিয়া বাহির করিবে। স্বয়ং অশক্ত হইলে বলবান্ লোকের দ্বারা ধরাইবে। অথবা ধনুকের গুণে শল্য বন্ধন করিয়া টানিয়া বাহির করিবে। শল্য অস্থিদেশে উর্দ্ধমুখ হইয়া থাকিলে, মুড়ী প্রস্তর অথবা মুদ্গর প্রহারের দ্বারা সঞ্চালিত করিয়া বাহির করিবে। অস্থি অথবা অন্য কোন দ্রব্য কণ্ঠ-মধ্যে তির্য্যক্-ভাবে বিদ্ধ হইলে, চুলের লুটী করিবে, ও সেই লুটী একটী দীর্ঘ সূত্রের এক দিকে দৃঢ় বন্ধন করিয়া কোনপ্রকার দ্রব্য দ্রব্যের সহিত পান করাইবে। কণ্ঠপর্য্যন্ত পান করিলে পর, বমন করাইবে। বমন করিতে করিতে যখন সেই লুটী কণ্ঠস্থ শল্যে জড়িত হইয়াছে বলিয়া বিবেচনা হইবে, তখন হঠাৎ সেই সূত্রের অপর দিক ধরিয়া টানিবে। অথবা দন্ত-ধাবনের কোমল কাষ্ঠিকার দ্বারাও বাহির করা যাইতে পারে। তাহাতে যদি কণ্ঠ-নালী ক্ষত হয়, তবে ঘৃত মধু অথবা মধু শর্করা মিশ্রিত ত্রিফলা-চূর্ণ লেহন করিতে দিবে। অথবা জল পান করাইয়া অধোমুখে রাখিবে। সেই অবস্থায় তাহাকে শব্দ করাইবে বা বমন করাইবে, অথবা তাহার গলা পর্য্যন্ত ভস্মরাশিতে পুতিয়া রাখিবে। ভোজনীয় দ্রব্য গলাধঃকরণ করিতে যদি কণ্ঠদেশে কোনপ্রকার শল্য বিদ্ধ হয়, তবে পীড়িত ব্যক্তির অজ্ঞাতসারে তাহার স্কন্ধদেশে মুষ্টির দ্বারা আঘাত করিবে, অথবা স্নেহ, মদ্য বা জল পান করাইবে। বাহু, রজ্জু বা লতা-পাশের দ্বারা কণ্ঠদেশ পীড়িত হইলে (১), বায়ু প্রকুপিত হইয়া শ্লেষ্মাকে কুপিত করে। সেই কুপিত শ্লেষ্মার দ্বারা শরীরের সকল দ্বার রোধ

(১) ইহাতে গলাটেপা বা গলায় রজ্জু দেওয়াও বুঝায়।

হইয়া মুখ হইতে লালাস্রাব ও ফেনা নিঃসরণ হয়, এবং জ্ঞানশূন্য হইয়া পড়ে। সে স্থলে তৈলাদি-মর্দ্দন ও ঘর্ম্ম-নিঃসরণ করাইবে, এবং শিরো-বিরেচনার্থ তীক্ষ্ণ রস (১) ও বায়ু-শান্তির নিমিত্ত অন্যান্য উপায় বিধান করিবে।

শল্যের আকৃতি এবং স্থান বিবেচনা করিয়া, ভিন্ন ভিন্ন প্রকার যন্ত্রের দ্বারা তাহা শরীর হইতে অপনীত করিবে। শল্য কর্ণ-বিশিষ্ট হইলে (তীরের ফলার মত কাণি থাকিলে), যুক্তির দ্বারা তাহা নির্গত করিবে। পূর্ব্বোক্ত সকল উপায়ের দ্বারা যদি শল্য নির্গত না হয়, তবে যন্ত্রের দ্বারা তাহা নির্গত করিবে। শল্য নির্গত না হইলে, তীব্র বেদনা ও শোথ জন্মে, পাকিয়া উঠে, অথবা অঙ্গের বৈকল্য বা মৃত্যু পর্য্যন্তও হইয়া থাকে। অতএব বৈদ্যের যত্ন-পূর্ব্বক শরীর হইতে শল্য বাহির করা কর্ত্তব্য।

অষ্টাবিংশতি অধ্যায়।

বিপরীতাবিপরীত ব্রণের বিজ্ঞান।

পুষ্প, ধূম এবং মেঘের দ্বারা যেমন ফল, অগ্নি এবং বৃষ্টির সম্ভাবনা জানা যায়, সেইরূপ রিষ্ট-চিহ্নের দ্বারা মৃত্যুর সম্ভাবনা জানা যায়। সেই সকল চিহ্ন সূক্ষ্ম প্রযুক্ত, অনবধান প্রযুক্ত, বা শীঘ্র ব্যতিক্রম হওয়া প্রযুক্ত, চঞ্চল অনভিজ্ঞ লোকে জানিতে পারে না। রিষ্ট-চিহ্ন হইলে নিশ্চয়ই মৃত্যু হইয়া থাকে। ব্রাহ্মণ অথবা রসায়ন, তপস্যা বা জপ-পরায়ণ ব্যক্তির দ্বারা তাহা নিবারিত হইতে পারে। পণ্ডিতেরা বলেন যে, যেরূপ নানাপ্রকার নক্ষত্র-জনিত পীড়া কালে প্রকাশ পায়, সেইরূপ রিষ্ট-চিহ্ন প্রযুক্ত নানাপ্রকার পীড়া কালে প্রকাশ পায়। আয়ুহীন ব্যক্তির সম্বন্ধে প্রতীকার করিলেও সিদ্ধি হয় না। অতএব সকল রিষ্ট-চিহ্ন বৈদ্যের যত্ন-পূর্ব্বক দেখা কর্ত্তব্য। ব্রণের গন্ধ,

---

(১) "শিরো-বিরেচন" হাঁচ বা অন্য উপায়ের দ্বারা মস্তক হইতে শ্লেষ্মা নিঃসারিত-করণ।

বর্ণ অথবা রস প্রভৃতির বিকৃতি হওয়াই পাকিবার লক্ষণ। বাত পিত্ত অথবা শ্লেষ্মা-জন্য ব্রণ হইলে, ব্রণে কটু বা তীক্ষ্ণ রস ও মাংস-গন্ধ হইয়া থাকে। শোণিত-জন্য ব্রণ হইলে, আমিষ-গন্ধ হয়। সান্নিপাতিক ব্রণ হইলে, উভয়প্রকার লক্ষণই হইয়া থাকে। লাজ, তিসীর তৈল অথবা অল্প আমিষ-গন্ধই ব্রণের স্বাভাবিক গন্ধ। অন্যপ্রকার গন্ধ হইলে বিকৃত গন্ধ বলা যায়। মদ্য চন্দন ঘৃত পুষ্প পদ্ম চন্দন চম্পক অথবা অন্য কোনপ্রকার সদ্‌গন্ধ, মৃত্যুসম্ভাবিত ব্যক্তির ব্রণেই হইয়া থাকে। কুক্কুর, অশ্ব, মূষিক, কাক, পূতি অথবা শুষ্ক মাংস বা মৎকুণ (ছারপোকা), ব্রণে এই সকল গন্ধ, অথবা পঙ্ক বা ভূমি-গন্ধ হওয়াও ভাল নহে। পিত্ত-প্রকোপপ্রযুক্ত ব্রণে ময়না-ফল, কুঙ্কুম বা কঙ্কুষ্ঠ সদৃশ বর্ণ হইলে, এবং তাহাতে দাহ বা চোষ না থাকিলে, রোগীকে পরিত্যাগ করিবে। শ্লেষ্মা-জন্য ব্রণ যদি কণ্ডূযুক্ত, স্থির, শ্বেত এবং স্নিগ্ধ হয়, ও তাহাতে দাহ ও অন্যপ্রকার যন্ত্রণা থাকে, তবে বৈদ্য সে রোগীকে পরিত্যাগ করিবে। যাহার বাত-জন্য ব্রণ হইয়া, কৃষ্ণ-বর্ণ, অল্প-স্রাবী ও মর্ম্মতাপকর হয়, ও তাহাতে কিছুমাত্র যন্ত্রণা না থাকে, তাহাকেও বৈদ্য পরিত্যাগ করিবে। যাহার ব্রণ, ত্বক্ ও মাংসে স্থিত হইয়া স্নেহ-যুক্ত দেখায়, ঘুর্ঘুর করে, জ্বালা করে, ও তাহা হইতে শব্দ সহকারে বায়ু নির্গত হয়, তাহাকে পরিত্যাগ করিবে। যে ব্রণ, মর্ম্ম-স্থানে সম্ভূত হইয়া অত্যর্থ-বেদনা-বিশিষ্ট হয়, যে ব্রণ, বাহিরে শীতল ও অন্তরে দাহ-বিশিষ্ট, অথবা অন্তরে শীতল বাহিরে দাহ-বিশিষ্ট, যে ব্রণ, শক্তি কুন্ত ধ্বজ রথ অশ্ব হস্তী বৃষ অথবা অট্টালিকা সদৃশ আকৃতিবিশিষ্ট, যে ব্রণ, চূর্ণ-লিপ্ত না হইয়াও চূর্ণ-লিপ্তের ন্যায় দেখায়, যে ব্রণের জন্য বলক্ষয় ও মাংসক্ষয় এবং শ্বাস কাস অরুচি প্রভৃতি উপদ্রব জন্মে, যে ব্রণ মর্ম্ম-স্থানে জন্মিয়া অতিশয় পূয-রক্ত-বিশিষ্ট হয়, অথবা সম্যক্‌রূপে প্রতীকার করিলেও যে ব্রণ আরোগ্য হয় না, আপনার যশ-রক্ষার নিমিত্ত বৈদ্য সেই সকল ব্রণ-রোগীকে পরিত্যাগ করিবে।

একোনত্রিংশত্তম অধ্যায়।

বিপরীতাবিপরীত দূত শকুন স্বপ্ন নিদর্শনীয় অধ্যায়।

দূতের (১) দর্শন সম্ভাষণ বেশ ও কার্য্য, নক্ষত্র বেলা তিথি নিমিত্ত শকুন (২) ও বায়ু, এবং বৈদ্যের স্থান ও বাক্য দেহ মনের কার্য্য, এই সকলের দ্বারা রোগীর শুভাশুভ জানা যায়। যে দূত পাষণ্ড অথবা চারি আশ্রমের মধ্যে কোন একটী আশ্রমাবলম্বী, সেই দূতই রোগীর পক্ষে মঙ্গল-সূচক। এ ভিন্ন অন্যপ্রকার দূত রোগীর পক্ষে অমঙ্গল-সূচক। নপুংসক নিন্দাকারী বহু-স্ত্রী-বিশিষ্ট বা অনেক-কার্য্য-বিশিষ্ট হওয়া, গর্দ্দভ উষ্ট্র বা রথে আগমন, অথবা এই সকল সংযুক্ত অন্য বাহনে আগমন করাও, দূতের পক্ষে প্রশস্ত নহে। পাশ দণ্ড বা কোনপ্রকার শস্ত্র-ধারী, শুক্ল ভিন্ন অন্যপ্রকার বস্ত্র পরিধান-কারী, দক্ষিণ স্কন্ধে আর্দ্র জীর্ণ মলিন ও ছিন্ন উত্তরীয়-ধারী, ন্যূনাধিক অঙ্গ-বিশিষ্ট (৩), উদ্বিগ্ন, বিকৃত, উগ্রমূর্ত্তি অথবা রুক্ষ নিষ্ঠুর-ভাষী, এই সকল প্রকার দূতও মঙ্গল-সূচক নহে। তৃণ বা কাষ্ঠ ছেদন করা, নাসিকা স্তন বস্ত্রের প্রান্ত-ভাগ অনামিকা কেশ নখ বা রোম স্পর্শ করা, বা শরীরের দ্বারে (৪) হৃদয়ে গণ্ড-দেশে মস্তকে বক্ষঃস্থলে বা কুক্ষিদেশে হাত দেওয়া, বা কপাল-খণ্ড প্রস্তরখণ্ড ভস্ম অস্থি তুষ বা অঙ্গার করে ধারণ করা বা ভূমিতল বিলেখন করা, কোন দ্রব্য নিক্ষেপ করা, বা মৃত্তিকা-খণ্ড ভেদ করা, দূতের পক্ষে এ সকল কার্য্যও প্রশস্ত নহে। তৈল বা কর্দ্দমে শরীর স্নিগ্ধ হওয়া বা অসার পক্ক ফল বা সেইরূপ অন্য কোন দ্রব্য হস্তে ধারণ করা, নখের দ্বারা নখ বা হস্তের দ্বারা চরণ স্পর্শ করা, বা হস্তে চর্ম্মপাদুকা ধারণ করাও দূতের পক্ষে অপ্রশস্ত। বিকৃত বা ব্যাধি কর্ত্তৃক পীড়িত, বা বামাচারী, রোদন-

(১) বৈদ্যের নিকট রোগের সংবাদ লইয়া যে যায়, তাহাকে এ স্থলে দূত কহে।
(২) "শকুন" অর্থাৎ শুভাশুভসূচক নিমিত্ত, যেমন বাহু-স্পন্দন ও কাকাদি-দর্শন।
(৩) কোন অঙ্গ ছোট, কোন অঙ্গ বড়।
(৪) মুখ, চক্ষু, নাসিকা, প্রস্রাব-দ্বার ও মল-দ্বার প্রভৃতি নয়টীকে শরীরের দ্বার কহে।

কারী, শ্বাস-রোগগ্রস্ত অথবা বিকৃত-দৃষ্টি বিশিষ্ট, অথবা যে ব্যক্তি বৈদ্যের দক্ষিণভাগে বদ্ধাঞ্জলি হইয়া এক পদে দণ্ডায়মান থাকে, এরূপ দূতও ভাল নহে। বৈদ্য যদি দক্ষিণ-মুখে বা অপবিত্র স্থানে অগ্নি প্রজ্বলিত করিয়া পাক করিতে থাকে, বা অন্য কোন ক্রূর কর্ম্ম করিতে থাকে, অথবা উলঙ্গ হইয়া ভূমিতে শয়ন করিয়া থাকে, বা মল মূত্র ত্যাগ করিতে থাকে, অথবা যদি মুক্ত-কেশ, খিন্ন-কলেবর বা ব্যাকুল থাকে, তবে তাহার নিকট গমন করা প্রশস্ত নহে। বৈদ্য পিতৃ-কৃত্য বা দৈব-কার্য্য করিলে, অথবা উৎপাত দর্শন করিলে, সে দিবস বৈদ্যের নিকট যাওয়া কর্ত্তব্য নহে। মধ্যাহ্নে অর্দ্ধরাত্রে প্রাতঃকালে সায়ংকালে, অথবা কৃত্তিকা আর্দ্রা অশ্লেষা মঘা মূলা পূর্ব্বফল্গুনী পূর্ব্বাষাঢ়া পূর্ব্বভাদ্রপদ বা ভরণী নক্ষত্রে, অথবা চতুর্থী নবমী ষষ্ঠী বা অমাবস্যা ও প্রতিপদের সন্ধি-কালে, বৈদ্যের নিকট গমন করা কর্ত্তব্য নহে। মধ্যাহ্ন-কালে অগ্নি-তাপে তাপিত ও ঘর্ম্মাক্ত হইয়া বৈদ্যের নিকট গমন করা পিত্ত-রোগের পক্ষে প্রশস্ত নহে, কিন্তু কফ-রোগের পক্ষে মঙ্গল-সূচক। এই বিবেচনা করিয়া বায়ু-জন্য অথবা দ্বিদোষ-জন্য অথবা সান্নিপাতিক রোগে দূতের লক্ষণালক্ষণ নির্ণয় করিবে। রক্তপিত্ত, অতিসার ও প্রমেহ প্রভৃতি রোগেও এইরূপ দূত ও বৈদ্যের সমাগম নির্ণয় করা প্রশস্ত। এই নিয়ম অনুসারে অন্যান্য রোগেও দূত বৈদ্যের সকল লক্ষণ বিবেচনা করিবে। যে দূত শুক্ল-বস্ত্র-পরিধানকারী, শুচি, গৌর অথবা শ্যাম বর্ণ, প্রিয়দর্শন এবং সজাতি ও সগোত্র, সেই দূতই কার্য্যকারী। যে দূত গোযানের দ্বারা আগত, সন্তুষ্ট, পাদ দ্বারা শুভ-চেষ্টা-কারী, ধৃতিমান্, বিধিজ্ঞ, কালজ্ঞ, স্বাধীন, প্রতিপত্তিশালী এবং অলঙ্কৃত, সেই দূতই কার্য্যকারী। যে দূতের সমাগম-কালে বৈদ্য সম ও পবিত্র স্থানে পূর্ব্বমুখে উপবিষ্ট, শুচি ও উদ্বেগ-শূন্য থাকে, সেই দূত কার্য্যকারী। মাংস জল-কুম্ভ ছত্র ব্রাহ্মণ হস্তী গো বৃষ এবং শুক্ল-বর্ণের দ্রব্য, দূতের যাত্রাকালে এই সকল

দৃষ্ট হওয়া মঙ্গলজনক। পুত্রবতী স্ত্রী, সবৎসা গাভী, অলঙ্কৃতা কন্যা, অপক্ক ফল, মৎস্য মোদক দধি সুবর্ণ যবপাত্র রত্ন, বিশুদ্ধমনা রাজা, প্রজ্বলিত অগ্নি, অশ্ব হংস চাষ-পক্ষী, ময়ূর, বেদধ্বনি, দুন্দুভি মেঘ শঙ্খ বেণু বা রথের ধ্বনি, সিংহ বা বৃষের নাদ, অশ্বের হ্রেষা শব্দ, গজের বৃংহিত শব্দ, অথবা বাম-ভাগে স্থিত পেচক, এই সকল দর্শন বা শ্রবণ দূতের শুভ-যাত্রার পক্ষে শ্রেষ্ঠ লক্ষণ। পত্র পুষ্প ও ফল-যুক্ত সক্ষীর (১) অক্ষত বৃক্ষ দর্শন করিলে, জীব-কর্ত্তৃক আশ্রিত নভোমণ্ডল, গৃহ ধ্বজ তোরণ বা বেদিকা দর্শন করিলে, পশ্চাদ্ভাগে প্রশান্ত দিকে মধুরভাবে সম্ভাষণ করিলে, এবং দক্ষিণ বা বাম-ভাগস্থিত শকুন দর্শন করিলে, কার্য্য সিদ্ধ হয়। স্বভাবতঃ বা বজ্রঘাত-জনিত শুষ্ক বৃক্ষ, অথবা লতা-জড়িত বা কণ্টক-যুক্ত বৃক্ষ, প্রস্তর অস্থি বিষ্ঠা তুষ অঙ্গার পাংশু চৈত্য (২) বা বল্মীক দর্শন করিলে, বিষম স্থানে স্থিত হইয়া কর্কশ-স্বরে সম্ভাষণ করিলে, অথবা সম্মুখে দিক্‌দাহ-কালে কেহ সম্ভাষণ করিলে, কার্য্য সিদ্ধ হয় না। যে সকল পক্ষীর পুং-সংজ্ঞা তাহারা বাম ভাগে স্থিত হইলে, অথবা যাহাদিগের স্ত্রী-সংজ্ঞা তাহারা দক্ষিণ ভাগে স্থিত হইলে, মঙ্গলসূচক হয়। কুক্কুর ও শৃগালের দক্ষিণ হইতে বামে গমন, এবং নকুল ও চাষ-পক্ষীর বামে গমন মঙ্গলসূচক। শশকের সর্পের ভাস-পক্ষীর বা পেচকের, কোন দিকে গমনই শুভসূচক নহে। গোধা বা কৃকলাসের দর্শন বা শব্দও অপ্রশস্ত। অনিষ্ট-লক্ষণ-যুক্ত দূতের ন্যায় এই সকল অনিষ্ট-দর্শনও অশুভ-সূচক। কুলত্থ তিল কার্পাস তুষ পাষাণ বা ভস্ম যুক্ত, অথবা অঙ্গার তৈল ও কর্দ্দম-পূর্ণ পাত্র অপ্রশস্ত। মদ্য বা রক্ত সর্ষপ-পূরিত পাত্রও অপ্রশস্ত। পথিমধ্যে শুষ্ক পলাশ বা শব-কাষ্ঠের সমাগম ও পতিত নীচ দীন অন্ধ বা শত্রুর দর্শন শুভসূচক নহে। মৃদু শীতল অনুকূল ও সুগন্ধি বায়ু শুভসূচক। খর উষ্ণ অনিষ্ট-

---

(১) "সক্ষীর" যাহার দুগ্ধের ন্যায় আটা আছে।

(২) "চৈত্য" গ্রামে পূজিত বৃক্ষ, অশ্বত্থ বট প্রভৃতি।

গন্ধ এবং প্রতিকূল বায়ু অশুভ-সূচক। গ্রন্থি, অর্ব্বুদাদি রোগে ছেদ-শব্দ (ছেদ করিলে যেরূপ শব্দ হয়, সেইরূপ শব্দ) প্রশস্ত। বিদ্রধি, উদর ও গুল্ম রোগে ভেদ-শব্দ প্রশস্ত। রক্ত-পিত্ত বা অতিসার রোগে রুদ্ধ শব্দ প্রশস্ত। এইপ্রকার ব্যাধি-বিশেষে শব্দের শুভাশুভ বিবেচনা করিবে। কাতর-স্বর বা রোদন-ধ্বনি, বমন বায়ুত্যাগ বা পুরীষের শব্দ, গর্দ্দভ বা উষ্ট্রের শব্দ, নিষেধ-বাক্য, ভগ্ন ক্ষুত পতন বা আঘাতের শব্দ, অশুভ-সূচক। যাত্রা-কালে বৈদ্যের মন উদ্বিগ্ন হওয়াও অমঙ্গলের লক্ষণ। এই সকল লক্ষণ বৈদ্য এবং রোগী উভয়ের যাত্রার পক্ষেই শুভাশুভ-সূচক। কেবল যাত্রা-কালে পথে এবং প্রবেশের দ্বারে এই সকল লক্ষণ কার্য্যকর। আবাসের প্রতি দ্বারে অথবা গৃহ-মধ্যে প্রবেশ করিলে কার্য্যকর হয় না। উর্দ্ধপাদ-খট্বা, মদ্য জল বসা তৈল তৃণ ভগ্ন অঙ্গহীন নপুংসক দিগম্বর মুণ্ডিত-মস্তক বা কৃষ্ণ-বস্ত্র-ধারী, যাত্রা বা প্রবেশ কালে এই সকলের দর্শনও মঙ্গলসূচক নহে। গণ্ড বা সঙ্কর-জাতিস্থ ব্যক্তির স্থানান্তরে গমন, ভূমি খননপূর্ব্বক উৎ-পাটন, ভঙ্গ, পতন বা নির্গমন, এ সকলও মঙ্গলসূচক নহে। বৈদ্যের আসনাভাবে বা রোগীর অধোমুখে অবস্থিতি, অথবা বৈদ্যের সহিত সম্ভাষণ করিবার কালে রোগী যদি অঙ্গ বা শয্যা আকুঞ্চন করে, অথবা তাহার কর পৃষ্ঠ বা মস্তক কম্পিত হয় বা স্বয়ং মর্দ্দন করে, বা বৈদ্যের হস্ত লইয়া মস্তকে বা বক্ষঃস্থলে রাখে, অথবা আপনার অঙ্গ মার্জ্জন করিতে করিতে উর্দ্ধদৃষ্টে বৈদ্যের প্রতি প্রশ্ন করে, এপ্রকার রোগী আরোগ্য হয় না। যে রোগীর গৃহে বৈদ্য পূজিত না হয়, সে আরোগ্য হয় না। যাহার গৃহে বৈদ্য সমাদৃত হয়, সেই আরোগ্য লাভ করে। দূতাদির শুভাশুভ লক্ষণের দ্বারা রোগীর শুভাশুভ ঘটে, একারণ বৈদ্য সকল শুভাশুভ লক্ষণ লক্ষ্য করিবে।

অতঃপর শুভাশুভ-সূচক স্বপ্ন-বিবরণ কহিতেছি। যে ব্যক্তি স্বপ্নে আপনাকে বা সুহৃদ্ জনকে পীড়িত দেখে, যে ব্যক্তি তৈলাক্ত বা

ঘৃতাক্ত শরীরে করভ ব্যাল গর্দ্দভ বরাহ বা মহিষ আরোহণ করিয়া দক্ষিণাভিমুখে গমন করে, স্বপ্নে রক্ত-বস্ত্র-পরিধানা কৃষ্ণবর্ণা মুক্ত-কেশী স্ত্রী যাহাকে বন্ধন করিয়া লইয়া হাস্য ও নৃত্য করিতে করিতে দক্ষিণাভিমুখে গমন করে, অন্ত্যাবসায়ীরা যাহাকে দক্ষিণাভিমুখে লইয়া যায়, প্রেত বা সন্ন্যাসী যাহাকে আলিঙ্গন করে, অথবা বিকৃত-মুখ ব্যাঘ্র প্রভৃতি যাহার মস্তক আঘ্রাণ করে; স্বপ্নে যে ব্যক্তি তৈল বা মধু পান করে, বা পঙ্কে নিমগ্ন হয়, বা অঙ্গে পঙ্ক লেপন করিয়া হাস্য ও নৃত্য করে, বা দিগম্বর হইয়া মস্তকে রক্ত মাল্য ধারণ করে, বা মৎস্য যাহাকে গ্রাস করে, বা যে ব্যক্তি জননীর শরীরে প্রবেশ করে; যাহার বক্ষঃস্থলে বংশ নল বা তালগাছ জন্মে, যে ব্যক্তি পরাজিত হত বা কাকাদি কর্ত্তৃক অভিভূত হয়, বা যে ব্যক্তি তারকাদির পতন বা দীপ-নাশ দেখে, বা যাহার দৃষ্টি-নাশ হয়; স্বপ্নে যে ব্যক্তি দেবতা-দর্শন বা ভূমি-কম্প অনুভব করে, যাহার বমন ও বিরেচন হয়, বা সকল দন্ত পতিত হয়; সিমুল পলাশ নিম্ব, বা পুষ্প-যুক্ত কাঞ্চন-বৃক্ষে, বা যূপ বল্মীক বা চিতাতে যে ব্যক্তি আরোহণ করে; যে ব্যক্তি কার্পাস তৈল পিণ্যাক লৌহ লবণ বা তিল স্বপ্নে প্রাপ্ত হয়, বা অন্ন ভোজন বা মদ্য-পান করে; সে ব্যক্তি সুস্থ অবস্থায় থাকিয়া এরূপ স্বপ্ন দেখিলে পীড়িত হয়, এবং পীড়িত অবস্থায় দেখিলে তাহার মৃত্যু হয়। আপন স্বভাবানু-যায়ী স্বপ্ন দর্শন করিলে, স্বপ্ন বিস্মৃত হইলে, অথবা দিবসে যে বিষয় চিন্তা করা যায়, সেই বিষয় স্বপ্নে দেখিলে, স্বপ্ন বিফল হয়। জ্বর-রোগে কুক্কুরের সহিত, শোষ-রোগে বানরের সহিত, উন্মাদ-রোগে রাক্ষসের সহিত, এবং অপস্মার-রোগে প্রেতের সহিত স্বপ্নে সখ্যভাব হইলে, স্বপ্নে মেহ বা অতিসার-রোগী জলপান করিলে, কুষ্ঠ-রোগী স্নেহ-দ্রব্য পান করিলে, গুল্ম-রোগে কোষ্ঠ-দেশে ও শিরো-রোগে মস্তকে বৃক্ষোৎ-পত্তি হইলে, বমন-রোগে পিষ্টক ভক্ষণ করিলে, পাণ্ডু-রোগে হরিদ্রা ভক্ষণ করিলে, এবং রক্ত-পিত্ত-রোগে শোণিত পান করিলে, মৃত্যু হয়।

অতঃপর শুভ-সূচক স্বপ্নের বিষয় কহিতেছি। দেবতা দ্বিজ গো বৃষ ভ, জীবিত সুহৃদ্, প্রজ্বলিত অগ্নি বিপ্র অথবা নির্ম্মল জল স্বপ্নে দর্শন করিলে, মঙ্গল ও আরোগ্য লাভ হয়। শুভ্র বস্ত্র বা মাল্য, মাংস মৎস্য বা ফল স্বপ্নে প্রাপ্ত হইলে, ধন-লাভ এবং ব্যাধি-শান্তি হয়। বৃহৎ অট্টালিকা, ফল-যুক্ত বৃক্ষ, হস্তী বা পর্ব্বতে আরোহণ করিলে দ্রব্য-লাভ ও ব্যাধির শান্তি হয়; পঙ্কিল-জল-পূর্ণ ও তরঙ্গ-বিশিষ্ট নদ নদী বা সমুদ্র পার হইলে কল্যাণ-লাভ ও ব্যাধি-শান্তি হয়। উরগ জলৌকা বা ভ্রমর দংশন করিলে আরোগ্য ও ধন-লাভ হয়। পীড়িত ব্যক্তি এইরূপ কোনপ্রকার শুভ স্বপ্ন দেখিলে, তাহাকে দীর্ঘায়ু বলিয়া জানিবে ও তাহার চিকিৎসা করিবে।

ত্রিংশত্তম অধ্যায়।

পঞ্চেন্দ্রিয়ের দ্বারা বিপরীত জ্ঞান।

শরীর বা স্বভাবের কোনরূপ বিকৃতি ঘটিলেই, তাহাকে সামান্যতঃ অরিষ্ট-লক্ষণ বলা যায়। এক্ষণে তাহার বিশেষ কহিতেছি, শ্রবণ কর। ব্যক্তি অভাবেও যে বিবিধপ্রকার শূন্যসম্ভূত শব্দ শ্রবণ করে, সমুদ্র-পূর বা মেঘের শব্দ শ্রবণ করিয়া অন্যপ্রকার শব্দের ন্যায় জ্ঞান করে, যে ব্যক্তি গ্রাম্য শব্দকে অরণ্যের ন্যায় বা অরণ্য শব্দকে গ্রাম্যের ন্যায় অনুমান করে, যে ব্যক্তি শত্রুর বাক্যে হৃষ্ট ও সুহৃদ্বাক্যে কুপিত হয়, অথবা যে ব্যক্তি সুহৃদ্বাক্য শ্রবণ না করে, তাহার আয়ুঃ-শেষ হইয়াছে বলিয়া জানিবে। যে ব্যক্তি উষ্ণকে শীতল বলিয়া বা শীতলকে উষ্ণ বলিয়া গ্রহণ করে, বা শীত-প্রযুক্ত রোমাঞ্চ হইয়াও গাত্র-দাহে পীড়িত হয়, গাত্র অতিশয় উষ্ণ থাকিলেও যে ব্যক্তি শীত-প্রযুক্ত কম্পিত হয়, প্রহার করিলে বা অঙ্গচ্ছেদ করিলেও যে ব্যক্তি জানিতে না পারে, যাহার গাত্র পাংশু-বিকীর্ণের ন্যায় দেখায়, যাহার শরীরে অকস্মাৎ বর্ণান্তর বা রেখা জন্মে, স্নান এবং চন্দন-লেপন

করিলে যাহার শরীরে নীলমক্ষিকা আশ্রয় করে, অকস্মাৎ যাহার শরীর হইতে সুগন্ধ নিঃসৃত হয়, তাহার আয়ুঃশেষ হইয়াছে বলিয়া জানিবে। যে ব্যক্তি একপ্রকার রস আস্বাদ করিয়া অন্যপ্রকার রস বলিয়া বিবেচনা করে, সকলপ্রকার ভুক্ত-রস ক্রমশঃ যাহার দোষ বৃদ্ধি করে, অথবা মিথ্যা আহারের দ্বারা যাহার দোষ-বৃদ্ধি ও অগ্নি-মান্দ্য হয়, তাহার আয়ুঃশেষ হইয়াছে বলিয়া জানিবে। যে ব্যক্তি কোন রসই জানিতে না পারে, বা সুগন্ধ বা দুর্গন্ধ জানিতে না পারে, অথবা যাহার ঘ্রাণ-শক্তি একেবারে নাশ হয়, তাহার আয়ুঃশেষ হইয়াছে বলিয়া জানিবে। শীত উষ্ণ হিম প্রভৃতি কাল, অবস্থা বা দিক্ বা অন্য কোন ভাব যে ব্যক্তি বিপরীত-ভাবে গ্রহণ করে; দিবা-ভাগে যে ব্যক্তি গ্রহ নক্ষত্রাদি প্রজ্বলিতের ন্যায় দর্শন করে; নিশা-কালে জ্বলন্ত সূর্য্য বা দিবা-ভাগে চন্দ্র-কিরণ, মেঘ-শূন্য আকাশে ইন্দ্র-ধনু বা বিদ্যুৎ, বা নির্ম্মল আকাশে তড়িদ্-যুক্ত কৃষ্ণ-বর্ণ মেঘ, আকাশ-মণ্ডল অট্টালিকা এবং বিমান-যানে পূর্ণ, অথবা মেদিনীমণ্ডল ধূম নীহার বা বস্ত্রের দ্বারা আবৃতের ন্যায় দর্শন করে, তাহার আয়ুঃশেষ হইয়াছে বলিয়া জানিবে। যে ব্যক্তি সকল লোক প্রদীপ্ত অথবা জল-প্লাবিতের ন্যায় দর্শন করে, অথবা যে ব্যক্তি নক্ষত্র-যুক্ত অরুন্ধতী, ধ্রুব নক্ষত্র বা আকাশ-গঙ্গা দেখিতে না পায়, তাহার আয়ুঃশেষ হইয়াছে বলিয়া জানিবে। যে ব্যক্তি আপনার ছায়া উষ্ণ জলে বা জ্যোৎস্নার আদর্শে (১) দেখিতে না পায়, অথবা সেই ছায়া অঙ্গহীন বা

(১) অবারিত ও সমতল স্থানে দণ্ডায়মান হইয়া, একাগ্রচিত্তে ক্ষণকাল জ্যোৎস্না-কিরণে ভূমিতলে আপনার ছায়া স্থির-নেত্রে দর্শন করিবে। অনন্তর হঠাৎ মস্তক উত্তো-লনপূর্ব্বক নির্ম্মল আকাশ-তলে আপন ছায়া দেখিতে পাওয়া যায়। তন্ত্রান্তরে এরূপ বর্ণিত আছে যে, সেই ছায়া মস্তকশূন্য দেখিলে ছয় মাসের মধ্যে মৃত্যু হয়, এবং ভিন্ন ভিন্ন অঙ্গহীন দেখিলে ভিন্ন ভিন্ন ব্যাঘাত বা আত্মীয় লোকের মৃত্যু হয়। কোন কোন তন্ত্রের মতে এইরূপ ছায়া-দর্শন প্রাতঃকালে কর্ত্তব্য।

বিকৃতরূপে দেখিতে পায়, বা কুক্কুর কাক গৃধ্র প্রেত যক্ষ রাক্ষস বা পিশাচের ন্যায় বিকৃতভাবে দেখে; যে ব্যক্তি নির্ধূম অগ্নিকে ময়ূরের কণ্ঠ সদৃশ দর্শন করে, সে ব্যক্তি স্বস্থ থাকিলে পীড়িত হয়, এবং পীড়িত থাকিলে তাহার মৃত্যু হয়।

একত্রিংশত্তম অধ্যায়।

ছায়াদির দ্বারা মৃত্যু-লক্ষণ-নির্ণয়।

শ্যাব লোহিত নীল বা পীত-বর্ণ ছায়া যাহার অনুগমন করে, তাহার মৃত্যু আসন্ন। লজ্জা শ্রী বল তেজঃ স্মৃতি এবং শরীরের প্রভা যাহার হঠাৎ নাশ হয়, অথবা পূর্ব্বে এসকল গুণ না থাকিয়াও যাহার হঠাৎ জন্মে, তাহার নিশ্চয়ই আসন্ন-কাল উপস্থিত। যাহার নিম্ন ওষ্ঠ পতিত ও উপরিভাগের ওষ্ঠ উৎক্ষিপ্ত, অথবা উভয় ওষ্ঠই জাম-ফলের ন্যায় বর্ণ-বিশিষ্ট হয়, তাহার জীবন দুর্লভ। যাহার দন্ত ঈষৎ রক্ত বা শ্যাব বর্ণ এবং পতিত হয়, অথবা অতিশয় কৃষ্ণবর্ণ হয়, তাহার আয়ুঃশেষ হইয়াছে জানিবে। যাহার জিহ্বা কৃষ্ণ-বর্ণ স্তব্ধ অবলিপ্ত ও কর্কশ (অসমান) এবং স্ফীত, যাহার নাসিকা বক্র স্ফুটিত শুষ্ক অবনত বা উন্নত, যাহার লোচনদ্বয় ক্ষুদ্র বিষম (একটী ছোট একটী বড়) স্তব্ধ রক্ত-বর্ণ ও অধোদৃষ্টি-বিশিষ্ট, এবং চক্ষু হইতে নিরন্তর জল পড়ে, সে রোগীর নিশ্চয়ই মৃত্যু হয়। যাহার কেশ সীমন্ত-যুক্ত (সীতে কাটার ন্যায়) দুই পার্শ্বে বিক্ষিপ্ত, ভ্রূ ক্ষুদ্র বা বিস্তৃত, এবং চক্ষুর পক্ষ্ম ছিন্ন, সে রোগী শীঘ্র প্রাণত্যাগ করে। অথবা যে রোগী মুখ-স্থিত অন্ন গ্রাস করিতে পারে না, মস্তকও সরলভাবে ধারণ করিতে পারে না, একাগ্রদৃষ্টি এবং অচেতন, সে রোগীর শীঘ্র মৃত্যু হয়। রোগী সবলই হউক বা দুর্ব্বলই হউক, যত্নপূর্ব্বক তুলিয়া বসাইলে যে মূর্চ্ছিত হয়, তাহাকে পরিত্যাগ করিবে। যে রোগী উত্তান-ভাবে (চিৎ হইয়া) শয়ন করিয়া পাদদ্বয় আকুঞ্চন করে, অথবা সর্ব্বদা

প্রসারণ করিতে অভিলাষ করে, সে রোগী বাঁচে না। যে রোগীর হস্ত পদ শীতল, এবং উর্দ্ধশ্বাস ছিন্নশ্বাস বা কাকোচ্ছ্বাস হয় (কাকের ন্যায় মুখ ব্যাদান করিয়া শ্বাস ফেলা), তাহাকে পরিত্যাগ করিবে। যাহার নিদ্রা ভঙ্গ হয় না, অথবা যে সর্ব্বদা জাগ্রত থাকে, ও কোন কথা বলিতে উদ্যত হইয়া মোহ প্রাপ্ত হয়, অভিজ্ঞ বৈদ্য সে রোগীকে পরিত্যাগ করিবে। যে রোগী নিম্ন-ওষ্ঠ লেহন করে, উদ্গার তোলে এবং প্রেতের সহিত সম্ভাষণ করে, সে রোগীর মৃত্যু হয়। শরীর কোনপ্রকার বিষ কর্ত্তৃক দূষিত না হইয়াও যাহার লোম-কূপ হইতে রক্ত নির্গত হয়, সে রোগী তৎক্ষণাৎ প্রাণত্যাগ করে। বাতাষ্ঠিলা রোগে যাহার অষ্ঠিলা উর্দ্ধগামিনী হইয়া হৃদয়ে উঠে, এবং তজ্জনিত যন্ত্রণা ও অন্নে অরুচি জন্মে, সে রোগীর অবশ্যই মৃত্যু হয়। অন্য কোন উপদ্রব ব্যতিরেকে পুরুষের পাদ স্ফীত হইলে, অথবা নারীর গুহ্যদেশ বা মুখ স্ফীত হইলে, মৃত্যু হয়। অতিসার জ্বর হিক্কা বমি এবং অণ্ড ও মেঢ্রদেশ স্ফীত, শ্বাস রোগার অথবা কাস-রোগীর এই সকল উপদ্রব ঘটিলে রোগীকে পরিত্যাগ করিবে। ঘর্ম্ম, অতিশয় দাহ, হিক্কা এবং শ্বাস, এই সকল উপদ্রব ঘটিলে বলবান্ রোগীরও প্রাণ-বিয়োগ হয়। যে রোগীর জিহ্বা শ্যাব-বর্ণ হয়, বাম চক্ষুঃ বসিয়া যায়, এবং মুখে দুর্গন্ধ জন্মে, তাহাকে পরিত্যাগ করিবে। যে রোগীর নেত্র-জলে মুখ পূর্ণ হয়, পাদদ্বয়ে ঘর্ম্ম হইতে থাকে, এবং চক্ষুঃ আকু-লিত হয়, যাহার শরীর হঠাৎ অতিশয় লঘু বা অতিশয় ভার বোধ হইয়া উঠে, অথবা যাহার বমনে পঙ্ক মৎস্য বসা তৈল ঘৃত বা মূষ্টের ন্যায় গন্ধ হয়, তাহার মৃত্যু উপস্থিত। যাহার ললাট পর্য্যন্ত যূকা (উকুন) ধরে, প্রদত্ত বলি (ভক্ষ্য-দ্রব্য) কাকাদি গ্রহণ না করে, এবং রতি-প্রবৃত্তি না থাকে, তাহারও মৃত্যু উপস্থিত। যে রোগীর জ্বর অতিসার ও ফুলা এই তিনই প্রবল, এবং বলে ও মাংসে অতিশয় ক্ষীণ, তাহাকে কেহই চিকিৎসা করিতে পারে না। শরীর অত্যর্থ ক্ষীণ

হইলে, রুচিকর, মিষ্ট ও হিতকর অন্ন-পানের দ্বারা যাহার ক্ষুধা ও তৃষ্ণার শান্তি না হয়, তাহার আসন্ন মৃত্যু জানিবে। গ্রহণী শিরঃশূল কোষ্ঠ-শূল অতিশয় পিপাসা ও বলহানি, এককালে যাহার এই সকল উপদ্রব ঘটে, তাহার মৃত্যু উপস্থিত। পূর্ব্ব-জন্ম-কৃত কর্ম্ম প্রযুক্ত, বিপরীত উপচার (প্রতীকার) প্রযুক্ত, এবং জীব অনিত্য প্রযুক্ত, মৃত্যু হইয়া থাকে। প্রেত ভূত পিশাচ ও রাক্ষসাদি মরণাভিমুখ ব্যক্তির নিকট আগমন করে, ও রোগীর মৃত্যু কামনা করিয়া তাহার সকল ঔষধের বীর্য্য-হানি করে, একারণ আয়ুর্হীন ব্যক্তির কোন প্রতীকার সফল হয় না।

দ্বাত্রিংশত্তম অধ্যায়।

স্বভাবের বিপ্রতিপত্তি।

শরীরের যে অঙ্গ স্বভাবতঃ যেপ্রকার হইয়া থাকে, তাহার অন্যথা হইলে মৃত্যুর লক্ষণ বলা যায়। যথা,—শুক্লবর্ণের কৃষ্ণতা, কৃষ্ণবর্ণের শুক্লতা, রক্ত প্রভৃতি বর্ণের অন্যপ্রকার বর্ণ হওয়া, স্থিরের অস্থিরতা, অস্থিরের স্থিরতা, স্থূলের কৃশতা বা কৃশের স্থূলতা, দীর্ঘের হ্রস্বত্ব বা হ্রস্বের দীর্ঘতা, অথবা কোন অঙ্গ হঠাৎ শীতল উষ্ণ স্নিগ্ধ রুক্ষ বিবর্ণ বা অবসন্ন হওয়া, শরীরের সম্বন্ধে এইপ্রকার সকল ঘটনাকে স্বভাবের বিপরীত বলা যায়। শরীরের কোন অঙ্গ স্বস্থান হইতে স্খলিত উৎক্ষিপ্ত অবক্ষিপ্ত পতিত নির্গত অন্তর্গত গুরু বা লঘু হওয়াও স্বভাবের বিপরীত।' শরীরে অকস্মাৎ প্রবাল-বর্ণ-বিশিষ্ট ব্যঙ্গ (চাকা চাকা দাগ বিশেষ) জন্মান, ললাটের সিরা সকল দৃষ্ট হওয়া, নাসাদণ্ডে (নাকের ডাঁটীতে) পিড়ক উৎপত্তি, প্রভাতকালে ললাটে ঘর্ম্ম-নিঃসরণ, নেত্ররোগ না থাকিলেও অশ্রু-ধারা পতন, মস্তকে গোময়-চূর্ণের ন্যায় ধূলি দর্শন, অথবা মস্তকে কপোত কঙ্ক প্রভৃতি পক্ষীর পতন, ভোজন না করিলেও মল মূত্রের বৃদ্ধি, বা ভোজন করিলেও

মল মূত্রের অভাব, স্তন-মূল হৃদয় বা বক্ষঃস্থলে বেদনা, কোন অঙ্গের মধ্যস্থল স্ফীত ও উভয় দিক্ কৃশ, অথবা মধ্যস্থল কৃশ ও উভয় দিক্ স্ফীত, অর্দ্ধাঙ্গে শোথ, অথবা সমস্ত শরীর শুষ্ক, এবং স্বর নষ্ট হীন বিকল বা বিকৃত হওয়া, অথবা দন্ত মুখ নখ প্রভৃতি স্থানে বিবর্ণ পুষ্পের ন্যায় চিহ্ন, বা কফ পুরীষ ও রেতের জলে মগ্ন হওয়া, দৃষ্টি-মণ্ডলে ভিন্নপ্রকার বিকৃত রূপ-দর্শন, কেশ বা অঙ্গ তৈলাভ্যক্তের (তৈল-মাথার) ন্যায় দেখান, অতিসার রোগে অরুচি ও দুর্ব্বলতা, বা কাস-রোগে তৃষ্ণায় অভিভূত হওন, ক্ষীণতা বমন অরুচি, ফেনার সহিত পূয রক্ত বমন, ভগ্ন স্বর ও বেদনায় অভিভূত হওন, হস্ত পদ ও মুখ স্ফীত, ক্ষীণ, রুচিহীন, নাভি স্কন্ধ এবং হস্ত-পাদের মাংস শিথিল ও জ্বর এবং কাসে অভিভূত হওয়া; এই সকলের মধ্যে কোনপ্রকার লক্ষণ ঘটিলে আয়ুঃশেষ হইয়াছে বলিয়া জানা যায়। যে ব্যক্তি পূর্ব্বাহ্নে আহার করিয়া অপরাহ্নে বমন করে, এবং যাহার পাকাশয়ে অম্ল-রস না জন্মিয়াও অতিসারের ন্যায় মল নিঃসৃত হয়, যে ব্যক্তি ভূমিতে পতিত হইয়া ছাগলের ন্যায় শব্দ করে, কোষ শিথিল, উপস্থ সঙ্কুচিত, এবং গ্রীবা ভগ্ন হইয়া পড়ে; যে ব্যক্তি নিম্ন ওষ্ঠ দংশন করে, বা উপরিভাগের ওষ্ঠ লেহন করে, অথবা যে ব্যক্তি কেশ বা কর্ণদ্বয় ছিঁড়িয়া ফেলে, যে ব্যক্তি দেবতা দ্বিজ গুরু সুহৃদ্ এবং বৈদ্যের দ্বেষ করে, যাহার পাপগ্রহ সকল অধিকতর মন্দ বা মন্দ স্থানে গমন করিয়া জন্ম-নক্ষত্রকে পীড়িত করে, বা যাহার হোরা (১) উল্কা বা বজ্রের দ্বারা অভিহত হয়, তাহার আয়ুঃশেষ হইয়াছে বলা যায়। গৃহ দার শয়ন আসন যান মণি রত্ন প্রভৃতি গৃহের উপকরণ দ্রব্যের দুর্লক্ষণের প্রাদুর্ভাব হইলেও আয়ুঃশেষ ঘটে। বল ও মাংস হীন রোগীর চিকিৎসা করিলেও যদি রোগ বৃদ্ধি হইতে থাকে, তবে সেইটী তাহার আয়ুঃ-শেষের লক্ষণ। যাহার উৎকট পীড়া এককালে হঠাৎ নিবৃত্তি হইয়া

(১) রাশির স্থিতি-কালকে হোরা বলে, অর্থাৎ জন্মলগ্ন।

যায়, অথবা যাহার শরীরে আহারের ফল দেখা যায় না, তাহার মৃত্যু শীঘ্রই হয়। এই সকল অরিষ্ট-লক্ষণ সম্যক্‌রূপে বিবেচনা করিতে পারিলে, রাজাকর্ত্তৃক রোগের সাধ্যাসাধ্য-নির্ণয়ের পরীক্ষায় বৈদ্য উত্তীর্ণ হইতে পারেন।

ত্রয়স্ত্রিংশত্তম অধ্যায়।

অসাধ্য রোগের বিবরণ।

হে বৎস, চিকিৎসার অভাবে যে উপসর্গ ঘটিলে যে রোগ অসাধ্য হয়, তাহা কহিতেছি, একাগ্রচিত্তে শ্রবণ কর। বাতব্যাধি প্রমেহ কুষ্ঠ অর্শঃ ভগন্দর অশ্মরী মূঢ়-গর্ভ (অন্তর্মৃত গর্ভ) এবং উদর-রোগ, এই অষ্টপ্রকার রোগ স্বভাবতই দুশ্চিকিৎসনীয়। বল ও মাংস ক্ষয়, শ্বাস তৃষ্ণা শোষ বমি ও জ্বর এই উপদ্রবগুলি, অথবা মূর্চ্ছা অতিসার ও হিক্কা এ উপদ্রবগুলি ঘটিলে, যশোভিলাষী বৈদ্য রোগীকে পরিত্যাগ করিবে। ফুলা, ত্বকের সুপ্ততা (রুক্ষতা), ভগ্ন, কম্প ও আধ্মান, বায়ু-রোগে এই সকল উপদ্রব ঘটিলে, এবং রোগের যন্ত্রণায় কাতর হইলে, প্রাণ-বিয়োগ হইয়া থাকে। রোগের অধিকারে যেরূপ উপদ্রব বর্ণিত হইয়াছে সেই সকল উপদ্রব ঘটিলে, চিত্ত আবিষ্টের ন্যায় (অতিশয় অন্যমনস্ক) হইলে, অতিশয় ধাতুক্ষরণ এবং অত্যর্থ যন্ত্রণা হইলে, প্রমেহ-রোগীর প্রাণ-বিয়োগ হইয়া থাকে। ক্ষত অঙ্গ বিদীর্ণ হইয়া রস-নিঃসরণ হইতে থাকিলে, চক্ষু রক্ত-বর্ণ ও স্বর-ভঙ্গ হইলে, এবং বমন বিরেচন নস্য নিরূঢ়-বস্তি ও উত্তর-বস্তি, এই পঞ্চ-কর্ম্মে কোন ফল না দর্শিলে, কুষ্ঠ-রোগে প্রাণ-বিনাশ হয়। তৃষ্ণা অরুচি অতিশয় বেদনা অতিশয় রক্ত-নিঃসরণ শোথ এবং অতিসার, অর্শ-রোগে এই সকল উপদ্রব ঘটিলে, রোগীর মৃত্যু হয়। বায়ু মূত্র পুরীষ কৃমি এবং শুক্র, ভগন্দর হইতে এই সকল নিঃসৃত হইলে, ভগন্দর-রোগীর মৃত্যু হয়। নাভি এবং কোষ স্ফীত হইলে এবং প্রস্রাব বদ্ধ ও অতিশয় যন্ত্রণা হইলে, অশ্মরী-রোগীর মৃত্যু হয়।

গর্ভকোষে অতিশয় শূল-বেদনা, কুক্ষি-দেশে রক্ত বদ্ধ হওয়া, এবং যোনিমুখ সমাচ্ছাদিত হওয়া এই সকল লক্ষণ, এবং মূঢ়-গর্ভের অধিকারে অপর যে সকল অসাধ্যের লক্ষণ নির্ণীত হইয়াছে সেই সকল লক্ষণ ঘটিলে, মূঢ়-গর্ভ রোগে স্ত্রীলোকের মৃত্যু হয়। উদরের পার্শ্ব-দেশ ভগ্ন হওয়া, অন্নে অরুচি, শোথ, অতিসার, এবং প্রতিবার বিরেচনের পর উদর পরিপূর্ণ হইয়া ভার হওয়া, উদরী রোগে এই সকল উপসর্গ ঘটিলে, মৃত্যু হয়। তমোময় দৃষ্টি বা ম্লান-ভাবে শয়ন বা অচেতন হইয়া ভূতলে পতন, শরীরের অন্তরে দাহ এবং বাহিরে অতিশয় শীত অনুভব, জ্বর রোগে এই সকল হইলে মৃত্যু হয়। লোম-হর্ষণ, চক্ষু রক্তবর্ণ, হৃদয়ে সাংঘাতিক শূল বেদনা (কন্‌কনানি), মুখের দ্বারা নিয়ত শ্বাস গ্রহণ, জ্বর রোগে এগুলিও মৃত্যুর লক্ষণ। হিক্কা শ্বাস ও পিপাসায় কাতর, জ্ঞানশূন্য, ভ্রান্তি-সূচক দৃষ্টি-বিশিষ্ট, নিয়ত দীর্ঘশ্বাস-বিশিষ্ট এবং ক্ষীণ, জ্বর রোগে রোগী এরূপ হইলেও তাহার মৃত্যু হয়। আবিল চক্ষু (ঘোলাপড়া বা মলযুক্ত), অন্ধকার দর্শন, অত্যর্থ নিদ্রা, শোণিত ও মাংস ক্ষীণ হওয়া, জ্বর রোগে এ সকল লক্ষণ ঘটিলেও মৃত্যু হয়। শ্বাস শূল ও পিপাসায় কাতর, ক্ষীণ এবং জ্বরের দ্বারা পীড়িত, এই সকল উপসর্গ ঘটিলে, বিশেষতঃ রোগী বৃদ্ধ হইলে, অতিসার রোগে মৃত্যু হইয়া থাকে। শুক্লবর্ণ চক্ষু, অন্নে অরুচি, ঊর্দ্ধ-শ্বাসে পীড়িত, কষ্টের সহিত অতিশয় প্রস্রাব হওয়া, যক্ষ্মা রোগে এই সকল উপসর্গ ঘটিলে, মৃত্যু হয়। শ্বাস, শূল-বেদনা, পিপাসা, অন্নে অরুচি, গুল্ম-স্থান গ্রন্থি-সদৃশ হওয়া, বুদ্ধির ভ্রম এবং দুর্ব্বলতা, এই সকল উপসর্গ ঘটিলে, গুল্ম-রোগীর মৃত্যু হয়। আধ্মান, মল-মূত্র-রোধ, বমি হিক্কা তৃষ্ণা বেদনা এবং শ্বাস, বিদ্রধি-রোগে এই সকল উপদ্রব জন্মিলে, মৃত্যু হয়। দন্ত নখ এবং চক্ষুঃ পাণ্ডু-বর্ণ হইলে, এবং দৃশ্য-পদার্থ সমস্ত পাণ্ডু-বর্ণ দেখিলে, পাণ্ডু-রোগীর মৃত্যু হয়। রক্ত বমন করা, চক্ষু রক্তবর্ণ হওয়া, এবং সকল দিক রক্তবর্ণ দেখা, এই উপসর্গ গুলি জন্মিলে, রক্ত-

পিত্ত-রোগীর মৃত্যু হয়। অধোমুখে বা ঊর্দ্ধমুখে থাকা, মাংস এবং বল অত্যর্থ ক্ষীণ হওয়া, এবং সর্ব্বদা জাগ্রত থাকা, এই সকল উপদ্রব ঘটিলে, উন্মাদ-রোগীর মৃত্যু হয়। পুনঃ পুনঃ মূর্চ্ছা, অত্যর্থ ক্ষীণ, ভ্রূদ্বয় বিচলিত এবং নেত্রদ্বয় বিকৃত, অপস্মার-রোগে এই উপদ্রবগুলি ঘটিলে, মৃত্যু হয়।

চতুস্ত্রিংশৎ অধ্যায়।

যুক্তসেনীয় অধ্যায়।

শত্রু-জয়াভিলাষী যুক্তসেন নৃপতিকে বৈদ্য যেরূপে রক্ষা করিবেন, তাহার উপদেশ প্রদান করিতেছি। যৎকালে সেই নরপতি জয়াভিলাষী হইয়া অমাত্য-বর্গের সহিত যুদ্ধে যাত্রা করিবেন, তৎকালে তাঁহাকে রক্ষা করা, বিশেষতঃ বিষ হইতে যত্নসহকারে রক্ষা করা কর্ত্তব্য। যেহেতু, শত্রুগণ পথ জল ছায়া অন্ন এবং কাষ্ঠ প্রভৃতি বিষের দ্বারা দূষিত করিয়া রাখে। সে সমস্ত পরীক্ষা করিয়া শোধন করা কর্ত্তব্য। তাহার লক্ষণ এবং চিকিৎসা কল্পস্থানে বলা হইয়াছে। অথর্ব্ব-বেদে এক শত একপ্রকার মৃত্যু নির্ণীত হইয়াছে। তাহার মধ্যে একপ্রকার মৃত্যুকে কাল-জন্য বলা যায়, এবং অপরগুলিকে অভিঘাত-জন্য বলে। রসজ্ঞ বৈদ্য এবং মন্ত্রজ্ঞ পুরোহিত, ইহাঁরা উভয়ে দোষ-জন্য এবং অভিঘাত-জন্য মৃত্যু হইতে রাজাকে সর্ব্বদা রক্ষা করিবেন। এই কারণে ব্রহ্মা বেদের অঙ্গ-স্বরূপ এই অষ্টাঙ্গ আয়ুর্ব্বেদ কহিয়াছেন। বৈদ্য সর্ব্বদা পুরোহিতের মতানুগামী হইবেন। রাজার বিপদ্ ঘটিলে প্রজা সকল উচ্ছিন্ন হয়, এবং বর্ণ-সঙ্কর-প্রযুক্ত ধর্ম্ম-কর্ম্ম নাশ হয়। রাজাতেই পুরুষত্ব প্রতিষ্ঠিত। আজ্ঞা ত্যাগ ক্ষমা ধৈর্য্য বিক্রম, এই সকল অমানুষ লক্ষণও তাঁহাকে আশ্রয় করিয়া থাকে। অতএব বিচক্ষণ কল্যাণাভিলাষী ব্যক্তি, বাক্য মন কর্ম্মের দ্বারা রাজাকে দেবতার ন্যায় জ্ঞান করিবে। যুদ্ধকালে চিকিৎসার সকলপ্রকার উপকরণে

সুসজ্জীভূত হইয়া রাজার স্কন্ধাবারের (তাঁবুর) নিকটে একটী বৃহৎ স্কন্ধাবারে বৈদ্য অবস্থিতি করিবেন। বিষ এবং শল্য পীড়িত রোগিগণ যশ এবং খ্যাতিবিশিষ্ট সেই বৈদ্যের নিকটে সংযত-চিত্তে আগমন করিবে। আয়ুর্ব্বেদ ও অন্যান্য-শাস্ত্র-পারদর্শী বৈদ্য, রাজা কর্ত্তৃক পূজিত হইয়া যশঃ ও গৌরবের ধ্বজার স্বরূপ প্রকাশ পাইবেন। বৈদ্য রোগী ঔষধ ও পরিচারক, এই চারি পাদ চিকিৎসা-কার্য্য-সাধনের উপযোগী। বৈদ্য গুণবান্, এবং রোগী প্রভৃতি অপর তিনটীও গুণবিশিষ্ট হইলে, মহৎ রোগও অল্পকালের মধ্যে আরোগ্য হয়। যেমন উদ্গাতা হোতা এবং ব্রহ্মা এই তিন জন থাকিলেও, আচার্য্য ব্যতিরেকে যজ্ঞ সম্পন্ন হয় না, সেইরূপ চিকিৎসার অপর তিন পাদ গুণবিশিষ্ট হইলেও, বৈদ্যের অভাবে চিকিৎসা সম্পন্ন হয় না। যেমন দণ্ডধার (দাঁড়ী) ব্যতিরেকে কর্ণধার একা নৌকা পার করিতে পারে, সেইরূপ বৈদ্য গুণবান্ হইলে অন্য কাহারও অপেক্ষা না করিয়া স্বয়ং রোগীকে আরোগ্য করিতে পারে। যে বৈদ্য শাস্ত্রার্থ-পারদর্শী, দৃষ্টকর্ম্মা (যে ব্যক্তি প্রত্যক্ষে দেখিয়া কর্ম্ম শিক্ষা করে), স্বয়ং কার্য্যক্ষম, লঘুহস্ত (যে শীঘ্র শস্ত্র-কর্ম্ম নির্ব্বাহ করে), শুচি, শূর, ঔষধ ও যন্ত্র প্রভৃতি চিকিৎসার সকলপ্রকার উপকরণে সুসজ্জীভূত, প্রত্যুৎপন্নমতি, বুদ্ধিমান্, ব্যবসায়ী, বিশারদ, এবং সত্য ও ধর্ম্ম-পরায়ণ, তিনিই চিকিৎসা-কার্য্যে প্রথম পাদ বলিয়া পরিগণিত হইয়াছেন। যে রোগী আয়ুষ্মান্, বুদ্ধিমান্, সাধ্য, দ্রব্যবান্, আস্তিক ও বৈদ্যের মতানুগামী, তিনিই চিকিৎসা-কার্য্যের দ্বিতীয় পাদ বলিয়া পরিগণিত হইয়াছেন। যে ঔষধ প্রশস্ত দেশে জাত ও প্রশস্ত-দিবসে উদ্ধৃত, মনের প্রীতিকর, গন্ধ বর্ণ রস বিশিষ্ট, দোষঘ্ন, অগ্লানিকর, বিপর্য্যয়েও বিকার জন্মায় না, এবং উপযুক্ত কালে ও উপযুক্ত মাত্রায় প্রদত্ত, সেই ঔষধই চিকিৎসাকার্য্যের তৃতীয় পাদ বলিয়া পরিগণিত হইয়াছে। যে পরিচারক স্নিগ্ধ, বলবান্, রোগীর প্রতি যত্নশীল, পর-নিন্দা না করে, বৈদ্য-বাক্যের

অনুগামী এবং পরিশ্রমে কাতর নহে, সেই পরিচারকই চিকিৎসা-কার্য্যের চতুর্থ পাদ বলিয়া পরিগণিত হইয়াছে।

পঞ্চত্রিংশৎ অধ্যায়।

আতুরোপক্রমণীয় অধ্যায়।

বৈদ্য রোগীর নিকট গমন করিয়া প্রথমতঃ তাহার আয়ুঃ পরীক্ষা করিবেন। যদি আয়ুঃ থাকে, তবে ব্যাধি ঋতু অগ্নি বয়স্ দেহ বল বুদ্ধি অভ্যাস প্রকৃতি ভেষজ এবং দেশ পরীক্ষা করিবেন। হস্ত পাদ পার্শ্ব পৃষ্ঠ স্তনের অগ্রভাগ দশন বদন স্কন্ধ এবং ললাটদেশ মহান্ হইলে, অঙ্গুলির পর্ব্ব, উচ্ছ্বাস (যে শ্বাস টানিয়া লওয়া যায়), বাহু এবং চক্ষু দীর্ঘ হইলে, ভ্রূ স্তনদ্বয়ের মধ্যভাগ এবং বক্ষঃস্থল বিস্তীর্ণ হইলে, জঙ্ঘা মেঢ্র এবং গ্রীবা হ্রস্ব হইলে, স্বর নাভি এবং বুদ্ধি গভীর হইলে, স্তনদ্বয় শরীরে অনুচ্চ এবং দৃঢ়ভাবে থাকিলে, কর্ণ দীর্ঘ-লোম-বিশিষ্ট হইলে, মস্তিক মস্তকের পশ্চাদ্ভাগে থাকিলে, এবং স্নান ও অনুলেপন করিলে মূর্দ্ধা হইতে শরীরের নিম্নভাগ ক্রমশঃ শুষ্ক হইতে থাকিলে, এবং সকলের শেষে হৃদয়-দেশ ক্রমশঃ শুষ্ক হইলে, আয়ু দীর্ঘ হইয়া থাকে। এরূপ ব্যক্তিকে অবশ্যই চিকিৎসা করা কর্ত্তব্য। এই লক্ষণগুলির সমস্ত লক্ষণ বিপরীত হইলে আয়ুঃ অল্প হয়, এবং কিয়দংশ লক্ষণ বিপরীত হইলে, মধ্যম হয়।

যাঁহার শরীরে সিরা স্নায়ু বা সন্ধি গূঢ়ভাবে নিহিত, অঙ্গ প্রত্যঙ্গ পরস্পর দৃঢ়রূপে সংশ্লিষ্ট, ইন্দ্রিয় সকল স্থির, এবং শরীর উত্তরোত্তর সুদৃশ্য হইয়া উঠে, সেই ব্যক্তিই দীর্ঘজীবী। যিনি জন্মাবধি অরোগী, এবং শরীর জ্ঞান ও বিজ্ঞান ক্রমে ক্রমে অল্পে অল্পে বৃদ্ধি প্রাপ্ত হয়, তিনিই দীর্ঘজীবী। অতঃপর মধ্যম আয়ুর লক্ষণ কহিতেছি, শ্রবণ কর। যাহার চক্ষু-দ্বয়ের অধোভাগে দুই তিন বা ততোধিক রেখা থাকে, পাদ ও কর্ণদ্বয় মাংসল, পৃষ্ঠ দেশে ঊর্দ্ধ রেখা এবং নাসিকার

অগ্রভাগ উচ্চ, তাহার পরমায়ুঃ সপ্ততি (৭০) বৎসর। অতঃপর অল্পায়ুর লক্ষণ কহিতেছি, শ্রবণ কর। পর্ব্ব সকল হ্রস্ব, শিশ্ন বৃহৎ, বক্ষঃস্থল লোম ও মাংস হীন, পৃষ্ঠদেশ অপ্রশস্ত, কর্ণদ্বয় উপযুক্ত স্থান অপেক্ষা কিছু ঊর্দ্ধ-ভাগে স্থিত, নাসিকা উচ্চ, কথা কহিতে বা হাস্য করিতে দন্তের মাংস দৃষ্ট হওয়া, এবং ভ্রান্ত-ভাবে দর্শন (পাগলের মত চেয়ে থাকা), এই সকল লক্ষণ-বিশিষ্ট হইলে আয়ুঃ পঞ্চবিংশতি বৎসর হয়।

তদনন্তর আয়ু-বিজ্ঞানের নিমিত্ত অঙ্গ প্রত্যঙ্গের পরিমাণ-বিষয়ে উপদেশ প্রদান করিতেছি। শরীরস্থ হস্ত পাদ মস্তক প্রভৃতিকে অঙ্গ কহে। অঙ্গের সকল অবয়বকে প্রত্যঙ্গ বলা যায়। পায়ের বৃদ্ধাঙ্গুলি এবং প্রদেশিনী প্রত্যেকেই আপনার অঙ্গুলির দুই অঙ্গুলি করিয়া আয়ত হইবে। মধ্যমাঙ্গুলির আয়তন প্রদেশিনীর পাঁচ ভাগের চারি ভাগ, অনামিকার আয়তন মধ্যমাঙ্গুলির পাঁচ ভাগের চারি ভাগ, এবং কনিষ্ঠাঙ্গুলির আয়তন অনামিকার পাঁচ ভাগের চারি ভাগ। পায়ের তলা হইতে অঙ্গুলির অগ্রভাগ পর্য্যন্ত চারি অঙ্গুল আয়ত, এবং পঞ্চাঙ্গুল বিস্তৃত। পার্ষ্ণিদেশ (গোড়ালী) পঞ্চাঙ্গুল দীর্ঘ এবং চতুরঙ্গুল বিস্তৃত। পাদ (পায়ের পাতা) চতুর্দ্দশ অঙ্গুল দীর্ঘ, এবং গুল্ফ জঙ্ঘা ও জানুর মধ্যস্থলের বিস্তৃতি চতুর্দ্দশ অঙ্গুল। জঙ্ঘা অষ্টাদশ অঙ্গুল। জানুর উপরিভাগ দ্বাত্রিংশৎ অঙ্গুল দীর্ঘ। এই উভয়ে পঞ্চাশৎ অঙ্গুল দীর্ঘ। জঙ্ঘা দীর্ঘে ঊরুর সমান নহে। বৃষণ (কোষ) চিবুক দশন নাসা-পুট কর্ণমূল এবং নয়নের মধ্যস্থল, দুই অঙ্গুল। শিশ্ন বদন-মধ্য (মুখের হাঁ) নাসা কর্ণ ললাট গ্রীবার উচ্চতা এবং চক্ষুর আয়ত চারি অঙ্গুল। যোনিদেশের বিস্তার দ্বাদশ অঙ্গুল (১)। এবং শিশ্নদেশ হইতে নাভি, নাভি হইতে হৃদয়, হৃদয় হইতে গ্রীবা এবং স্তন দ্বয়েরও পরস্পর অন্তর ও মুখের দীর্ঘতা দ্বাদশাঙ্গুল। মণিবন্ধ (হাতের কব্জা) ও প্রকোষ্ঠের (কনুয়ের অধোভাগের) স্থূলত্বও দ্বাদশ অঙ্গুল।

(১) কোষমূল হইতে মলদ্বার পর্য্যন্ত স্থানকে যোনিদেশ কহে।

ইন্দ্র-বস্তির বিস্তৃতি এবং স্কন্ধদেশ ও কূর্পরের (কনুয়ের) অন্তর ষোড়শ অঙ্গুলি। হস্ত চতুর্ব্বিংশতি অঙ্গুল। ভুজদ্বয় প্রত্যেকে বত্রিশ অঙ্গুলি। উরু দ্বাত্রিংশৎ অঙ্গুল। মণিবন্ধ হইতে কূর্পর ষোড়শ অঙ্গুল। করতল ষড়্ অঙ্গুল দীর্ঘ এবং চারি অঙ্গুল বিস্তার। বৃদ্ধাঙ্গুলির মূল হইতে প্রদেশিনীর অন্তর দুইটী মধ্যমাঙ্গুল-পরিমিত, এবং কর্ণ হইতে অপাঙ্গের অন্তর পঞ্চ অঙ্গুল, প্রদেশিনী এবং অনামিকার অন্তর সার্দ্ধ দুই অঙ্গুলি। কনিষ্ঠা এবং বৃদ্ধাঙ্গুলির অন্তর সার্দ্ধ তিন অঙ্গুল। মুখ ও গ্রীবা প্রত্যেকের বিস্তার দ্বাদশ অঙ্গুল। নাসিকার ছিদ্রভাগের পরিমাণ অঙ্গুলির চারি ভাগের তিন ভাগ। চক্ষুর তারার পরিমাণ চক্ষুর চারি ভাগের তিন ভাগ। দৃষ্টির (চক্ষুর পুত্তলির) পরিমাণ তারার নবম ভাগ। মস্তক (যে স্থানে মস্তিষ্ক থাকে) হইতে সম্মুখের কেশান্ত (যে স্থানে চুলের গোড়া শেষ হইয়াছে, সেই স্থান) পর্য্যন্ত একাদশ অঙ্গুল। মস্তক হইতে পশ্চাদ্ভাগের কেশান্ত পর্য্যন্ত দশ অঙ্গুল। এবং প্রত্যেক কর্ণ হইতে অবটু (ঘাড়ের মধ্যভাগ) সপ্ত অঙ্গুল। পুরুষের বক্ষঃস্থলের পরিমাণ স্ত্রীলোকের কটির সমান। এবং স্ত্রীলোকের বক্ষঃস্থল অষ্টাদশ অঙ্গুল, সেই পরিমাণ পুরুষের কটিদেশ। পুরুষের পরিমাণ সর্ব্বতোভাবে এক শত বিংশতি অঙ্গুল।

পুরুষের বয়স পঞ্চবিংশতি বৎসর এবং নারী ষোড়শ-বর্ষীয়া হইলে, স্ত্রী পুরুষের তুল্য-বীর্য্য হয়। আপন অঙ্গুলির পরিমাণ অনুসারে দেহের যেপ্রকার পরিমাণ বলা হইল, পুরুষ কিংবা নারী সেইরূপ পরিমাণবিশিষ্ট হইলে, দীর্ঘজীবী ও ধনবান্ হয়। অধিকাংশ অঙ্গের পরিমাণ ঐক্য হইলে, মধ্যমরূপ আয়ুঃ ও ধন-লাভ হয়, এবং কোন অঙ্গই এপ্রকার পরিমিত না হইলে, বা অঙ্গ প্রত্যঙ্গের অল্প ভাগ এরূপ পরিমিত হইলেও, অল্পায়ু ও ধন-হীন হয়।

তদনন্তর দেহস্থ সারের গুণ কহিতেছি। স্মৃতি ভক্তি প্রজ্ঞা শৌর্য্য শৌচ এবং কল্যাণ-জনক কার্য্যে অভিনিবেশ, এইগুলি বলের বা

ওজ ধাতুর সার-ভাগ হইতে জন্মে। শরীরের স্নিগ্ধতা ও দৃঢ়তা, অস্থি, দন্ত ও নখের শুক্লতা এবং বিবিধপ্রকার কামনা, এইগুলি শুক্রের সার ভাগ হইতে জন্মে। শরীর, অকৃশ বলবান্ ও সৌভাগ্যের লক্ষণ বিশিষ্ট, স্বর স্নিগ্ধ ও গম্ভীর, এবং চক্ষু আয়ত, এইগুলি মজ্জার সার-ভাগ হইতে জন্মে। মস্তক ও স্কন্ধ বিশাল, এবং দন্ত হনু নখ ও অস্থি দৃঢ়, অস্থির সার-ভাগ হইতে এইগুলি জন্মে। মেদের সার-ভাগ হইতে মূত্র স্বেদ ও স্বরের স্নিগ্ধতা, এবং শরীর বৃহৎ ও ক্লেশ-সহিষ্ণু হয়। মাংসের সার-ভাগ কর্তৃক গাত্র ছিদ্ররহিত হয়, অস্থির সকল সন্ধি-স্থান গূঢ়-ভাবে নিহিত থাকে, এবং শরীরের মাংস বৃদ্ধি হয়। রক্তের সার-ভাগ হইতে নখ চক্ষু তালু জিহ্বা ওষ্ঠ পাণি ও পাদতল স্নিগ্ধ তাম্র-বর্ণ হয়, এবং ত্বকের প্রসন্নতা ও কোমলতা জন্মে। ওজ শুক্র ও অস্থি প্রভৃতি পূর্ব্ব পূর্ব্ব ধাতু যত সার-বিশিষ্ট হয়, ততই তাহাকে আয়ুঃ ও সৌভাগ্যের লক্ষণ বলা যায়।

অঙ্গপ্রত্যঙ্গের সামান্যতঃ যে প্রমাণ বলা হইল, তাহার মর্ম্মানুসারে আয়ুঃ পরীক্ষা করিলে, সুনিপুণ বৈদ্য চিকিৎসা-কার্য্যে সিদ্ধি লাভ করিতে পারেন। ব্যাধির বিবরণ পূর্ব্বে বিশেষরূপে বলা হইয়াছে। সকল ব্যাধিই তিনপ্রকার,—সাধ্য, যাপ্য এবং অসাধ্য। সেই সকল ব্যাধি পুনরায় অপর তিনপ্রকারে পরীক্ষা করা যায়, যথা ঔপসর্গিক, প্রাক্‌কেবল এবং অন্য-লক্ষণ। যে ব্যাধি জন্মিয়া শরীরে পূর্ব্বস্থিত কোন ব্যাধিকে পুনর্ব্বার উৎপাদন করে, তাহাকে পূর্ব্বস্থিত রোগের উপদ্রব বা উপসর্গ বলা যায়। যে ব্যাধি স্বয়ং জন্মিয়া কোনপ্রকার নূতন রোগ না জন্মায়, অথবা কোন পুরাতন রোগের পুনরুদ্ভাবন না করে, অর্থাৎ যাহাকে কোন রোগের পূর্ব্বরূপ বা উপদ্রব না বলা যায়, তাহাকে প্রাক্‌কেবল কহে। যে ব্যাধি অন্য কোন ভবিষ্যৎ ব্যাধির সূচনা করে, তাহার নাম পূর্ব্বরূপ, তাহাকেই অন্য-লক্ষণ বলা যায়। ঔপদ্রবিক ব্যাধি জন্মিলে, সেই উপদ্রব,

এবং সেইটী শরীরস্থ যে রোগের উপদ্রব সেই রোগ, এই উভয়ের সামঞ্জস্য করিয়া চিকিৎসা করিবে। অর্থাৎ উপদ্রবের চিকিৎসা করিতে যেন রোগ বৃদ্ধি না হয়। কিন্তু উপদ্রব বলবান্ হইলে, তাহারই চিকিৎসা করা কর্ত্তব্য। প্রাক্‌কেবল রোগে উপস্থিত রোগেরই চিকিৎসা করিবে। অন্য-লক্ষণ ব্যাধিতে, সেইটী যে ব্যাধির পূর্ব্বরূপ, সেই মূল ব্যাধির চিকিৎসা করিবে।

দোষ (বায়ু পিত্ত কফ) ব্যতিরেকে কোন রোগই জন্মে না। অতএব রোগের চিকিৎসা করিতে হইলে, সেই রোগ যে সকল দোষের দ্বারা উৎপন্ন হয়, তাহা উল্লিখিত না হইলেও, বিচক্ষণ বৈদ্য দোষের সকল লক্ষণ বিবেচনা করিয়া রোগের চিকিৎসা করিবেন। ঋতুর বিষয় পূর্ব্বে বলা হইয়াছে। চিকিৎসা করিবার সময় অগ্রে শীত-কালে শীতের এবং গ্রীষ্ম-কালে গ্রীষ্মের প্রতীকার করিবে। চিকিৎসা-কালে কোনরূপ প্রতীকার করিবার কাল উপস্থিত হইলে, যদি সেই প্রতীকার করা না হয়, অথবা কোনরূপ প্রতীকার করিবার উপযুক্ত কাল উপস্থিত হইবার পূর্ব্বে যদি সেরূপ প্রতীকার করা হয়, তাহাতে রোগ সাধ্য হইলেও আরোগ্য হয় না।

পূর্ব্বে বলা হইয়াছে যে, অগ্নিই অন্নের পরিপাক-কর্ত্তা। সেই অগ্নি চারিপ্রকার। তাহার মধ্যে একপ্রকার অবিকৃত, এবং তিনপ্রকার বিকৃত। সেই তিনপ্রকার বিকৃত অগ্নি যথা,—বিষম, তীক্ষ্ণ এবং মন্দ। অগ্নি, বায়ু-কর্ত্তৃক দূষিত হইলে তীক্ষ্ণ, এবং শ্লেষ্মা-কর্ত্তৃক দূষিত হইলে মন্দ বলা যায়। যে অগ্নির দ্বারা কখন সম্যক্‌রূপে পরিপাক হয়, কখন বা আধ্মান, শূল, উদাবর্ত্ত, অতিসার, পাকস্থলির ভার, অন্ত্র-কূজন (উদরে বায়ুর শব্দ), এবং বায়ু-নিঃসরণ প্রভৃতি ঘটে, সেই অগ্নি বায়ু-কর্ত্তৃক দূষিত। তাহাকে বিষমাগ্নি বলে। যে অগ্নির দ্বারা প্রচুর পরিমাণে ভুক্ত দ্রব্য শীঘ্র পরিপাক হয়, সেই অগ্নি পিত্ত-কর্ত্তৃক দূষিত। তাহাকে তীক্ষ্ণ অগ্নি বলে। তীক্ষ্ণ অগ্নি বৃদ্ধি হইলে

অত্যাগ্নি বলা যায়। সেই অগ্নির দ্বারা মুহুর্মুহুঃ প্রচুর পরিমাণে ভুক্ত দ্রব্য পরিপাক হয়। পরিপাক হইলে গলদেশ তালু ও ওষ্ঠ শুষ্ক হয়, এবং শরীরে দাহ ও সন্তাপ জন্মে। যে অগ্নির দ্বারা অল্প আহারও অধিক বিলম্বে পরিপাক হয়, এবং পরিপাক-কালে মাথার ভার, কাস শ্বাস প্রসেক (মুখ নাসিকা হইতে জল-নিঃসরণ), বমন এবং শরীরের অবসাদ জন্মে, সেই অগ্নি শ্লেষ্মা-কর্ত্তৃক দূষিত, তাহাকে মন্দাগ্নি বলে। বিষমাগ্নির দ্বারা বায়ু-জন্য রোগ জন্মে, তীক্ষ্ণাগ্নির দ্বারা পিত্ত-জন্য রোগ জন্মে, এবং মন্দাগ্নির দ্বারা কফ-জন্য রোগ জন্মে। অতএব অগ্নিকে সমভাবে রক্ষা করাই কর্ত্তব্য। অগ্নি বিষম হইলে, অম্ল ও লবণ রস-যুক্ত স্নিগ্ধ ক্রিয়া-বিশেষের দ্বারা প্রতীকার করিবে। তীক্ষ্ণ হইলে মধুর-রস-বিশিষ্ট স্নিগ্ধ ও শীতল বিরেচনের দ্বারা প্রতীকার করিবে। অত্যাগ্নির স্থলেও এইরূপ প্রতীকার করিবে, মহিষের দুগ্ধ দধি এবং ঘৃত সেবন করিবে। মন্দাগ্নি হইলে কটু তিক্ত কষায় রস সেবন, ও বমনের দ্বারা প্রতীকার করিবে। ভগবান্ অগ্নি জঠরে অবস্থিতি করিয়া অন্ন পরিপাক করেন, এবং তাহার রসও গ্রহণ করেন। অতিশয় সূক্ষ্মপ্রযুক্ত তাহা নির্ণয় করা যায় না। প্রাণ ও অপান (১) এবং

---

(১) যে বায়ু নাসা-রন্ধ্রের দ্বারা আকৃষ্ট হইয়া নাভি-গ্রন্থি পর্য্যন্ত গমনাগমন করে, তাহাকে প্রাণ-বায়ু বলে। যোনিস্থান* হইতে নাভি-গ্রন্থি পর্য্যন্ত যখন নাসারন্ধ্রের দ্বারা প্রাণ-বায়ু আকৃষ্ট হইয়া নাভি-মণ্ডল স্ফীত করিতে থাকে, সেই কালেই অপান বায়ুও যোনি-দেশ হইতে আকৃষ্ট হইয়া নাভি-মণ্ডলের অধোভাগ স্ফীত করিতে থাকে। এই-রূপে নাসারন্ধ্র ও যোনিস্থান, উভয় দিক্ হইতে প্রাণ ও অপান এই উভয় বায়ুই পূরক কালে নাভি-গ্রন্থিতে আকৃষ্ট হয়। এবং রেচক কালে দুই বায়ু দুই দিকে গমন করে। শাস্ত্রান্তরেও ইহার প্রমাণ প্রাপ্ত হওয়া যায়। যথা,—অপানঃ কর্ষতি প্রাণং প্রাণোঽপানঞ্চ কর্ষতি। রজ্জুবদ্ধো যথা শ্যেনো গতোঽপ্যাকৃষ্যতে পুনঃ। তথা চৈতৌ বিসংবাদে সংবাদে সন্ত্যজেদিমম্॥ ইতি ষট্‌চক্রভেদটীকায়াম্। অপান প্রাণ-বায়ুকে আকর্ষণ করে, এবং প্রাণ অপানকে আকর্ষণ করে। যেমন শ্যেন পক্ষী রজ্জু-বদ্ধ থাকিলে উড্ডীন হইলেও পুনর্ব্বার প্রত্যাগমন করে, প্রাণ-বায়ুও সেইরূপ নাসারন্ধ্রের দ্বারা

সমান, এই তিন বায়ু স্ব স্ব স্থানে থাকিলে সেই অগ্নিকে প্রজ্বলিত এবং রক্ষা করেন। বয়স তিনপ্রকার, বালক, মধ্য ও বৃদ্ধ। বালক দুগ্ধান্ন-ভোজী এবং অন্ন-ভোজী। এক বৎসর বয়স পর্য্যন্ত দুগ্ধপায়ী, এক বৎসরের পর দুই বৎসর পর্য্যন্ত দুগ্ধান্ন-ভোজী, তাহার পর অন্ন-ভোজী। যোড়শ হইতে সপ্ততি বৎসর পর্য্যন্ত মধ্য-বয়স। বৃদ্ধি যৌবন সম্পূর্ণ ও হানি, মধ্য-বয়স এই চারি কালে বিভক্ত। বিংশতি বৎসর বয়স পর্য্যন্ত বৃদ্ধি, ত্রিংশৎ পর্য্যন্ত যৌবন, চত্বারিংশৎ পর্য্যন্ত সকল ধাতু ইন্দ্রিয় বল ও বীর্য্যের সম্পূর্ণতা, এবং সপ্ততি বৎসর পর্য্যন্ত ধাতু প্রভৃতির ঈষৎ হ্রাসাবস্থা হইয়া থাকে। সপ্ততি বৎসরের পর ধাতু ইন্দ্রিয় বল বীর্য্য এবং উৎসাহ দিন দিন ক্ষয় হইতে থাকে, বলী পলিত কাস শ্বাস প্রভৃতি উপদ্রবে অভিভূত ও সকল কার্য্যে অসমর্থ হইয়া পড়ে, এবং জীর্ণ গৃহের ন্যায় শরীর অবসন্ন হইতে থাকে। ইহাকে বৃদ্ধাবস্থা বলা যায়। এইপ্রকারে বয়স এবং অবস্থা উত্তরোত্তর যেরূপ ভিন্ন হয়, ঔষধের পরিমাণও সেইরূপ ভিন্ন হইয়া থাকে।

বাল্যকালে শ্লেষ্মা বৃদ্ধি হয়, মধ্যম বয়সে পিত্ত বৃদ্ধি হয় এবং বার্দ্ধক্যে বায়ু বৃদ্ধি হয়। চিকিৎসাকালে এইটা বিবেচনা করা কর্ত্তব্য। বালক এবং বৃদ্ধের সম্বন্ধে অগ্নি, ক্ষার এবং বিরেচন প্রয়োগ করিবে না। সেই সকল ক্রিয়া করিবার উপযুক্ত রোগ হইলে, অল্পে অল্পে মৃদু প্রক্রিয়া করিবে। পূর্ব্বে বলা হইয়াছে যে, স্থূল কৃশ ও মধ্য, দেহ এই তিন-প্রকার হইয়া থাকে। স্থূল শরীরকে কৃশ করিবে, এবং কৃশ শরীরকে

নির্গত হইয়াও অপান কর্ত্তৃক আকৃষ্ট হইয়া পুনর্ব্বার দেহ মধ্যে প্রবেশ করে। এই দুই বায়ুর বিসংবাদে অর্থাৎ নাসা ও যোনি-স্থানের অভিমুখে বিপরীতভাবে গমনে জীবন-রক্ষা হয়। যখন ঐ দুই বায়ু নাভি-গ্রন্থি ভেদপূর্ব্বক একত্র মিলিত হইয়া গমন করে, তখন তাহারা এই দেহ পরিত্যাগ করে। মৃত্যুকালে ইহাকেই নাভিশ্বাস কহে। এই উভয় বায়ুর মধ্যবর্ত্তী নাভি-মণ্ডলস্থিত বায়ুকে সমান-বায়ু কহে।

* মুষ্ক ও মলদ্বারের মধ্যে যোনিস্থান।

পুষ্টি করিবে। শরীর সর্ব্বদা মধ্যভাবেই রক্ষা করা কর্ত্তব্য। বলবান্ লোকেরই সকল কার্য্যে প্রবৃত্তি জন্মে। অতএব বলই শরীরের প্রধান। কেহ বা কৃশ হইয়াও বলবান্ হয়, কেহ বা স্থূল হইয়াও দুর্ব্বল হয়। অতএব ব্যায়ামের দ্বারা বলের স্থিরত্ব সাধন করা কর্ত্তব্য।

শরীরে সত্ত্ব থাকিলে বিপদ্ বা সম্পদে মনের বৈকল্য জন্মে না। সত্ত্ববান্ ব্যক্তি আপনাতে আপনি মনোবৃত্তি স্থির রাখিয়া সমস্তই সহ্য করে। রজো-গুণ-বিশিষ্ট ব্যক্তি অন্য উপায়ের দ্বারা মন-স্থির করিয়া সহ্য করে। তমো-গুণ-বিশিষ্ট ব্যক্তি আদৌ সহ্য করিতে সমর্থ হয় না।

প্রকৃতি এবং ঔষধ পরে বলা যাইবে। এক্ষণে স্বাত্ম্য কাহাকে বলা যায়, তাহাই কহিতেছি। দেশ কাল জাতি ঋতু রোগ ব্যায়াম জল দিবা-স্বপ্ন এবং রস প্রভৃতি প্রকৃতাবিরুদ্ধ হইয়াও যদি পীড়াদায়ক না হয়, তাহাকেই স্বাত্ম্য বলা যায়। মধুর প্রভৃতি যে কোন রস বা ব্যায়াম বা অন্য যে কিছু সেবনে শরীর সচ্ছন্দ থাকে, তাহাকেও স্বাত্ম্য বলা যায়।

দেশ তিনপ্রকার, অনূপ, জাঙ্গল এবং সাধারণ। যে স্থান জল-বহুল, নিম্ন ও উন্নত, নদী-বিশিষ্ট, বর্ষাকালে দুর্গম, মৃদু ও শীতল বায়ু প্রবাহিত, বহুবিধ বিশাল বৃক্ষ ও পর্ব্বত-সমাকীর্ণ, যে স্থানে মনুষ্যের শরীর মৃদু ও সুকুমার হয় এবং প্রায়ই বাত-শ্লেষ্মা-জনিত রোগ জন্মে, তাহাকে অনূপ-দেশ কহে। যে স্থান পর্ব্বতাদি শূন্য, স্থানে স্থানে কণ্টকযুক্ত ক্ষুদ্র ক্ষুদ্র বৃক্ষ, অল্প বর্ষা ও প্রস্রবণ এবং পর্ব্বত ও কূপ বিশিষ্ট, উষ্ণ ও রুক্ষ বায়ু প্রবাহিত, মানুষের শরীর কৃশ ও দৃঢ়, এবং প্রায়ই বাত-পিত্ত-জনিত রোগ জন্মে, সেই স্থানকে জাঙ্গল-দেশ বলা যায়। যে স্থানে এই উভয়প্রকার লক্ষণ থাকে, তাহাকে সাধারণ দেশ বলা যায়।

সাধারণ দেশে শীত উষ্ণ বর্ষা ও বায়ু সমান-ভাবে থাকে বলিয়া প্রাণিগণের দেহে দোষও সমভাবে থাকে। একারণ সেই দেশকে

সাধারণ-দেশ কহে। সাধারণ-দেশে লোক যেরূপ বলিষ্ঠ হয়, জল-শূন্য বা জলবহুল দেশে সেরূপ বলিষ্ঠ হয় না। স্বদেশে যে সকল দোষ সঞ্চিত হইয়া থাকে, বিদেশে গমন করিলে সেই সকল দোষ কুপিত হইয়া উঠে। তবে বিদেশের জল বায়ু উত্তম-গুণ-বিশিষ্ট হইলে, এবং আহার বিহার নিদ্রা ও ইন্দ্রিয়-কার্য্য নিয়মিতরূপে আচরিত হইলে, বিদেশ-জন্য রোগ জন্মে না।

যে দেশ প্রকৃতি স্বাত্ম্য বা ঋতু স্বাস্থ্যের উপযোগী, তাহার বিপরীত হইলে যে সকল রোগ জন্মে, রোগী বলবান্ সত্ত্ববান্ ও দীর্ঘায়ুঃ হইলে, চিকিৎসক গুণবান্ হইলে, দেহের অগ্নি সমভাবে থাকিলে, এবং রোগ অল্পকালের হইলে, সেই সকল রোগ সহজে আরোগ্য হয়। এই লক্ষণ-গুলির সমস্ত অন্যথা হইলে রোগ অসাধ্য হয়, এবং কিছুমাত্র অন্যথা হইলে কষ্টসাধ্য হয়। কোন একটী প্রতীকার করিয়া ফল না দর্শিলে, অন্য প্রতীকার করা কর্ত্তব্য। কিন্তু একটী প্রতীকার করিলে, যাবৎ তাহার প্রভাব শরীরে থাকে, তাবৎ অন্যপ্রকার প্রতীকার কর্ত্তব্য নহে। কারণ ক্রিয়াসঙ্কর হিতকারী নহে। তবে ব্যাধি কষ্ট-সাধ্য হইলে, এবং অন্যপ্রকার প্রতীকারে নিশ্চয় উপকার হইবে এরূপ বুঝিতে পারিলে, একটী ক্রিয়ার ফল না দর্শিলে তৎক্ষণাৎ অন্যপ্রকার প্রতীকার করা যাইতে পারে। যে বুদ্ধিমান্ বৈদ্য, দেশ কাল প্রকৃতির এই সকল নিয়ম অবলম্বন করিয়া চিকিৎসা করেন, তিনিই মৃত্যু-পাশের স্বরূপ জগতের সকল রোগ, ঔষধরূপ কুঠারের দ্বারা ছেদন করিতে পারেন।

ষট্‌ত্রিংশৎ অধ্যায়।

শোফের চিকিৎসা।

টাবা লেবু, গণিকারী, দেবদারু, শৃঙ্গী, কুলেখাড়া এবং রাস্না; এই সকলের প্রলেপের দ্বারা বাত-জন্য শোফের শান্তি হয়। দূর্ব্বা, নলের মূল, যষ্টি-মধু ও রক্ত-চন্দন, অথবা শীতল দ্রব্যের গণ, কাকো-

ল্যাদি-গণ (৩৮ অধ্যায় দেখ), অথবা কোনরূপ শীতল দ্রব্য; এই সকল দ্রব্যের প্রলেপের দ্বারা পিত্ত-জন্য শোফের শান্তি হয়। শরীরে আঘাত-জন্য বা রক্ত-জন্য শোফ হইলেও পিত্ত-জন্য শোফের প্রলেপই বিধেয়। বিষ-জন্য শোফ হইলে বিষঘ্ন প্রলেপ বা পিত্তঘ্ন প্রলেপও দেওয়া যাইতে পারে। অজগন্ধা (বৃক্ষ-বিশেষ) * অশ্বগন্ধা কালা সরলা (তেউড়ি বিশেষ) একৈষিকা (বক-পুষ্প) এবং অজশৃঙ্গী (গাড়র-শিঙে বৃক্ষ), এই সকল দ্রব্যের প্রলেপের দ্বারা শ্লেষ্মা-জন্য শোফের শান্তি হয়। এই তিন বর্গ এবং লোধ্র হরিতকী ময়নাফল ও অনন্তা, এই সকলের প্রলেপের দ্বারা সান্নিপাতিক শোফের শান্তি হয়। বাত-জন্য শোফে স্নেহ-যুক্ত অম্ল ও লবণ-রস-বিশিষ্ট ঈষদুষ্ণ প্রলেপ বিধেয়, পিত্ত-জন্য শোফে শীতল প্রয়োগ বিধেয়, এবং শ্লেষ্মা-জন্য শোফে প্রচুর পরিমাণে ক্ষার ও গোমূত্র-বিশিষ্ট উষ্ণ প্রলেপ বিধেয়। শণ মূলা ও সজিনার ফল তিল সর্ষপ যব অথবা গোধূম-চূর্ণ কিণ্ব (মদের মশলা) বা তিসী, এই সকল দ্রব্যের প্রলেপ উষ্ণ করিয়া প্রয়োগ করিলে শোফ পাকিয়া উঠে। চিরবিল্ব (করঞ্জ), অগ্নি (ভেলা), দন্তী, চিত্রক (চিতে), করবী, অথবা কপোত গৃধ্র বা কঙ্ক পক্ষীর বিষ্ঠা, এই সকল দ্রব্যের দ্বারা পক্ক-শোফ (স্ফোটকাদি) বিদীর্ণ হয়। পিচ্ছিল দ্রব্যের (যব, তিসী প্রভৃতি) প্রলেপের দ্বারা পূযাদি আপনা হইতে নিঃসৃত হয়। যব গোধূম বা মাষকলাই চূর্ণ, শঙ্খিনী (চোঁচ খড়িকা) অঙ্কোট (আঁকড়) মালতী-পুষ্প করবী সুবর্চ্চলা (সাজিমাটী) অথবা আরগ্বধাদি-গণ (৩৮ অধ্যায় দেখ), সংক্ষেপতঃ এই সকলের কাথে ব্রণের শোধন হয় (১)। অজগন্ধা, অজশৃঙ্গী (গাড়র-শিঙে), গবাক্ষী (অপরাজিতা), লাঙ্গলী (কাঁচড়া), পূতিক (করঞ্জ), চিত্রক (চিতে), পাঠা (আকনাদি), বিড়ঙ্গ এলাইচ হরেণু ত্রিকটু (শুঠ পিপুল মরিচ),

---

* হিন্দুস্থানে ইহাকে বাবরী বৃক্ষ বলে।

(১) দূষিত পূয জন্মিতে না পাইলে ব্রণের শোধন হওয়া বলে।

যবক্ষার মনঃশিলা এবং যে যে প্রকার লবণ পাওয়া যায় সেই সকল প্রকার লবণ, কাসীস (হিরেকস), দন্তী, হরিতাল এবং অরহর বৃক্ষ, এই সকল দ্রব্যের দ্বারা সংশোধনী বর্ত্তি (১) নির্ম্মাণ করিবে। এই সকল দ্রব্যের দ্বারা ব্রণের শোধনার্থ কল্কও প্রস্তুত হয়। হিরেকস কটুকী জাতিমূল হরিদ্রা ও দারুহরিদ্রা, এই সকল দ্রব্য অথবা পূর্ব্বোক্ত সকল দ্রব্যের দ্বারা ব্রণের সংশোধনার্থ ঘৃত অথবা তৈল প্রস্তুত করিবে। আকন্দ, মনসা-আটা, সকলপ্রকার ক্ষার-বৃক্ষ, জাতিমূল, হরিদ্রা দারু-হরিদ্রা হিরেকস এবং কটুকী, এই সকল এবং পূর্ব্বোক্ত সকল দ্রব্য একত্র পেষণ করিয়া ব্রণ-শোধনার্থ ঘৃত প্রস্তুত করিবে। ময়ূরক (আপাঙ্), সোঁদাল, নিম্ব, ঘোষাফল এবং তিল, শোধনার্থ তৈলে এই সকল দ্রব্যও প্রয়োগ করিবে। হিরেকস সৈন্ধব কিণ্ব বচ হরিদ্রা ও দারু-হরিদ্রা, অন্যান্য শোধনকর দ্রব্যের সহিত এই সকল দ্রব্য একত্র চূর্ণ করিয়া ব্রণের শোধনার্থে প্রয়োগ করিবে। সালসারাদি (আটত্রিশ অধ্যায়ে) গণে যে সকল দ্রব্য উক্ত হইয়াছে তাহাদিগের সার, পটোল, হরীতকী, আমলকী, বহেড়া এবং এই সকল দ্রব্যের রস বা ক্বাথ, ব্রণ-শোধনার্থে বিধেয়। সরল বৃক্ষের নির্য্যাস (তারপীণ), ধুনা, এবং সরল কাষ্ঠ ও দেবদারু কাষ্ঠের সার, এই সকলের দ্বারা ব্রণে ধূপ দিবে। কষায় বৃক্ষের ছালের ক্বাথ পাক করিয়া শীতল হইলে রোপণার্থে (ঘা পূরিয়া উঠিবার নিমিত্ত) ব্রণে প্রয়োগ করিবে। সোমলতা হরীতকী কাকোল্যাদি-গণ এবং বটের ঝুরি, এই সকলের দ্বারা ব্রণরোপণার্থে বর্ত্তি (বাতী বা পলিতা) নির্ম্মাণ করিবে। মঞ্জিষ্ঠা সোমলতা সরল-কাষ্ঠ শ্বেত-খদির শ্বেত-চন্দন এবং কাকোল্যাদি-গণ, এই সকল পেষণ করিয়া প্রয়োগ করিলে ব্রণ পূরিয়া উঠে। চাকুলিয়া আলকুশী-লতা হরিদ্রা দারু-হরিদ্রা মালতী-লতা শ্বেত-কণ্টকারী এবং কাকোল্যাদি-গণ,

(১) এই সকল দ্রব্যের কল্ক, বাতী, তুলা বা বস্ত্রে মাখাইয়া বা পলিতা প্রস্তুত করিয়া ক্ষত স্থানে প্রবিষ্ট করিলে দূষিত পূয জন্মিতে না পাইয়া ব্রণ শোধিত হয়।

ঘৃতের সহিত এই সকল দ্রব্য প্রয়োগ করা ব্রণ-পূরণের পক্ষে প্রশস্ত। শৈলজ অগুরু হরিদ্রা দারু-হরিদ্রা দেবদারু প্রিয়ঙ্গু এবং লোধ, এই সকলের দ্বারা তৈল পাক করিয়া ব্রণের রোপণার্থে প্রয়োগ করিবে। কঙ্গুকা (কাঙ্গনী-দানা) ত্রিফলা লোধ হিরেকস শ্রবণাহ্বয়া (মণ্ডীরী বৃক্ষ) এবং ধব ও সালবৃক্ষের ত্বক্, এই সকল দ্রব্য চূর্ণ করিয়া প্রয়োগ করিলে ব্রণ পূরিয়া উঠে। প্রিয়ঙ্গু ধুনা সাল-পুষ্প হিরেকস এবং ধব-বৃক্ষের ছাল, এই সকলের চূর্ণ প্রয়োগ করিলে ব্রণ পূরিয়া উঠে। ন্যগ্রোধাদি বর্গের (৩৮ অধ্যায়ে উক্ত) ত্বক্ এবং ত্রিফলা, ইহাদিগের রস প্রয়োগ করিলে ব্রণ পূরিয়া উঠে। অপামার্গ অশ্বগন্ধা তালপত্রী (মুরা-বৃক্ষ) ও সুবর্চ্চলা (সাজিমাটী), এই সকলের প্রয়োগে ব্রণ উৎসাদিত হয় (রস পূয প্রভৃতি নির্গত হইয়া যায়)। কাসীস সৈন্ধব কিণ্ব মুথা মনঃশিলা কুক্কুট-ডিম্বের খোলা কপাল-খণ্ড মালতী পুষ্পের মুকুল, শিরীষ ও করঞ্জ-ফল এবং গৈরিক প্রভৃতি ধাতু, এই সকল দ্রব্যের চূর্ণ প্রয়োগ করিলে উৎসাদিত ব্রণ অবসাদিত হয়। দূষিত পূযাদি নিঃসৃত হইয়া শুষ্ক হয়। এই স্থলে যে ক্রিয়ার জন্য যে ঔষধের বর্গ বলা হইল, সেই বর্গের উল্লিখিত ঔষধ সমস্তই হউক বা অর্দ্ধেকই হউক, অথবা তাহার মধ্যে যাহা যাহা প্রাপ্ত হওয়া যায়, প্রাজ্ঞ বৈদ্য তাহাই সেই ক্রিয়ার নিমিত্ত প্রয়োগ করিবে।

সপ্তত্রিংশত্তম অধ্যায়।

ঔষধ-সংগ্রহার্থ ভূমি-পরীক্ষা।

যে ভূমি শর্করা প্রস্তর বল্মীক শ্মশান আধুনিক দেবায়তন অথবা বালুকা প্রভৃতির দ্বারা দূষিত নহে, অথবা ছিদ্রবিশিষ্ট, লোণা বা ভঙ্গুর নহে, অথচ স্নিগ্ধ, বৃক্ষ লতাদির অঙ্কুর-বিশিষ্ট, কোমল স্থির সমতল ও কৃষ্ণ গৌর বা লোহিত বর্ণ-বিশিষ্ট, সেই ভূমি হইতেই ঔষধ সংগ্রহ করিবে। এইরূপ ভূমিতে জন্মিলেও কৃমি বিষ শস্ত্র সূর্য্য-তাপ বায়ু অগ্নি বা জল-স্রোতঃ প্রভৃতির দ্বারা অনুপহত, স্বাভাবিক-রস-বিশিষ্ট

পুষ্ট স্থূল এবং অবগাঢ় মূল, এইরূপ গুণ-বিশিষ্ট ঔষধ গ্রহণ করিবে। ঔষধ-সংগ্রহ-কালে উত্তর মুখে দণ্ডায়মান হইয়া গ্রহণ করিবে। ভূমি এবং ঔষধ পরীক্ষার এইগুলি সামান্য নিয়ম। অতঃপর বিশেষ নিয়ম কহিতেছি। যে ভূমি প্রস্তর-বিশিষ্ট দৃঢ় গুরু শ্যাম অথবা কৃষ্ণ বর্ণ এবং স্থূল বৃক্ষ ও শস্যে সমাকীর্ণ, তাহাতে অধিক পরিমাণে পার্থিব গুণ থাকে। যে ভূমি স্নিগ্ধ, শীতল, জলের নিকটে স্থিত, স্নিগ্ধ শস্য ও তৃণ-বিশিষ্ট, কোমল বৃক্ষ-পূর্ণ এবং শ্বেত-বর্ণ, তাহাতে অধিক-পরিমাণে জলীয় গুণ থাকে। যে ভূমি বিবিধ-বর্ণ-বিশিষ্ট, লঘু-প্রস্তর-বিশিষ্ট, এবং পাণ্ডু-বর্ণ ও অল্প-বৃক্ষাঙ্কুর-বিশিষ্ট, তাহাতে অধিক পরিমাণে অগ্নি-গুণ থাকে। যে ভূমি রুক্ষ, ভস্ম-রাশির ন্যায় বর্ণ-বিশিষ্ট এবং ক্ষীণ রুক্ষ কোটর-যুক্ত অল্প-রস-বিশিষ্ট বৃক্ষের দ্বারা পূর্ণ, তাহাতে অধিক পরিমাণে বায়ুর গুণ থাকে। যে ভূমি মৃদু, সমতল ও ছিদ্র বিশিষ্ট, শ্যাম বর্ণ, স্বাদহীন-জল-বিশিষ্ট এবং সর্ব্বত্র অসার বৃক্ষ ও মহা-পর্ব্বত পূর্ণ, তাহাতে অধিক পরিমাণে আকাশ-গুণ থাকে।

কোন কোন পণ্ডিতেরা বলেন, যে প্রাবৃট্ বর্ষা শরৎ হেমন্ত বসন্ত এবং গ্রীষ্ম, এই ছয় কালে যথা ক্রমে মূল পত্র ত্বক্ ক্ষীর সার এবং ফল গ্রহণ করিবে। অর্থাৎ প্রাবৃট্ কালে মূল, বর্ষা কালে পত্র, এই প্রণালী-ক্রমে গ্রহণ করিবে। কিন্তু জগৎ-পদার্থ সৌম্য ও আগ্নেয় এই দুই-রূপে বিভক্ত বলিয়া এ প্রণালী সঙ্গত নহে। সৌম্য (শীতল বা স্নিগ্ধ) ঔষধ সকল সৌম্য (বর্ষা শরৎ হেমন্ত) ঋতুতে, এবং আগ্নেয় (রুক্ষ বা উষ্ণ) ঔষধ সমস্ত আগ্নেয় (বসন্ত গ্রীষ্ম প্রাবৃট্) ঋতুতে আহরণ করিবে। সৌম্য ঋতুতে ভূমিতে সৌম্য-গুণের আধিক্য হয়। তৎকালে যে সকল সৌম্য ঔষধ তাহাতে জন্মে, তাহারা সুতরাংই অতিশয় মধুর-রস-বিশিষ্ট, স্নিগ্ধ ও শীতল হইয়া থাকে। আগ্নেয় ঔষধ ও আগ্নেয় কালের সম্বন্ধেও এইরূপ জানিবে।

পার্থিব ও জলীয় প্রভৃতি গুণবিশিষ্ট ভূমির পূর্ব্বে বিবরণ বলা হই-

য়াছে। তাহার মধ্যে যে ভূমিতে পার্থিব ও জলীয় এই উভয় গুণ অধিক পরিমাণে থাকে, তাহা হইতে বিরেচন-দ্রব্য গ্রহণ করিবে। যে ভূমিতে অগ্নি আকাশ ও বায়ু এই তিনের গুণ অধিক পরিমাণে থাকে, তাহা হইতে বমন-দ্রব্য গ্রহণ করিবে। এই উভয়-গুণ-বিশিষ্ট ভূমি হইলে, তাহা হইতে বমন ও বিরেচন এই উভয়-গুণ-বিশিষ্ট দ্রব্য আহরণ করিবে। যে ভূমিতে আকাশ-গুণের আধিক্য, তাহাতে সংশমনীয় দ্রব্য (৪১ অধ্যায় দেখ) সমধিক বলবান্ হয়। মধু ঘৃত গুড় পিপ্‌পলী ও বিড়ঙ্গ ব্যতিরেকে অপর সকল দ্রব্য নূতন প্রশস্ত। সকল ঔষধই সরস হইলে বীর্য্যবান্ হয়। সরস দ্রব্যের অভাবে সংবৎসরের মধ্যে যে দ্রব্য সংগ্রহ করা হইয়াছে, তাহাই গ্রহণ করিবে।

গোপালক তাপস ব্যাধ বনচারী বা মূলাহারি-গণের নিকট চিকিৎসক দ্রব্যের অনুসন্ধান করিবেন। পত্র বা লবণ প্রভৃতি দ্রব্যের কোন অংশই পরিত্যাজ্য নহে। তাহাদিগের গ্রহণের পক্ষে কোন কালবিশেষের নিয়ম নাই। সকল কালেই গ্রহণ করা যাইতে পারে। ভূমি ছয়প্রকার গন্ধ বর্ণ এবং রস বিশিষ্ট। ছয় রস আছে বলিয়া ভূমি স্বভাবতই সকলপ্রকার বীজ-বিশিষ্ট। অর্থাৎ ইহা স্বয়ংই সকলের বীজস্বরূপ। জলের যে কি রস তাহা নিশ্চয় জানা যায় না, তবে ভূমির রসের সহিত মিলিত হইলে তাহার রস জানা যায়। যে ভূমি সকলপ্রকার লক্ষণ-বিশিষ্ট, তাহাকে সাধারণ ভূমি বলে। যে স্থানে যেরূপ দ্রব্য জন্মে, সেই স্থানে ভূমিও তদনুযায়ী গুণ-বিশিষ্ট হইয়া থাকে। স্বাভাবিক গন্ধ বা রসের অন্যথা না হইলে, নূতনই হউক বা পুরাতনই হউক, সকলপ্রকার দ্রব্যই গ্রহণ করা যাইতে পারে। কেবল বিড়ঙ্গ পিপ্‌পলী মধু এবং ঘৃত পুরাতন হইলে অধিকতর হিতকর হয়। অপরাপর সকল দ্রব্য, অন্য কোনপ্রকার দোষ না থাকিলে, পুরাতন হইলেও গ্রাহ্য হইতে পারে। কোন জন্তুর রক্ত রোম নখ দুগ্ধ মূত্র অথবা পুরীষ ঔষধার্থে গ্রহণ করিতে হইলে, তাহার বয়স

কিছু অধিক হওয়া প্রয়োজন ; এবং যাহা কিছু গ্রহণ করিতে হয়, তাহা সেই জন্তুর ভুক্ত দ্রব্য পরিপাকের পর গ্রহণ করা কর্ত্তব্য। বৈদ্য পবিত্র ও প্রশস্ত দিকে ঔষধ-গৃহ নির্ম্মাণ করিবে, এবং প্লোত মৃত্তিকা-ভাণ্ড, কাষ্ঠ-ফলক এবং শঙ্কু মধ্যে ঔষধ স্থাপন করিবে।

অষ্টাত্রিংশত্তম অধ্যায়।

দ্রব্য-সংগ্রহণীয় বিধি।

দ্রব্যের গণ সংক্ষেপতঃ (৩৭) সাঁইত্রিশটী।

১। বিদারি-গন্ধাদি গণ। শাল পর্ণী, বিদারী (ভূমি-কুষ্মাণ্ড), সহদেবা (বেড়েলা), বিশ্বদেবা (গোরক্ষ-চাউলে), শ্বদংষ্ট্রা (গোক্ষুরী), পৃথক্-পর্ণী (চাকুলে), শতাবরী (শতমূলী), সারিবা (অনন্তমূল), কৃষ্ণ-সারিবা (শ্যামা-লতা) (১), জীবন্তী, ঋষভক, সহা (মুগানী), মহাসহা (মাষাণী), বৃহতী, কণ্টকারী, পুনর্নবা, এরণ্ড, হংসপাদী (গোয়ালিয়া লতা), বৃশ্চিকালী (বিছুতি), ঋষভী (আলকুশী), ইহাদিগকে বিদারি-গন্ধাদিগণ কহে। ইহা বায়ু পিত্ত-অপহারী এবং শোষ গুল্ম অঙ্গমর্দ্দ ঊর্দ্ধ-শ্বাস ও কাসের শান্তিকর।

২। আরগ্বধাদি গণ। আরগ্বধ (সোঁদালি), মদন (ময়না ফল), গোপঘণ্টা (সেয়াকুল), কুটজ (কুড়চী), পাঠা (নিমুখ লতা), কণ্টকী (গোক্ষুরী), পাটলা (পারুল), মূর্ব্বালতা, ইন্দ্রযব, সপ্ত-পর্ণ (ছাতিম), নিম্ব-কুরুণ্টক (পীত-ঝাঁটী), দাসী-কুরুণ্টক (নীল-ঝাঁটী), গুড়ুচী (গুলঞ্চ), চিতা, মহাকরঞ্জ, ডরকরঞ্জ, পটোল, চিরেতা এবং কৃষ্ণ জিরা। ইহা-দিগকে আরগ্বধাদি গণ কহে। ইহারা শ্লেষ্মা ও বিষের শান্তিকর, মেহ কুষ্ঠ জ্বর বমি ও কণ্ডূ নাশক, এবং ব্রণের শোধন-কর।

৩। বরুণাদি গণ। বরুণ-বৃক্ষ, নীল-ঝিণ্টী (নীল-ঝাঁটী), শিগ্রু (সজিনা), মধু শিগ্রু (রক্ত সজিনা), জয়ন্তী, মেষ-শৃঙ্গী, পূতিকা (করঞ্জ), নাটাকরঞ্জ, মোরটা (মূর্ব্বালতা), অগ্নি মন্থ (গণার), ঝিণ্টী (ঝাঁটী), রক্তবর্ণ ঝাঁটী, আকন্দ, বসির (গজপিপ্পলী), চিতে, শতমূলী, বিল্ব,

অজশৃঙ্গী, দর্ভ, কুশ, বৃহতী ও কণ্টকারী। বরুণাদি গণের দ্বারা কফ ও মেদ নিবারিত হয়, এবং শিরঃশূল গুল্ম ও আভ্যন্তরিক বিদ্রধি (রাজগাঁড়) আরোগ্য হয়।

৪। বীরতর্ব্বাদি গণ। বীরতরু (অর্জ্জুন বৃক্ষ), নীলঝিণ্টী, রক্ত-ঝিণ্টী, কুশ, বৃক্ষের উপরিজাত মাদা, নাগর-মুথা, নল, কাশ (কেশে ঘাস), অশ্ম-ভেদক (পাথর-কোঁড়), গণিকার, মূর্ব্বালতা, আকন্দ, গজ-পিপ্পলী, শ্যোনাক (শোণা পাত), পীত-ঝিণ্টী, স্থল-পদ্ম-বৃক্ষ, কপোত, বঙ্কা (ব্রাহ্মী-শাক), গোক্ষুরী। বীরতর্ব্বাদিগণ বাত-জন্য বিকারের শান্তিকর, এবং অশ্মরী শর্করা-অশ্মরী মূত্রাঘাত ও মূত্র-কৃচ্ছ্র রোগের বিনাশকর।

৫। সালসারাদি গণ। সালসার (ধুনা), অজকর্ণ, খদির, কদর (শ্বেত খদির), কালস্কন্ধ (গাব), ক্রমুক (রক্ত-লোধ), ভূর্জ্জ, মেষ-শৃঙ্গী, তিনিশ বৃক্ষ, চন্দন (রক্ত-চন্দন), শিংশপা, শিরীষ, আসন, ধব, অর্জ্জুন, তালমূলী, করঞ্জ, নাটা করঞ্জ, অশ্বকর্ণ, সাল, অগুরু, পীত-কাষ্ঠ। ইহা-দিগকে সালসারাদি গণ কহে। ইহার দ্বারা কুষ্ঠ মেহ ও পাণ্ডু রোগের শান্তি হয়, এবং কফ ও মেদ শুষ্ক হয়।

৬। রোধ্রাদি গণ। লোধ সাবর-লোধ পলাশ শোণা-পাত অশোক কঞ্জিকা (বামুন হাটী) কটফল এলবালুক সল্লকী মঞ্জিষ্ঠা কদম্ব সাল এবং কদলী। ইহাদিগকে রোধ্রাদিগণ কহে। রোধ্রাদিগণ দ্বারা মেদ ও কফ শুষ্ক হয়, এবং যোনি-দোষের শান্তি হয়; ইহা স্তম্ভকর, ব্রণের হিত-কর ও বিষনাশক।

৭। অর্কাদিগণ। অর্ক (আকন্দ), অলর্ক (শ্বেত-আকন্দ), করঞ্জদ্বয় (নাটা-করঞ্জ ও ডর-করঞ্জ), নাগদন্তী (হাতিশুঁড়া), অপামার্গ, ভার্গী (বামুন হাটী), রাস্না, বিষলাঙ্গুলে, ভূমি-কুষ্মাণ্ড, শ্বেত ভূমি-কুষ্মাণ্ড, অলবণা ও ইঙ্গুদী। ইহাদিগকে অর্কাদিগণ কহে। ইহা কফ ও মেদের শোষণ-কর, কৃমি ও কুষ্ঠের শান্তিকর এবং ব্রণ-শোধন-কর।

৮। সুরসাদি গণ। সুরসা রাস্না শ্বেত সুরসা (শুক্ল শেফালিকা), শ্বেত-তুলসী গন্ধতুলসী গন্ধ-মাত্রা, সুমুখ (শাকবিশেষ), সুগন্ধক রাস্না, কৃষ্ণ-তুলসী, কাসমর্দ্দ (কালকাসেন্দা), অপামার্গ, ক্ষুরক (কুলে-খাড়া), বিড়ঙ্গ, কট্‌ফল, সুরসী, নিগু‍ণ্ডী নীল শেফালিকা,কোলাহল (কুক্‌সীমা), ইন্দুর-কাণী ফঞ্জী (বামন-হাটী), প্রাচীবল, কাকমাচী (গুড়-কামাই), বিষমুষ্টিক (কুঁচ্‌লে)। ইহাদিগকে সুরসাদি গণ কহে। সুরসাদি গণ কফ ও কৃমি নাশকর, প্রতিশ্যায়,অরুচি শ্বাস, ও কাসের শান্তিকর, এবং ব্রণের শোধনকর।

৯। মুষ্কক ঘণ্টাপারুল পলাশ ধব চিত্রক ময়না শিংশপা মনসা ও ত্রিফলা (হরিতকী, বহেড়া, আমলা)। ইহাদিগকে মুষ্ককাদি গণ কহে। মুষ্ককাদি গণের দ্বারা মেদরোগ শুক্রদোষ মেহ অর্শঃ পাণ্ডুরোগ ও শর্করা-অশ্মরী রোগের শান্তি হয়।

১০। পিপ্পল্যাদি গণ। পিপ্পলী পিপ্‌পলী-মূল, চই চিতে আদা মরিচ গজপিপ্‌পলী হরেণু এলাইচ বনযমানী ইন্দ্রযব আকনাদি জীরে সর্ষপ মহানিম্ব (ঘোড়ানিম্) হিঙ্গু ভার্গী (বামন-হাটী),মধুর (শোল্‌ফা) অতিবিষা (আতইচ), বচ, বিড়ঙ্গ কটুকী। ইহাদিগকে পিপ্‌পল্যাদি গণ কহে। ইহা কফ প্রতিশ্যায় বায়ু ও অরুচি নাশক, অগ্নির দীপ্তিকর, গুল্ম ও শূলঘ্ন, এবং আমের পরিপাক-কর।

১১। এলাদি গণ। এলাইচ তগরপাদুকা কুড় জটামাংসী গন্ধ-তৃণ দারচিনী তেজপত্র নাগকেশর প্রিয়ঙ্গু রেণুকা ব্যাঘ্রনখ (গন্ধদ্রব্য-বিশেষ), নখী চোর (গন্ধদ্রব্য-বিশেষ) গেঁঠেলা সরল-কাষ্ঠ চোঁচ-খড়িকা বালা গুগ্‌গুল ধুনা শিলারস কুন্দুরুখোটী অগুরু স্পৃক (পিড়িংশাক) বেণামুল ভদ্র-দারু কুঙ্কম পুন্নাগ (বকুল)। ইহাদিগকে এলাদিগণ কহে। ইহার দ্বারা বাতশ্লেষ্মা এবং বিষের শান্তি হয়, শরীরের বর্ণ প্রসন্ন হয়, কণ্ডু পীড়কা এবং কোঠ-রোগ (ত্বক্‌রোগ) নাশ হয়।

১২। বচাদি গণ। বচ মুথা আতইচ হরিতকী দেবদারু নাগকেশর

হরিদ্রা দারু-হরিদ্রা কলসী (চাকুলে) কুড়চী-বীজ এবং যষ্টি-মধু। ইহা-দিগকে বচাদি এবং হরিদ্রাদি গণ কহে। ইহার দ্বারা স্তন্য সংশোধিত হয়, আমাতিসারের শান্তি হয়, এবং বায়ু পিত্ত শ্লেষ্মার পরিপাক হয়।

১৩। শ্যামাদি গণ। শ্যামালতা মহাশ্যামা শ্যামালতা তেউড়ী দন্তী, চোঁচ-খড়িকা লোধ কমলা-গুড়ি রম্যক (বক-পুষ্প) রক্ত-লোধ পুত্র-শ্রেণী (মুষলীলতা), গবাক্ষী রাজ-বৃক্ষ (সোঁদাল) করঞ্জদ্বয় গুলঞ্চ সপ্তলা পারুল ছগলান্ত্রী বিষতাড়কা সুধা (সিজ) স্বর্ণ-ক্ষীরী লতা। ইহা-দিগকে শ্যামাদি গণ কহে। শ্যামাদি গণ গুল্ম এবং বিষাপহারী, আনাহ এবং উদর রোগে মল-ভেদ-কারী, এবং উদাবর্ত্ত রোগের শান্তিকর।

১৪। বৃহত্যাদি গণ। বৃহতী কণ্টকারী কুড়চী-ফল আকনাদি যষ্টিমধু। ইহাদিগকে, বৃহত্যাদি গণ কহে। বৃহত্যাদি গণ বায়ু-পিত্ত-হারক, এবং কফ অরুচি হৃল্লাস বমনেচ্ছা এবং মূত্রকৃচ্ছ্র রোগের শান্তিকর।

১৫। পটোলাদি গণ। পটোলপত্র চন্দন (রক্তচন্দন) মূর্ব্বা গুড়ূচী আকনাদি ও কটুকী। ইহাদিগকে পটোলাদি গণ কহে। ইহা পিত্ত কফ ও অরুচি নাশক, জ্বরের উপশমকারী, ব্রণের হিতকর, এবং বমন কণ্ডু ও বিষের নিবৃত্তিকর।

১৬। কাকোল্যাদি গণ। কাকোলী ক্ষীর-কাকোলী জীবক ঋষভক মুদ্গপর্ণী (মুগানী), মাসপর্ণী (মাষাণী) মেদ, মহামেদ (১), গুলঞ্চ, কাকড়া-শৃঙ্গী বংশলোচন পদ্ম-কাষ্ঠ পুণ্ডরিয়া-বৃক্ষ ঋদ্ধি বৃদ্ধি দ্রাক্ষা জীবক-দ্বয় যষ্টি-মধু। ইহাদিগকে কাকোল্যাদি গণ কহে। কাকো-ল্যাদি গণ রক্তপিত্ত এবং বায়ুর শান্তিকর, জীবনী-পুষ্টিকর, তেজোবৃদ্ধি-কর, স্তন্য এবং শ্লেষ্মা-জনক।

---

(১) মেদ মহামেদ প্রভৃতি এক্ষণে দুষ্প্রাপ্য বলিয়া মেদের স্থলে অশ্বগন্ধা এবং মহা-মেদের স্থলে শ্যামালতা দেওয়া যায়। এবং ঋদ্ধি বৃদ্ধির স্থলে বলা ও ঋষভের স্থলে বংশলোচন দেওয়া যায়।

১৭। উষকাদি গণ। ক্ষার-মৃত্তিকা সৈন্ধব শিলাজতু কাসীসদ্বয় (দুইপ্রকার কাসীস) হিঙ্গু এবং তুথক (তুঁতে)। ইহাদিগকে উষকাদি গণ কহে। উষকাদি গণ কফহারী, মেদশোষণকর, এবং অশ্মরী মূত্র-কৃচ্ছ্র ও গুল্ম রোগের নিবৃত্তিকর।

১৮। সারিবাদি গণ। শ্যামা-লতা যষ্টি-মধু চন্দন রক্তচন্দন পদ্ম-কাষ্ঠ গাম্ভারী-ফল মধুক-পুষ্প (মৌলফুল) ও বেণামূল। ইহাদিগকে সারিবাদি গণ কহে। সারিবাদি গণ পিপাসা রক্তপিত্ত পিত্তজ্বর ও দাহ রোগের শান্তিকর।

১৯। অঞ্জন (স্রোতোঽঞ্জন) রসাঞ্জন নাগ-পুষ্প প্রিয়ঙ্গু নীল-সুঁদী নালোৎপল বেণা-মূল পদ্ম নাগকেশর যষ্টি-মধু। ইহাদিগকে অঞ্জ-নাদি গণ কহে। অঞ্জনাদি গণের দ্বারা রক্তপিত্ত বিষ এবং অন্তর্দাহের শান্তি হয়।

২০। পরুষক, দ্রাক্ষা, কট্‌ফল, দাড়িম, পিয়াল, কতক-ফল, শাকফল ও ত্রিফলা। ইহাদিগকে পরুষকাদি গণ কহে। ইহা বায়ু ও মূত্র দোষের শান্তিকর, মুখপ্রিয়, পিপাসা-শান্তিকর ও রুচিকর।

২১। প্রিয়ঙ্গু ও অম্বষ্ঠাদি গণদ্বয়। প্রিয়ঙ্গু সমঙ্গা ধাতকী-পুষ্প পুন্নাগ রক্ত-চন্দন কুঙ্কুম মোচরস অঞ্জন (রসাঞ্জন) পুন্নাগ স্রোতোঽঞ্জন পদ্মকেশর মাঞ্জিষ্ঠা শ্যামালতা। অম্বষ্ঠা (আকনাদি) ধাতকীপুষ্প মাঞ্জিষ্ঠা কট্বঙ্গ (শোণাপাত) যষ্টিমধু বিল্বপেষিকা (বেলশুঁটা) লোধ সাবর-লোধ পলাশ নন্দী-বৃক্ষ ও পদ্মকেশর। ইহাদিগকে প্রিয়ঙ্গু ও অম্বষ্ঠাদি গণ কহে। এই দুই গণ পক্বাতিসারের নিবৃত্তিকর, সন্ধানকর (যদ্দ্বারা ক্ষত স্থান যোড়া লাগে), পিত্তের পক্ষে হিতকর এবং ব্রণের রোপণকর।

২২। বট যজ্ঞডুম্বুর অশ্বত্থ প্লক্ষ (পাঁকুড়) মধুক (মৌল) কপীতন (আমড়া) অর্জ্জুন-বৃক্ষ আম্র কোষাম্র (ক্যাওড়া) চোরক (গন্ধদ্রব্য) তেজপত্র জম্বুফল বনজম্বু পিয়াল যষ্টি-মধু কটকী বকুল কদম্ব বদরী

গাব সল্লকী (শালবৃক্ষ) লোধ সাবর-লোধ ভেলা পলাশ নন্দীবৃক্ষ। ইহাদিগকে ন্যগ্রোধাদি গণ কহে। ইহা ব্রণ-রোগে উপকারী, মলের সংগ্রাহক, ভগ্নের (অস্থি-ভগ্নের) সন্ধান-কর, রক্তপিত্ত ও দাহের শান্তিকর, মেদোঘ্ন এবং যোনি-দোষ-হারক।

২৩। গুড়ূচ্যাদি গণ। গুলঞ্চ, নিম্ব, ধন্যে, চন্দন ও পদ্মকাষ্ঠ; ইহা-দিগকে গুড়ূচ্যাদি গণ কহে। এই সকল দ্রব্য সর্ব্বপ্রকার জ্বরনাশক ও অগ্নিবৃদ্ধিকর এবং এই সকলের দ্বারা হিক্কা, অরুচি, বমন, পিপাসা ও গাত্রদাহ নিবারণ হইয়া থাকে।

২৪। উৎপলাদি গণ। নীল উৎপল, রক্ত উৎপল, কুমুদ, সৌগন্ধিক, পদ্মকাষ্ঠ, নীলপদ্ম, শ্বেতপদ্ম ও যষ্টিমধু; ইহারা উৎপলাদি গণ। এই সকলের দ্বারা পিপাসা গাত্রদাহ ও রক্তপিত্ত দমন হয়, বিষ নষ্ট হয়, এবং হৃদ্রোগ, ছর্দ্দি ও মূর্চ্ছার শান্তি হইয়া থাকে।

২৫। মুস্তাদি গণ। মুথা, হরিদ্রা, দারুহরিদ্রা, হরীতকী, আমলকী, বিভীতকী অর্থাৎ বয়ড়া, কুড়, হৈমবতী (বচ), শুক্ল-বচ, আকনাদি, কটুকী, শার্ঙ্গষ্ঠা (মহাকরঞ্জ), অতিবিষা অর্থাৎ আতইচ, দ্রাবিড়ী (এলাইচ), ভেলা ও চিতা, ইহারা মুস্তাদি গণ। ইহারা কফ ও যোনি-দোষ নষ্ট করে, স্তনদুগ্ধ শোধন করে ও ভুক্ত দ্রব্য পরিপাক করিয়া থাকে।

২৬। ত্রিফলা। হরীতকী, আমলকী ও বয়ড়া, ইহারা ত্রিফলা। এই সকল দ্রব্য কফ, পিত্ত, মেহ, কুষ্ঠ ও বিষমজ্বর নাশ করে, নেত্র-দোষ দূর করে ও অগ্নির উদ্দীপন করিয়া থাকে।

২৭। ত্রিকটু। পিপ্পলী, মরিচ ও শুণ্ঠী, ইহারা ত্রিকটু। ইহারা শ্লেষ্মা ও মেদ, মেহ, কুষ্ঠ ও চর্ম্ম রোগ নিবারণ করে, গুল্ম, পীনস ও অগ্নিমান্দ্য দমন করে, এবং অগ্নির উদ্দীপন করে।

২৮। আমলক্যাদি গণ। আমলকী, হরীতকী, পিপ্পলী ও চিতা। ইহাদিগকে আমলক্যাদি গণ কহে। ইহারা সর্ব্বপ্রকার জ্বর, কফ ও

অরুচি নাশকারী এবং চক্ষুঃদ্বয়ের উপকারী, অগ্নির উত্তেজক ও শুক্র-বৃদ্ধিকর।

২৯। ত্রপ্বাদি গণ। রাঙ্, সীসা, তামা, রূপা, সোণা, কৃষ্ণ-লৌহ ও লৌহমল, ইহাদিগকে ত্রপ্বাদি গণ কহে। এই সকলের দ্বারা বিষ ক্রিমি, পিপাসা, হৃদ্রোগ, পাণ্ডু, মেহ ও বিষ নষ্ট হইয়া থাকে।

৩০। লাক্ষাদি গণ। লাক্ষা, রেবত (সোঁদাল), কুটজ (কুড়চি), করবীর, কট্ফল, হরিদ্রা, দারু-হরিদ্রা, নিম্ব, ছাতিম, মালতী ও বলা, ইহাদিগকে লাক্ষাদি গণ কহে। ইহারা কষায়, তিক্ত ও মধুর। এই সকলের দ্বারা কফ, পিত্ত-রোগ, কুষ্ঠ ও ক্রিমি নষ্ট হয় এবং দুষ্ট ব্রণের শোধন হইয়া থাকে। ইহার পর পঞ্চবিধ পঞ্চমূল কহিতেছি :—

১ম। গোক্ষুরী, কণ্টকারী, ব্যাকুড়, চাকুলে ও শালপানি, এই সকলকে স্বল্প পঞ্চমূল বলে। ইহারা কষায়, তিক্ত ও মধুর। এই পঞ্চমূলের দ্বারা বাত পিত্ত নষ্ট হয়, এবং শরীরের বল ও পুষ্টি সাধন হইয়া থাকে।

২য়। বিল্ব, গণিকারিকা, সোণা, পারুল ও গাম্ভারী, এই সকলকে বৃহৎ পঞ্চমূল বলে। ইহাদের আস্বাদন তিক্ত পশ্চাৎ মধুর। ইহারা কফ ও বায়ু নাশক, লঘুপাক ও অগ্নি-বৃদ্ধি-কর।

৩য়। এই উভয় পঞ্চমূলকে দশমূল কহে। ইহারা শ্বাস, কফ, পিত্ত ও বায়ু নষ্ট করিয়া থাকে, অপক্ক বস্তুর পরিপাক সাধন করে ও সর্ব্বপ্রকার জ্বর নিবারণ করে।

৪র্থ। ভূমিকুষ্মাণ্ড, অনন্তমূল, হরিদ্রা, গুড়ূচী ও অজশৃঙ্গী, ইহাদিগের নাম বল্লী।

৫ম। পানি আমলা, গোক্ষুরী, ঝিণ্টী (ঝাঁটী), গৃধ্রনখ (কাকমাচি) ও শতমূলী, ইহাদিগের নাম কণ্টক। এই বল্লী ও কণ্টকাদি গণদ্বয় রক্তপিত্ত ও ত্রিবিধ শোথ দমন করে, এবং সর্ব্বপ্রকার মেহ ও শুক্রদোষ বিনাশ করিয়া থাকে।

৬ষ্ঠ। কুশ, কাশ, নল, দর্ভ অর্থাৎ উলুপতৃণ ও ইক্ষু, ইহাদিগের নাম তৃণ। এই তৃণ-পঞ্চক দুগ্ধের সহিত সেবন করিলে মূত্র-দোষ, মূত্র-বিকার ও রক্তপিত্ত নিবারণ হয়।

এই পঞ্চবিধ পঞ্চমূলের মধ্যে আদ্যদ্বয় অর্থাৎ স্বল্প পঞ্চমূল ও বৃহৎ পঞ্চমূল বায়ু দমন করিয়া থাকে, মধ্যদ্বয় অর্থাৎ বল্লী ও কণ্টকাদি মূল শ্লেষ্মার দমন করে, এবং অন্ত্য অর্থাৎ তৃণাদি পঞ্চ-মূল পিত্ত বিনাশ করিয়া থাকে। ত্রিবৃদাদি গণ অন্যত্র বলা যাইবে।

এস্থলে এই সকল গণ সংক্ষেপে লিখিত হইল, তাহার পর চিকিৎসা-প্রকরণে দোষের বলাবল নির্ণয়পূর্ব্বক বিস্তারিতরূপে বলা যাইবে। বুদ্ধিমান্ চিকিৎসক এই সকল দ্রব্য যথান্যায়ে বিভাগ করিয়া, তদ্দ্বারা প্রলেপ কষায় তৈল ঘৃত ও পানক করিবেন। সকল ঋতুতেই ধূম বর্ষা বায়ু ও ক্লেদ রহিত গৃহে অতি গোপনভাবে ঔষধ সকল রক্ষা করিবেন। দোষ অর্থাৎ বায়ু পিত্ত কফ, এই তিনের প্রভেদ দর্শন করিয়া পূর্ব্বোক্ত ভিন্ন ভিন্ন ঔষধ সকল প্রয়োগ করিবেন, এবং স্থান বিশেষে কোথাও বা পৃথক্ পৃথক্, কোথাও বা মিশ্রিত, এবং কোথাও বা সমস্ত প্রয়োগ করিবেন। ইতি দ্রব্য-সংগ্রহণীয় অধ্যায়।

একোনচত্বারিংশৎ অধ্যায়।

সংশোধন ও সংশমনী দ্রব্যের বিবরণ।

মদন (ময়না) ফল কুড়চি দেবতাড় তিতলাউ অপামার্গ কৃতবেধন (কোশাতকী) সর্ষপ বিড়ঙ্গ পিপ্পলী করঞ্জ প্রপুন্নাড় (চাকুন্দে), কাঞ্চন-বৃক্ষ কর্বুদার (শ্বেতকাঞ্চন) নিম্ব অশ্বগন্ধা অম্লবেতস বন্ধুজীব (বান্ধুলি) অপরাজিতা শণপুষ্পী (শণ-বৃক্ষ) বিম্ব (তেলাকুচ) বচ রাখাল-শশা ও চিতে, ইহাদিগের দ্বারা শরীরের ঊর্দ্ধভাগ সংশোধিত হয়। ইহাদিগের মধ্যে প্রপুন্নাড় পর্য্যন্ত বৃক্ষ সমূহের ফল, এবং কাঞ্চন-বৃক্ষ হইতে অবশিষ্ট বৃক্ষগণের মূল গ্রহণ করিবে।

ত্রিবৃৎ (তেউড়ি) শ্যামালতা দন্তী দ্রবন্তী (জয়পাল) সপ্তলা (পারুল)

শঙ্খিনী (চোঁচথড়িকা) মেষশৃঙ্গী গবাক্ষী (গোমুক) ছাগলান্ত্রী (বিষ-ধড়ক) মনসা-সিজ স্বর্ণক্ষীরী-লতা চিত্রক অপামার্গ কুশ কাশ, তিল্বক লোধ, কমলাগুড়ি, পটোলমূল পাটল, গুবাক হরীতকী আমলকী বিভীতকী নীলী, চতুরঙ্গুল (সোঁদাল) এরণ্ড (করঞ্জ), মহাবৃক্ষ (পাঁকুড়) ছাতিম অর্ক এবং জ্যোতিষ্মতী (নফট্‌কী), এই সকলের দ্বারা শরীরের অধোভাগ সংশোধিত হয়। ইহাদিগের মধ্যে ত্রিবৃৎ হইতে কাশ পর্য্যন্ত দ্রব্যের মূল, তিল্বক হইতে পাটল পর্য্যন্ত দ্রব্যের ত্বক্‌, কমলাগুড়ি চূর্ণ, গুবাক হইতে এরণ্ড পর্য্যন্ত দ্রব্যের ফল, করঞ্জ এবং সোঁদালের পত্র, এবং অবশিষ্ট বৃক্ষের ক্ষীর গ্রহণ করিবে।

কোশাতকী, সপ্তলা শঙ্খিনী দেবদালী কারবেল্লী (করলা)। ইহারা ঊর্দ্ধাধঃ উভয় ভাগ সংশোধন-কর। ইহাদিগের রস গ্রহণ করিবে।

পিপ্‌পলী বিড়ঙ্গ অপামার্গ শিগ্রু (সজিনা) শ্বেতসর্ষপ শিরীষ মরিচ, করবীর বিম্বী অপরাজিতা অপামার্গ বচ জ্যোতিষ্মতী করঞ্জ অর্ক, অলর্ক (শ্বেত আকন্দ) রসুন আতইচ শুণ্ঠী, তালীশ তমাল রাস্না অর্জ্জক (বাবুই তুলসী), ইঙ্গুদী, মাতুলুঙ্গ (টাবা নেবু) মুরুঙ্গী পীলু-জাতী, শাল তাল মধুক, লাক্ষা হিঙ্গু, লবণ, মদ্য, গোময়-রস এবং গোমূত্র। ইহারা শিরো-বিরেচক। ইহাদিগের মধ্যে মরিচ পর্য্যন্ত বৃক্ষ সমূহের ফল, করবীর হইতে অর্ক পর্য্যন্ত বৃক্ষ সমূহের মূল, অলর্ক হইতে শুণ্ঠী পর্য্যন্ত বৃক্ষ সমূহের কন্দ, তালীশ হইতে অর্জ্জক পর্য্যন্ত উদ্ভিদ্‌ সমূহের পত্র, ইঙ্গুদী ও মেষশৃঙ্গের ত্বক্‌, মাতুলুঙ্গ মুরঙ্গী ও পীলুজাতির পুষ্প, শাল তাল ও মধুকের সার, এবং হিঙ্গু ও লাক্ষার নির্য্যাস, গ্রহণ করিবে। লবণ প্রভৃতি দ্রব্য পার্থিব পদার্থ বিশেষ, মদ্য সমূহ আসব দ্রব্য বিশেষ, এবং গোমূত্র ও গোময়-রসকে মল বলা যায়।

অতঃপর সংশমনী দ্রব্য কহিতেছি।

দেবদারু কুষ্ঠ হরিদ্রা বরুণ মেষশৃঙ্গী শ্বেত-বেড়েলা পীত-

বেড়েলা নীল-ঝিণ্টী গণিকারিকা দুরালভা সল্লকী পারুল বীরতরু (অর্জ্জুন বৃক্ষ) পীত-ঝিণ্টী গুলঞ্চ এরণ্ড পাষাণভেদী (পাথর-কোড়) অর্ক অলর্ক (শ্বেত আকন্দ) শতমূলী পুনর্নবা সান্তার-লবণ গজ-পিপ্‌পলী কাঞ্চনবৃক্ষ ভার্গী (বামন-হাটী) কার্পাস বৃশ্চিকালী (বিচুতি) পত্তুর (সালিঞ্চাশাক) যব কোল কুলত্থ প্রভৃতি, এবং বিদারিগন্ধাদি গণ, ও পূর্ব্বাধ্যায়ে কথিত হ্রস্ব ও বৃহৎ পঞ্চমূলী, ইহারাই সামান্যতঃ বাত-সংশমনী বর্গ।

চন্দন রক্তচন্দন বালা বেণামূল মঞ্জিষ্ঠা কাকোলী ভূমিকুষ্মাণ্ড শতমূলী প্রিয়ঙ্গু শৈবাল কহ্লার (শ্বেত শুঁদি) কুমুদ পদ্ম কদলী কন্দলী (পদ্মবীজ) দূর্ব্বা মূর্ব্বা প্রভৃতি, এবং কাকোল্যাদি ও ন্যগ্রোধাদি গণ ও পূর্ব্বাধ্যায়ে কথিত তৃণ-পঞ্চমূল। ইহারা সামান্যতঃ পিত্ত-সংশমনী বর্গ।

দারুহরিদ্রা অগুরু রক্তচন্দন কুষ্ঠ (কুড়) হরিদ্রা শীতশিব (মৌরি) শোল্‌ফা সরলকাষ্ঠ রাস্না করঞ্জ ডহরকরঞ্জ ইঙ্গুদী জাতী কুঁচ বিষলাঙ্গলী হস্তিকর্ণ-পলাশ মুষ্কাতক বেণামূল প্রভৃতি, ও পূর্ব্বাধ্যায়ে কথিত বল্লীগণ কণ্টকগণ হ্রস্ব ও বৃহৎ পঞ্চমূলী, এবং পিপ্‌পল্যাদি বৃহত্যাদি মুষ্ককাদি বচাদি সুরসাদি ও আরগ্বধাদি গণও সামান্যতঃ শ্লেষ্ম-সংশমনী বর্গ।

ব্যাধি অগ্নি প্রকৃতি ও বল বিবেচনা করিয়া ঔষধ সকল বিধান করিবে। ব্যাধির বল অনুসারে যে পরিমাণে ঔষধ প্রয়োজন, তাহা অপেক্ষা অধিক পরিমাণে ঔষধ সেবন করিলে, উপস্থিত ব্যাধির নিবৃত্তি হইয়া অন্যপ্রকার ব্যাধি জন্মে। অগ্নির বল অনুসারে যে পরিমাণে ঔষধ পরিপাক পাইতে পারে, তাহা অপেক্ষা অধিক পরিমাণে ভক্ষণ করিলে, ঔষধ জীর্ণ হয় না, অথবা উদর ভার হইয়া ক্রমশঃ পরিপাক পায়। প্রকৃতিতে যে পরিমাণে সহ্য পায়, তাহার অধিক সেবন করিলে গ্লানি মূর্চ্ছা বা মানসিক বিকার জন্মে। সংশমনী

দ্রব্যের পরিমাণ এইরূপ কোনপ্রকারে অধিক হইলে, সংশোধনী দ্রব্যের গুণ বিফল করে (১)। পূর্ব্বোক্ত ব্যাধি অগ্নি ও প্রকৃতি অনুসারে ঔষধের পরিমাণ অল্প হইলে কোন ফল দর্শে না। অতএব ব্যাধি অগ্নি ও প্রকৃতি বিবেচনা করিয়াই পরিমাণ বিধান করিবে।

যে রোগ শোধনী দ্রব্যের দ্বারা চিকিৎসনীয়, সেই রোগে রোগী যদি দোষ-জন্য দুর্ব্বল হইয়া পড়ে, তবে অল্প পরিমাণে সংশোধনী ঔষধ প্রয়োগ করিবে। এরূপ স্থলে দোষ ক্ষালিত হইলে এবং কোষ্ঠ-দেশের মৃদুভাবে ক্রিয়া হইতে থাকিলে, রোগীর বল দেখিবার প্রয়োজন নাই। কারণ ব্যাধিশূন্য হইয়া দুর্ব্বল থাকিলেও তাহার শরীর নিশ্চয় সংশোধিত হইয়াছে বলা যায়। ব্যাধির আদিতে এবং মধ্যে যে ঔষধ সেবন করা যায়, তাহা ক্বাথ হইলে তাহার মাত্রা অঞ্জলি-প্রমাণ, চূর্ণ হইলে দুই তোলা এবং কল্ক হইলে এক তোলা। দোষ স্বয়ং প্রবৃত্ত হইলে, (২) এবং কোষ্ঠের কার্য্য মৃদু হইলে, দুর্ব্বল রোগীরও শোধনী-প্রয়োগেই ব্যাধিশান্তি হয়।

চত্বারিংশৎ অধ্যায়।

দ্রব্য, রস, গুণ, বীর্য্য ও বিপাকের বিজ্ঞান।

কোন কোন আচার্য্যেরা দ্রব্যই প্রধান বলেন। কারণ,প্রথমতঃ, দ্রব্য ব্যবস্থিত এবং রস প্রভৃতি অব্যবস্থিত, যথা অপক্ক ফলে যেরূপ রস গুণ প্রভৃতির উপলব্ধি হয়, পক্ক ফলে সেরূপ হয় না। দ্বিতীয়তঃ, দ্রব্য নিত্য এবং রস গুণ প্রভৃতি অনিত্য। কারণ, কল্কাদির স্থলে দ্রব্য, রস ও গন্ধ বিশিষ্ট অথবা রস ও গন্ধ হীন হইয়া থাকে। তৃতীয়তঃ, দ্রব্য,

---

(১) চিকিৎসার প্রথম সংশোধনী পরে সংশমনী ঔষধ সেবন করাই বিধি। কিন্তু সংশমনী দ্রব্যের পরিমাণের আধিক্য জন্য যদি অন্যপ্রকার রোগ জন্মে, তবে পূর্ব্বে যে সংশোধনী দ্রব্যের দ্বারা শরীর সংশোধিত হইয়াছিল, তাহা এক্ষণে বিফল হইয়া পড়ে।

(২) পিত্ত শ্লেষ্মা বা মল প্রভৃতি আপনি নিঃসৃত হইলে দোষের স্বয়ং প্রবৃত্তি বলে।

জাতীয়-গুণ নিত্য অবলম্বন করিয়া থাকে, যথা পার্থিব দ্রব্য কদাচ অন্য ভাব প্রাপ্ত হয় না। চতুর্থ, পঞ্চেন্দ্রিয়ের দ্বারা দ্রব্যই গৃহীত হয়, রসাদি গৃহীত হয় না। পঞ্চম, দ্রব্য আশ্রয়, এবং রস প্রভৃতি তাহার আশ্রিত। ষষ্ঠ, ঔষধের গণ বর্ণন করিতে হইলে, দ্রব্যের নাম উল্লেখ করিয়া আরব্ধ হয়, যথা "বিদারিগন্ধাদি আহরণ পূর্ব্বক চূর্ণ করিয়া পাক করিবে।" ইহাতে রসের উল্লেখ করিয়া আরম্ভ করা হয় নাই। সপ্তম, শাস্ত্র-প্রমাণ হেতু। ঔষধের যোগ-বর্ণনার স্থলে শাস্ত্রে দ্রব্যই প্রধান বলিয়া উপদিষ্ট হইয়াছে, যথা মাতুলুঙ্গ ও অগ্নিমন্থ ইত্যাদি। এস্থলে রস প্রভৃতি উপদিষ্ট হয় নাই। অষ্টম, রস প্রভৃতির গুণ দ্রব্যের অবস্থা-সাপেক্ষ, যথা তরুণ দ্রব্যের তরুণ রস, পক্ক দ্রব্যের পক্ক রস ইত্যাদি। নবম, দ্রব্যের একাংশেও ব্যাধিশান্তি হইয়া থাকে। যথা "মহাবৃক্ষের ক্ষীর (আটা) কর্ত্তৃক" ইত্যাদি। এই হেতু দ্রব্যই প্রধান। ক্রিয়া এবং ক্রিয়ার গুণের ন্যায় দ্রব্য ও দ্রব্যের লক্ষণ পরস্পর সমবায়ি কারণ *। কেহ কেহ এরূপ স্বীকার না করিয়া রসই প্রধান বলেন। কারণ, প্রথমতঃ, আগম শাস্ত্র। সেই শাস্ত্রে রসের সম্বন্ধে এইরূপ উল্লেখ আছে, যে প্রাণিগণের আহার রসের আয়ত্ত। তাহাতেই প্রাণ ধারণ হয়। দ্বিতীয়তঃ, গুরূপদেশের স্থলে রসই উপদেশের বিষয় হইয়াছে, যথা,—মধুর, অম্ল এবং লবণ বায়ুর শান্তিকর। তৃতীয়তঃ অনুমানের স্থলে, রসের দ্বারা দ্রব্য অনুমিত হয়, যথা মধুর দ্রব্য। চতুর্থতঃ, ঋষিবচনেও এইরূপ কথিত আছে যে, যজ্ঞার্থ কিঞ্চিৎ মধুর দ্রব্য আহরণ করিবে। অতএব রসই প্রধান, রসের দ্বারাই দ্রব্যের গুণসংজ্ঞা। রসের লক্ষণ অন্যত্র উপদেশ করিব। কেহ কেহ এরূপ স্বীকার করেন না, বীর্য্যকেই প্রধান বলেন। কারণ

* কোন দ্রব্যের দ্বারা কোন ফল হইলে সেই দ্রব্য এবং তাহার গুণ উভয়ে মিলিয়া সেই ফল উৎপাদনের কারণ হয়। সুতরাং দ্রব্য ও গুণ পরস্পর সমবায়ি-কারণ অর্থাৎ উভয়ে মিলিয়া সেই ফল জন্মায়।

বীর্য্যগুণে ঔষধের কার্য্য নিষ্পন্ন হইয়া থাকে। শরীরের ঊর্দ্ধ ও অধঃ এবং উভয় ভাগের সংশোধন, সংশমন, সংগ্রহণ, অগ্নিদীপন, প্রপীড়ন, লেখন, বৃংহণ, রসায়ন, বাজীকরণ, শ্বয়থুকরণ, বিলয়ন (মিলিয়া যাওয়া), দহন, দারণ, মাদন, মারণ ও বিষের প্রশমন প্রভৃতি ঔষধের কার্য্য, বীর্য্যের প্রাধান্য-বশতই হইয়া থাকে। জগতের অগ্নিসোমীয়ত্ব প্রযুক্ত বীর্য্য দুইপ্রকার, শীত এবং উষ্ণ। কেহ কেহ বলেন বীর্য্য অষ্টবিধ, যথা, উষ্ণ, শীত, স্নিগ্ধ, রুক্ষ, বিশদ অর্থাৎ পিচ্ছিল, মৃদু ও তীক্ষ্ণ। এই সকল বীর্য্য স্বীয় বল ও গুণের প্রভাবে রস অতিক্রম করিয়া কার্য্য করে। যথা,—বৃহৎ পঞ্চমূল কষায়-রস ও পশ্চাৎ তিক্তরস-বিশিষ্ট হইয়াও উষ্ণবীর্য্যত্ব হেতু বায়ুর শান্তি করিয়া থাকে। কুলত্থ, কষায়, কটুক ও পলাণ্ডু, ইহারাও তৈলবৎ স্নেহভাব প্রযুক্ত বায়ুর শান্তি করে। মধুর ও শীতবীর্য্য প্রযুক্ত ইক্ষুরস দ্বারা বায়ু বৃদ্ধি হয়। পিপ্‌পলী কটুরস-বিশিষ্ট হইয়াও ঈষৎ শীতবীর্য্য প্রযুক্ত পিত্তের শান্তি করে। কাকমাচী তিক্তরস-বিশিষ্ট ও মৎস্য মধুর-রস-বিশিষ্ট হইয়াও উষ্ণবীর্য্য প্রযুক্ত পিত্তের বৃদ্ধি করে। মূলক কটুরস-বিশিষ্ট হইয়াও স্নিগ্ধ-বীর্য্য হেতু শ্লেষ্মা বৃদ্ধি করিয়া থাকে। কপিত্থ অম্লরস-বিশিষ্ট হইয়াও এবং মধু মধুর-রস-বিশিষ্ট হইয়াও রুক্ষবীর্য্য হেতু শ্লেষ্মা দমন করে। নিদর্শন স্বরূপে এই কয়টী মাত্র প্রদর্শিত হইল।

যে সকল রসের দ্বারা বায়ু শান্তি হয়, যদি সেই সকল রসে রুক্ষতা, লঘুতা ও শীতলতা গুণ থাকে, তাহা হইলে তাহারা বায়ু শান্তি করিতে পারে না। যে সকল রসের দ্বারা পিত্ত নাশ হয়, যদি সেই সকল রসে তীক্ষ্ণতা উষ্ণতা ও লঘুতা গুণ থাকে, তাহা হইলে তদ্দ্বারা পিত্ত নষ্ট হয় না। এবং যে সকল রসের দ্বারা শ্লেষ্মা দমন হইয়া থাকে, যদি তাহারা স্নেহ গৌরব ও শৈত্য গুণযুক্ত হয়, তাহা হইলে সে সকল রসের দ্বারা শ্লেষ্মার বৃদ্ধিই হইয়া থাকে। অতএব বীর্য্যই প্রধান।

কেহ কেহ ইহা স্বীকার করেন না; তাঁহারা পরিপাককেই প্রধান

বলিয়া থাকেন। কারণ, সকলপ্রকার ভুক্ত-দ্রব্য সম্যক্‌রূপে পরিপাক হইলে গুণ, এবং অপ্রশস্তরূপে পরিপাক হইলে দোষ জন্মাইয়া থাকে। কেহ কেহ কহেন, প্রত্যেক রসেই পরিপাক হইয়া থাকে। কেহ বলেন, মধুর অম্ল ও কটু, এই ত্রিবিধ রসেই পাক হয়। কিন্তু ইহা সুসঙ্গত নহে, কারণ দ্রব্য-গুণ ও শাস্ত্র পর্য্যালোচনা করিয়া দেখিলে ইহাই প্রতীত হয় যে, অম্লের বিপাক নাই, অগ্নিমান্দ্য হইলে পিত্তই বিদগ্ধ হইয়া অম্ল-রসে পরিণত হয়। যদি অম্লের বিপাক স্বীকার করিতে হয়, তবে লবণ রসেরও অন্যপ্রকার পাক সম্ভবে। কিন্তু তাহা হয় না, শ্লেষ্মা বিদগ্ধ হইয়াই লবণতা প্রাপ্ত হয়। কেহ কেহ বলেন যে, মধুর-রস পরিপাকে মধুরই থাকে, এবং অম্ল-রস অম্লই থাকে, এইপ্রকার সকল রসই অবিকৃত থাকে। তাহার উদাহরণ যথা—স্থালীগত দুগ্ধ পাক হইবার কালে মধুরই থাকে। এবং শালি যব মুদ্গ প্রভৃতি ভূমিতে প্রকীর্ণ হইলে, উত্তর কালেও তাহারা স্বভাব পরিত্যাগ করে না (১)। কেহ কেহ বলেন যে, মৃদু রস বলবান্ রসের অনুগামী হয়। এ বিষয়ে এইরূপ বিবিধ অনবস্থিত দোষ ঘটে। অতএব তাহার এইরূপ সিদ্ধান্ত করা যাইতেছে। শাস্ত্রে দুইপ্রকার পাক কথিত হইয়াছে; মধুর ও কটু। তাহার মধ্যে মধুরপাকে গুরু, এবং কটুপাকে লঘু হইয়া থাকে। পৃথ্বী অপ্ তেজঃ বায়ু ও আকাশ, ইহাদিগকে গুণের অনুসারে গুরু ও লঘু এই দুইপ্রকারে বিভক্ত করা যায়। পৃথ্বী ও অপ্ গুরু, এবং অবশিষ্ট তিনটী লঘু।

দ্রব্যের পরিপাক কালে, পৃথিবী ও জলের গুণ অধিক পরিমাণে থাকিলে মধুরপাক কহে; এবং অগ্নি বায়ু বা আকাশের গুণ অধিক পরিমাণে থাকিলে কটুপাক কহে। যে সকল তার্কিকেরা, দ্রব্য রস বীর্য্য বিপাক এই চারিটীর একটীর প্রাধান্য স্বীকার করেন, তাঁহা-

(১) ভূমিতে বপন করিলে যে শস্য জন্মায়, তাহাতেও মধুর রস হয়।

দিগের বিতর্কবাদ পূর্ব্বে উল্লিখিত হইয়াছে। কিন্তু পণ্ডিত ব্যক্তিরা উক্ত চতুষ্টয়েরই প্রাধান্য স্বীকার করেন। কোন দ্রব্য সেবন করিলে, দোষের কিয়দংশ দ্রব্যের দ্বারা, কিয়দংশ তাহার রসের দ্বারা, কিয়দংশ বীর্য্যের দ্বারা এবং কিয়দংশ তাহার বিপাকের দ্বারা শান্তি বা বৃদ্ধি হইয়া থাকে। বীর্য্য ব্যতিরেকে পাক হয় না, রস ব্যতীত বীর্য্য থাকে না, এবং দ্রব্য ব্যতীত রস থাকে না। সুতরাং দ্রব্যই প্রধান। দেহ এবং দেহীর স্থিতি যেরূপ পরস্পর সাপেক্ষ, সেইরূপ দ্রব্য ব্যতিরেকে রস জন্মে না এবং রস ব্যতিরেকেও দ্রব্য জন্মে না। বীর্য্য বলিলে অষ্টপ্রকার গুণ (শীত উষ্ণ রুক্ষ প্রভৃতি) বুঝায়, ইহা পূর্ব্বে বলা হইয়াছে। সেই অষ্টপ্রকার বীর্য্য দ্রব্যকেই আশ্রয় করিয়া থাকে। সেই সকল গুণ নির্গুণ রসে কথনই আশ্রয় করিয়া থাকিতে পারে না। দ্রব্যেই দ্রব্য পরিপাক হয়, ছয় রস সেরূপ হয় না। অতএব দ্রব্যই প্রধান—রস বীর্য্য ও বিপাক তাহাকে আশ্রয় করিয়া থাকে। স্বভাবতঃ প্রসিদ্ধ ঔষধ সমস্ত মীমাংসা বা চিন্তার বিষয় হইতে পারে না। বিজ্ঞজনেরা কেবল শাস্ত্রের উপদেশ অনুসারে তাহা সেবন করিবেন। ঔষধ সকল স্বভাবতঃ প্রসিদ্ধ ও তাহাদিগের লক্ষণ ও ফলও প্রত্যক্ষ। বিজ্ঞজনেরা কোন কারণে সেই ঔষধি পরীক্ষা করিবেন না। কারণ, এরূপ সহস্র হেতু আছে, যদ্দ্বারা অম্বষ্ঠা প্রভৃতি বিরেচক ঔষধও বিরেচন করাইতে পারে না। অতএব বুদ্ধিমান্ ব্যক্তি, হেতু অনুসন্ধান না করিয়া শাস্ত্র-প্রমাণেই কার্য্য করিবেন।

একচত্বারিংশৎ অধ্যায়।

দ্রব্যের বিশেষ বিজ্ঞান।

পৃথিবী জল তেজঃ বায়ু আকাশ, এই সমুদায় মিলিত হইয়া দ্রব্য উৎপন্ন হয়। তাহার মধ্যে যে দ্রব্যে যে ভূতের আধিক্য থাকে, তাহা সেই নামে কথিত হয়। যথা—পৃথ্বীভাগের আধিক্যে পার্থিব, অপ্-

ভাগের আধিক্যে আপ্য, এবং তদনুসারে তৈজস বায়ব্য ও আকাশীয় বলিয়া দ্রব্যের নাম দেওয়া যায়। তাহার মধ্যে যে সকল দ্রব্য স্থূল সার-বিশিষ্ট সান্দ্র মন্দ স্থির খর গুরু কঠিন গন্ধ-বহুল ঈষৎ-কষায় বা মধুর-প্রায়, তাহাদিগকে পার্থিব দ্রব্য বলা যায়। পার্থিব-দ্রব্য স্থিরতা বলসঙ্ঘাত (একত্র সংশ্লেষ) ও বর্দ্ধনকর, বিশেষতঃ অধোগমনশীল।

যে দ্রব্য শীতল আর্দ্র স্নিগ্ধ মন্দ গুরু সারক সান্দ্র মৃদু পিচ্ছিল রস-বহুল ঈষৎ-কষায় অম্ল বা লবণ রসবিশিষ্ট অথবা মধুর-প্রায়, তাহাকে আপ্য (জলীয়) বলা যায়। জলীয় দ্রব্য, স্নেহ হর্ষ ক্লেদ ও সংশ্লেষ-কর এবং ক্ষরণশীল।

যে দ্রব্য উষ্ণ তীক্ষ্ণ সূক্ষ্ম রুক্ষ খর লঘু বিশদ রূপ-গুণ-বহুল ঈষৎ অম্ল ও লবণ রস-বিশিষ্ট অথবা কটুরস-প্রায়, বিশেষতঃ ঊর্দ্ধ-গমনশীল, তাহাকে তৈজস বলা যায়। তৈজসদ্রব্য দহন পচন দারণ তাপন ও প্রকাশ-কর এবং প্রভা ও বর্ণ-কর।

যে দ্রব্য সূক্ষ্ম রুক্ষ খর শিশির লঘু বিশদ স্পর্শ-বহুল ঈষৎ তিক্ত বিশেষতঃ কষায়, তাহাকে বায়বীয় দ্রব্য কহে। বায়বীয় দ্রব্য নির্ম্মলতা লঘুতা ও গ্লানি-কর এবং শোষক ও সঞ্চালক।

যে দ্রব্য শ্লক্ষ্ণ সূক্ষ্ম মৃদু গ্রাম্য-ধর্ম্মের উত্তেজক অপ্রকাশিত ও অব্যক্ত-রস অথবা শব্দবহুল, তাহাকে আকাশীয় দ্রব্য কহে। আকাশীয় দ্রব্য মৃদু সচ্ছিদ্র ও লঘু।

এই সকল লক্ষণের দ্বারা জগতের সকল দ্রব্যকেই ঔষধ বলিয়া নির্ণয় করা যায়। যুক্তি ও প্রয়োজন অনুসারে সেবিত হইলে, এবং বীর্য্য ও গুণ বিশিষ্ট হইলে সকল দ্রব্যই কার্য্যকর হয়। সেই সকল ঔষধ সেবিত হইলে যে সময়ে কার্য্য করে তাহাকে কাল কহে, যাহা করে তাহাকে কর্ম্ম বলে, যদ্দ্বারা করে তাহাকে বীর্য্য বলে, যে স্থানে সেই কার্য্য করে তাহাকে অধিকরণ বলে, যে প্রকারে করে তাহাকে

উপায় বলে, এবং সেই কার্য্যের দ্বারা পরিণামে যাহা নিষ্পন্ন হয়, তাহাকে ফল বলে।

সেই সকল ঔষধের মধ্যে বিরেচন-দ্রব্যে পার্থিব ও জলীয় গুণই অধিক। পৃথিবী ও জল গুরু, গুরুত্ব প্রযুক্ত অধোগামী। অতএব অধোগুণ-বাহুল্যেই বিরেচন হয় বলিয়া অনুমান করা যায়। বমন-দ্রব্যে অগ্নি ও বায়ু গুণই অধিক। অগ্নি ও বায়ু লঘু, লঘুতা প্রযুক্ত উর্দ্ধগামী, অতএব উর্দ্ধগুণ-বাহুল্যেই বমন হয় বলিয়া অনুমান করা যায়। বমন ও বিরেচন এই উভয়প্রকার গুণ-বিশিষ্ট দ্রব্যে, উর্দ্ধ-গামিতা ও অধোগামিতা উভয় গুণই অধিক পরিমাণে থাকে। সেই-রূপ সংশমন-দ্রব্যে আকাশ-গুণ অধিক, এবং বায়ুর শোষণ-গুণ বলিয়া সংগ্রাহক দ্রব্যে বায়ুর গুণ অধিক। দীপ্তিকর (অগ্নিকর) ঔষধে অগ্নি-গুণের আধিক্য, লেখন-কর ঔষধে বায়ু ও অগ্নি গুণের আধিক্য, এবং পুষ্টিকর ঔষধে পার্থিব ও জলীয় গুণের আধিক্য। ঔষধের কার্য্য এই-রূপে সম্পন্ন হয় বলিয়া অনুমান করা যায়।

ভূমি অগ্নি ও জলীয় দ্রব্যের দ্বারা বায়ুর শান্তি হয়, ভূমি জল ও বায়ু-জাত দ্রব্যে পিত্তের শান্তি হয়, এবং আকাশ অগ্নি ও বায়ু-জাত দ্রব্যে শ্লেষ্মার শান্তি হয়। আকাশ ও বায়ুজ দ্রব্যে বায়ু-বৃদ্ধি হয়, আগ্নেয় দ্রব্যে পিত্ত-বৃদ্ধি হয়, এবং পার্থিব ও জল-জাত দ্রব্যে শ্লেষ্মা বৃদ্ধি হয়। প্রত্যেক দ্রব্যেই যে যে গুণ অধিক, তাহা নির্ণীত হইয়াছে। ইহা বিবে-চনা করিয়া একপ্রকার বা বহুবিধ দ্রব্য দোষে প্রয়োগ করিবে (১)।

শীতল উষ্ণ স্নিগ্ধ রুক্ষ মৃদু তীক্ষ্ণ পিচ্ছিল ও বিশদ, দ্রব্যের এই গুণগুলিকে বীর্য্য বলা যায়। দ্রব্যে অধিক পরিমাণে অগ্নি-গুণ থাকিলে তীক্ষ্ণোষ্ণ-বীর্য্য, জলীয় গুণ থাকিলে শীত ও পিচ্ছিল বীর্য্য, পার্থিব ও জলীয় গুণ থাকিলে স্নিগ্ধ বীর্য্য, জল ও আকাশ গুণ থাকিলে মৃদু-বীর্য্য, বায়ু-গুণ থাকিলে রুক্ষ-বীর্য্য, এবং ক্ষিতি ও বায়ু গুণ থাকিলে

(১) অর্থাৎ একপ্রকার বা বহুবিধ দ্রব্য একত্র করিয়া রোগের শান্তি করিবে।

বিশদ-বীর্য্য বলা যায়। গুরু ও লঘু পাকের বিষয় পূর্ব্বে বলা হইয়াছে। উষ্ণ বা স্নিগ্ধ বীর্য্য—বাতঘ্ন, শীত মৃদু বা পিচ্ছিল বীর্য্য—পিত্তঘ্ন, এবং তীক্ষ্ণ রুক্ষ বা বিশদ বীর্য্য—শ্লেষ্মঘ্ন। গুরুপাকে বাত-পিত্তের শান্তি হয়, এবং লঘুপাকে শ্লেষ্মার শান্তি হয়। মৃদু শীতল ও উষ্ণ গুণ স্পর্শের দ্বারা জানা যায়, পিচ্ছিল ও বিশদ, দর্শন ও স্পর্শের দ্বারা জানা যায়, স্নিগ্ধ ও রুক্ষ গুণ দর্শনের দ্বারা জানা যায়, এবং সুখ দুঃখ উৎপাদনের দ্বারা শীত ও উষ্ণ জানা যায়। গুরুপাকে বিষ্ঠা মূত্র রুদ্ধ হয় ও ঊর্দ্ধগত কফের দ্বারা পীড়িত হয়। লঘুপাকে বিষ্ঠা মূত্র রুদ্ধ হয় ও তৎপ্রযুক্ত বায়ু কুপিত হয়। যে দ্রব্যের যেরূপ রস, তাহার গুণও তদনুযায়ী হইয়া থাকে। যেমন মধুর-রস হইলে গুরু-পাক ও পার্থিব-গুণ-বিশিষ্ট, এবং মধুর ও স্নিগ্ধ হইলে জলীয়-গুণ-বিশিষ্ট হয়। গণ-বর্ণনায় দ্রব্যের যেরূপ গুণ বর্ণিত হইয়াছে, শরীরেও তাহারা সেইরূপ কার্য্য করে। দ্রব্যের গুণেই দেহের স্থিতি, ক্ষয় ও বৃদ্ধি হইয়া থাকে।

দ্বিচত্বারিংশৎ অধ্যায়।

রস-বিশেষ-বিজ্ঞান।

আকাশ বায়ু অগ্নি জল এবং ভূমি এই পঞ্চভূতে, যথাসংখ্য উত্তরোত্তর এক একটী বৃদ্ধি হইয়া শব্দ স্পর্শ রূপ রস গন্ধ, এই পঞ্চ গুণ জন্মে। অর্থাৎ আকাশের গুণ শব্দ, বায়ুর গুণ শব্দ ও স্পর্শ, অগ্নির শব্দ স্পর্শ ও রূপ, জলের শব্দ স্পর্শ রূপ ও রস, এবং ভূমির শব্দ স্পর্শ রূপ রস গন্ধ, এইরূপে যথাক্রমে জন্মিয়া থাকে। অতএব রস জলীয়-গুণ-সম্ভূত। পরস্পর সংসর্গ, আনুকূল্য এবং মিশ্রিত হওয়া প্রযুক্ত সকল ভূতের অংশ সকলেতেই মিলিত আছে। তবে উৎকৃষ্ট ও অপকৃষ্ট ভেদে গৃহীত হইয়া থাকে। জলীয়-গুণ-সম্ভূত সেই রস অবশিষ্ট সকল ভূতের সহিত মিলিত হইয়া বিদগ্ধ হইলে ছয়প্রকারে বিভক্ত হয়। ছয় রস যথা,—মধুর অম্ল লবণ কটু তিক্ত ও কষায়।

তাহারা পরস্পর মিলিত হইয়া ত্রিষষ্টি (৬৩) প্রকারে বিভক্ত হয়। তাহার মধ্যে পার্থিব ও জলীয় গুণের আধিক্যে মধুর-রস জন্মে, পার্থিব ও আগ্নেয় গুণ-বাহুল্যে অম্ল-রস জন্মে, জলীয় ও আগ্নেয় গুণ-বাহুল্যে লবণ-রস জন্মে, বায়ব্য ও আগ্নেয় গুণ-বাহুল্যে কটু-রস জন্মে, বায়ব্য ও আকাশ গুণ বাহুল্যে তিক্ত-রস জন্মে, এবং পার্থিব ও বায়ব্য গুণের বাহুল্যে কষায়-রস জন্মে। মধুর অম্ল ও লবণ বাতঘ্ন, মধুর তিক্ত ও কষায় পিত্তঘ্ন, এবং কটু তিক্ত ও কষায় শ্লেষ্মঘ্ন। বায়ু স্বয়ং সিদ্ধ, পিত্ত আগ্নেয় ও শ্লেষ্মা সৌম্য পদার্থ। সেই সকল রস স্বযোনি-বর্দ্ধনকর, এবং অন্য যোনির শান্তিকর। কোন কোন পণ্ডিত কহেন, যে জগতের অগ্নি-সোমীয়ত্ব প্রযুক্ত রস দুইপ্রকার,—আগ্নেয় ও সৌম্য। মধুর, তিক্ত ও কষায় সৌম্য এবং কটু, অম্ল ও লবণ আগ্নেয়। মধুরাম্ল লবণ স্নিগ্ধ ও গুরু, এবং কটু-তিক্ত-কষায় রুক্ষ ও লঘু। সৌম্য—শীতল, আগ্নেয়—উষ্ণ।

শীতলতা রুক্ষতা লঘুতা বৈশদ্য ও বিষ্টম্ভতা (স্তব্ধতা), বায়ু-গুণের লক্ষণ। তাহার সমান-যোনি কষায় রস। কষায় রসের শীতলতার দ্বারা বায়ুর শীতলতা, রুক্ষতার দ্বারা রুক্ষতা, লঘুতার দ্বারা লঘুতা, বৈশদ্যের দ্বারা বৈশদ্য এবং বিষ্টম্ভতার দ্বারা বিষ্টম্ভতা বৃদ্ধি হয়। উষ্ণতা তীক্ষ্ণতা রুক্ষতা লঘুতা এবং বৈশদ্য, পিত্ত-গুণের লক্ষণ। ইহার সমান-যোনি কটু রস। কটু রসের উষ্ণতার দ্বারা পিত্তের উষ্ণতা, তীক্ষ্ণতার দ্বারা তীক্ষ্ণতা, রুক্ষতার দ্বারা রুক্ষতা, লঘুতার দ্বারা লঘুতা, এবং বৈশদ্যের দ্বারা বৈশদ্য বর্দ্ধিত হয়। মাধুর্য্য স্নেহ গৌরব শীতলতা ও পিচ্ছিলতা শ্লেষ্মা-গুণের লক্ষণ। তাহার সমান-যোনি মধুর-রস। মধুর-রসের মধুরতার দ্বারা শ্লেষ্মার মধুরতা, স্নেহের দ্বারা স্নিগ্ধতা, গৌরবের দ্বারা গুরুতা, শৈত্যের দ্বারা শীতলতা, এবং পিচ্ছিলতার দ্বারা পিচ্ছিলতা বৃদ্ধি হয়। শ্লেষ্মার অপর যোনি অর্থাৎ অসমান-যোনি কটুরস। কটুরসের কটুত্বের দ্বারা শ্লেষ্মার মধুরতা, রুক্ষতার

দ্বারা স্নিগ্ধতা, লঘুতার দ্বারা গুরুতা, উষ্ণতার দ্বারা শীতলতা এবং বৈশদ্যের দ্বারা পিচ্ছিলতা নাশ হয়। দৃষ্টান্তের স্বরূপ এই পর্য্যন্ত বলা হইল।

অতঃপর রসের লক্ষণ কহিতেছি। যে রসে পরিতোষ, আহ্লাদ ও তৃপ্তি জন্মায়, ও যাহার দ্বারা জীবন রক্ষা হয়, মুখের অবলেপ (চট্‌-চটে) জন্মে এবং শ্লেষ্মা-বৃদ্ধি হয়, তাহাকে মধুর-রস বলে। যে রসের দ্বারা দন্ত-হর্ষ, মুখ-স্রাব এবং রুচি জন্মে, তাহাকে অম্ল-রস বলে। যে রসের দ্বারা জিহ্বার অগ্রভাগ জ্বালা করে, উদ্বেগ জন্মে, মাথা ধরে এবং নাসিকা হইতে জল নিঃসরণ হয়, তাহাকে কটু-রস বলে। যে রসের দ্বারা গলদেশে চোষ, মুখের বৈশদ্য, অন্নে রুচি এবং হর্ষ জন্মে, তাহাকে তিক্ত-রস কহে। যে রসের দ্বারা বক্ত্রদেশ পরিশুষ্ক হয়, জিহ্বা স্তম্ভিত হয়, কণ্ঠ বদ্ধ হয়, এবং হৃদয়দেশ পর্য্যন্ত আকৃষ্টের ও একপ্রকার পীড়িতের ন্যায় বোধ হয়, তাহাকে কষায়-রস কহে।

অতঃপর রসের গুণ কহিতেছি। মধুর-রসের দ্বারা রস রক্ত মাংস মেদ অস্থি মজ্জা ওজঃ শুক্র ও স্তন্য বৃদ্ধি হয়, দৃষ্টিশক্তি কেশ বর্ণ ও বল বৃদ্ধি হয়, ব্রণের সন্ধান হয় (কাটা ঘা যোড়া লাগে), এবং শরী-রের রস ও রক্ত প্রসন্ন হয়। এই রস বালক বৃদ্ধ ক্ষত এবং ক্ষীণের পক্ষে হিতকর, রোগী ষট্‌পদ পিপীলিকা প্রভৃতির ইষ্টতম, তৃষ্ণা মূর্চ্ছা ও দাহ শান্তিকর, ছয় ইন্দ্রিয়ের প্রসন্নকর, এবং ক্রিমিকর ও কফকর। এই সকলপ্রকার গুণ-বিশিষ্ট হইলেও, একমাত্র মধুর-রস অত্যর্থ সেবন করিলে, কাস শ্বাস অলস বমনেচ্ছা বদনের মাধুর্য্য ও স্বরের উপঘাত (স্বরভঙ্গ), ক্রিমি গলগণ্ড অর্ব্বুদ শ্লীপদ (গোদ), বস্তি-দেশ ও মলদ্বারের উপলেপ এবং চক্ষু-রোগ প্রভৃতি জন্মে।

অম্ল-রস—জারক পাচক বায়ুর শান্তিকর ও অনুলোমকর কোষ্ঠ-বিদাহী ক্লেদকর মুখপ্রিয় ও বাহ্য-শীতল। এইপ্রকার সকল গুণ-বিশিষ্ট হইলেও, একমাত্র অম্লরস অত্যর্থ সেবন করিলে, দন্ত-হর্ষ,

নয়ন-সংমীলন ও রোম-হর্ষণ হয়, এবং গাঢ় কফ তরল হয় ও শরীর শিথিল হইয়া পড়ে, এবং শরীরে কোন স্থান ক্ষত অভিহত দগ্ধ দষ্ট ভগ্ন শোথ-বিশিষ্ট রুগ্ন পতিত বিসর্প-রোগ-যুক্ত ছিন্ন ভিন্ন বিদ্ধ বা পিষ্ট হইলে তাহা পাকিয়া উঠে, এবং ইহার আগ্নেয় স্বভাব প্রযুক্ত কণ্ঠ, বক্ষ ও হৃদয়ে দাহ জন্মে।

লবণ-রস—সংশোধনকর পাচক বিশ্লেষকর ক্লেদকর শরীর-শৈথিল্যকর, সকল রসের বিরোধী, ও শরীরের সকল অবয়বের কোমলতা সম্পাদক। এইপ্রকার গুণ-যুক্ত হইলেও, সেই একমাত্র লবণ-রস অত্যর্থ সেবন করিলে, গাত্রকণ্ডূ মণ্ডলাকার-ব্রণ শোফ বিবর্ণতা পুংস্ত্বোপঘাত (ধ্বজভঙ্গ), ইন্দ্রিয়গণের উপতাপ, মুখে ও নেত্রে ব্রণ, রক্তপিত্ত বাতরক্ত ও অম্লোদ্গার প্রভৃতি রোগ উৎপন্ন হয়।

কটু-রস—অগ্নির দীপ্তিকর পাচক রুচিকর শোধন-কর স্থূলতা অল্প-কফ কৃমি বিষ কুষ্ঠ ও কণ্ডূর শান্তিকর, সন্ধি-বন্ধনের বিশ্লেষকর ও দেহের অবসাদকর, এবং স্তন্য শুক্র ও মেদ নাশক। এইপ্রকার গুণ-বিশিষ্ট হইলেও, একমাত্র কটুরস অত্যর্থ সেবন করিলে, ভ্রম মত্ততা, গল তালু ও ওষ্ঠ শোষ, গাত্র-সন্তাপ বল-হানি, কম্প বেদনা ও ভেদ, এই সকল রোগ উৎপন্ন হয়, এবং হস্ত পাদ পার্শ্ব পৃষ্ঠ প্রভৃতি স্থানে বাত-বেদনা জন্মে।

তিক্ত-রস—ছেদন-কর রুচি-কর দীপ্তি-কর শোধন-কর কণ্ডূ কোষ্ঠ তৃষ্ণা মূর্চ্ছা ও জ্বরের শান্তিকর, স্তন্য-শোধন-কর এবং বিষ্ঠা মূত্র ক্লেদ মেদ বসা ও পূযের শোষণকর। এইপ্রকার গুণ-বিশিষ্ট হইলেও, এক-মাত্র তিক্তরস অত্যর্থ সেবন করিলে, গাত্রের স্পন্দরহিত, এবং মন্যা-স্তম্ভ (গ্রীবা-দেশের সঞ্চালন-শক্তির অভাব), হস্ত পদাদির আক্ষেপ (খেঁচুনি), শিরঃশূল ভ্রম তোদ ভেদ ছেদ ও মুখের বৈরস্য জন্মে।

কষায়-রস—সংগ্রাহক (মল মূত্র রক্ত প্রভৃতি রুদ্ধকর), ব্রণের পূরণকর (স্তব্ধকর, শোধনকর), লেখনকর, শোষণকর, পীড়নকর এবং

ক্লেদ-শোষণকর। এইপ্রকার গুণ-বিশিষ্ট হইলেও, একমাত্র কষায়-রস অত্যর্থ সেবন করিলে, হৃৎপীড়া, মুখ-শোষ, উদরাধ্মান, বাক্‌রোধ, মন্যাস্তম্ভ, অঙ্গস্ফুরণ, কর্ণে চুমচুম-শব্দ শ্রবণ ও আক্ষেপ, আকুঞ্চন প্রভৃতি রোগ জন্মে।

অতঃপর রস-বিশিষ্ট সকল দ্রব্যের উপদেশ করা যাইতেছে। কাকোল্যাদি-গণ দুগ্ধ ঘৃত বসা মজ্জা শালিধান্য ষাটধান্য যব গোধূম মাষকলাই পাণিফল কেসুর সসা গোমুক কর্কটী অলাবু তরমুজ কতক-ফল গিলোড্য (জম্বীর বিশেষ) পিয়াল পদ্মবীজ গাম্ভারীফল মৌল দ্রাক্ষা খর্জ্জূর ক্ষীরাই তাল নারিকেল ইক্ষুবিকার পীত-বেড়েলা শ্বেত-বেড়েলা আলকুশী ভূমিকুষ্মাণ্ড পয়স্যা গোক্ষুরী মূর্ব্বালতা মহুরি ও কুষ্মাণ্ড প্রভৃতি সংক্ষেপতঃ মধুর-বর্গ।

দাড়িম আমলকী জম্বীর আম্রাতক (আমড়া) কপিত্থ পাণি-আমলা বড়কুল তিন্তিড়ী কোশাম্র কামরঙ্গ তিন্দুক বেত্রফল মাদার অম্লবেতস জম্বীর (গোঁড়ানেবু) দধি ঘোল সুরা, সাধারণ অম্লরস, কাঁজী তুষোদক ধান্যাম্ল প্রভৃতি অম্ল-বর্গ।

সৈন্ধব স্বচ্ছ বিট্ পাক্য সাম্ভরী সামুদ্র (করকচ) পক্তিম যবক্ষার উষক্ষার ও সুবর্চ্চিকা (সাজীমাটী) প্রভৃতি সামান্যতঃ লবণ-বর্গ।

পিপ্পল্যাদি সুরসাদি শিগ্রু মধু-শিগ্রু মূলক রশুন সুমুখ (শ্বেত-তুলসী) মৌরী কুড় দেবদারু রেণুক সোমরাজী-ফল মুথা কাঁচড়া মুষাকাণী গুগ্‌গুল সোনাপাত পীলু প্রভৃতি প্রায় কটু-বর্গ।

আরগ্বধাদিগণ গুড়ূচ্যাদিগণ মঞ্জিষ্ঠা বৈত্র-করীর (বেতের কুড়ী) হরিদ্রা দারু-হরিদ্র ইন্দ্রযব বরুণ-বৃক্ষ গোক্ষুরী সপ্তপর্ণ বৃহতী কণ্টিকারী চোরহুলী মূষিক-পর্ণী ত্রিবৃৎ (তেউড়ী) ঘোষা-ফল কর্কোটক কাকরোল কারবেল্লক (করেলা) বার্ত্তাক করীর করবীর মালতী শঙ্খ-হুলী অপামার্গ বলা অশোক কটুকী জয়ন্তী ব্রাহ্মী পুনর্নবা বৃশ্চিকালী (বিছুটী) ও জ্যোতিষ্মতী-লতা প্রভৃতি সামান্যতঃ তিক্ত-বর্গ।

ন্যগ্রোধাদি অম্বষ্ঠাদি প্রিয়ঙ্গ্বাদি ও রোধ্রাদিগণ ত্রিফলা জম্বু আম্র বকুল তিন্দুক (কেঁদ ফল) কতকশাক পাষাণ-ভেদী পুষ্পহীন বৃক্ষের ফল ও ধুনা প্রভৃতি প্রায় কষায়-বর্গ। কুরুবক কাঞ্চন-বৃক্ষ জীবন্তী চিল্লি পালঙ্ক সুষুনি-শাক প্রভৃতি এবং উড়িধান্য আদি ও মুদ্গাদি সামান্যতঃ কষায়-বর্গ।

এই সকল রস প্রত্যেকে ও পরস্পর মিলিত হইয়া ত্রিষষ্টি (৬৩) প্রকারে বিভক্ত। যথা, দুই রসের পরস্পর সংযোগে পঞ্চদশ প্রকার, তিন রসের সংযোগে বিংশতি প্রকার, চারি রসের সংযোগে পঞ্চদশ প্রকার, পাঁচ রসের সংযোগে ছয় প্রকার, এবং সকল রস প্রত্যেকে ছয় প্রকার। এই সকল সংযুক্ত-রসের প্রয়োজন অন্যত্র বলা যাইবে।

ত্রিচত্বারিংশৎ অধ্যায়।

বমন-দ্রব্য-বিধি।

বমন-কারক দ্রব্যের মধ্যে মদন (ময়না) ফলই বমন করাইবার পক্ষে শ্রেষ্ঠতম উপায়। প্রসৃতি-পরিমাণ আতপ-শুষ্ক মদনপুষ্প-চূর্ণ, অপামার্গ অর্ক বা নিম্বের ক্বাথে আলোড়িত করিয়া, মধু ও সৈন্ধব লবণের সহিত পান করাইয়া বমন করাইবে। অপক্ব মদন-ফলের চূর্ণ উক্তপ্রকারে বকুলের বা পটোল-মূলের ক্বাথে এবং মধু ও সৈন্ধব লবণ সহযোগে উষ্ণ করিয়া ভক্ষণ করাইবে। অথবা তিল-তণ্ডুল বা যবের মণ্ড উক্ত চূর্ণ-সহযোগে পাক করিয়া পান করাইবে। অথবা, ঈষৎ হরিত পাণ্ডুবর্ণ মদন-ফল কুশের দ্বারা বদ্ধ ও গোময়ের দ্বারা লেপন করিয়া, যব তুষ মুদ্গ মাষ বা শালি প্রভৃতি ধান্যের রাশির মধ্যে অষ্টরাত্র রাখিয়া, তাহার শস্য গ্রহণ করিবে। সেই শস্য আতপে শুষ্ক করিয়া দধি মধু ও পললের (মাংসের) সহিত মর্দ্দন করিয়া পুনর্ব্বার শুষ্ক করিবে। অনন্তর উত্তম পাত্রে রাখিয়া কোবিদারাদি দ্রব্যের

মধ্যে কোন (১) দ্রব্যের অথবা যষ্টিমধুর ক্বাথ সহযোগে মুষ্টির দ্বারা মর্দ্দন পূর্ব্বক রাত্রিকালে পর্য্যুষিত করিয়া রাখিবে। প্রাতঃকালে রোগীকে পূর্ব্বমুখে বা উত্তরমুখে বসাইয়া আশীর্ব্বিধেয় মন্ত্র পাঠপূর্ব্বক ঐ ঔষধ মধু ও সৈন্ধব লবণ সংযোগে পান করাইবে। মন্ত্র যথা,—ব্রহ্মা দক্ষ অশ্বিনীদ্বয় রুদ্র ইন্দ্র পৃথিবী চন্দ্র সূর্য্য অগ্নি এবং বায়ুগণ ঋষিগণ ওষধিগণ ও ভূতগণ তোমাকে রক্ষা করুন। রসায়ন যেরূপ ঋষিদিগের পক্ষে, অমৃত যেরূপ দেবতাগণের পক্ষে, এবং সুধা যেরূপ উত্তম নাগগণের পক্ষে, এই ঔষধ তোমার পক্ষে সেইরূপ হউক।

বিশেষতঃ শ্লেষ্মার জ্বরে প্রতিশ্যায়ে বা অন্তর্বিদ্রধিরোগে বমন না হইলে, অথবা হইলেও তাহাতে দোষের প্রবৃত্তি না থাকিলে, সম্যক্ রূপে বমন না হওয়া পর্য্যন্ত পিপ্পলী বচ এবং শ্বেত-সর্ষপ পেষণ করিয়া লবণযুক্ত উষ্ণ-জলে মিশ্রিত করণপূর্ব্বক পুনঃ পুনঃ পান করাইবে। মদন-ফলের মজ্জাচূর্ণ, সেই ফলের ক্বাথে ভাবিত (২) করিয়া, ঐ ফলের ক্বাথের সহিতই পান করাইবে। অথবা মদন-ফলের মজ্জার সহিত দুগ্ধ পাক করিলে যে সন্তানিকা (সর) জন্মে, তাহা মধু-সংযোগে ভক্ষণ করাইবে। অথবা উক্ত মজ্জার সহিত দুগ্ধ পাক করিয়া পান করাইবে। অধোগামী-রক্তপিত্ত অথবা হৃদ্দাহ রোগে, উক্ত-মজ্জ-সংযোগে দুগ্ধ পাক করিবে, ও তাহাতে যবের মণ্ড প্রস্তুত করিয়া রোগীকে পান করাইবে। কফ বমন বা তমকশ্বাস রোগে, উক্ত-প্রকারে দুগ্ধ পাক করণপূর্ব্বক দধি প্রস্তুত করিবে, সেই দধি বা সেই দধির স্নেহ ভক্ষণ করাইবে। পিত্ত কফের স্থানগত হইলে, ভল্লাতকের তৈল নিঃসারণের ন্যায় মদন-ফলের মজ্জার তৈল নিঃসারণ করিয়া ফাণিত পূর্ব্বক (ফেনাইয়া) লেহন করিতে দিবে। অথবা উক্ত ফলের

(১) ৩৯ অধ্যায়ে দেহের উর্দ্ধভাগ-সংশোধনী দ্রব্যগণের মধ্যে কোবিদার হইতে চিতে পর্য্যন্ত যে সকল দ্রব্য বলা হইয়াছে, তাহার মধ্যে যে কোন দ্রব্য হউক।

(২) পুনঃ পুনঃ ক্বাথের সহিত মর্দ্দন করিয়া শুষ্ক করাকে ভাবিত করা বলে।

মজ্জাচূর্ণ জীবন্তীর ক্বাথের সহিত পান করাইবে। মদন-ফলের মজ্জার ক্বাথ পিপ্পল্যাদি চূর্ণের সহিত, অথবা উক্ত মজ্জার চূর্ণ নিম্ব অথবা শ্বেত-আকন্দের ক্বাথের সহিত সেবন করিলে কফ-রোগের শান্তি হয়। অথবা উক্ত মজ্জ-চূর্ণ, যষ্টিমধু গাম্ভারী ও দ্রাক্ষার ক্বাথের সহিত সেবন করাইবে। মদন-ফলের বিধি এইরূপ কথিত হইল।

দেবতাড় বৃক্ষের পুষ্প-চূর্ণ পূর্ব্ববৎ দুগ্ধের সহিত পাক করিবে। সেই দুগ্ধে যবের মণ্ড প্রস্তুত করিয়া রোগীকে সেবন করাইবে। রোমশ ব্যক্তিকে সেই দুগ্ধের সন্তানিকা, ও রোম-হীন ব্যক্তিকে সেই দুগ্ধজাত দধির স্নেহ সেবন করাইবে। হরিত-পাণ্ডু রোগে উক্তপ্রকার দধিই সেবন করাইবে। কফ অরুচি কাস শ্বাস পাণ্ডুরোগ যক্ষ্মা ও তৎপর্য্যায়গত অন্যান্য রোগে, উক্ত পুষ্পের ক্বাথের সহিত সুরা সেবন করাইবে। কুটজ ও কোষাতকী ফলের দ্বারাও এই প্রণালীক্রমে বমন করান যায়। তিক্ত অলাবুর পুষ্প-চূর্ণ দুগ্ধের সহিত সেবন করিলে, কাস শ্বাস বমন ও কফরোগের শান্তি হয়। মদন-ফলের মজ্জার ন্যায় অপামার্গও বমন-কার্য্যে ব্যবহৃত হইয়া থাকে। গরল গুল্ম উদরী কাস শ্বাস ও কফ রোগের পক্ষে ইহা বিশেষরূপে সেবনীয়। বায়ু কফস্থান-গত হইলে, কোষাতকী ও পিপ্পলী-চূর্ণ বমন-কারক দ্রব্যের ক্বাথের সহিত পান করাইয়া, ও তদনন্তর উৎপলাদিগণে যে সকল দ্রব্য উল্লিখিত হইয়াছে তাহাদিগের চূর্ণ আঘ্রাণ করাইয়া, বমন করাইবে। শরীরে দোষ বদ্ধ হইয়া না থাকিলে অগ্রে যবের মণ্ড পান করাইয়া পরে এই বমন-প্রণালী বিধান করিবে। বমন বিরেচন ও শিরোবিরেচন কার্য্যে অবস্থা-বিশেষে কোন কোন দ্রব্য এইপ্রকার বিশেষরূপে ব্যবহৃত হইয়া থাকে।

বমন-দ্রব্যের যে নিয়ম বলা হইল, তাহা ব্যাধি-কাল এবং রোগীর শক্তি অনুসারে বিধান করিবে। বুদ্ধিমান্ বৈদ্য, লেহ্য পেয় প্রভৃতি ভক্ষ্য দ্রব্যের সংযোগে বমন-দ্রব্যের ক্বাথ রস কল্ক এবং চূর্ণ প্রয়োগ করিবে।

চতুশ্চত্বারিংশৎ অধ্যায়।

বিরেচন-দ্রব্য-বিধি।

মূলের মধ্যে রক্তবর্ণ তেউড়ির মূল, ত্বকের মধ্যে বিল্ব-বৃক্ষের ত্বক্, ফলের মধ্যে হরীতকী, তৈলের মধ্যে এরণ্ড তৈল, এবং দুগ্ধের মধ্যে সিজ্‌বৃক্ষের দুগ্ধ, এই পাঁচটী বিরেচনের পক্ষে শ্রেষ্ঠ। তাহাদিগের ব্যবহার-প্রণালী আনুপূর্ব্বিক কহিতেছি।

বায়ুজন্য রোগে দোষ-বর্জ্জিত বৃহৎ তৃবৃতের (তেউড়ি) মূল-চূর্ণ এবং প্রচুর পরিমাণে সৈন্ধব-লবণ ও শুণ্ঠী-চূর্ণ, অম্লরসের সহযোগে পান করিবে। পিত্ত-রোগে উক্ত তৃবৃৎ মূলের চূর্ণ, শর্করা প্রভৃতি ইক্ষু-বিকার সহযোগে অথবা দুগ্ধ-সহযোগে পান করিবে। কফ-রোগে উক্ত মূল-চূর্ণ, গুড়ুচী নিম্ব ও ত্রিফলার রস এবং ত্রিকটু ও গোমূত্র সহযোগে, অথবা গোক্ষুরী ও ত্রিকটু যুক্ত তৃবৃৎ-চূর্ণ পুরাতন গুড়ের সহিত সেবন করিবে। তেউড়ী মূলের রস ১ প্রস্থ (/২ দুই সের), ও তেউড়ী-মূলের কল্ক ১ কুড়ব (৩২ তোলা) পরিমাণ, এবং সৈন্ধব ও শুণ্ঠী প্রত্যেকে ১ কর্ষ (২ তোলা) পরিমাণ, একত্র পাক করিবে, রস শুষ্কপ্রায় হইয়া কল্ক প্রস্তুত হইলে ভক্ষণ করিবে। সেই কল্ক এবং শুণ্ঠী প্রত্যেকে সমান ভাগ, সৈন্ধব ও গোমূত্র সংযোগে পান করিবে। তৃবৃৎ (তেউড়ী) শুণ্ঠী ও হরীতকী প্রত্যেকে সমান ভাগ, এবং সুপক্ক পূগফল অর্দ্ধভাগ, এই সকল দ্রব্য বিড়ঙ্গবীজ মরিচ দেবদারু সৈন্ধব ও গোমূত্র সংযোগে পান করিবে। বিরেচন-দ্রব্য (তেউড়ী প্রভৃতি) চূর্ণ করিয়া তাহাদিগেরই রসে মর্দ্দন করিবে। সেই গুটিকা ঘৃতের সহিত ভক্ষণ করিবে। গুড় পাক করিবার কালে পাক শেষ-প্রায় হইলে (অথবা গুড়ের রস প্রস্তুত করিয়া) তাহাতে উপর্য্যুক্ত তৃবৃৎ-চূর্ণ ক্ষেপণ করিয়া পাক করিবে। শীতল হইলে দারুচিনী এলাইচ ও তেজপত্র সংযোগপূর্ব্বক মর্দ্দন করিয়া উপযুক্ত পরিমাণে গুটিকা বন্ধন করিবে। বিরেচক দ্রব্যের চূর্ণ সেই দ্রব্যের চতুর্গুণ পরিমিত কাথে

পাক করিবে। শীতল হইলে ঘৃতের দ্বারা অঙ্গ মর্দ্দন করিবে। পরে ঐ কাথের উষ্ণজল দ্বারা স্বেদ দিয়া তাহাকে খণ্ড খণ্ড করিবে। অনন্তর শর্করা পাক করিয়া তাহাতে ঐ খণ্ডগুলি এবং গন্ধ-দ্রব্য প্রক্ষেপপূর্ব্বক গুটিকা বন্ধন করিবে। বিরেচক দ্রব্যের রসে মুদ্গ বা অন্যপ্রকার বিদল (কলাই প্রভৃতি বিদল) ভাবিত করিবে। সৈন্ধব-লবণ ও ঘৃত সংযোগে সেই বিদলের যূষ পাক করিয়া রোগীকে পান করাইবে। বমন-কারক ঔষধও এই প্রণালীতে সেবন করান যায়। ইক্ষু দ্বিখণ্ডিত করিয়া তৃবৃতের কল্ক লেপনপূর্ব্বক রজ্জুর দ্বারা বন্ধন করিয়া পুটপাক-প্রণালীতে সম্যক্-রূপে পাক করিবে। শীতল হইলে সেই ইক্ষু পিত্ত-রোগীকে ভক্ষণ করাইবে।

শর্করা বনযমানী দারুচিনী ক্ষীরিকা ভূমিকুষ্মাণ্ড ও তৃবৃৎ, সম-ভাবে মধু ও ঘৃতের সহিত সেবন করিলে তৃষ্ণা দাহ ও জ্বরের শান্তি হয়। কোমল-প্রকৃতি ব্যক্তিদিগের বিরেচনের নিমিত্ত শর্করা ও মধুসংযুক্ত তৃবৃৎ-চূর্ণ বিধান করিবে। পল (৮ তোলা) পরিমিত শর্করাতে দারুচিনী তেজপত্র ও মরিচ চূর্ণ সমভাগে ক্ষেপণ পূর্ব্বক অবলেহ প্রস্তুত করিবে। অবলেহ প্রস্তুত হইলে তাহাতে তৃবৃৎ-চূর্ণ, ও শীতল হইলে অর্দ্ধকুড়ব (১৬ তোলা) পরিমিত মধু প্রদান করিবে, এইটী পিত্তঘ্ন বিরেচন। তৃবৃৎ শ্যামা-লতা যবক্ষার শুণ্ঠী পিপ্পলী ও মধু একত্র ভক্ষণ করা, সকলপ্রকার শ্লেষ্মা-বিকারের পক্ষে শ্রেষ্ঠ বিরেচন। বীজযুক্ত হরীতকী গাম্ভারী-ফল আমলকী দাড়িম ও বদর, ইহাদিগের রস তৈলে ভর্জ্জিত করিয়া অম্ল-রস সংযোগে পাক করিবে। ঘনীভূত হইলে দারুচিনী এলাইচ তেজপত্র ও তৃবৃৎ মধুমিশ্রিতপূর্ব্বক অবলেহ প্রস্তুত করিবে। এই অব-লেহ অম্লকফ-প্রকৃতি সুকুমার ব্যক্তির পক্ষে প্রশস্ত বিরেচক। নীল-বৃক্ষ তৃবৃৎ ও মিছরি এই তিন দ্রব্য তিনভাগ, এবং দারুচিনী ও এলাইচ এই দুই দ্রব্যে মিলিয়া এক ভাগ, মধু এবং ফলাম্লের

(অম্ল-বর্গের লিখিত কোন ফল) সহযোগে সেবন করিবে। তৃবৃৎ শ্যামালতা শর্করা পিপ্‌পলী ত্রিফলা ও মধু একত্র মোদক প্রস্তুত করিয়া সেবন করিলে সন্নিপাত ঊর্দ্ধগত-রক্তপিত্ত ও জ্বর আরোগ্য হয়। তৃবৃৎ তিন ভাগ, তাহার সমান ত্রিফলা, এবং যবক্ষার পিপ্‌পলী ও বিড়ঙ্গ প্রত্যেকে এক ভাগ, চূর্ণ করিয়া মধু ঘৃত সংযোগে লেহন করিবে, অথবা গুড়-সংযোগে গুটিকা নির্ম্মাণ করিয়া ভক্ষণ করিবে। ইহার দ্বারা কফ-বাত-জন্য গুল্ম, প্লীহা উদরী হলীমক এবং এবং অন্যান্য রোগও নিবারিত হয়। এই বিরেচনটী উপদ্রব-রহিত। শ্যামালতা তৃবৃৎ নীল কটুকী মুথা দুরালভা চই ইন্দ্রবীজ ও ত্রিফলা, ঘৃত ও মাংস-রস সংযোগে পান করিবে। এই বিরেচন রুক্ষ ব্যক্তির পক্ষেও প্রশস্ত। বিরেচক দ্রব্যের কাথ শীতল হইলে তাহার তিন ভাগ, এবং শর্করা দুই ভাগ একত্র অগ্নিতে পাক করিবে। উত্তমরূপে পাক হইলে শীতল করিয়া কলসীতে রাখিবে। পরে হেমন্ত ও তৎপূর্ব্ব বা পর ঋতু, এই উভয় ঋতুতে মিলিয়া অন্যূন এক মাস অতীত হইলে (১), তাহাতে মধুর ন্যায় গন্ধ-বিশিষ্ট মাদক রস জন্মে। সেই রস পান করিবে। ক্ষার মূত্র এবং অন্যপ্রকার মাদকেও এই প্রণালী-ক্রমে কার্য্য হয়। বিরেচক দ্রব্যের মূলের কাথে মাষ-কলাই ভাবিত (২) করিবে, শালি-তণ্ডুলও ঐ কাথে উত্তমরূপে ধৌত করিয়া চূর্ণ করিবে, পরে একত্র পিণ্ডাকারে শুষ্ক করণপূর্ব্বক চূর্ণ করিবে। শালিতণ্ডুল-চূর্ণ বিরেচক দ্রব্যের উষ্ণ কাথে পেষণ করিবে। সেই পিষ্টদ্রব্য তিন ভাগ এবং কিণ্ব এক ভাগ মিশ্রিত করিবে। সেই মিশ্রিত দ্রব্য উপর্য্যুক্ত কাথের সহিত একত্র করিয়া কলসীতে রাখিলে

---

(১) হেমন্ত ঋতুর পনর দিন ও তাহার পর বা পূর্ব্ব ঋতুর পনর দিন, এইরূপে উভয় ঋতু মিলিয়া এক মাস অতীত হইলে।

(২) যে কোন রূপে হউক, উল্লিখিত রস-সহযোগে আর্দ্র করাকেও ভাবিত করা বলে।

যে সুরা-রস জন্মে তাহা পান করিবে। এই সুরা-কল্পের প্রণালী বমন-কার্য্যেও প্রয়োগ হইতে পারে। পরে ত্রিবৃৎ প্রভৃতি বিরেচক দ্রব্য, আরগ্বধাদিগণস্থ (৩৮ অধ্যায়ে) দ্রব্য, বৃহৎ পঞ্চ মূল, এবং মূর্ব্বা করঞ্জ সিজ্‌ হরীতকী ত্রিফলা আতইচ ও বচ, এই সকল দ্রব্যের মূল সংগ্রহ করিয়া দুই ভাগ করিবে। তাহার এক ভাগ চূর্ণ করিবে, এবং অপর ভাগের ক্বাথ করিবে। যব ভাঙ্গিয়া সেই ক্বাথে পুনঃ ২ ভাবিত করিবে। সেই ভাবিত যব শুষ্ক করিয়া অল্প ভর্জ্জন করিবে। সেই ভৃষ্ট যবের তিন ভাগ ও পূর্ব্বোক্ত চূর্ণ এক ভাগ, এবং পূর্ব্বোক্ত ক্বাথ শীতল হইলে সকল একত্র করিয়া কলসীতে পূর্ব্ব কথিত প্রণালীক্রমে রাখিবে। তাহাতে সৌবীরক (কাঁজী) প্রস্তুত হয়। পূর্ব্বোক্ত ঔষধ সকল সংগ্রহ করিয়া দুই ভাগ করিবে। তাহার একভাগ চূর্ণ করিবে। অপর ভাগ যবের সহিত অজশৃঙ্গী বৃক্ষের ক্বাথে অগ্নিতে পাক করিবে। সুপক্ক হইলে ঔষধ-গুলি পৃথক্ করণ পূর্ব্বক তুষ সমেত সম্যক্ রূপে মর্দ্দন করিবে। সেই মর্দ্দিত ঔষধ তিন ভাগ ও পূর্ব্বোক্ত চূর্ণ এক ভাগ একত্র করিয়া উপযুক্ত যুষের সহিত কলসীতে স্থাপন করিবে। পূর্ব্বোক্ত মতে কাল গত হইলে তাহাতে যে রস জন্মে তাহাকে তুষোদক কহে। তুষোদক ও সৌবীরক প্রস্তুত করিবার প্রণালী বলা হইল। ছয় বা সপ্তরাত্রি পরে তাহারা পানীয় স্বরূপে ব্যবহৃত হইতে পারে। বিরেচন দ্রব্যের মধ্যে ত্রিবৃৎ-মূলের বিধি বলা হইল। দন্তী অথবা মূষিক-পর্ণীর মূল কুশে বন্ধন করিয়া ও মৃত্তিকা লেপন পূর্ব্বক সিদ্ধ করিবে। সিদ্ধ হইলে উদ্ধৃত করিয়া শুষ্ক করিবে। পরে ত্রিবৃৎ সেবনের প্রণালী-ক্রমে পিত্ত-শ্লেষ্মা রোগে প্রয়োগ করিবে। উক্ত দুই মূলের কল্ক বা ক্বাথের দ্বারা চক্রতৈল পাক করিবে। অথবা তাহাতে ঘৃত পাক করিবে, তদ্দ্বারা বিসর্প কক্ষা দাহ ও অলজী রোগ নিবৃত্তি হয়। এবং তৈলের দ্বারা মেহ গুল্ম বায়ু ও শ্লেষ্মাজন্য বিবন্ধ নাশ হয়। এই চারি প্রকার স্নেহের দ্বারা পুরীষ শুক্র ও বায়ু সংরোধ-জন্য রোগ সমূহ নাশ হয়। দন্তী-মূল

মূষিক-পর্ণীর মূল মরিচ ধুস্তুর বাসক শুণ্ঠী দ্রাক্ষা চিতা, এই সকল দ্রব্য সপ্তাহ গোমূত্রে ভাবিত করিবে। পরে চূর্ণ করিয়া ঘৃতসংযোগে ভক্ষণ করিবে। গুড় ৮ পল (৬৪ তোলা) হরীতকী চূর্ণ ১৬০ তোলা দন্তী ৪ তোলা চিতে ৪ তোলা পিপ্‌পলী ১০ তোলা, ও ত্রিবৃৎ ১০ তোলা, একত্র করিয়া মোদক নির্ম্মাণ পূর্ব্বক ১০ দিন অন্তর এক একটী ভক্ষণ করিয়া উষ্ণ জল অনুপান করিবে। ইহা দোষঘ্ন এবং গ্রহণী পাণ্ডু অর্শঃ ও কুষ্ঠ নাশক। শুণ্ঠী পিপ্‌পলী মরিচ দারচিনি এলাইচ তেজপত্র মুথা বিড়ঙ্গ ও আমলকী, এই দ্রব্য গুলি চূর্ণ করিয়া প্রত্যেকে সমভাগ, সকলের অষ্টগুণ ত্বৃবৃৎ মূল-চূর্ণ, দন্তী-চূর্ণ দুই ভাগ ও শর্করা ছয় ভাগ, ঈষৎ সৈন্ধব লবণ ও মধু, সকল একত্র ভক্ষণ করিয়া শীতল জল অনুপান করিবে। ইহা বস্তিরোগ তৃষ্ণা জ্বর ছর্দ্দি শোষ পাণ্ডু ও মুর্চ্ছা নাশক, বিষঘ্ন ও বিরেচক। ইহার নাম ত্রিবৃদষ্টক, পিত্ত রোগীর পক্ষে হিতকর। পিত্ত-শ্লেষ্মা রোগীর পক্ষে এই ঔষধ ভক্ষণ করিয়া ক্ষীর অনুপান করা কর্ত্তব্য। এই ঔষধ ধনীর পক্ষে সেবনীয়।

লোধ বৃক্ষের বল্কল পরিত্যাগ পূর্ব্বক বাহিরের ত্বক্ গ্রহণ করিবে। সেই ত্বক্ চূর্ণ করিয়া তিন ভাগ করিবে। দুই ভাগ লোধের কাথে মিশ্রিত করিবে, তৃতীয় ভাগ সেই কাথে ভাবিত করিয়া শুষ্ক করিবে। পরে পুনর্ব্বার দশমূলের কাথে ভাবিত করিয়া ত্রিবৃতের বিধানানুসারে কার্য্য করিবে।

ত্বকের দ্বারা বিরেচন প্রণালী বলা হইল, এক্ষণে ফলের দ্বারা বিরেচন করাইবার প্রণালী বলা যাইতেছে। অস্থি (আঁটী) বর্জ্জিত ও দোষ-বর্জ্জিত হরীতকীর ফল ত্রিবৃতের বিধানানুসারে সেবন করিলে সকল রোগের শান্তি হয়। হরীতকী পরম রসায়ন, মেধা-জনক, দুষ্ট ও অন্তর্ব্রণের সংশোধক। হরীতকী বিড়ঙ্গ সৈন্ধব শুণ্ঠি ত্রিবৃৎ ও মরিচ একত্র গোমূত্রের সহিত সেবন করিলে বিরেচন হয়। হরীতকী দেবদারু কুড় গুবাক সৈন্ধব আদা একত্র গোমূত্র সহযোগে সেবন করিলে বিরে-

চন হয়। নীলী-বৃক্ষের ফল শুণ্ঠী ও হরীতকী, চূর্ণ করিয়া গুড়ের সহিত লেহন পূর্ব্বক উষ্ণজল পান করিবে। পিপ্পল্যাদি গণের ক্বাথে হরীতকী পেষণ করিয়া সৈন্ধব-লবণ সংযোগে পান করিলে তৎক্ষণাৎ বিরেচন হয়। শুণ্ঠী গুড় অথবা সৈন্ধবলবণের সহিত হরীতকী ভক্ষণ করিলে অগ্নি বৃদ্ধি হয়। হরীতকী বায়ুর অনুলোম-কারিণী, সংসর্গ-শক্তি-বর্দ্ধিনী ও ইন্দ্রিয়গণের প্রসন্ন-কারিণী। অতিরিক্ত আহার প্রযুক্ত যে সকল রোগ জন্মে, তাহা প্রায়ই হরীতকীর দ্বারা নিবৃত্তি হয়। আমলকী শীতল, রুক্ষ, পিত্ত এবং মেদ ও কফহারী। বিভীতকী উষ্ণ নহে অথচ কফ ও পিত্তের শান্তিকর। এই তিন ফল অম্ল কষায় তিক্ত ও মধুর-রস-বিশিষ্ট, এই ত্রিফলা সর্ব্বরোগ নাশিনী। তিন ভাগ (৪ভাগের ৩ ভাগ (ঘৃতের সহিত ইহা সতত সেবন করিলে শরীর শীঘ্র জরাগ্রস্ত হয় না।

সোঁদাল ভিন্ন অন্যান্য সকল বিরেচক ফলই হরীতকীর বিধানানুসারে প্রয়োগ করা যায়। বিরেচক ফল পক্কাবস্থায় বৃক্ষ হইতে চয়ন করিয়া বালুকা মধ্যে স্থাপন করিবে। পরে সপ্তাহ আতপে শুষ্ক করিয়া তাহার বীজের শস্য গ্রহণ করিবে। সেই শস্য জলে পাক করিয়া অথবা তিলের ন্যায় পেষণ করিয়া তৈল বাহির করিবে। সেই তৈল দ্বাদশ বর্ষ বয়স পর্য্যন্ত বালককে সেবন করাইবে। শুণ্ঠী পিপ্পলী মরিচ ও কুষ্ঠ সংযোগে এরণ্ড-তৈল লেহন করিয়া ঈষদুষ্ণ জল অনুপান করিলে বিরেচন হয়। এরণ্ড-তৈল, দ্বিগুণ ত্রিফলার ক্বাথের সহিত বা দুগ্ধ অথবা মাংস-রসের সহিত সেবন করিলে বিরেচন হয়। বালক বৃদ্ধ ক্ষত ক্ষীণ ও সুকুমার ব্যক্তিদিগের প্রতি এই বিরেচন বিধেয়।

হে সুশ্রুত! বিরেচক ফলের প্রণালী বলা হইল, এক্ষণে ক্ষীরের (আটার) প্রণালী কহিতেছি শ্রবণ কর। তীক্ষ্ণ বিরেচকের মধ্যে সীজ দুগ্ধই শ্রেষ্ঠ। অজ্ঞ-কর্ত্তৃক প্রয়োগ করা হইলে তাহা বিষের ন্যায় প্রাণ

নাশ করে, এবং বিজ্ঞ কর্ত্তৃক প্রয়োগ করা হইলে সঞ্চিত মহান্ দোষ সমূহ ভেদ ও দুস্তর রোগ সমূহ বিনাশ করে। বৃহৎ পঞ্চ-মূলী এবং বৃহতী ও কণ্টকারী, ইহাদিগের এক একটীর করিয়া পৃথক্ রূপে ক্বাথ গ্রহণ করিবে। সেই সমস্ত ক্বাথ ও সীজ-দুগ্ধ সমভাগে লইয়া, ঐ সীজ দুগ্ধ প্রত্যেক ক্বাথের সহিত পৃথক্ রূপে সিজ কাষ্ঠের অঙ্গারেই শুষ্ক করিবে। পরে বড় কুল-পরিমাণ ঔষধ লইয়া অম্লাদি বর্গের সহিত (রোগ ভেদে) সেবন করিবে। মহাবৃক্ষের দুগ্ধে যবের তণ্ডুল আর্দ্র করিয়া রাখিবে। পরে তাহাতে মণ্ড প্রস্তুত করিয়া পান করিলে অথবা গুড়ের সহিত মোদক প্রস্তুত করিয়া ভক্ষণ করিলে, শীঘ্র বিরেচন হয়। অথবা মনসা-সীজের দুগ্ধ, এবং ঘৃত ও চিনী একত্র লেহ প্রস্তুত করিয়া লেহন করিবে। অথবা লবণযুক্ত পিপ্পলী ও গজ-পিপ্পলী মনসা-সীজের দুগ্ধে ভাবিত করিয়া, কিংবা কমলা গুড়ির চূর্ণ ঐ দুগ্ধে ভিজাইয়া রাখিয়া গুটিকা প্রস্তুত করিয়া ভক্ষণ করিবে। সপ্তলা (পারুল) শঙ্খিনী দন্তী ত্রিবৃৎ ও আরগ্বধ (সোদাল) সপ্তাহ গোমূত্রে ও পরে মনসা-সীজের দুগ্ধে মগ্ন করিয়া রাখিবে। পরে চূর্ণ করিয়া তাহা মাল্য বসন প্রভৃতিতে বিকীর্ণ করিবে। সেই মাল্য বসন প্রভৃতি সম্যক্-রূপে আঘ্রাণ বা অঙ্গে আবরণ করিলে মৃদু কোষ্ঠ ব্যক্তির বিরেচন হয়। বিরেচন-কার্য্যে ক্ষীর ত্বক ফল মূলের প্রণালী বলা হইল, রোগাদি সম্যকরূপে বিবেচনা করিয়া সেবন করাইবে। ত্রিবৃৎ ত্রিফলা দারুচিনি বিড়ঙ্গ পিপ্পলী যবক্ষার প্রত্যেকের চূর্ণ ১২ মাষা একত্র ঘৃত ও মধু সংযোগে লেহন করিবে, অথবা গুড়ের সহিত মোদক প্রস্তুত করিয়া ভক্ষণ করিবে। ইহা শ্রেষ্ঠ বিরেচন। ইহার দ্বারা গুল্ম প্লীহোদর কাস হলীমক অরুচি এবং বাত-শ্লেষ্মা জনিত অন্যান্য ব্যাধির নিবৃত্তি হয়। ঘৃত তৈল দুগ্ধ মদ্য মূত্র বা অন্যান্য রস অথবা ভক্ষ্য অন্ন বা লেহ্য দ্রব্যের সহিত অভিজ্ঞ বৈদ্য বিরেচন প্রয়োগ করিবেন। ক্ষীর (আটা) রস কল্ক উষ্ণ ক্বাথ শীতল ক্বাথ এবং চূর্ণ,

ঔষধ সেবনের এই ছয় প্রকার কল্প। ইহারা উত্তরোত্তর লঘু। অর্থাৎ ক্ষীর অপেক্ষা রস লঘু, রস অপেক্ষা কল্ক লঘু ইত্যাদি। (১)

পঞ্চ চত্বারিংশৎ অধ্যায়।

দ্রব-দ্রব্যের গুণ-বর্ণনা।

আকাশ হইতে যে জল বর্ষণ হয়, তাহা অনির্দ্দিষ্ট-রস (কিরস তাহা বলা যায় না) অমৃততুল্য জীবনীয় তৃপ্তিকর ধারক আশ্বাসজনক শ্রমঘ্ন এবং ক্লান্তি পিপাসা মদ মূর্চ্ছা তন্দ্রা নিদ্রা ও দাহের শান্তিকর ও একান্ত হিতকর। সেই জল ভূমিতে পতিত হইয়া নদনদী সরোবর পুষ্করিণী দীর্ঘিকা কূপ ক্ষুদ্র-কূপ প্রস্রবণ উদ্ভিদ্ বৃহৎকূপ ক্ষেত্র এবং ক্ষুদ্র জলাশয় প্রভৃতি স্থানে অবস্থিত হইলে নানা প্রকার রস প্রাপ্ত হয়। কোন কোন পণ্ডিতেরা বলেন যে লোহিত কপিল পাণ্ডু পীত নীল ও শুক্ল প্রভৃতি বর্ণ-বিশিষ্ট ভূমিতে সেই জল যথাক্রমে মধুর অম্ল লবণ কটু তিক্ত ও কষায় রসবিশিষ্ট হয়। তাহা সঙ্গত নহে। পৃথিবী জল অগ্নি প্রভৃতি পঞ্চ স্থূল-ভূত পরস্পর মিশ্রিত হইয়া জলের উৎকৃষ্ট ও অপকৃষ্ট রস উৎপাদন করে। ভূমিতে অধিক পরিমাণে পার্থিব অংশ থাকিলে তাহার জল অম্ল ও লবণ রসবিশিষ্ট হয়, অধিক পরিমাণে জলীয় গুণ থাকিলে তাহার জল মধুর রসবিশিষ্ট হয়, অধিক পরিমাণে আগ্নেয় গুণ থাকিলে জল কটু বা তিক্ত হয়, অধিক পরিমাণে বায়ুর গুণ থাকিলে জল কষায়-রসবিশিষ্ট হয়, এবং অধিক পরিমাণে আকাশের গুণ থাকিলে জলের অব্যক্ত রস হয়, কারণ আকাশের রস অব্যক্ত। কোন প্রকার রস জানা যায় না বলিয়াই আন্তরীক্ষ জল

(১) বমন বিরেচন অধ্যায়ে অনেক স্থলেই দ্রব্যের ভাগ ও ঔষধ সেবনের পরিমাণ উল্লেখ নাই, কিন্তু সাধারণ বিধি এইরূপ আছে যে ভাগের উল্লেখ না থাকিলে সকল দ্রব্যই সমভাগ লইতে হইবে এবং সেবনের স্থলে মোদক, বটক ও লেহ ঔষধ দুইতোলা পরিমাণে সেবন করিবে। তবে শারীরীক অবস্থা ও বয়সের তারতম্য অনুসারে পরিমাণেরও বিশেষ হইয়া থাকে।

অভাবে এই জলই পানের পক্ষে প্রশস্ত। আন্তরীক্ষ জল চারি প্রকার। যথা—ধার কার তৌষার ও হৈম। তাহাদিগের মধ্যে ধারার জলই শ্রেষ্ঠ, কারণ, ইহা লঘু। ধারার জল দুই প্রকার গাঙ্গ এবং সামুদ্র। গাঙ্গ বারি প্রায় আশ্বিন মাসেই বর্ষণ হইয়া থাকে। বর্ষণ কালে এই দুই প্রকার জলের পরীক্ষা করিবে। শালি-তণ্ডুলের অকুথিত (অতিশয় দ্রব না হয়) ও অবিদগ্ধ (দগ্ধও না হয়) অন্ন পিণ্ডাকারে রজত পাত্রে রাখিয়া বৃষ্টির সময় বাহির করিবে। মুহূর্ত্ত কাল বৃষ্টিতে রাখিলে যদি সেই রূপই থাকে তবে গাঙ্গ বারি বর্ষণ হইতেছে জানিবে। যদি বিবর্ণ দ্রবীভূত বা ক্লিন্ন হয় তবে সামুদ্র বারি বর্ষণ হইতেছে জানিবে; তাহা উপাদেয় নহে। সামুদ্র বারিও আশ্বিন মাসে গ্রহণ করিলে গাঙ্গবারির ন্যায় গুণ-বিশিষ্ট হয়। গাঙ্গ-বারিই প্রধান। তাহা আশ্বিন মাসে পবিত্র শুক্ল বিস্তীর্ণ বস্ত্রের এক দেশ হইতে ক্ষরিত, অথবা হর্ম্ম্যতল হইতে পরিভ্রষ্ট হইলে, পবিত্র পাত্রে গ্রহণ করিয়া স্বর্ণ রজত বা মৃত্তিকার পাত্রে রাখিবে। সেই জল সকল কালেই পান করা কর্ত্তব্য। তাহার অভাবে ভূমিস্থিত জল পান করিবে। সেই ভূমি আকাশ-গুণ-বহুল হওয়া উচিত। ভৌম জল সপ্ত প্রকার। কূপের জল, নদীর জল, সরোবরের জল, পুষ্করিণীর জল, প্রস্রবণের (ঝরণার) জল, উদ্ভিদ্ (মৃত্তিকা হইতে নিঃসৃত) জল এবং ক্ষুদ্র কূপের জল। বর্ষাকালে আন্তরীক্ষ ও ঔদভিদ-জল সেবন করিবে, ইহা মহান্ গুণকারী। শরৎ-কালে সকল জলই নির্ম্মল হয়, সুতরাং সকল জলই পান করা যাইতে পারে। হেমন্ত-কালে সরোবর ও পুষ্করিণীর জল, বসন্ত ও গ্রীষ্ম-কালে প্রস্রবণ ও কূপের জল, এবং প্রাবৃট্ কালে ক্ষুদ্র কূপের জল, এবং নূতন বৃষ্টির জল না হইলে সকল জলই সেবনীয়।

কীট মূত্র পুরীষ অণ্ড (ডিম.) শব অথবা বিষ কর্ত্তৃক দূষিত, কিম্বা তৃণ পত্র প্রভৃতির দ্বারা কলুষিত নূতন জলে যে ব্যক্তি অব-

গাহন করে, বা সেই জল পান করে, তাহার বাহ্যিক ও আন্তরিকি নানা প্রকার রোগ শীঘ্র জন্মে।

যে জল শৈবাল পঙ্ক তৃণ পদ্মপত্র প্রভৃতির দ্বারা আচ্ছন্ন, জ্যোৎস্না রৌদ্র ও বায়ুর দ্বারা সেবিত নহে, এবং গন্ধ বর্ণ ও রস বিশিষ্ট (মধুর অম্ল বা লবণ প্রভৃতির কোন প্রকার আস্বাদ থাকে), সেই জল ব্যাপন্ন (বিকৃত) বলিয়া জানিবে। তাহাতে স্পর্শ রূপ রস গন্ধ বীর্য্য বিপাক এই ছয় প্রকার দোষ জন্মে। খরতা পিচ্ছিলতা উষ্ণতা ও দন্ত গ্রাহিতাই জলের স্পর্শ-দোষ, পঙ্ক সিকতা শৈবাল প্রভৃতি বিবিধবর্ণ হওয়াই জলের রূপ-দোষ, মধুর অম্ল লবণ প্রভৃতি কোন প্রকার আস্বাদ থাকাই রস-দোষ, কোন প্রকার দুর্গন্ধ থাকা গন্ধ-দোষ, পান করিলে যদি তৃষ্ণা গুরুতা শূল ও কফ-প্রসেক জন্মে, সেইটি বীর্য্য-দোষ, এবং যদি অধিক বিলম্বে পরিপাক পায় অথবা ভার হইয়া থাকে সেইটি বিপাক দোষ। আন্তরীক্ষ-জলে কোন দোষই থাকে না। বিকৃত-জল হইলে, অগ্নিতে বা সূর্য্য-কিরণে সিদ্ধ করা, তপ্ত-লৌহ-পিণ্ড বালুকা বা মৃৎপিণ্ড তাহাতে নিক্ষেপ করিয়া পুনর্ব্বার শীতল করা, এবং নাগকেশর চম্পক উৎপল ও পাটল পুষ্প প্রভৃতির দ্বারা তাহা অধিবাসিত করা কর্ত্তব্য।

সুবর্ণ রজত তাম্র কাংস্য বা মণিময় পাত্রে অথবা পুষ্প-শোভিত মৃৎপাত্রে সুগন্ধি জল পান করিবে। বিকৃত-জল, অথবা যে ঋতুতে যে জল বিধান করা হইল তাহা ভিন্ন অন্য প্রকার জল, সেবন করিলে দোষ জন্মে। বিকৃত-জল পান করিতে হইলে, পূর্ব্বোক্ত প্রকারে শোধিত করিয়া পান করিবে। তাহা না করিলে, শ্বয়থু পাণ্ডুরোগ ত্বক্‌দোষ অজীর্ণতা শ্বাস কাস প্রতিশ্যায় শূল গুল্ম ও উদর রোগ শীঘ্র জন্মে।

বৃষ্টির সময়ে প্রাঙ্গন বা বাটির কোন স্থানে পবিত্র ও শুক্ল বস্ত্রের চারিটী কোণ

কলুষিত জল সংশোধনের উপায় সপ্ত প্রকার। যথা—কতক-ফল, (নির্ম্মালী ফল) গোমেদক, (ধাতুবিশেষ) বিসগ্রন্থি (মৃণাল মূল), শৈবাল-মূল, বস্ত্র, মুক্তা ও মণি। নিক্ষেপণ দ্রব্য পঞ্চ প্রকার। যথা—ফলক, ত্র্যষ্টক, মুঞ্জবলয়, উদকমঞ্চিকা এবং শিক্য। শীতল করণের উপায় সপ্ত প্রকার। যথা—বায়ু প্রবাহিত স্থানে স্থাপন, উদক-প্রক্ষেপণ, যষ্টিকা-ভ্রামণ, (জলের মধ্যে যষ্টি দিয়া আবর্ত্তন করা) ব্যজন, (বাতাস করা) বস্ত্রোদ্ধরণ, (কাপড়ে ছাঁকা) বালুকা-ক্ষেপণ এবং শিক্যাবলম্বন (শিকায় ঝুলাইয়া রাখা)। যে জল গন্ধ-হীন রসহীন তৃষ্ণাঘ্ন পবিত্র শীতল নির্ম্মল লঘু ও মুখ-প্রিয়, সেই জলই গুণকারী।

যে নদী পশ্চিম বাহিনী, তাহার জল লঘু, সুতরাং পানের পক্ষে প্রশস্ত। যে নদী পূর্ব্ব-বাহিনী, তাহার জল গুরু, সুতরাং অপ্রশস্ত। যে নদী দক্ষিণ-বাহিনী, তাহার জল লঘুও নহে গুরুও নহে। যে সকল নদী সহ্য-পর্ব্বত-সম্ভূত তাহাদের জল সেবনে কুষ্ঠ রোগ জন্মে। যে সকল নদী বিন্ধ-পর্ব্বত-সম্ভূত তাহাদের জল সেবনে কুষ্ঠ ও পাণ্ডু-রোগ জন্মে। যে সকল নদী মলয়-পর্ব্বত-সম্ভূত, তাহাদের জল সেবনে ক্রিমি রোগ জন্মে। যে সকল নদী মহেন্দ্র-পর্ব্বত-সম্ভূত তাহাদের জল সেবনে শ্লীপদ ও উদর রোগ জন্মে। হিমবান্ পর্ব্বত হইতে যে নদী জন্মে, তাহার জল সেবনে হৃদ্রোগ শ্বয়থু শিরোরোগ শ্লীপদ ও গলগণ্ড রোগ জন্মে। যে নদী পারি-পাত্র পর্ব্বত সম্ভূত, তাহার জলে কল্যা-রোগ (স্ত্রীলোকের আর্ত্তবসম্বন্ধীয় রোগ) জন্মে।

নদী বেগবতী হইলে বা জল নির্ম্মল হইলে লঘু হইয়া থাকে। মন্দগামী ও তজ্জন্য শৈবাল সঞ্চিত হইয়া কলুষিত হইলে, জল গুরু হইয়া থাকে। যে নদী মরুভূমিতে প্রবাহিত হয়, তাহার জল প্রায়

চারি দিকে বদ্ধ করিয়া রাখিবে, ও তাহার নীচে মধ্যস্থলে একটী পাত্র রাখিবে, বর্ষার জল সেই বস্ত্র হইতে ক্ষরিত হইয়া পাত্রে পতিত হইলে তাহা গ্রহণ করিবে।

তিক্ত ও লবণ রস বিশিষ্ট, ঈষৎ কষায় ও মধুর রসও হইয়া থাকে, এবং লঘু ও বলের পক্ষে হিতকর।

সকল প্রকার ভৌম জল প্রাতঃকালে গ্রহণ করা কর্ত্তব্য। সেই সময় জল নির্ম্মল ও শীতল থাকে। এই দুইটী, জলের পরম গুণ।

যে জলে দিবাভাগে সূর্য্যকিরণ ও নিশাকালে চন্দ্রকিরণ পতিত হয়, সেই জল রুক্ষ বা চক্ষুরোগ-কারী নহে। ইহা বর্ষার জলের তুল্য গুণকারী। বৃষ্টির জল ত্রিদোষের শান্তিকর বলকর রসায়ন মেধাজনক রক্ষোঘ্ন শীতল প্রফুল্ল-কর এবং জ্বর দাহ ও বিষরোগের শান্তিকর। ইহা পবিত্র পাত্রে গ্রহণ করা কর্ত্তব্য। চন্দ্রকান্ত (মণি বিশেষ) হইতে যে জল উদ্ভব হয় তাহা পিত্তঘ্ন ও বিমল। মূর্চ্ছা, বা পিত্ত উষ্ণ হইয়া দাহ হইলে, বিষরোগ রক্ত-সম্বন্ধীয় রোগ বা উন্মাদ রোগ হইলে, ভ্রম ক্লান্তি তমক-শ্বাস বা বমন রোগ হইলে, অথবা উর্দ্ধগত রক্ত-পিত্ত হইলে শীতল জলই প্রশস্ত। পার্শ্ব-শূলে প্রতিশ্যায়ে বাতরোগে গল-দেশের রোগে আধ্মানে মৃদু-কোষ্ঠে ও নবজ্বরে এবং সদ্য বিরিক্ত হইলে, হিক্কা রোগ হইলে, বা স্নেহদ্রব্য পান করিলে, শীতল জল পরিত্যাগ করিবে। নদীর জল বায়ু-বর্দ্ধন-কর রুক্ষ অগ্নির দীপ্তিকর লঘু এবং লেখন-কর। সেই জল মধুর-রস-বিশিষ্ট ও গাঢ় হইলে, চক্ষুরোগ-কারী গুরু এবং কফ-বর্দ্ধন-কর হইয়া থাকে। সরোবরের জল তৃষ্ণা-শান্তিকর বলকর কষায় মধুর এবং লঘু। তড়াগের (১) জল বায়ু-বর্দ্ধক স্বাদু কষায় ও কটু-পাক বাপীর জল বাত-শ্লেষ্মার শান্তিকর সক্ষার (ক্ষার যুক্ত) কটু এবং পিত্তকর। কূপোদক সক্ষার পিত্তকর শ্লেষ্মঘ্ন অগ্নির দীপ্তিকর ও লঘু। চুন্টীর (ক্ষুদ্রকূপ-বিশেষ) জল, অগ্নিকর রুক্ষ মধুর অথচ শ্লেষ্মল নহে। প্রস্রবণের (ঝরণার) জল কফঘ্ন অগ্নিকর দীপ্তিকর হৃদ্য ও লঘু। ঔদ্ভিদ (মৃত্তিকা ভেদ করিয়া

---

(১) জলাশয় দীর্ঘ প্রস্থে পাঁচ শত ধনু বা দুই সহস্র হাত হইলে তড়াগ কহে, এবং চতুঃসহস্র ধনু অথবা ষোড়শ সহস্র হস্ত হইলে বাপী কহে।

উত্থিত) জল, মধুর পিত্তের শান্তিকর এবং অবিদাহী (যাহাতে অম্ল রস না জন্মে)। বৃহৎ কূপের জল, কটু সক্ষার শ্লেষ্মঘ্ন লঘু ও অগ্নি-কর। ক্ষেত্রের জল মধুর গুরু ও দোষ-বর্দ্ধক। ক্ষুদ্র পুষ্করিণীর জলেরও ঐ প্রকার গুণ, বিশেষতঃ দোষ-বৃদ্ধিকর। সমুদ্রের জল আমীষ-গন্ধ ও লবণ-রস বিশিষ্ট এবং সকল প্রকার দোষ-বর্দ্ধনকর। আনূপ দেশের (জলা ভূমির) জল বহুবিধ দোষাকর চক্ষুরোগকর এবং গর্হিত। জঙ্গল প্রদেশের জল এই সকল প্রকার দোষ রহিত, মধ্যম প্রকার গুণ বিশিষ্ট, বিদাহী তৃষ্ণা শান্তিকর প্রশস্ত প্রীতিকর দীপ্তিকর স্বাদু শীতল ও লঘু। উষ্ণোদক কফ মেদ ও বায়ুর শান্তিকর। উষ্ণোদক সিদ্ধ হইয়া বেগে-রহিত ফেনা-শূন্য নির্ম্মল ও লঘু হইলে, এবং চারি-ভাগের এক ভাগ অবশিষ্ট থাকিলে, গুণকারী হয়। সিদ্ধ-জল পর্য্যু-ষিত (বাসী) হইলে কখনই পান করিতে দিবে না। সেই জল অম্লী-ভূত হইয়া হৃদয়দেশে শ্লেষ্মা সঞ্চিত করে। মদ্যপানে উন্মত্ত হইলে, পিত্ত-জন্য বা সান্নিপাতিক রোগ হইলে, উষ্ণ-জল শীতল করিয়া পান করাইবে। নারিকেল-জল স্নিগ্ধ স্বাদু হিম মুখপ্রিয় অগ্নিকর বস্তি-শোধনকর বৃষ্য তেজস্কর পিত্তজন্য-পিপাসার শান্তিকর এবং গুরু। দাহ অতিসার পিত্তরক্ত মূর্চ্ছা মদ্যপান জন্য রোগ বিষজন্য রোগ তৃষ্ণা ছর্দ্দি এবং ভ্রম, এই সকল রোগে উষ্ণ-জল শীতল করিয়া পান করা প্রশস্ত। অরুচি প্রতিশ্যায় কফ-স্রাব শ্বযথু ক্ষয় মন্দাগ্নি উদরী কুষ্ঠ জ্বর নেত্র-রোগ ব্রণ এবং মধু-মেহ, এই সকল রোগে জল অল্পই পান করিবে।

দুগ্ধ-বর্গ।

গো ছাগী উষ্ট্রী মেষী মহিষী অশ্বিনী নারী ও হস্তিনী, ইহারা বিবিধ প্রকার ঔষধি ভক্ষণ করে বলিয়া, ইহাদিগের দুগ্ধ প্রসন্ন আশ্বাস-জনক গুরু মধুর পিচ্ছিল (১) শীতল স্নিগ্ধ নির্ম্মল সারক এবং মৃদু।

(১) পিচ্ছিল শব্দে ঘৃত তৈলের ন্যায় সার, যাহাকে ইংরাজি ভাষায় অ্যাল ব্যুমেন কহে।

অতএব যে সকল প্রাণী পান করিয়া জীবন ধারণ করে, এই স্থলে কথিত সকল প্রকার দুগ্ধই তাহাদিগের প্রকৃতি-সিদ্ধ সেবনীয়। কোন প্রকার দুগ্ধই তাহাদিগের পানের পক্ষে নিষেধ নাই। কারণ দুগ্ধ সেই সকল প্রাণীর জাতীয় আহার। বায়ু পিত্ত শোণিত এবং মানসিক বিকারে দুগ্ধ পান বিরুদ্ধ নহে। জীর্ণজ্বর কাস শ্বাস শোষ ক্ষয় গুল্ম উন্মাদ উদরী মূর্চ্ছা ভ্রম মত্ততা দাহ পিপাসা হৃদ্রোগ বস্তি-রোগ পাণ্ডুরোগ গ্রহণী-রোগ অর্শঃ শূল উদাবর্ত্ত অতিসার প্রবাহিকা (অতিসার বিশেষ) যোনি-রোগ গর্ভস্রাব রক্ত-পিত্ত শ্রম ও ক্লম এই সকলের শান্তিকর, পাপ-নাশক বলকর বৃষ্য বাজীকর (কামেন্দ্রিয়ের উত্তেজক) রসায়ন মেধা-জনক সন্ধান-স্থাপন বয়ঃস্থাপন (শরীর জীর্ণ হয় না) আয়ুষ্কর জীবনীয় পুষ্টিকর বমন ও বিরেচনে তুল্য-হিতকর এবং ওজঃ বর্দ্ধনকর। বালক বৃদ্ধ ক্ষত ক্ষীণ এবং ক্ষুধা স্ত্রীসংসর্গ ও পরিশ্রমে ক্লান্ত, ইহাদিগের পক্ষে উৎকৃষ্ট পথ্য।

গাভী-দুগ্ধ—চক্ষুরোগ-কারী নহে, স্নিগ্ধ গুরু রসায়ন রক্তপিত্তের শান্তিকর শীতল রসে ও পাকে মধুর জীবনীয় এবং বাত-পিত্ত শান্তির পক্ষে প্রশস্ত।

ছাগী-দুগ্ধ—গাভী-দুগ্ধের তুল্য গুণ-বিশিষ্ট, বিশেষতঃ শোষ-রোগির (যাহার শরীর শুষ্ক হইয়া যায়) পক্ষে হিতকর। অজাদিগের দেহ বৃহৎ নহে, তাহারা কটুতিক্ত প্রভৃতি রস ভক্ষণ করে, অধিক জল পান করে না, এবং পরিশ্রম করে, এই সকল কারণে তাহাদিগের দুগ্ধ সকল রোগের শান্তিকর।

উষ্ট্রী-দুগ্ধ—রুক্ষ উষ্ণ কিঞ্চিৎ লবণ রস-বিশিষ্ট স্বাদু এবং লঘু। শোফ গুল্ম উদর অর্শঃ ক্রিমি কুষ্ঠ বিষ এই সকল রোগে এই দুগ্ধ উপকারী।

মেষী-দুগ্ধ—মধুর স্নিগ্ধ গুরু ও পিত্ত শ্লেষ্মা-জনক। এই দুগ্ধ কেবল বায়ুজন্য-কাসরোগে পথ্য।

মাহিষ-দুগ্ধ—অতিশয় চক্ষুরোগ-কর, মধুর বহ্নি-নাশক নিদ্রাকর শীতল কর এবং গব্য-দুগ্ধ অপেক্ষা স্নিগ্ধতর।

একশফ (যাহাদিগের খুর দ্বিখণ্ডিত নহে) জন্তুর দুগ্ধ উষ্ণ, বলকর হস্তপাদের বাতরোগের শান্তিকর, মধুরাম্ল ও পশ্চাৎ লবণ-রস বিশিষ্ট রুক্ষ এবং লঘু।

নারী-দুগ্ধ—মধুর পশ্চাৎ কষায় হিম জীবনীয় লঘু ও অগ্নির দীপ্তিকর।

হস্তিনী-দুগ্ধ—মধুর পশ্চাৎ কষায় বৃষ্য (তেজস্কর) গুরু স্নিগ্ধ স্থৈর্য্যকর শীতল চক্ষুর হিতকর এবং বলকর।

রাত্রি-কালে চন্দ্রের গুণে ও ব্যায়ামের অভাবে প্রাতঃকালের দুগ্ধ প্রায়ই ভার ও শীতল হইয়া থাকে। দিবাভাগে সূর্য্যতাপে তাপিত হওয়া এবং ব্যায়াম ও বায়ু সেবন প্রযুক্ত অপরাহ্ন কালের দুগ্ধ বায়ুর অনুলোম-কর শ্রান্তিনাশক ও চক্ষুর দীপ্তিকারী। অপক্ক (কাঁচা) দুগ্ধ প্রায় ভার ও চক্ষু-রোগকারী। দুগ্ধ অগ্নিতে পক্ক করিলে লঘুতর হয়। কেবল নারীর দুগ্ধই অপক্ক অবস্থায় হিতকর, অন্য কোন দুগ্ধ নহে। অপক্ক দুধের মধ্যে ধারোষ্ণ দুগ্ধই গুণ বিশিষ্ট, দোহনের পর শীতল হইলে বিপরীত গুণ হয়। সকল দুগ্ধই অতিশয় সিদ্ধ করিলে ভার এবং পুষ্টিকর হয়। দুগ্ধে অনিষ্ট গন্ধ বা অম্লরস জন্মিলে, বা তাহা বিবর্ণ বিরস লবণ-যুক্ত বা বিগ্রথিত (ছিঁড়ে যাওয়া বা ছানা হইয়া যাওয়া) হইলে, পরিত্যাগ করিবে।

দধিবর্গ।

দধি তিন প্রকার, মধুর অম্ল এবং অত্যম্ল, ও পশ্চাৎ কষায়। ইহা স্নিগ্ধ ও উষ্ণ এবং পীনস বিষম-জ্বর অতিসার অরুচি ও মূত্র-কৃচ্ছ্র রোগের শান্তিকর, তেজস্কর প্রাণকর ও মঙ্গলজনক। দধি মধুর-রস হইলে চক্ষুরোগ জন্মায় এবং কফ ও মেদের বর্দ্ধন করে, অম্লরস হইলে পিত্ত শ্লেষ্মার বৃদ্ধি করে, অত্যম্ল হইলে রক্ত দূষিত করে। মন্দজাত

হইলে ভাল না বসিলে বিদাহি হয় (গলা জলে) ও তদ্দ্বারা মল মূত্র বায়ু পিত্ত ও কফ বৃদ্ধি হয়।

গব্যদধি—স্নিগ্ধ মধুর অগ্নিকর বলকর রুচিকর এবং পবিত্র।

ছাগদধি—লঘু কফ-পিত্তের শান্তিকর, বায়ু-জনিত ক্ষয়-রোগের নিবৃত্তিকর, অর্শঃ শ্বাস ও কাস রোগের হিতকর, এবং অগ্নিকর।

মাহিষদধি—মধুর বৃষ্য বায়ু-পিত্তের শান্তিকর, কফ-বর্দ্ধন কর এবং স্নিগ্ধ।

ঔষ্ট্র দধি—পাকে কটুরস, ক্ষারসংযুক্ত গুরুপাক ও ভেদকর, এবং বাত অর্শঃ কুষ্ঠ কৃমি ও উদরী রোগের শান্তিকর।

আবিক (মেষ) দধি—বাত-শ্লেষ্মা ও অর্শের প্রকোপকর, রসে ও পাকে মধুর, চক্ষুরোগ-কর এবং দোষের বর্দ্ধন-কর।

ঘোটকীর দধি—অগ্নিকর চক্ষুর অহিতকর বাত-বর্দ্ধনকর রুক্ষ উষ্ণ কষায় এবং কফ ও মূত্রের নাশক।

নারী-দধি—স্নিগ্ধ বিপাকে মধুর বলকর তৃপ্তিকর ভার চক্ষুর হিতকর ও দোষের শান্তিকর।

হস্তিনীর দধি—লঘুপাক কফঘ্ন উষ্ণবীর্য্য অজীর্ণকর এবং মল-বর্দ্ধন-কর।

গব্য প্রভৃতি যে সকল দধির বিষয় এস্থলে বলা হইল তাহার মধ্যে গব্য-দধিই শ্রেষ্ঠ। গব্যদধি স্বাদু ও পরিস্রুত (বস্ত্র পূত বা বস্ত্রে ছাঁকা) হইলে, শরীরের পুষ্টি সাধন করে বায়ুর শান্তি করে, শ্লেষ্মা বৃদ্ধি করে, কিন্তু পিত্ত বৃদ্ধি করে না। পাক করা দুগ্ধে যে দধি জন্মে তাহা অধিক গুণকারী, বায়ু-পিত্তের শান্তিকর রুচিকর এবং ধাতু অগ্নি ও বলের বর্দ্ধন-কর। দধির সর গুরুপাক বৃষ্য বায়ুর শান্তিকর অগ্নিকর এবং কফ ও শুক্রের বর্দ্ধন-কর। দধি অসার হইলে (স্নেহভাগ না থাকিলে) রুক্ষ মল-রোধক বায়ু-বর্দ্ধন-কর অগ্নিকর লঘু কষায় ও রুচিকর হয়। শরৎ গ্রীষ্ম ও বসন্ত কালে দধি প্রায়ই অপ্রশস্ত।

হেমন্ত শিশির ও বর্ষা কালে দধি ভক্ষণ করা প্রশস্ত। দধি-মস্তু [দধির মাত বা নিঃসৃত জল] তৃষ্ণা ও ক্লান্তি নাশক, লঘু, শরীরের দ্বার শোধন-কর, অম্ল কষায় মধুর বাত-শ্লেষ্মার শান্তিকর কিন্তু তেজস্কর নহে, প্রহ্লাদকর তৃপ্তিকর মলের ভেদকর বলকর এবং রুচিকর। এই দধি-বর্গে সপ্ত প্রকার দধি বর্ণিত হইল, যথা—স্বাদু অম্ল অত্যম্ল মন্দজাত পক্কদুগ্ধ-জাত দধিসর এবং অসার-দধি। ইহাদিগের মস্তুও দধির ন্যায় গুণ-কারী।

তক্র বর্গ।

তক্র, মধুর ও অম্ল এবং পশ্চাৎ কষায়। ইহা উষ্ণবীর্য্য লঘু রুক্ষ অগ্নিকর এবং গরল শোফ অতিসার গ্রহণী পাণ্ডু রোগ অর্শঃ প্লীহা গুল্ম অরুচি বিষম-জ্বর তৃষ্ণা বমন প্রসেক শূল মেদ শ্লেষ্মা ও বায়ু এই সকলের নাশকারী, পাকে মধুর, মুখ প্রিয় মূত্র-কৃচ্ছ্র বা স্নেহ (ঘৃত তৈল) পান বা ভক্ষণ জনিত রোগ হইলে তাহার শান্তিকর, ও তেজের উদ্দীপক নহে।

অর্দ্ধভাগ জল মিশাইয়া যে দধির নবনীত উদ্ধৃত করা হয়, ও অতিশয় গাঢ় বা অতিশয় তরল না হয়, তাহাকে তক্র কহে। তক্রের আস্বাদ মধুর অম্ল ও কষায়। নির্জ্জল মন্থন করিয়া নবনীত উদ্ধার না করিলে, ঘোল বলা যায়। ক্ষতরোগে, গ্রীষ্ম-কালে, দুর্ব্বল-শরীরে, এবং মূর্চ্ছা ভ্রম দাহ ও রক্ত-পিত্ত রোগে তক্র বিধেয় নহে। শীত-কালে, অগ্নি-মান্দ্যে, কফ-জনিত রোগে, ইন্দ্রিয়দ্বারের অবরোধ অর্থাৎ মল মূত্রাদি ইন্দ্রিয় কার্য্য সরল না থাকিলে, ও বায়ু দূষিত হইলে তক্র সেবন প্রশস্ত। তক্র মধুর হইলে শ্লেষ্মা কুপিত হয় ও পিত্তের শান্তি হয়, এবং অম্ল হইলে বায়ুর শান্তি হয় ও পিত্তের বৃদ্ধি হয়। বায়ুর প্রকোপে অম্লরস বিশিষ্ট তক্র সৈন্ধব-যোগে সেবন করিবে, পিত্তের প্রকোপে মধুর-রসবিশিষ্ট তক্র শর্করা-যোগে সেবন করিবে এবং কফের প্রকোপে শুণ্ঠী পিপ্পলী মরিচ ও যবক্ষার সংযোগে সেবন করিবে।

তক্রকূর্চ্চিকা (ছানা) মল-মূত্র রোধক, বায়ু-বৃদ্ধিকর, রুক্ষ ও অতিশয় গুরু-পাক। তক্র অপেক্ষা মণ্ড, অর্থাৎ ঘোলের ফেনা লঘুতর, ও ছানা অপেক্ষা নবনীত লঘুতর। কিলাট (ক্ষীর) গুরু-পাক, বায়ু-শান্তিকর, পুরুষত্ব বৃদ্ধিকর ও নিদ্রাপ্রদ। পীযূষ অর্থাৎ সপ্তাহ প্রসূতা গাভীর দুগ্ধ এবং মোরট, মধুর পুষ্টিকর ও তেজস্কর। সদ্যো-জাত নবনীত লঘু কোমল মধুর কষায় ঈষৎ অম্ল শীতল পবিত্র অগ্নি-বৃদ্ধিকর মুখপ্রিয় মলমূত্র-সংগ্রাহক বায়ুপিত্ত-দমন-কারী তেজস্কর অবিদাহী এবং ক্ষয়কাস শ্বাস ব্রণ ও অর্শ রোগের শান্তিকর, কফ ও মেদের অতিশয় বর্দ্ধন-কর, বলকর, পুষ্টিকর এবং শোষ-রোগ নাশক। ইহা বালক দিগের পক্ষে বিশেষ উপকারী। অপক্ব দুগ্ধে যে নবনীত জন্মে, তাহা অতিশয় স্নিগ্ধকর মধুর শীতল কোমলতা-সম্পাদক চক্ষুর দীপ্তিকর, মলের সংগ্রাহক, রক্তপিত্ত ও চক্ষুরোগের শান্তিকর, এবং প্রসন্ন-কর। সন্তানিকা (দুগ্ধের সর) বায়ু নাশক তৃপ্তিকর বলকর তেজস্কর স্নিগ্ধকর, রুচিকর, স্বাদু পরিপাকে মধুর রক্ত-পিত্তের শান্তিকর এবং গুরু পাক। উল্লিখিত দধি তক্র নবনীতাদির মধ্যে গব্যই শ্রেষ্ঠ ; অজা মহিষাদি দুগ্ধে যে সকল দধি প্রভৃতি জন্মে, তাহারা স্বস্ব দুগ্ধের গুণানুসারে কার্য্যকর হয়।

ঘৃত-বর্গ।

ঘৃত, সৌম্য শীতবীর্য্য মৃদু মধুর অল্প-অভিষ্যন্দী স্নিগ্ধকর উদাবর্ত্ত উন্মাদ অপস্মার শূল জ্বর আনাহ এবং বাত পিত্তের শান্তিকর, অগ্নির দীপ্তিকর অগ্নি স্মৃতি মতি মেধা কান্তি স্বর লাবণ্য সৌকুমার্য্য ওজঃ বল ও আয়ুর বর্দ্ধনকর, পুরুষত্ব বর্দ্ধনকর, পবিত্র বয়ঃস্থাপক (যাহাতে শরীর জীর্ণ হয় না) গুরুপাক দৃষ্টির হিতকর শ্লেষ্মা-বর্দ্ধনকর পাপ ও অলক্ষীর শান্তিকর, বিষঘ্ন এবং রক্ষ-নাশক।

গব্যঘৃত——পরিপাকে মধুর শীতল বাত পিত্ত ও বিষের শান্তি-কর, দৃষ্টির হিতকর বলকর এবং গুণে সকল ঘৃত অপেক্ষা শ্রেষ্ঠ।

ছাগীঘৃত——অগ্নিকর দৃষ্টির হিতকর বল বর্দ্ধন-কর, কাস শ্বাস ও ক্ষয় রোগে পথ্য এবং লঘু-পাক।

মাহিষঘৃত——মধুর-রস গুরুপাক রক্তপিত্তঘ্ন শ্লেষ্মাজনক বাত-পিত্তের শান্তিকর এবং শীতল। ঔষ্ট্রঘৃত পরিপাকে কটুরস অগ্নির দীপ্তিকর, কফ ও বাতঘ্ন এবং শোফ ক্রিমি বিষ কুষ্ঠ গুল্ম ও উদর রোগের শান্তিকর।

আবিকঘৃত—লঘু, পিত্তের প্রকোপকারী নহে, কফ-রোগে বায়ু-রোগে যোনি-দোষে শোষে এবং কম্পে হিতকর।

এক-শফ জন্তুর ঘৃত, লঘু উষ্ণবীর্য্য কষায় কফনাশক অগ্নির দীপ্তি-কর এবং মূত্র-রোধক।

নারীদুগ্ধের ঘৃত—অমৃত-তুল্য অগ্নি ও দেহের বর্দ্ধনকর লঘু এবং বিষের শান্তিকর।

হস্তিনীর ঘৃত—কষায় মলমূত্র-রোধক তিক্ত অগ্নিকর লঘু কফ কুষ্ঠ বিষ এবং ক্রিমির হিতকর।

ক্ষীর-ঘৃত—সংগ্রাহী (মল-রোধক) রক্তপিত্ত ভ্রম ও মূর্চ্ছার শান্তিকর এবং নেত্ররোগে হিতকর।

ঘৃতের মণ্ড (মল), মধুর সারক, যোনিশূল কর্ণশূল চক্ষুশূল ও শিরঃশূলের শান্তিকর। ইহা বস্তিক্রিয়া নস্য ও অক্ষি পূরণে উপদিষ্ট হইয়াছে।

পুরাতন ঘৃত,-সারক পরিপাকে কটুরস ত্রিদোষ-নাশক মূর্চ্ছা মেদ উন্মাদ উদর-রোগ জ্বর গরল শোফ অপস্মার এবং যোনিশূল কর্ণশূল ও চক্ষুশূলের শান্তিকর ও অগ্নির দীপ্তিকর। ইহা বস্তিক্রিয়া নস্য এবং অক্ষিপূরণেও উপদেশ করা যায়।

পুরাতন ঘৃত, তিমির শ্বাস পীনস এবং জ্বর-কাসের নিবৃত্তিকর, এবং মূর্চ্ছা কুষ্ঠ বিষ উন্মাদ গ্রহ ও অপস্মার নাশক। পুরাতন ঘৃত একাদশ শত বৎসরের হইলে তাহাকে কুম্ভসর্পি কহে, তাহা রক্ষোঘ্ন,

এবং ততোধিক কালের হইলে মহাঘৃত কহে। মহাঘৃত কফঘ্ন এবং বায়ুপ্রধান ব্যক্তির পক্ষে পেয়। ইহা বলকর পবিত্র মেধাজনক বিশেষত তিমির নাশক। এই ঘৃত সকল প্রাণীর শান্তিকর ও অতীব প্রশস্ত।

তৈল বর্গ।

তৈল আগ্নেয় উষ্ণ তীক্ষ্ণ মধুর পুষ্টিকর তৃপ্তিকর গ্রাম্যধর্ম্মের উত্তেজক সূক্ষ্ম বিশদ গুরু সারক বিকাসী তেজস্কর, ত্বকের প্রসন্নতা সম্পাদক, মেধা শরীরের কোমলতা ও মাংসের দৃঢ়তা কারী, বর্ণকর বলকর দৃষ্টির হিতকর মূত্র রোধক লেখনকর তিক্ত পশ্চাৎ কষায় পাচক বাতশ্লেষ্মা-নাশক কৃমিঘ্ন কিন্তু শীতপিত্ত-জনক নহে, যোনিশূল শিরঃশূল ও কর্ণ শূলের শান্তিকর গর্ভাশয়ের শোধনকর, ছিন্ন ভিন্ন উৎপিষ্ট বিদ্ধ চ্যুত মথিত ক্ষত পিচ্চিত ভগ্ন স্ফুটিত ক্ষারদগ্ধ অগ্নিদগ্ধ বিশ্লিষ্ট দারিত অভিহত দুর্ভগ্ন, মৃগ ব্যালাদি কর্ত্তৃক দষ্ট, এই সকল স্থলে এবং পরিষেচন মর্দ্দন ও অবগাহনে তিল-তৈলই প্রশস্ত।

বস্তিক্রিয়াতে পানে নস্যে কর্ণরন্ধ্র পূরণে এবং অন্নপানের সংযোগে ও বায়ু শান্তির নিমিত্ত তৈল ব্যবহার করা যায়।

এরণ্ড-তৈল মধুর উষ্ণ তীক্ষ্ণ অগ্নিকর কটু ও পশ্চাৎ কষায় সূক্ষ্ম নাড়ী-শোধনকর ত্বকের হিতকর বৃষ্য পাকে মধুর ও বয়ঃস্থাপন (যাহার ব্যবহারে শরীর শীঘ্র জীর্ণ হয় না), যোনি এবং শুক্রের শোধনকর, আরোগ্য মেধা কান্তি স্মৃতি ও বলের উৎপাদক, বাতশ্লেষ্মা ও শরীরের অধোভাগের দোষনাশক।

নিম্ব অতসী শণ কুসুম্ভ মূলক দেবতাড় কৃতবেধন (ঘোষাফল) অর্ক কম্পিল্ল হস্তিকর্ণ (সাল) পৃথ্বীকা (বড় এলাইচ) পীলু করঞ্জ, ইঙ্গুদী শিগ্রু সর্ষপ সুবর্চলা (তিসী) বিড়ঙ্গ জ্যোতিষ্মতী, এই সকল বীজ ও ফলের তৈল তীক্ষ্ণ লঘু অথচ অনুষ্ণ-বীর্য্য, রসে ও পাকে কটু, সারক এবং বাতশ্লেষ্মা কৃমি কুষ্ঠ প্রমেহ ও শিরো রোগের নিবৃত্তিকর।

শণবীজের তৈল—বাতঘ্ন মধুর বলকর কটুপাক চক্ষুর অহিতকর স্নিগ্ধোষ্ণ গুরুপাক এবং পিত্তকর।

সার্ষপ তৈল—ক্রিমিঘ্ন, কণ্ডূ ও কুষ্ঠ নাশক, লঘু, কফ মেদ ও বায়ুর শান্তিকর, লেখনকর কটু ও অগ্নিকর।

ইঙ্গুদী-তৈল—ক্রিমিঘ্ন ঈষৎ-তিক্ত লঘু, কুষ্ঠ-রোগ ও ক্রিমির বিনাশকর এবং দৃষ্টি শুক্র ও বলের ক্ষয়কর।

কুসুম বীজের তৈল—পরিপাকে কটু, সকল দোষের বর্দ্ধনকর, রক্তপিত্ত-জনক তীক্ষ্ণ, চক্ষুর অহিতকর এবং বিদাহী (যাহাতে গলা জ্বলে)।

কিরাততিক্ত (চিরেতা) তিনিশ বিভীতক (বহেড়া) নারিকেল কোল (কুল) পীলু জীবন্তী পিয়াল কর্ব্বুদার সূর্য্যবল্লী ত্রপুস এর্ব্বারুক কর্কারুক কুষ্মাণ্ড প্রভৃতির তৈল, মধুর-বীর্য্য ও পাকেও মধুর, বায়ু-পিত্তের শান্তিকর, শীত-বীর্য্য চক্ষুর অহিতকর মল-মূত্র-জনক ও অগ্নি-মান্দ্য-কর।

মধুক গাম্ভারী ও পলাশের তৈল—মধুর কষায় ও কফ পিত্তের শান্তিকর।

তুবরক এবং ভল্লাতক (ভেলা) তৈল—উষ্ণ মধুর কষায় পশ্চাৎ তিক্ত, বায়ু কফ কুষ্ঠ মেদ মেহ ও ক্রিমির নাশক, এবং ঊর্দ্ধ ও অধো-ভাগের দোষ-হারী।

সরল দেবদারু গণ্ডীর শিংসপা ও অগুরু, ইহাদিগের সারের তৈল, তিক্ত কটু কষায়, দূষিত ব্রণের শোধনকর, ক্রিমি কফ কুষ্ঠ ও বায়ুর শান্তিকর।

তুম্বী কোষাম্র দন্তী দ্রবন্তী শ্যামা সপ্তলা নীলি কম্পিল্ল এবং সঙ্খিনী, ইহাদিগের তৈল তিক্ত কটু কষায়, শরীরের অধোভাগের দোষ নাশক, ক্রিমি কফ কুষ্ঠ ও বায়ুর শান্তিকর, এবং দূষিত ব্রণের শোধনকর।

যবতিক্ত তৈল—সকল দোষের শান্তিকর, ঈষৎ তিক্ত অগ্নির দীপ্তিকর লেখনকর পথ্য পবিত্র ও রসায়ন।

ঐকৈষিকা (বক্ পুষ্প) তৈল—মধুর অতি শীতল পিত্ত-শান্তিকর বায়ুর প্রকোপকর ও শ্লেষ্মার বর্দ্ধন-কর।

আম্র বীজের তৈল—ঈষৎ তিক্ত, অতি সুগন্ধি, বাত-শ্লেষ্মার শান্তিকর রুক্ষ মধুর কষায়, এবং ইহার রসের ন্যায় অতিশয় পিত্তকর।

যে সকল ফলের তৈল উল্লেখ করা হইল, তাহাদিগের গুণ তৈলের ন্যায় বায়ু-শান্তিকর। সকল তৈলের মধ্যে তিল তৈলই প্রশস্ত। তৈলের ন্যায় কার্য্যকারী ও সেই রূপ গুণবিশিষ্ট বলিয়াই অপরাপর তৈলের তৈলত্ব স্বীকার করা যায়।

গ্রাম্য আনূপ ও জলচর জন্তুর বসা মেদ ও মজ্জা গুরু উষ্ণ মধুর ও বাতঘ্ন। এক-শফ, মাংস-ভোজী এবং জাঙ্গল পশুদিগের বসা মেদ ও মজ্জা লঘু শীতল কষায় ও রক্ত-পিত্তঘ্ন প্রতুদ (শীকারী পক্ষী) বা সাধারণ পক্ষিগণের বসা মেদ ও মজ্জা শ্লেষ্মঘ্ন। ঘৃত তৈল বসা মেদ ও মজ্জা, ইহারা উত্তরোত্তর গুরুপাক এবং বায়ুর শান্তিকর।

মধুবর্গ।

মধু—মধুর, পশ্চাৎ কষায়, রুক্ষ শীতল অগ্নিকর বর্ণকর বলকর লঘু কান্তিকর লেখনকর মুখপ্রিয় সন্ধানকর শোধনকর রোপণকর, সংসর্গ-শক্তির বর্দ্ধনকর, সংগ্রাহী, দৃষ্টির হিতকর, সূক্ষ্ম-পথগামী, পিত্ত শ্লেষ্মা মেদ মেহ হিক্কা শ্বাস অতিসার ছর্দ্দি তৃষ্ণা কৃমি ও বিষের শান্তিকর, প্রফুল্লকর এবং ত্রিদোষের শান্তিকর। ইহা লঘুতা প্রযুক্ত কফঘ্ন, এবং পিচ্ছিলতা মাধুর্য্য ও কষায় ভাব প্রযুক্ত বাত-পিত্তঘ্ন।

মধু অষ্ট প্রকার যথা—১ পৌত্তিক (পিঙ্গলবর্ণ পুত্তিকা নামক বৃহৎ মক্ষিকা সংগৃহীত ঘৃত বর্ণ মধু)। ২ ভ্রামর (ভ্রমর-সঞ্চিত মধু)। ৩ ক্ষৌদ্র (পিঙ্গলবর্ণ ক্ষুদ্র মক্ষিকাকৃত কপিল বর্ণ মধু)। ৪ মাক্ষিক (নীলবর্ণ মধ্যম মক্ষিকাকৃত তৈলবর্ণ মধু)। ৫ ছাত্র (বরটীচ্ছত্র অর্থাৎ

বোল্‌তার চাক সঞ্চিত মধু)। ৬ আর্ঘ্য (আর্ঘা নামক দীর্ঘ-মুখ বিশিষ্ট ভ্রমর সদৃশ মক্ষিকাকৃত মধু)। ৭ ঔদ্দালক (বল্মীক কারী কীট অর্থাৎ উইপোকা নির্ম্মিত মধু)। ৮ দাল (ইন্দ্রনীল দলের ন্যায় সূক্ষ্ম মক্ষিকা উৎপন্ন বৃক্ষ কোটরে জাত মধু)।

পৌত্তিক মধু,—সকল মধু অপেক্ষা রুক্ষ ও উষ্ণ, মক্ষিকার বিষ-সংযোগ প্রযুক্ত বাত-রক্ত ও পিত্তের প্রকোপকর, ছেদনকর বিদাহী এবং মাদক।

ভ্রামর—পিচ্ছিল এবং অতিশয় মধুর প্রযুক্ত গুরুপাক।

ক্ষৌদ্র—শীতল লঘু এবং লেখনকর।

মাক্ষিক—লঘুতর ও রুক্ষ। ইহা সকল মধু অপেক্ষা শ্রেষ্ঠ, শ্বাসাদি রোগে ইহা বিশেষ রূপে প্রশস্ত। স্বাদু গুরুপাক হিম পিচ্ছিল ও রক্ত-পিত্তের শান্তিকর।

ছাত্র—বিবিধ প্রকার মেহের শান্তিকর, কৃমি-নাশক ও অতিশয় গুণকারী।

আর্ঘ্য—চক্ষুর অতিশয় হিতকর, পিত্তশ্লেষ্মার শান্তিকর, কষায় কটু-পাক বলকর তিক্ত অথচ বায়ু-বৃদ্ধিকারী নহে।

ঔদ্দালক—রুচিকর, স্বরের হিতকর, কুষ্ঠ ও বিষের শান্তিকর, কষায় উষ্ণ অম্ল-পিত্তকর ও পাকে কটু।

দাল—ছর্দ্দি ও মেহের শান্তিকর এবং রুক্ষ।

নূতন মধু, পুষ্টিকর সারক এবং অধিক শ্লেষ্মা-নাশক নহে। পুরাতন মধু, মেদ ও স্থূলতা-হারী সংগ্রাহী ও লেখনকর। মধু, পক্ক হইলে ত্রিদোষের শান্তিকরে ও অপক্ক থাকিলে ত্রিদোষের বৃদ্ধিকরে। বিবিধ প্রকার দ্রব্যের সংযোগে ইহা বহুবিধ রোগ আরোগ্য করে। নানাবিধ দ্রব্যের সারাংশ থাকা প্রযুক্ত, ইহার যোগ-বাহী (সংযোগ জনিত) গুণ অতি উৎকৃষ্ট। দ্রব্য রস গুণ বীর্য্য বিপাকে পরস্পর বিরুদ্ধ, এরূপ নানাবিধ পুষ্পের রস হইতে জন্মে বলিয়া, এবং সবিষ মক্ষিকা হইতে

সম্ভূত বলিয়া, ইহাকে অনুষ্ণ উপচার অর্থাৎ সকল রোগের পক্ষে অনুষ্ণ প্রতীকার বলা যায়।

মক্ষিকার বিষ সংযোগ থাকে বলিয়া সকল প্রকার মধুই উষ্ণ সংযোগে বিরুদ্ধগুণ হয়। স্বয়ং উষ্ণ হইলে বা উষ্ণ সংযুক্ত হইলে ইহা বিষতুল্য হয়। সুকুমার শীতল এবং নানা প্রকার ঔষধের রস হইতে উৎপন্ন বলিয়া উষ্ণসংযোগে ইহার বিপরীত গুণ হয়। বৃষ্টির জলের সহিত সংযুক্ত হইলে অধিকতর বিরুদ্ধ হয়। উষ্ণদ্রব্য সংযুক্ত মধু বমন-কার্য্যে ব্যবহৃত হয়। পরিপাক হয় না এবং উদরেও থাকে না, এই কারণে বমনের স্থলে পূর্ব্বের ন্যায় বিরুদ্ধগুণ হয় না। অপক্ক মধ অতিশয় কষ্ট-দায়ক।

ইক্ষু বর্গ।

ইক্ষু—মধুর, পাকে মধুর, গুরুপাক শীতল স্নিগ্ধ বলকর বৃষ্য মূত্রবৃদ্ধিকর, রক্তপিত্তের শান্তিকর, কৃমি ও কফজনক। ইক্ষু অনকে প্রকার যথা—পৌণ্ড্রক, (পুঁড়িআক) ভীরুক, বংশক (সোমশাড়া) শতপোরক, কান্তার (কাজলি) তাপসেক্ষু কাষ্ঠেক্ষু সূচীপত্র নৈপাল দীর্ঘ-পত্র নীলপোর ও কোশকৃৎ। স্থূলতার তারতম্যে এই রূপ জাতিভেদ হয়। অতঃপর ইহাদিগের গুণ কহিতেছি।

পৌণ্ড্রক ও ভীরুক—সুশীতল মধুর স্নিগ্ধ পুষ্টিকর শ্লেষ্মল সারক অবিদাহী গুরুপাক ও বৃষ্য।

বংশক—পূর্ব্বোক্ত ইক্ষুদ্বয়ের সহিত তুল্যগুণ বিশিষ্ট এবং কিঞ্চিৎ স-ক্ষার।

শতপোর—বংশকের তুল্যই গুণকারী, কিন্তু কিঞ্চিৎ উষ্ণ ও বায়ু শান্তিকর।

কান্তার ও তাপস ইক্ষু—উভয়ে, বংশকের তুল্য গুণকারী।

কাষ্ঠেক্ষু—এই প্রকারই গুণকারী, অধিকন্তু বায়ুর প্রকোপ কর।

সূচীপত্র নীলপোর নৈপালী ও দীর্ঘপত্র—ইহারা বায়ু-বর্দ্ধনকর, কফ-পিত্তের শান্তিকর, কষায় এবং বিদাহী।

কোশকার—গুরু শীতল রক্তপিত্ত ও ক্ষয়রোগের শান্তিকর। মূলে এবং মধ্যস্থলে অতিশয় মধুর।

সকল ইক্ষুরই অগ্রভাগে (ডগাতে) লবণ রস। ইক্ষুর রস, দন্ত-নিষ্পীড়িত হইলে, কফ জনক অবিদাহী বায়ু-পিত্তের শান্তিকর মুখের প্রীতিকর ও তেজস্কর হয়, এবং যন্ত্র-নিষ্পীড়িত হইলে, গুরুপাক বিদাহী ও মল-মূত্র-রোধক হয়। পক্ক (পাক করা) ইক্ষু-রস, গুরুপাক সারক স্নিগ্ধ তীক্ষ্ণ ও বাতশ্লেষ্মার শান্তিকর। ফানিত-রস (বাতাসার পাক হইলে), গুরু-পাক মধুর চক্ষু-রোগকারী পুষ্টিকর অথচ তেজস্কর নহে, এবং ত্রিদোষ-জনক। ইক্ষু-গুড়-সক্ষার মধুর, অতিশয় শীতল নহে, স্নিগ্ধ, মূত্র ও রক্তের শোধনকর, অধিক পিত্তশান্তিকর নহে, বাতঘ্ন মেদ ও কফ জনক, বলকর ও বৃষ্য। পুরাতন গুড়—পিত্তঘ্ন মধুর শুদ্ধ বাতঘ্ন রক্তের প্রসাদনকারী অধিক গুণ-বিশিষ্ট ও উৎকৃষ্ট পথ্য।

মৎস্যণ্ডিকা (মাৎ) খণ্ড (মাৎরহিত কঠিন বা নীরস গুড়) এবং শর্করা, ইহারা উত্তরোত্তর নির্ম্মল শীতল স্নিগ্ধ গুরুপাক মধুর বৃষ্য এবং রক্তপিত্ত ও তৃষ্ণার শান্তিকর। ইহারা উত্তরোত্তর যত নির্ম্মল হয়, ততই স্নিগ্ধ মধুর গুরুপাক শীতল ও সারক হইয়া থাকে। মৎস্যণ্ডিকা খণ্ড ও শর্করা স্বভাবতঃ যে রূপ গুণকারী, ইহাদিগকে স্রাবিত করিলেও (রস বা দ্রব করিলে) সেই রূপই গুণকারী হয়। শর্করা যত সারবিশিষ্ট নির্ম্মল ও ক্ষার রহিত হইবে ততই গুণকারী।

মধু শর্করা,—ছর্দ্দি ও অতিসারের শান্তিকর, রুক্ষ ও ছেদনকর মুখপ্রিয় কষায়-মধুর, পাকে মধুর। যবাস শর্করা,—মধুর কষায় পশ্চাৎ তিক্ত শ্লেষ্মা-নাশক ও সারক। যত প্রকার শর্করা আছে সকলেই দাহ ও রক্ত-পিত্তের শান্তিকর, এবং ছর্দ্দি মূর্চ্ছা ও তৃষ্ণাহারী। মধূক-পুষ্প

(মউল ফুল) সম্ভূত ফাণিত, বাত পিত্তের প্রকোপকর, কফঘ্ন মধুর, পাকে কষায় এবং বস্তি-দোষ কর।

মদ্য বর্গ।

অম্লরস-বিশিষ্ট সকল প্রকার মদ্য, পিত্তকর অগ্নিকর রুচিকর ভেদক বাতশ্লেষ্মার শান্তিকর মুখপ্রিয় বস্তি-শোধনকর লঘুপাক বিদাহী উষ্ণ তীক্ষ্ণ ইন্দ্রিয়ের উত্তেজক, প্রফুল্লকর ও মল মূত্রের বর্দ্ধনকর। ইহার বিশেষ কহিতেছি শ্রবণ কর। মার্দ্বীক (দ্রাক্ষা বা আঙ্গুর) মদ্য,—অবিদাহী, মধুর রুক্ষ পশ্চাৎ কষায় লঘু সারক, শোষরোগ (যাহাতে শরীর শীর্ণ হয়) ও বিষম জ্বরের শান্তিকর। ইহা মধুর বলিয়া রক্ত পিত্তরোগেও ব্যবহার করা যায়।

খর্জ্জূর মদ্য—দ্রাক্ষা মদ্যের সহিত ইহার অল্পই ভেদ, বায়ুর প্রকোপ-কর, বিশদ রুচিকর, কফঘ্ন কৃশকারী লঘু কষায় মধুর মুখপ্রিয় সুগন্ধি এবং ইন্দ্রিয়ের উত্তেজক।

সুরা—সুরা, সামান্যতঃ কাস অর্শ গ্রহণী-দোষ মূত্রাঘাত ও বায়ুর শান্তিকারী, স্তন্য ও রক্ত-ক্ষয়ে হিতকরী, এবং পুষ্টি ও অগ্নির দীপ্তি-করিণী।

শ্বেতা (শর্করা) জাত সুরা,—কাস অর্শ গ্রহণী শ্বাস ও প্রতিশ্যায় রোগের ও ছর্দ্দি অরুচি হৃদয় ও কুক্ষি দেশের বেদনা এবং শূল রোগের, বিনাশকারিণী, এবং মূত্র কফ স্তন্য রক্ত ও মাংসের বর্দ্ধন-কারিণী।

সুরা, যব সংযোগে প্রস্তুত হইলে দোষের প্রসন্নকারিণী, কফ বাত অর্শঃ ও কোষ্ঠ রোগের শান্তিকারিণী, পিত্ত ও অল্প কফ-করী এবং রুক্ষা।

মধূলিকা (মউরি) জাতসুরা—পূর্ব্বোক্ত গুণযুক্তা মল মূত্র রোধিনী, গুরু ও শ্লেষ্মাকারী।

আক্ষিকী (তিনিশ বৃক্ষ জাত) সুরা—পূর্ব্বোক্ত সুরা সামান্যের গুণ-বিশিষ্ট, রুক্ষা অল্প-কফকরী তেজোবৃদ্ধি ও পরিপাক করী।

কোহল (তীক্ষ্ণ মদ্য বিশেষ)। বায়ু পিত্ত কফের বৃদ্ধিকর, ভেদক তেজস্কর ও মুখপ্রিয়।

জগল (দ্রাক্ষা-পরিস্রুত মদ্য বিশেষ)। মল মূত্র রোধক, উষ্ণ, পরিপাক-কর, রুক্ষ এবং তৃষ্ণা কফ ও শোফের শান্তিকর।

বক্কস (মদ্যবিশেষ)। হর্ষজনক, প্রবাহিকা (অতিসার বিশেষ) আটোপ (উদরের গুড় গুড় শব্দ) অর্শ ও বায়ু জন্য শোষের শান্তিকর, এবং সারক শক্তি রোধ করে বলিয়া ইহা সংগ্রাহক ও বায়ুর প্রকোপকর, অগ্নিকর, মলমূত্র-জনক, বিশদ, অল্পমাদক ও গুরুপাক।

গৌড় শীধু (গুড়জাত তীক্ষ্ণমদ্য),—কষায়-মধুর, পাচক ও অগ্নিকর।

শার্কর-শীধু (শর্করা জাত তীক্ষ্ণ মদ্য। মধুর, রুচিকর, অগ্নিকর, বস্তির শোধনকর, বাতঘ্ন, পরিপাকে মধুর, হৃদ্য ও ইন্দ্রিয়ের উত্তেজক।

পক্করস-জাত শীধু (১)।—পূর্ব্বোক্ত গুণ বিশিষ্ট, বলকারী, বর্ণকর, সারক, শোফনাশক, অগ্নিকর, হৃদ্য, রুচিকর শ্লেষ্মা এবং অর্শের হিতকর।

আক্ষিক-শীধু।—শরীর কৃশকারী, শীতল-রস বিশিষ্ট, শোথ ও উদর রোগের নাশকারী, বর্ণকর, জারক, স্বর ও ব্রণের পক্ষে হিতকর, কোষ্ঠ-রোধ ও অর্শরোগের শান্তিকর, পাণ্ডু-রোগ-নাশক, মল মূত্রের কঠিনতা সম্পাদক, লঘু কষায় মধুর, পিত্তঘ্ন ও রক্ত প্রসাদনকর।

জাম্বব-শীধু (জাম ফলের শীধু)।—মল-মূত্র-রোধক, কষায় ও বায়ুর প্রকোপকর। সুরাসব (২)।—তীক্ষ্ণ, হৃদ্য, মূত্র বৃদ্ধিকর, কফ

(১) ইক্ষুরস গুড় চিনি প্রভৃতি কোন দ্রব্যের রস অগ্নিতে চোয়াইয়া যে মাদক রস জন্মে তাহাকে পক্করস জাত শীধু বলে। এক্ষণে ইংরাজী ভাষায় তাহাকে "রম্" বা "স্পিরিট্" বলে।

(২) তাল খর্জ্জুর প্রভৃতির রস মাতিয়া উঠিলে সুরাসব কহে।

বায়ুর শান্তিকর, মুখপ্রিয়, স্থিরমদ (যাহার মত্ততা অনেক ক্ষণ থাকে) ও বায়ুনাশক।

মধ্বাসব (মধুজাত আসব)—লঘু, ছেদক, মেহ কুষ্ঠ ও বিষের শান্তিকর, তিক্ত, কষায়, শোফঘ্ন, তীক্ষ্ণ, স্বাদু অথচ বায়ু-বৃদ্ধি-কর নহে।

মৈরেয় আসব (৩)—তীক্ষ্ণ কষায় মাদক, অর্শ কফ ও গুল্ম নাশক, ক্রিমি মেদ ও বায়ুর শান্তিকর এবং গুরু-পাক।

মৃদ্বীক-ইক্ষু-রসাসব (আঙ্গুর ও ইক্ষু রস সংযোগে যে মাদক রস প্রস্তুত হয়, যাহাকে ভিনিগার বা ছিরকা কহে)—বলকর, পিত্ত-নাশক ও বর্ণকর।

মধু-পুষ্প (মউল ফুল) জাত শীধু—বিদাহী অগ্নিকর বলকর রুক্ষ কষায় কফনাশক ও বাত পিত্তের প্রকোপকর।

অন্যান্য কন্দ মূল ও ফল জাত আসবের গুণ, তাহাদিগের রসের দ্বারা নির্ণয় করিবে। নূতন মদ্য, চক্ষুরোগ-কারী গুরু-পাক বায়ু-পিত্ত-কফের প্রকোপক, অনিষ্ট-গন্ধযুক্ত বিরস অপ্রিয় ও বিদাহী। পুরাতন মদ্য, সুগন্ধি অগ্নিকর মুখপ্রিয় রুচিকর ক্রিমি-নাশক নাড়ী-পথের শোধনকর লঘু ও বায়ু-পিত্তের শান্তিকর।

অরিষ্ট (আরক), দ্রব্য-সংযোগে সংস্কৃত হওয়া প্রযুক্ত অধিক গুণকারী। একারণ বহু দোষের নাশক এবং সকল দোষের সমতা কারক, কফ-বাতঘ্ন সারক, পিত্ত-বিরোধকারী, শূল আধ্মান উদররোগ প্লীহা জ্বর অজীর্ণ ও অর্শের হিতকর। পিপ্পল্যাদি-গণের সংযোগে অরিষ্ট প্রস্তুত করা হইলে, কফ-রোগের শান্তিকর হয়। চিকিৎসিত-স্থানে পৃথক্ পৃথক্ রোগ-নাশক অরিষ্ট সকল বলা যাইবে। অরিষ্ট আসব এবং শীধু, ইহাদিগের দ্রব্য গুণ ও

---

(৩) ধাতকীপুষ্প গুড় ও আমানি সংযোগে যে মাদক রস প্রস্তুত হয়, তাহাকে মৈরেয় আসব কহে। যথা—শীধুরিক্ষুরসৈঃ পক্বৈরপক্বৈরাসবো ভবেৎ। মৈরেয়ং ধাতকীপুষ্পগুড়ধান্যাম্লসংহিতম্ ইতি মাধবকরঃ।

ক্রিয়া এবং প্রস্তুত করিবার প্রণালী বিবেচনা করিয়া ব্যবহার করিবে। ইহারা গাঢ় হইলে, বিদাহী দুর্গন্ধ-বিশিষ্ট বিরস কৃমিকর ও গুরুপাক হইয়া থাকে। তরুণ হইলে, অপ্রিয় ও তীক্ষ্ণ হয়, এবং মন্দ পাত্রে থাকিলে উষ্ণ হয়। যে মদ্য, অল্প-ওষধি-বিশিষ্ট পর্য্যুষিত নির্ম্মল ও পিচ্ছিল, অথবা যাহা পাত্রে অবশিষ্ট থাকে (পাত্রের তলায় যাহা কিঞ্চিৎ থাকে) তাহা গ্রহণ করিবে না (১)। যে মদ্যের উপকরণ-দ্রব্য অল্প, ও যাহা তরুণ ও পিচ্ছিল, সেই মদ্য গুরুপাক, কফের প্রকোপকর এবং দুর্জ্জর (শীঘ্র জীর্ণ হয় না)। উপকরণ-দ্রব্য অতিরিক্ত হইলে, মদ্য, পিত্ত-প্রকোপকর তীক্ষ্ণ উষ্ণ বিদাহী অপ্রিয়, ফেনিল দুর্গন্ধবিশিষ্ট কৃমিকর বিরস ও গুরুপাক হইয়া থাকে। পর্য্যুষিত হইলে, বায়ুর প্রকোপকর হয়, ও সকল-প্রকার দোষ জন্মায়। যে মদ্য অধিক কাল থাকা প্রযুক্ত জাতরস হয় (যাহাতে রস জন্মায়), তাহাই বাত-শ্লেষ্মার শান্তিকর, রুচিকর, নির্দ্দোষ, সুগন্ধি, সেবন-যোগ্য ও মাদক। রস ও বীর্য্য ভেদে মদ্য নানাপ্রকার। মদ্যের বীর্য্য সূক্ষ্ম উষ্ণ তীক্ষ্ণ ও প্রফুল্ল-কারী বলিয়া, জঠরাগ্নির সহিত হৃদয়-দেশস্থ ধমনীপথে প্রবেশপূর্ব্বক উর্দ্ধে গমন করিয়া মন ও ইন্দ্রিয়গণকে সঞ্চালিত করিয়া উন্মাদিত করে। মদ্যপান করিলে শ্লেষ্মা-প্রকৃতির লোক অধিক বিলম্বে মত্ত হয়, বায়ু-প্রকৃতির লোক অনতিবিলম্বে মত্ত হয়, এবং পিত্ত-প্রকৃতির লোক শীঘ্রই মত্ত হয়। মদ্যপানে মত্ত হইলে, সাত্ত্বিক-প্রকৃতি পুরুষের শৌচ দাক্ষিণ্য হর্ষ সৌন্দর্য্যের অভিলাষ, এবং গীত, অধ্যয়ন, সৌভাগ্য ও সুরত-ক্রীড়াতে উৎসাহ জন্মিয়া থাকে। রাজসিক-প্রকৃতি লোকের, দুঃখশীলতা সাহসপূর্ব্বক আত্ম-ত্যাগ ও কলহেচ্ছা জন্মিয়া থাকে। তামসিক-প্রকৃতি লোকের

---

(১) যেরূপ পরিমাণের ওষধির দ্বারা প্রস্তুত করিতে হয়, সেই পরিমাণের ন্যূন হওয়াকে অল্প-ওষধি-বিশিষ্ট বলা যায়।

অশৌচ নিদ্রা মাৎসর্য্য অগম্যাগমনাভিলাষ, এবং অসভ্য-ভাষণ, এই সকল ঘটিয়া থাকে। শুক্ত (১)—রক্ত-পিত্ত-কর ছেদক পাচক স্বরের বিকৃতিকর জারক শ্লেষ্মা পাণ্ডু ও কৃমি নাশক এবং লঘুপাক। সেই শুক্ত চোয়াইয়া যে রস জন্মে, তাহা তীক্ষ্ণোষ্ণ মূত্রল হৃদ্য কফঘ্ন কটুপাক ও বিশেষরূপে রুচিকর। গুড় রস কিংবা মধু সংযোগে যে সকল শুক্ত প্রস্তুত হয়, তাহারা চক্ষু-রোগ-কর ও উত্তরোত্তর লঘুতর, তর্থাৎ গুড়জাত অপেক্ষা রসজাত শুক্ত লঘুতর, এবং রসজাত অপেক্ষা মধুজাত শুক্ত লঘুতর। তুষোদক (পর্য্যুষিত অন্নের আমানি) অগ্নিকর, মুখপ্রিয় হৃদ্রোগ পাণ্ডু-রোগ ও কৃমিরোগের শান্তিকর। সৌবীরক (আমানি বিশেষ) গ্রহণী অর্শনাশক এবং ভেদক। ধান্যাম্ল (আমানি অধিক দিন রাখিলে মাতিয়া উঠিয়া নির্ম্মল জলের ন্যায় যে কাঁজি প্রস্তুত হয়) অগ্নিকর, দাহনাশক, মর্দ্দনে ও পানে বাত শ্লেষ্মা তৃষ্ণা-নাশক ও লঘুপাক। ধান্যাম্ল, অতিতীক্ষ্ণ বলিয়া গণ্ডূষমাত্র পানে তৎক্ষণাৎ কফ নাশ করে এবং মুখের বিরসতা দুর্গন্ধ মলের কঠিনতা ও শ্রান্তি দূর করে। ইহা অগ্নিকর জারক ভেদক ও আস্থাপনের পক্ষে উপকারী, সমুদ্র-তীরবাসী ব্যক্তিদিগের প্রকৃতি-সিদ্ধ সেবনীয়।

মূত্র-বর্গ।

গো মহিষ অজা মেষ হস্তী অশ্ব গর্দ্দভ ও উষ্ট্র, ইহাদিগের মূত্র তীক্ষ্ণ কটু, উষ্ণ, তিক্ত পশ্চাৎ লবণ-রস, লঘু শোধনকর, কফ বাত কৃমি মেদ বিষ গুল্ম অর্শ উদররোগ কুষ্ঠ শোফ অরুচি ও পাণ্ডুরোগের শান্তিকর, হৃদ্য ও অগ্নিকর।

---

(১) কোন ফল বা মূল লবণ-যুক্ত তৈলে মগ্ন করিয়া শুষ্ক করিবে। পরে জলে ফেলিয়া রাখিবে। মাতিয়া উঠিলে সেই জল ছিরকা বা ভিনিগারের ন্যায় শুক্ত বলিয়া ব্যবহৃত হয়।

উপর্য্যুক্ত সকলপ্রকার মূত্র, কটু তীক্ষ্ণ উষ্ণ ও পশ্চাৎ লবণ রস বিশিষ্ট, লঘু শোধনকর, কফ ও বাতের শান্তিকর, ক্রিমি মেদ ও বিষনাশক, অর্শ জঠর-রোগ গুল্ম শোফ অরুচি ও পাণ্ডুরোগ-হারী, ভেদক হৃদ্য অগ্নিকর ও পাচক।

গোমূত্র।—কটু তীক্ষ্ণ উষ্ণ অথচ ক্ষারযুক্ত বলিয়া বায়ুর প্রকোপ-কারী নহে, লঘু অগ্নির দীপ্তিকর পবিত্র পিত্তল বাতশ্লেষ্মার শান্তিকর, শূল গুল্ম উদর আনাহ প্রভৃতি রোগে, এবং বিরেচন আস্থাপন প্রভৃতি মূত্র সাধ্য কার্য্যে গব্য-মূত্রই ব্যবহার করিবে।

মাহিষ-মূত্র।—দুর্নাম (অর্শ) উদর শূল কুষ্ঠ মেহ আনাহ শোফ গুল্ম ও পাণ্ডুরোগে হিতকর।

ছাগ-মূত্র।—কাস ও শ্বাস-হারী, শোষ কামলা ও পাণ্ডুরোগ নাশকারী, কটু তিক্ত ঈষৎ বায়ুর প্রকোপকর।

মেষ-মূত্র।—কাস প্লীহা উদর শ্বাস ও শোষ রোগে উপকারী ও মল-সংগ্রাহক, লবণ, তিক্ত ও কটু-রস বিশিষ্ট, উষ্ণ এবং বাত-নাশকারী।

অশ্ব-মূত্র।—অগ্নিবৃদ্ধিকর, কটু তীক্ষ্ণ ও উষ্ণ, বাত ও চিত্ত-বিকার-নাশকারী, কফ-হর এবং ক্রিমি ও দদ্রু রোগের পক্ষে হিতকর।

হস্তি-মূত্র।—তিক্ত ও লবণ রস বিশিষ্ট, ভেদক, বাতঘ্ন, পিত্তের প্রকোপকর, এবং তীক্ষ্ণ। ইহা ক্ষার-ক্রিয়া ও কিলাস (ছুলি) রোগে ব্যবহার্য্য।

গর্দ্দভ-মূত্র।—তীক্ষ্ণ অগ্নিকর, ক্রিমি বাত ও কফের শান্তিকর, গরল চিত্ত-বিকার ও গ্রহণী রোগের শান্তিকর।

করভ-মূত্র।—শোফ কুষ্ঠ উদররোগ উন্মাদ বায়ুরোগ অর্শ ও ক্রিমি-নাশকারী।

মানুষ-মূত্র।—পূর্ব্বোক্ত সকল-গুণ বিশিষ্ট ও বিষ-নাশকারী।

দ্রব দ্রব্য সমস্তই সংক্ষেপে বলা হইল। দেশ কাল বিবেচনা করিয়া ইহা রাজাকেও সেবন করান যাইতে পারে।

অন্নপান-বিধি।

ধন্বন্তরিকে অভিবাদনপূর্ব্বক সুশ্রুত কহিতেছেন। পূর্ব্বে বলিয়াছেন যে আহারই প্রাণিগণের বল বর্ণ ও ওজের মূল। সেই আহার ছয় রসের আয়ত্ত। রস, দ্রব্যের আশ্রিত। দ্রব্য রসগুণ বীর্য্য ও বিপাকের দ্বারাই দোষ ও ধাতুর ক্ষয় বৃদ্ধি এবং সমতা হইয়া থাকে। ব্রহ্মাদি লোকেরও স্থিতি উৎপত্তি ও বিনাশের কারণ আহার। আহারের দ্বারাই শরীরের বল মাংস ও আরোগ্য বর্দ্ধিত হয়, এবং বর্ণ ও ইন্দ্রিয় সকল প্রসন্নভাবে থাকে। আহারের বৈষম্য হইলেই শারীরিক অস্বাস্থ্য ঘটে। চর্ব্ব্য চূষ্য লেহ্য ও পেয়, এই চারিপ্রকার আহারের দ্বারা ভিন্ন ভিন্ন গুণবিশিষ্ট বহুবিধ দ্রব্য আহার করা যায়। এক্ষণে সেই সকল ভিন্ন আহারীয়ের দ্রব্য রস গুণ বীর্য্য ও বিপাক জানিতে ইচ্ছা করি। দ্রব্যের স্বভাব না জানিলে, বৈদ্য স্বাস্থ্যরক্ষা বা রোগের শান্তি করিতে কদাচই সমর্থ হইবেন না। আহারই সকল প্রাণীর মূল। অতএব হে ভগবন্, অন্নপানের বিধি আমাকে উপদেশ করুন। এইরূপে অভিহিত হইয়া ভগবান্ ধন্বন্তরি কহিলেন, হে বৎস সুশ্রুত, তুমি যাহা জানিতে ইচ্ছা করিলে, কহিতেছি শ্রবণ কর। লোহিত-শালি কলম কর্দ্দম পাণ্ডু সুগন্ধ শকুনাহৃত পুষ্পাণ্ডক পুণ্ডরীক মহাশালি শীত-ভীরুক রোধ্রপুষ্প দীর্ঘশূক কাঞ্চন মহিষ-মস্তক হায়ন দূষক মহাদূষক প্রভৃতি শালি-ধান্য।

শালি ধান্য, মধুর শীত-বীর্য্য লঘুপাক বলকর পিত্তঘ্ন অল্প বায়ু এবং কফকর স্নিগ্ধ মলের অল্পতা-কারী ও মলরোধক। সকলপ্রকার শালি ধান্যের মধ্যে লোহিত-ধান্যই শ্রেষ্ঠ। ইহা দোষঘ্ন, শুক্র ও মূত্র বৃদ্ধিকর, চক্ষু ও স্বরের পক্ষে হিতকর, বর্ণকর বলকর, হৃদ্য শ্রান্তিনাশক, ব্রণের পক্ষে হিতকর, এবং জ্বর, সকলপ্রকার দোষ ও বিষের শান্তিকর। অপরাপর শালি উত্তরোত্তর ক্রমশঃ অল্প গুণশালী।

ষষ্টি, কঙ্গুক মুকুন্দ পীত প্রমোদ কাকল আসনপুষ্প মহাষষ্টি চূর্ণ

কুরব কেদার প্রভৃতি ষাট্ ধান্য। ইহারা রসে ও পাকে মধুর, বাত পিত্তের শান্তিকর, গুণে প্রায় শালি ধান্যের তুল্য, পুষ্টিকর কফ ও শুক্রের বৃদ্ধিকর। ইহাদিগের মধ্যে ষাট্-ধান্যই প্রধান। ষাট্ ধান্য, পশ্চাৎ কষায়রসবিশিষ্ট লঘু মৃদু স্নিগ্ধ ত্রিদোষঘ্ন, শরীরের স্থৈর্য্য ও বল বর্দ্ধনকারী, বিপাকে মধুর সংগ্রাহী এবং লোহিত-ধান্যের তুল্য গুণকারী। অপর সকল ষাট্ ধান্য উত্তরোত্তর ক্রমশঃ অল্প-গুণ-বিশিষ্ট।

কৃষ্ণব্রীহি শালামুখ নন্দীমুখ অবাক্ষক ত্বরিতক কুক্কুটাণ্ড পারাবত পটল প্রভৃতি ব্রীহি (আশু) ধান্য।

ব্রীহি ধান্য, কষায়-মধুর, পাকে মধুর ও শীত-বীর্য্য নহে, অল্প চক্ষু-রোগকারী, ষাট্ ধান্যের তুল্য গুণকারী, ও মলের সংগ্রাহক। ব্রীহি ধান্যের মধ্যে কৃষ্ণব্রীহিই শ্রেষ্ঠ। ইহা পশ্চাৎ কষায়-রস বিশিষ্ট ও লঘু। অপর সকল ব্রীহি উত্তরোত্তর অল্প গুণকারী। যে সকল শালি ধান্য দগ্ধভূমিতে জন্মে, তাহারা লঘুপাক কষায়, মল মূত্রের সংগ্রাহী, রুক্ষ এবং শ্লেষ্মা-নাশক। স্থলজাত (উচ্চ-ভূমিজাত) ধান্য ঈষৎ তিক্ত-যুক্ত মধুর, বায়ু এবং অগ্নির বর্দ্ধনকর, কফ পিত্তের শান্তিকর, কষায় ও পশ্চাৎ কটু। কৈদার ধান্য মধুর বৃষ্য বলকর পিত্তের শান্তিকর ঈষৎ কষায়, অল্প মলকারী, গুরুপাক কফ ও শুক্রের বর্দ্ধন-কর। রোপ্যাতিরোপ্যা (রোয়া ধান্য), লঘুপাক, অতিশয় গুণকারী, অদাহী, দোষনাশক, বলকর এবং মূত্র-বর্দ্ধক। যে সকল শালিধান্যের অন্তরে অঙ্কুর থাকে, তাহারা রুক্ষ মলবর্দ্ধনকর তিক্ত কষায় পিত্তঘ্ন লঘুপাক এবং শ্লেষ্মাজনক। কোন্ কোন্ শালিধান্য হিত-কর ও অহিত-কর তাহা বিস্তারিতরূপে বলা হইল, এক্ষণে মুদ্গ মাষ প্রভৃতি কু-ধান্য-বর্গের গুণাগুণ কহিতেছি।

কু-ধান্য-বর্গ।

কোরদূষক (ছোট মটর) শ্যামা (শ্যামা তৃণ) নীবার (ঝরা ধানের যে বৃক্ষ হয় তাহার শস্য) শান্তনু তুবর (আঢ়কী বা অরহর

কলাই) কোদ্দালক (কোদো ধান্য) প্রিয়ঙ্গু (কাঁয়ু ধান্য) মধুলিকা নান্দীমুখী কুকবিন্দ (কুলথ কলাই) গবেধুক (গড়গড়ে) বরূক উদপর্ণী মুকুন্দ বেণুযব প্রভৃতি কু-ধান্য-বর্গ।

ইহারা উষ্ণ কষায় মধুর রুক্ষ কটুপাক শ্লেষ্মঘ্ন স্রাব-রোধক ও বায়ুপিত্তের প্রকোপকর। তাহাদিগের মধ্যে কোদ্রব নীবার শ্যামা ও শান্তনু, কষায় মধুর ও শীত পিত্তের শান্তিকর।

প্রিয়ঙ্গু চারিপ্রকার, কৃষ্ণ রক্ত পীত ও শ্বেত। তাহারা উত্তরোত্তর অধিকতর গুণকারী রুক্ষ ও কফ নাশক। মধুলী মধুর ও শীতল। নান্দীমুখী স্নিগ্ধ। বরূক এবং মুকুন্দ অতিশয় শোষণকারী। বেণু-যব রুক্ষ উষ্ণবীর্য্য কটুপাক মূত্র-রোধক, কফ-নাশক কষায় ও বাতের প্রকোপকর।

মুদ্গ বনমুদ্গ কলায় মকুষ্ঠ মসূর মাঙ্গল্য চণক সতীন (মটর) ত্রিপুটক হরেণু (কলাই বিশেষ) আঢ়কী প্রভৃতি বৈদল। ইহারা কষায় মধুর শীতল কটুপাক ও বায়ুর প্রকোপকর, মল-মূত্র-রোধক ও পিত্ত শ্লেষ্মার শান্তিকর। ইহাদিগের মধ্যে মুগ, অধিক বায়ু-বর্দ্ধনকর নহে ও দৃষ্টির হিতকারী। বনমুগও মুগের তুল্য গুণশালী। মসূর, পাকে মধুর ও তেজোবর্দ্ধনকর। মকুষ্ঠ (কলাই বিশেষ) কৃমিকর ও অতিশয় বায়ুর প্রকোপকর। আঢ়কী, কফ পিত্তের শান্তিকর, ও বায়ুর প্রকোপকর নহে। চণক (ছোলা), বায়ু-বর্দ্ধনকর, শীতল মধুর কষায়, রুক্ষ কফ ও রক্ত পিত্তের শান্তিকর, এবং পুরুষত্ব-নাশক। হরেণু ও সতীন; মল-বৃদ্ধিকর। মুদ্গ ও মসূর ব্যতিরেকে সকল বৈদলই আধ্মান-কারক।

মাষ (মাষকলাই), গুরুপাক, মলমূত্র-ভেদক, স্নিগ্ধ-উষ্ণবীর্য্য, বৃষ্য মধুর বায়ুর শান্তিকর, অতিশয় তৃপ্তিকর স্তন্যজনক বলকর এবং শুক্র ও কফ-বর্দ্ধনকারী। মাষকলাই কষায় ভাব প্রাপ্ত হইলে মল-ভেদক মূত্র-বৃদ্ধিকর ও কফ-জনক হয় না এবং বিপাকে মধুর গুণ-যুক্ত

অনিলঘ্ন তৃপ্তিকর স্তন্যকর ও রুচিপ্রদ হয়। আত্মগুপ্ত (আলকুশী-বীজ), মাষকলায়ের তুল্য গুণকারী, কষায় প্রযুক্ত মলমূত্রভেদক বা কফজনক নহে, পাকে মধুর, তৃপ্তিকর স্তন্যকর ও রুচিকর। কাকাণ্ড ফলও এইরূপ গুণশালী। বন্য মাষ রুক্ষ-কষায় ও অবিদাহী।

কুলথ কলাই—উষ্ণবীর্য্য কষায়-রস কটুপাক, কফ ও বায়ুর শান্তিকর, মলের সংগ্রাহক, শুক্রাশ্মরী গুল্ম পীনস কাস আনাহ মেদ কোষ্ঠ-রোধকতা হিক্কা ও শ্বাস, এই সকল রোগের শান্তিকর, রক্ত-পিত্তজনক, এবং কফ ও চক্ষুরোগ নাশক। বন্য কুলত্থেরও এই সকল গুণ, বিশেষতঃ ঈষৎ কষায় তিক্ত ও মধুর সংগ্রাহক পিত্তকর ও উষ্ণ।

তিল—পাকে মধুর, বলকর স্নিগ্ধ ব্রণের আলেপনে হিতকর অগ্নিকর মেধা-জনক মূত্রের লাঘব-কারী, স্তন্যবর্দ্ধনকারী, দন্ত ও কেশের পক্ষে হিতকারী, বায়ু-নাশক ও গুরুপাক। তিলের মধ্যে কৃষ্ণ-তিলই উৎকৃষ্ট, শ্বেত তিল মধ্যম এবং অপর সকল তিল নিকৃষ্ট।

যব—কষায় মধুর হিম কটুপাক, কফপিত্তের শান্তিকারী, তিলের ন্যায় ব্রণরোগে পথ্য, মূত্ররোধক ও অতিশয় বায়ুজন্য তেজের বর্দ্ধনকর, শরীরের স্থিরতা অগ্নি মেধা স্বর ও বর্ণকর, পিচ্ছিল মেদ ও তৃষ্ণা নাশক, বায়ুর অনুলোমকারী, রুক্ষ ও রক্তপিত্তের শান্তিকর। অতিযব (যববিশেষ) সমস্ত যব অপেক্ষা কিছু অল্প-গুণ-বিশিষ্ট।

গোধূম—মধুর গুরু বলকর স্থৈর্য্যকারী, রুচিকর ও শুক্রের বর্দ্ধনকারী, স্নিগ্ধ শীতল, বায়ু-পিত্তের শান্তিকারী, সন্ধানকর শ্লেষ্মাকর এবং সারক।

শিম্বা (শুঁটী)—রুক্ষ কষায়, বিষ শোফ শুক্র শ্লেষ্মা ও দৃষ্টির ক্ষয়-কারী, বিদাহী কটুপাক মধুর মলভেদক, বায়ুপিত্ত-বর্দ্ধনকর। শ্বেত কৃষ্ণ পীত ও রক্ত এই সকল বর্ণ ভেদে শিম্বা নানাপ্রকার হইয়া থাকে। ইহারা যথাক্রমে গুণশালী, রসে ও পাকে কটু এবং উষ্ণ। শিম্বা মূল-জাত ও লতা-জাত হইয়া থাকে। ইহারা পাকে ও রসে

মধুর, বলকর পিত্তশান্তিকর, আশু বিদাহী রুক্ষ অধিকক্ষণ ভার থাকিয়া জীর্ণ হয়, এবং বায়ুবৃদ্ধি করে। সকলপ্রকার বৈদলকে (কলাই প্রভৃতি দ্বিদল) শিম্বী বলা যায়, তাহারা রুচিকর ও দুর্জ্জর (সহজে জীর্ণ হয় না)। অতসী (তিসী), উষ্ণ স্বাদু, বায়ুর শান্তিকর পিত্তের বর্দ্ধনকর এবং কটুপাক। কুসুম্ভ (কুসুম বীজ), রসে ও পাকে কটু এবং কফঘ্ন বিদাহী, সুতরাং অহিতকর। সর্ষপ, রসে ও পাকে কটু এবং রক্তপিত্তের প্রকোপকর। শ্বেত-সর্ষপও এইপ্রকার গুণ-বিশিষ্ট, বিশেষতঃ তীক্ষ্ণ উষ্ণ রুক্ষ ও কফ বায়ুর নাশক।

উপযুক্ত ঋতুতে না জন্মিলে, ব্যাধি দ্বারা নষ্ট হইলে, প্রণালীক্রমে না জন্মিলে, ভূমিতে না জন্মিলে, অথবা নূতন হইলে কোন ধান্যই গুণকারী হয় না। ধান্য নূতন হইলে চক্ষুরোগ-কারী, ও এক বৎসরের পুরাতন হইলে লঘু হয়। ধান্য বিরূঢ় হইলে (অঙ্কুর না থাকিলে), বিদাহী গুরু বিষ্টম্ভী ও দৃষ্টির অহিতকারী হয়। শালি হইতে সর্ষপ পর্য্যন্ত সকল ধান্যেরই ইহাতে কাল, প্রমাণ, সংস্কার ও মাত্রা বলা হইল।

মাংসবর্গ।

জলচর, সজল-দেশবাসী, গ্রামবাসী, মাংস-ভোজী, একশফ (এক-খুর জন্তুমাত্র) (১) ও জাঙ্গল, এই ছয় মাংসবর্গ। ইহাদিগকে উত্তরোত্তর প্রধান বলিয়া জানিবে, অর্থাৎ জলচর অপেক্ষা সজল-দেশবাসী প্রধান, তদপেক্ষা গ্রামবাসী প্রধান, তদপেক্ষা মাংস-ভোজী প্রধান ইত্যাদি। ইহারা দুইপ্রকার; জাঙ্গল (বন্য) ও আনূপ (সজল-দেশ-বাসী)। জাঙ্গল-বর্গ আটপ্রকার, যথা—জঙ্ঘাল (যাহারা জঙ্ঘাবলে দ্রুত গমন করিতে পারে), বিষ্কির (পক্ষিগণ, যাহারা আহারীয় দ্রব্য

(১) "খরোঽশ্বোঽশ্বতরো গৌরঃ শরভশ্চমরী তথা। এতে চৈকশফাঃ ক্ষত্তঃ শৃণু পঞ্চনখান্ পশূন্॥" ইতি শ্রীভাগবত। গর্দ্দভ অশ্ব অশ্বতর গৌর-শরভ ও চমরী ইহারা একশফ জন্তু।

ছড়াইয়া খুটিয়া ভক্ষণ করে) (২), প্রতুদ, গুহাশয়, প্রসহ (যাহারা বল-পূর্ব্বক খাদ্য সংগ্রহ করিয়া থাকে এরূপ পক্ষী), পর্ণ-মৃগ, বিলেশয় ও গ্রাম্য। ইহাদিগের মধ্যে জঙ্গাল ও বিষ্কির এই দুই অত্যুৎকৃষ্ট। এণ হরিণ ঋষ্য কুরঙ্গ করাল কৃতমাল শরভ শ্ব-দংষ্ট্রা (কুক্কুরের ন্যায় দন্ত-বিশিষ্ট পশু) পৃষত (শ্বেতবিন্দুযুক্ত মৃগ) অরুঙ্কল ও মৃগমাতৃকা প্রভৃতি জঙ্গাল পশু। ইহারা কষায় মধুর, লঘু, বাত ও পিত্তনাশক, তীক্ষ্ণ হৃদ্য ও বস্তি-শোধনকর।

এণ-মাংস—কষায় মধুর হৃদ্য, রক্তপিত্ত ও কফ নাশক, সংগ্রাহী রুচিকর বলকর ও জ্বর-নাশক।

হরিণ-মাংস—মধুর, পাকে মধুর, দোষঘ্ন অগ্নিবৃদ্ধিকর শীতল মল-মূত্র-রোধক সুগন্ধি ও লঘুপাক। এণ ও হরিণ এই উভয়ের মধ্যে প্রভেদ এই, কৃষ্ণমৃগকে এণ বলে ও তাম্রবর্ণ মৃগকে হরিণ বলে। যে মৃগ কৃষ্ণ বা তাম্রবর্ণ নহে, তাহাকে কুরঙ্গ বলা যায়।

মৃগমাতৃকা প্রভৃতির মাংস—শীত ও রক্তপিত্তের শান্তিকর, সন্নিপাত ক্ষয় শ্বাস কাস হিক্কা ও অরুচি-নাশক।

লাব তিত্তিরি কপিঞ্জল বর্ত্তীর বর্ত্তিক বর্ত্তকা নপ্তৃকা বাতীক চকোর কলবিঙ্ক ময়ূর ক্রকর উপচক্র কুক্কুট সারঙ্গ শতপত্রক কুতিত্তিরি কুর-বাহুক ও যবলক প্রভৃতি বিষ্কির জাতি। ইহারা লঘু, শীতল, মধুর, কষায় ও দোষের শান্তিকারী।

লাব-মাংস—সংগ্রাহী অগ্নিকর কষায় মধুর লঘু ও বিপাকে কটুরস এবং সন্নিপাতে উপকারী।

তিত্তিরি-মাংস—ঈষৎ গুরু উষ্ণ মধুর বৃষ্য মেধা ও অগ্নিবৃদ্ধি-কর সর্ব্বদোষ নাশক ধারক ও বর্ণের প্রসাদনকর। গৌর-তিত্তিরি—উক্ত গুণ-বিশিষ্ট, বিশেষতঃ হিক্কা শ্বাস ও বায়ু নাশক।

---

(২) কুলিঙ্গ-কুক্কুটাদ্যাশ্চ বিষ্কিরাঃ সমুদাহৃতাঃ। বিকীর্য্য ভক্ষয়ন্ত্যেতে যস্মাৎ তস্মাদ্ধি বিষ্কিরাঃ॥

কপিঞ্জল (চাতক) মাংস—রক্ত-পিত্তনাশক, শীতল ও লঘুপাক। কফজাত রোগে ও বায়ু মন্দ হইলে ইহার মাংস ব্যবহার্য্য।

ক্রকর-মাংস—বায়ু ও পিত্ত নাশক, তেজস্কর মেধা অগ্নি ও বলের বর্দ্ধনকর লঘু ও মুখপ্রিয়। উপচক্র-(চক্রবাক-বিশেষ)-মাংসও উক্তরূপ গুণকারী, এবং কষায় স্বাদু ও লবণ রসবিশিষ্ট, ত্বক্ ও কেশের বৃদ্ধিকর এবং রুচিকর।

ময়ূর-মাংস—স্বর মেধা অগ্নি দর্শনেন্দ্রিয় ও শ্রবণেন্দ্রিয়ের দৃঢ়তা-কারক, স্নিগ্ধ উষ্ণ ও বায়ু নাশক, বৃষ্য স্বেদ স্বর ও বল বর্দ্ধনকর।

কুক্কুট-মাংস—বন্যকুক্কুট বৃংহণ, বায়ুরোগ ক্ষয় বমি ও বিষমজ্বরের নাশক। গ্রাম্যকুক্কুটও এইরূপ গুণবিশিষ্ট, কেবল গুরুপাক।

কপোত পারাবত ভৃঙ্গরাজ পরভৃতক যষ্টিক কুলিঙ্গ গৃহকুলিঙ্গ গোক্ষোড়ক ডিণ্ডিম মানক শতপত্রক মাতৃনিন্দক ভেদাশী শুক সারিকা বল্গুলী গিরিশাল হ্বাল দূষক সুগৃহী খঞ্জরীটক হারীত ও দাত্যূহ প্রভৃতি প্রতুদ-জাতীয় পক্ষী। ইহারা কষায়-মধুর রুক্ষ ফলাহারী, বায়ু-কর পিত্ত ও শ্লেষ্মা নাশক, শীতল মূত্ররোধক ও অল্প তেজস্কর।

ইহাদিগের মধ্যে ভেদাশী সর্ব্বদোষকর এবং মলের দোষজনক। কানক-পোত (কাকের ছানা) কষায় স্বাদু ও লবণ রস বিশিষ্ট ও গুরু-পাক।

পারাবত—রক্তপিত্ত-নাশক, কষায়, বিশদ, বিপাকে মধুর ও গুরু-পাক।

কুলিঙ্গ—(ফিঙ্গা) মধুর স্নিগ্ধ, কফ ও শুক্রের বর্দ্ধনকর। গৃহকুলিঙ্গ, রক্ত-পিত্ত-নাশক ও অতিশয় শুক্র-বৃদ্ধিকর।

সিংহ ব্যাঘ্র বৃক তরক্ষু ঋক্ষ দ্বীপী মার্জ্জার শৃগাল মৃগ এর্ব্বারুক প্রভৃতি পশুগণ গুহাশয়। ইহারা, মধুর গুরুপাক স্নিগ্ধ বলকর বায়ু-নাশক, উষ্ণ-বীর্য্য-সম্পন্ন, এবং নেত্র ও গুহ্য রোগীদিগের পক্ষে নিয়ত হিতকারী।

কাক কঙ্ক কুরর চাষ ভাস শশঘাতী (বাজপক্ষী) উলুক চিল্লী শোণ গৃধ্র প্রভৃতি প্রসহ জন্তু। এই সকল জন্তু, সিংহ প্রভৃতি জন্তুগণের সহিত সমান-গুণবিশিষ্ট,রস বীর্য্য ও বিপাকে বিশেষতঃ শোষ রোগে হিতকর।

মদ্‌গু মূষিক বৃক্ষশায়িকা বকুশ পূতিঘাসী ও বানর প্রভৃতি পর্ণমৃগ। ইহারা, মধুর গুরুপাক বৃষ্য চক্ষুষ্য এবং শোষ রোগে হিতকারী, মল-মূত্রের বৃদ্ধিকর কাস অর্শ ও শ্বাস নাশক। সমুদ্র-জাত প্রাণী অপেক্ষা নদী-জাত প্রাণী অধিক গুণবিশিষ্ট।

শ্বা-বিধ (কুক্কুর-সদৃশ জন্তু) শল্লক গোধা শশ বৃষদংশ লোপাক লোমশ কর্ণ-কদলী মৃগপ্রিয়ক অজগর সর্প মূষিক নকুল ও মহাবভ্রু প্রভৃতি বিলেশয় জন্তু। ইহারা তেজ ও মূত্রের সন্ধানকর, উষ্ণবীর্য্য পরিপাকে স্বাদু, বায়ুনাশক শ্লেষ্মা ও পিত্তকর এবং কাশ শ্বাস ও কৃশতা নাশক। ইহাদিগের মধ্যে, শশ-মাংস কষায়-মধুর, পিত্ত ও কফের শান্তিকর, এবং অতিশয় শীত-বীর্য্য নয় বলিয়া বায়ুর সমতা সাধন করে। গোধা-মাংস—পরিপাকে মধুর, কষায়-কটু বায়ু ও পিত্ত নাশকারী বৃংহণ ও বলবর্দ্ধনকারী।

শল্লক—স্বাদু পিত্তনাশক লঘু শীতল ও বিষনাশক।

মৃগপ্রিয়ক—বায়ু রোগে হিতকারী।

অজগর—অর্শ-রোগের পক্ষে হিতকারী।

সর্প—অর্শ বায়ু ও দোষনাশক, ক্রিমি ও দূষীবিষ (মাকড়ষার বিষ প্রভৃতি) নাশক, চক্ষুরোগের হিতকর পাকে মধুর এবং মেধা ও অগ্নির বর্দ্ধনকর। ইহাদিগের মধ্যে দর্ব্বীকর অর্থাৎ ফণাধারী সর্প, অগ্নি-বৃদ্ধিকর এবং পরিপাকে কটু, মধুর, অতিশয় চক্ষুর হিতকর এবং মল মূত্র ও বায়ুর সন্ধানকর।

অশ্ব অশ্বতর গো খর উষ্ট্র বস্ত ওরভ্র মেদপুচ্ছক প্রভৃতি গ্রাম্য জন্তু। ইহারা বায়ুনাশক, বর্দ্ধনকর, কফ ও পিত্তকর, রসে ও পাকে মধুর, দীপন ও বলের বর্দ্ধনকর।

বস্ত-(ছাগ)-মাংস—অতি শীতল নয়, গুরুপাক, স্নিগ্ধ পিত্ত ও কফের মন্দতা-কারক, চক্ষুরোগ-নাশক এবং পীনস রোগের শান্তিকর।

ঔরভ্র-(মেষ)-মাংস—বৃংহণ পিত্ত ও শ্লেষ্মাকর ও গুরুপাক।

মেদ ও পুচ্ছক (মেষ-বিশেষ) মাংস—মেষমাংসের সমান গুণবিশিষ্ট ও বৃষ্য।

গব্য-মাংস—শ্বাস কাস প্রতিশ্যায় ও বিষমজ্বরের শান্তিকারক শ্রম ও অত্যগ্নির পক্ষে হিতকর, পবিত্র ও বায়ুনাশক। একশফ (একখুর-বিশিষ্ট) জন্তুর মাংস স-লবণ হইলে মেষ-মাংসের তুল্য গুণ-বিশিষ্ট। অল্প-শ্লেষ্মাকারী জাঙ্গল-বর্গ বলা হইল।

যে সকল পশু কিবা পক্ষীর অনেক দূরে লোকালয় ও জলাশয় থাকে, তাহারা অল্প-শ্লেষ্মাকর এবং যে সকল পশু পক্ষীর অতিসমীপে লোকালয় ও জলাশয় থাকে, তাহারা অতিশয় শ্লেষ্মাকর।

আনূপবর্গ পঞ্চবিধ। যথা ১ কূলচর, ২ প্লব, ৩ কোশস্থ, ৪ পাদী, ও ৫ মৎস্য। ইহাদের মধ্যে, হস্তী গবয় মহিষ রুরু চমর সৃমর রোহিত বরাহ খড়্গী গোকর্ণ কালপুচ্ছ কোন্দ্র ন্যঙ্কু অরণ্য-গবয় প্রভৃতি কূলচর পশু। ইহাদিগের মাংস বায়ু পিত্ত নাশক, বৃষ্য, রসে এবং পাকে মধুর, শীতল বলকর স্নিগ্ধ এবং মূত্র ও কফের বৃদ্ধিকর।

গজ-মাংস—বিরূক্ষণ (রুক্ষস্বভাব) লেখনকর উষ্ণবীর্য্য পিত্তের দোষজনক, স্বাদু অম্ল ও লবণ-রস-বিশিষ্ট এবং শ্লেষ্মা ও বায়ুনাশক।

গবয়-মাংস—স্নিগ্ধ মধুর, কাস-দমনকারী, পরিপাকে মধুর এবং স্ত্রীসংসর্গের বর্দ্ধনকর।

মাহিষ-মাংস—স্নিগ্ধ উষ্ণ ও মধুর, বৃষ্য তৃপ্তিকর গুরুপাক, নিদ্রা পুংস্ত্ব বল ও স্তন্য বর্দ্ধনকর এবং মাংসের দৃঢ়তা-সম্পাদক।

রুরু-মাংস—মধুর পশ্চাৎ কষায়-রস-বিশিষ্ট, বাত পিত্তের শান্তিকর গুরুপাক ও শুক্রের বৃদ্ধিকর।

চমর-মাংস—স্নিগ্ধ মধুর কাসনাশক পরিপাকে মধুর এবং বায়ু ও পিত্তের নাশকারী।

সৃমর-মাংস—মধুর পশ্চাৎ কষায় রস বিশিষ্ট, বায়ু-পিত্তের শান্তিকারক গুরুপাক এবং শুক্রের বৃদ্ধিকর।

বরাহ-মাংস—স্বেদকর বর্দ্ধনকর বৃষ্য শীতল তৃপ্তিকর গুরুপাক স্নিগ্ধ শ্রম ও বায়ু নাশক এবং বলবৃদ্ধিকর।

খড়্গী (গণ্ডার) মাংস—কফনাশক, কষায়রসবিশিষ্ট ও বায়ু নাশক এবং বিরুক্ষণ পিত্তকর পবিত্র আয়ুষ্কর ও মূত্র-রোধক।

গোকর্ণ-মাংস—মধুর স্নিগ্ধ মৃদু কফকর পরিপাকে মধুর এবং রক্ত-পিত্ত-নাশক।

হংস সারস ক্রৌঞ্চ চক্রবাক কুরর কাদম্ব কারণ্ডব জীবঞ্জীবক বক বলাকা পুণ্ডরীক প্লব শরারীমুখ নন্দীমুখ মদ্‌গু উৎক্রোশ কাচাক্ষ মল্লিকাক্ষ শুক্লাক্ষ পুষ্করশায়ী কাকোনাল কাম্বু কুক্কুটকা মেঘরাব শ্বেত-চরণ প্রভৃতি প্লব (যাহারা জলে লাফিয়া বা ভাসিয়া যায়)। ইহারা সংঘাত-চারী এবং রক্ত-পিত্তের নাশক শীতল স্নিগ্ধ বৃষ্য বায়ু-দমনকারী, মলমূত্রের বর্দ্ধক এবং রসে ও পাকে মধুর। ইহাদিগের মধ্যে হংস-মাংস, গুরুপাক উষ্ণ মধুর স্নিগ্ধ, স্বর বর্ণ ও বলের পুষ্টিকর বৃংহণ শুক্রের বৃদ্ধিকর এবং বায়ু-নাশক।

শঙ্খ শঙ্খনখ শুক্তি শম্বুক ভল্লুক প্রভৃতি কোশস্থ প্রাণী। কূর্ম্ম কুম্ভীর কর্কটক কৃষ্ণ-কর্কটক শিশুমার প্রভৃতি পাদী অর্থাৎ চরণ-বিশিষ্ট।

শঙ্খ কূর্ম্ম প্রভৃতি, রসে ও পাকে মধুর, বায়ুনাশক শীতল স্নিগ্ধকর পিত্তের হিতকর তেজোবৃদ্ধিকর এবং শ্লেষ্মার বর্দ্ধনকর। কৃষ্ণকর্কটক, ঈষৎ উষ্ণ ও বায়ুনাশক এবং বলকর। শুক্ল-কর্কটক, সন্ধানকর মল-মূত্রকর এবং বায়ু ও পিত্তনাশক।

মৎস্য দুইপ্রকার। নদী-জাত এবং সমুদ্র-জাত। রোহিত

পাঠীন পাটলা রাজীব (বৃহৎ মৎস্য বিশেষ) বর্ম্মি (বানি-মাছ) গোমৎস্য কৃষ্ণমৎস্য বাগুঞ্জার মুরল সহস্রদংষ্ট্র প্রভৃতি নদীজাত মৎস্য। ইহারা মধুর গুরুপাক ও বায়ুনাশক রক্তপিত্তকর উষ্ণ বৃষ্য স্নিগ্ধ এবং অল্প তেজস্কর।

রোহিত মৎস্য—মধুর পশ্চাৎ কষায় রস-বিশিষ্ট, বায়ুনাশক এবং অল্প পিত্ত-বৃদ্ধি-কর। ইহারা শষ্প শৈবাল প্রভৃতি ভোজন করিয়া থাকে।

পাঠীন মৎস্য (বোয়াল মাছ)—মাংসাশী, শ্লেষ্মকর বৃষ্য ও নিদ্রা-কর, ইহারা অম্লপিত্তকে দূষিত করে এবং কুষ্ঠ রোগের উৎপাদক।

মুরল মৎস্য—বৃংহণ বৃষ্য স্তন্য ও শ্লেষ্ম-কর।

সরোবর ও তড়াগ জাত মৎস্য সকল স্নিগ্ধ-কর এবং মধুর-রস-বিশিষ্ট। মহাহ্রদ-জাত মৎস্য সকল বলকর হয়, স্বল্প-জল-জাত মৎস্যগণ বলকর নহে।

তিমি তিমিঙ্গিল কুলিশ পাকমৎস্য নিরালক নন্দিবারলক মকর গর্গরক চন্দ্রক মহামীন ও রাজীব প্রভৃতি সামুদ্রিক (সমুদ্র-জাত) মৎস্য। ইহারা গুরুপাক স্নিগ্ধ মধুর অল্প পিত্ত-বৃদ্ধিকর উষ্ণ বায়ু-নাশক বৃষ্য তেজস্কর ও শ্লেষ্মা-বর্দ্ধন-কর। সামুদ্রিক মৎস্যগণ মাংস ভক্ষণ করিয়া থাকে বলিয়া বিশেষরূপ বলকর হয়।

চুণ্টী (ক্ষুদ্র কূপ) ও কূপ-জাত মৎস্য, বায়ুনাশক বলিয়া সামুদ্রিক মৎস্য অপেক্ষা অধিকতর গুণ-বিশিষ্ট। বাপী-জাত মৎস্যেরা স্নিগ্ধ ও পরিপাকে স্বাদু বলিয়া চুণ্টী ও কূপজাত মৎস্য অপেক্ষা অধিক-তর গুণ-বিশিষ্ট। নদীজাত মৎস্যেরা মুখ ও পুচ্ছ সুঞ্চালনপূর্ব্বক ভ্রমণ করিয়া থাকে বলিয়া তাহাদের মধ্যদেশ গুরুপাক। সরোবর ও তড়াগ-জাত মৎস্যের শিরোদেশ (মুড়া) অতিশয় লঘু। যে সকল মৎস্য মৃত্তিকার অদূরে চরিয়া থাকে এবং যাহারা উৎসের জল পান করিয়া জীবিত থাকে, তাহাদের শিরোদেশের অল্প অংশ ভিন্ন অপর

সমস্ত শরীরই অতিশয় গুরুপাক। সরোবর-জাত মৎস্যের অধোভাগ সমস্তই গুরুপাক এবং তাহারা উরোদেশ সঞ্চালনপূর্ব্বক ভ্রমণ করে বলিয়া তাহাদের পূর্ব্ব অঙ্গ অর্থাৎ ঊর্দ্ধভাগ লঘুপাক জানিবে। সজলদেশবাসী অধিক-শ্লেষ্মাকারী মাংস-বর্গ বলা হইল।

এই সকলের মধ্যে শুষ্ক (শুঁটকি), পূতিগন্ধযুক্ত (পচা), পীড়িত, বিষাক্ত সর্প দ্বারা হত, বিষলিপ্ত, অস্ত্রাদি দ্বারা বিদ্ধ, জীর্ণ (পাকা), কৃশ, বাল, এবং যাহারা স্ব স্ব প্রকৃতির বিপরীতাচারী, এই সকলের মাংস অভক্ষ্য বলিয়া জানিবে। শুষ্ক ও পূতি-মাংস বিগত-বীর্য্য, ব্যাধিত বিষাক্ত সর্পহত ও বিষলিপ্ত মাংস বিকৃত-বীর্য্য, বিদ্ধ-মাংস নষ্ট-বীর্য্য, জীর্ণ-মাংস পরিণত-বীর্য্য, কৃশ-মাংস অল্প-বীর্য্য এবং বাল-মাংস অসম্পূর্ণ-বীর্য্য, এজন্য ইহারা বহুদোষের আকর।

শুষ্ক মাংস অরুচিকর প্রতিশ্যায়-(মুখ ও নাসিকা দ্বারা জল-স্রাব)-কর ও গুরুপাক। বিষ বা ব্যাধিদ্বারা হত এরূপ জন্তুর মাংস ভোজনে মৃত্যু হয়, বাল-মাংসে ছর্দ্দি জন্মে, জীর্ণ-মাংসে কাস ও শ্বাস জন্মে, পীড়িত জন্তুর মাংসে ত্রিদোষের বৃদ্ধি হয়, ক্লিন্ন অর্থাৎ ক্লেদযুক্ত মাংসে বমি হয় এবং কৃশ জন্তুর মাংসে বায়ু কুপিত হইয়া থাকে।

এতদ্ভিন্ন অন্য জন্তুর মাংস উপাদেয়। চতুষ্পদ জন্তুর মধ্যে,স্ত্রীর অর্থাৎ মাদীর মাংস উৎকৃষ্ট, পক্ষীর মধ্যে পুরুষের অর্থাৎ মর্দ্দার মাংস উৎকৃষ্ট, বৃহৎকায় জন্তুর মধ্যে ক্ষুদ্রকায়দিগের মাংস উৎকৃষ্ট, ক্ষুদ্রকায় জন্তুর মধ্যে বৃহদাকারদিগের মাংস উৎকৃষ্ট এবং একজাতীয় জন্তুর মধ্যে মহাশরীর-বিশিষ্ট জন্তু অপেক্ষা ক্ষুদ্রকায় জন্তু উৎকৃষ্ট জানিবে।

এক্ষণে কোন্ কোন্ জন্তুর কোন্ কোন্ ধাতু ও কোন্ কোন্ স্থান গুরু ও লঘু, তাহাই বলিব। যথা—রক্ত, মাংস, মেদ, অস্থি, মজ্জা ও শুক্র, এই ছয় ধাতুর মধ্যে পর পর গুরুতর। অর্থাৎ রক্ত অপেক্ষা মাংস গুরুতর, মাংস অপেক্ষা মেদ গুরুতর, মেদ অপেক্ষা অস্থি ও অস্থি অপেক্ষা মজ্জা গুরুতর, এবং শুক্র সর্ব্বাপেক্ষা গুরু। সক্থি

(উরু), স্কন্ধ, ক্রোড়, শিরঃ, পাদ, কর, কটি ও পৃষ্ঠ দেশ এবং চর্ম্ম কালেয়ক যকৃৎ ও অন্ত্র এই সকলের মধ্যে শিরঃ স্কন্ধ কটি পৃষ্ঠ এবং আত্মকক্ষের দুই উরু পূর্ব্ব পূর্ব্ব গুরুতর অর্থাৎ শিরঃ অপেক্ষা স্কন্ধ লঘুতর, স্কন্ধ অপেক্ষা কটি লঘুতর, কটি অপেক্ষা পৃষ্ঠ লঘুতর ও পৃষ্ঠ অপেক্ষা আত্মকক্ষের দুই উরু লঘুতর।

সকল প্রাণীরই দেহের মধ্যে মধ্যস্থান গুরু। পুরুষ প্রাণীর পূর্ব্বভাগ গুরু, স্ত্রী প্রাণীর অধোভাগ গুরু। পক্ষি-জাতির উরঃ ও গ্রীবা অতিশয় গুরু। পক্ষীরা ঊর্দ্ধে পক্ষ নিক্ষেপ করে বলিয়া ইহাদিগের মধ্য-ভাগ সমান। ফল-ভোজী বিহঙ্গদিগের মাংস অতিশয় রুক্ষ। মাংসাশী পক্ষীদিগের মাংস অতিশয় বর্দ্ধনকর। মৎস্য-ভোজী পক্ষীদিগের মাংস পিত্তবৃদ্ধিকর, এবং ধান্য-ভোজী পক্ষীদিগের মাংস বাতনাশক।

জলচর, সজল-দেশজাত, গ্রাম্য, মাংস-ভোজী, একশফ, প্রসহ, বিলবাসী, জঙ্গাল, প্রতুদ এবং বিষ্কির এই সকল জন্তু, পর পর লঘু এবং পর পর অল্প-শ্লেষ্মাকারী। অর্থাৎ জলচর অপেক্ষা সজল-দেশ-জাত লঘু, তদপেক্ষা মাংস-ভোজী, তদপেক্ষা একশফ, তদপেক্ষা প্রসহ ইত্যাদি। এতদ্ভিন্ন জন্তুগণ পূর্ব্ব পূর্ব্ব লঘু ও পূর্ব্ব পূর্ব্ব অল্প-শ্লেষ্মা-কারী বলিয়া জানিবে।

স্ব স্ব জাতির মধ্যে প্রমাণাধিক জন্তুগণ অল্প বলকর এবং গুরুপাক। সকল প্রাণীর সকল শরীর হইতে যাহারা প্রধানতম, যকৃৎপ্রদেশবর্ত্তী সেই সকল মাংস গ্রহণ করিবে। প্রধান অভাবে মধ্যমবয়স্ক এবং ইহার অভাবে সদ্যোজাত অক্লিষ্ট মাংস উপাদেয়। ইহাতে সকল প্রাণীর বয়ঃ শরীর অবয়ব স্বভাব ধাতু ক্রিয়াচিহ্ন প্রমাণ সংস্কার এবং মাত্রা বলা হইল।

ফল-বর্গ।

দাড়িম আমলক বদর (শেয়াকুল) কোল (বদরী-ফল) কর্কন্ধূ (ক্ষুদ্র বদর) সৌবীর (মহাবদর) সিম্বিতিকাফল (শমীফল) কপিত্থ

(কয়েদ বেল) মাতুলুঙ্গ (টাবানেবু) আম্র, আম্রাতক (আম্‌ড়া) করমর্দ্দ (করমচা) পিয়াল, লকুচ (মাদার) ভব্য (চাল্‌তা) পারাবত (গাবফল) বেত্রফল, প্রাচীন আমলক, তিন্তিড়ী, নীপ (কদম্ব) কোশাম্র (কেওড়া) অম্লীকা, নারঙ্গ ও জম্বীর (নেবুবিশেষ) প্রভৃতি। ইহারা অম্ল-রস-বিশিষ্ট গুরুপাক উষ্ণবীর্য্য পিত্ত-জনক বায়ুনাশক কফের উৎক্লেশকর (হৃদয়ে সঞ্চয়কারী)। ইহাদিগের মধ্যে দাড়িম—পশ্চাৎ কষায়-রস-বিশিষ্ট, অম্ল পিত্তকর অগ্নিকর রুচিকর মুখপ্রিয় তেজের অবরোধকর। দাড়িম দুইপ্রকার—মধুর এবং অম্ল। মধুর হইলে ত্রিদোষের শান্তিকর এবং অম্ল হইলে কফ ও বায়ুর শান্তিকর হয়। আমলকীফল—মধুর-রস-বিশিষ্ট, অম্ল তিক্ত কষায় ও কটু, সারক, চক্ষুর হিতকারী, সকল দোষের শান্তিকর এবং বৃষ্য। ইহা অম্লতার দ্বারা বায়ুর শান্তি করে, মাধুর্য্য ও শীতলতার দ্বারা পিত্তের শান্তি করে, রুক্ষ ও কষায় ভাবের দ্বারা শ্লেষ্মার শান্তি করে। ইহা সকল ফলের মধ্যে শ্রেষ্ঠ। কর্কন্ধূ কোল ও বদর অপক্ক হইলে পিত্ত ও কফ বর্দ্ধন করে, পক্ক হইলে স্নিগ্ধ মধুর ও সারক হয়, এবং বায়ু পিত্তের শান্তিকর। পুরাতন কুল, তৃষ্ণার শান্তিকর, শ্রমঘ্ন, অগ্নিকর ও লঘু। সৌবীর ও বদর—স্নিগ্ধ মধুর ও বায়ু পিত্তের শান্তিকর। সিম্বিতিকাফল,—কষায় স্বাদু সংগ্রাহী এবং শীতল। কপিত্থফল—অপক্ক হইলে, স্বরের অহিতকর, কফঘ্ন, সংগ্রাহী ও বায়ুর বৃদ্ধিকর এবং পক্ক হইলে, বাত-শ্লেষ্মার শান্তি করে, মধুর ও অম্ল রস বিশিষ্ট, গুরুপাক, শ্বাসকাস ও অরুচি নাশক, তৃষ্ণার শান্তিকর এবং কণ্ঠশোধনকর। মাতুলুঙ্গফল—লঘুপাক অম্লরসবিশিষ্ট অগ্নিবৃদ্ধিকর ও মুখপ্রিয়। ইহার ত্বক্ (ছাল) তিক্ত, সহজে জীর্ণ হয় না, এবং কফ বায়ু ও কৃমি নাশক। ইহার মাংস (শাঁস) মিষ্ট শীতল গুরু স্নিগ্ধকারী মেদজনক বায়ু ও পিত্ত দমনকারী শূল ও বায়ু রোগনাশক, এবং ছর্দ্দি শ্লেষ্মা ও অরুচি নিবারণ করিয়া থাকে। ইহার কেসর অগ্নিকর লঘু সংগ্রাহী এবং গুল্ম ও অর্শ রোগ নাশক। ইহার রস শূল

অজীর্ণ মল-মূত্র-বন্ধ মন্দাগ্নি ও কফ বায়ুর শান্তিকর। অরুচি রোগে ইহা বিশেষ উপকারক।

আম্রফল—কচি আম, পিত্ত-বায়ু-কর। যাহার কেসর বিঁধিয়াছে এরূপ আম, পিত্তকর মুখপ্রিয় বর্ণকর রুচিকর, রক্ত মাংস ও বল-কর, মধুর পশ্চাৎ কষায় রস বিশিষ্ট, বায়ুনাশক তেজোবৃদ্ধিকর ও গুরু-পাক। পাকা আম, পিত্তের অবরোধী শুক্রবৃদ্ধিকর তেজের বৃদ্ধি-কর মধুর বলকর গুরু ও বিষ্টম্ভ-অজীর্ণ করিয়া স্বয়ং জীর্ণ হয়।

আম্রাতকফল—বৃষ্য সস্নেহ ও শ্লেষ্মার বৃদ্ধিকর। লকুচফল—ত্রিদোষ ও বিষ্টম্ভকর এবং শুক্রনাশক। করমর্দ্দক—অম্ল-রস-বিশিষ্ট, তৃষ্ণানাশক রুচিকর ও পিত্তজনক। পিয়াল (ফল-বিশেষ)—বায়ু-পিত্ত-নাশক, বৃষ্য গুরু ও শীতল।

ভব্য—মুখপ্রিয় স্বাদু কষায় অম্ল-রস-বিশিষ্ট ও মুখ-শোধক, পিত্ত-শ্লেষ্মা-নাশক, মলসংগ্রাহক, গুরু, বিষ্টম্ভী ও শীতল।

পারাবতফল——মধুর রুচিকর অত্যগ্নি ও বায়ুনাশক। নীপ, প্রাচীন (পাকা) আমলক——সর্ব্বরোগ-নাশক। আম-তিন্তিড়ী (কাঁচা তেতুল)——বায়ুনাশক পিত্ত ও শ্লেষ্মাকারী। পক্ক তিন্তিড়ী, মলসংগ্রাহক উষ্ণ অগ্নিকর, রুচিকর এবং কফ ও বায়ু নাশকারী। কোষাম্রফল (কেওড়া)—তিন্তিড়ী অপেক্ষা কিঞ্চিৎ অল্প-গুণ-বিশিষ্ট। অম্লীকাফল (তিন্তিড়ী-বিশেষ)—পক্ক হইলে পূর্ব্বোক্ত-গুণ-বিশিষ্ট এবং ভেদক। নারঙ্গফল—মধুর-রস-বিশিষ্ট অম্লরস, হৃদ্য বিশদ ও অরুচি নাশক, বাত-নাশক, দুর্জ্জর (শীঘ্র জীর্ণ হয় না) ও গুরুপাক। জম্বীর-ফল——তৃষ্ণা শূল কফ উৎক্লেশ ছর্দ্দি ও শ্বাস নাশক, বাতশ্লেষ্ম ও বিবন্ধ নাশক, গুরুপাক এবং পিত্তকর। ঐরাবতফল (নেবুবিশেষ)—অম্লরসবিশিষ্ট দন্তের জড়তা-কারক এবং রক্ত-পিত্ত-কারী।

ক্ষীর-বৃক্ষ-ফল জাম্বব রাজাদন তোদন তিন্দুক বকুল ধম্বন অশ্মন্তক অশ্বকর্ণ ফল্গু পরূষক গাঙ্গেরুকী পুষ্করবর্ত্তী বিল্ব ও বিম্বী প্রভৃতি।

এই সকল ফল শীতল কফ ও পিত্ত নাশক, মল-সংগ্রাহক, রুক্ষ এবং কষায়-মধুর। ক্ষীর-বৃক্ষ-ফল (১)—গুরু বিষ্টম্ভী শীতল কষায় অম্লরস-যুক্ত মধুর এবং অধিক বায়ুবৃদ্ধিকর নহে। জাম্বব-ফল——অতিশয় বায়ুবৃদ্ধিকর, মল-সংগ্রাহক এবং কফ ও পিত্ত নাশক। রাজাদন ফল—স্নিগ্ধ স্বাদু কষায় এবং গুরুপাক। তোদন-ফল——কষায় মধুর রুক্ষ এবং কফ বায়ুর শান্তিকর, অম্ল উষ্ণ লঘু সংগ্রাহী স্নিগ্ধ, পিত্ত ও অগ্নি-বৃদ্ধিকর। তিন্দুক-ফল——কাঁচা তিন্দুক, কষায় সংগ্রাহী বায়ুবৃদ্ধি-কর ও বিপাকে গুরু। পক্ব তিন্দুক, মধুর এবং কফ ও পিত্তের দমন-কারী। বকুল-ফল——মধুর কষায় স্নিগ্ধ সংগ্রাহী দন্তের দৃঢ়তা-কারক ও প্রসন্নকর। ধন্বন-ফল—কষায় হিম স্বাদু এবং কফ ও বায়ুনাশক। গাঙ্গেরুকী (গোরক্ষ চাউলিয়া) ও অশ্মন্তক (আবুটা) ফল—পূর্ব্বোক্ত-গুণবিশিষ্ট। ফল্গু-ফল (কাকডুমুর)—বিষ্টম্ভী মধুর স্নিগ্ধ তৃপ্তিকর গুরু অত্যম্ল ঈষৎ মধুর পশ্চাৎ কষায়-রস-বিশিষ্ট এবং লঘু। পরূষক ফল (ফলসা)——কাঁচা পরূষক বাতনাশক ও পিত্তকর। পক্ব পরূষক মধুর ও বাতপিত্ত-নিবারক। পুষ্করবর্ত্তী (পদ্মবীজ)—স্বাদু বিষ্টম্ভী বলকর কফকর গুরু পরিপাকে মধুর শীতল ও রক্ত-পিত্ত-পরিষ্কারক। বিল্বফল—কচি বেল, কফ ও বায়ু নাশক তীক্ষ্ণ স্নিগ্ধ সংগ্রাহী দীপন কটু তিক্ত কষায় ও উষ্ণ। পক্ব বিল্ব, পশ্চাৎ মধুর-রস-বিশিষ্ট গুরু-পাক বিদাহী বিষ্টম্ভকর এবং দোষকারী।

অশ্বকর্ণ (শালবৃক্ষ-বিশেষ) ও বিম্বীফল—স্তন্য-কারক, কফ ও পিত্ত-দমনকারী এবং তৃষ্ণা দাহ জ্বর রক্তপিত্ত কাস শ্বাস ও ক্ষয় এই সকল রোগ নাশ করিয়া থাকে।

---

(১) ন্যগ্রোধ (বটবৃক্ষ), উডুম্বর (যজ্ঞডুম্বুর), অশ্বত্থ, শিরীষ ও প্লক্ষ (পাকুড়) এই পঞ্চ বৃক্ষকে ক্ষীর-বৃক্ষ বলে। যথা ন্যগ্রোধো ডুম্বুরোঽশ্বথ-শিরীষ-প্লক্ষ-পাদপাঃ। পঞ্চৈতে ক্ষীরিণো বৃক্ষাস্তেষাং ত্বক্-পঞ্চ-লক্ষণম্॥

তাল নারিকেল পনস ও মোচ প্রভৃতি ফলসকল, পরিপাকে ও রসে মধুর, বাত পিত্ত-নাশক বলপ্রদ স্নিগ্ধকর ও হিম গুণ-সম্পন্ন। তাল ফল—স্বাদু-রস-বিশিষ্ট, গুরুপাক ও পিত্ত-দমনকারী। তাল-বীজ (তালের আঁঠি)—পরিপাকে মধুর মূত্রবৃদ্ধিকর এবং বায়ু ও পিত্ত নাশক। নারিকেল—গুরুপাক স্নিগ্ধ গুণ-বিশিষ্ট পিত্ত-নাশক স্বাদু শীতল বল ও মাংস বৃদ্ধিকর মুখপ্রিয় বৃংহণ এবং বস্তি-শোধন-কর। পনস (কাঁটাল)—কষায়-রস-বিশিষ্ট স্বাদুরস, স্নিগ্ধ এবং গুরুপাক। মোচফল (কদলী)—স্বাদুরস-বিশিষ্ট কষায়, অতি শীতল নয়, রক্ত-পিত্ত নাশক বৃষ্য রুচিকর শ্লেষ্ম-জনক ও গুরুপাক।

দ্রাক্ষা কাশ্মর্য্য (গম্ভারী) মধূক-পুষ্প খর্জ্জুর প্রভৃতি। ইহারা রক্ত-পিত্তহর গুরু ও মধুর। ইহাদিগের মধ্যে দ্রাক্ষাফল সারক স্বরের হিতকর মধুর স্নিগ্ধ শীতল, রক্তপিত্ত জ্বর শ্বাস তৃষ্ণা দাহ ও ক্ষয়-রোগ নাশক।

কাশ্মর্য্য-ফল—হৃদ্য মূত্রবন্ধের শান্তিকর রক্তপিত্ত ও বায়ু নাশক, কেশের হিতকর রসায়ন ও মেধাজনক।

খর্জ্জুর ফল—ক্ষত ও ক্ষয়রোগ নাশক, হৃদ্য শীতল তৃপ্তিকর গুরু-পাক রসে ও পাকে মধুর এবং রক্তপিত্ত-দমন-কারী।

মধূক-পুষ্প—পুষ্টিকর মুখের অপ্রিয় এবং গুরু, কিন্তু তাহার ফল বায়ু ও পিত্তের শান্তিকর।

বাতাম (বাদাম) আক্ষোড় (আক্ষোট ফল) অভিষুক নিচুল (স্থল-বেতস) পিচু (ময়নাগল) নিকোচক (আকোড়ফল) উরুমান প্রভৃতি ফল সকল, পিত্ত-শ্লেষ্মা-নাশক স্নিগ্ধ অথচ উষ্ণ গুরুপাক বৃংহণ, বায়ু-নাশক বলকর এবং মধুর।

লবলী (নোয়াড়ি) ফল—কষায়, কফ ও পিত্ত-নাশক কিঞ্চিৎ তিক্তরস-বিশিষ্ট রুচিকর মুখপ্রিয় সুগন্ধী এবং বিশদ।

বসির (গজপিপ্পলী) ফল—পাকে শীতল ব্রণকর মলমূত্ররোধক

বিষ্টম্ভী দুর্জর রুক্ষ শীতল বায়ুর প্রকোপকর; বিপাকে মধুর এবং রক্ত-পিত্ত-নাশক।

টঙ্ক (নীলকপিত্থ) ফল—শীতল কষায় মধুর বায়ুর প্রকোপকর এবং গুরুপাক।

ইঙ্গুদী-ফল—স্নিগ্ধ অথচ উষ্ণ তিক্ত অথচ মধুর এবং বাত-শ্লেষ্ম-নাশক।

শমী-ফল—গুরুপাক স্বাদু রুক্ষ উষ্ণ এবং কেশনাশক।

শ্লেষ্মাতক (বহুবার) ফল—গুরুপাক, কফকারী মধুর শীতল।

করীর (কোঁড়া) অক্ষক ও পীলু, ইহারা তৃণ-শূন্য ফল। স্বাদু তিক্ত কটু ও উষ্ণ, কফ এবং বায়ু-নাশক। ইহাদিগের মধ্যে পীলু-ফল তিক্ত পিত্তকর সারক বিপাকে কটু তীক্ষ্ণ উষ্ণ তৈলাক্ত ও কফ এবং বায়ুর শান্তিকর।

তুবরক ফল—ব্রণকর কষায় ও পরিপাকে কটু, উষ্ণ কৃমি জ্বর আনাহ (বিষ্ঠামূত্ররোধক রোগ বিশেষ) মেহ ও উদাবর্ত্ত (১) নাশক।

করঞ্জ কিংশুক ও অরিষ্ট (নিম্ব) ফল—কুষ্ঠ গুল্ম উদরী ও অর্শ রোগ নাশক, পরিপাকে কটু এবং কৃমি ও প্রমেহ নাশক।

বিড়ঙ্গ ফল—রুক্ষ উষ্ণ পরিপাকে কটু, লঘু বায়ু এবং কফ-নাশক তিক্ত বিষের পক্ষে অল্প উপকারী এবং কৃমিনাশক।

অভয়া (চম্পাদেশজাত পঞ্চশিরা হরীতকী) ফল—ব্রণের হিতকর উষ্ণ সারক মেধ্য দোষনাশক শোফ ও কুষ্ঠ নাশক কষায় অগ্নিকর অম্ল এবং চক্ষুর হিতকর।

অক্ষফল (বয়ড়া)—ভেদকর লঘু রুক্ষ উষ্ণ স্বরের ব্যাঘাতকর ক্রিমি-নাশক চক্ষুর হিতকর পরিপাকে স্বাদু, কষায় এবং কফ ও পিত্ত নাশক।

---

(১) বাত-ব্যাধি। যথা—"যত্রোর্দ্ধং জায়তে বায়োরাবেগঃ স চিকিৎসকৈঃ। উদাবর্ত্ত ইতি প্রোক্তো ব্যাধিঃ" ইত্যুক্তলক্ষণাক্রান্ত বাত-ব্যাধি।

পূগফল (সুপারি)—কফ ও পিত্ত নাশক রুক্ষ মুখের ক্লেদ ও মল-নাশক কষায়-রস-বিশিষ্ট ঈষৎ মধুর এবং কিঞ্চিৎ সারক।

জাতিকোশ (জয়িত্রী), কর্পূর, জাতিফল (জায়ফল) কটুক (কটকী) কক্কোলক এবং লবঙ্গ, ইহারা তিক্ত কটু কফনাশক লঘু তৃষ্ণানাশক এবং মুখের ক্লেদ ও দুর্গন্ধ নাশক। কর্পূর, তিক্তরসবিশিষ্ট সুরভি শীতল এবং লঘুপাক, তৃষ্ণা ও মুখশোষে এবং মুখের বিরসতা ঘটিলে উপকারী।

লতা-কস্তূরিকা—পূর্ব্বোক্ত-গুণ-সম্পন্ন, শীতল এবং বস্তির বি-শোধনকর।

পিয়াল-মজ্জা—মধুর, বৃষ্য, বায়ু এবং পিত্ত নাশক।

বিভীতকী-মজ্জা—মত্ততাজনক, কফ এবং বায়ুনাশক।

কোল-মজ্জা—কষায় মধুর পিত্তনাশক তৃষ্ণা ছর্দ্দি ও বায়ু-নাশক। আমলক-মজ্জাও এইরূপ গুণসম্পন্ন।

বীজপূরক (টাবানেবু) শম্পাক (সোঁদাল) ও কোশাম্র-মজ্জা, পরিপাকে স্বাদু, অগ্নি ও বলকর, স্নিগ্ধ এবং পিত্ত ও বায়ু-নাশক।

এস্থলে যে যে ফলের যেরূপ বীর্য্য নির্দ্দেশ করা হইল, সেই সেই ফলের মজ্জারও সেইরূপ বীর্য্য জানিবে।

যে সকল ফলের কথা বলা হইল, ইহারা পরিপক্ব হইলেই গুণ-কারী হয়, কেবল বিল্বফল অপরিপক্ব অবস্থাতে অধিক গুণবিশিষ্ট হইয়া থাকে। অপক্ব বিল্ব—মলসংগ্রাহক উষ্ণ অগ্নিবৃদ্ধিকর কষায় কটু এবং তিক্ত-রস-বিশিষ্ট।

যে সকল ফল ব্যাধিযুক্ত বা কীট-ক্ষত, যাহারা অধিকতর পরিপক্ব, যাহারা অসময়ে জন্মায় এবং বিপরীত ঋতুতে উৎপন্ন হয়, সে সকল ফল পরিত্যাগ করিবে।

শাক-বর্গ।

পুষ্পফল অলাবু কালিন্দক প্রভৃতি শাকবর্গ। ইহারা পিত্তঘ্ন, বায়ু ও ঈষৎ কফের বর্দ্ধনকর, মলমূত্র-জনক এবং রস ও পাকে স্বাদু। তাহার মধ্যে কুষ্মাণ্ড, বাল (নূতনজাত) হইলে পিত্তঘ্ন, মধ্য অবস্থায় কফকর, এবং পক্ব হইলে লঘু, উষ্ণ সক্ষার অগ্নিকর বস্তিশোধনকর, সকলপ্রকার দোষের শান্তিকর, হৃদ্য এবং মানসিক বিকারে পথ্য। কালিন্দ—দৃষ্টি ও শুক্রের ক্ষয়কারী, ও কফ বাতের বর্দ্ধনকারী। অলাবু—মলভেদক রুক্ষ গুরুপাক ও অতিশয় শীতল। তিক্ত অলাবু, হৃদ্য। এবং বামনী (বাট্নে লাউ) বাত-পিত্তের শান্তিকর।

ত্রপুস (শশা) এর্ব্বারু (কাঁকুড়) কর্কারু (কুষ্মাণ্ড) শীর্ণবৃন্ত (তরমুজ) প্রভৃতি, গুরুপাক বিষ্টম্ভী শীতল স্বাদু কফকর মল-মূত্র জনক সক্ষার এবং মধুর। ত্রপুস, নবজাত ও নীলবর্ণ হইলে পিত্তনাশক, এবং পক্ব হইলে কফকর ও পাণ্ডুরোগ-জনক অম্ল বাতশ্লেষ্মার শান্তিকর। এর্ব্বারু ও কর্কারু, পক্ব হইলে কফবাতের বর্দ্ধনকর সক্ষার মধুর অগ্নিকর অথচ অধিক পিত্তকর নহে। শীর্ণবৃন্ত—সক্ষার মধুর কফের শান্তিকর ভেদক লঘু অগ্নিকর হৃদ্য এবং আনাহ ও অষ্ঠিলা রোগের শান্তিকর।

পিপ্পলী মরিচ শৃঙ্গবের (শুণ্ঠী) আর্দ্রক হিঙ্গু জীরক কুস্তুম্বুরু (ধনে) জম্বীর সুমুখ সুরসা অর্জ্জক ভূস্তৃণ সুগন্ধ কাসমর্দ্দ (কালকাসুন্দ) কালমাল (কৃষ্ণজীরক) কুটের (পলাশ বৃক্ষ) ক্ষবক (অপামার্গ) খরপুষ্প (বব্বরী শাক) শিগ্রু (সজিনা) মধুশিগ্রু (রক্তশোভাঞ্জন) ফণিজ্ঝক (তুলসীবিশেষ) সর্ষপ, রাজিকা (শ্বেতসর্ষপ) কুলাহল (কুকুরসোঙ্গা) বেনু গণ্ডীর তিলপর্ণিকা (রক্তচন্দন) বর্ষাভূ (পুনর্নবা) চিত্রক মূলক পোতিকা লশুন পলাণ্ডু কলায় প্রভৃতি, কটু উষ্ণ রুচিকর বাতশ্লেষ্মার শান্তিকর এবং নানাপ্রকার পাকের সংস্কারে ব্যবহার্য্য। তাহার মধ্যে পিপ্পলী ও আর্দ্রক, শ্লেষ্মা-জনক, গুরু-

পাক স্বাদু ও শীতল। ইহারা শুষ্ক হইলে, কফ বায়ুর শান্তিকর বৃষ্য অথচ পিত্তকর নহে। পাক্য (লবণ-বিশেষ) আর্দ্রক ও মরিচ একত্র-সংযোগে স্বাদু গুরুপাক ও শ্লেষ্মাস্রাবী। ইহারা শুষ্ক হইলে, কটু উষ্ণ লঘু অবৃষ্য ও কফ বাতের শান্তিকর। শ্বেত-মরিচ, অধিক উষ্ণবীর্য্য বা অধিক শীতবীর্য্য নহে, সকলপ্রকার মরিচ অপেক্ষা গুণকারী, বিশেষতঃ চক্ষুর উপকারী। শুণ্ঠী,—কফ বাতের শান্তিকর কটু পাকে মধুর বৃষ্য উষ্ণ রুচিকর স্নেহযুক্ত (তৈলাক্ত-পদার্থ-বিশিষ্ট), লঘু ও অগ্নিকর। আর্দ্রক,—কফ বাতের শান্তিকর স্বরের হিতকর বিবন্ধ আনাহ ও শূলের শান্তিকর কটু উষ্ণ রুচিকর হৃদ্য ও বৃষ্য। হিঙ্গু,—লঘু উষ্ণ পাচক অগ্নিকর কফ ও বাতের শান্তিকর কটু স্নিগ্ধ সারক তীক্ষ্ণ শূল অজীর্ণ ও কোষ্ঠের কঠিনতা-নাশক। জীরক ও কৃষ্ণ-জীরক, তীক্ষ্ণ উষ্ণ কটুপাক রুচিকর পিত্ত ও অগ্নির বর্দ্ধনকর। কারবী (তেজপত্র) ও উপকুঞ্চি (ছোট এলাচ) সেইরূপ গুণকারী। ইহারা ব্যঞ্জন প্রভৃতি ভক্ষ্য দ্রব্য প্রস্তুত করিতে ব্যবহৃত হয়। আর্দ্রা ও কুস্তম্বুরী একত্র সংযোগে স্বাদু সৌগন্ধযুক্ত ও হৃদ্য। ইহারা শুষ্ক হইলে, পাকে মধুর স্নিগ্ধ তৃষ্ণা ও দাহের শান্তিকর, সকল দোষের শান্তিকর কটু কিঞ্চিৎ তিক্ত ও নাড়ীপথের শোধনকর। জম্বীর (শাক), পাচক তীক্ষ্ণ কৃমি বাত ও শ্লেষ্মার শান্তিকর সুগন্ধি অগ্নিকর রুচিকর ও মুখের বৈশদ্য-(নির্ম্মলতা)-কারী, সুরস, কফ বায়ু বিষ শ্বাস কাস ও দুর্গন্ধের নাশক, পিত্তকর ও পার্শ্বশূলঘ্ন। সুমুখও সেই-রূপ গুণকারী, অধিকন্তু বিষের শান্তিকর। সুরস অর্জ্জক এবং ভূস্তৃণ, পাকে কটু মধুর-রস-বিশিষ্ট, কফ বায়ুর শান্তিকর, পাচক ও কণ্ঠ-শোধনকর। কাসমর্দ্দও এইরূপ গুণকারী, অধিকন্তু সতিক্ত পিত্ত-নাশক। শিগ্রু, কটু সক্ষার মধুর ও তিক্ত এবং পিত্তকর। মধুশিগ্রু, সারক তিক্ত শোফঘ্ন অগ্নিকর কটু বিদাহী মল-মূত্র-রোধক রুক্ষ ও তীক্ষ্ণোষ্ণবীর্য্য-বিশিষ্ট। সর্ষপশাক, ত্রিদোষের বর্দ্ধনকর। চিত্রক

এবং তিলপর্ণী, কফ ও শোফের নাশকারী এবং লঘু। বর্ষাভূ, কফ বাতের শান্তিকর শোফ উদর ও অর্শরোগের হিতকর কটু ও তিক্তরস হৃদ্য রুচিকর ও অগ্নিকর। মূলক ও পোতিকা শাক, সকলপ্রকার দোষের শান্তিকর, লঘু ও কণ্ঠশোধনকর। অপক্ক হইলে গুরুপাক বিষ্টম্ভী তীক্ষ্ণ ও ত্রিদোষের বর্দ্ধনকর হয়। ঘৃত-সিদ্ধ হইলে পিত্তের ও কফবাতের শান্তি করে। এবং শুষ্ক হইলে, বিষ-দোষের শান্তি করে ত্রিদোষের নাশ করে ও পাকে লঘু। মূলক ব্যতীত অপর সকল শাকই শুষ্ক হইলে বিষ্টম্ভী ও বায়ুর প্রকোপকর।

এই সকল শাকের পুষ্প পত্র এবং ফল উত্তরোত্তর লঘু। তাহাদিগের পুষ্পের দ্বারা কফ পিত্তের শান্তি হয়, ও ফলের দ্বারা কফ বায়ুর শান্তি হয়। রশুন,—স্নিগ্ধোষ্ণ তীক্ষ্ণ কটু পিচ্ছিল গুরুপাক সারক স্বাদু বলকর বৃষ্য মেধা-জনক স্বর বর্ণ ও চক্ষুর হিতকর ও ভগ্নাস্থির সন্ধানকর। ইহাতে হৃদ্রোগ জীর্ণজ্বর কুক্ষিশূল কোষ্ঠরোধকতা গুল্ম অরুচি কাস ও শোফের শান্তি হয়, এবং অর্শ কুষ্ঠ অগ্নিমান্দ্য বায়ু শ্বাস কৃমি ও কফেরও শান্তি হয়। পলাণ্ডু,—অতিশয় উষ্ণ-বীর্য্য নহে, বায়ুর শান্তিকারী, কটু তীক্ষ্ণ গুরুপাক, অথচ অধিক শ্লেষ্মল নহে, বলকর পিত্তকর এবং কিঞ্চিৎ অগ্নিকর। ক্ষীর-পলাণ্ডু, স্নিগ্ধ রুচিকর ধাতুর স্থৈর্য্যকারী, বলকর, মেধা, কফ ও পুষ্টি বর্দ্ধনকারী, পিচ্ছিল স্বাদু গুরুপাক ও রক্তপিত্তের পক্ষে প্রশস্ত। কলায় শাক, কফ ও পিত্তের শান্তিকর, বায়ুর প্রকোপকর, গুরুপাক, কষায়-অম্লরস, এবং পাকে মধুর।

চুচ্চু (শাক-বিশেষ) পূতিকা (পুঁই) তরুণী (ঘৃতকুমারী) জীবন্তী বিম্বীতিকা নন্দী ভল্লাতক ছাগলান্ত্রী বৃক্ষাদনী ফঞ্জী (বামনহাটী) শাল্মলী শেলু বনস্পতি প্রসব শণ কর্ব্বুদার কোবিদার প্রভৃতি কষায় তিক্ত অথচ স্বাদু, রক্ত-পিত্তের শান্তিকর, কফঘ্ন বায়ুবর্দ্ধন-কর সংগ্রাহী ও লঘু। ইহাদিগের মধ্যে চুচ্চু, লঘুপাক কৃমিনাশক পিচ্ছিল ব্রণের

হিতকর কষায় মধুর সংগ্রাহী ও ত্রিদোষের শান্তিকর। জীবন্তী (জিয়নষষ্ঠী) চক্ষুর হিতকরী ও সর্ব্বদোষনাশিনী। বৃক্ষাদনী (গাছের উপর যে গাছ জন্মে) বাতনাশক। ফঞ্জী,—অল্প বলকর। ক্ষীরবৃক্ষ ও উৎপল প্রভৃতির রস এবং পল্লব,—শীতল সংগ্রাহী এবং রক্ত-পিত্ত রোগে প্রশস্ত।

পুনর্নবা বরুণ তর্কারী (জয়ন্তী) উরুবুক (এরণ্ড) বৎসাদনী (গুড়ূচী) ও বিল্বশাক প্রভৃতি উষ্ণ স্বাদু তিক্ত এবং বায়ুর শান্তিকর। পুনর্নবা শাক অধিকন্তু শোফনাশক।

তণ্ডুলীয়ক (নটেশাক) উপোদিকা (কলম্বীশাক) অশ্ব বলা চিল্লী পালঙ্ক্য (পালঙ্) বাস্তূক (বেতোশাক) প্রভৃতি মলমূত্র-জনক সক্ষার মধুর অল্প বাতশ্লেষ্মার প্রকোপকর এবং রক্তপিত্তের শান্তিকর। ইহা-দিগের মধ্যে তণ্ডুলীয়ক অতিশয় শীতল, রুক্ষ, রসে ও পাকে মধুর, রক্তপিত্ত ও মত্ততার শান্তিকর এবং বিষঘ্ন। উপোদিকা,—রসে ও পাকে মধুর, বৃষ্য বাত পিত্ত ও মত্ততার শান্তিকর, সারক স্নিগ্ধ বলকর শ্লেষ্মাজনক ও হিম। বাস্তূক—কটুপাক ক্রিমিনাশক মেধা অগ্নি ও বলের বর্দ্ধনকর, সক্ষার, সকল দোষের শান্তিকর রুচিকর এবং সারক। চিল্লী শাক, বাস্তূকের ন্যায় গুণকারী, এবং পালঙ্ক্য, তণ্ডুলীয়কের ন্যায় গুণকারী। অধিকন্তু বায়ুর প্রকোপকর, মলমূত্র-রোধক রুক্ষ এবং পিত্ত-শ্লেষ্মার হিতকারী। আশ্ববল-শাক—রুক্ষ মল মূত্র ও বায়ু-রোধক।

মণ্ডূকপর্ণী সপ্তলা (পারুল) সুনিষণ্ণক (সুষুণিশাক) সুবর্চ্চলা (অতসী) ব্রহ্মসুবর্চ্চলা পিপ্‌পলী গুড়ূচী গোজিহ্বা (গোজিবালতা) কাকমাচী (গুড়কামাই) প্রপুন্নাড় (চাকুন্দাবৃক্ষ) অবল্‌গুজ (সোমরাজ) সতীন (ক্ষুদ্রমটর) বৃহতী ও কণ্টকারীর ফল, পটোল বার্ত্তাকু কারবেল্লক (করলা উচ্ছে) কটকী কাকেবুক উরুবুক (এরণ্ড) পর্পটক (ক্ষেত্র-পাপড়া) কিরাত-তিক্ত (চিরেতা)

কর্কোটক (কাকরোল) অরিষ্ট (নিম্ব) কোশাতকী (ঝিঙা) বেত্র-করীর (বেতের ডগী) অটরূষক (বাসকফল) অর্কপুষ্প প্রভৃতি রক্ত-পিত্ত-নাশক হৃদ্য লঘু এবং কুষ্ঠ মেহ জ্বর শ্বাস কাস ও অরুচির নিবৃত্তিকর। মণ্ডূকপর্ণী—কষায় পিত্তনাশক, রসে ও পাকে মধুর, হিম ও লঘু। গোজিহ্বা-শাকও এইরূপ গুণকারী। সুনিষণ্ণক—অবিদাহী ত্রিদোষের শান্তিকর এবং সংগ্রাহী। অবল্গুজ—তিক্ত, ঈষৎ তিক্ত, কটু, ত্রিদোষের শান্তিকর, অধিক উষ্ণ বা অধিক শীতল নহে, এবং কুষ্ঠঘ্ন। কাকমাচী শাকও এইরূপ গুণকারী। বৃহতী ও কণ্টকারীর ফল,—কণ্ডূ কুষ্ঠ ও ক্রিমি নাশক, কফবাতের শান্তিকর, কটু তিক্ত ও লঘু। পটোল,—কফ পিত্ত নাশক, ব্রণের হিতকর, উষ্ণ তিক্ত অথচ বায়ুর প্রকোপকর নহে, পাকে কটু, বৃষ্য রুচিকর ও অগ্নিকর। বার্ত্তাকী,—কফ-বাতের শান্তিকর, তিক্ত, রুচিকর কটু লঘু ও অগ্নিকর। পক্ব হইলে ক্ষার-যুক্ত ও পিত্তকর হইয়া থাকে। কর্কোটক এবং কারবেল্লক এইরূপ গুণকারী। অটরূষক বেত্রকরীর গুড়ূচী নিম্ব পর্পটক এবং কিরাত-তিক্ত (চিরেতা), ইহারা তিক্ত ও পিত্তশ্লেষ্মার শান্তিকর। বরুণ ও প্রপুন্নাড় শাক,—কফ-নাশক রুক্ষ লঘু শীতল ও বাত-পিত্তের প্রকোপকর। কাল শাক এইরূপ গুণকারী, অধিকন্তু কটু অগ্নিকর ও গরলের শান্তিকর। কৌসুম্ভ শাক, মধুর রুক্ষ উষ্ণ শ্লেষ্মানাশক ও লঘু। নালিকা শাক,—বায়ুর প্রকোপকর মধুর এবং পিত্তঘ্ন। চাঙ্গেরী, গ্রহণী ও অর্শ রোগের শান্তিকর, উষ্ণ কষায় মধুর অগ্নিকর, এবং অম্লরস বিশিষ্ট হইলে বাত-শ্লেষ্মার শান্তিকর হয়।

লোণিকা জাতুকপর্ণী পত্তুর জীবক সুবর্চলা (অতসী) কুরুবক (রক্তঝিণ্টী) কঠিঞ্জর (তুলসী) কুন্তলিকা (গড়গড়ে) কুরণ্টিকা পীতঝিণ্টী প্রভৃতি রসে ও পাকে মধুর, শীতল কফঘ্ন অধিক পিত্তকর নহে, পশ্চাৎ লবণ-রস-বিশিষ্ট, রুক্ষ সক্ষার বায়ুর প্রকোপকর ও সারক। কুন্তলিকা শাক—মধুর তিক্ত এবং কুরণ্টিকা কষায়-রস-বিশিষ্ট। রাজক্ষবক

শাক ও শটী শাক, সংগ্রাহী শীতল ও লঘু। ইহাদিগের দ্বারা কোন দোষের হ্রাস বৃদ্ধি হয় না। হরিমন্থ (ছোলা) শাক, রসে ও পাকে মধুর এবং দুর্জর (সহজে জীর্ণ হয় না)। কলায় শাক, ভেদক মধুর রুক্ষ ও বায়ুর প্রকোপকর। পূতিকরঞ্জের (নাটাকরঞ্জ) পত্র, শিথিলকর, কটুপাক, লঘু বাত-শ্লেষ্মার শান্তিকর, শোফঘ্ন এবং উষ্ণবীর্য্য। তাম্বূল পত্র, তীক্ষ্ণোষ্ণ কটু ও পিত্ত-প্রকোপকর, সুগন্ধি বিশদ তিক্ত, স্বরের হিতকর, বাত-শ্লেষ্মার শান্তিকর, শিথিলকর, কটুপাক কষায় অগ্নিকর এবং বক্ত্রকণ্ডূ (মুখে যে চুলকনা হয়) মলের ক্লেদ ও দুর্গন্ধ প্রভৃতি শোধন করে।

পুষ্প-বর্গ।

কোবিদার (রক্তকাঞ্চন) শণ ও শাল্মলী-পুষ্প,—মধুর পাকে মধুর এবং রক্ত-পিত্ত-নাশক।

বৃষ (বাসক) ও অগস্ত্য (বক) পুষ্প,—তিক্ত, পরিপাকে কটু এবং ক্ষয়-কাশ-নাশক।

মধুশিগ্রু (রক্তশোভাঞ্জন) ও করীর, পরিপাকে কটু বাত-নাশক এবং মল-মূত্রের সঞ্চয়-কর।

অগস্ত্য পুষ্প, অতি শীতলও নহে, অতি উষ্ণও নহে, এবং রাত্র্যন্ধ (রাতকাণা) ব্যক্তির পক্ষে উপকারী। রক্ত-বৃক্ষ নিম্ব মুষ্কক (ঘণ্টা-পারুল) অর্ক ও আসন এই সকল বৃক্ষের পুষ্প, কফ ও পিত্তহারী এবং কুটজ (কুড়চী) কুষ্ঠরোগ নাশক। পদ্ম পুষ্প, ঈষৎ তিক্ত মধুর শীতল এবং পিত্ত ও কফ নাশক। কুমুদ পুষ্প, মধুর পিচ্ছিল স্নিগ্ধ আনন্দকর এবং শীতল। কুবলয় (নীল কুমুদ) ও উৎপল (নীল পদ্ম), কুমুদ অপেক্ষা কিঞ্চিৎ ভিন্ন-গুণ-বিশিষ্ট। সিন্ধুবার (নিসিন্ধা) পুষ্প, হিত-কর ও পিত্ত-বিনাশকারী। মালতী ও মল্লিকা পুষ্প, তিক্ত, তিক্ত-রস-বিশিষ্ট এবং সদ্‌গন্ধপ্রযুক্ত পিত্ত-নাশক। বকুল পুষ্প, সুগন্ধি বিশদ ও হৃদ্য। পাটল পুষ্পও ঐরূপ। নাগ (নাগকেশর) ও কুঙ্কুম পুষ্প,

শ্লেষ্মা পিত্ত ও বিষ নাশক। চম্পক পুষ্প, রক্ত-পিত্ত-নাশক শীতল অথচ উষ্ণ এবং কফ-নাশক। কিংশুক (পলাশ) ও কুরণ্টক (পীত ঝিণ্টা) পুষ্প, কফ ও পিত্তনাশক। যে যে বৃক্ষের যে যে গুণ, সেই সেই পুষ্পেরও সেই সেই গুণ জানিবে। মধুশিগ্রু ও করীর—কটু এবং শ্লেষ্মা-নাশক।

ক্ষবক কুলেচর বংশকরীর প্রভৃতি কফ-নাশক ও মলমূত্রের সঞ্চয়-কর। ইহাদিগের মধ্যে ক্ষবক, কৃমিকর পরিপাকে স্বাদু, পিচ্ছিল বিস্যন্দী বায়ুবৃদ্ধিকর এবং অতিশয় পিত্তশ্লেষ্মকর নহে। বংশকরীর (বাঁশের কোড়া),—কফকর, রসে ও পাকে মধুর, বিদাহী বাতকর কষায়-রস-বিশিষ্ট ও রুক্ষ।

পলাল ইক্ষু করীষ বেণু ও ভূমিজাত উদ্ভিদ্। ইহাদিগের মধ্যে পলাল (শস্যশূন্য ধান্যকাণ্ড পোয়াল) জাত উদ্ভিদ্, মধুর, পরিপাকে মধুর রুক্ষ এবং দোষ-নাশক। ইক্ষুজাত (১) উদ্ভিদ্, মধুর পশ্চাৎ কষায়-রস-বিশিষ্ট কটু এবং শীতল। করীষ-(শুষ্কগোময়)-জাত উদ্ভিদ্, ইক্ষু-জাত উদ্ভিদের তুল্য গুণ-বিশিষ্ট, উষ্ণ কষায়-রস-বিশিষ্ট এবং বায়ুর প্রকোপকর। বেণু-জাত উদ্ভিদ্, (২) কষায়-রস-বিশিষ্ট এবং বায়ুর প্রকোপকর। ভূমি-জাত উদ্ভিদ্, গুরুপাক এবং অতিশয় বায়ুর প্রকোপ-কর নহে। ভূমি হইতে-উৎপন্ন বলিয়া ইহার ভূমির তুল্য রসবিশিষ্ট।

পিণ্যাক তিল-কল্ক স্থূণিকা ও শুষ্কশাক প্রভৃতি, সকল দোষের প্রকোপকর। সকল বটক (পিষ্টক-বিশেষ), বিষ্টম্ভী ও বায়ুর প্রকোপ-কর। সিণ্ডাকী, বায়ু-বৃদ্ধিকর রুচিকর সান্দ্র ও অগ্নিকর। সর্ব্বপ্রকার শাকই, মলভেদক গুরুপাক রুক্ষ, প্রায়ই বিষ্টম্ভী ও দুর্জর এবং কষায়-রস-বিশিষ্ট মধুর-রস বলিয়া কথিত আছে।

পুষ্প পত্র ফল নাল (ডাঁটা) ও কন্দ (মূল) ইহারা যথাক্রমে গুরু।

(১) আকের খোয়া স্তূপ হইয়া থাকিলে তাহাতে যে কোরক জন্মে।

(২) বাঁশে যে শ্বেতবর্ণ ছাতার মত কোরক জন্মে।

কর্কশ অতিশয় জীর্ণ কীটক্ষত অস্থানজাত এবং অকাল-উৎপন্ন, এরূপ পত্র ও শাক পরিত্যাগ করিবে।

ইহার পর কন্দ সকল বলা যাইতেছে।—

বিদারীকন্দ ভূমিকুষ্মাণ্ড শতাবরী (শতমূলী) বিস মৃণাল শৃঙ্গাটক (পানিফল) কশেরুক (কেশুর) পিণ্ডালুক (গোলআলু) মধ্বালুক (মৌআলু) হস্ত্যালুক কাষ্ঠালুক শঙ্খালুক (শাঁখআলু) রক্তালুক (রাঙ্গালু) ইন্দীবর ও উৎপল কন্দ প্রভৃতি। ইহারা রক্তপিত্ত-নাশক শীতল মধুর গুরুপাক শুক্র ও স্তন্য বৃদ্ধিকর।

বিদারীকন্দ—মধুর বৃংহণ বৃষ্য শীতল স্বরের হিতকর অতিশয় মূত্র-বৃদ্ধিকর বলকর এবং বায়ু ও পিত্ত নাশক।

শতাবরী (শতমূলী)—বাত-পিত্ত-নাশক বৃষ্য স্বাদু ও তিক্তরসবিশিষ্ট, অতিশয় মুখপ্রিয়, মেধা অগ্নি ও বলের বর্দ্ধনকর। ইহার অঙ্কুর গ্রহণী ও পিত্ত নাশক এবং তিক্ত-রস বিশিষ্ট।

বিস (পদ্মাদির মৃণাল)—অবিদাহী রক্ত-পিত্তের প্রসন্নকর বিষ্টম্ভী দুর্জর রুক্ষ বিরস ও বায়ুকর। শৃঙ্গাটক ও কশেরুক, গুরুপাক বিষ্টম্ভী ও শীতল। পিণ্ডালুক, কফকর গুরুপাক এবং বায়ুর প্রকোপকর। সুরেন্দ্র-কন্দ, শ্লেষ্মা-নাশক পরিপাকে কটু এবং পিত্তকর। বংশকরীর (বাঁশের কোড়া), গুরুপাক কফ এবং বায়ুর প্রকোপকর।

স্থূল সূরণ (ওল) মাণক প্রভৃতি কন্দ সকল ঈষৎ কষায়-রসবিশিষ্ট, কটু রুক্ষ বিষ্টম্ভী গুরুপাক কফ ও বায়ুর বৃদ্ধিকর এবং পিত্তনাশক।

মাণক (মাণকচু), স্বাদু শীতল অথচ গুরু। স্থূল কন্দ অতিশয় উষ্ণ নহে, এবং সূরণ গুদকীল-(মলরোধকরোগ)-নাশক। কুমুদ উৎপল ও পদ্ম কন্দ সকল বায়ুর প্রকোপকর, কষায়-রস-বিশিষ্ট পিত্ত-শান্তিকর পরিপাকে মধুর এবং হিম-গুণ সম্পন্ন।

বারাহ-কন্দ শ্লেষ্ম-নাশক রসে ও পাকে কটু, মেহ কুষ্ঠ ও কৃমি-নাশক বলকর বৃষ্য ও রসায়ন।

তাল নারিকেল ও খর্জ্জুর প্রভৃতি বৃক্ষের মস্তকের মজ্জা অর্থাৎ মাতি, পাকে ও রসে স্বাদু, রক্ত-পিত্ত-নাশক শুক্রের বৃদ্ধিকর বায়ু-নাশক এবং কফের বৃদ্ধিকর।

নূতন-জাত, ঋতুবিপর্য্যয়ে উৎপন্ন, জীর্ণ ব্যাধিযুক্ত কীটক্ষত এবং যাহারা উত্তমরূপে বিরূঢ় না হয় এরূপ কন্দ সকল পরিত্যাগ করিবে।

লবণ-বর্গ।

সৈন্ধব সামুদ্র বিড় সৌবর্চ্চল রোমক ও উদ্ভিদ প্রভৃতি লবণ সকল পর-পর-ক্রমে উষ্ণ, বায়ুনাশক এবং কফ ও পিত্তকর। এবং পূর্ব্ব-পূর্ব্ব-ক্রমে স্নিগ্ধ, স্বাদু ও মল মূত্রের সঞ্চয়কর।

সৈন্ধব লবণ—চক্ষুর হিতকর মুখপ্রিয় রুচিকর লঘু অগ্নি-বৃদ্ধিকর স্নিগ্ধ মধুররসবিশিষ্ট বৃষ্য শীতল দোষনাশক এবং সকল লবণ অপেক্ষা উৎকৃষ্ট।

সামুদ্র লবণ—পরিপাকে মধুর অতিশয় উষ্ণ নহে অবিদাহী ভেদক ঈষৎ স্নিগ্ধ শূলনাশক এবং অতিশয় পিত্তকর নহে।

বিট্‌লবণ—সক্ষার অগ্নিকর রুক্ষ শূল ও হৃদ্রোগ নাশক রুচিকর তীক্ষ্ণ উষ্ণ এবং বায়ুর অনুলোমকর।

সৌবর্চ্চল (কৃষ্ণ) লবণ—পরিপাকে লঘু উষ্ণ-বীর্য্য বিশদ কটু গুল্ম শূল ও বিবন্ধনাশক মুখপ্রিয় সুরভি এবং রুচিকর।

রোমক (পাংশু) লবণ—তীক্ষ্ণ অতিশয় উষ্ণ স্ত্রীসংসর্গের বর্দ্ধন-কর পাকে কটু বায়ুনাশক লঘু বিস্যন্দী সূক্ষ্ম মলভেদকর এবং মূত্রকর।

ঔদ্ভিদ লবণ—লঘু তীক্ষ্ণ উষ্ণ উৎক্লেদী (হৃদয় ও গলদেশে শ্লেষ্মা সঞ্চিত হওয়া), সূক্ষ্ম, বায়ুর অনুলোমকারী, তিক্ত কটু এবং সক্ষার।

গুটিকা লবণ—কফ রায়ু ও কৃমির শান্তি-কর লেখনকর পিত্ত-প্রকোপকর অগ্নিকর পাচক ও ভেদক।

উষক্ষার (ক্ষার-মৃত্তিকা-সম্ভূত লবণ)—বালুকেল পর্ব্বতের মূল দেশস্থ আকর হইতে উৎপন্ন, কটু ছেদনকর।

যবক্ষার (১) স্বর্জিকাক্ষার (সাজীমাটী) পাকিম ও টঙ্কণ (সোহাগা), ইহারা গুল্ম অর্শঃ গ্রহণী দোষ ও শর্করা অশ্মরীর নাশকারী। সকল ক্ষারই পাচক ও রক্তপিত্তজনক। ইহাদিগের মধ্যে স্বর্জিকা-ক্ষার ও যবশূক-জাত ক্ষার—অগ্নিতুল্য, শুক্র ও শ্লেষ্মার দমনকারী, অর্শ প্লীহা ও গুল্মের নাশক। উষক্ষার—উষ্ণ ও বায়ু-শান্তিকর, প্রক্লেদী ও বলনাশক। পাকিম ক্ষার—মূত্রবস্তি-শোধনকর, মেদনাশক। টঙ্কণ-ক্ষার—রুক্ষ বায়ুবর্দ্ধনকর শ্লেষ্মানাশক, পিত্ত-দোষ-জনক, অগ্নিকর এবং তীক্ষ্ণ।

সুবর্ণ,—স্বাদু হৃদ্য বৃংহণ রসায়ন ত্রিদোষের শান্তিকর শীতল চক্ষুর হিতকর এবং বিষনাশক।

রৌপ্য,—অম্লরস-বিশিষ্ট সারক শীতল তৈলাক্ত এবং বায়ু ও পিত্ত নাশক।

তাম্র,—কষায়-রস-বিশিষ্ট মধুর লেখনকর শীতল ও সারক।

কাংস্য,—তিক্ত-রস-বিশিষ্ট লেখনকর চক্ষুর হিতকর এবং কফ ও বায়ুর শান্তিকারী।

লৌহ,—বায়ুবর্দ্ধক শীতল ও তৃষ্ণা পিত্ত ও কফ নাশক।

ত্রপু (রাং) ও সীষক,—কটু ও ক্রিমি নাশক, লবণ-রস-বিশিষ্ট এবং বিলেখনকর।

মুক্তা বিদ্রুম (পলা) বজ্র (হীরক) ইন্দ্রনীল বৈদূর্য্য ও স্ফটিক প্রভৃতি মণিসকল চক্ষুর হিতকর, শীতল লেখন-কর ও বিষ-নাশক। এই সকল ধারণ করিলে পবিত্রতা জন্মে এবং পাপ অলক্ষ্মী ও মল নাশ করিয়া থাকে। (২)

---

(১) যবের শূক ভস্ম করিয়া যে ক্ষার প্রস্তুত হয়, তাহাকে যবক্ষার বলে।

(২) এস্থলে স্বর্ণ রৌপ্য লৌহ মুক্তা বিদ্রুম প্রভৃতি অর্থে ইহাদিগের ক্ষার বা ভস্ম বুঝিতে হইবে।

ধান্যবর্গ মাংসবর্গ ফলবর্গ ও শাকবর্গ অসংখ্যপ্রকার প্রযুক্ত যে সকলের গুণ বলা না হইল, আস্বাদ ও উৎপত্তি বিবেচনা করিয়া বুদ্ধিমান্ বৈদ্য তাহাদিগের গুণের নির্ণয় করিবেন।

ষষ্টিকা গোধূম যব লোহিতশালি ধান্য মুগ আঢ়কী এবং মসূর, ধান্যবর্গের মধ্যে ইহারাই শ্রেষ্ঠ।

লাব তিত্তিরি সারঙ্গ কুরঙ্গ এণ কপিঞ্জল ময়ূর বর্ম্মী এবং কূর্ম্ম, মাংস-বর্গের মধ্যে এই সকলের মাংসই শ্রেষ্ঠ। দাড়িম আমলক দ্রাক্ষা খর্জ্জুর পরূষক পিয়াল ও মাতুলুঙ্গ, এইগুলি ফলের মধ্যে শ্রেষ্ঠ। সতীন বাস্তুক চুচ্চু চিল্লী মূলক পোত্তিকা মণ্ডূকপর্ণী ও জীবন্তী, এই-গুলি শাকের মধ্যে শ্রেষ্ঠ। ঘৃত ও দুগ্ধের মধ্যে গব্যই শ্রেষ্ঠ। লবণের মধ্যে সৈন্ধব, অম্লের মধ্যে আমলকী ও দাড়িম, কটুরসের মধ্যে পিপ্‌পলী ও শুণ্ঠী, তিক্তের মধ্যে পটোল ও বার্ত্তাকু, মধুর রসের মধ্যে ঘৃত ও ক্ষৌদ্র, কষায় রসের মধ্যে পূগফল ও পরূষক, ইহারাই প্রশস্ত। ইক্ষু-বিকারের মধ্যে শর্করা, ও পানের পক্ষে মধ্বাসব ও মৈরেয় আসব প্রশস্ত। ধান্য, সম্পূর্ণ এক বৎসরের হইলে, মাংস, মধ্যম-বয়স্ক পশুর হইলে, অন্ন, সংস্কৃত ও অপর্য্যুষিত হইলে এবং পরিমিতভাবে গৃহীত হইলে. ফল, পর্য্যাগত (যথাকালে উৎপন্ন) হইলে, এবং শাক, অশুষ্ক তরুণ ও নূতন হইলে, প্রশস্ত বলা যায়।

অতঃপর কৃতান্নের গুণ বিস্তারপূর্ব্বক কহিতেছি। শরীর বিশুদ্ধ (রোগশূন্য) হইলে, লাজমণ্ডই পথ্য। ইহা পাচন ও অগ্নিকর। পিপ্‌পলী ও শুণ্ঠীযুক্ত হইলে মুখপ্রিয় ও বায়ুর অনুলোমকারী হইয়া থাকে। ঐ মণ্ড পেয় হইলে স্বেদ ও অগ্নি জনক, লঘু, বস্তি-শোধন-কর, ক্ষুধা তৃষ্ণা শ্রান্তি ও গ্লানি-নাশক এবং বায়ুর অনুলোমকারী হইয়া থাকে। এবং বিলেপী হইলে তৃপ্তিকর মুখপ্রিয় সংগ্রাহী বলকর স্বাদু লঘু অগ্নিকর এবং ক্ষুধা তৃষ্ণার শান্তিকর ও বলকর। শাক মাংস বা কোন ফলের সহিত মিলিত হইলে অতিশয় গুরুপাক হইয়া উঠে।

সিক্‌থ-শূন্য হইলে, "মণ্ড" বলা যায় এবং সিক্‌থ-সংযুক্ত হইলে "পেয়" বলা যায় এবং অতিশয় সিক্‌থ-যুক্ত হইলে "বিলেপী" বলা যায়। বিলেপী অত্যন্ত গাঢ়। পায়স বিষ্টম্ভী (বায়ু ও মল মূত্রাদির রোধক), বলকর মেদ ও শ্লেষ্মাজনক এবং গুরুপাক। কৃশরা (১)—কফ ও পিত্ত জনক, বলকর ও বায়ুর শান্তিকর। ধৌত নির্ম্মল শুদ্ধ প্রিয় সুগন্ধি সুস্বিন্ন উষ্ণ ও সুপ্রস্রুত হইলে (ফেন নিঃশেষে নিঃসারিত করিলে) অন্ন লঘু হয়। ধৌত প্রস্রুত বা স্বিন্ন না হইলে বা শীতল হইলে, অন্ন গুরুপাক হইয়া থাকে। ভৃষ্ট-তণ্ডুল, লঘু সুগন্ধি এবং কফ-নাশক। স্নেহ মাংস ফল কন্দ বিদল অম্ল অথবা দুগ্ধের সহিত পাক করা হইলে, গুরুপাক পুষ্টিকর ও বলকর হইয়া থাকে। ব্যঞ্জন—সুস্বিন্ন তুষহীন ঈষৎ ভর্জ্জিত হইলে লঘু ও হিতকর হইয়া থাকে। শাক, সিদ্ধ ও নিষ্পীড়িত করিয়া (জল বাহির করিয়া ফেলিয়া) ঘৃতে বা তৈলে সংস্কার করিলে হিতকর হয়।

স্বিন্ন নিষ্পীড়িত ও স্নেহ-সংস্কৃত না হইলে অহিতকর হয়। মাংস, স্বভাবতই বৃষ্য স্নিগ্ধকর ও বলকর। স্নেহ ঘোল ধান্যাম্ল ও কটু রসের সহিত পাক করিলে, মাংস, হিতকর বলকর পুষ্টিকর ও গুরুপাক হয়। ঘোল ও গন্ধদ্রব্যের সহযোগে সংস্কৃত হইলে পিত্ত ও কফজনক এবং বল মাংস ও অগ্নির বর্দ্ধনকর হয়। মাংস, পরিশুষ্ক হইলে, স্নিগ্ধ হর্ষজনক প্রীতিকর ও গুরুপাক হয়, এবং রুচিকর ও বল মেধা অগ্নি মাংস ওজঃ ও শুক্রের বর্দ্ধনকারী হয়। মাংস, উল্লুপ্ত ও পিষ্ট হইলে পাচকেরা তাহাকে উল্লুপ্ত কহে। পরিশুষ্কের ন্যায় গুণবিশিষ্ট হয় বলিয়া মাংস, অগ্নিপক্ক হইলে লঘু হইয়া থাকে। শূলিকা-

---

(১) খিচড়ী। যথা, তণ্ডুলা দালি-সংমিশ্রা লবণার্দ্রক-হিঙ্গুভিঃ। সংযুক্তাঃ সলিলৈঃ সিদ্ধা কৃশরা কথিতা বুধৈঃ॥ ইতি ভাবপ্রকাশঃ। তণ্ডুল ও দালি একত্র মিশাইয়া লবণ আর্দ্রক ও হিঙ্গুর সহিত একত্র সংযোগে জল দ্বারা সিদ্ধ করিলে তাহাকে কৃশরা বলে।

গ্রথিত করিয়া ও প্রদিগ্ধ করিয়া (মাংসে মশলা প্রভৃতি লেপন করিয়া) অঙ্গারে পাক করিলে কিঞ্চিৎ গুরুপাক হয়। যে মাংস, উল্লুপ্ত ভর্জ্জিত পিষ্ট প্রতপ্ত বা কটাহে পক্ক অথবা পরিশুষ্ক প্রদগ্ধ শূলিকা-গ্রথিত অথবা এইরূপ অন্য কোনপ্রকারে পাক করা হয়, তাহাও কিঞ্চিৎ গুরুপাক হইয়া থাকে। মাংস, তৈলে পাক করিলে, উষ্ণ-বীর্য্য পিত্তকর ও গুরুপাক হয়। ঘৃতে পাক করিলে, লঘু অগ্নির দীপ্তিকর মুখপ্রিয় রুচিকর দৃষ্টির প্রসন্নকর পিত্তনাশক, মনোজ্ঞ এবং অনুষ্ণবীর্য্যসম্পন্ন হয়। মাংসের যূষ তৃপ্তিকর বলকর শ্বাস কাস ও ক্ষয়রোগ নাশক, বাত পিত্ত ও শ্রম নাশক এবং মুখপ্রিয়। মাংসের যূষ, দাড়িম্-রস-সংযুক্ত হইলে, স্মৃতি বল ও স্বরহীন ব্যক্তিদিগের, জ্বর দ্বারা ক্ষীণ এবং ক্ষতোরস ব্যক্তিদিগের, ভগ্ন ও বিশ্লিষ্ট-সন্ধি ব্যক্তি-দিগের, কৃশ ও অল্প-রেতস ব্যক্তিদিগের তৃপ্তিকারক, সংঘাতকর, শুক্র ওজঃ ও বলের বর্দ্ধনকর, বৃষ্য এবং দোষনাশক হয়।

যে মাংসের রস গ্রহণ করা হইয়াছে, তদ্দ্বারা পুষ্টিসাধন বা বলাধান হয় না। উহা অজীর্ণকর বিষ্টম্ভী রুক্ষ বিরস ও বায়ুর বৃদ্ধিকর। দীপ্তাগ্নি (যাহাদিগের জঠরাগ্নি অতিতীক্ষ্ণ) ব্যক্তিদিগের পক্ষে, অতি-শয় গুরুপাক খানিষ্ক (অস্থিহীন সুস্বিন্ন এবং পুনর্ব্বার প্রস্তরে চূর্ণিত এরূপ মাংস), পথ্য। পিপ্‌পলী শুণ্ঠী মরিচ গুড় ও ঘৃতের সহিত এককালেই উত্তমরূপে পক্ক হইলে তাহাকে বেশবার বলে। ইহা গুরু-পাক স্নিগ্ধ বলকর বাতরোগ-নাশক এবং সকল ধাতুর পক্ষে এবং যাহাদিগের মুখশোষ হয় এরূপ ব্যক্তিদিগের পক্ষে বিশেষরূপ তৃপ্তি-কর। সৌরাব, ক্ষুধা ও তৃষ্ণার শান্তিকর মধুর শীতল কফনাশক অগ্নিবৃদ্ধিকর এবং বমন বা বিরেচন দ্বারা শুদ্ধ-শরীর প্রাণীদিগেরও মুখপ্রিয়। ইহা অতি উৎকৃষ্ট। মুদ্গযূষ, কৃত বা অকৃতই হউক, উহা অতিশয় সুপথ্য। মুদ্গযূষ, দাড়িম ও দ্রাক্ষা সংযোগে প্রস্তুত হইলে তাহাকে রাগষাড়ব বলে। মসূর মুদ্গ গোধূম ও কুলত্থ, লবণ-সংযোগে

কৃত হইলে রুচিকর লঘুপাক ও দোষের অবিরোধী হয়। উহা, দ্রাক্ষা ও দাড়িম যুক্ত হইলে কফ ও পিত্তের অবিরোধী হয়। উহা বাত-ব্যাধির পক্ষে উপকারী এবং বায়ুরোগী ব্যক্তির পক্ষে সুপথ্য, রুচিকর অগ্নিকর মুখপ্রিয় ও লঘুপাক। পটোল ও নিম্বের যূষ (নিমঝোল) কফ ও মেদের শোধনকর, পিত্তনাশক অগ্নিকর মুখপ্রিয় এবং কৃমি কুষ্ঠ ও জ্বরের শান্তিকর। মূলকের যূষ, শ্বাস কাস, প্রতিশ্যায় প্রসেক অরুচি ও জ্বরনাশক, এবং কফ মেদঃ ও গলরোগ নিবারণ করিয়া থাকে। কুলত্থের যূষ, বায়ুনাশক, শ্বাস ও পীনস রোগের শান্তিকর। এবং তূণী প্রতূণী (বায়ু-রোগ-বিশেষ) কাস অর্শ গুল্ম ও উদাবর্ত্ত রোগের শান্তিকারী হয়। দাড়িম ও আমলক দ্বারা যূষ প্রস্তুত করিলে তাহা মুখপ্রিয় এবং দোষের সংশমনকারী ও লঘুপাক হয়। মুদ্গ ও আমলকের যূষ, বল ও অগ্নি জনক, মূর্চ্ছা ও মেদ নাশক, এবং পিত্ত ও বায়ু দমনকারী, সংগ্রাহী এবং কফ ও পিত্তের হিতকর। যব কোল ও কুলত্থের যূষ, কণ্ঠশোধনকর ও বায়ুনাশক। সর্ব্বপ্রকার ধান্যের যূষ উক্তপ্রকার গুণসম্পন্ন, বৃংহণ ও বলের বর্দ্ধনকর। খল (কল্ক) ও কাম্বলিক, হৃদ্য এবং বায়ু ও কফের হিতকর। দাড়িমাম্ল, বলকর কফ ও বায়ু নাশক ও অগ্নির দীপ্তিকর। দধ্যম্ল, কফকর বলকর স্নিগ্ধ বায়ুনাশক ও গুরুপাক। তক্রাম্ল, পিত্তকর, বিষ-নাশক ও রক্তের হানিকর। খড় (১) ও যবের মণ্ড ষাড়ব ও পানক (পানা) এই সকল এবং এতদ্ভিন্ন অন্যান্য বৈদ্য-বাক্যে প্রস্তুত করা হইয়া থাকে। তৈল লবণ এবং ঝাল এই সকল দ্বারা প্রস্তুত না হইলে তাহাকে "অকৃত" বলে, এবং তৈল লবণ ও ঝাল সংযুক্ত হইলে এবং গোরস ধান্যাম্ল ও ফলাম্ল যুক্ত হইলে তাহাকে "কৃত" বলা যায়।

সংস্কৃত অপেক্ষা অসংস্কৃত যূষ লঘুরস বিশিষ্ট ও হিতকারী হয়।

---

(১) পানীয় বিশেষ। খড়যষ যথা,—তক্রং কপিত্থচাঙ্গেরীমরিচাজাজিচিত্রকৈঃ। সুপক্কং খড়যূষোঽয়মযং কাম্বলিকোঽপরঃ॥ ইত চক্রদত্তঃ।

দধি-মস্ত, অম্লদ্বারা পক্ব হইয়া রস প্রস্তুত হইলে তাহাকে কাম্বলিক বলা যায়। তিল-কল্ক, তিল-বিকৃতি, শুষ্ক শাক, শাকাঙ্কুর ও শিণ্ডাকী (২), ইহারা গুরুপাক এবং কফ ও পিত্তকর। বটক সকলও উক্তরূপ গুণবিশিষ্ট, বিদাহী ও গুরু-পাক। রাগষাড়ব, লঘুপাক বৃংহণ বৃষ্য হৃদ্য রোচক অগ্নি-কর, তৃষ্ণা মূর্চ্ছা ভ্রম ছর্দ্দি ও শ্রম নাশক। রসালা (১), বলকর বৃংহণ স্নিগ্ধ বৃষ্য ও রুচিকর। গুড়সংযুক্ত দধি,

---

(২) পানীয়-দ্রব্য-বিশেষ। যথা,—শিণ্ডাকী রাজিকাযুক্তৈঃ স্থাম্মূলকদলদ্রবৈঃ। সর্ষপ-স্বরসৈর্ব্বাপি শালিপিষ্টকসংযুতৈঃ। শিণ্ডাকী রোচনী গুর্ব্বী পিত্তশ্লেষ্মকরী স্মৃতা॥ ইতি রাজনির্ঘণ্টঃ।

(১) রমণীয় পানীয়। রসালা প্রস্তুত করিবার প্রণালী যথা,—দধ্নোঽর্দ্ধাঢ়কমীষদম্লমধুরং খণ্ডস্য চন্দ্রদ্যুতেঃ প্রস্থং ক্ষৌদ্র-পলঞ্চ পঞ্চ হবিষঃ শুণ্ঠ্যাশ্চতুর্মাষকান্। এলামাষচতুষ্টয়ং মরিচতঃ কর্ষং লবঙ্গং তথা ধৃত্বা শুক্লপটে শনৈঃ করতলেনোন্মথ্য বিস্রাবয়েৎ॥ মৃদ্ভাণ্ডে মৃগনাভি-চন্দন-রসোৎসৃষ্টেঽগুরুদ্ধূপিতে কর্পূরেণ সুগন্ধিতং তদখিলং সংলোড্য সংস্থাপয়েৎ। স্বস্যার্থে মথুরেশ্বরেণ রচিতা হ্যেষা রসালা স্বয়ং ভোক্তুর্মন্মথ-দীপনী সুখকরী কান্তেব নিত্যং প্রিয়া॥ ইতি ভাবপ্রকাশঃ। ঈষৎ অম্ল মধুর দধি অর্দ্ধ আঢ়ক অর্থাৎ ৪ সের, পরিষ্কার মিছরি ১ প্রস্থ অর্থাৎ ২ সের, ক্ষৌদ্র মধু ১ পল অর্থাৎ ৮ তোলা, ঘৃত ৫ পল অর্থাৎ ৪০ তোলা, শুঠী ৪ মাষা, এলাচ ৪ মাষা, মরিচ ১ কর্ষ অর্থাৎ ১৬ মাষা ও লবঙ্গ ১৬ মাষা, এই সকল দ্রব্য একত্রে হস্ততলদ্বারা মন্থন করিয়া শুক্ল বস্ত্রে অল্পে অল্পে ছাঁকিবে। পরে সেই সকল দ্রব্য, মৃগনাভি চন্দন অগুরু ও কর্পূর বাসিত মৃৎপাত্রে উত্তমরূপ আলোড়ন করিয়া রাখিয়া দিবে। ইহাকেই রসালা কহে। মথুরেশ্বর শ্রীকৃষ্ণ আপনার ভোজনের নিমিত্ত এই রসালা স্বয়ং প্রস্তুত করেন। ইহা ভোজন করিলে কামোদ্দীপন হয়, সুখ জন্মে এবং প্রিয়তমা কান্তার ন্যায় প্রিয়কারিণী হইয়া থাকে। অপিচ,—আদৌ মাহিষমম্লমধুরহিতং দধ্যাঢ়কং শর্করাং শুভ্রাং প্রস্থযুগোন্মিতাং শুচিপটে কিঞ্চিচ্চ কিঞ্চিৎ ক্ষিপেৎ। দুগ্ধেনার্দ্ধঘনেন মৃণ্ময়নবস্থাল্যাং দৃঢ়ং স্রাবয়েদেলা-বীজ-লবঙ্গ-চন্দ্র-মরিচৈর্যোগ্যোশ্চ তদ্‌যোজয়েৎ॥ ভীমেন প্রিয়ভোজনেন রচিতা নাম্না রসালা স্বয়ং শ্রীকৃষ্ণেন পুরা পুনঃ পুনরিয়ং প্রীত্যা সমাস্বাদিতা। এষা যেন বসন্ত-বর্জ্জিত-দিনে সেব্যা পরং নিত্যশস্তস্য স্যাদতি-বীর্য্য-বৃদ্ধিরনিশং সর্ব্বেন্দ্রিয়াণাং বলম্॥ গ্রীষ্মে তথা

শ্লেষ্মকর মুখপ্রিয় ও বায়ুনাশক। ঘৃতযুক্ত, শীতল জল দ্বারা আপ্লুত এবং অতি দ্রবও নয় এবং অতি সান্দ্রও নয় এরূপে সক্তু প্রস্তুত করিলে তাহাকে "মন্থ" বলে। মন্থ, সদ্যঃ বলকর, পিপাসা ও শ্রম নাশক। অম্ল তৈল ও গুড় একত্র পক্ক হইলে মূত্র-কৃচ্ছ্র ও উদাবর্ত্ত নাশক হয়। শর্করা ইক্ষুরস ও দ্রাক্ষা সংযুক্ত হইলে পিত্তবিকার-নাশক হয়। দ্রাক্ষা ও মধুক সংযুক্ত হইলে কফরোগ নাশ করিয়া থাকে। ত্রিফলা-যুক্ত হইলে, মল দোষের অনুলোমকর হয়। অম্লরসযুক্ত বা অম্লবিহীন গৌড় পানক (গুড়ের পানা) গুরুপাক ও মূত্র-বৃদ্ধিকর। উহা মিছরি দ্রাক্ষা ও শর্করা যুক্ত হইলে অম্ল-রস-বিশিষ্ট তীক্ষ্ণ ও শীতল হয়। দ্রাক্ষার পানক, শ্রমনাশক মূর্চ্ছা দাহ ও তৃষ্ণা নাশক হয়। পরূষক ও কোলের পানক, মুখপ্রিয় ও বিষ্টম্ভী। দ্রব্যের সংযোগ সংস্কার ও মাত্রা সম্যক্‌রূপে জানিয়া সেই সংযোগানুসারে পানকের গুরু-লাঘব উপদেশ দিবে।

ইতি কৃতান্নবর্গ।

শরদি যে রবিশোষিতাঙ্গা যে চ প্রমত্তবনিতাসুরতাতিখিন্নাঃ। যে চাপি মার্গ-পরিসর্পণশীর্ণগাত্রাস্তেষামিয়ং বপুষি পোষণমাশু কুর্য্যাৎ॥ রসালা শুক্রলা বল্যা রোচনী বাতপিত্তজিৎ। দীপনী বৃংহণী স্নিগ্ধা মধুরা শিশিরা সরা। রক্তপিত্তং তৃষাং দাহং প্রতিশ্যায়ং বিনাশয়েৎ॥ ইতি রাজনির্ঘণ্টঃ। অম্লরস-বিশিষ্ট নির্জ্জল মাহিষ দধি ১ আঢ়ক অর্থাৎ ৮ সের ও শুভ্র চিনি ২ প্রস্থ অর্থাৎ ৪ সের, এই দুই দ্রব্য অগ্রে কিঞ্চিৎ কিঞ্চিৎ করিয়া পরিষ্কার বস্ত্রে নিক্ষেপ করিবে। পশ্চাৎ অর্দ্ধ যম দুগ্ধের সহিত নূতন মৃন্ময় স্থালীতে তাহা উত্তমরূপে ছাঁকিবে। পরে উপযুক্ত এলাচ-দানা লবঙ্গ কর্পূর ও মরিচের সহিত উহা মিশাইয়া রসালা প্রস্তুত করিবে। ভোজন-প্রিয় ভীম পুরাকালে এই রসালা স্বয়ং বারংবার প্রস্তুত করিয়াছিলেন এবং শ্রীকৃষ্ণ পূর্ব্বে পুনঃ পুনঃ প্রীতিপূর্ব্বক আস্বাদন করিয়াছিলেন। যিনি এই রসালা বসন্ত-বর্জ্জিত দিনে নিত্য নিত্য সেবা করেন, তাঁহার বীর্য্য ও সকল ইন্দ্রিয়ের বল বৃদ্ধি হইয়া থাকে। যাহারা গ্রীষ্ম বা শরৎকালে সূর্য্যকিরণে বিশুষ্কশরীর হয়, যাহারা প্রমত্ত-বনিতা-সম্ভোগে খিন্নশরীর হয়, ও যাহারা অতি দূর পথ ভ্রমণে শীর্ণশরীর হয়, এই রসালা তাহাদিগের শরীরকে শীঘ্রই পরিপুষ্ট করে। রসালা, শুক্রবৃদ্ধি-কর বলকর রুচিকর বায়ু ও পিত্ত নাশক অগ্নিকর তেজস্কর স্নিগ্ধ মধুর শীতল সারক এবং রক্তপিত্ত তৃষ্ণা দাহ ও প্রতিশ্যায় রোগের শান্তিকর।

ইহার পর রস বীর্য্য ও বিপাক অনুসারে ভক্ষ্যদ্রব্য সকল বলিব।

ক্ষীর-জাত ভক্ষ্যদ্রব্য সকল বলকর শুক্রবৃদ্ধিকর মুখপ্রিয় সুগন্ধি অদাহী পুষ্টিকর অগ্নিকর এবং পিত্তনাশক। ইহাদিগের মধ্যে ঘৃতপক্ক দ্রব্য সকল, বলকর মুখপ্রিয় কফকর বাতপিত্তনাশক শুক্রবৃদ্ধিকর গুরুপাক এবং রক্ত-মাংস-বৃদ্ধিকর। গুড়-জাত ভক্ষ্য দ্রব্য সকল, বৃদ্ধিকর গুরুপাক বায়ুনাশক অদাহী পিত্তনাশক শুক্র ও কফের বৃদ্ধিকর। ঘৃতাদি দ্বারা পক্ক গোধূম-চূর্ণ-জাত পিষ্টক সকল ও মধু-মিশ্রিত পিষ্টক, বিশেষরূপ গুরুপাক ও বর্দ্ধনকর। মোদক সকল অতিদুর্জ্জর অর্থাৎ সহজে জীর্ণ হয় না। সদৃক্, রুচিকর অগ্নিকর স্বরের হিতকর পিত্তনাশক বায়ুনাশক গুরুপাক মৃষ্টতম ও বলবর্দ্ধন-কর। বিষ্যন্দন, মুখপ্রিয় সুগন্ধি মধুর স্নিগ্ধ কফকর গুরুপাক বায়ুনাশক তৃপ্তিকর ও বলকর। গোধূমচূর্ণ-সম্বন্ধীয় ভক্ষ্য দ্রব্য সকল, বৃংহণ বায়ু ও পিত্তনাশক এবং বলকর। ইহাদিগের মধ্যে ফেণক অর্থাৎ গুড়-সংমিশ্র খাদ্য দ্রব্য, অতিশয় মুখপ্রিয় হিতকারক ও লঘুপাক। মুদ্গ প্রভৃতি বেসবার সকলের মধ্যে পূর্ণ, বিষ্টম্ভী এবং বেসবার মাংস-সহিত হইলে সম্পূর্ণ কহে। ইহা গুরুপাক এবং বৃংহণ। পালল (পিষ্টক-বিশেষ) শ্লেষ্মা-জনক, শষ্কুলি (পিষ্টক-ভেদ) কফ ও পিত্তের প্রকোপকর, বিদাহী, অতিশয় বলপ্রদ নহে এবং বিশেষরূপ গুরুপাক। বৈদল (পিষ্টক-ভেদ) লঘুপাক, কষায়-রস-বিশিষ্ট এবং বায়ুর সঞ্চারকর। মাষকলাই-সংক্রান্ত পিষ্টক সকল, বিষ্টম্ভী পিত্তগুণবিশিষ্ট শ্লেষ্মানাশক মলের সঙ্গতিকর বলকর শুক্রবৃদ্ধি-কর এবং গুরুপাক। কূর্চ্চিকা অর্থাৎ দুগ্ধ বিকার-জাত খাদ্য দ্রব্য সকল গুরুপাক এবং অতিশয় পিত্তকর নহে। অঙ্কুরিত দ্রব্যোৎপন্ন ভক্ষ্য দ্রব্য সকল গুরুপাক বায়ু ও পিত্তকর বিদাহী ও উৎক্লেশ-জনক, রুক্ষ, এবং দৃষ্টির দোষকর। ঘৃতপক্ক খাদ্য দ্রব্য সকল হৃদ্য সুগন্ধি শুক্রবৃদ্ধিকর লঘুপাক, বায়ু ও পিত্ত নাশক বলকর এবং বর্ণ ও

দৃষ্টির প্রসন্নকর। তৈলপক্ক খাদ্য দ্রব্য সকল বিদাহী গুরুপাক পরিপাকে কটুরস-বিশিষ্ট, উষ্ণ বায়ু ও দৃষ্টি নাশক পিত্তকর এবং ত্বকের দোষজনক। ফল মাংস চিনি তিল মাষকলাই দ্বারা উপসংস্কৃত ভক্ষ্য দ্রব্য সকল, বলকর গুরুপাক বৃংহণ ও হৃদয়প্রিয়। কপাল ও অঙ্গার পক্ক খাদ্য দ্রব্য লঘুপাক এবং বায়ুর প্রকোপকর। সুপক্ক হইলে লঘু ও অতিশয় লঘুপাক হয়। কিলাট (ছানা) প্রভৃতি দুগ্ধ-বিকার-জাত খাদ্য সকল গুরুপাক ও কফের বর্দ্ধনকর। কুল্মাষ (১) বাতকর রুক্ষ গুরুপাক এবং মলের সঙ্গতিকর। বাট্য (ভৃষ্টযব) উদাবর্ত্ত-রোগ-নাশক, কাশ পীনস ও মেহনাশক। ধানোলুম্ব, লঘুপাক এবং কফ ও মেদের বিশোধনকর। সকল প্রকার সক্তু (ছাতু) বৃংহণ, বৃষ্য, তৃষ্ণা পিত্ত ও কফ নাশক, গলাধঃকরণ মাত্রে বলকর, ভেদক ও বায়ুনাশক। ঐ সক্তু তরল না হইয়া পিণ্ডাকৃতি হইলে গুরুপাক এবং খর অর্থাৎ কঠিন হইলে অত্যন্ত লঘুপাক হয়। শক্তুর অবলেহিকা অর্থাৎ জিহ্বাগ্র দ্বারা স্বাদন-যোগ্য শক্তু, কোমলত্বপ্রযুক্ত শীঘ্র জীর্ণ হয়। লাজ (খই), ছর্দ্দি ও অতিসার নাশক অগ্নিকর, কফনাশক বলকর, কষায় ও মধুর রস-বিশিষ্ট লঘুপাক তৃষ্ণা ও মলনাশক। লাজসক্তু, তৃষ্ণা ছর্দ্দি দাহ ঘর্ম্ম ও রোগ নাশক, রক্তপিত্তনাশক এবং দাহ ও জ্বর বিনাশক। পৃথুক (চিপিটক) (২) গুরুপাক স্নিগ্ধ বৃংহণ কফের বর্দ্ধনকর ক্ষীরভাব প্রযুক্ত বলকর বায়ুনাশক এবং মলের সঙ্গতিকর। নূতন তণ্ডুল অতিশয় দুর্জ্জর, মধুর-রসবিশিষ্ট ও বৃংহণ। পুরাতন তণ্ডুল সন্ধানকর ও মেহনাশক। দ্রব্যের সংযোগ সংস্কার ও বিকার

(১) অর্দ্ধসিদ্ধ গোধূমাদি। যথা—"অর্দ্ধস্বিন্নাশ্চ গোধূমা অন্যে চ চণকাদয়ঃ। কুল্মাষ ইতি কথ্যন্তে" ইত্যুক্তেষু অর্দ্ধস্বিন্নগোধূমাদিষু।

(২) দ্বিস্বিন্নমন্নং পৃথুকম্ ইতি স্মৃতিঃ।

বিবেচনা করিয়া কিংবা কারণ বুঝিয়া ভোক্তার ইচ্ছানুসারে অনেক দ্রব্যের উৎপাদকত্ব-হেতু শাস্ত্রানুসারে ভক্ষ্য দ্রব্য সকল নির্দ্দেশ করিবে। ইহার পর সকলপ্রকার অনুপান উপদেশ করিতেছি——

কোন কোন মনুষ্য অম্লরস পরিত্যাগ করিয়া মধুর-রসে আসক্ত হয় এবং কেহ বা অম্ল ও মধুর উভয় রসে পরিতৃপ্ত হয়। ইহাদিগের পথ্য নানাপ্রকার। শীতল ও উষ্ণ জল, আসব ও মদ্য, যূষ, ফলাম্ল ও ধান্যাম্ল এবং দুগ্ধ, এই সকল রসের মধ্যে, যাহার পক্ষে যে অনুপান হিতকর হইবে, ধীর বৈদ্য, ব্যাধি কাল ও সেই সেই ভোজ্য দ্রব্য সকল নির্ণয় করিয়া মাত্রানুসারে তাহাকে তাহাই প্রদান করিবে। নির্ম্মল ও পরিষ্কার পাত্রস্থিত জলই সকল অনুপানের মধ্যে শ্রেষ্ঠ। লোকের জন্মাবধি, তোয়াত্মক সকল রসই প্রশস্ত পথ্য। অর্থাৎ শিশু হইতে বৃদ্ধতম পর্য্যন্ত পকল বয়সের ব্যক্তিকেই রসময় অনুপান সেবন করান যাইতে পারে। অনুপানের মধ্যে এই সকল সঙ্ক্ষেপে বলা হইল; ইহার পর বিস্তারিতরূপে বিধান করা যাইতেছে——

সকলপ্রকার তৈলাক্ত পদার্থ ভোজনের পক্ষে উষ্ণজল অনুপান প্রশস্ত; কেবল ভল্লাতক (ভেলা) ও তুবরক স্নেহ ভোজনের পক্ষে উহা অপ্রশস্ত। কেহ কেহ তৈলাক্ত পদার্থ ভোজনের পক্ষে যূষ ও অম্ল কাঞ্জিক অনুপান বলেন। মধু এবং সর্ব্বপ্রকার পিষ্টান্ন ভোজনের পক্ষে, দধি পায়স ও মদ্য দ্বারা পীড়িত ব্যক্তিদিগের পক্ষে, এবং বিষপায়ী ব্যক্তিদিগের পক্ষে, শীতল জল অনুপান বিধেয়। কেহ কেহ, পিষ্টান্ন এবং শালি মুদ্গ প্রভৃতি ভোজনকারী ব্যক্তিদিগের পক্ষে, শীতল জল দুগ্ধ কিম্বা মাংসের রস অনুপান বলেন। যুদ্ধ, পথশ্রম ও আতপ-জনিত সন্তাপে এবং বিষ ও মদ্য জাত রোগে, মাষকলাই প্রভৃতি অনুপান কিংবা ধান্যাম্ল বা দধিমস্ত অনুপান পথ্য। সর্ব্বপ্রকার মাংসের পক্ষে, মদ্য-পানাভ্যস্ত ব্যক্তিদিগের মদ্যই পথ্য, এবং মদ্য-পানে অনভ্যস্ত ব্যক্তিদিগের পক্ষে শীতল জল কিংবা

ফলাম্ল পথ্য। ঘর্ম্মাক্লান্ত পথশ্রান্ত এবং অধিক কথোপকথন ও স্ত্রী-সংসর্গে ক্লান্ত ব্যক্তিদিগের পক্ষে ক্ষীরই অমৃততুল্য পথ্য। সুরাকৃশ অথচ স্থূল ব্যক্তিদিগের পক্ষে, মধূদক (মধুর পানা) অনুপান। নীরোগ ব্যক্তিদিগের পক্ষে চিত্র (চিতা) পথ্য। বায়ু-পীড়িত ব্যক্তি-দিগের পক্ষে স্নিগ্ধ অথচ উষ্ণ দ্রব্য, কফ-পীড়িত ব্যক্তিদিগের পক্ষে রুক্ষ অথচ উষ্ণ দ্রব্য, এবং পিত্ত-পীড়িত ব্যক্তিদিগের পক্ষে মধুর অথচ শীতল দ্রব্য, উত্তম পথ্য। রক্তপিত্ত রোগক্রান্ত ব্যক্তিদিগের পক্ষে, দুগ্ধ ও ইক্ষুরস পথ্য। এবং বিষ-পীড়িত ব্যক্তিদিগের পক্ষে, অর্ক (আকন্দ), সেলু (শ্লেষ্মাতক) ও শিরীষের আসব পথ্য।

ইহার পর বর্গ সমুদায়ের পৃথক্ পৃথক্ অনুপান আনুপূর্ব্বিক বলা যাইতেছে—

বর্গ সকলের মধ্যে, পূর্ব্বোক্ত শস্যজাতির এবং বদরাম্ল ও বৈদ-লের (পিষ্টক-ভেদ) পক্ষে, ধান্যাম্ল অনুপান। জঙ্ঘাল ও ধন্বজ (মরুদেশ-জাত) পশুর মাংসের পক্ষে, পিপ্পলীর আসব অনুপান। বিষ্কির জন্তুর মাংসের পক্ষে, কোল ও বদরের আসব অনুপান। প্রতুদ জন্তুর মাংসের পক্ষে, ক্ষীর-বৃক্ষের আসব অনুপান। গুহাশ্রয় জন্তুর মাংসের পক্ষে, খর্জ্জুর ও নারিকেলের আসব অনুপান। প্রসহ জন্তুর মাংসের পক্ষে, অশ্বগন্ধার আসব অনুপান। পর্ণমৃগের মাংসের পক্ষে, কৃষ্ণগন্ধার (শোভাঞ্জন বৃক্ষের) আসব অনুপান। বিলেশয় জন্তুর মাংসের পক্ষে, ফলসারের আসব অনুপান। একশফ জন্তুর মাংসের পক্ষে, ত্রিফলার আসব অনুপান। অনেকশফ জন্তুদিগের মাংসের পক্ষে, খদিরের আসব অনুপান। কূলচর জন্তুদিগের মাংসের পক্ষে, শৃঙ্গাটক (পানীফল) ও কসেরুকের (কেসুর) আসব অনু-পান। কোশ-বাসী ও পাদী (যাহাদের ক্ষুদ্র ক্ষুদ্র পা আছে) জন্তুর মাংসের পক্ষেও পানীফল ও কসেরুকের আসব অনুপান। প্লব জন্তু-দিগের মাংসের পক্ষে, ইক্ষুরসের আসব অনুপান। নদীজাত জন্তু-

দিগের মাংসের পক্ষে, মৃণালের আসব অনুপান। এবং সমুদ্র-জাত জন্তুদিগের মাংসের পক্ষে, মাতুলুঙ্গের আসব অনুপান।

অম্ল ফলের পক্ষে, পদ্ম ও উৎপল-কন্দের আসব অনুপান। কষায় ফলের পক্ষে, দাড়িম ও বেত্রের আসব অনুপান। মধুর ফলের পক্ষে, ত্রিকটু-যুক্ত কন্দের আসব অনুপান। তাল-ফলাদির পক্ষে, ধান্যাম্ল অনুপান। কটুক (ঝাল) ফলাদির পক্ষে, দূর্ব্বা নল ও বেত্রের আসব অনুপান। পিপ্পল্যাদি ফলের পক্ষে, শ্বদংষ্ট্রা (গোক্ষুরী) ও বসুকের (অর্ক-বৃক্ষ) আসব অনুপান। কুষ্মাণ্ড প্রভৃতি ফলের পক্ষে, দার্ব্বী (দারুহরিদ্রা) ও করীরের আসব অনুপান। চুচ্চু প্রভৃতির পক্ষে, লোধ্রের আসব অনুপান। মণ্ডূকপর্ণী প্রভৃতির পক্ষে, মহাপঞ্চমূলের আসব অনুপান। জীবন্তী প্রভৃতির পক্ষে, ত্রিফলার আসব অনুপান। কুসুম্ভ শাকের পক্ষেও ত্রিফলার আসব অনুপান। তাল-মস্তকাদির (তাল খর্জ্জুর প্রভৃতির মাথি) পক্ষে, অম্লফলের আসব অনুপান। সৈন্ধবাদির পক্ষে, সুরাসব ও কাঞ্জিক অনুপান। এবং জল সর্ব্বত্রই অনুপান।

সকল অনুপানের মধ্যে বৃষ্টির জলই উত্তম। যাহার পক্ষে যে জল হিতকর, তাহার পক্ষে সেই জলই পথ্য। বাত ও কফে উষ্ণজল পথ্য; পিত্ত ও রক্তে শীতল জল পথ্য। আহার-দোষ-বিশিষ্ট, গুরু কিংবা অপরিমিতই হউক, যথোক্ত অনুপানের দ্বারা সেই ভুক্ত অন্ন অনায়াসেই জীর্ণ হইয়া থাকে। অনুপান, সম্যক্‌রূপে সেবিত হইলে রুচিকর বৃংহণ বৃষ্য দোষ-সঙ্ঘাতের ভেদক তৃপ্তিকর মার্দ্দবকর শ্রম ও ক্লম নাশক সুখজনক অগ্নিকর দোষের শান্তিকর অতিশয় পিপাসার শান্তিকর বলকর ও বর্ণকর হইয়া থাকে। অনুপান অগ্রে পীত হইলে শরীর কর্ষণ করিয়া থাকে। মধ্যে সেবিত হইলে সমভাবে থাকে পশ্চাৎ পান করিলে বর্দ্ধন করিয়া থাকে। অতএব বিশেষরূপে বিবেচনা করিয়া প্রয়োগ করা উচিত। যাহারা দ্রব পদার্থ পান করে না,

তাহাদিগের অন্ন আক্রম্ন স্থিরত্বপ্রাপ্ত ও পীড়াজনক হয়, অতএব অনু-পান সেবন করা উচিত। শ্বাস ও কাস রোগী ব্যক্তির পক্ষে এবং জত্রুর (১) উর্দ্ধভাগ-গত-রোগে অনুপান সেবন অবিধেয়। ক্ষতোরস ব্যক্তি, প্রসেকী (যাহার মুখ ও নাসিকা দ্বারা জল-স্রাব হয় এরূপ ব্যক্তি) এবং যাহার স্বরভঙ্গ হইয়াছে এরূপ ব্যক্তির পক্ষে, অনুপান-সেবন অবিধেয়। অনুপান সেবন করিয়া পথ-ভ্রমণ, অধিক কথোপ-কথন, অধ্যয়ন, গান ও নিদ্রা অবিধেয়। এই সকল করিলে সেই অনুপান কণ্ঠ ও বক্ষঃস্থলে থাকিয়া আমাশয়কে দূষিত করে এবং কম্পন, অগ্নির অবসন্নতা, ছর্দ্দি (বমন) প্রভৃতি নানা রোগ উৎপাদন করিয়া থাকে।

যে সকল ব্যক্তি, সুকুমার বিলাসী ও চির-সুখাভ্যস্ত, তাহারা পারিশ্রমিক-কার্য্যে নিশ্চেষ্টতা-বশতঃ মন্দাগ্নি ও রোগাক্রান্ত হইয়া থাকে। অতএব, কোন্ কোন্ দ্রব্য গুরুপাক ও কোন্ কোন্ দ্রব্য লঘুপাক, এই চিন্তা করিয়া, স্বভাব, সংস্কার, মাত্রা ও কালানুসারে অনুপান সেবন করা তাহাদিগেরই পক্ষে একান্ত বিধেয়। কিন্তু যে সকল ব্যক্তি বলবান্ পরিশ্রমী দীপ্তাগ্নিবিশিষ্ট এবং খর অর্থাৎ কঠিন দ্রব্য ভক্ষণ করিয়া কালাতিপাত করে, তাহাদিগের পক্ষে আহারীয় দ্রব্যের গুরুত্ব লঘুত্ব বিবেচনাপূর্ব্বক অনুপান-সেবনের আবশ্যকতা নাই।

ইতি সর্ব্বানুপানবর্গ।

ধন্বন্তরি কহিলেন, হে বৎস সুশ্রুত! ইহার পর আহার-বিধি বিস্তারিতরূপে বর্ণন করিতেছি, শ্রবণ কর।

বিশ্বস্ত-জন-পূর্ণ অসঙ্কীর্ণ ও পবিত্র, এরূপ মহানস অর্থাৎ পাকস্থান করা কর্ত্তব্য। সেই স্থানে বিশ্বস্ত লোক দ্বারা উত্তম ও নানা-গুণ-যুক্ত ভক্ষ্য অন্ন রন্ধন করাইয়া, চিকিৎসক অতি পবিত্র স্থানে অতি

(১) স্কন্ধ ও কক্ষের সন্ধিস্থানকে জত্রু বলে।

গোপনে সেই অন্ন সংস্থাপন করিবেন। অনন্তর সেই সিদ্ধান্নে বিষ-নাশক ঔষধ স্পর্শ করাইয়া, তাঁহার বিষ নাশ করিয়া, তালবৃন্ত দ্বারা বীজন করত তাহাতে জল প্রোক্ষণ করিবে। পশ্চাৎ সিদ্ধমন্ত্র (১) দ্বারা পূত করিয়া আহার করিবে।

ইহার পর আহার রচনার বিষয় সম্যক্‌রূপে বলিতেছি। পাচক, যে যে পাত্রে যে সকল ভক্ষ্য ও পানীয় পরিবেশন করিবে তাহা বলা যাইতেছে——কাঞ্চায়সে অর্থাৎ অয়স্কান্ত মণিময় পাত্রে ঘৃত দিবে। পানীয় দ্রব্য রজতময় পাত্রে প্রদান করিবে। ফল সকল ও অন্যান্য সকলপ্রকার ভক্ষ্য দ্রব্য বৈদল পাত্রে প্রদান করিবে। পরিশুষ্ক ও প্রদিগ্ধ (প্রলিপ্ত) দ্রব্য সকল সুবর্ণময় পাত্রে রাখিবে। প্রদ্রব (তরল) ও রসময় পদার্থ সকল রজত-পাত্রে দিবে। কট্বর (২) ও খড় (৩) এই সকল প্রস্তরময় পাত্রে প্রদান করিবে। সুশীতল ও সুপক দুগ্ধ তাম্রময় পাত্রে দিবে। পানীয় জল, পানক, (গুড় মধু চিনি প্রভৃতির পানা) ও মদ্য, এই সকল, মৃণ্ময় বা কাচ ও স্ফটিকময় শীতল ও সুন্দর পাত্রে প্রদান করিবে। বৈদূর্য্যময় পাত্রে রাগষাড়ব ও সদৃক্ প্রভৃতি খাদ্য দ্রব্য সকল দিবে। এবং সম্মুখস্থ নির্ম্মল সুবিস্তীর্ণ মনোরম পাত্রে, সূপৌদন (সূপমিশ্রিত অন্ন) এবং সুসংস্কৃত প্রদেহ (প্রলেপ) সকল দিবে। ফল ও অন্যান্য সকল ভক্ষ্য দ্রব্য এবং পরিশুষ্ক খাদ্য সকল, ভোজনকারী ব্যক্তির দক্ষিণ পার্শ্বে সাজাইয়া দিবে। প্রদ্রব, রস, পানীয়, পানক, দুগ্ধ; খড়, যূষ,

(১) তন্ত্রশাস্ত্রোক্ত সিদ্ধাদিচক্রস্থিত সাধকনামের আদ্যাক্ষরযুক্ত মন্ত্রবিশেষকে সিদ্ধমন্ত্র কহে।

(২) তক্র, দধিসর ও ব্যঞ্জন, এই সকলকে কট্বর বলে।

(৩) পূর্ব্বোক্ত পানীয়-বিশেষ। যথা,—তক্র কপিত্থ চাঙ্গেরী (নেবু-বিশেষ) মরিচ কৃষ্ণজীরা ও চিতা এই সকল উত্তমরূপে পাক করিয়া সূপ প্রস্তুত করিলে তাহাকে খড় কহে।

এবং অন্যান্য পেয় দ্রব্য সকল বামপার্শ্বে সাজাইয়া দিবে। সকল-প্রকার গুড়জাত খাদ্য দ্রব্য রাগষাড়ব ও শট্টক (ঘৃত ও জল মিশ্রিত শালিচূর্ণ) (১) প্রভৃতি সম্মুখে অথবা দক্ষিণ ও বাম এই উভয়ের মধ্যে স্থাপিত করিবে।

বুদ্ধিমান্ বৈদ্য এইরূপে আহার রচনা করাইয়া রমণীয় শুভজনক পবিত্র জনতা বিহীন ও সুগন্ধি-পুষ্পভূষিত সমতল প্রদেশে ভোক্তাকে লইয়া গিয়া, সুসংস্কৃত সুরস মনোমত বিশুদ্ধ নাতিশীতোষ্ণ সদ্যপক্ব হিতকর আহারীয় দ্রব্য ভোজন করাইবে। মধুর-রসাক্ত দ্রব্য সকল অগ্রে ভোজন করিবে, অম্ল ও লবণ রস মধ্যে ভোজন করিবে এবং পরিশেষে অবশিষ্ট রস সকল ভোজন করিবে, বৈদ্যেরা ইহাই ব্যবস্থা করিয়াছেন। বুদ্ধিমান্ ব্যক্তি দাড়িম প্রভৃতি ফল সকল অগ্রে ভক্ষণ করিবে, অনন্তর পানীয় সেবন করিবে, পশ্চাৎ বিবিধ ভক্ষ্য ভোজ্য আহার করিবে। কেহ কেহ ইহার বিপরীত নির্দ্দেশ করিয়াছেন, তাঁহারা বলেন গাঢ় পদার্থ সকল অগ্রে ভোজন করা উচিত। ভোজনের প্রারম্ভে মধ্যে বা শেষেই হউক, ফলের মধ্যে, স্বাস্থ্যকর দোষ-নাশক আমলক ফল ভোজন করাই প্রশস্ত। মৃণাল বিষ শালু কন্দ ও ইক্ষু প্রভৃতি, আহারের পূর্ব্বে ভোজন করিবে, আহারাবসানে এ সকল কখনই সেবন করিবে না। ক্ষুধার্ত্ত ব্যক্তি যথাকালে উচ্চ আসনে সমভাবে সুখে উপবেশন করিয়া মাত্রাদি বিবেচনাপূর্ব্বক আপন প্রকৃতির অনুগত স্নিগ্ধ, দ্রব-প্রধান, লঘু ও উষ্ণ দ্রব্য সকল সত্বর ভোজন করিবে। এইপ্রকার অন্ন, যথাকালে ভুক্ত হইলে তৃপ্তিকর হয়, এবং ভুক্ত-ব্যক্তির পীড়াকর হয় না। লঘু-দ্রব্য শীঘ্র পরিপাক হয়, স্নিগ্ধ ও উষ্ণ দ্রব্য বলকর ও অগ্নিকর। সত্বর ভোজন করিলে ভুক্ত অন্ন সমকালেই পরিপাক হয়। দোষ-শূন্য দ্রব-প্রধান দ্রব্য সকল সুখে জীর্ণ হয়। এবং মাত্রানুসারে সেবিত অন্ন ধাতুর সমতা

(১) শালিচূর্ণং ঘৃতং তোয়ং মিশ্রিতং শট্টকং বদেৎ। ইতি ভাবপ্রকাশঃ।

বিধান করিয়া থাকে। যে সকল ঋতুতে রাত্রি অত্যন্ত দীর্ঘ, সেই সকল ঋতুতে ঋতুদোষ-খণ্ডনের উপযোগী ভোজন-দ্রব্য প্রাতঃকালে ভোজন করিবে। যে সকল ঋতুতে দিবা অতিশয় দীর্ঘ, সেই সকল ঋতুতে তৎকাল-বিহিত ভোজ্য-দ্রব্য সকল অপরাহ্নে ভোজন করিবে। এবং যে সকল ঋতুতে দিবা রাত্রি সমান, সেই কালে অহোরাত্র সমান বিভাগ করিয়া ভোজন করিবে। অপ্রাপ্ত কালে অর্থাৎ ক্ষুধা হই-বার পূর্ব্বে এবং অতীত কালে অর্থাৎ ভোজনের সময় গত হইলে কখনই ভোজন করিবে না, অর্থাৎ যথা-সময়েই ভোজন করিবে। এবং অল্প বা অধিক পরিমাণেও ভোজন করিবে না অর্থাৎ পরিমিত ভোজন করিবে। অপ্রাপ্ত কালে শরীর লঘু হয় না, সুতরাং তৎ-কালে আহার করিলে নানা ব্যাধি জন্মে, এমন কি—মৃত্যু পর্য্যন্তও ঘটিতে পারে। অতীত কালে জঠরাগ্নি বায়ু দ্বারা আচ্ছন্ন থাকে, সুতরাং তৎকালে আহার করিলে ভুক্ত অন্ন অতি কষ্টে পরিপাক হয়, ও দ্বিতীয়বার ভোজনের ইচ্ছা থাকে না। অল্প মাত্রায় ভোজন করিলে অসন্তোষ জন্মে ও বলক্ষয় হয়। অধিক মাত্রায় ভোজন করিলে আলস্য জন্মে, শরীর ভার বোধ হয়, আটোপ অর্থাৎ বায়ুজন্য উদর আধ্মাত হয়, এবং শরীর অবসন্ন হইয়া পড়ে। অতএব দিবা ও রাত্রিকালে সময় ও দোষাদি বিভাগ করিয়া, এই সকল দোষ-বর্জ্জিত পূর্ব্বোক্ত-গুণ-সম্পন্ন সুসংস্কৃত অন্ন ভোজন করিবে। অচোক্ষ (নিঃসার), দোষ-যুক্ত, উচ্ছিষ্ট, পাষাণ-তৃণ বা লোষ্ট্র বিশিষ্ট, দ্বিষ্ট (যে দ্রব্য ভোজন করিতে প্রবৃত্তি না হয়), পর্য্যুষিত, স্বাদুরস-বিহীন ও দুর্গন্ধযুক্ত অন্ন ভোজন করিবে না। অধিক সিদ্ধ বা অল্প সিদ্ধ অন্ন এবং অতিশয় উষ্ণ উপদগ্ধ (আঁকা) অন্ন ও স্বাদুরস-বিহীন অন্ন ভোজন করিবে না। শীতল অন্নকে পুনর্ব্বার উষ্ণ করিয়া ভোজন করিবে না। উত্তরোত্তর স্বাদুতর আহার ভোজন করিবে। আহার করিতে করিতে পুনঃ পুনঃ মুখ প্রক্ষালন করিবে। কারণ, জিহ্বা বিশুদ্ধ

হইলে অন্নে উত্তম রুচি হয়। প্রথম একপ্রকার স্বাদু কর্তৃক জিহ্বা তর্পিত হইলে, অন্যপ্রকার স্বাদুর উত্তমরূপে উপলব্ধি হয় না। অতএব মধ্যে মধ্যে মুখ প্রক্ষালন করিবে। অন্ন স্বাদু হইলে, প্রিয়তা, বল, পুষ্টি, উৎসাহ, হর্ষ ও সুখ জন্মায়, অস্বাদু হইলে, ইহার বিপরীত হয়। একবার যে দ্রব্য ভোজন করিয়া পুনর্ব্বার আকাঙ্ক্ষা করা যায়, তাহাকেই স্বাদু ভোজন বলে। ভোজনের মধ্যে মধ্যে ও ভোজনের পর জল পান করিবে। আচমনের কালে দন্তের অন্তর্গত অন্ন অল্পে অল্পে বাহির করিবে। তাহা না করিলে মুখে দুর্গন্ধ জন্মে। ভোজন করিলে কফ, জীর্ণ হইলে, বায়ু ও বিদগ্ধ হইলে পিত্ত বৃদ্ধি হয়। অতএব ভোজন না করিলে শ্লেষ্মার শান্তি হয়। ধূমের দ্বারা, বা কষায় কটু তিক্ত রসের দ্বারা, বা কক্কোল কর্পূর লবঙ্গ ও সুমনঃ ফলের সহিত, অথবা কষায় কটু তিক্ত মুখ-সংশোধন-কর রসের সহিত, সুগন্ধ তাম্বূল পত্র সেবনের দ্বারা, মুখ শোধন করিবে। ভোজন করিয়া ভোজনের শ্রম বিগত হওয়া পর্য্যন্ত রাজবৎ (স্বচ্ছন্দে) আসীন হইবে। তদনন্তর শতপদ গমন করিয়া বাম-পার্শ্বে শয়ন করিবে। ভুক্ত ব্যক্তি মনোঽভিলষিত শব্দ স্পর্শ রূপ রস গন্ধ সেবন করিবে। অপ্রিয় শব্দ স্পর্শ রূপ রস গন্ধ সেবনে, বা অশুচি অন্ন গ্রহণে, বা ভোজনান্তে অতিশয় হাস্য করণে, বমন হয়। দ্রব-প্রধান অন্ন (দ্রব দ্রব্য অধিক এবং অন্নভাগ অল্প) ভোজন করিয়া শয়ন বা উপবেশন করিবে না। ভোজনের পরেই অগ্নি বা আতপ সেবন, বা সন্তরণ, বা যান বাহনের দ্বারা গমন করিবে না। এক রসই নিয়ত সেবন করিবে না। শাক নিকৃষ্ট অন্ন ও অম্ল-রস ভোজন করিবে না। একবারে একটীমাত্র রস অথবা একত্র সমস্ত রস ভোজন করিবে না। একবার ভোজন করিয়া, অগ্নির দীপ্তি না হইলে পুনর্ব্বার অন্ন গ্রহণ করিবে না। ভুক্ত অন্ন বিদগ্ধ হইলে (অম্ল-রস হইয়া গলা জ্বলিলে) অগ্নি নাশ হয়। কঠিন দ্রব্য অধিক পরিমাণে আহার করিবে না। পিষ্টান্ন ভোজন করিবে

না, অথবা অল্প মাত্রায় ভোজন করিয়া দ্বিগুণ জল পান করিবে, তাহাতে অনায়াসে জীর্ণ হয়। পেয় লেহ্য চূষ্য চর্ব্ব্য এই চতুর্ব্বিধ আহার উত্তরোত্তর গুরুতর। গুরুপাক দ্রব্য অর্দ্ধ পরিমাণে ভোজন করা হিতকর, ও লঘু দ্রব্য সম্পূর্ণ পরিমাণে ভোজন করিবে। অতিশয় তরল দ্রব-দ্রব্যের কোন পরিমাণই গুরুপাক হয় না। দ্রব-প্রধান দ্রব্য শুষ্ক হইলে সম্যক্ ভোজন করা যাইতে পারে। অতিশয় শুষ্ক অন্ন অভ্যস্ত হইলেও উত্তম পরিপাক হয় না।

পিণ্ডীকৃত বা অসম্যক্‌রূপে ক্লিন্ন হইলে অন্ন বিদগ্ধ হয়। অথবা পরিপাক-কালে অন্নবাহী পথে (যে পথের দ্বারা জঠর মধ্যে অন্ন প্রবেশ করে) পিত্ত থাকিলে, অথবা অন্য কোন বিদাহী অন্ন ভোজন করিলে, অন্ন বিদগ্ধ হয়। শুষ্ক বিদগ্ধ ও বিষ্টম্ভী (গুরুপাক) অন্নের দ্বারা অগ্নি নাশ হয়। অপক্ক বিদগ্ধ ও বিষ্টব্ধ অন্ন, বাত পিত্ত শ্লেষ্মার সংযোগে অজীর্ণ রোগ জন্মায়। অতিশয় জলপান করিলে, অকালে ভোজন করিলে, মল মূত্রের বেগ ধারণ করিলে, বা সময়ে নিদ্রা না হইলে, লঘু ও স্বাভাবিক ভক্ষ্য অন্ন যথাকালে ভোজন করিলেও পরিপাক হয় না। ঈর্ষা ভয় বা ক্রোধ জন্মিলে, লোভ রোগ বা দৈন্যতার দ্বারা পীড়িত থাকিলে, অন্নে দ্বেষ থাকিলে, অন্ন সম্যক্‌রূপে পরিপাক হয় না। ভুক্ত অন্ন, মাধুর্য্য-ভাবাপন্ন হইলে আম বলা যায়, ও অম্ল-ভাবাপন্ন হইলে বিদগ্ধ বলা যায়। ভুক্ত অন্ন কিঞ্চিৎ পাক হইয়া অতিশয় তোদ ও শূল সহকারে বিষ্টব্ধ হইয়া থাকে, তাহা বদ্ধ ও কুপিত বায়ুর কার্য্য। তৎকালে উদ্গার-শুদ্ধি হইলেও (উদ্গারে কোনপ্রকার গন্ধ বা রস না থাকিলেও) যাবৎ হৃদয়-দেশের ভার থাকে, তাবৎ আহারে রুচি হয় না। পাকস্থলীর অবশিষ্ট রস কর্ত্তৃক নাসিকা হইতে কফ স্রাব সহকারে যে অজীর্ণ দোষ জন্মে, তাহাকে চতুর্থপ্রকার অজীর্ণ বলা যায় (১)। মূর্চ্ছা প্রলাপ বমনেচ্ছা প্রসেক

(১) কোনপ্রকারে পরিপাকের বিলম্ব বা ব্যাঘাত ঘটিয়া বায়ু কুপিত হইলে,

শরীরের অবসন্নতা, অজীর্ণের দ্বারা এই সকল উপদ্রব এবং মৃত্যু পর্য্যন্তও ঘটে। আমাজীর্ণ হইলে লঙ্ঘন কর্ত্তব্য, বিদগ্ধ হইলে বমন কর্ত্তব্য, বিষ্টব্ধ হইয়া থাকিল স্বেদ করান কর্ত্তব্য। অবশিষ্ট রস কর্ত্তৃক অজীর্ণ জন্মিলে শয়ন করিয়া থাকিবে, লবণাক্ত উষ্ণজল পান করিয়া বমন করিবে, ও যাবৎ স্বাস্থ্য লাভ না করে তাবৎ অনশন থাকিবে। যাবৎ শরীর লঘু ও প্রকৃতিস্থ না হয়, তাবৎ আহার করিবে না। হিতাহিত বিবেচনা করিয়া আহার করিলে সমাশন বলা যায়। অধিক হউক বা অল্প হউক, অকালে আহার করিলেই বিষমাশন বলা যায়। ভুক্তদ্রব্য পরিপাক না হইতে হইতে ভোজন করিলে অধ্য-শন কহে। এই তিনটী অহিতাচারের দ্বারা জীবন ক্ষয় হয় অথবা নানাপ্রকার পীড়া জন্মে। অন্ন বিদগ্ধ হইলে শীতল জলের দ্বারা পরিপাক হয়। শীতলতার দ্বারা পিত্ত নাশ হয় এবং অন্ন ঈষৎ ক্লিন্ন হইয়া অধোভাগে গমন করে। ভোজনমাত্রে হৃদয় কণ্ঠ ও গলদেশ জ্বলিতে থাকিলে দ্রাক্ষা ও হরীতকী অথবা মধু ও হরীতকী লেহন করিবে। স্নিগ্ধ বলবান্ প্রাণীর অজীর্ণ হইবার আশঙ্কা হইলে প্রাতঃ-কালে বা ভোজনান্তে শুণ্ঠী ও অভয়া হরীতকী ভক্ষণ করিবে। অন্ন বিবর্দ্ধিত অপক্ক দোষ লীন হইয়া থাকে, তাহাতে অগ্নির পথ আবৃত হয় না। তৎকালে অজীর্ণেও ক্ষুধা হয়। সেই ক্ষুধা অল্প-বুদ্ধি ব্যক্তি বুঝিতে পারে না বলিয়া তাহার পক্ষে বিষ-তুল্য হয়।

অতঃপর দ্রব্যের যে যে গুণের দ্বারা যে যে ক্রিয়া হয়, তাহার বিস্তার কহিতেছি। সেই সকল ক্রিয়ার দ্বারা দ্রব্যের গুণ অনুমান করা যায়। শৈত্য-গুণে হ্লাদন স্তম্ভনী এবং মূর্চ্ছা তৃষ্ণা স্বেদ ও দাহের

যতক্ষণ অন্ন-রসের দ্বারা পাকস্থলী ভার থাকে, ততক্ষণ সেই কুপিত বায়ু পাকস্থলীতে স্তব্ধভাবে থাকে। পাকস্থলীর প্রায় সমস্ত রস শরীরে সঞ্চালিত হইলে, সেই কুপিত বায়ু অবশিষ্ট রস গ্রহণ করিয়া ঊর্দ্ধভাগে গমন পূর্ব্বক মুখ নাসিকা হইতে আস্রাব জন্মায়। ইহাকে সামান্যতঃ "পেট-গরম" কহে।

উপশম হয়, উষ্ণ-গুণ হইতে এই সকলের বিপরীত ক্রিয়া উৎপন্ন হয়, অধিকন্তু ইহা পাচন। স্নিগ্ধ গুণ, স্নেহ ও মার্দ্দব-কর, বলকর ও বর্ণকর। রুক্ষ ইহার বিপরীত, বিশেষতঃ স্তম্ভন ও খর। পিচ্ছিল, জীবনীয় বলকর সন্ধানকর শ্লেষ্মা ও গুরু। বিশদ ইহার বিপরীত, এবং ক্লেদ-শোষক ও রোপণকর। তীক্ষ্ণ, দাহপাক ও আস্রাব কর। মৃদু ইহার বিপরীত। গুরুত্ব গুণের দ্বারা অবসন্নতা, উপলেপ, বল, তৃপ্তি ও পুষ্টি জন্মে। লঘু ইহার বিপরীত এবং লেখনকর ও রোপণকর। এই দশপ্রকার গুণের ক্রিয়া বলিলাম। এক্ষণে দশপ্রকার দ্রব-দ্রব্যের ক্রিয়া কহিতেছি, শ্রবণ কর। দ্রব ক্লেদকর। সান্দ্র, স্থূল ও বন্ধনকর। শ্লক্ষ্ণ, পিচ্ছিলের ন্যায় গুণ-বিশিষ্ট। কর্কশ, বিশদের ন্যায় গুণ-বিশিষ্ট, সুখানুবন্ধী এবং সূক্ষ্ম। সুগন্ধ, রুচিকর ও মৃদু। দুর্গন্ধ ইহার বিপরীত এবং হৃল্লাস অরুচিকর সারক অনুলোম-কারক মদকর ও যাত্রার পক্ষে মঙ্গলকর। ব্যবায়ী, সমস্ত দেহ ব্যাপ্ত হইয়া পাক করে। বিকাশী, প্রফুল্লতা সম্পাদন করিয়া ধাতুর বন্ধন সমস্ত শিথিল করে। আশুকারী, শীঘ্রগামী প্রযুক্ত জলে তৈলের ন্যায় দেহে শীঘ্র ব্যাপ্ত হয়। সূক্ষ্ম গুণ, সূক্ষ্মতা হেতু সূক্ষ্ম শিরাতে গমন করে। এই বিংশতি গুণের ক্রিয়া যথাক্রমে বলা হইল।

অতঃপর আহারের গতি নিশ্চয় করিয়া কহিতেছি। এই পঞ্চ-ভূতাত্মক দেহে পঞ্চ-ভৌতিক আহার পঞ্চপ্রকারে পরিপাক হইয়া (১) দেহস্থ স্বীয় স্বীয় গুণ বর্দ্ধিত করে। কফ ও পিত্ত অবিদগ্ধ এবং বায়ু বিদগ্ধ। আহার সম্যক্‌রূপে পরিপাক হইয়া নিঃসার (২) হইলে শরীর-পুষ্টি হয়। বিষ্ঠা ও মূত্র আহারের মলভাগ।

আহারের সার-ভাগের বিষয় পূর্ব্বে বলা হইয়াছে। সেই সার-ভাগ

---

(১) বায়ু পিত্ত কফ মল ও মূত্র, এই পঞ্চপ্রকারে পরিণত হয়।

(২) ভুক্ত দ্রব্য হইতে সমস্ত সারাংশ নিঃসৃত হইলে।

ব্যান বায়ুর দ্বারা বিক্ষিপ্ত হইয়া সকল ধাতু পোষণ করে। কফ পিত্ত মল স্বেদ নখ রোম এবং নেত্র-মল (চক্ষে যে মল জন্মায়) ও ত্বক্‌স্থ স্নেহ, এইগুলি ক্রমান্বয়ে ধাতু সমূহের (১) মল। মহামুনি ও রাজর্ষিদিগের অভিমত এই বিধি যিনি যত্নপূর্ব্বক পাঠ করেন, তিনি মহাত্মাগণের মধ্যে সূরিসত্তম এবং ভূপতির চিকিৎসা করিতে সমর্থ।

(১) যথা রসের মল কফ, রক্তের মল পিত্ত ইত্যাদি।

সুশ্রুত।

নিদান-স্থান।

প্রথমাধ্যায়।

বাত-ব্যাধি-নিদান।

ক্ষীরোদ-সলিল-সম্ভূত ধার্ম্মিক-প্রবর ধন্বন্তরির চরণদ্বয় বন্দনা করিয়া সুশ্রুত জিজ্ঞাসা করিলেন। হে উপদেশ-কুশল, দেহ-যন্ত্রস্থিত বায়ু বিকৃত হইয়া কুপিত হইলে, দেহ-মধ্যে যে যে স্থান আশ্রয় করে, সেই সেই স্থানে থাকিয়া যে যে ক্রিয়া করে, এবং তদ্দ্বারা যে যে রোগ উৎপন্ন হয়, সেই সকল আপনি কীর্ত্তন করুন। অনন্তর ভিষক্-কুল-ভূষণ ধন্বন্তরি সুশ্রুতের এই বাক্য শ্রবণ করিয়া কহিতে লাগিলেন। ভগবান্ স্বয়ম্ভূই বায়ু নামে কথিত। ইনি স্বতন্ত্র, নিত্য ও সর্ব্বগত। সর্ব্বলোক-কর্ত্তৃক নমস্কৃত হইয়া সকলের আত্মার স্বরূপে বিরাজ করেন। ইনি প্রাণিসমূহের উৎপত্তি স্থিতি ও বিনাশের কারণ। স্বয়ং অব্যক্ত, ইহাঁর ক্রিয়া সকল প্রত্যক্ষ। ইহা রুক্ষ শীতল লঘু খর তির্য্যক্-গামী শব্দ ও স্পর্শ গুণ বিশিষ্ট, রজোগুণ-বহুল, অচিন্ত্য-শক্তি, দেহস্থ দোষ-সমূহের নায়ক, এবং রোগ-সমূহের রাজা। ইনি দেহ-মধ্যে আশু-কার্য্যকারী ও শীঘ্র বিচরণ-কারী। পক্কাশয় ও গুহ্যদেশ ইহাঁর আলয়। দেহ-মধ্যে বিচরণ করিতে থাকিলে বায়ুর যে সকল লক্ষণ প্রকাশ হয়, তাহা এক্ষণে কহিতেছি, শ্রবণ কর। বায়ু কুপিত না হইলে, দোষ ধাতু ও অগ্নি সমভাবে থাকে, তাহাদিগের স্ব স্ব বিষয়ে প্রবৃত্তি হয়, এবং বায়ুর ক্রিয়া সকলও সরলভাবে হইতে থাকে। নাম, স্থান ও ক্রিয়া ভেদে অগ্নি যেরূপ পঞ্চ প্রকারে বিভক্ত, নাম, স্থান, ক্রিয়া ও রোগ ভেদে একমাত্র বায়ুও সেইরূপ পঞ্চ প্রকারে বিভক্ত। প্রাণ উদান সমান ব্যান ও অপান, এই পঞ্চ বায়ু পঞ্চ স্থানে থাকিয়া দেহী-

দিগের দেহ রক্ষা করে। যে বায়ু মুখমধ্যে সঞ্চরণ করে, তাহাকে প্রাণ-বায়ু বলে। প্রাণ-বায়ুর দ্বারা দেহ রক্ষা হয়, ভুক্ত অন্ন জঠর মধ্যে প্রবিষ্ট হয় এবং প্রাণ ধারণ হয়। এই বায়ু দূষিত হইলে প্রায়ই হিক্কা শ্বাস প্রভৃতি রোগ উৎপন্ন হয়। যে বায়ু ঊর্দ্ধদিকে সঞ্চরণ করে, তাহাকে উদান-বায়ু বলে। ইহা কুপিত হইলে স্কন্ধসন্ধির উপরিস্থিত রোগ সকলই বিশেষরূপে জন্মে। আমাশয় ও পক্কাশয়ের মধ্যস্থলে সমান-বায়ু অবস্থিতি করে। সমান-বায়ু জঠরস্থিত অগ্নির সহিত মিলিত হইয়া ভুক্ত অন্ন পরিপাক করে, এবং তজ্জনিত রস সমূহ পৃথক্ করে। ইহা দূষিত হইলে গুল্ম অগ্নিমান্দ্য অতিসার প্রভৃতি রোগ জন্মায়। ব্যান-বায়ু সর্ব্বাঙ্গে সঞ্চরণ করে, এবং আহার-জনিত সকল রস শরীরে বহন করে। ইহার দ্বারা ঘর্ম্ম-নিঃসরণ ও দেহ হইতে রক্ত স্রাব হয় অথবা পঞ্চবিধ কার্য্যই ইহার দ্বারা নিষ্পন্ন হয়। ব্যান-বায়ু কুপিত হইলে প্রায় সর্ব্ব-দেহগত রোগই জন্মাইয়া থাকে। অপান-বায়ু পক্কাশয়ে অবস্থিত। ইহার দ্বারা মল মূত্র শুক্র গর্ভ ও আর্ত্তব-শোণিত কালে কালে আকৃষ্ট হইয়া অধোগমন করে। ইহা কুপিত হইলে বস্তি ও গুহ্যদেশে আশ্রিত সকল রোগ জন্মায়। ব্যান ও অপান এই দুই বায়ু একত্রিত কুপিত হইলে, শুক্র-দোষ ও প্রমেহ রোগ জন্মায়। সকল বায়ু একত্র কুপিত হইলে দেহ ভেদ করিয়া গমন করে।

অতঃপর বায়ু বিবিধপ্রকারে কুপিত হইয়া যে যে স্থান আশ্রয় করিলে যে যে রোগ জন্মায়, তাহা কহিতেছি। বায়ু কুপিত হইয়া আমাশয় আশ্রয় করিলে, বমনাদি রোগ জন্মায়, এবং মোহ মূর্চ্ছা পিপাসা হৃদ্গ্রহ ও পার্শ্ব-দেশে বেদনা, এ সকল উপদ্রবও জন্মায়। পক্কাশয় আশ্রয় করিলে, অন্ত্রকূজ (নাড়ীর শব্দ), নাভিশূল, কষ্টে মল মূত্র নিঃসরণ, আনাহ এবং কটিদেশে বেদনা, এই সকল উপসর্গ জন্মে। শ্রোত্র প্রভৃতি ইন্দ্রিয়ের স্থান আশ্রয় করিলে, ইন্দ্রিয়-কার্য্যের

অভাব হয়। ত্বক্ আশ্রয় করিলে, বিবর্ণতা, অঙ্গস্ফুরণ, রুক্ষতা, সুপ্তি (ত্বকের সঙ্কোচ ভাব), চুমচুম-শব্দ শ্রবণ, ত্বকে বেদনা, ত্বক্ ভেদ (ফাটিয়া যাওয়া) এবং পরিপোটন (রস-নিঃসরণ), এই সকল উপসর্গ জন্মায়। শোণিত আশ্রয় করিলে, ব্রণ রোগ জন্মায়। মাংস আশ্রয় করিলে, শূল (কনকনানি) বিশিষ্ট গ্রন্থি রোগ জন্মায়। মেদ আশ্রয় করিলে, ব্রণ না হইয়া অল্প-বেদনা-বিশিষ্ট গ্রন্থি রোগ জন্মায়। সিরা আশ্রয় করিলে, সিরা মধ্যে শূল-বেদনা হয়, এবং সিরা সকল আকুঞ্চিত ও পূর্ণ হয় (সিরা সকল টানে ও ফুলিয়া উঠে)। স্নায়ু আশ্রয় করিলে, স্তম্ভ কম্প শূল ও আক্ষেপ জন্মে। সন্ধিস্থান আশ্রয় করিলে, সন্ধি বিচ্ছেদ হয় ও সন্ধিস্থানে শূল ও শোফ জন্মায়। অস্থি স্থান আশ্রয় করিলে, অস্থি-শোষ অস্থি-ভেদ ও অস্থি-শূল জন্মায়। মজ্জা আশ্রয় করিলে, বেদনার কদাচ শান্তি হয় না। বায়ু শুক্র-গত হইলে, ক্ষরিত (শুক্র-মেহ) হউক বা না হউক, শুক্র বিকৃত হয়। বায়ু কুপিত হইয়া দেহ মধ্যে সর্ব্বত্র গমন করিলে, হস্ত পদ মস্তক ও সমস্ত ধাতু-মধ্যে ক্রমে ক্রমে সঞ্চরণ করিয়া সকল স্থানে ব্যাপ্ত হয়। সকল স্থানে ব্যাপ্ত হইলে, স্তম্ভন আক্ষেপণ তন্দ্রা শোফ ও শূল জন্মায়। পূর্ব্বোক্ত সকল স্থানের মধ্যে এক কালে দুই তিন স্থান আশ্রয় করিলে, মিশ্র-রোগ উৎপন্ন হয়। দেহের কোন অবয়ব আশ্রয় করিলে, সেই অবয়বের সমস্ত অংশেই রোগ জন্মায়। বায়ুর সহিত পিত্ত মিলিত হইলে, দাহ সন্তাপ ও মূর্চ্ছা জন্মায়। কফের দ্বারা আবৃত হইলে, শৈত্য শোফ ও গুরুত্ব জন্মায়। কুপিত বায়ু শোণিতের সহিত মিলিত হইলে, সূচী-কর্তৃক বিদ্ধ হওনের ন্যায় তোদ, স্পর্শ-দোষ (স্পর্শ করিলে অসহ্য বোধ) ও সুপ্ততা জন্মায়। প্রাণ-বায়ু পিত্ত কর্তৃক আবৃত হইলে বমন ও দাহ জন্মায়। কফের দ্বারা আবৃত হইলে, দৌর্ব্বল্য, দেহের অবসন্নতা, বিবর্ণতা ও তন্দ্রা জন্মায়। উদান-বায়ু পিত্তের সহিত মিলিত হইলে, মূর্চ্ছা দাহ ভ্রম ও ক্লান্তি জন্মায়। কফের দ্বারা আবৃত

হইলে, ঘর্ম্মের অভাব, লোম-হর্ষণ, মন্দাগ্নি. শীতানুভব ও স্তব্ধভাব হইয়া থাকে। সমান বায়ুর সহিত পিত্ত মিলিত হইলে, ঘর্ম্ম দাহ উষ্ণতা ও মূর্চ্ছা জন্মায়। কফের দ্বারা আবৃত হইলে, মল মূত্রে কফের আধিক্য ও রোম-হর্ষ হয়। অপান-বায়ুর সহিত পিত্ত মিলিত হইলে, দাহ উষ্ণতা ও আর্ত্তব-শোণিতের প্রবৃত্তি হয়। কফ মিলিত হইলে, শরীরের অধোভাগ ভার হয়। ব্যান-বায়ু পিত্ত কর্ত্তৃক আবৃত হইলে, দাহ ও গাত্র-বিক্ষেপ (সর্ব্ব শরীর প্রসারিত হওয়া বা হাত পা ছোড়া) জন্মায়। কফের দ্বারা আবৃত হইলে, সর্ব্ব-শরীর ভার বোধ ও অস্থি-পর্ব্বের স্তব্ধভাব (চালনা শক্তি. রহিত) হয় ও ইন্দ্রিয় সমস্ত নিশ্চেষ্ট হয়। শোক অতিরিক্ত স্ত্রী-সংসর্গ মদ্যপান বা ব্যায়াম, ঋতু ও প্রকৃতির বিপরীত আচরণ, ও অতিশয় স্নেহাদি দ্রব্যের সেবন, এককালে স্ত্রীসঙ্গ-বর্জ্জন ও শরীর স্থূল হওন, এই সকল কারণে কোমলাঙ্গ মিথ্যা (নিষ্প্রয়োজনে) আহার ও বিহারাচারী ব্যক্তিগণের দেহে বাতরক্ত কুপিত হয়।

হস্তী অশ্ব উষ্ট্র বা অন্য কোন যানের দ্বারা গমন করিলে, অথবা অন্য কোনপ্রকার বায়ু-প্রকোপকর কারণ ঘটিলে, বায়ু কুপিত হয়। তীক্ষ্ণ উষ্ণ অম্ল ক্ষার ও শাকাদি ভোজনের দ্বারা বা পুনঃ পুনঃ সন্তাপাদি সেবনে শোণিত দূষিত হইয়া কুপিত বায়ুর পথ রোধ করে। গমন-পথ রোধ হওয়া প্রযুক্ত বায়ু অধিকতর কুপিত হইয়া সেই কুপিত রক্তকে আরও দূষিত করে। সেই দূষিত রক্ত দূষিত বায়ুর সহিত মিলিত হইয়া বায়ুর প্রাধান্য হেতু বাতরক্ত নামে কথিত হয়। সেই-প্রকার পিত্ত শ্লেষ্মা দূষিত হইয়া দূষিত রক্তের সহিত মিলিত হয়। বাত-রক্ত কর্ত্তৃক পাদদ্বয়ে, স্পর্শে যাতনা বোধ হয়, এবং তোদ ভেদ ও শোষ জন্মে, এবং স্পন্দ থাকে না। পিত্ত-রক্তে পাদদ্বয়ে উগ্র-দাহ অতিশয় উষ্ণতা এবং রক্তবর্ণ মৃদুশোফ জন্মে। শ্লেষ্মা কর্ত্তৃক রক্ত দূষিত হইলে, পাদদ্বয় কণ্ডুযুক্ত শ্বেতবর্ণ শীতল স্থূল নিস্পন্দ এবং শোফ-

বিশিষ্ট হয়। সকল দোষের দ্বারা রক্ত দূষিত হইলে, প্রত্যেক দোষই পাদদ্বয়ে আপন আপন লক্ষণ প্রকাশ করে। রোগের পূর্ব্বরূপে, পাদদ্বয় শিথিল ঘর্ম্মাক্ত শীতল বিপরীত-ভাবাপন্ন (স্বাভাবিকের অন্যথা) বিবর্ণ, তোদ ও দাহযুক্ত, ভার ও নিস্পন্দ হইয়া থাকে। পাদ-দ্বয় বা হস্তদ্বয়ের মূল হইতে সেই কুপিত রক্ত মূষিক-বিষের ন্যায় দেহ-মধ্যে সঞ্চারিত হয়। যৎকালে জানু পর্য্যন্ত স্ফুটিত ও ভিন্ন হইয়া দূষিত শোণিত স্রাব হইতে থাকে, এবং প্রাণ ও মাংস-ক্ষয় প্রভৃতি উপদ্রব বিশিষ্ট হয়, তৎকালে তাহা অসাধ্য বলিয়া জানিবে। এক বৎসরের অনধিক কাল জন্মিলে রোগ যাপ্য থাকে। কুপিত বায়ু যৎকালে ধমনী-মধ্যে প্রবেশ করে, তৎকালে সকল শিরা ক্ষণে ক্ষণে আকুঞ্চন করিতে থাকে, এবং ক্ষণে ক্ষণে দেহমধ্যে বিচরণ করে। ক্ষণে ক্ষণে এইরূপ আক্ষেপ জন্মায় বলিয়া ইহাকে আক্ষেপক কহে। আক্ষেপক রোগে রোগীর মধ্যে মধ্যে ভূতলে পতন হইলে, তাহাকে অপতানক কহে। বায়ু কফ-সংযুক্ত হইয়া ধমনী মধ্যে অবস্থিতি করিলে, রোগী যদি দণ্ডের ন্যায় স্তব্ধভাবে থাকে, তাহাকে দণ্ডাপতানক কহে। ইহাতে হনুগ্রহ (চুয়াল ধরা) উপস্থিত হয়, তাহাতে রোগী কষ্টে ভোজন করে। রোগী যদি ধনুর ন্যায় নত হয়, তাহাকে ধনু-স্তম্ভ বলে। ধনুস্তম্ভ রোগে, অঙ্গুলি গুল্‌ফ জঠর হৃদয় বক্ষ ও গলদেশ, বায়ু এই সকল স্থান আশ্রয় করিয়া থাকে। সেই বায়ু যখন বেগবান্ হইয়া স্নায়ু সমূহের মধ্যে ক্ষেপণ করিতে থাকে (১), তৎকালে চক্ষু ও হনুদ্বয় স্তব্ধ হয়, পার্শ্বদ্বয় ভগ্ন হয় এবং মুখ হইতে কফ বা লালা স্রাব হয়। ধনুস্তম্ভ রোগে, রোগী যদি সম্মুখ দিকে নত হয়, তাহাকে অভ্যন্তরায়াম কহে। বায়ু যদি শরীরের বাহ্যদেশস্থ (পশ্চাদ্দেশস্থ) শিরা সকল আশ্রয় করে, তাহাতে শরীর বাহ্য দিগে (পশ্চাৎভাগে)

(১) 'স্নায়ু মধ্যে বায়ুর ক্ষেপণ,' ইহাতে এই বুঝায় যে, পুনঃ পুনঃ এবং শীঘ্র শীঘ্র স্নায়ু মধ্যে বায়ু প্রবেশ করে। ইহাকে দমকে দমকে প্রবেশ করাও বলা যায়।

নত হয়, তাহাকে বাহ্যায়াম বলে। ইহা অসাধ্য। ইহাতে বক্ষ কটি ও উরুদেশ ভঙ্গ হয়। বায়ু কুপিত হইয়া স্বয়ং থাকুক, বা পিত্ত বা কফের সহিত মিলিত হউক, এই তিন কারণেই আক্ষেপক রোগ উপস্থিত হয়। চতুর্থতঃ, অভিঘাত জন্যও (শরীরে আঘাত জন্য) হইয়া থাকে। গর্ভস্রাব প্রযুক্ত অতিশয় শোণিত-স্রাব হইলে, বা শরীরে কোনপ্রকার আঘাত লাগিলে যে অপতানক রোগ হয়, তাহা আরোগ্য হয় না। বায়ু অত্যর্থ কুপিত হইয়া, অধঃ ঊর্দ্ধ ও তির্য্যক্ গামিনী ধমনী মধ্যে প্রবেশ করিলে, এক দিকের অঙ্গের সন্ধি-বন্ধন বিশ্লিষ্ট করে। শরীরে এক পক্ষ (দিক্) নাশ হয় বলিয়া তাহাকে পক্ষাঘাত বলে। বায়ু কর্ত্তৃক পীড়িত হইয়া শরীরের সমস্ত বা অর্দ্ধ অঙ্গ অকর্ম্মণ্য ও নিস্পন্দ হইলে, রোগী তৎক্ষণাৎ ভূতলে পতিত হয় বা প্রাণত্যাগ করে। পক্ষাঘাত, কেবল বায়ু-জন্য হইলে অতি কষ্টে আরোগ্য হয়, সেই বায়ুর সহিত পিত্ত বা শ্লেষ্মা মিলিত থাকিলে সহজে আরোগ্য হয়, এবং শরীর ক্ষয় হওয়া প্রযুক্ত হইলে, আরোগ্য হয় না। বায়ু স্বস্থান হইতে কুপিত হইয়া মস্তক ও হৃদয়-দেশ আশ্রয় করিলে, শঙ্খদ্বয় (ললাটের অস্থি) পীড়িত হয়, অঙ্গ সমস্ত আক্ষেপ-যুক্ত ও নত হয়। চক্ষুদ্বয় নিমীলিত ও স্পন্দ-রহিত হয়, অথবা স্থির-দৃষ্টি হইয়া কূজন শব্দ (গোঁ গোঁ শব্দ) করে, উচ্ছ্বাস থাকে না, বা কষ্টে শ্বাস গ্রহণ করে, এবং চেতন-শূন্য হয়। পূর্ব্বোক্ত বায়ু ও কফের দ্বারা হৃদয়-দেশ আবৃত হইলে এইরূপ জ্ঞান শূন্য হয়, এবং মুক্ত হইলে সুস্থ হয়। ইহাকে অপতন্ত্রক রোগ কহে। বায়ু শ্লেষ্মা কর্ত্তৃক আবৃত হইলে, দিবা-স্বপ্ন ও অসম স্থানে (সম্মুখ নহে) বিকৃত বা ঊর্দ্ধ-দৃষ্টির দ্বারা মন্যাস্তম্ভ রোগ জন্মায়। গর্ভিণী নব-প্রসূতিকা বালক বৃদ্ধ এবং ক্ষীণ, ইহাদিগের শরীরের শোণিত ক্ষয় হইলে, উচ্চৈঃস্বরে কথা কহিলে, কঠিন দ্রব্য ভক্ষণ করিলে, হাস্য জৃম্ভন বা ভার বহন করিতে থাকিলে, বা বিপরীত ভাবে শয়ন করিলে, মস্তক

নাসা ওষ্ঠ চিবুক ললাট ও চক্ষু, এই সকলের সন্ধি-স্থানগত বায়ুর দ্বারা বক্ত্রদেশ পীড়িত হইয়া মুখের অর্দ্ধাংশ বক্র হয়; ও গ্রীবা অপবর্ত্তিত (বক্র) হয়, এবং শিরশ্চালন, বাক্যরোধ, নেত্রাদির বিকৃতি, ও যে পার্শ্ব বক্র হয় সেই পার্শ্বের গ্রীবা, চিবুক ও দন্তের বেদনা, রোম-হর্ষ, কম্প, আবিল দৃষ্টি, বায়ুর ঊর্দ্ধগতি, ত্বকের সুপ্ততা, তোদ, মন্যাগ্রহ (ঘাড় ফেরে না) ও হনুগ্রহ এই সকল উপসর্গ জন্মে। ইহাকে অর্দ্দিত বায়ুরোগ কহে। ক্ষীণ স্থিরদৃষ্টি প্রসক্ত বা অব্যক্তভাষী হইলে, তিন বৎসরের অধিক রোগ হইলে, বা রোগে কম্প হইলে, অর্দ্দিত রোগ আরোগ্য হয় না। অঙ্গুলির পার্ষ্ণিভাগ ও কণ্ডরা (প্রধান নাড়ী) বায়ু কর্ত্তৃক পীড়িত হইলে, ও উরু-দ্বয়ের সঞ্চালন-শক্তির হানি হইলে, তাহাকে গৃধ্রসী রোগ কহে। বাহুর পৃষ্ঠদেশ হইতে অঙ্গুলির তল ও কণ্ডরা বায়ু কর্ত্তৃক আহত হইলে বিশ্বাচী রোগ হয়। ইহাতে বাহুদ্বয়ের ক্রিয়া-শক্তির নাশ হয়। বাতরক্ত-জনিত জানু মধ্যে অতিশয় বেদনা-বিশিষ্ট, শৃগালের মস্তক সদৃশ, স্থূল যে শোফ জন্মে, তাহাকে ক্রোষ্টুক-শির কহে।

বায়ু কটিদেশে স্থিত হইয়া কোন উরুর কণ্ডরা আক্ষেপণ করিলে (টানিয়া ধরিলে) খঞ্জ হয়, এবং উরুদ্বয়ের ক্রিয়াশক্তি নাশ হইলে পঙ্গু হয়। পদ সঞ্চালন করিতে পা কম্পিত হইলে, তাহাকে কলায় খঞ্জ বলে। পাদ বিপরীত ভাবে ন্যস্ত হইলে যদি বায়ু কর্ত্তৃক পীড়িত হয়, তাহাকে বাত-কণ্টক কহে। ইহা খুড়ক দেশ আশ্রয় করিয়া থাকে। পিত্তরক্তের সহিত বায়ু মিলিত হইয়া যদি পাদদ্বয়ে বিশেষতঃ ভ্রমণ করিবার কালে দাহ জন্মায়, তাহাকে পাদদাহ বলে। পাদদ্বয় যদি নিস্পন্দ থাকিয়া হৃষ্ট হইতে থাকে (শিউরে শিউরে উঠে), তাহাকে পাদহর্ষ বলে। ইহা কফ-বাত-জন্য রোগ। স্কন্ধ-সন্ধি-স্থিত বায়ু স্কন্ধ-সন্ধির বন্ধন শোষণ করিয়া তত্রস্থ শিরা সকল আকুঞ্চন করে। ইহাকে অববাহ রোগ বলে। বায়ু স্বয়ং অথবা শ্লেষ্মার সহিত

মিশ্রিত হইয়া শব্দবাহী শিরা আবৃত করিয়া অবস্থিতি করিলে বধি-রতা জন্মে। বায়ু-কর্ত্তৃক হনু শঙ্খ মস্তক ও গ্রীবা-দেশ ভেদ হইয়াই যেন কর্ণে শূল (কট্‌কটানি) জন্মিতেছে, এইরূপ রোগ হইলে তাহাকে কর্ণশূল বলে। কফযুক্ত বায়ু শব্দবাহিনী ধমনী আবৃত করিয়া থাকিলে, রোগী অকর্ম্মণ্য মূক মিণ্মিন (খনা) বা গদ্গদভাষী হয় (স্পষ্ট কথা কহিতে পারে না)। মল ও মূত্রাশয় হইতে বেদনা উৎপন্ন হইয়া অধোভাগে মলদ্বার ও প্রস্রাবের দ্বার যেন ভেদ করিতে থাকিলে, তাহাকে তূণী রোগ বলে। মলদ্বার ও প্রস্রাবের দ্বার হইতে বেদনা উৎপত্তি হইয়া বেগে পক্বাশয়ে গমন করিলে তাহাকে প্রতি-তূণী কহে। বায়ু রুদ্ধ হইয়া শব্দ ও যাতনা সহকারে উদর শীঘ্র আধ্মাত করিলে আধ্মান রোগ কহে। পার্শ্ব ও হৃদয় দেশ হইতে

পূর্ব্বে বলা হইয়াছে যে, মস্তিষ্ক-সংলগ্না যে সকল ধমনী মেরুদণ্ড আশ্রয় করিয়া দেহে সংযোজিতা হইয়াছে, তাহার মধ্যে জ্ঞান-বাহিনী নাড়ী প্রধান। মস্তিষ্ক হইতে মেরুদণ্ডের অন্তভাগ অবধি, সেই নাড়ীর মধ্যে বায়ু ও অগ্নিময়ী তাড়িত-শক্তি নিয়তই আবাহিত ও প্রবাহিত হইতেছে। (বায়্বগ্নিময়ী সা দেবী কুণ্ডলী পরমা কলা ইতি রুদ্রযামলে।) সেই আবাহন ও প্রবাহণের প্রভাবে মেরু-দণ্ডের বহির্ভাগে অর্থাৎ যোনিমণ্ডলে, নাভির অধোভাগ হইতে অপান বায়ু আকৃষ্ট হয় এবং পুনরায় তথা হইতে নাভির অধোভাগ পর্য্যন্ত তাড়িত হয়। অর্থাৎ কুণ্ডলী শক্তির মস্তিষ্ক অভিমুখে আবাহন-কালে অপান বায়ু যোনিমণ্ডলে আকৃষ্ট হয়, এবং মস্তিষ্ক হইতে প্রবাহণ-কালে অপান বায়ু যোনিমণ্ডল হইতে নাভির অধোভাগ পর্য্যন্ত তাড়িত হয়। অপান বায়ুর সেই আকর্ষণ ও তাড়নের দ্বারা প্রাণ বায়ু আকৃষ্ট ও তাড়িত হয়। তাহাতেই শ্বাস প্রশ্বাস জন্মে। শ্বাসোচ্ছ্বাসবিভঞ্জনেন জগতাং জীবো যয়া ধার্য্যতে, সা মূলাম্বুজগহ্বরে বিলসতী প্রোদ্দামদীপ্ত াবলিঃ ইতি ষট্‌-চক্রনিরূপণম্‌। সেই শ্বাস প্রশ্বাস দেহস্থ বায়ুর মূল। নাভিমণ্ডলে প্রাণ ও অপান উভয় বায়ুর কার্য্যের দ্বারা উভয়ের বেগের সাম্যভাব হয়। তাহাতে সেই স্থানে সমান বায়ু অবস্থিতি করিয়া জঠরাগ্নিকে রক্ষা করে। এই আকর্ষণের ও তাড়নের দ্বারা দৈহিক সমস্ত যন্ত্র সঞ্চালিত হয়। এবং সর্ব্ব শরীরে তাড়িত-শক্তি-বিশিষ্ট বায়ু সঞ্চরণ করে।

নিঃসৃত হইয়া, আমাশয়ে আধ্মান রোগ জন্মাইলে তাহাকে প্রত্যাধ্মান রোগ বলে। বায়ু কফ কর্ত্তৃক আকুলিত হইলে এই রোগ জন্মে। অষ্ঠিলার ন্যায় ঘন গ্রন্থি ঊর্দ্ধদিকে আয়ত ও উন্নতভাবে জন্মিলে, তাহাকে বাতাষ্ঠিলা কহে। ইহার দ্বারা দেহের বাহ্য পথ রুদ্ধ হয়। বেদনাযুক্ত, এবং বায়ু মল ও মূত্র রোধকারী, পূর্ব্বোক্ত ঘন গ্রন্থির আকারে জঠরে তির্য্যকৃভাবে উত্থিত হইলে প্রত্যষ্ঠিলা বলে।

সুশ্রুত।

দ্বিতীয় অধ্যায়।

অর্শের নিদান।

অর্শ ছয়প্রকার। বাত পিত্ত কফ শোণিত সন্নিপাত এবং সহজ, এই ছয়টী তাহার কারণ। অহিতাচারী ব্যক্তির বিরুদ্ধ আহার আসন পৃষ্ঠ-যান বেগ-ধারণ প্রভৃতি কারণের দ্বারা দোষ কুপিত হইয়া, পৃথক্‌রূপে অথবা দুইটী বা সমস্ত বা শোণিতের সহিত মিলিত হইয়া, প্রসরণপূর্ব্বক প্রধান ধমনীর মধ্যে প্রবেশ করে। সেই ধমনীর দ্বারা অধোভাগে গুহ্যদেশে আগমনপূর্ব্বক সকল বলি দূষিত করিয়া মাংসাঙ্কুর জন্মায়। মন্দাগ্নি ব্যক্তিরই এই রোগটী বিশেষরূপে ঘটিয়া থাকে। তৃণ কাষ্ঠ উপল লোষ্ট্র বস্ত্রাদি অথবা শীতল জল সংস্পর্শের দ্বারা সেই মাংসকন্দ বৃদ্ধি প্রাপ্ত হয়, তাহাকেই অর্শঃ কহে। গুহ্যদেশ পঞ্চাঙ্গুল আয়ত। তাহাতে স্থূল অন্ত্র সন্নিবিষ্ট আছে (১)। সেই সকল অন্ত্র-সংলগ্ন পঞ্চাঙ্গুল-পরিমিত স্থানকে গুহ্যদেশ কহে। গুহ্যদেশের অর্দ্ধাঙ্গুল অপেক্ষা কিঞ্চিৎ অধিক অন্তরে প্রবাহণী বিসর্জ্জনী ও সংবরণী নামে তিনটী বলি আছে। সেই বলি-ত্রয় চারি অঙ্গুলি আয়ত, তির্য্যক্‌ভাবে স্থিত ও উর্দ্ধে এক অঙ্গুলি, শঙ্খাবর্ত্তের ন্যায় বলয়াকারে জড়িত হইয়া উপর্য্যুপরি সংস্থিত আছে (২)। তাহাদের বর্ণ হস্তীর তালুর ন্যায়। গুহ্যদেশ-জাত রোমের অন্তভাগ হইতে যবের অর্দ্ধভাগ পরিমিত স্থানকে গুদৌষ্ঠ কহে।

প্রথম বলির স্থান গুদৌষ্ঠ হইতে দুই অঙ্গুল পরিমিত। বলি জন্মিবার পূর্ব্বে অন্নে অশ্রদ্ধা, কষ্টে পরিপাক, অম্লীকা, উরুদ্বয়ের ভার;

---

(১) মলাশয় হইতে মলদ্বার পর্য্যন্ত মল-নিঃসরণের প্রণালীকে স্থূল অন্ত্র বলে।

(২) সেই স্থূল অন্ত্রিতে বলয়াকারে তিনটী পাক আছে। এক একটী পাকের বেধ এক অঙ্গুলি; সেই তিনটী পাক উর্দ্ধে পাঁচ অঙ্গুলি।

উদরে শব্দ, কৃশতা, অতিশয় উদ্গার, চক্ষুদ্বয়ের ফুলা, অন্ত্র-কূজন, ও গুহ্যদেশ পরিকর্ত্তিত হইবার আশঙ্কা, এই সকল লক্ষণ ঘটে। পাণ্ডু, গ্রহণী অথবা শোষ রোগীর বলি জন্মিবার সম্ভাবনা হইলে, কাস শ্বাস ভ্রম তন্দ্রা নিদ্রা ও ইন্দ্রিয়ের দৌর্ব্বল্য ঘটে। এই সকল লক্ষণ জন্মিলে বলি প্রকাশ পায়।

বায়ু-জনিত বলি, শুষ্ক অরুণ বর্ণ, মধ্যস্থলে বিষম, ও কদম্ব-পুষ্প তুণ্ডিকেরী নাড়ীমুখ বা সূচীমুখের ন্যায় তাহার আকৃতি হইয়া থাকে। বায়ু-জন্য বলি হইলে অতিশয় টন্ টন্ করে, রোগী সংহত-ভাবে (জড় সড় হইয়া) উপবেশন করে, কটি পৃষ্ঠ পার্শ্ব মেঢ্র গুহ্য ও নাভি প্রদেশে বেদনা জন্মে, অর্শ জন্য গুল্ম অষ্ঠিলা বা প্লীহা জন্মে, নখ চক্ষু দন্ত মুখ মূত্র ও পুরীষ কৃষ্ণবর্ণ হয়।

পিত্ত-জন্য বলির অগ্রভাগ নীল এবং সূক্ষ্ম। তাহা বিসর্পী (ক্রমে ক্রমে বিস্তীর্ণ হওয়া), ঈষৎ পীতবর্ণ বা যকৃতের ন্যায় আভা বিশিষ্ট, শুক পক্ষীর জিহ্বার ন্যায় সংস্থিত, যবের মধ্যভাগের ন্যায় আকৃতি-বিশিষ্ট, ও জলৌকার মুখের ন্যায় সর্ব্বদা ক্লেদযুক্ত। পিত্তজন্য বলি জন্মিলে দাহযুক্ত রুধির নিঃসৃত হয়, জ্বর দাহ পিপাসা ও মূর্চ্ছা প্রভৃতি উপদ্রব হয়, এবং নখ নয়ন দশন বদন মূত্র ও পুরীষ পীতবর্ণ হয়।

শ্লেষ্মা-জন্য বলি, শ্বেতবর্ণ, মহামূল-বিশিষ্ট, দৃঢ়, গোলাকার, স্নিগ্ধ (চক্চকে) পাণ্ডুবর্ণ, ও করীর পনসাস্থি (কাঁটাল-আটী) বা গোরুর স্তনের ন্যায় আকার বিশিষ্ট, কঠিন, আস্রাবহীন (পূযাদি নিঃসৃত হয় না) ও অতিশয় কণ্ডু বিশিষ্ট। ইহাতে শ্লেষ্মাযুক্ত ও পরিমাণে অতিরিক্ত মাংস-ধৌত জলের ন্যায় মল নিসৃত হয়, এবং ত্বক্ নখ নয়ন দশন বদন মূত্র ও পুরীষ শ্বেতবর্ণ হয়।

রক্ত-জন্য বলি, বটের অঙ্কুর বিদ্রুম বা কাকানন্তিকা ফলের ন্যায়, এবং পিত্ত-জন্য বলির সকল লক্ষণবিশিষ্ট। ইহাতে মল কঠিন হইলে দুষ্ট শোণিত অধিক পরিমাণে হঠাৎ নিঃসৃত হইয়া থাকে। অতিশয়

শোণিত-নিঃসরণ হইলে শোণিতের অভিযোগ জন্য (যতই নিঃসরণ হয় ততই সঞ্চয় হওয়া-জন্য) নানাপ্রকার উপদ্রব জন্মে। বলি সান্নিপাতিক হইলে, সকল দোষ ও সকলপ্রকার লক্ষণ বিশিষ্ট হইয়া থাকে।

সহজ অর্শ-রোগ, পিতা মাতার দূষিত শোণিত শুক্রের দ্বারা জন্মে। সহজ রোগে দোষ অনুসারে চিকিৎসা করা কর্ত্তব্য। এই রোগে দুর্দর্শন পরুষ পাণ্ডুবর্ণ কঠিন ও অন্তর্মুখ বলি জন্মে। ইহাতে রোগী কৃশ ও অল্পাহারী হয়, ও তাহার শরীরের শিরা সমস্ত দৃশ্য হয়, সন্তান অধিক জন্মে না, রেত ও স্বর ক্ষীণ হয়, স্বভাব ক্রোধশীল হয়, অগ্নি মন্দ হয়, শিরো নাসিকা চক্ষু কর্ণে রোগ জন্মে, এবং সর্ব্বদা অন্ত্র-কূজন উদরের শব্দ হৃদয়ের উপলেপ (শ্লেষ্মার দ্বারা) ও অরুচি প্রভৃতি পীড়া উপস্থিত হয়।

মলদ্বারের বাহ্য-দেশে ও মধ্য-ভাগে বলি হইলে বৈদ্য চিকিৎসা করিবে; অন্তর্বলি হইলে রোগীকে প্রত্যাখ্যান পূর্ব্বক চিকিৎসা করিবে।

দোষ কুপিত হইয়া মেঢ়্র-দেশ আশ্রয় পূর্ব্বক মাংস ও শোণিত দূষিত করিয়া বঙ্ক্ষণের অভ্যন্তরে বা উপরিভাগে কণ্ডূ জন্মায়, পরে কণ্ডূয়ন দ্বারা ক্ষত হইয়া সেই দূষিত মাংসে পিচ্ছিল রুধিরস্রাবী অঙ্কুর জন্মে। তদ্দ্বারা পুরুষত্ব নাশ হয়। সেই কুপিত দোষ যোনি-দেশ আশ্রয় করিলে, সুকুমার দুর্গন্ধ পিচ্ছিল রুধিরস্রাবী ছত্রাকার অঙ্কুর সমস্ত জন্মায়। কুপিত দোষ উর্দ্ধগত হইলে, কর্ণ চক্ষু নাসিকা ও মুখে অর্শঃ রোগ জন্মায়। এই রোগ কর্ণে জন্মিলে, বধির হয়, কর্ণশূল হয় ও কর্ণে পূয জন্মে। নেত্রে জন্মিলে, বর্ত্মের বেদনা, আস্রাব ও দৃষ্টিনাশ হইয়া থাকে। নাসিকাতে জন্মিলে, প্রতিশ্যায়, অতিমাত্র ক্ষবথু (হাঁচি), কাস শ্বাস গ্রহণী, নাসিকাতে দুর্গন্ধি, সানুনাসিক বাক্য ও শিরঃপীড়া, এই সকল উপদ্রব ঘটে। বক্ত্র-দেশে কণ্ঠ ওষ্ঠ তালু

প্রভৃতির মধ্যে কোন স্থান আশ্রয় করিলে, বাক্যের জড়তা, রস-জ্ঞানের অভাব এবং মুখ-রোগ জন্মিয়া থাকে। ব্যান বায়ু কুপিত হইয়া শ্লেষ্মাকে গ্রহণপূর্ব্বক দেহের বহির্ভাগে দৃঢ় কীলকের ন্যায় যে অর্শ-রোগ জন্মায়, তাহাকে চর্ম্মকীলক অর্শ কহে।

সেই সকল কীলক, বায়ুকর্ত্তৃক তোদ-বিশিষ্ট হয়, শ্লেষ্মাকর্ত্তৃক ত্বকের ন্যায় বর্ণ-বিশিষ্ট ও গ্রন্থি-সদৃশ হয়, এবং পিত্ত-শোণিত-কর্ত্তৃক রুক্ষ, কৃষ্ণ বা শুক্ল বর্ণ ও খরস্পর্শ হইয়া থাকে। সামান্যতঃ সংক্ষেপে যে সকল অর্শের লক্ষণ বলা হইল, চিকিৎসা করিতে হইলে অগ্রে সেই সকল লক্ষণ নির্ণয় করা কর্ত্তব্য। অর্শে দুই দোষের লক্ষণ দৃষ্ট হইলে সংসর্গিক বলিয়া জানিবে। সংসর্গিক অর্শ-রোগ ছয়-প্রকার। ত্রিদোষের জন্য অল্প-লক্ষণ-বিশিষ্ট অর্শ-রোগ হইলে যাপ্য বলিয়া নির্ণয় করা যায়। দ্বিতীয় বলির স্থানে যে সকল দ্বন্দ্বজ অর্শ-রোগ হয়, অথবা যে সকল রোগ সংবৎসরের অধিক কাল জন্মিয়া থাকে, সে সকল রোগ কষ্ট-সাধ্য। সান্নিপাতিক বা সহজ রোগ হইলে রোগীকে পরিত্যাগ করিবে। অর্শের দ্বারা সকল বলির স্থানই দূষিত হইলে, অপান বায়ু কুপিত হইয়া ও ব্যানের সহিত মিলিত হইয়া দেহের প্রভা নাশ করে।

তৃতীয় অধ্যায়।

অশ্মরী-রোগের নিদান।

অশ্মরী চারিপ্রকার। শ্লেষ্মাই তাহাদিগের আধার। শ্লেষ্মা-কর্ত্তৃক, বায়ু-কর্ত্তৃক, পিত্ত-কর্ত্তৃক এবং শুক্র-কর্ত্তৃক অশ্মরী জন্মে। অসংশোধন-শীল ও অপথ্যকারী ব্যক্তির শ্লেষ্মা কুপিত হইয়া বস্তিদেশে প্রবেশ পূর্ব্বক অশ্মরী জন্মায়। ইহার পূর্ব্ব লক্ষণ—বস্তিদেশে পীড়া, অরুচি, মূত্রকৃচ্ছ্র, বস্তি শির মুষ্ক ও উপস্থে বেদনা, জ্বর, দেহের অবসন্নতা, ও মূত্রে ছাগলের ন্যায় (বোট্‌কা) গন্ধ। অশ্মরী রোগের পূর্ব্ব লক্ষণ

হইলে, কারণ-ভেদে বেদনা ও মূত্রের বর্ণ-দোষ গাঢ়তা ও আবিলতা হইয়া থাকে, ও তাহা কষ্টে নিঃসরণ হয়। রোগ উপস্থিত হইলে মেহন-কালে (প্রস্রাব-নিঃসরণ) নাভি বস্তি সেবনী ও উপস্থ, ইহা-দিগের মধ্যে কোন স্থানে বেদনা হয়, এবং গোমেদের ন্যায় বর্ণ-বিশিষ্ট, আবিল সিকতা-যুক্ত ও রুধির-মিশ্রিত মূত্র, ধারাশূন্য হইয়া বিকীর্ণ-ভাবে নিঃসরণ হয়, এবং ধাবন লম্ফন সন্তরণ অশ্বাদির পৃষ্ঠে গমন বা পথশ্রমের দ্বারা বেদনা জন্মে। শ্লেষ্মা-জন্য অশ্মরী, শ্লেষ্মল অন্ন অত্যর্থ সেবনের দ্বারা বর্দ্ধিত হইয়া, অধোভাগে বস্তিমুখে অবস্থান পূর্ব্বক স্রোত-মার্গ রোধ করে। তদ্দ্বারা মূত্র প্রতিহত হইয়া ভেদকরণ বা সূচির দ্বারা বিদ্ধ করণের ন্যায় পীড়া জন্মায়, এবং বস্তি-দেশ গুরু ও শীতল হইয়া থাকে। শ্লেষ্মাশ্মরী, শ্বেত স্নিগ্ধ বৃহৎ কুক্কুটাণ্ড বা মধূক পুষ্পের ন্যায় বর্ণবিশিষ্ট।

শ্লেষ্মা পিত্ত-যুক্ত হইলে সংহত ও পূর্ব্বোক্তরূপে বৃদ্ধি প্রাপ্ত হইয়া বস্তি মুখে অধিষ্ঠান পূর্ব্বক স্রোত-মার্গ রোধ করে। তাহাতে মূত্র প্রতিহত হইয়া উষ্ণতা চোষ দাহ এবং পাক হইবার ন্যায় যন্ত্রণা হয়, ও বস্তি-দেশ উষ্ণ ও বায়ু-যুক্ত হয়। পিত্তাশ্মরী, রক্ত-যুক্ত, পীতের আভা-বিশিষ্ট, ভল্লাতকের অস্থি-সদৃশ, কৃষ্ণ বা মধুর ন্যায় বর্ণ-বিশিষ্ট হইয়া থাকে।

বায়ু-যুক্ত শ্লেষ্মা, সংহত ও পূর্ব্বোক্তরূপে বৃদ্ধি প্রাপ্ত হইয়া বস্তি মুখে অধিষ্ঠানপূর্ব্বক নাড়ী-পথ রোধ করে। তাহাতে তীব্র বেদনা জন্মে। বেদনায় অত্যর্থ পীড়িত হইলে, রোগী দন্তের দ্বারা দন্ত পেষণ করে, নাভি ও মেঢ্র-দেশ মর্দ্দন করিতে থাকে, মলদ্বার স্পর্শ করিতে থাকে ও শীর্ণ হয়। বায়ু-জন্য অশ্মরী, শ্যামবর্ণ পরুষ খর-স্পর্শ বিষম ও কদম্ব-পুষ্পের ন্যায় কণ্টকযুক্ত।

দিবাস্বপ্ন, অসম বা অতিরিক্ত আহারে এবং শীতল স্নিগ্ধ ও মধুর পাকের দ্রব্য আহারে প্রিয় বলিয়া এই তিনপ্রকার অশ্মরী বাল-

কেরই বিশেষতঃ জন্মিয়া থাকে। তাহাদিগের শরীর ও বস্তি-দেশের পরিমাণ অল্প, ও শরীরে মাংস বৃদ্ধি না হওয়া প্রযুক্ত অশ্মরীটী বস্তি-দেশ হইতে অনায়াসে বাহির করা যায়। বয়ঃস্থ লোকের শুক্র-জন্য শুক্রাশ্মরী জন্মিয়া থাকে। মৈথুনের অভিঘাতে বা অতিরিক্ত মৈথুনের দ্বারা চলিত শুক্র নিঃসৃত না হইয়া অন্য পথে গমন করে। পরে বায়ু কর্ত্তৃক সেই শুক্র সেই সকল স্থান হইতে সংগৃহীত হইয়া মেঢ্র এবং মুষ্কের দ্বার-মধ্যে সঞ্চিত ও শুষ্ক হয়। তদ্দ্বারা মূত্র-মার্গ আবৃত হইয়া মূত্র-কৃচ্ছ্র বস্তি-বেদনা ও মুষ্ক-দ্বয়ের শ্বয়থু হয়। সেই স্থান পীড়ন করিলে (টিপিলে) অশ্মরী বিলয় হয় (মিলিয়া যায়)।

শর্করা সিকতা ও ভস্মনামক মেহ, অশ্মরীর বিকৃতি মাত্র। শর্করা-রোগেরও অশ্মরীর ন্যায় লক্ষণ ও যাতনা জানিবে। বিশেষ এই, যে শর্করা বায়ুর গুণের দ্বারা অল্প হয় ও নিঃসরণ হয়। বায়ু কর্ত্তৃক ভিন্ন-মূর্ত্তি হইয়াই কেবল শর্করা নাম প্রাপ্ত হয়। হৃৎপীড়া, উরু-দ্বয়ের অবসন্নতা, কুক্ষি-শূল, বেপথু, তৃষ্ণা, বায়ুর ঊর্দ্ধ-গতি, শরীরের কৃষ্ণত্ব দৌর্ব্বল্য ও পাণ্ডুতা, অরুচি ও অপাক, শর্করা-রোগে এই সকল উপদ্রব জন্মে। সেই শর্করা মূত্রনাড়ীর মধ্যে প্রবিষ্ট হইয়া সঞ্চিত হইলে, দৌর্ব্বল্য সদন কৃশতা কুক্ষি-শূল অরুচি পাণ্ডুত্ব বায়ুর উষ্ণতা তৃষ্ণা হৃৎপীড়া ও বমি, এই সকল উপদ্রব জন্মে। নাভি পৃষ্ঠ কটি মুষ্ক উদর বঙ্ক্ষণ এবং উপস্থ, শরীরের এই সমস্ত অংশই এক দ্বারে (এক অন্ত্রিতে) সংলগ্ন। তাহার মধ্যস্থলে বস্তি অধোমুখে স্থিত। সেই দ্বার বা অন্ত্রি অলাবুর আকারে স্থিত (১), এবং সমস্ত শিরা বা স্নায়ু তাহাতে মিলিত। বস্তি, বস্তির শিরা সমস্ত, উপস্থ মুষ্কদ্বয় ও মলদ্বার, ইহাদিগের সকলেরই মলদ্বারস্থ অস্থি-বিবরের সহিত সংযোগ থাকায়, পরস্পর একত্র সংবদ্ধ বলা যায়। মূত্রাধার ও মলাশয় প্রাণের

(১) আমাশয় হইতে মলদ্বার পর্য্যন্ত অধোভাগে ক্রমশঃ এই অন্ত্রি অলাবুর আকারে অবস্থিত।

আশ্রয়-স্থান। নদী যেরূপে সাগরাভিমুখে জল বহন করে, পক্কাশয়-গত মূত্রবহা নাড়ী সকলও সেইরূপ বস্তিমধ্যে মূত্র বহন করে। যে সকল নাড়ী আমাশয়ের মধ্য হইতে মূত্র বহন করে, অতি-শয় সূক্ষ্মতা প্রযুক্ত তাহাদিগের মুখ উপলব্ধি হয় না। জাগ্রৎ বা স্বপ্নাবস্থায় মূত্র ক্ষরিত হইয়া মূত্রাশয় পরিপূর্ণ করে। যেমন নূতন ঘটের মুখ পর্য্যন্ত সলিল ন্যস্ত হইলে পুনর্ব্বার পার্শ্বস্থ নাড়ীর দ্বারা পূরিত হয়, সেইরূপ বস্তিদেশ মূত্রের দ্বারা পূর্ণ হয়। এইপ্রকার বাত পিত্ত বা কফ, স্নেহ-সদৃশ পদার্থ প্রযুক্ত মূত্রের সহিত মিলিত হইয়া বস্তি-মধ্যে প্রবেশপূর্ব্বক অশ্মরী জন্মায়। যেমন নূতন কল-সীতে নির্ম্মল জল রাখিলেও কালে তাহার তলে পঙ্ক সঞ্চিত হয়, সেইরূপে বস্তি-মধ্যে অশ্মরী জন্মে। যেমন আকাশীয় বায়ু অগ্নি ও বৈদ্যুতী শক্তির দ্বারা জল সংহত হইয়া হিমানী-খণ্ড জন্মায়, সেইরূপ বস্তির মধ্যস্থিত শ্লেষ্মা, বায়ু ও উষ্ণতার দ্বারা সংহত হইয়া অশ্মরী জন্মায়। বায়ুর সরলতার দ্বারা বস্তিদেশে মূত্র সঞ্চারিত হয়। তাহার বিপরীত হইলে নানাপ্রকার বিকার উপস্থিত হয়। মূত্রাঘাত প্রমেহ শুক্রদোষ ও মূত্রদোষ প্রভৃতি যে কিছু রোগ বস্তিদেশেই জন্মে।

চতুর্থ অধ্যায়।

ভগন্দর-নিদান।

বাত পিত্ত শ্লেষ্মা সন্নিপাত এবং আগন্তু এই পঞ্চ কারণে, শত-পোনক উষ্ট্রগ্রীব পরিস্রাবী শম্বুকাবর্ত্ত ও উন্মার্গী, এই পঞ্চপ্রকার ভগন্দর জন্মে। ভগ মলদ্বার ও বস্তিদেশ বিদীর্ণ করে বলিয়া ইহা-দিগকে ভগন্দর কহে। না পাকিলে পীড়কা ও পাকিয়া উঠিলে ভগন্দর বলা যায়। কটি ও কপাল দেশে (মস্তকের উপরিভাগে) বেদনা এবং মলদ্বারের কণ্ডু দাহ ও শোফ, এইগুলি ভগন্দরের পূর্ব্ব লক্ষণ।

অপথ্য-সেবনশীল ব্যক্তির বায়ু কুপিত হইয়াও স্থিরভাবে থাকিয়া (অর্থাৎ ঊর্দ্ধগামী না হয়), মলদ্বারের চতুর্দ্দিকে এক অঙ্গুলি বা দুই অঙ্গুলি পরিমিত স্থানের মাংস ও শোণিত দূষিত করিয়া রক্তবর্ণ পীড়কা জন্মায়। তদ্দ্বারা মলদ্বারে তোদ প্রভৃতি যাতনা হয়, এবং প্রতীকার না করিলে পাকিয়া উঠে। মূত্রাশয়ের সহিত সংযোগ থাকায় ব্রণ ক্লেদযুক্ত হয়, এবং শতপোনকের ন্যায় সূক্ষ্ম সূক্ষ্ম ছিদ্রের দ্বারা ব্রণ ক্লেদ-পূর্ণ হয়। সেই সকল ছিদ্র হইতে ফেনাযুক্ত আস্রাব অজস্র নিঃসরণ হইতে থাকে। ব্রণেও তাড়িত হওনের ন্যায় ও ছিন্ন ভিন্ন বা সূচির দ্বারা বিদ্ধ হওনের ন্যায় যাতনা জন্মে, মল-দ্বারও বিদীর্ণ হয়, এবং সেই সকল ছিদ্র হইতে বাত মূত্র পুরীষ ও রেতঃ নিঃসৃত হয়। ইহাকে শতপোনক ভগন্দর কহে।

পিত্ত কুপিত ও বায়ুকর্ত্তৃক অধোভাগে সঞ্চালিত হইয়া, পূর্ব্বের ন্যায় মলদ্বারে অবস্থিত হইয়া রক্ত-বর্ণ সূক্ষ্ম উন্নত উষ্ট্রগ্রীবা-সদৃশ পীড়কা জন্মায়। তাহাতে উষ্ণতা দাহ প্রভৃতি যাতনা হয় ও প্রতীকার না করিলে পাকিয়া উঠে। ব্রণেও অগ্নি ও ক্ষারের দ্বারা দগ্ধ হওনের দাহ জন্মে। এবং উষ্ণ ও দুর্গন্ধ আস্রাব নিঃসরণ হয়। এ অবস্থায় উপেক্ষিত হইলে তাহা হইতে বাত মূত্র পুরীষ ও রেতঃ নিঃসরণ হয়। ইহাকে উষ্ট্রগ্রীব ভগন্দর কহে।

শ্লেষ্মা কুপিত ও বায়ুকর্ত্তৃক অধোভাগে সঞ্চালিত হইয়া, পূর্ব্ববৎ গুহ্যদেশে অবস্থানপূর্ব্বক শুক্লবর্ণ স্থির কণ্ডূ-যুক্ত পীড়কা জন্মায়। তাহাতে কণ্ডূ প্রভৃতি উপদ্রব হয়, প্রতীকার না করিলে পাকিয়া উঠে, ব্রণও কঠিন সংরম্ভী ও কণ্ডূবিশিষ্ট হয়, ও তাহা হইতে পিচ্ছিল আস্রাব অজস্র নিঃসরণ হইতে থাকে। এ অবস্থায় উপেক্ষিত হইলে, ব্রণ হইতে বাত মূত্র পুরীষ ও রেতঃ নিঃসরণ হইতে থাকে। ইহাকে পরিস্রাবী ভগন্দর কহে।

বায়ু কুপিত হইয়া কুপিত পিত্ত ও শ্লেষ্মা গ্রহণ পূর্ব্বক অধোভাগে

গমন করে। তথায় পূর্ব্ববৎ অবস্থিতি করিয়া পাদাঙ্গুষ্ঠ-পরিমিত ও সকলপ্রকার লক্ষণ-বিশিষ্ট পীড়কা জন্মায়। তাহাতে তোদ দাহ কণ্ডু প্রভৃতি বেদনা বিশেষ হয়, প্রতীকার না করিলে পাকিয়া উঠে ও ব্রণ হইতে নানা বর্ণের আস্রাব নিঃসরণ হয়। পূর্ণ নদীর আবর্ত্তের ন্যায় ইহার অপকার। ইহাতে বেদনা বিশেষ জন্মে। ইহাকে শম্বূকাবর্ত্ত ভগন্দর কহে।

মূঢ় মাংসলুব্ধ ব্যক্তি অন্নের সহিত যে অস্থি-শল্য ভোজন করে, তাহা অবগাঢ় মলের সহিত মিশ্রিত হয়, ও অপান বায়ু কর্ত্তৃক অধোভাগে সঞ্চালিত হইয়া নির্গমন-কালে তাহার দ্বারা মলদ্বার ক্ষত হয়। সেই ক্ষত-জন্য কোথ জন্মে। আর্দ্র ভূমিতে যেরূপ কৃমি জন্মে, পূয়-রক্ত-অবকীর্ণ সেই মাংস-কোথে সেইরূপ কৃমি জন্মে। সেই সকল কৃমি কর্ত্তৃক মলদ্বারের সকল পার্শ্ব ভক্ষিত হইয়া বিদীর্ণ হয়। সেই সকল কৃমিকৃত ছিদ্র হইতে বাত মূত্র পুরীষ ও রেতঃ নিঃসরণ হয়। ইহাকে উন্মার্গী ভগন্দর কহে। বায়ু-নির্গমন-স্থানে যে সকল অল্প উপদ্রব ও শোফ-বিশিষ্ট রোগ জন্মিয়া শীঘ্র নিবৃত্তি হয়, তাহাদিগকে পীড়কা বলে। পীড়কা ভগন্দর হইতে ভিন্ন। যে পীড়কাতে ভগন্দর জন্মে, তাহা ইহার বিপরীত। যে পীড়কায় ভগন্দর হয়, তাহা পায়ুর দুই অঙ্গুলি পরিমিত স্থানে জন্মে, এবং গূঢ়মূল ও বেদনা এবং জ্বর বিশিষ্ট হইয়া থাকে। যানে গমন বা মল-ত্যাগ করিলে, পায়ুদেশে কণ্ডূ বেদনা দাহ ও শোফ হওয়া, ও কটিতে বেদনা হওয়া ভগন্দরের পূর্ব্ব লক্ষণ। সকলপ্রকার ভগন্দরই ঘোর দুঃখের কারণ। তাহাদিগের মধ্যে ত্রিদোষ-জন্য ও ক্ষত-জন্য ভগন্দর অসাধ্য।

পঞ্চম অধ্যায়।

কুষ্ঠ-নিদান।

মিথ্যা আহার বা আচরণ (১) করিলে, বিশেষতঃ গুরুপাক বিরুদ্ধ অসাত্ম্য (২) বা অজীর্ণ-জনক দ্রব্য আহার করিলে, গ্রাম্য অনূপ বা জল-জাত জন্তুর মাংস দুগ্ধের সহিত সর্ব্বদা ভোজন করিলে, বা যে জল উষ্ণতার দ্বারা তাপিত তাহাতে অবগাহন করিলে, অথবা বমন-কালে কোনরূপ বাধা-প্রযুক্ত বমন না হইতে পাইলে, বায়ু বৃদ্ধি হইয়া ও কুপিত পিত্ত-শ্লেষ্মার সহিত মিলিত হইয়া, তির্য্যক্‌গামিনী সকল সিরা-মধ্যে প্রবেশ পূর্ব্বক শরীরের বাহ্য প্রদেশে চতুর্দ্দিকে বিক্ষিপ্ত হয়। যে যে স্থানে দোষ বিক্ষিপ্ত হয়, সেই সেই স্থানে ত্বকের উপরিভাগে মণ্ডলাকার হইয়া ক্রমশঃ দোষ বৃদ্ধি হয়, প্রতীকার না করিলে অভ্যন্তরস্থ সকল ধাতু ক্রমশঃ দূষিত হইতে থাকে। ত্বকের পারুষ্য ভাব, অকস্মাৎ রোম-হর্ষ, কণ্ডূ, অতিশয় স্বেদ-নিঃসরণ বা এক-কালীন স্বেদের অভাব, নিঃসৃত রক্তের কৃষ্ণবর্ণতা ও ত্বকের ম্লানতা, পূর্ব্ব এই সকল লক্ষণ হয়।

কুষ্ঠ অষ্টাদশপ্রকার। তাহার মধ্যে মহাকুষ্ঠ সপ্তপ্রকার, এবং ক্ষুদ্র কুষ্ঠ একাদশপ্রকার। অরুণ ঔডুম্বর ঋষ্যজিহ্ব কপালক কাকণক পুণ্ডরীক ও দদ্রুকুষ্ঠ, এই সপ্তপ্রকার মহাকুষ্ঠ। স্থূলারুষ্ক (আয়তব্রণ), মহাকুষ্ঠ, এককুষ্ঠ, চর্ম্মদল, বিসর্প, পরিসর্প, সিধ্ম, বিচর্চ্চিকা, কিটিম, পামা, রসকা, এই একাদশপ্রকার ক্ষুদ্র কুষ্ঠ।

সকলপ্রকার কুষ্ঠই বাত পিত্ত শ্লেষ্মা এবং কৃমি বিশিষ্ট।

তাহার মধ্যে বায়ু কর্ত্তৃক অরুণ, পিত্ত-কর্ত্তৃক ঔডুম্বর, ঋষ্যজিহ্ব, কপালক কাকণক, এবং শ্লেষ্মা-কর্ত্তৃক পৌণ্ডরীক ও দদ্রু-কুষ্ঠ জন্মে।

(১) নিষ্প্রয়োজনে আহার বিহার নিদ্রা প্রভৃতি কার্য্যকে মিথ্যা আহার বিহার বলা যায়।

(২) প্রকৃতির বিপরীত।

নবম অধ্যায়।

বিদ্রধি-নিদান।

দেবগণের গুরু শ্রীমান্ নিদান-তত্ত্ববিৎ কাশীপতি ধন্বন্তরি বিবিধ-প্রকার বিদ্রধির লক্ষণ শিষ্যকে উপদেশ করিয়াছেন। দোষ সমূহ ত্বক্, রক্ত, মাংস ও মেদ দূষিত করিয়া অস্থিদেশ আশ্রয় করিলে, ক্রমে ক্রমে ঘোরতর উন্নত শোফ হয়। সেই শোফ মহামূল যন্ত্রণা-বিশিষ্ট বৃত্তাকার (গোল) অথবা আয়ত হইয়া থাকে। পণ্ডিতেরা তাহাকেই বিদ্রধি কহেন। বিদ্রধি ছয়প্রকার। ভিন্ন ভিন্ন দোষের দ্বারা, অথবা সমস্ত দোষের সন্নিপাতের দ্বারা, অথবা শোণিত-ক্ষয়ের দ্বারা, এই ছয় প্রকার বিদ্রধি হয়। তাহাদিগের লক্ষণ বলা যাইতেছে। কৃষ্ণ বা অরুণ বর্ণ, পারুষ্য, অত্যর্থ বেদনা, বিবিধ আকারে উত্থিত হওয়া ও পাকিয়া উঠা, এইগুলি বায়ু-জন্য বিদ্রধির লক্ষণ। শ্যাব বা পক্ক ডুম্বুরের ন্যায় বর্ণ, জ্বর ও দাহ, শীঘ্র উত্থান ও পাক, এইগুলি পিত্তজন্য বিদ্রধির লক্ষণ। শরাবের (শরা) ন্যায় আকার, পাণ্ডুবর্ণ, শীতল, স্তব্ধ, অল্প-বেদনা-বিশিষ্ট, ক্রমে ক্রমে উত্থান ও পাক এবং কণ্ডূ-যুক্ত, এইগুলি কফ-জন্য বিদ্রধির লক্ষণ। বায়ু পিত্ত অথবা কফজন্য ব্রণের আস্রাব যথাক্রমে তনু (পাতলা), পীত অথবা কৃষ্ণবর্ণ হইয়া থাকে। নানাপ্রকার পীড়া ও আস্রাব বিশিষ্ট ঘাটাল (ঘাড়ের ন্যায় উন্নত), বিষম, আয়ত, বিপরীত-পাক, সান্নিপাতিক বিদ্রধিতে এই লক্ষণগুলি উৎপন্ন হয়। অপথ্য-সেবী ব্যক্তির ক্ষত-স্থান উপর্যুক্ত কোনপ্রকার দোষে দূষিত হইলে, ক্ষত স্থানের উষ্ণতা বায়ু দ্বারা সঞ্চালিত হইয়া, শোণিতের সহিত পিত্তকে সঞ্চালিত করে। তদ্দ্বারা জ্বর, তৃষ্ণা ও দাহ হয়। ইহাকে আগন্তু বিদ্রধি কহে। ইহার লক্ষণ পিত্ত-জন্য বিদ্রধির ন্যায়। কৃষ্ণবর্ণ স্ফোটে আবৃত, শ্যাম-বর্ণ, তীব্র, দাহ যাতনা ও জ্বর বিশিষ্ট, ও পিত্ত-

জন্য বিদ্রধির লক্ষণ-বিশিষ্ট হইলে, রক্ত-বিদ্রধি বলা যায়। সকল-প্রকার বিদ্রধির বিষয় বলা হইল। তাহাদিগের মধ্যে সান্নিপাতিক বিদ্রধি অসাধ্য।

অতঃপর দেহের আভ্যন্তরিক বিদ্রধির বিষয় বলা যাইতেছে। গুরু, অসাত্ম্য, বিরুদ্ধ অন্ন অথবা শুষ্ক সংক্লিন্ন দ্রব্য ভোজন করিলে, অতিশয় মৈথুনাসক্ত হইলে, ব্যায়াম না করিলে, মল মূত্রের বেগ ধারণ করিলে, অথবা বিদাহী দ্রব্য সেবন করিলে, দোষ সকল মিলিত হইয়া একত্র বা পৃথক্ রূপে কুপিত হয়। সেই কুপিত দোষের দ্বারা দেহের অভ্যন্তরে বল্মীকের ন্যায় উন্নত ও গুল্মের ন্যায় আকার বিশিষ্ট বিদ্রধি জন্মায়। পায়ু বস্তি মুখ নাভি কুক্ষি বঙ্ক্ষণ (কুঁচকী) বৃক্ক প্লীহা যকৃৎ হৃদয় ও ক্লোম, এই সকল স্থানেই আভ্যন্তরিক বিদ্রধি জন্মে। বাহ্য বিদ্রধির লক্ষণের ন্যায় তাহাদিগের লক্ষণ হইয়া থাকে। পক্কাপক্ক নির্ণয়ের বিধানানুসারে ইহারও পক্কাপক্ক নির্ণয় করিবে।

স্থান-ভেদে বিদ্রধির যে সকল ভিন্ন ভিন্ন লক্ষণ হয়, তাহা শ্রবণ কর। পায়ুদেশে হইলে, বাত-নিঃসরণ রোধ হয়। বস্তিদেশে হইলে, অল্প মূত্র কষ্টে নিঃসরণ হয়। নাভিদেশে হইলে, হিক্কা ও আটোপ হয়। কুক্ষিদেশে হইলে, বায়ু কুপিত হয়। বঙ্ক্ষণে হইলে, কটী ও পৃষ্ঠ গ্রহ (কটী ও পৃষ্ঠ দেশে অতিশয় বেদনা) হয়। বৃক্ক স্থলে (বুকের দুই পার্শ্বে) হইলে, পার্শ্বদেশ সঙ্কুচিত হয়। প্লীহাতে হইলে, উর্দ্ধশ্বাসের অবরোধ জন্মে। হৃদয়ে হইলে, সর্ব্বাঙ্গগ্রহ ও হৃদয়ে দারুণ শূল জন্মে। যকৃতে হইলে, শ্বাস ও তৃষ্ণা এবং ক্লোমে হইলে, অতিশয় পিপাসা হয়। পক্ক অথবা আয়ত হউক বা না হউক, বিদ্রধি মর্ম্ম-স্থানে হইলেই ক্লেশকর হয়। নাভির উর্দ্ধ-দেশে বিদ্রধি জন্মিয়া পাকিয়া উঠিলে, পূযাদি উর্দ্ধ পথ হইতে নির্গত হয়। অপরাপর বিদ্রধির পূযাদি অধোভাগে নিঃসৃত হয়। অধোনিঃসরণ হইলে রোগী বাঁচে। উর্দ্ধ-

নিঃসরণ হইলে বাঁচে না। হৃদয়, নাভি ও বস্তি-দেশে স্থিত বিদ্রধি স্বয়ং অথবা শস্ত্রের দ্বারা বিদীর্ণ হইয়াই হউক, শরীরের বহির্ভাগে ভিন্ন হইলে, এবং অধঃ বা উর্দ্ধভাগে নিঃসৃত হইতে থাকিলে, পুরুষ কদাচ আরোগ্য হয়, স্ত্রীলোক হয় না। স্ত্রীলোক বন্ধ্যা হইলে অথবা পুত্রবতী স্ত্রী অহিতাচারিণী হইলে, ঘোরতর দাহ ও জ্বর-যুক্ত রক্ত-বিদ্রধি জন্মে। বহু সংখ্যক সন্তান জন্মিলেও যদি নারীর শরীর হইতে সম্যক্‌রূপে শোণিত নিঃসৃত না হয়, তবে কুক্ষিদেশে মক্কল্ল নামে রক্ত-বিদ্রধি জন্মে। সপ্তাহ মধ্যে তাহার শান্তি না হইলে, পাকিতে আরম্ভ হয়। বিদ্রধি ও গুল্ম একই কারণে উৎপত্তি। তাহার মধ্যে গুল্ম পাকিয়া উঠে এবং বিদ্রধি পাকে না। ইহার কারণ এক্ষণে স্পষ্ট করিয়া কহিতেছি। কুপিত দোষ সকল স্বয়ং গুল্মাকারে পরিণত হইয়া গুল্মরোগ জন্মায়, এবং রক্ত ও মাংস দূষিত করিয়া বিদ্রধি রোগ জন্মায়। জলে যেরূপ বুদ্বুদ উৎপত্তি হয়, গুল্মরোগে সূক্ষ্ম শিরার বিবর-গামী সকল দোষ সেইরূপ গুল্মের আকার ধারণ করে। এ কারণ গুল্ম পাকে না। মাংস-শোণিত-বাহুল্য প্রযুক্ত বিদ্রধি পাকে, এবং মাংস-শোণিতের অভাব বশতঃ গুল্ম পাকে না। দোষ সকল স্বয়ং গুল্মাকারে পরিণত হয়, এবং মাংস-শোণিত দূষিত হইয়া বিদ্রধি জন্মে। হৃদয় নাভি ও বস্তিদেশে জন্মিয়া পাকিলে, অথবা সন্নিপাতজন্য হইলে, বিদ্রধি-রোগীকে বর্জ্জন করিবে। বিদ্রধি রোগে মজ্জা পাক হইতে থাকিলে, রোগ অতি ঘোরতর হইয়া উঠে। যদি অস্থিমাংসের দ্বারা রুদ্ধ থাকা প্রযুক্ত পূযাদি নিঃসৃত হওনের পথ না পায়, তবে অগ্নি-দাহের ন্যায় দগ্ধ হইতে থাকে। এবং অস্থি ও মজ্জার উষ্ণতার দ্বারা রোগী দগ্ধ হওনের ন্যায় শীর্ণ হইতে থাকে। এই শল্য-জন্য বিকারে রোগী বহুকাল যাতনা পায়, ক্রিয়ার দ্বারা যদি পথ পায়, তবে মেদের ন্যায় স্নিগ্ধ শুক্ল-বর্ণ শীতল ও গুরু আস্রাব হয়। অস্থি ভেদ হইয়া পূয নিঃসরণ হইলে পণ্ডিতেরা তাহাকে অস্থিগত সান্নিপাতিক বিদ্রধি কহেন।

দশম অধ্যায়।

অথ বিসর্প নাড়ী ও স্তন রোগের নিদান।

দোষ সমূহ কুপিত হইয়া এবং ত্বক্ মাংস ও শোণিতে প্রবেশ করিয়া, স্বীয় স্বীয় লক্ষণযুক্ত সর্ব্বাঙ্গ-অনুসারী উন্নত শোফ শীঘ্র জন্মায়। দেহে বিস্তৃত হয় বলিয়া ইহাকে বিসর্প রোগ কহে। বায়ুজন্য বিসর্প রোগ হইলে, রোগাক্রান্ত স্থান কৃষ্ণবর্ণ মৃদু পরুষ এবং এবং সস্তেদ (১) ও তোদ বিশিষ্ট হয়। এবং অঙ্গমর্দ্দ ও বায়ু-জন্য জ্বরের সকল উপদ্রব ঘটে। অতিশয় দূষিত প্রযুক্ত বিষম গ্রন্থি-যুক্ত হইলে চিকিৎসার কোন ফল দর্শে না। বিসর্প পিত্তাত্মক হইলে, শরীরে শীঘ্র প্রসারিত হয়, এবং জ্বর দাহ পাক বিশিষ্ট, স্ফোট ও প্রমেহ-বহুল (অতিশয় মেদ নিঃসরণ), ও রক্তবর্ণ হইয়া থাকে। দোষ বৃদ্ধি হওয়া প্রযুক্ত মাংস শিরা ওজক্ষয় হইয়া কর্দ্দমের ন্যায় আস্রাব হইতে থাকিলে, আরোগ্য হয় না। শ্লেষ্মাত্মক বিসর্প রোগ হইলে, ক্রমে ক্রমে প্রসারিত হয়, বিলম্বে পাকে, স্নিগ্ধ ও শ্বেতবর্ণ হয় এবং ফুলা, অল্প-বেদনা ও উগ্র-কণ্ডূযুক্ত হয়। সান্নিপাতিক বিসর্প রোগ হইলে, ত্রিবিধ-বর্ণ ও বেদনা বিশিষ্ট ও গভীর হয়, এবং পাকিয়া উঠিলে মাংস শিরা ক্ষয় হয়, এজন্য আরোগ্য হয় না। শরীরের কোন স্থান আঘাতের দ্বারা ক্ষত হইলে ও শরীরে সকল দোষ সাম্যভাবে না থাকিলে, রক্ত ও পিত্তে মিলিত হইয়া সেই স্থানে ফুলা জন্মায়, এবং ক্ষত স্থান, শ্যাব এবং রক্তবর্ণ, জ্বর দাহ ও পাক বিশিষ্ট, কুলত্থের ন্যায় ক্ষুদ্র স্ফোটের দ্বারা আকীর্ণ হয়।

বাত, পিত্ত অথবা কফ-জন্য বিসর্প রোগ আরোগ্য হয়, ক্ষত-জন্য বা সান্নিপাতিক জন্য হইলে আরোগ্য হয় না। পিত্ত বা বায়ুর লক্ষণ-

---

(১) "সস্তেদ" কেটে যাওয়া।

বিশিষ্ট যে সকল বিসর্প-রোগ মর্ম্মস্থানে জন্মে, তাহারা কষ্টে আরোগ্য হয়। পক্ক অথবা পূয-বহুল ব্রণকে অপক্ক বলিয়া উপেক্ষা করিলে, তবেই পূয পূর্ব্বস্থিত স্থান বিদীর্ণ করিয়া শরীরের অভ্যন্তরে প্রবেশ করে। এই ব্রণে পূযের অতিমাত্র গমন হয় বলিয়া গতি কহে, এবং নাড়ীর ন্যায় পূয বহন করে বলিয়া, ইহাকে নাড়ী-ব্রণ (নালী ঘা) কহে। পূয বদ্ধ থাকা প্রযুক্ত সকল দোষ সংমূর্চ্ছিত হইয়া সেই নাড়ী ভিন্ন ভিন্ন স্থানে প্রবাহিত হয় (১)। নাড়ীব্রণ বায়ুজন্য হইলে, পরুষ, সূক্ষ্ম মুখ ও শূল বিশিষ্ট হয় এবং রাত্রিতে ফেনাযুক্ত আস্রাব অধিক পরিমাণে নিঃসৃত হয়। পিত্ত-জন্য হইলে, তৃষ্ণা তাপ তোদ অবসন্নতা জ্বর ও ভেদ, এই সকল কারণে দিবাভাগে পীত-বর্ণ উষ্ণ আস্রাব হয়। কফ-কর্তৃক রাত্রিযোগে বন্য অর্জ্জুন বৃক্ষের ক্ষীরের ন্যায় পিচ্ছিল আস্রাব নিঃসৃত হয়, ও ব্রণ অল্প-বেদনা-বিশিষ্ট, কঠিন ও কণ্ডু-যুক্ত হয়। নাড়ী-ব্রণে দুই দোষের লক্ষণ দৃষ্ট হইলে, তাহা তিন দোষের একত্র গতির দ্বারা জন্মিয়াছে বলিয়া জানিবে। দাহ জ্বর শ্বাস মূর্চ্ছা ও মুখ-শোষ, এই সকল লক্ষণ ঘটিলে ত্রিদোষের প্রকোপে জন্মিয়াছে বলিয়া জানিবে। ইহা ঘোর কালরাত্রির ন্যায় জীবন-ক্ষয়-কর। পূর্ব্বোক্ত স্থানে যদি অণুমাত্র শল্য প্রবেশ করিয়া নির্গত না হয়, তবে সেই শল্যের শীঘ্রই গতি হয়। তাহা হইতে ফেনিল নির্ম্মল শোণিত-মিশ্রিত উষ্ণ আস্রাব, বেদনা-সহযোগে নিয়ত নিঃসৃত হয়।

যে যে কারণে যতপ্রকারে পূযের গতি হয়, সেই সেই কারণে সেই সকল প্রকার স্তনরোগ জন্মে। বালিকাগণের স্তন-সংশ্রিতা ধমনীর পথ আবৃত থাকে, সুতরাং তাহাতে দোষ প্রবেশ করিতে পারে না, এজন্য তাহাদিগের স্তন-রোগ জন্মে। পুত্রবতী অথবা গর্ভিণীদিগের স্তনদ্বয়-আশ্রিত ধমনীর পথ স্বভাবতঃ প্রসারিত হয়,

(১) পূয বদ্ধ থাকিলে শরীরের অন্তরে ও বাহিরে শোর হইয়া নালী ঘা হয়। "সংমূর্চ্ছিত"—সম্যক্ বর্দ্ধিত।

এজন্য তাহাদিগের স্তন-রোগ জন্মে। ভুক্তদ্রব্য পরিপাকের দ্বারা যে প্রসন্ন ও মধুর রস জন্মে, সেই রস সমস্ত দেহ হইতে স্তনদ্বয়ে সঞ্চারিত হয়, একারণ স্তন-দুগ্ধকে স্তন্য বলে।

যেমন শুক্র সর্ব্ব দেহে থাকে, দেহের কোন বিশেষ স্থানে দেখা যায় না; যুবতীর দর্শন স্মরণ শব্দ-শ্রবণ বা স্পর্শনের দ্বারা হৃষ্ট হইয়া শুক্র স্খলিত হয়। সুতরাং মনের প্রসন্নতা ও শরীরের হর্ষই শুক্র স্খলিত হওয়ার কারণ। সেইরূপ, অপত্যের সংস্পর্শ দর্শন স্মরণ ও গ্রহণে, শরীরস্থ শুক্রের ন্যায় স্ত্রীলোকদিগের স্তনদ্বয়ে স্তন-দুগ্ধের সঞ্চার হয়। এস্থলে কেবল স্নেহই সেই স্তন্য-প্রস্রবের হেতু। বায়ুপ্রধান শরীরে, স্তনদুগ্ধ কষায়-রস-বিশিষ্ট হয়, এবং জলে নিক্ষিপ্ত হইলে ভাসিয়া উঠে। পিত্ত-প্রধান শরীরে, সেই দুগ্ধ অম্ল ও কটুরস বিশিষ্ট হয়, এবং জলে নিক্ষিপ্ত হইলে তাহাতে পীত-বর্ণ রেখা দৃশ্য হয়। কফ-প্রধান শরীরে, ঘন ও পিচ্ছিল হয় এবং জলে নিক্ষিপ্ত হইলে মগ্ন হয়। সকল দোষ অথবা অভিঘাত কর্ত্তৃক দূষিত হইলে ত্রিদোষের লক্ষণ দৃষ্ট হয়। জলে নিক্ষিপ্ত হইলে যে স্তনদুগ্ধ একত্রীভূত পাণ্ডুর ও মধুর হয়, এবং বিবর্ণ না হয়, তাহাকে প্রসন্ন অর্থাৎ নির্দ্দোষ বলিয়া জানিবে। দুগ্ধ থাকুক বা না থাকুক, স্ত্রীলোকের স্তনদ্বয়ে দোষের সঞ্চার হইলে, তত্রস্থ রক্ত মাংস দূষিত হইয়া স্তনরোগ জন্মে। শোণিত বিদ্রধি ব্যতিরেকে অপর যে পাঁচপ্রকার স্তনরোগ আছে, তাহাদিগের লক্ষণ বাহ্য বিদ্রধির লক্ষণের ন্যায় (১)।

একাদশ অধ্যায়।

গ্রন্থি, অপচি, অর্ব্বুদ ও গলগণ্ড নিদান।

বায়ু প্রভৃতি দুষ্ট হইয়া, রক্ত মাংস ও কফ সংযুক্ত মেদকে দূষিত

---

(১) যে সকল প্রকার কারণে বিদ্রধি জন্মে, সেই কয়প্রকার কারণে স্তনরোগ জন্মে। সুতরাং তাহাদিগের লক্ষণ বিদ্রধির লক্ষণের ন্যায়।

করে। তদ্দ্বারা শরীর হইতে স্বতন্ত্র ভাবে উন্নত গোলাকৃতি শোফ জন্মে, তাহাকে গ্রন্থি বলে। বায়ুজাত গ্রন্থিরোগে শরীর বদ্ধ (টেনে থাকা) ও ব্যথিত হয়, যাতনা জন্মে, শরীর যেন বিক্ষিপ্ত ছিন্ন ও বিভিন্ন হইতে থাকে। ইহা কৃষ্ণবর্ণ কঠিন ও বস্তির (মোষক) ন্যায় বিস্তৃত, এবং বিদীর্ণ হইলে তাহা হইতে নির্ম্মল রক্ত স্রাব হইতে থাকে। পিত্ত-কর্ত্তৃক রক্ত বা পীত বর্ণ গ্রন্থি হইলে, শরীরে পুনঃ পুনঃ দাহ উপস্থিত হয়, জ্বালা জন্মে, পুনঃ পুনঃ পাকিয়া উঠে ও শরীর উত্তপ্ত হইয়া থাকে, এবং বিদীর্ণ হইলে অতিশয় উষ্ণ রক্ত নির্গত হইতে থাকে। কফ-জাত গ্রন্থি-রোগে শরীর শীতল ও বিবর্ণ হয়, যাতনা অল্প হয়, ও অতিশয় কণ্ডূ জন্মে, শোফ পাথরের ন্যায় কঠিন বোধ হয়, অনেক দিন বিলম্বে বর্দ্ধিত হয় এবং বিদীর্ণ হইলে শুক্ল ও ঘন পূয নির্গত হইতে থাকে। মেদজাত গ্রন্থি-রোগে বর্দ্ধিত শরীর ক্ষয় হয়, এবং শরীর বৃদ্ধি হইবার পক্ষে হানি জন্মে। ইহা স্নিগ্ধ, বৃহৎ, অল্প-যাতনা-দায়ক ও অতিশয় কণ্ডূয়ন-কর, অধিক বিদীর্ণ করিলে ইহা হইতে পিণ্যাক বা ঘৃতের ন্যায় মেদ নির্গত হইতে থাকে। দুর্ব্বল ব্যক্তির ব্যায়ামের দ্বারা যে সকল গ্রন্থিরোগ জন্মে, তদ্দ্বারা বায়ু আক্ষিপ্ত হইয়া, সমস্ত শিরাজাল পীড়িত ও সঙ্কুচিত ও শুষ্ক করিয়া উন্নত গোলাকার গ্রন্থি জন্মায়। সেই শিরাজাত গ্রন্থি যদি যাতনা-দায়ক ও সচল * হয়, তবে তাহা কষ্টসাধ্য বলিয়া জানিবে। যদ্যপি সচল ও যাতনা দায়ক নাও হয়, তথাপি মর্ম্মস্থানে জন্মিয়া আয়ত হইলে গ্রন্থি আরোগ্য হয় না।

হনু, অস্থি, কক্ষা, মুষ্ক, বাহু, সন্ধি, মন্যা (ঘাড়ের শির), এই সকল স্থানে মেদ সঞ্চিত হইয়া, গলদেশে কফ-যুক্ত, স্নিগ্ধ, অল্প-বেদনা-বিশিষ্ট, কঠিন, গোল অথবা আয়ত গ্রন্থি জন্মিলে, সেই গ্রন্থি আমলকীর অস্থি, মৎস্যের ডিম্ব বা এইরূপ কোন আকারে জন্মে, এবং তাহা

* অর্থাৎ শরীরের স্থানে স্থানে সরিয়া বেড়ায়।

মাংসের ন্যায় বর্ণ-বিশিষ্ট হয়। তাহাতে দূষিত পদার্থের সঞ্চার হয় বলিয়া তাহাকে অপচি বলে। অপচি, কণ্ডূ ও অল্প বেদনা বিশিষ্ট। ভিন্ন হইলে তাহা হইতে স্রাব হয় ও সেইটী আরোগ্য হইয়া পুনর্ব্বার অপর একটী জন্মে। এই রোগ মেদ ও কফ কর্ত্তৃক জন্মে ও বহু-কালস্থায়ী।

শরীরের কোন স্থানে দোষ সমস্ত সংমূর্চ্ছিত (বর্দ্ধিত) হইয়া মাংস দূষিত করে। তাহাতে মাংস-বৃদ্ধি হইয়া বৃত্ত, দৃঢ়, অল্প বেদনা বিশিষ্ট, আয়ত, গাঢ়-মূল-বিশিষ্ট শোফ জন্মে, তাহাকে শাস্ত্রজ্ঞেরা অর্ব্বুদ কহে, ইহা বিলম্বে বৃদ্ধি হয় এবং পাকে না। সেই অর্ব্বুদ বাত-জন্য, পিত্ত-জন্য, কফ জন্য, রক্ত-জন্য, মাংস-জন্য এবং মেদ-জন্য জন্মে, তাহার লক্ষণ গ্রন্থির লক্ষণের ন্যায়।

দোষ সমস্ত, রক্তকে দূষিত করিয়া, এবং শিরা পীড়িত ও সঙ্কুচিত করিয়া পাক জন্মায়, তদ্দ্বারা আস্রাবযুক্ত মাংসপিণ্ড শীঘ্র বৃদ্ধি হয়, তাহাতে ক্ষুদ্র মাংসের অঙ্কুরের ন্যায় দৃশ্য হয়, এবং তাহা হইতে অজস্র দূষিত রক্ত-স্রাব হয়, ইহাকে রক্তজন্য অর্ব্বুদ বলে, ইহা অসাধ্য। ইহাতে রক্ত-ক্ষয় উপদ্রবে পীড়িত হইয়া রোগী পাণ্ডুবর্ণ হয়। মুষ্টি প্রভৃতি দ্বারা অঙ্গ আহত হইলে, মাংস দূষিত হইয়া শোফ জন্মে। সেই শোফ বেদনা-রহিত, স্নিগ্ধ শিরের যেরূপ বর্ণ সেইরূপ বর্ণবিশিষ্ট, পাক-রহিত (পাকে না), পাষাণ-খণ্ড-সদৃশ এবং অবিচলিত। ইহাকে মাংসার্ব্বুদ কহে। ইহা মাংসাশীর শরীরের মাংস দূষিত হইয়া শীঘ্র জন্মে। এই রোগ অসাধ্য, সাধ্য হইলেও পরিত্যাগপূর্ব্বক চিকিৎসা করিবে। মর্ম্ম-স্থানে আস্রাববিশিষ্ট, বা শরীরের কোন দ্বারে অবিচলিত অর্ব্বুদ জন্মিলে অথবা পূর্ব্ব-জাত অর্ব্বুদের উপরে অর্ব্বুদ জন্মিলে অধ্যর্ব্বুদ বলে। একেবারে অথবা ক্রমে ক্রমে দুই দোষ কর্ত্তৃক দূষিত হইয়া অর্ব্বুদ জন্মিলে তাহাকে দ্বিরর্ব্বুদ বলে। এই রোগ অসাধ্য। অর্ব্বুদ কফের আধিক্য জন্য, বিশেষতঃ মেদের আধিক্য-জন্য হইলে পাকে

না। দোষ সকল এক স্থানে স্থির ভাবে গ্রন্থিত হইয়া থাকা প্রযুক্ত সকল অর্ব্বুদ আপনা হইতেই জন্মে।

বায়ু ও কফ গলদেশে বৃদ্ধি হইলে এবং ঘাড়ের পশ্চাৎ ভাগে মেদের সঞ্চার হইলে, মেদ প্রভৃতির সকল লক্ষণ যুক্ত গজ-কুম্ভের ন্যায় শোফ জন্মে। তাহাকে গলগণ্ড কহে। তোদ-বিশিষ্ট, কৃষ্ণবর্ণ শিরার দ্বারা ব্যাপ্ত, এবং কৃষ্ণ অথবা অরুণ-বর্ণ বিশিষ্ট হইলে বায়ু-জন্য গলগণ্ড বলা যায়। মেদ-বিশিষ্ট হইয়া কালক্রমে গলদেশ উন্নত হইলে যাতনা হয় ও উন্নত স্থান পরুষ (তেল-পারা নয়) হয়, বিলম্বে বৃদ্ধি হয়, ও কখন কখন পাকে। তৎকালে মুখের বৈরস্যতা, ও তালু-শোষ ও গল-শোষ জন্মে, এবং সেই উন্নত স্থান দৃঢ় ত্বকের ন্যায় বর্ণ এবং অল্প বেদনা ও উগ্র কণ্ডূ-বিশিষ্ট, শীতল ও আয়ত হয়, ইহা কফ-জন্য গলগণ্ড রোগ। মেদ-জন্য গলগণ্ড হইলে বিলম্বে বৃদ্ধি হয় এবং কালক্রমে কদাচিৎ পাকিয়াও উঠে ও অল্প-বেদনা-বিশিষ্ট হয়। ইহাতে মুখের মাধুর্য্য ও তালু ও গলদেশে প্রলেপ জন্মে (চট্ চট্ করে) এবং পীড়িত স্থান চক্‌চকে, কোমল, দুর্গন্ধযুক্ত, পাণ্ডুবর্ণ ও অতিশয় কণ্ডুবিশিষ্ট হয়। কালক্রমে গলগণ্ড অল্প-মূল (গোড়া সরু) হইয়া অলাবুর ন্যায় লম্বিত ও অল্প মূল বিশিষ্ট হইলে, দেহের ক্ষয় বৃদ্ধির সঙ্গে তাহারও ক্ষয় বৃদ্ধি হইতে থাকিলে, মুখ চিক্ চিকে ও গলদেশে শব্দ হইলে, কষ্টে শ্বাস নিঃসরণ হইলে, সর্ব্ব শরীর কোমল হইলে, এবং সংবৎসর অতীত হইয়া অরুচি জন্মিলে, অথবা এই রোগে ক্ষীণ এবং স্বরের ভিন্নতা হইলে, রোগীকে পরিত্যাগ করিবে। গল-দেশে মুষ্কের ন্যায় শ্বয়থু জন্মিয়া লম্বিত হইলে, বৃহৎ হউক বা হ্রস্ব হউক, তাহাকে গণ্ড বলিয়া নির্ণয় করিবে।

দ্বাদশ অধ্যায়।

বৃদ্ধি, উপদংশ ও শ্লীপদের নিদান।

বায়ু পিত্ত শ্লেষ্মা শোণিত মেদ মূত্র এবং অন্ত্র, এই সাতটী বৃদ্ধির কারণ। তাহার মধ্যে মূত্র এবং অন্ত্র জন্য বৃদ্ধি বায়ু কর্তৃক উৎপন্ন হয়। তাহাদিগের উৎপত্তির হেতুই কেবল ভিন্ন। পূর্ব্বোক্ত সকল দোষের মধ্যে কোন একটী দোষ কুপিত হইয়া ফল-কোশ-বাহিনী ধমনীর মধ্যে প্রবেশ পূর্ব্বক ফলকোশ বৃদ্ধি করে। তাহাকেই বৃদ্ধি রোগ বলে। ইহার পূর্ব্বলক্ষণ বস্তি কটি মুষ্ক ও মেঢ্রদেশে বেদনা, বায়ু-জন্য পীড়া ও ফল-কোশ-শোফ। বায়ু-জন্য বৃদ্ধি রোগ হইলে বায়ুপূর্ণ বস্তির ন্যায় আয়ত, পরুষ ও অকারণে বায়ুজন্য বেদনা হয়। পিত্ত-জন্য বৃদ্ধি রোগ হইলে পক্ক ডুম্বুরের ন্যায় বর্ণ হয়, দাহ ও উষ্ণতা যুক্ত হয় ও শীঘ্র উত্থান হয় (ফুলে উঠে) এবং শীঘ্র পাকিয়া উঠে। শ্লেষ্মা-জন্য বৃদ্ধি হইলে কঠিন, অল্প বেদনা বিশিষ্ট, শীতল এবং কণ্ডু-যুক্ত হয়। রক্ত-জন্য বৃদ্ধি হইলে, বর্দ্ধিত স্থানটী কৃষ্ণবর্ণ স্ফোটকের দ্বারা আবৃত হয় এবং পিত্ত-জন্য সকল লক্ষণ হয়।

মেদ-জন্য বৃদ্ধি হইলে বর্দ্ধিত স্থান কোমল, চিক্কণ, কণ্ডুযুক্ত, অল্প বেদনা-বিশিষ্ট ও তাল ফলের ন্যায় হয়। মূত্রের বেগধারণ-শীল ব্যক্তির মূত্র বৃদ্ধি হয়, সেই বর্দ্ধিত মূত্র নিঃসরণ-কালে, ফলকোশ জল-পূর্ণ চর্ম্ম-স্থলীর ন্যায় ক্ষুব্ধ হইতে থাকে। তাহাতে মূত্র-কৃচ্ছ্র, বৃষণ-দ্বয়ে বেদনা ও কোশে শ্বয়থু জন্মে। তাহাকে মূত্র বৃদ্ধি বলা যায়। ভার বহন, বলবানের সহিত যুদ্ধ করা ও বৃক্ষ হইতে পতন প্রভৃতি শ্রম বিশেষের দ্বারা বায়ু অতিশয় বৃদ্ধি ও কুপিত হইয়া, কোন সূক্ষ্ম অন্ত্রির কোন এক স্থান দ্বিগুণিত ভাবে গ্রহণপূর্ব্বক (রজ্জুর ন্যায় জড়াইয়া লইয়া) অধোভাগে গমন করে। সেই জড়িত অন্ত্রি বঙ্ক্ষণে (কুঁচকিতে) গ্রন্থির ন্যায় অবস্থিতি করে। তৎকালে প্রতিকার না

করিলে কালক্রমে সেই গ্রন্থি ফলকোশ (অণ্ডকোশ) মধ্যে প্রবেশ করে। তাহাতে কোশ ফুলিয়া উঠে, ও দীর্ঘ হয়। মুষ্ক অবপীড়ন করিলে (টিপিলে) উর্দ্ধ দিকে (উদর মধ্যে) উঠিয়া যায়। ছাড়িয়া দিলে পুনর্ব্বার কোশ-মধ্যে প্রবেশ করে, এবং কোশ ফুলিয়া উঠে। ইহাকে অন্ত্রবৃদ্ধি বলে। এই রোগ অসাধ্য।

অতিশয় মৈথুন বা সংসর্গ হইতে এককালে বিরত হওয়া, অথবা ব্রহ্মচারিণী বা এককালে সংসর্গ-রহিতা, বা রজঃস্বলা বা জননেন্দ্রিয়ে দীর্ঘ-রোম-যুক্তা, বা কর্কশ সঙ্কীর্ণ বা নিগূঢ় রোম-যুক্তা যে সকল স্ত্রীলোক, অথবা যে সকল স্ত্রীলোকের জননেন্দ্রিয়ের দ্বার অতি ক্ষুদ্র বা অতি বৃহৎ, অথবা যাহাদিগের জননেন্দ্রিয় অচৌক্ষ্য (দূষিত) সলিলে প্রক্ষালিত বা আদৌ প্রক্ষালিত নহে, অথবা যাহাদিগের জননেন্দ্রিয় কোনপ্রকার রোগ-বিশিষ্ট বা দূষিত, বা যে স্ত্রীলোক প্রিয় বা অভিলষণীয় নহে, এপ্রকার কোন স্ত্রীলোকের সহিত সংসর্গ করা, নখ অস্থি-খণ্ড বিষ বা শূক (কোনপ্রকার শূঙ্গার ন্যায় বস্তু) মেঢ্র-পথে পতিত হওয়া, কিম্বা পীড়ন বা হস্তের দ্বারা আঘাত বা চতুষ্পদী-গমন, অচৌক্ষ্য জলে প্রক্ষালন, অবপীড়ন (টেপা), বা শুক্র বা মূত্রের বেগধারণ, বা মৈথুনান্তে প্রক্ষালন না করা, এই সকলের মধ্যে কোন একটী কারণে জননেন্দ্রিয়ের পথে দোষ কুপিত হইলে, ক্ষত হউক বা না হউক, জননেন্দ্রিয় ফুলিয়া উঠে। তাহাকেই উপদংশ রোগ বলে। উপদংশ রোগ পাঁচপ্রকার। বায়ু-জন্য, পিত্ত-জন্য, কফ-জন্য, সান্নিপাতিক-জন্য এবং রক্ত-জন্য। বায়ু-জন্য উপদংশে, কাঠিন্য, ত্বকের পরিপূটন (ভেদ হওয়া), জননেন্দ্রিয়ের স্তব্ধভাব, ফুলার অসমতা, ও বায়ুজন্য বিবিধপ্রকার বেদনা, এই সকল লক্ষণ জন্মে। পিত্ত-জন্য উপদংশে, জ্বর শ্বয়থু পক্ক ডুম্বুরের ন্যায় বর্ণ, তীব্র দাহ, শীঘ্র পাক ও পিত্ত জন্য যন্ত্রণা, এই সকল লক্ষণ জন্মে। শ্লেষ্মা-জন্য উপদংশ, কঠিন শ্বয়থু ও কণ্ডূ-যুক্ত, চিক্কণ ও অল্প-বেদনা-

বিশিষ্ট। রক্তজ উপদংশে, কৃষ্ণবর্ণ স্ফোটের উৎপত্তি, অতিশয় রক্ত নিঃসরণ, পিত্তের সকল লক্ষণ, এবং জ্বর দাহ ও শোষ, এই সকল লক্ষণ প্রকাশ হয়। এ রোগ কোন কোন সময়ে আরোগ্য না হইয়া যাপ্য থাকে। সান্নিপাতিক উপদংশে, সকলপ্রকার লক্ষণের প্রকাশ, এবং শেফের (জননেন্দ্রিয়ের) অবদরণ (ফেটে যাওয়া), কৃমি জন্মান ও মরণ, এই সকল ঘটিয়া থাকে।

দোষ সকল কুপিত হইয়া অধোভাগে গমন পূর্ব্বক বঙ্ক্ষণ, উরু, জানু ও জঙ্ঘা দেশে অবস্থিতি করিয়া কালক্রমে পায়ে আশ্রয় করে, তাহাতে পাদ ক্রমে ক্রমে ফুলিয়া উঠে। তাহাকে শ্লীপদ কহে। শ্লীপদ তিনপ্রকার, বায়ুজন্য, পিত্তজন্য ও কফজন্য। বায়ুজন্য হইলে খর কৃষ্ণবর্ণ পরুষ ও অকারণে বায়ুজন্য যাতনা বিশিষ্ট ও বিবিধ প্রকারে স্ফুটিত হয়। পিত্তজন্য হইলে ঈষৎ পীতবর্ণ মৃদু জ্বর ও অল্প দাহ বিশিষ্ট হয়। শ্লেষ্মাজন্য হইলে শ্বেত বর্ণ, অল্প চিক্কণ, অল্প বেদনা বিশিষ্ট, ভার, বৃহৎ গ্রন্থি বিশিষ্ট এবং উপরি ভাগে কণ্টক সমূহের ন্যায় উন্নত (উপরে কাঁটা কাঁটা) হয়। সংবৎসর অতীত হইলে উন্নত বল্মীকের ন্যায় হইয়া আস্রাব হইতে থাকিলে রোগীকে পরিত্যাগ করিবে।

এই তিনপ্রকার শ্লীপদেরই মূল কফ। কারণ কফ ব্যতিরেকে গুরু ও বৃহৎ হয় না। যে দেশে অধিক পরিমাণে জল বদ্ধ ও সকল ঋতুতে শীতল থাকে, সেই দেশে ঐ রোগ অধিক জন্মে। হস্তদ্বয়েরও শ্লীপদ জন্মে। কেহ কেহ বলেন যে চক্ষু, কর্ণ, নাসিকা ও ওষ্ঠ দেশেও জন্মে।

ত্রয়োদশ অধ্যায়।

ক্ষুদ্র রোগের নিদান।

ক্ষুদ্র রোগ সমুদায়ে ৪৪ চুয়াল্লিশপ্রকার। যথা ;—১ অজগল্লিকা, ২যবপ্রখ্যা, ৩ অন্ধালজী, ৪ বিবৃতা, ৫ কচ্ছপিকা, ৬ বল্মীক, ৭ ইন্দ্র-

বৃন্ধা, ৮ পনসিকা, ৯ পাষাণ-গর্দ্দভ, ১০ জাল-গর্দ্দভ, ১১ কক্ষা, ১২ বি-স্ফোটক, ১৩ অগ্নিরোহিণী, ১৪ চিপ্য, ১৫ কুনখ, ১৬ অনুশয়ী, ১৭ বিদারিকা, ১৮ শর্করা অর্ব্বুদ, ১৯ পামা, ২০ বিচর্চ্চিকা, ২১ রকসা, ২২ পাদ-দারিকা, ২৩ কদর, ২৪ অলস, ২৫ ইন্দ্রলুপ্ত, ২৬ দারুণ, ২৭ অরুংসিকা, ২৮ পলিত, ২৯ মসূরিকা, ৩০ যৌবন-পিড়কা, ৩১ পদ্মিনী-কণ্টক, ৩২ জতুমণি, ৩৩ মাষক, ৩৪ চর্ম্মকীল, ৩৫ তিলকালক, ৩৬ ন্যচ্ছ, ৩৭ ব্যঙ্গ, ৩৮ পরিবর্ত্তিকা, ৩৯ অবপাটিকা, ৪০ নিরুদ্ধপ্রকাশ, ৪১ নিরুদ্ধগুদ, ৪২ অহিপূতন, ৪৩ বৃষণকচ্ছু ও ৪৪ গুদভ্রংশ।

১। অজগল্লিকা রোগ, বালকদিগেরই শরীরে জন্মিয়া থাকে। কফ ও বায়ু হইতে উহার উৎপত্তি হয়। ইহার আকৃতি মুদ্গ অর্থাৎ মুগ কলায়ের ন্যায়, চিক্কণ, গ্রন্থিযুক্ত অর্থাৎ গাঁইটের ন্যায়, ইহার বর্ণ চর্ম্মের বর্ণের ন্যায় এবং ইহা যাতনা-দায়ক নহে। ২। যবপ্রখ্যা,—ক্ষুদ্র ক্ষুদ্র ব্রণ বিশেষ। যবের ন্যায় ইহার আকার, অতি কঠিন ও গ্রন্থিযুক্ত এবং শরীরস্থ মাংসে ইহা লিপ্ত হইয়া থাকে। শ্লেষ্মা ও বায়ুদ্বারা ইহার উৎপত্তি হয়। ৩। অন্ধালজী,—ইহা শরীরে ঘন ও সন্নিবিষ্ট হইয়া এবং সরলভাবে উন্নত ও গোলাকৃতি হইয়া জন্মে। ইহাতে অল্প পূয় জন্মায়, এবং কফ ও বায়ু হইতে ইহার উৎপত্তি। ৪। বিবৃতা,—এই জাতীয় ব্রণের মুখ কিছু বিবৃত হইয়া থাকে, পক্ক উডুম্বর ফলের ন্যায় ইহার আকৃতি, ইহাতে অতিশয় জ্বালা জন্মে, ইহার অবয়ব গোল, পিত্ত হইতেই ইহার উৎপত্তি। ৫। কচ্ছপী,—কফ ও বায়ু হইতে ইহার উৎপত্তি। কচ্ছপের ন্যায় ক্রমে উন্নত হইয়া পাঁচটী বা ছয়টী গ্রন্থিরূপে এই ব্রণ উৎপন্ন হয়, ইহা অতিশয় কষ্টকর। ৬। বল্মীক,—এই রোগ হস্ত ও পাদতলে, সন্ধি-স্থানে, গ্রীবা-দেশে এবং জত্রুর ঊর্দ্ধভাগে বল্মীকের ন্যায় ক্রমে ক্রমে উপ-চীয়মান হইয়া গ্রন্থিরূপে উৎপন্ন হয়। ইহার চতুষ্পার্শ্বে ক্ষুদ্র ক্ষুদ্র ব্রণ জন্মিয়া থাকে। এই সকল হইতে যাতনা, দাহ ও কণ্ডূ জন্মে

এবং রস নির্গত হইয়া থাকে। বায়ু পিত্ত ও কফ হইতে ইহার উৎপত্তি। ৭। ইন্দ্রবৃদ্ধা,—ইহা বায়ু ও পিত্ত হইতে উৎপন্ন হইয়া থাকে। ইহার আকৃতি পদ্মবীজের ন্যায় এবং তাহার চারিদিকে ক্ষুদ্র ক্ষুদ্র ব্রণ ব্যাপ্ত হয়। ৮। পনসিকা,—ইহা বায়ু ও শ্লেষ্মা হইতে উৎপন্ন হইয়া থাকে। এইজাতীয় ব্রণ কর্ণ ও পৃষ্ঠের চারিদিকে হইয়া থাকে। শালূকের ন্যায় ইহার অবয়ব। ইহা অতিশয় যাতনা-প্রদ। ৯। পাষাণ-গর্দ্দভ,—ইহা বায়ু ও কফ হইতে জন্মে, হনুর সন্ধিস্থানে ইহা উৎপন্ন হয়, কঠিন শোফ অর্থাৎ ফুলা জন্মে এবং ইহাতে যাতনা অল্প হয়। ১০। জাল-গর্দ্দভ,—ইহা বিস্তৃতভাবে শরীরে অল্প পরিমাণে ব্যাপ্ত হয়, এবং ইহাতে দাহ ও জ্বর হয়। এই ব্রণ পাকে না। পিত্ত ও শ্লেষ্মা হইতে ইহার উৎপত্তি হইয়া থাকে। ১১। কক্ষা,—পিত্ত প্রকুপিত হইয়া, বাহু-পার্শ্বে, স্কন্ধ-দেশ ও কক্ষ-দেশে, কৃষ্ণবর্ণ বেদনা-যুক্ত যে স্ফোটক হয়, তাহাকে কক্ষা বলে। ১২। বিস্ফোটক,—রক্ত ও পিত্ত বিকৃত হইলে, সর্ব্ব শরীরে বা শরীরের একদেশে অগ্নি-দগ্ধের ন্যায় যে স্ফোটক জন্মে, তাহাকে বিস্ফোটক কহে। ইহাতে জ্বর হইয়া থাকে। ১৩। অগ্নি-রোহিণী,—মাংস-ভেদক, জ্বলন্ত অগ্নি-বৎ অন্তর্দ্দাহকর যে স্ফোটক কক্ষা-প্রদেশে জন্মে ও যাহা হইতে অতি-শয় জ্বর হয়, তাহাকে অগ্নি-রোহিণী বলে। ইহা সন্নিপাত হইতে উৎপন্ন হইয়া থাকে। এই রোগ সপ্তাহ, দ্বাদশ দিন বা পক্ষ কালে মানুষকে শমন-সদনে প্রেরণ করে। এই রোগ একান্ত অসাধ্য। ১৪। চিপ্য,—পিত্ত ও বায়ু, নখ-মাংসকে আশ্রয় করিয়া যে ব্যাধিকে উৎপাদন করে, তাহার নাম চিপ্য। ইহা পাকিয়া উঠে এবং বেদনা ও দাহ জন্মায়, ইহাকে ক্ষতরোগ বা উপনখ রোগও বলা যায়। ১৫। কুনখ,—কোনপ্রকার আঘাতের দ্বারা দূষিত হইয়া, যে নখ রুক্ষ কৃষ্ণবর্ণ ও খর হয়, তাহাকে কুনখ বলে। ইহার অপর নাম কুলীন। ১৬। অনুশয়ী,—যে ব্রণের অভ্যন্তর-ভাগ গভীর এবং বহি-

র্ভাগ অল্প বিস্তারযুক্ত; যাহার বর্ণ চর্ম্মের বর্ণের সমান এবং যাহা উপরিভাগে সমভাগে থাকে, কিন্তু ভিতরে পাকিয়া শুষ্ক হইয়া যায়, তাহাকে অনুশয়ী কহে। ১৭। বিদারিকা,—কক্ষাদেশে ও বঙ্ক্ষণ (কুঁচ্‌কি) প্রদেশের সন্ধিস্থানে রক্ত বর্ণ ও বিদারী কন্দের ন্যায় গোলাকার যে ব্রণ জন্মে, তাহাকে বিদারিকা কহে। ইহা বায়ু পিত্ত কফ এই তিন হইতেই উৎপন্ন এবং এই তিনেরই লক্ষণাক্রান্ত হইয়া থাকে। ১৮। শর্করার্ব্বুদ,—শ্লেষ্মা মেদ ও বায়ু, মাংস সিরা ও স্নায়ুতে গমন করিলে যে গ্রন্থি জন্মে, ঐ গ্রন্থি ফাটিয়া গেলে তাহা হইতে মধু ঘৃত বা বসার ন্যায় রস অধিক পরিমাণে নির্গত হইতে থাকে। তাহাতে বায়ু বর্দ্ধিত হইয়া মাংসকে শুষ্ক করিয়া পুনর্ব্বার গ্রন্থিযুক্ত শর্করা উৎপাদন করে, শিরা হইতে বহুল পরিমাণে নানা বর্ণের দুর্গন্ধময় ক্লেদযুক্ত রক্ত-স্রাব হইতে থাকে, তাহাকে শর্করার্ব্বুদ কহে। ১৯। পামা,—২০ বিচর্চ্চিকা,—২১ রকসা,—ইহারা কুষ্ঠের মধ্যে পরিগণিত। ২২। পাদ-দারিকা,—ভ্রমণ-শীল ব্যক্তির পাদ-দ্বয় অতি রুক্ষ হইলে, বায়ুর প্রকোপ বশতঃ তাহার তল-প্রদেশ ফাটিয়া যায়, ইহাকে পাদদারিকা কহে। ইহাতে অতিশয় যাতনা জন্মে। ২৩। কদর,—প্রস্তর বা কণ্টকাদির দ্বারা চরণ ক্ষত হইলে অথবা মেদ ও রক্ত দূষিত হইলে, এই রোগ জন্মে। ইহাতে কীলযুক্ত কঠিন কুলের মত গ্রন্থি দৃষ্ট হয়, তাহার মধ্যদেশ উন্নত অথবা নিম্ন হইয়া থাকে। ইহাতে যাতনা উপস্থিত হয় ও রস নির্গত হইতে থাকে। ২৪। অলস,—পাদদ্বয় অপরিষ্কৃত থাকিলে, দুষ্ট কর্দ্দম সংস্পর্শে ক্লেদযুক্ত অঙ্গুলির মধ্যে যে কণ্ডূ দাহ ও যাতনা হয়, তাহাকে অলস (১) রোগ বলে। ২৫। ইন্দ্রলুপ্ত,—পিত্ত, রোমকূপে গমন করিয়া ও বায়ুর সহিত বর্দ্ধিত হইয়া, কেশ সকলকে বিচ্যুত করিয়া থাকে। তাহার পর শ্লেষ্মা, রক্তের সহিত মিলিত হইয়া সেই সকল

(১) আমাদের দেশীয় ভাষায় ইহাকে এক্ষণে "পাঁকুই" বলে।

লোম-কূপের দ্বার রোধ করে, সুতরাং পুনর্ব্বার আর কেশ জন্মিতে পারে না, ইহাকে ইন্দ্রলুপ্ত (২) বলে। ইহার অপর নাম, খালিত্য বা রুজ্যা। ২৬। দারুণ,—যখন কফ ও বায়ুর প্রকোপে কেশের স্থানে অতিশয় কণ্ডূ জন্মে ও তাহা অতিশয় রুক্ষ হয়, তখন তাহাকে "দারুণ" রোগ বলে। ২৬। অরুংসিকা,—রক্ত কফ ও কৃমি কুপিত হইলে, মনুষ্যের মস্তকে বহু ক্লেদযুক্ত ও বহুমুখ-বিশিষ্ট যে সকল ব্রণ হয়, তাহাদিগকে অরুংসিকা কহে। ২৮। পলিত,—পিত্ত ও শরীরস্থ উষ্মতা, ক্রোধ শোক ও পরিশ্রমের দ্বারা শিরস্থ হইয়া কেশ সকলকে পাকাইয়া ফেলে। ইহার নাম পলিত রোগ। ২৯। মসূরিকা,—দাহ জ্বর ও যাতনা দায়ক, ঈষৎ পীত-যুক্ত তাম্রবর্ণ যে সকল ব্রণ গাত্রে মুখে ও শরীর মধ্যে জন্মে, তাহাদিগকে মসূরিকা কহে। ৩০। যৌবন-পিড়কা,—যুবা পুরুষদিগের মুখমণ্ডলে বায়ু কফ ও রক্ত জনিত শাল্মলী-কণ্টক-সদৃশ যে সকল মুখশোভার হানিকর ব্রণ জন্মে, তাহাকে যৌবন-পিড়কা কহে। ৩১। পদ্মিনী-কণ্টক,—পদ্মের কণ্টকের ন্যায় গোলাকার ও তাহার মণ্ডলটী পাণ্ডুবর্ণ, এইরূপ ব্রণকে পদ্মিনী-কণ্টক কহে। ইহা কফ ও বায়ুর দ্বারা উৎপন্ন হইয়া থাকে। ৩২। জতুমণি,—যে ব্রণ কফ ও রক্ত-জন্য, ও ঈষৎ রক্তবর্ণ, গোলাকার ও কোমলভাবে শরীরের সমকালে জন্মিয়া থাকে, তাহাকে জতুমণি কহে। ইহাতে কোনপ্রকার যাতনা হয় না। ৩৩। মশক,—মনুষ্যের শরীরে, মাষ কলায়ের ন্যায় কৃষ্ণবর্ণ, শরীর হইতে ঈষৎ উন্নত, বেদনা-বিহীন চিরস্থায়ী যে ব্রণ দেখা যায়, তাহাকে মশক বলে। ইহা বায়ু হইতে উৎপন্ন। ৩৪। তিলকালক,—শরীরের সহিত সমতলে স্থিত বেদনাহীন কৃষ্ণবর্ণ যে তিল-চিহ্ন দেহে দেখা যায়, তাহাকে তিলকালক বলে। ইহা বায়ু পিত্ত ও কফের উদ্রেকে জন্মিয়া থাকে। ৩৫। ন্যচ্ছ,—ছোট কিংবা বড়, শ্যামবর্ণ বা শুক্লবর্ণ, গোলা-

(১) দেশীয় ভাষায় ইহাকে 'টাক' বলে।

কার, বেদনা-শূন্য ও শরীরের সহিত সমকালে জাত যে চিহ্ন মনুষ্য-শরীরে দেখা যায়, তাহাকে ন্যচ্ছ বলে। ৩৬। চর্ম্মকীল,—উৎপত্তি ও কারণ অনুসারে উহাকেই চর্ম্মকীল বলা যায়। ৩৭। ব্যঙ্গ,—পিত্ত-সংযুক্ত বায়ু, ক্রোধ ও পরিশ্রমের দ্বারা কুপিত হইয়া সহসা মুখ-মণ্ডলে আসিয়া গোলাকৃতি চিহ্ন উৎপাদন করে। তাহার অবয়ব ক্ষুদ্র ও কৃষ্ণবর্ণ মুখ-বিশিষ্ট। ইহাতে কোনপ্রকার বেদনা জন্মে না। ইহারই নাম ব্যঙ্গ। ৩৮। পরিবর্ত্তিকা,—সর্ব্বত্র ভ্রমণ-শীল বায়ু, মর্দ্দন, পীড়ন ও অত্যন্ত অভিঘাত-প্রযুক্ত যখন পুংচিহ্নের চর্ম্মকে আশ্রয় করে, তখন সেই চর্ম্ম তাহার সংসর্গে সঙ্কুচিত হইয়া আইসে, এবং মণির (পুংচিহ্নের অগ্রভাগের) নিম্নে কোষের উপরি গ্রন্থির ন্যায় লম্বমান হইতে থাকে। তখন তাহাতে বেদনা ও জ্বালা জন্মে, কখন কখন পাকিয়া উঠিয়াও থাকে। ইহাকে পরিবর্ত্তিকা পীড়া কহে। ইহা দুইপ্রকার; বায়ু-সম্ভূত ও আগন্তু, অর্থাৎ হঠাৎ কোনরূপ আঘাতাদির দ্বারাও জন্মিয়া থাকে। ইহা শ্লেষ্মা-জাত হইলে কণ্ডু-বিশিষ্ট ও কঠিন হয়। ৩৯। অবপাটিকা,—অপ্রশস্ত-যোনি রমণী বা বালিকা স্ত্রীতে গমন করা প্রযুক্ত অথবা হস্তাদির অভিঘাতের দ্বারা বলপূর্ব্বক পুংচিহ্নের চর্ম্ম উদ্বর্ত্তিত হইলে, কিম্বা মর্দ্দন, পীড়ন ও শুক্রের বেগের ব্যাঘাত হেতু চর্ম্ম উৎপাটিত হইলে, তাহাকে অবপাটিকা কহে। ৪০। নিরুদ্ধপ্রকাশ,—যখন পুংচিহ্নের চর্ম্ম, বায়ুযুক্ত হইয়া মণিস্থানকে আশ্রয় করে এবং মণি, চর্ম্মদ্বারা আচ্ছাদিত হইয়া মূত্র-স্রোতকে রুদ্ধ করে, তাহাতে সেই মণিস্থান বিদীর্ণ না হইয়া মন্দ ধারায় প্রস্রাব নির্গত হয়। ইহাকে নিরুদ্ধপ্রকাশ অথবা দুরূঢ় অবপাটিকা বলে। ৪১। নিরুদ্ধগুদ,—মল-বেগ ধারণ করিলে, বায়ু প্রতিহত হইয়া গুহ্যদেশ আশ্রয় করিয়া মল-নির্গমনের প্রধান স্রোতকে রুদ্ধ করে, এবং তৎপরিবর্ত্তে সূক্ষ্ম দ্বার প্রস্তুত করিয়া দেয়। তাহাতে পথের সূক্ষ্মতা-বশতঃ অতি কষ্টে পুরীষ নির্গত হইয়া থাকে। ইহাকে

নিরুদ্ধগুদ ব্যাধি বলে। ইহা অতিশয় কষ্টকর। ৪২। অহিপূতন,—বালকেরা মলমূত্র পরিত্যাগ করিয়া অপান-দেশ ধৌত না করিলে, তাহাতে স্বেদ জন্মিয়া অপরিষ্কৃত হইলে, তাহাতে রক্ত ও কফজাত কণ্ডূ জন্মে, কণ্ডূয়ন করিলেই তাহাতে স্ফোট জন্মে ও তাহা হইতে রস নির্গত হইয়া থাকে, তাহাতে ব্রণ সকল একত্র হইয়া অতি ভয়ানক হয়। ইহাকে অহি-পূতন কহে। ৪৩। বৃষণকণ্ডূ,—মুষ্কদেশ ধৌত ও পরিষ্কৃত না থাকিলে তাহাতে মলা জন্মে। পরে ঘর্ম্ম হইয়া যখন তাহা ক্লেদযুক্ত হয়, তখন কণ্ডূ উৎপন্ন হয়। তাহা কণ্ডূয়ন করিলেই স্ফোট জন্মায় ও রস স্রাব হয়। ইহাকে বৃষণ-কণ্ডূ কহে। ইহা শ্লেষ্মা ও বায়ুর প্রকোপে জন্মিয়া থাকে। ৪৪। গুদ-ভ্রংশ,—রুক্ষ ও দুর্ব্বল ব্যক্তির প্রবাহন (কোঁৎ পাড়া) ও অতিসার দ্বারা মলদ্বারের মাংস বাহিরে নির্গত হয়। ইহাকেই গুদভ্রংশ কহে।

চতুর্দ্দশ অধ্যায়।

শূক-দোষের (১) নিদান।

যাহারা অনর্থক পুংচিহ্ন বৃদ্ধি করিতে অভিলাষী হয়, তাহাদের এই অষ্টাদশপ্রকার ব্যাধি জন্মে। যথা, ১। সর্ষপিকা, ২। অষ্ঠীলিকা,

---

(১) শূক অর্থাৎ বিষ-জন্তু। বাৎস্যায়নাদি গ্রন্থে কহে, এই মুষ্টিযোগের প্রলেপ প্রদান করিলে পুংচিহ্নের বৃদ্ধি হয়। যথা, শূকো জলশূকঃ, স তু বিষজন্তুঃ, জলমলোণ্ডূকঃ স শূকঃ, অর্থাৎ একপ্রকার বিষজন্তু বা জলে যে আঁইস জন্মে, এই উভয়কে শূক বলে। তথা, শূকঃ প্রধানো লিঙ্গবৃদ্ধিকরো বাৎস্যায়নাদ্যুক্তো যোগঃ শূক উচ্যতে। বাৎস্যায়নাদি-গ্রন্থে জলশূকাদি প্রলেপের যে মুষ্টিযোগ উল্লেখ করিয়াছেন, তাহা প্রদর্শিত হইতেছে।......"ভল্লাতকাস্থি-জলশূক-মথাজপত্র-মন্তর্ব্বিদাহ্য মতিমান্ সহ সৈন্ধবেন। এতদ্বিমৃদ্যবৃহতীফল-তোযপিষ্টম্ আলেপনং মহিষবিড়্-বিমলীকৃতেঽঙ্গে। স্থূলং মহত্তরতুরঙ্গমতুল্যমাশু শেফঃ করোত্যভিমতং নহি সংশয়োঽস্তি॥" ভল্লাতকের বীজ, জলশূক ও পদ্ম-পত্র সৈন্ধবের সহিত ভস্ম করিয়া

৩। গ্রথিত, ৪। কুম্ভীকা, ৫। অলজী, ৬। মৃদিত, ৭। সম্মূঢ়পিড়কা, ৮। অবমন্থ, ৯। পুষ্করিকা, ১০। স্পর্শহানি, ১১। উত্তমা, ১২। শতপোনক, ১৩। ত্বক্‌পাক, ১৪। শোণিতার্ব্বুদ, ১৫। মাংসার্ব্বুদ, ১৬। মাংসপাক, ১৭। বিদ্রধি ও ১৮। তিলকালক।

১। শূক দুর্ভুগ্ন (অবিধি ক্রমে প্রয়োগ) হইলে, তাহার প্রলেপ প্রদানে কফ ও রক্ত বিকৃত হয়, তদ্দ্বারা শ্বেতসর্ষপ-তুল্য পিড়কা জন্মে। পণ্ডিতেরা ইহাকে সর্ষপিকা ব্যাধি বলিয়া উল্লেখ করিয়াছেন। ২। ঐ শূক বিষম অর্থাৎ অপ্রশস্তরূপে উত্তোলিত ও বিষ-সংযুক্ত হইলে, তাহার প্রলেপে বায়ু কুপিত হয়, তাহাতে যে পিড়কা জন্মে, তাহাকে অষ্ঠীলিকা কহে; ইহা অতিশয় কঠিন। ৩। পুংচিহ্ন নিরন্তর শূকদ্বারা পূরিত থাকিলে কফ প্রকুপিত হয়; তদ্দ্বারা যে পিড়কা জন্মে, তাহাকে গ্রথিত বলে। ৪। শূক-প্রলেপের দ্বারা রক্ত-পিত্ত কুপিত হইয়া জম্বূবীজ অর্থাৎ জামের আঁঠির ন্যায় যে পিড়কা উৎপন্ন হয়, তাহাকে কুম্ভীকা কহে; ইহা অতিশয় অনিষ্টকর। ৫। প্রমেহ রোগে "অলজী" নামক যে পিড়কা বর্ণিত হইয়াছে, শূক-প্রলেপের দ্বারা যদি সেই লক্ষণাক্রান্ত পিড়কার উৎপত্তি হয়, তবে তাহাকে অলজী ব্যাধি বলা যায়। ৬। শূক-প্রলেপে বায়ু প্রকুপিত হইয়া যদি পুংচিহ্ন পাড়িত (মর্দ্দিত) হইয়া সংরব্ধ হয় (ফুলিয়া উঠে), তবেই তাহাকে মৃদিত ব্যাধি বলা যায়। ৭। হস্তদ্বারা সংপীড়িত হইলে যে পিড়কা জন্মে, তাহাকে সম্মূঢ়-পিড়কা কহে। ৮। যে সকল পিড়কা

পেষণ-কালে তাহাতে দগ্ধ বৃহতী (বেগুণ বিশেষ) ফলের রস প্রদান করিবে। অনন্তর মহিষের বিষ্ঠা দ্বারা পুংচিহ্ন পরিষ্কার করিয়া তাহাতে ঐ প্রলেপ প্রদান করিতে হইবে। এরূপ করিলে অতি শীঘ্রই অশ্বের ন্যায় স্থূল ও অতি মহৎ পুংচিহ্ন বৃদ্ধি পাইয়া থাকে। কিন্তু এই অসৎ চেষ্টা দ্বারা উপরোক্ত অষ্টাদশপ্রকার ব্যাধি উৎপন্ন হয়। শূকাদির প্রলেপ প্রদান করিলে যে অনিষ্ট হয়, তাহাকে শূকদোষ বলে।

বহু পরিমাণে জন্মে, এবং দীর্ঘাকৃতি হইয়া মধ্যদেশে বিদীর্ণ হইয়া যায়, তাহাদিগকে অবমন্থ বলে। রক্ত ও কফ বিকৃত হইলে এই জাতীয় ব্যাধি জন্মে, ইহাতে অতিশয় বেদনা ও রোমাঞ্চ হইয়া থাকে। ৯। যে পিড়কার আকৃতি পদ্মবীজের ন্যায়, ও যাহার চতুষ্পার্শ্বে ক্ষুদ্র ক্ষুদ্র পিড়কা জন্মে, পিত্ত ও রক্ত জাত সেই সকল পিড়কাকে পুষ্করিকা কহে। ১০। দূষিত শূক দ্বারা শোণিত দুষ্ট হইয়া যে পিড়কা জন্মে, তাহার নাম স্পর্শহানি। ১১। শূক-প্রলেপ-প্রদানে অরুচি উপস্থিত হইয়া, মুদ্গ ও মাষ কলায়ের ন্যায় যে পিড়কা উৎপন্ন হয়, তাহাকে উত্তমা বলে। ইহা রক্ত বর্ণ, রক্ত-পিত্ত দূষিত হইয়া জন্মিয়া থাকে। ১২। অণুর ন্যায় ক্ষুদ্র ক্ষুদ্র ছিদ্র দ্বারা পুংচিহ্নের চারিদিক্ পূর্ণ হইলে তাহাকে শতপোনক ব্যাধি বলে। ইহা বায়ু ও রক্ত কুপিত হইয়া জন্মিয়া থাকে। ১৩। পিত্ত ও রক্ত কুপিত হইয়া যে সকল পিড়কা উৎপন্ন হয় এবং যাহাতে জ্বর ও দাহ জন্মে, তাহাকে ত্বক্-পাক ব্যাধি বলে। ১৪। যাহার চারিদিকে ঈষৎ রক্ত ও কৃষ্ণবর্ণ স্ফোট অর্থাৎ ফুলা-বিশিষ্ট পিড়কা জন্মে, এবং যাহাতে ব্রণ-স্থান অতিশয় বেদনা-যুক্ত হয়, সেই ভয়ানক পিড়কাকে শোণিতার্ব্বুদ বলা যায়। ১৫। শূক-প্রলেপ-প্রদানে মাংস দূষিত হইয়া যে ব্রণ জন্মে, তাহাকে মাংসার্ব্বুদ বলে। ১৬। শূক-দোষ-জাত ব্রণ উৎপন্ন হইলে যাহার মাংস সকল বিশীর্ণ হইয়া যায় এবং অতিশয় বেদনা জন্মে, তাহাকে মাংসপাক ব্যাধি বলে। ত্রিদোষ কুপিত হইয়া এই ব্যাধি উৎপন্ন হইয়া থাকে। ১৭। সান্নিপাতিক বিদ্রধি-রোগের যে লক্ষণ নির্দ্দেশ করা হইয়াছে, সেই লক্ষণাক্রান্ত পিড়কাকে বিদ্রধি ব্যাধি বলে। ১৮। কৃষ্ণ অথবা বিচিত্র বর্ণ বিষাক্ত শূকে প্রলেপ প্রদান করিলে, পুংচিহ্নের সমুদয় অংশ পাকিয়া উঠে এবং মাংসখণ্ড সকল কৃষ্ণবর্ণ হইয়া খসিয়া যায়। এই ব্যাধিকে তিলকালক বলে। সন্নিপাত হইতেই এই ব্যাধির উৎপত্তি হইয়া থাকে।

উপরে যে অষ্টাদশপ্রকার শূকদোষ-জনিত ব্যাধির উল্লেখ করা গেল, ইহার মধ্যে মাংসার্ব্বুদ, মাংস-পাক, বিদ্রধি ও তিলকালক, এই চারিপ্রকার ব্যাধি অসাধ্য জানিবে।

পঞ্চদশ অধ্যায়।

ভগ্নের নিদান।

পতন, পীড়ন, প্রহার, আক্ষেপণ (ইতস্ততঃ অঙ্গ-বিক্ষেপ), হিংস্র পশুর দশন প্রভৃতি দ্বারা আঘাত, ইত্যাদি নানাপ্রকারে অস্থি ভগ্ন হইয়া থাকে। অস্থিভঙ্গ নানাপ্রকারে হইলেও তাহা প্রধানতঃ দুই-প্রকারে উৎপন্ন হয়। যথা, সন্ধিমুক্ত ও কাণ্ড-ভগ্ন।

সন্ধিমুক্ত ছয়প্রকারে হইয়া থাকে। যথা;—১ উৎপিষ্ট, ২ বিশ্লিষ্ট, ৩ বিবর্ত্তিত, ৪ অবক্ষিপ্ত, ৫ অতিক্ষিপ্ত ও ৬ তির্য্যক্‌ক্ষিপ্ত। সন্ধিমুক্ত হইলে, সামান্যতঃ এই সকল লক্ষণ হইয়া থাকে;—অঙ্গ প্রসারণ (বিস্তার), আকুঞ্চন (গুড়াইয়া লওয়া), বিবর্ত্তন (ফেরান) ও আক্ষেপণ (ইতস্ততঃ বিক্ষেপ), এই সকল কার্য্যে শক্তি থাকে না, অতিশয় যাতনা জন্মে এবং স্পর্শ করিলে অতিশয় অসহ্য হইয়া উঠে।

এক্ষণে বিশেষরূপে বলা যাইতেছে;—১। সন্ধি উৎপিষ্ট হইলে, উভয় পার্শ্বেই শোফ ও বেদনা জন্মে, বিশেষতঃ রাত্রিকালে নানা-প্রকার বেদনা উপস্থিত হইয়া থাকে। ২। সন্ধি বিশ্লিষ্ট হইলে, অল্প শোফ ও সতত বেদনা জন্মে, এবং সন্ধির বিকৃতি হইয়া থাকে। ৩। সন্ধি বিবর্ত্তিত হইলে, অঙ্গ বিকৃত হইয়া থাকে এবং বেদনা জন্মে। ৪। সন্ধি অবক্ষিপ্ত হইলে, সন্ধির বিশ্লেষ হয় এবং ভয়ানক যাতনা জন্মিয়া থাকে। ৫। সন্ধি অতিক্ষিপ্ত হইলে, সন্ধি ও অস্থি উভয়ের অতিক্রান্ততা ও বেদনা জন্মিয়া থাকে। ৬। সন্ধি তির্য্যক্‌ক্ষিপ্ত

হইলে, এক অস্থির পার্শ্বে অন্য অস্থি গিয়া পড়ে এবং অত্যন্ত বেদনা জন্মিয়া থাকে (১)।

ইহার পর কাণ্ডভগ্নের বিষয় বলিব।—

কাণ্ডভগ্ন দ্বাদশ প্রকারে হইয়া থাকে। যথা;—১ কর্কটক, ২ অশ্বকর্ণ, ৩ চূর্ণিত, ৪ পিচ্চিত, ৫ অস্থিচ্ছলিত, ৬ কাণ্ডভগ্ন, ৭ মজ্জানুগত, ৮ অতিপাতিত, ৯ বক্র, ১০ ছিন্ন, ১১ পাটিত ও ১২ স্ফুটিত। কাণ্ডভগ্ন হইলে সামান্যতঃ এই সকল লক্ষণ হইয়া থাকে,—অতিশয় শ্বয়থু জন্মে, স্পন্দন বিবর্ত্তন ও স্পর্শ করিলে অসহ্য যাতনা জন্মে, অবপীড্যমান হইলে (টিপিলে) শব্দ হয়, অঙ্গ সকল স্রস্ত হয়, নানাপ্রকার বেদনা জন্মে, এবং কোন অবস্থাতেই সুখ লাভ হয় না।

এক্ষণে বিশেষরূপে ঐ সকলের লক্ষণ বলা যাইতেছে।

১। অস্থির মধ্যে উভয় দিক্ ভগ্ন হইয়া মধ্যস্থল গ্রন্থির ন্যায় উন্নত হইলে, তাহাকে কর্কটক বলে। ২। অস্থি ভগ্ন হইয়া অশ্বের কর্ণের ন্যায় উন্নত হইলে, তাহাকে অশ্বকর্ণ বলে। ৩। অস্থি চূর্ণ হইলে চূর্ণিত বলে, ইহা শব্দ ও স্পর্শের দ্বারা জানা যায়। ৪। অতিশয় স্থূল ও অধিক শোফ বিশিষ্ট হইলে পিচ্চিত (২) বলা যায়। ৫। পার্শ্বদ্বয়ের ক্ষুদ্র অস্থি উঠিয়া গেলে অস্থিচ্ছলিত (৩) বলে। ৬। প্রসারণ করিতে কম্পিত হইলে কাণ্ডভগ্ন বলে। ৭। কোন অস্থির খণ্ড, অস্থির মধ্যে প্রবেশ করিয়া মজ্জাকে বিদ্ধ করিলে, তাহাকে

(১) "উৎপিষ্ট" দুই অস্থির সন্ধি স্থানে ঘর্ষিত হওয়া। "বিশ্লিষ্ট" দুই অস্থির সন্ধি অল্প শিথিল হওয়া। "বিবর্ত্তিত" সন্ধিটী এক পার্শ্বে সরিয়া যাওয়া। "অবিক্ষিপ্ত" সন্ধি-স্থান ছাড়িয়া কোন অস্থি নীচু হইয়া পড়া। "অতিক্ষিপ্ত" সন্ধি-স্থান হইতে কোন অস্থি উচ্চ হইয়া উঠা। "অতিক্রান্ততা" অস্থিদ্বয় সন্ধি-স্থান ত্যাগ করিয়া পরস্পর দূরে গমন করা।

(২) অস্থি পিষিয়া যায় ও তাহাতে মাংস চারিদিকে ফাটিয়া যায়।

(৩) বৃহৎ অস্থি হইতে ক্ষুদ্র খণ্ড চ্যুত হইলে অস্থিচ্ছলিত বলে।

মজ্জানুগত কহে। ৮। অস্থি নিঃশেষ-রূপে ছিন্ন হইলে অতিপাতিত বলে। ৯। অস্থি ঈষৎ বক্র হইয়া ভগ্ন হইলে এবং বিশ্লিষ্ট না হইলে বক্র বলে। ১০। অস্থি ভগ্ন হইয়া এক পার্শ্বে কিঞ্চিৎ লাগিয়া থাকিলে ছিন্ন বলে। ১১। নানাপ্রকারে বিদীর্ণ হইয়া বেদনা-বিশিষ্ট হইলে, তাহাকে পাটিত বলে। ১২। শূক-পূর্ণ-সদৃশ (শূঁয়ার ন্যায় বস্তু শরীরে প্রবিষ্ট হওয়ার ন্যায়) ফুলিয়া উঠিলে স্ফুটিত বলে। এই সকলের মধ্যে চূর্ণিত, ছিন্ন, অতিপাতিত ও মজ্জানুগত, এই সকল কৃচ্ছ্রসাধ্য জানিবে। কৃশ, বৃদ্ধ, বালক দিগের, ক্ষত, ক্ষীণ, ক্ষয়-রোগী, কুষ্ঠ ও শ্বাস-রোগী দিগের সন্ধি ভগ্ন হইলে কষ্ট-সাধ্য জানিবে।

যাহার কপাল ভিন্ন হইয়াছে, এবং কটিদেশের সন্ধি মুক্ত বা ভ্রষ্ট ও জঘন-দেশ প্রতিপিষ্ট (পিষিয়া যাওয়া) হইয়াছে, তাহাকে চিকিৎসক পরিত্যাগ করিবে। যাহার কপালাস্থি (১) বিশ্লিষ্ট ও ললাট চূর্ণিত হইয়াছে, এবং যাহার স্তন-মধ্য (বক্ষঃ). শঙ্খ, পৃষ্ঠ ও মস্তক ভগ্ন হইয়াছে, চিকিৎসক তাহাকে বর্জ্জন করিবে। যাহার অস্থি ও সন্ধিস্থান প্রথম হইতেই বিকৃতি-ভাব প্রাপ্ত হয়, কিম্বা যাহার অস্থি সম্যক্‌রূপে সংহত হইলেও মন্দরূপে বিন্যাস ও বন্ধন হেতু কিংবা সঞ্চালন বশতঃ বিকৃতি প্রাপ্ত হয়, বৈদ্য তাহাকে পরিত্যাগ করিবে (২)। উপরে যে তিন অবস্থা কীর্ত্তিত হইয়াছে, বিজ্ঞ বৈদ্যের দ্বারা চিকিৎসিত হইলে, মধ্যম-বয়স্ক ব্যক্তির তাহা স্থির ভাবে থাকে।

---

(১) মাথার খুলিতে, হাঁটুর সন্ধি-স্থানে বা নিতম্ব প্রভৃতি স্থানে যে চাকীর মত অস্থি থাকে, তাহাকে কপাল বলে।

(২) ভগ্ন অস্থি বসাইবার সময় বা বন্ধন করিবার সময় কোন দোষ হয় অর্থাৎ স্বাভাবিক-ভাবে বসান না হয় বা সঞ্চালনের দ্বারা সরিয়া যায়, তাহাতে যোড়া লাগিলেও বাঁকা বা অন্য কোনরূপ বিকৃতি হয়। সেটী আর ভাল হয় না।

তরুণ নামক অস্থি নত হয়। নলক অস্থি ভগ্ন হয়। কপাল-অস্থি বিভিন্ন হয় ও রুচক অস্থি স্ফুটিত হয় (১)।

ষোড়শ অধ্যায়।

মুখ-রোগের নিদান।

মুখ-রোগ পঞ্চষষ্টি (৬৫) প্রকার। সেই সকল রোগ সাতটী স্থানে হয়। সাতটী স্থান যথা,—ওষ্ঠদ্বয়, দন্তমূল, দন্ত, জিহ্বা, তালু, কণ্ঠ এবং এক-কালে এই সকল স্থান। তাহার মধ্যে ওষ্ঠে আটপ্রকার, দন্ত-মূলে পঞ্চদশ (১৫) প্রকার, দন্তে আটপ্রকার, জিহ্বাতে পাঁচপ্রকার, তালুতে নয়প্রকার, কণ্ঠে সপ্তদশ (১৭) প্রকার, এবং এককালীন মুখের সর্ব্বস্থানে তিনপ্রকার মুখ রোগ জন্মে।

বায়ু, পিত্ত, শ্লেষ্মা, সন্নিপাত, রক্ত, মাংস, মেদ ও শরীরে কোন-প্রকার আঘাত, এই অষ্টপ্রকার কারণে ওষ্ঠের প্রকোপ হইয়া থাকে। বায়ুর প্রকোপ-জন্য ওষ্ঠদ্বয় কর্কশ, পরুষ, স্তব্ধ-ভাব, কৃষ্ণবর্ণ, তীব্র-বেদনা-যুক্ত, বিদীর্ণ এবং অবিদীর্ণ (ছাল ওঠা) হয়। পিত্তের প্রকোপ-জন্য, ওষ্ঠদ্বয় সর্ষপের ন্যায় ক্ষুদ্র ক্ষুদ্র ব্রণে আবৃত হয়, জ্বালা করে, পাকিয়া উঠে ও তাহা হইতে রস নিঃসৃত হয় এবং নীল ও পীতবর্ণ-বিশিষ্ট হয়। শ্লেষ্মার প্রকোপে ওষ্ঠদ্বয়ে মাংসের ন্যায় বর্ণ-বিশিষ্ট ক্ষুদ্র ক্ষুদ্র পিড়কা জন্মে, বেদনা থাকে না, চুলকায়, ফুলিয়া উঠে এবং পিচ্ছিল ও শীতল ভাব হয়। ওষ্ঠদ্বয় সন্নিপাত কর্ত্তৃক কখন কৃষ্ণবর্ণ হয়, কখন পীতবর্ণ হয়, ও কখন শ্বেতবর্ণ হয়, এবং ক্ষুদ্র ক্ষুদ্র বহু-সংখ্যক ব্রণের দ্বারা ব্যাপ্ত হয়। ওষ্ঠদ্বয় খর্জ্জুর-ফলের ন্যায় বর্ণ-বিশিষ্ট ক্ষুদ্র ক্ষুদ্র ব্রণের দ্বারা আচিত হইলে, ও তাহা হইতে শোণিতের আস্রাব হইলে, তাহাকে রক্তের প্রকোপ জন্য ওষ্ঠ-রোগ বলা যায়। মাংস দূষিত হইয়া ওষ্ঠ-রোগ হইলে, ওষ্ঠদ্বয় ভার, স্থূল ও মাংস-পিণ্ডের

(১) এই কয়প্রকার অস্থির বিবরণ শারীর-স্থানের অধ্যায়ে বলা যাইবে।

ন্যায় উন্নত হয়, এবং ওষ্ঠের উভয় পার্শ্বে শৃকণি দেশে কৃমি জন্মে। মেদ কর্ত্তৃক দূষিত হইলে ওষ্ঠদ্বয় ঘৃত মণ্ডের ন্যায় (ঘৃতের উপরি ভাগের সরের ন্যায়) বর্ণ-বিশিষ্ট, কণ্ডূযুক্ত, স্থির, ও কোমল হয় এবং তাহা হইলে স্ফটিকের ন্যায় নির্ম্মল আস্রাব হইতে থাকে। কোন প্রকাব আঘাতের দ্বারা ওষ্ঠ-রোগ হইলে, ওষ্ঠদ্বয় রক্তবর্ণ হয়, এবং খণ্ডিত-বিদীর্ণ ও কণ্ডূযুক্ত হয়।

দন্তমূলগত রোগ যথা—শীতাদ, দন্ত পুপ্পুটক্ দন্তবেষ্টক, শৌষীর, মহাশৌষীর, পরিদর উপকুশ, দন্তবৈদর্য্য, অধিমাংস, এবং পাঁচ প্রকার নাড়ী (নালী ঘা) এই পঞ্চদশ প্রকার রোগ দন্তমূলে হইয়া থাকে। দন্ত-মূল হইতে অকস্মাৎ দুর্গন্ধ-যুক্ত, কৃষ্ণবর্ণ ও ক্লিন্ন শোণিত অল্পে অল্পে নিঃসৃত হইলে, এবং দন্তের মাংস সমস্ত শীর্ণ হইয়া পরস্পর পাকাইয়া তুলিলে (১) শীতাদ নামক রোগ বলা যায়, ইহা কফ ও শোণিত কর্ত্তৃক জন্মে। দুইটী কি তিনটী দন্তমূলে অতিশয় বেদনা ও ফুলা জন্মিলে দন্ত-পুপ্পুটক্ রোগ বলা যায়, ইহাও কফ-রক্ত কর্ত্তৃক জন্মে। দন্তমূল ইহাতে পূয ও রুধির নিঃসৃত হইতে থাকিলেও তদ্দারা দন্ত চালিত হইলে (নড়িলে) দন্ত বেষ্টক রোগ বলা যায়। ইহা দূষিত শোণিত কর্ত্তৃক জন্মে। দন্ত মূলে ফুলা বেদনা লালাস্রাব ও কণ্ডূ এই সকল উপদ্রব জন্মিলে শৌষীর নামক রোগ বলা যায়। দন্ত-মূল হইতে দন্ত সকল চলিত হইলে, তালু, ওষ্ঠ ও দন্ত-মূল হইতে দন্ত-মূল অবদীর্ণ হইলে (কাটিয়া গেলে) এবং দন্ত-মূলের মাংস পাকিয়া মুখে যন্ত্রণা হইলে মহাশৌষীর রোগ বলা যায়। দন্ত-মাংস সকল শীর্ণ হইলে, ও ষ্ঠীবন কালে (থুতু ফেলিতে গেলে) তাহা হইতে রক্ত নিঃসরণ হইলে, পরিদর রোগ বলা যায়। এই রোগ পিত্ত-রক্ত

১। একটী দন্তের মূল পাকিলে সেই পূযের সংস্রবে অপর দন্তমূল পাকিয়া উঠে।

ও কফ কর্তৃক জন্মে দন্ত-মূল জ্বালা করিলে ও পাকিয়া উঠিলে, তদ্দ্বারা দন্ত সকল চলিত হইলে, ঈষৎ ঘর্ষণে তাহা হইতে শোণিত স্রাব হইলে, রক্ত স্রাবের পর ফুলিয়া উঠিলে এবং মুখে দুর্গন্ধ হইলে উপকুশ রোগ বলা যায়। ইহা রক্তপিত্ত জন্য জন্মে। দন্তমূল কোন প্রকারে ঘর্ষিত হইলে অতিশয় যাতনা বোধ হয় ও ফুলিয়া উঠে ও পাকে, এবং দন্ত সকল চলিত হয়, এইটী বৈদর্ভ্য রোগ, কোন প্রকার আঘাত জন্য জন্মে। বায়ু কর্তৃক স্বাভাবিক অপেক্ষা অধিক দন্ত জন্মে, সেই দন্তের উৎপত্তিকালে অতিশয় তীব্র বেদনা হয়, জন্মিলে পর সে যাতনার শান্তি হয় ইহাকে বর্দ্ধন রোগ কহে। হনুর গহ্বরের (গালের ভিতরের) শেষ ভাগের দন্তে (অর্থাৎ যাহাকে কশের দাঁত বলে) অতিশয় ফুলা ও বেদনা জন্মিলে ও তাহা হইতে লালাস্রাব হইতে থাকিলে অধিমাংসক রোগ বলে। ইহা কফ কর্তৃক জন্মে। দন্ত-মূলে পাঁচ প্রকার নাণী জন্মে।

দন্তগত রোগ যথা—দালিন, কৃমিদন্তক, দন্তহর্ষ, ভঞ্জনক, শর্করা, কপালিকা, এবং হনুমোক্ষ। যে রোগ দন্ত সমস্ত, বিদীর্ণ হওয়ার ন্যায় তীব্র যাতনা বিশিষ্ট হয়, তাহাকে দালন রোগ বলে, এই রোগ বায়ু কর্তৃক জন্মে। দন্ত, কৃষ্ণবর্ণ, ছিদ্রযুক্ত ও চলিত হইলে ও তাহা হইতে লালাস্রাব হইতে থাকিলে এবং অকারণে (অর্থাৎ না টিপিলেও) অতিশয় সংরম্ভ (কট্ কট্ করা) ও যাতনা হইলে তাহাকে কৃমিদন্ত-বলে, এই রোগ বায়ু কর্তৃক জন্মে। দন্তে শীতল বা উষ্ণ ও স্পর্শ-সহ্য না হইলে দন্ত-হর্ষ রোগ বলা যায়। ইহাও বায়ূ-জন্য। মুখ ও দন্ত ভগ্ন হইলেও অতিশয় যাতনা হইলে ভঞ্জনক রোগ বলা যায়। ইহা কফ-বাত কর্তৃক জন্মে। মল সঞ্চিত হইয়া শর্করার ন্যায় কঠিন হইলে, দন্তের গুণের হানি হয়, ইহাকে দন্তশর্করা রোগ বলে। সেই শর্করার সহিত দন্ত-মূলের মাংস নিম্ন হইয়া পড়িলে তাহাকে কপালিকা কহে। ইহার দ্বারা দন্ত নাশ

হয়। শোণিত মিশ্রিত পিত্ত কর্ত্তৃক দন্ত দগ্ধ হইয়া শ্যাম অথবা নীল বর্ণ হইলে শ্যাব-দন্ত কহে। বায়ু কর্ত্তৃক উপদ্রব জন্মিয়া হনুর সন্ধি বিশ্লিষ্ট হইলে, তাহাকে হনুমোক্ষ বলা যায়, ইহাতে অর্দ্দিত বায়ুর লক্ষণ দেখা যায় অর্দ্দিত ব্যাধির নিদানে দেখিবে।

জিহ্বাগত রোগ যথা—ত্রিদোষ দ্বারা তিন প্রকার কণ্টক, এবং অলাস ও উপজিহ্বিকা এই পাঁচ প্রকার। বায়ু দ্বারা স্ফুটিত (ফেটে যায়), রসজ্ঞানের অভাব এবং শাক পত্রের ন্যায় বর্ণ হয়। পিত্ত দ্বারা পীত বর্ণ, দাহ এবং রক্ত বর্ণ কণ্টক দ্বারা বেষ্টিত হয়। কফের দ্বারা ভার হয় ও জিহ্বার মাংসে উন্নত শিমূল কাঁটার ন্যায় অধিক সংখ্যক উন্নতি দেখা যায়। জিহ্বাতলে যে প্রগাঢ় ফুলা জন্মে তাহাকে অলাস বলা যায়। ইহা কফ-রক্তদ্বারা জন্মে। সেই ফুলা বৃদ্ধি হইয়া জিহ্বাকে স্তব্ধ করে এবং জিহ্বামূল পাকিয়া উঠে। জিহ্বার অগ্রভাগ ফুলিয়া উন্নত হইয়া থাকে ও তাহা হইতে লালাস্রাব হয় এবং কণ্ডু ও দাহ জন্মে। এইটী উপজিহ্বিকা রোগ, কফ-রক্ত হইতে জন্মে।

তালুগত রোগ যথা—গলশুণ্ডিকা, তুণ্ডিকেরী, অধ্রুষ, মাংস-কচ্ছপী, অর্ব্বুদ, মাংস-সংঘাত, তালু-পুপ্পুট, তালুশোষ ও তালুপাক এই নয় প্রকার। শ্লেষ্মা এবং রক্তের দ্বারা তালু-মুলে বায়ু পূর্ণ বস্তির ন্যায় (স্ফীত মশকের ন্যায়) দীর্ঘ উন্নত শোফ জন্মে, ও তাহাতে তৃষ্ণা, কাস ও শ্বাস হয়, ইহাকে গলশুণ্ডী রোগ বলে। ফুলা, স্থূল ঘা বেদনা দাহ ও পাকিয়া উঠা এই লক্ষণ ঘটিলে তুণ্ডিকেরী বলে। তালুদেশে ফুলা, স্তব্ধভাব (ভার হয়ে থাকা) ও রক্তবর্ণ দৃষ্ট হইলে অধ্রুষ বলা যায়। এই রোগ রক্ত কর্ত্তৃক জন্মে এবং ইহাতে অতিশয় জ্বর হয়। তালুদেশ কচ্ছপের ন্যায় উন্নত বেদনা হীন, হইলে ও ফুলা অল্পে অল্পে বিলম্বে বৃদ্ধি হইলে কচ্ছপী বলে। ইহা শ্লেষ্মা কর্ত্তৃক জন্মে। তালুমধ্যে পদ্মাকার শোফ হইলে তাহাকে

রক্ত জন্য অর্ব্বুদ বলা যায়। ঐ অর্ব্বুদের লক্ষণ পূর্ব্বে বলা হইয়াছে। তালুর অভ্যন্তরে শ্লেষ্মা কর্ত্তৃক মাংস দূষিত হইয়া বেদনা হীন যে ফুলা হয় তাহাকে মাংস সংঘাত বলে। তালুদেশে বেদনাহীন, স্থায়ী, ও কুলের মত যে ফুলা হয় তাহা কফ-মেদ-জন্য পুপ্পুট-রোগ। বায়ু-পিত্ত জন্য তালু শুষ্ক ও বিদীর্ণ হইলে ও তদ্দ্বারা তালু শ্বাস হইলে তাহাকে তালুশোষ বলে। পিত্ত কর্ত্তৃক তালুদেশ পাকিয়া উঠিলে তালুপাক বলে।

কণ্ঠস্থিত রোগ যথা—রোহিণী রোগ, কণ্ঠশালুক, অধিজিহ্বা, বলয়, বলাস, একবৃন্দ, বৃন্দ, শতঘ্নী, গিলায়ু, গলবিদ্রধি, গলৌঘ, স্বরঘ্ন, মাংসতান, এবং বিদারি। গলদেশে বায়ু, পিত্ত, কফ, ও শোণিত পৃথক রূপে অথবা সকলে মিলিত হইয়া বৃদ্ধি হয়, তদ্দ্বারা মাংস দূষিত হইয়া মাংসাঙ্কুর হয়, তাহাতে গলনালী রোধ হয় ও শীঘ্র প্রাণ বিনাশ করে। ইহাকে রোহিণী রোগ বলে। জিহ্বার চতুর্দ্দিকে অতিশয় বেদনা বিশিষ্ট যে মাংসাঙ্কুর সমস্ত জন্মিয়া কণ্ঠনালী রোধ করে, ও বায়ু-জন্য উপদ্রব সমস্ত হয়, তাহাকে বায়ুজন্য রোহিণী রোগ বলে। সেই সকল মাংসাঙ্কুর শীঘ্র উত্থিত হইলে ও শীঘ্র পাকিয়া উঠিলে এবং অতিশয় জ্বর হইলে, তাহাকে পিত্তজন্য রোহিণী রোগ বলা যায়। সেই সকল মাংসাঙ্কুর, গলনালীর পথে হইয়া, গভীর ও কঠিন হইলে এবং বিলম্বে পাকিলে তাহাকে কফ-জন্য রোহিণী রোগ বলে। গম্ভীরভাবে পাকিয়া উঠিলে ও কোন প্রতিকারে তাহার শান্তি না হইলে এবং তিন দোষেরই চিহ্ন তাহাতে লক্ষিত হইলে সান্নিপাতিক রোহিণী-রোগ বলা যায়। স্ফোটের (ফোড়া) দ্বারা ব্যাপ্ত এবং পিত্তের সকল লক্ষণ যুক্ত হইলে শোণিত-জন্য রোহিণী রোগ বলা যায়। গলদেশে কুলের অস্থির ন্যায় গ্রন্থির আকার হইলে ও তাহাতে গলদেশে কণ্টক বা শুঁয়ার ন্যায় অনুভূত হইলে এবং খরস্পর্শ ও কঠিন হইলে, তাহাকে কণ্ঠশালুক বলে। এই রোগ শস্ত্রসাধ্য। জিহ্বার অগ্রভাগ ফুলা

বিশিষ্ট এবং তাহার উপরিভাগ রক্ত মিশ্রিতের ন্যায় হইলে, ইহাকে অধিজিহ্বা রোগ বলে। ইহা পাকিতে আরম্ভ হইলে রোগীকে পরিত্যাগ করিবে। শ্লেষ্মার দ্বারা আয়ত ও উন্নত শোফ গলনালীতে জন্মিয়া ভুক্ত দ্রব্যের পথ রুদ্ধ করিলে, বলয় রোগ বলা যায়। এই রোগ অসাধ্য। গলদেশে শ্লেষ্মা ও বায়ু কর্ত্তৃক ফুলা হইয়া শ্বাস উপস্থিত হইলে ইহাকে মর্ম্মচ্ছেদি দুস্তর বলাস নামক রোগ বলা যায়। গলদেগে যে ফুলা গোল ও উন্নত হইয়া, দাহ ও কণ্ডূ-যুক্ত, ভার, ও কোমল হয় এবং পাকে না তাহাকে একবৃন্দ রোগ বলে। ইহা শ্লেষ্মা-রক্ত কর্ত্তৃক জন্মে। অতিশয় গোল ও উন্নত হইয়া, অতিশয় দাহ ও তীব্র জ্বর বিশিষ্ট হইলে বৃন্দ রোগ বলা যায়। এই রোগ রক্তপিত্ত জন্য হয়, ইহা বেদনা যুক্ত হইলে বাত-রক্ত জন্য বলা যায়। শোফ ঘনবর্ত্তির ন্যায় (১) গলনালীতে হইয়া মাংসাঙ্কুরের দ্বারা অতিমাত্র ব্যাপ্ত হইলে ও তদ্দ্বারা বিবিধ প্রকার যাতনা হইলে তাহাকে ত্রিদোষ জন্য শতঘ্নী রোগ বলে। এই রোগ অসাধ্য। গলদেশে আমলকীর অস্থি পরিমিত গ্রন্থি জন্মিয়া কঠিন ও অল্প বেদনা বিশিষ্ট হইলে ও দেখিতে কফ-রক্ত জন্য রোগের ন্যায় হইলে এবং ভোজন কালে ভুক্ত দ্রব্য যেন গলদেশে সংলগ্ন হইতেছে এইরূপ অনুভব হইলে, তাহাকে গিলায়ু রোগ বলে। এই রোগ শস্ত্র সাধ্য। সমস্ত গল-দেশ ব্যাপিয়া ফুলিয়া উঠিলে ও তাহাতে সকল প্রকার যাতনা হইলে, তাহাকে গলবিদ্রধি বলা যায়। ইহা সকল দোষ কুপিত হইয়া জন্মে। গলদেশ অতিশয় ফুলিয়া অন্ন বা জলপ্রবেশের পথ রোধ করিলে ও তাহাতে বায়ুর গতি নাশ হইলে এবং তীব্র জ্বর হইলে গলৌঘ রোগ বলা যায়। এই রোগ কফ-রক্ত কর্ত্তৃক উৎপন্ন হয়।

রোগী মূর্চ্ছিত হইয়া শ্বাস বিশিষ্ট হইলে, স্বরের ভিন্নতা এবং

---

(১) "ঘনবর্ত্তি" মোটা পলিতার মত।

গলনালী শুষ্ক ও (১) বদ্ধ হইলে, স্বরঘ্ন বলা যায়। শ্বাসের পথ, কফাবৃত হইলে এই রোগ উৎপন্ন হয়। গলদেশের ফুলা ক্রমে ক্রমে বিস্তার হইয়া গলনালী প্রায় রোধ করে ও ফুলা লম্বিত হয়। এই রোগ ত্রিদোষ-সম্ভূত, অতিশয় ক্লেশদায়ক ও প্রাণ-সংহার-কারী, ইহাকে মাংসতান বলে। গল-দেশের অভ্যন্তরে ঈষৎ রক্তবর্ণ দাহ ও বেদনা বিশিষ্ট ফুলা জন্মিয়া তত্রস্থ মাংসকে শীর্ণ ও দুর্গন্ধযুক্ত করে। ইহাকে বিদারী রোগ বলে। ইহা পিত্ত দ্বারা উৎপন্ন হয়। রোগী যে পার্শ্বে শয়ন করে, সেই পার্শ্বেই এই রোগ বিশেষরূপে জন্মে। সর্ব্বসরা অথবা মুখের সর্ব্বস্থান ব্যাপী রোগ, বায়ু পিত্ত কফ ও শোণিত এই সকল দোষের সন্নিপাতে জন্মে। 'বেদনা যুক্ত স্ফোটের দ্বারা মুখের সর্ব্বস্থান ব্যাপ্ত হইলে, তাহাকে বায়ু-জন্য সর্ব্বসরা বলা যায়। ঈষৎ পীত-যুক্ত রক্তবর্ণ, ও দাহ বিশিষ্ট স্ফোটের দ্বারা ব্যাপ্ত হইলে, তাহাকে পিত্ত কোপ প্রযুক্ত সর্ব্বসরা রোগ বলা যায়। কণ্ডূ-যুক্ত অল্প বেদনা বিশিষ্ট ও ত্বকের ন্যায় বর্ণ বিশিষ্ট স্ফোটের দ্বারা ব্যাপ্ত হইলে, শ্লেষ্মা-জন্য সর্ব্বসরা বলা যায়। কেহ কেহ বলেন, যে রক্তকর্ত্তৃক পিত্ত চালিত হইয়া এক প্রকার মাত্র সর্ব্বসরা রোগ জন্মায়, তাহাকে মুখ পাক বলে।

---

(১) "গলনলী বদ্ধ" কিছু গিলিতে না পারা।

নিদাম স্থানের টীকা।

বাত ব্যাধি।

যদিও পক্কাশয় ও গুদ বায়ুর স্থান বলিয়া নির্ণয় করিয়াছেন তথাপি নাভি কণ্ঠ প্রভৃতি অপরাপর স্থানও ইহা আশ্রয় করিয়া থাকে। তবে পক্কাশয় ও গুহ্যদেশ ইহার প্রধান স্থান।

ব্যান বায়ুর দ্বারা যে পঞ্চবিধ কার্য্য হওয়া উল্লিখিত হইয়াছে, তাহার তাৎপর্য্য এই যে ব্যান বায়ু সর্ব্বশরীর গামী। ইহার দ্বারা পঞ্চ কর্ম্মেন্দ্রিয়ের কার্য্য প্রবৃত্তি জন্মে। অর্থাৎ বাক্ পাণি পাদ পায়ু উপস্থ এই পাঁচটী কর্ম্মেন্দ্রিয়ের শব্দ গ্রহণ গমন ও মল মূত্র নিঃসরণ এই পাঁচটী কার্য্য নিষ্পন্ন হয়।

"আনাহ" মল মূত্র এক কালে বদ্ধ হওয়া। "সুপ্তি" স্পর্শজ্ঞান না থাকা ("ত্বকের সঙ্কোচ ভাব") এ অর্থ সঙ্গত হয় না।

নিষ্প্রয়োজনে আহারকে মিথ্যা আহার বলা হইয়াছে, অপথ্যও বলা যায়।

বাত রক্তের নিদানে "প্রাণ ও মাংসের ক্ষয়" এস্থলে প্রাণ শব্দের অর্থ বল।

ধনুস্তম্ভ রোগে বায়ু স্নায়ু-মধ্যে প্রবেশ করিয়া আকুঞ্চন করিতে থাকে।

অর্দ্দিত রোগে যে প্রশক্ত ও অব্যক্ত ভাষী শব্দ লিখিত হইয়াছে, তাহাতে প্রশক্ত শব্দের অর্থ জড়ান কথা।

বাত কণ্টক রোগে বায়ু খুড়ক দেশ আশ্রয় করে। খুড়ক শব্দের অর্থ গুল্‌ফ।

অর্শ রোগ।

"অম্লিকা অম্ল উদ্গার।

"পাণ্ডু গ্রহণী অথবা শোষ রোগীর বলী জন্মিবার সম্ভাবনা হইলে" এই পাঠের স্থানে "পাণ্ডু গ্রহণী অথবা শোষ রোগ জন্মিবার সম্ভাবনা হয়" এইরূপ পাঠ হইবে।

জাতেষু তানি রূপাণি প্রব্যক্ত তরাণি ভবন্তি। অর্শ জন্মিলে সকল পূর্ব্বলক্ষণ অধিকতর প্রবল হইয়া উঠে

অশ্মরী রোগ।

"অসংশোধনশীল" যাহারা বমন ও বিরেচন দ্বারা সংশোধন না করে।

"অপথ্যকারী" আহার বা আচরণে নিয়ম লঙ্ঘনকারী।

এই অশ্মরীরোগে কুপিত শ্লেষ্মা মূত্রের সহিত মিলিত হইয়া বস্তি দেশে প্রবেশ পূর্ব্বক অশ্মরী জন্মায় ইহাকে সচরাচর পাথুরীরোগ বলে।

"মধুর ন্যায় বর্ণ" অর্থাৎ ঈষৎ পিঙ্গলের আভাযুক্ত শ্বেতবর্ণ।

বায়ু জন্য অশ্মরী রোগে অশ্মরীটি নাড়ী-পথে থাকিয়া মূত্রের বেগ রোধ করে তাহাতে তীব্র বেদনা জন্মে।

বায়ু-জন্য অশ্মরী রোগে বায়ু মূত্র ও পুরীষ কষ্টে নিঃসরণ হয়।

"সদন"—অবসন্নতা

আমুখাৎ সলিলে ন্যস্ত পার্শ্বে ভাঃ পূর্য্যাতেনবঃ।
ঘটো যথা তথা বিদ্ধি বস্তির্মূত্রেণ পূর্য্যাতে॥

নূতন ঘট জলে মগ্ন করিলে যেমন পার্শ্ব দিয়া জল প্রবেশ করিয়া ঘটের মুখ পর্য্যন্ত পূর্ণ করে। মূত্রাশয় ও সেইরূপ পার্শ্বস্থিত সকল নাড়ীর দ্বারা মূত্র পূর্ণ হয়। এই স্থলটি অনুবাদে স্পষ্ট হয় নাই।

ভগন্দর।

"বায়ু নির্গমন স্থানে"—এই সকল পায়ুর অন্তর্দ্দেশে মলদ্বারের পার্শ্বে এইরূপ হইবে।

"ভগ" শব্দে মলদ্বার প্রভৃতি স্থান বুঝিতে হইবে। ভোজগ্রন্থে কথিত হইয়াছে যথা—ভগং পরিসমন্তাচ্চ গুদ বস্তি স্তথৈবচ।

উন্মার্গী ভগন্দরকে তন্ত্রান্তরে অর্শ ভগন্দর বলে। যথা "কফ পিত্তেতু পূর্ব্বোথে দুর্নামাশ্রিত্য কুপ্যতঃ। অর্শঃস্থলে ততঃ শোথঃ কণ্ডু দাহার্ত্তিমাণ্ ভবেৎ। স শীঘ্রং পক্ব ভিন্নোঽস্য ক্লেদযন্ মল মর্শসঃ। স্রবত্যজস্রং গতিভিরয়মর্শো ভগন্দরঃ।" কফ ও পিত্ত অর্শের আশ্রয়ে কুপিত হইয়া অর্শের মূলে শোথ কণ্ডু ও দাহ জন্মায়। সেইটি শীঘ্র পাকিয়া বিদীর্ণ হয়; ও বলির মূল ক্লেদযুক্ত করে। গমনাগমনের দ্বারা তাহা হইতে নিয়ত আস্রাব হয়। তাহাকে অর্শ ভগন্দর কহে।

কুষ্ঠ রোগ।

কুষ্ঠ রোগের যে সকল কারণ লেখা হইয়াছে, তদতিরিক্ত অত্যর্থ স্নেহ পান করাও ইহার কারণ। ভ্রম বশতঃ এই কারণ নিদানে উল্লেখ করা হয় নাই।

কুষ্ঠরোগে যে সকল পূর্ব্বরূপের লক্ষণ বলা হইয়াছে, তদতিরিক্ত ক্ষতটী ক্রমশঃ প্রসারিত হওয়া ও অঙ্গে স্পর্শজ্ঞানের অভাব, এই দুটী লক্ষণও হইয়া থাকে।

"উৎ সন্নতস্তু দোষ গ্রহণ মভিভবাৎ। ফুলা ও যন্ত্রণার দ্বারা দোষ জানা যায়। যেমন কণ্ডুযুক্ত হইলে কফের কার্য্য বলা যায়, অতিশয় স্রাব হইলে পিত্তের কার্য্য বলা যায়, এবং কৃষ্ণবর্ণ হইলে বায়ুর কার্য্য বলা যায়।

"পরিধ্বংসি" কখন কখন একেবারে মিলিয়া যায়।

"স্বাপ" শব্দের অর্থ স্পর্শজ্ঞান না থাকা বুঝায়। ভ্রমক্রমে কোন কোন স্থলে "ম্লানতা" লেখা হইয়াছে।

ঔডুম্বর নামক কুষ্ঠের আকৃতি ও বর্ণ ডুম্বরের ন্যায় হয়। কিন্তু গ্রন্থান্তরে কেবল বর্ণের সাদৃশ্য থাকা বলিয়াছেন যথা;—রুগ্‌দাহ রোগ কণ্ডুভিঃ পরীতং রোম পিঞ্জরং। ঔডুম্বর ফলাভাসং কুষ্ঠ মৌড়ুম্বরং বদেৎ।

এককুষ্ঠের বর্ণ কৃষ্ণরক্ত কেবল কৃষ্ণবর্ণ নহে।

গ্রন্থান্তরে চর্ম্মদলের লক্ষণ এইরূপ কথিত হইয়াছে যথা,—রক্তং সঁশূলং কণ্ডুমৎ সস্ফোটং যদ্দালত্যপি। তচ্চর্ম্ম দলমাখ্যাতং সংস্পর্শাসহমুচ্যতে।

রক্তবর্ণ বেদনা ও কণ্ডু ওস্ফোট-বিশিষ্ট হইলে ও তাহা হইতে রস নিঃসরণ হইলে চর্ম্মদল বলা যায়। ইহাতে স্পর্শ করিলে সহ্য হয় না। গ্রন্থান্তরে সিধ্ম কুষ্ঠ অলাবু ফুলের ন্যায় বলিয়াছে ও তাহা প্রায়ই বক্ষস্থলে জন্মিয়া থাকে। ও তাহা ঘর্ষণ করিলে গুড়ার ন্যায় পড়ে। গ্রন্থান্তরে বিচর্চ্চিকা নামক কুষ্ঠ কণ্ডু ও পীড়কাযুক্ত (চুলকুনি) ও শ্যাব বর্ণ (ঘোর কাল নয়) এবং তাহা হইতে অতিশয় রস স্রাব হয়। এইরূপ লক্ষণ লিখিয়াছে।

প্রমেহ রোগ।

"প্রস্রাবের পর লিঙ্গ বৃদ্ধি হয়," এইস্থলে "বেগ না হইয়া অজস্র প্রস্রাব হয়" এইরূপ হইবে।

"অম্লিকা" অম্লের উদ্গার।

বিসর্প নাড়ী ও স্তনরোগ।

"প্রমেদ বহুল" এই শব্দের স্থানে প্রভেদ বহুল হইবে। ইহার অর্থ অতিশয় ফাটিয়া যায়।

নাড়ীব্রণে সকল দোষ একত্র অথবা প্রত্যেক দোষ ভিন্নরূপে বর্দ্ধিত হইয়া রোগ জন্মায়। অথবা কোন প্রকার শল্য বদ্ধ থাকিলেও এ রোগ জন্মে।

গ্রন্থি, অপচী, অর্ব্বুদ ও গলগণ্ড রোগ।

"বালকদিগের গলদেশে বামনহাটী হইলে যেমন গ্রন্থির ন্যায় ফোঁড়া পুনঃ পুনঃ জন্মে ও গলিয়া যায়, সেইরূপ রোগ গালের হাড়ে; বগলে স্কন্ধে, ঘাড়ে ও গলাতে জন্মিলে তাহাকে অপচী বলে। এই রোগ সাধ্য, কিন্তু পার্শ্বশূল, কাস, জ্বর বা বমন, এই সকলের মধ্যে কোন একটী উপসর্গ সঙ্গে থাকিলে অসাধ্য হয়।

"অর্ব্বুদ" ইহাকে সচরাচর আব বলে।

"বস্তি" ভিস্তির মসক।

পিত্ত জন্য বৃদ্ধি রোগে জ্বর হয়।

"ক্ষুব্ধ হইতে থাকে" অন্তরে চঞ্চল হয়, তাহাতে প্রস্রাবের কালে কোশের উপদ্রব থাকে।

শারীর স্থান।

প্রথম অধ্যায়।

সর্ব্বভূত চিন্তা শরীর।

অব্যক্ত (প্রকৃতি) সর্ব্বভূতের কারণ, স্বয়ং কারণ হীন, সত্ব রজস্তম এই ত্রিগুণের লক্ষণ বিশিষ্ট, অষ্টরূপ বিশিষ্ট, এবং অখিল জগতের উৎপত্তির হেতু। যেমন সমুদ্র সমস্ত জলের আশ্রয়, সেইরূপ সেই এক মাত্র প্রকৃতি অসংখ্য ক্ষেত্রজ্ঞ পুরুষের আশ্রয় (১)। সেই

(১) যেমন নিদ্রাকালে আমাদিগের চেতন বৃত্তি নিশ্চেষ্ট ও নিশ্চিন্ত থাকে পরে নিদ্রাভঙ্গ কালে সেই নিশ্চেষ্ট চেতন সংযত হইয়া অহংভাবে পরিণত হয়, অহংভাবে পরিণত হইলেই তাহাতে ইচ্ছা শক্তি প্রকাশ হইয়া ক্রিয়ার অভিমুখে প্রবৃত্তি হয়, সেইরূপ অনন্ত আকাশে ব্রহ্মচৈতন্য নিশ্চেষ্ট ভাবে ব্যক্ত হইয়া থাকে, কোন কালে তাহার কোন দেশে সেই নিশ্চেষ্ট চেতন্ ঘনীভূত বা সঙ্কুচিত হইয়া অহংভাবে পরিণত হইলে, তাহাতে ইচ্ছাশক্তি ও ক্রিয়া-প্রবৃত্তি জন্মে। অহংভাবে পরিণত সেই চেতনকে বিরাট পুরুষ, অথবা হিরণ্যগর্ভ অথবা ঈশ্বর বলে। ইচ্ছাশক্তি ও ক্রিয়া শক্তি বিশিষ্ট জগতের বীজ স্বরূপ সেই বিরাট পুরুষকেই পরা প্রকৃতি বলে। সেই বিরাট পুরুষ সূর্য্যমণ্ডলের অন্তর্ভূত বলিয়া নির্ণীত হইয়াছেন। বীজের মধ্যে যেরূপ বৃক্ষের সকল অঙ্গ প্রত্যঙ্গ গুণ ও ক্রিয়া প্রভৃতি অব্যক্ত ভাবে থাকে। অশেষ প্রকার দ্রব্য গুণ ও ক্রিয়া বিশিষ্ট এই অনন্ত বিশ্বও সেইরূপ পরা প্রকৃতিকে অব্যক্ত ভাবে থাকে। সত্বং রজস্ত মশ্চৈব গুণত্রয় মুদাহৃতা। সাম্যাবস্থিতিরেতেষাং প্রকৃতিঃ পরিকীর্ত্তিতা। কেচিৎ প্রধান মিত্যাহু রব্যক্ত মপরে জগুঃ। বিশ্বসৃষ্টির বিষয়ে প্রাচীন আর্য্যদিগের অধ্যাত্ম শাস্ত্রে এই অভিপ্রায়ই দেখা যায়।

"অষ্টরূপ বিশিষ্ট" ভূমি অপ্ অনল বায়ু আকাশ এই পঞ্চতন্মাত্র ও মন বুদ্ধি

অব্যক্ত হইতে অব্যক্তের লক্ষণ-বিশিষ্ট মহত্তত্ত্ব উৎপন্ন হয়, এবং সেই মহত্তত্ত্ব হইতে মহত্তত্ত্বের লক্ষণ বিশিষ্ট অহঙ্কার উৎপন্ন হয় (১)। অহঙ্কার তিন প্রকার, বৈকারিক তৈজস্ এবং ভূতাদি (২)। তৈজসের সহযোগে বৈকারিক অহঙ্কারের দ্বারা, অহঙ্কারের লক্ষণ বিশিষ্ট একাদশ ইন্দ্রিয় উৎপন্ন হয়। সেই একাদশ ইন্দ্রিয় যথা;

অহঙ্কার এই আটটী প্রকৃতির রূপ। ভূমিরাপোনলো বায়ুঃ খং মনো বুদ্ধিরেবচ। অহঙ্কার ইতীয়ং মে ভিন্না প্রকৃতি রষ্টথা। এই আট প্রকার পদার্থকে অপরা প্রকৃতি বলে।

"সেই একমাত্র প্রকৃতি অসংখ্য ক্ষেত্রজ্ঞ পুরুষের আশ্রয়" প্রকৃতি চেতন শক্তির মিলিত হইলে অহংভাব বিশিষ্ট জীব জন্মে। সেই জীব ক্ষেত্রজ্ঞ পুরুষ। সুতরাং প্রকৃতিই এই অসংখ্য জীবের বা ক্ষেত্রজ্ঞ পুরুষের আশ্রয়।

"ক্ষেত্রজ্ঞ" ক্ষেত্র—শরীর, জ্ঞ—যে জানে। শরীরে অহংভাব বিশিষ্ট চেতন স্বরূপ পুরুষকে ক্ষেত্রজ্ঞ বলে। ইহাতে বাহ্য বিরাট দেহে সেই ক্ষেত্রজ্ঞ পুরুষ সর্ব্বগত ঈশ্বর শব্দে বাচ্য। এবং প্রাণীদেহে ক্ষেত্রজ্ঞ পুরুষ অসর্ব্বগত জীব শব্দে বাচ্য। ইদং শরীরং কৌন্তেয় ক্ষেত্র মিত্যভিধীয়তে। এতদ্যো বেত্তি তং প্রাহুঃ ক্ষেত্রজ্ঞ ইতি তদ্বিদঃ। ইতি শ্রীমদ্ভগবদ্গীতা।

(১) 'মহত্তত্ত্ব' শরীরের যে পদার্থকে বুদ্ধি বলে। বাহ্য জগতে সেইরূপ পদার্থকে মহত্তত্ত্ব বলে। আর্য্যেরা দেহকে ক্ষুদ্র ব্রহ্মাণ্ড বলেন। যে সকল শক্তি বা পদার্থের দ্বারা ব্রহ্মাণ্ডের কার্য্য নির্ব্বাহ হয়, সেইরূপ শক্তি বা কৌশলে শরীরের কার্য্যও নির্ব্বাহ হয়। প্রাচীন গ্রন্থে ইহার ভূরি ভূরি প্রমাণ পাওয়া যায় যথা, ব্রহ্মাণ্ডে যে গুণাঃ সর্ব্বে শরীরেষু ব্যবস্থিতা বর্ত্তমান সময়ের সুপ্রসিদ্ধ আধ্যাত্মবিৎ পণ্ডিত ডড্ সাহেবও লিখিয়াছেন যে External is the typical of the internal. আমেরিকানেরা এক্ষণে এই বিষয় লইয়া মহা আন্দোলন করিতেছেন। "অহঙ্কার" ক্ষেত্রজ্ঞ পুরুষের চেতনে, ইন্দ্রিয় প্রভৃতি সমস্ত শরীর ব্যাপী যে অহংভাব বিশিষ্ট প্রবৃত্তি জন্মে তাহাকে অহঙ্কার বলে।

(২) "অহঙ্কার তিন প্রকার" ক্ষেত্রজ্ঞ পুরুষের চেতন যখন অহংভাবে বিকৃত হইয়া সমস্ত শরীরে ও ইন্দ্রিয়ে অবস্থিতি করে তখন তাহাকে বৈকারীক অহঙ্কার বলে। সেই বিকৃত অহংভাব বিশিষ্ট চেতনে যখন চিন্তা অনুভব প্রভৃতি বৃত্তি জন্মে, তখন তাহাকে তৈজস-অহঙ্কার বলা যায়। সেই তৈজস অহঙ্কারে যখন ইচ্ছা শক্তি প্রবল হইয়া ক্রিয়া-প্রবৃত্তি জন্মায়, তখন তাহাকে ভূতাদি অহঙ্কার বলে।

শ্রোত্র ত্বক্ চক্ষু জিহ্বা ঘ্রাণ বাক্ হস্ত উপস্থ পায়ু পাদ এবং মন। তাহাদিগের মধ্যে প্রথম পাঁচটী জ্ঞানেন্দ্রিয় এবং অপর পাঁচটী কর্ম্মেন্দ্রিয়। মন, এই উভয় গুণ বিশিষ্ট (১)।

তৈজস-অহঙ্কারের সহযোগে ভূতাদি-অহঙ্কার হইতে সেই অহঙ্কারের লক্ষণ বিশিষ্ট পঞ্চ তন্মাত্র (২) উৎপন্ন হয়। পঞ্চ-তন্মাত্র যথা;—শব্দ-তন্মাত্র, স্পর্শ-তন্মাত্র, রূপ-তন্মাত্র রস-তন্মাত্র ও গন্ধ-তন্মাত্র। শব্দ স্পর্শ রূপ রস গন্ধ এই পাঁচটী তাহাদিগের গুণ। সেই পঞ্চ তন্মাত্র হইতে আকাশ বায়ু অগ্নি জল পৃথিবী এই পঞ্চ ভূত উৎপন্ন হয়। ইহারাই চতুর্ব্বিংশতি তত্ত্ব বলিয়া নির্ণীত হইয়াছে। (৩)।

শব্দ স্পর্শ রূপ রস গন্ধ, ইহারা যথাক্রমে শ্রোত্র ত্বক্ চক্ষু জিহ্বা ঘ্রাণ এই পঞ্চ জ্ঞানেন্দ্রিয়ের বিষয়। বচন আদান আনন্দ বিসর্গ ও বিহরণ, ইহারা যথাক্রমে বাক্ হস্ত উপস্থ পায়ু পাদ এই পঞ্চ কর্ম্মেন্দ্রিয়ের বিষয়। অব্যক্ত মহান্ অহঙ্কার ও পঞ্চ তন্মাত্র, এই আটটী প্রকৃতি (৪) ও অবশিষ্ট ষোড়শ বিকৃতি (অর্থাৎ একাদশ ইন্দ্রিয় ও শব্দ স্পর্শ প্রভৃতি পাঁচটি)। ইহাদিগের স্ব স্ব বিষয় আপনাপন

(১) "মন এই উভয় গুণ বিশিষ্ট" জ্ঞানেন্দ্রিয় ও কর্ম্মেন্দ্রিয় উভয়ের কার্য্যই মনের সহায়তায় সম্পন্ন হয়।

(২) "তৈজস অহঙ্কারের সহযোগে ভূতাদি অহঙ্কার হইতে পঞ্চ তন্মাত্র তৈজস অহঙ্কারে ইচ্ছা শক্তি প্রবল হইলে অতিশয় ক্রিয়া প্রবৃত্তি জন্মে। ক্রিয়ার অভিমুখে অতিশয় প্রবৃত্তি জন্মিলে তাহা হইতে অতি সূক্ষ্ম-তেজঃ স্বরূপ তন্মাত্র সকল নিঃসৃত হইতে থাকে। তদ্দ্বারা এই অনন্ত বিশ্বের সৃষ্টি হয়। দেহে চেতন শক্তির এইরূপ কার্য্য প্রণালীর দ্বারা সকল কায়িক ও অন্তঃকরণের কার্য্য সম্পন্ন হয়।

(৩) "চতুর্ব্বিংশতি তত্ত্ব" মহাভূতনি-হঙ্কারো বুদ্ধে রব্যক্ত মেবচ। ইন্দ্রিয়াণি দশৈকঞ্চ পঞ্চ চেন্দ্রিয় গোচরা। পঞ্চ মহাভূত, অহঙ্কার বুদ্ধি প্রকৃতি, দশ ইন্দ্রিয় মন, এবং শব্দ স্পর্শ রূপ রস ও গন্ধ এই পাঁচটী জ্ঞানেন্দ্রিয়ের বিষয়; ইহারা চতুর্ব্বিংশতি তত্ত্ব।

(৪) এই আটটিকেই অপরা প্রকৃতি বলে।

অধিভূত। (৮) এবং অধ্যাত্মই তাহাদিগের সকলের অধিদৈবত। বুদ্ধির অধিষ্ঠাতা ব্রহ্মা, অহঙ্কারের ঈশ্বর, মনের চন্দ্রমা, শ্রবণেন্দ্রিয়ের দিক্, ত্বকের বায়ু, দর্শনেন্দ্রিয়ের সূর্য্য, রসনার জল, ঘ্রাণেন্দ্রিয়ের পৃথিবী, বাক্যের অগ্নি, হস্ত-দ্বয়ের ইন্দ্র, পাদদ্বয়ের বিষ্ণু, পায়ুর মিত্র, এবং শিশ্নের প্রজাপতি। ইহারা সকলেই অচেতন। এই চতুর্ব্বিংশতি তত্ত্বের অতীত পুরুষ পঞ্চবিংশতিতম। ইনিই কার্য্য কারণ বিশিষ্ট ও সকল পদার্থের চেতনকারী। সেই পুরুষ অচেতন ধর্ম্মবিশিষ্ট হইলেও তাহার পুরুষ-কৈবল্যার্থ (৯) সকল শাস্ত্রে উপদেশ করিয়াছে, এবং তদ্বিষয়ে ক্ষীরাদির উদাহরণও দেওয়া হইয়াছে।

---

(৮) "অধিভূত" যে বিষয় অধিকার করিয়া কোন বস্তু অবস্থিতি করে, সেই বিষয়কে সেই বস্তুর অধিভূত বলা যায়। যে ইন্দ্রিয়ের যে কার্য্য, সেই কার্য্যই সেই ইন্দ্রিয়ের অধিভূত বিষয়।

"অধিদৈবত" অধিষ্ঠাত্রী দেবতা।

"অধ্যাত্ম" স্বভাব। ইহাতে এই ভাব প্রকাশ পায় যে, যে ইন্দ্রিয়ের যে ক্রিয়া শক্তি আছে, অথবা যে রূপ পদার্থের শক্তিতে বা আশ্রয়ে তাহার ক্রিয়া হয়, সেই রূপ পদার্থই বা সেই ক্রিয়া-শক্তিই তাহার অধিষ্ঠাত্রী দেবতা। ইহাতে ব্রহ্মা ইন্দ্র প্রভৃতি যে সকল অধিষ্ঠাত্রী দেবতার বিষয় উল্লেখ করা হইয়াছে, তাহারা সেই পরা প্রকৃতির অবস্থা বা শক্তি বলা যাইতে পারে।

(৯) "পুরুষ কৈবল্যার্থ" পুরুষ শব্দে জীব অথবা দেহে অহংভাব বিশিষ্ট চেতন, কৈবল্য শব্দে কেবলতা অথবা কাহারও সহিত মিলিত না হওয়া। জীব স্বভাবতঃ চেতন। তাহাতে জগৎ পদার্থ অবিরত চিন্তা করা প্রযুক্ত, জড় পদার্থের প্রতিবিম্বের সহিত সেই চেতন মিলিত হইয়া জড়-ভাবে পরিণত হয়। সেই পুরুষ বা দেহস্থ চেতন এককালে জড় পদার্থের প্রতিবিম্বের সহিত মিলিত না হইয়া নিয়ত কেবল

অতঃপর প্রকৃতি পুরুষের সাধর্ম্ম্য বৈধর্ম্ম্য বলা যাইতেছে।

উভয়েই অনাদি অনন্ত লক্ষণ-হীন নিত্য সকলের পর এবং সর্ব্ব-গত। প্রকৃতি,—একা মাত্র, অচেতনা ত্রিগুণা, বীজধর্ম্মিণী, প্রসব-ধর্ম্মিণী, অমধ্যস্থ-ধর্ম্মিণী (১)।

মাত্র চেতন ভাবে থাকিলে, সেই অবস্থাকে পুরুষ-কৈবল্য বলা যায়। ইহাতে নির্ব্বাণ মুক্তি বুঝায়।

ক্ষীরাদির উদাহরণ যথা,—যস্মিন্ বিশ্বং সকলভুবনং সামরস্যৈক ভূত মুর্ব্বীরাপোঽনল মনিলখং জীবমেব ক্রমেণ। যৎক্ষীরাব্ধৌ সম-রসতয়া সন্ধবৈক স্বরূপং নিস্ত্রৈগুণ্যে পথি বিচরতাং কোবিধিঃ কো-নিষেধঃ।——ক্ষীরে ক্ষীরং সমরসতয়া তোয়মেবাম্বু মধ্যে ইত্যাদি।

(১) অনাদি অনন্ত নির্ব্বিশেষ নিত্য পরাৎপর এবং সর্ব্বগত, প্রকৃতি ও পুরুষ উভয়েরই এই রূপ বর্ণনার দ্বারা বোধ হয় যে গ্রন্থকার এ স্থলে বেদান্ত-বর্ণিত বাহ্য জগৎ প্রসবিনী পরা প্রকৃতি ও হিরণ্যগর্ভ নামক বিরাট পুরুষ এই উভয়ের উল্লেখ করিয়াছেন। পরা প্রকৃতির বিষয় পূর্ব্বে বলা হইয়াছে সেই প্রকৃতিতে যে ঘনীভূত চেতন অবস্থিতি করে তাহাকে বিরাট পুরুষ বলে। যেমন সমস্ত ইন্দ্রিয় প্রভৃতি দেহের অন্ত-র্বাহ্য ব্যাপ্ত হইয়া যে চেতন অহংভাবে দেহে অবস্থিতি করে তাহাকে ক্ষেত্রজ্ঞ পুরুষ বলে, সেই রূপ এই বিশ্ব স্বরূপ দেহের অন্তর্বাহ্য ব্যাপ্ত করিয়া যে চেতন অহংভাবে অধিস্থিতি করে তাহাকে বিরাট পুরুষ বলে। সেই চেতন স্বরূপ বিরাট অথবা ক্ষেত্রজ্ঞ পুরুষ হইতে ভিন্ন ভাবে গ্রহণ করিলে প্রকৃতিকে কেবল সেই পুরুষের জড়ময় অবস্থা বলিয়া বোধ হয়। সুতরাং প্রকৃতি কেবল জড় পদার্থ। চেতন ও জড়ের মধ্যবর্ত্তিনী না হওয়াতে তাহাকে অমধ্যস্থ ধর্ম্মিণী বলা যায়।

পুরুষ,—বহু, চেতনা-বিশিষ্ট, নিগুর্ণ, অবীজধর্ম্মী, অপ্রসব-ধর্ম্মী, এবং অমধ্যস্থ-ধর্ম্মী (২)।

কারণের অনুরূপ কার্য্য, এই বিবেচনা করিয়া পূর্ব্বোক্ত সকল বিশেষণই সত্ত্বরজস্তমোময় বলা যায় (৩)। কেহ কেহ বলেন যে তদঞ্জনত্ব ও তন্ময়ত্ব (৪) প্রযুক্ত, পুরুষ সমস্ত তদ্গুণ বিশিষ্ট হইয়া থাকে।

বৈদ্যক গ্রন্থে কথিত আছে যে স্থূলদর্শী ব্যক্তিরা, স্বভাব ঈশ্বর কাল যদৃচ্ছা নিয়তি ও পরিণাম, এই সকলকে প্রকৃতি বলেন। তন্ময় ও সেই সেই গুণ ও লক্ষণ বিশিষ্ট অসংখ্য ভূতগ্রাম, প্রকৃতি হইতে

---

(২) জীব-চেতন প্রকৃতিকে আশ্রয় করিয়া ভিন্ন ভিন্ন দেহে ভিন্ন ভিন্ন ভাবে অবস্থিতি করে বলিয়া, সেই জীব অথবা ক্ষেত্রজ্ঞ পুরুষকে বহু বলা যায়। সেই পুরুষ, চেতন ও জড় উভয়-ধর্ম্ম বিশিষ্ট বলিয়া তাহাকে মধ্যস্থ ধর্ম্মী বলা যায়।

(৩) এস্থলে বিরাট পুরুষ কারণ, ক্ষেত্রজ্ঞ-জীব সমস্ত তাহার কার্য্য। সমস্ত জীব সেই বিরাট পুরুষ হইতে উৎপন্ন বলিয়া তাহারই গুণ প্রাপ্ত হয়। সেই সমস্ত গুণ সত্ত্বরজস্তমোময়।

(৪) তদঞ্জনত্ব ও তন্ময়ত্ব শব্দে এই রূপ অভিপ্রায় বোধ হয়, যে সেই প্রকৃতি কর্ত্তৃক প্রকাশিত ও প্রকৃতিময় অর্থাৎ প্রকৃতি পদার্থে নির্ম্মিত, এজন্য সকল জীবই বাহ্য জগতের প্রকৃতি বিশিষ্ট। অর্থাৎ বাহ্য জগতের যেরূপ প্রকৃতি, জীব-দেহেরও সেই রূপ প্রকৃতি। আর্য্য-গণের এইমত সঙ্গত বলিয়া বোধ হয়। কারণ, জনকের গুণ জন্য-পদার্থে বর্ত্তে, এই নিয়ম যদি স্বীকার করিতে হয়, তবে বিশ্বপদার্থ হইতে এই দেহ উৎপন্ন হইয়াছে, সুতরাং বিরাট জগতের সহিত ইহার তুল্য প্রকৃতি হওয়া অসঙ্গত নহে। আধুনিক ইয়ুরোপীয় আত্ম-তত্ত্ববিৎ পণ্ডিতগণের মধ্যে কেহ কেহ এই প্রাণীদেহকে বাহ্য বিরাট-দেহের অনুকরণ বলিয়া বলেন।

সংভূত হইয়াছে। ভূতগ্রাম ব্যতীত অন্য কোন বিষয় চিকিৎসা শাস্ত্রের চিন্তনীয় নহে। একারণ ভূতগ্রামই চিকিৎসা শাস্ত্রের বিষয় বলিয়া কথিত হইয়াছে। প্রকৃতি হইতে যাহা কিছু উৎপত্তি হয় তাহাদিগের সকলকেই ভূতগ্রাম কহে। ইন্দ্রিয় ও ইন্দ্রিয়ের বিষয় এই উভয়ই ভৌতিক বলিয়া আয়ুর্ব্বেদ শাস্ত্রে বর্ণিত হইয়াছে।

মনুষ্য ইন্দ্রিয়-গণের দ্বারা ইন্দ্রিয়দিগের স্ব স্ব বিষয় গ্রহণ করেন। প্রত্যেক ইন্দ্রিয় ও তাহার বিষয় উভয়েই তুল্য যোনি প্রযুক্ত এক ইন্দ্রিয়ের বিষয় অন্য ইন্দ্রিয়ের দ্বারা গৃহীত হয় না (৫)।

নিত্য সর্ব্বগত ক্ষেত্রজ্ঞ সম্বন্ধে আয়ুর্ব্বেদ শাস্ত্রে কোন উপদেশ নাই। অসর্ব্বগত ক্ষেত্রজ্ঞ-পুরুষকে নিত্য পুরুষ বলিয়া বোধ হইবার পক্ষে এস্থলে অনেক কারণ কথিত হইয়াছে। আয়ুর্ব্বেদ শাস্ত্রে অসর্ব্বগত ক্ষেত্রজ্ঞ-পুরুষ সকলই ধর্ম্মাধর্ম্ম নিমিত্ত তির্য্যক্-যোনি মানব-যোনি ও দেবযোনিতে সঞ্চরণ করে। সেই সকল ক্ষেত্রজ্ঞ-পুরুষই অনুমান-গ্রাহ্য শ্রেষ্ঠ সূক্ষ্ম চেতনা-বিশিষ্ট, শাশ্বত, এবং শুক্র শোণিত সংযোগে প্রকাশিত। কারণ, পূর্ব্বে বলা হইয়াছে যে পঞ্চমহাভূত ও দেহী এই উভয়ের সমবায়কে পুরুষ বলে (৬)। সেই কর্ম্ম-পুরুষ

---

(৫) যে ইন্দ্রিয় যে গুণ গ্রহণ করে, সেই ইন্দ্রিয় সেই রূপ তন্মাত্রের দ্বারা নির্ম্মিত। যথা কর্ণেন্দ্রিয় শব্দ গুণ গ্রহণ করে। আকাশ তন্মাত্র বা শব্দতন্মাত্রের রজো অংশ হইতে শ্রবণ শক্তির উৎপত্তি। জলের রস গুণ। জলের বা রসের তন্মাত্রের রজো অংশ হইতে রসনেন্দ্রিয়ের উৎপত্তি।

(৬) এস্থলে দেহী শব্দে দেহস্থিত চেতন বলিতে হইবে, জীব বলা যায় না। কারণ একাদশ ইন্দ্রিয় পঞ্চ তন্মাত্র ও বুদ্ধি এই গুলির সমষ্টি জীব। পঞ্চভূতের সহিত অন্তঃকরণ বৃত্তি মিলিত হইয়া জীব অথবা পুরুষ সংজ্ঞা প্রাপ্ত হয়, সুতরাং পুনর্ব্বার পঞ্চভূতের সহিত

চিকিৎসার বিষয় (৭)। সুখ দুঃখ ইচ্ছা দ্বেষ যত্ন প্রাণ অপান নিমেষ উন্মেষ বুদ্ধি মন সঙ্কল্প বিচার স্মৃতি বিজ্ঞান অধ্যবসায় এবং বিষয়ের উপলব্ধি, এই গুলি তাহার গুণ। অনৃশংসতা সংবিভাগরুচিতা (স্বার্থপর হীনতা) তিতিক্ষা (শীতোষ্ণাদি সহ্য করণ) সত্য ধর্ম্ম আস্তিক্য (ঈশ্বরে বিশ্বাস) জ্ঞান বুদ্ধি মেধা স্মৃতি ধৈর্য্য এবং সঙ্গ-বর্জ্জন, এই গুলি সাত্বিক গুণ। দুঃখবহুলতা, চঞ্চলতা, অধৈর্য্য, অহঙ্কার, অসত্য অবলম্বন, নির্দ্দয়তা, দম্ভ মান হর্ষ কাম ও ক্রোধ, এই গুলি রাজসিক গুণ। বিষাদিত হওয়া, নাস্তিকতা, অধর্ম্মশীলতা, বুদ্ধির নিরোধ, অজ্ঞানতা, মেধা-হীনতা, অকর্ম্ম-শীলতা এবং নিদ্রালুতা, এই গুলি তামসিক গুণ। শব্দ ; শব্দেন্দ্রিয়, সচ্ছিদ্রতা ও প্রকাশমানতা, এই গুলি আকাশ-সংভূত। স্পর্শ; স্পর্শেন্দ্রিয় সমস্ত, ক্রিয়াশক্তি, শরীরের স্পন্দন এবং লঘুতা, এই গুলি বায়ু হইতে উৎপন্ন। রূপ ; রূপেন্দ্রিয়, দীপ্তিমানতা, পাচকশক্তি, ক্রোধ, তীক্ষ্ণতা এবং শূরত্ব, এই গুলি তেজ হইতে উৎপন্ন। রস ; রসনেন্দ্রিয়, সকল দ্রব বস্তু, এবং গুরুত্ব, এই গুলি জল হইতে উৎপন্ন। গন্ধ ; গন্ধেন্দ্রিয়, সকল প্রকার মুর্ত্তি, এবং গুরুতা, এই গুলি পৃথী হইতে উৎপন্ন। আকাশ সত্ববহুল, বায়ু রজো-বহুল, অগ্নি সত্বরজো-বহুল, জল সত্ব ও তমোবহুল এবং পৃথী তমো-বহুল।

এই পঞ্চ তন্মাত্র পরস্পর মিলিত হইয়া স্ব স্ব দ্রব্যে (পৃথিবী জল অগ্নি ইত্যাদিতে) পঞ্চভূতের লক্ষণই প্রকাশ করিতেছে। অষ্ট

মিলিত হইয়া জীবের পুরুষ-নাম গ্রহণ করা সম্ভবে না। অতএব দেহস্থিত চেতন পঞ্চ তন্মাত্রের সহিত মিলিত হইয়াই জীব অথবা পুরুষ শব্দের বাচ্য হয়।

(৭) “কর্ম্ম-পুরুষ” যাহাতে চিকিৎসা কার্য্য বর্ত্তে তাহাকে কর্ম্ম পুরুষ বলে। অতএব কর্ম্ম পুরুষ অর্থে জীব।

প্রকৃতি ও ষোড়শ বিকার এবং স্বতন্ত্র ও পরতন্ত্র ক্ষেত্রজ্ঞের বিষয় সংক্ষেপে বলা হইল (৯)।

অথ শুক্র-শোণিত-শুদ্ধি।

বাত পিত্ত শ্লেষ্মা কুণপ গ্রন্থি পূতি পূয ক্ষীণ মূত্র ও পুরীষ, এই সকল দোষের দ্বারা রেতঃ দূষিত হইলে, লোকে সন্তান উৎপাদনে সমর্থ হয় না। রেতঃ, বায়ু-কর্ত্তৃক দূষিত হইলে, বায়ু-জন্য বর্ণ ও বেদনা বিশিষ্ট হয়, পিত্ত-কর্ত্তৃক দূষিত হইলে পিত্তজন্য বেদনা ও বর্ণ বিশিষ্ট হয়, এবং শ্লেষ্মা কর্ত্তৃক দূষিত হইলে, শ্লেষ্মাজন্য বর্ণ ও বেদনা বিশিষ্ট হয়, এবং রক্ত কর্ত্তৃক দূষিত হইলে, শোণিতের ন্যায় বর্ণ বেদনা কুণপ-গন্ধি ও অধিক পরিমাণে নিঃসরণ হয়। রেতঃ, বাত-শ্লেষ্মার দ্বারা গ্রন্থির ন্যায়, পিত্তশ্লেষ্মার দ্বারা পূতি-পূযের ন্যায়, বাত-পিত্তের দ্বারা ক্ষীণ, এবং সন্নিপাতের দ্বারা মূত্র বা পুরীষের গন্ধের ন্যায় গন্ধ-বিশিষ্ট হয়। তাহাদিগের মধ্যে কুণপ-গন্ধি গ্রন্থি-সদৃশ পূতিপূয (দুর্গন্ধ যুক্ত পূযের ন্যায়) এবং ক্ষীণ, রেতের এই সকল দোষ কষ্ট-সাধ্য। মূত্র বা পুরীষ-গন্ধি হইলে অসাধ্য, এতদ্ভিন্ন অপর সকল দোষ সাধ্য।

ত্রিদোষ ও শোণিত এই চারিটী পৃথক্ রূপে, বা ইহাদিগের দুইটী অথবা সমস্ত মিলিয়া আর্ত্তবকেও দূষিত করে। আর্ত্তব দূষিত হইলেও সন্তান জন্মে না। তাহাও পূর্ব্বের ন্যায় দোষ, বর্ণ ও বেদনার দ্বারা জানা যায়। আর্ত্তব, কুণপগন্ধি, গ্রন্থি সদৃশ, পূতিপূয-সদৃশ ক্ষীণ

---

(৯) " স্বতন্ত্র ও পরতন্ত্র ক্ষেত্রজ্ঞ " অর্থাৎ প্রাণীদেহগত জীব শব্দে বাচ্য ক্ষেত্রজ্ঞ পুরুষ পরতন্ত্র বা বিরাট জগতের অধীন, এবং বিরাট দেহগত ঈশ্বর শব্দে ক্ষেত্রজ্ঞ পুরুষ স্বতন্ত্র বা স্বাধীন।

অথবা মূত্র বা পুরীষ সদৃশ হইলে অসাধ্য, তদ্ভিন্ন অন্য লক্ষণ হইলে সাধ্য হয়।

শুক্রের প্রথমোক্ত তিনটী দোষ ঘটিলে, স্নেহ স্বেদাদি ক্রিয়া বিশেষের দ্বারা অথবা উত্তর-বস্তির দ্বারা চিকিৎসা করিবে। শুক্রে কুণপগন্ধ হইলে ঘৃত পান করাইবে, অথবা ধাতকীপুষ্প খদির, দাড়িম ও অর্জ্জন, এই সকলের ক্বাথের দ্বারা, বা সালসারাদি গণের দ্বারা ঘৃত পাক করিয়া পান করাইবে। গ্রন্থি সদৃশ হইলে, কেবল শঠীর ক্বাথ, অথবা সেই ক্বাথ পলাশ কাষ্ঠের ভস্মের সহিত পান করাইবে। পূয-সদৃশ হইলে পরূষক ও বটাদির দ্বারা (ন্যগ্রোধাদি গণের দ্বারা) ঘৃত পাক করিয়া সেবন করাইবে। রেত ক্ষীণ হইলেও এই ঘৃত বিধেয়। রেত পুরীষ-সদৃশ হইলে চিত্রক, বেণামূল ও হিঙ্গু ইহাদিগের ক্বাথ সেবন করাইবে। স্নেহ সেবন, বমন, তৈল বা ক্বাথের দ্বারা বিরেচন, শুক্রদোষে এই সকল প্রয়োগের পর উত্তরবস্তি প্রয়োগ করিবে। স্ত্রীলোক-দিগের পূর্ব্বোক্ত চারি প্রকার আর্ত্তব দোষ সংশোধনের জন্য অগ্রে স্নেহ বমনাদি প্রয়োগ করিয়া পূর্ব্বোক্ত ক্বাথ ও ঘৃতাদি সেবন করাইবে।

শোণিত গ্রন্থিভূত হইলে, পাঠা ত্রিকটু ও বৃক্ষক (কুড়চি) ইহা-দিগের ক্বাথ সেবন করিবে। দুর্গন্ধ পূয বা মজ্জা সদৃশ হইলে কর্পূ-রের অথবা চন্দনের ক্বাথ সেবন করিবে। আর্ত্তবের অবশিষ্ট দোষে (কুণপগন্ধ ক্ষীণ বা মূত্র বা পুরীষ সদৃশ হইলে), শুক্রে এই সকল দোষ ঘটিলে যে রূপে চিকিৎসা করিতে হয় সেই রূপে চিকিৎসা করিবে। ইহাতে শালি অন্ন যব মদ্য ও মাংস প্রভৃতি পিত্তল দ্রব্য ভোজন করা হিতকর। স্ফটিক বর্ণ, দ্রব্য স্নিগ্ধ মধুর ও মধুগন্ধ-বিশিষ্ট শুক্রই নির্দ্দোষ। কেহ কেহ তৈল বা মধুর ন্যায় শুক্রকে ভাল বলেন। যে আর্ত্তবের বর্ণ শশকের শোণিতের ন্যায় অথবা লাক্ষারসের ন্যায় ও যাহার দ্বারা বস্ত্র রঞ্জিত না হয় সেই আর্ত্তব নির্দ্দোষ।

ঋতুকাল ভিন্ন অন্যকালে অধিক পরিমাণে আর্ত্তব নিঃসৃত হইলে অসৃগ্‌দর বলা যায়। ইহাতে শোণিতের ভিন্ন প্রকার লক্ষণ হয়। অসৃগ্‌দর রোগে অঙ্গমর্দ্দ ও বেদনা জন্মে। এই রোগে অতিশয় শোণিত নিঃসরণ হইলে, দৌর্ব্বল্য ভ্রম মূর্চ্ছা তমোদৃষ্টি তৃষ্ণা দাহ প্রলাপ পাণ্ডুত্ব তন্দ্রা ও বায়ুজন্য অন্যান্য সকল উপদ্রব জন্মে। অহিত-সেবিনী তরুণীদিগের অল্প উপদ্রব বিশিষ্ট রোগ জন্মিলে, রক্ত-পিত্তের বিধানক্রমে চিকিৎসা করিবে। দোষ কর্ত্তৃক পথ আবৃত থাকিলে আর্ত্তব নিঃসরণ হয় না, ইহাকে আর্ত্তবের বিনাশ বলা যায়। তাহাতে মৎস্য কুলত্থ অম্ল তিল মাষ কলাই, শুষ্ক গোময়, দধি ও শুক্ত, এই সকল দ্রব্য ভোজন করা এবং সুরা ও গোমূত্র পান করা হিতকর। ক্ষীণ-রক্তের (১) লক্ষণ ও চিকিৎসা পূর্ব্বে এক প্রকার বলা হইয়াছে, এবং পূর্ব্বোক্ত নষ্ট রক্তের বিধানেও তাহার চিকিৎসা করা যাইতে পারে।

দূষিত শুক্র শোণিত সংশোধন করিবার প্রণালী বলা হইল। বিশুদ্ধ আর্ত্তবা স্ত্রী, ঋতুর প্রথম দিবসাবধি ব্রহ্মচর্য্য আচরণ অবলম্বন করিবেন। এবং দিবাস্বপ্ন অঞ্জন অশ্রুপাত স্নান অনুলেপন তৈলাদি মর্দ্দন নখচ্ছেদন ধাবন, অতিশয় হাস্য করণ বা কথন, উচ্চশব্দ শ্রবণ, অবলেখন, বায়ু সেবন ও পরিশ্রম পরিত্যাগ করিবেন। কারণ গর্ভের সন্তান দিবা নিদ্রার দ্বারা নিদ্রাশীল, অঞ্জন ব্যবহার করিলে অন্ধ, অশ্রুপাতে বিকৃত দৃষ্টি, স্নানানুলেপনে দুঃখশীল, তৈলাদি মর্দ্দনে কুষ্ঠী, নখচ্ছেদনে কুনখী, ধাবনে চঞ্চল, অতিশয় বাক্য কথনে প্রলাপী, অতিশয় শব্দ শ্রবণে বধির, অবলেখনে চঞ্চল, বায়ু সেবন ও শ্রম করিলে উন্মত্ত হয়, এবং অতিশয় হাস্য করিলে দন্ত ওষ্ঠ তালু ও জিহ্বা

(১) "ক্ষীণ রক্ত" ঋতু কালে অল্প রক্ত নিঃসরণ হওয়া।
"নষ্ট রক্ত" ঋতু কালে এককালে শোণিত নিঃসরণ না হওয়া।

শ্যাব বর্ণ হয়। অতএব ঋতুকালে এই সকল পরিত্যাগ করিবেন। তৎকালে তিন দিন কুশাসনে শয়ন করিবেন, করতল শরাব বা পত্রে হবিষ্যান্ন ভোজন করিবেন, এবং স্বামী-সমাগম পরিত্যাগ করিবেন। অনন্তর চতুর্থ দিবসে স্নান করিয়া বস্ত্রালঙ্কার পরিধান ও স্বস্তিবাচন পূর্ব্বক অগ্রে ভর্ত্তাকে দর্শন করিবেন। কারণ ঋতু-স্নান করিয়া যে রূপ পুরুষকে দর্শন করে সেই রূপ সন্তান হয় (২)। অনন্তর সন্তান-জন্য যে সকল বিধান বিহিত আছে, পুরোহিত তাহা সমাচরণ করি-বেন *। অনন্তর ভর্ত্তা এক মাস ব্রহ্মচর্য্য অবলম্বন করিয়া, ভার্য্যার ঋতুকালের চতুর্থ দিবসে অপরাহ্লে ঘৃত-দুগ্ধ-যোগে শালি অন্ন ভোজন করিবেন। ভার্য্যাও এক মাস পর্য্যন্ত ব্রহ্মচর্য্যব্রত অবলম্বন করিয়া, ঐ দিবসে তৈল মর্দ্দন ও অধিক পরিমাণ মাষকলাই-সংযুক্ত দ্রব্য ভোজন করিবেন। পরে ভর্ত্তা বেদাদিতে বিশ্বাস করিয়া ও পুত্র-কাম হইয়া ঐ রাত্রে অথবা ষষ্ঠ অষ্টম দশম বা দ্বাদশ দিবসে ভার্য্যাতে উপগত হইবেন। ঋতুকালে চতুর্থ দিবস হইতে দ্বাদশ দিবস পর্য্যন্ত উত্তরোত্তর যত পরে সমাগম হয়, সন্তান ততই সৌভাগ্য-শালী ঐশ্বর্য্যশালী ও বলবান্ হয়। কন্যা কামনা করিলে পঞ্চম সপ্তম নবম বা একাদশ দিবসে গমন করিবেন। ত্রয়োদশ দিবস হইতে সমাগম অবৈধ।

ঋতুর প্রথম দিবসে গমন করিলে পুরুষের আয়ুঃক্ষয় হয়। তাহাতে গর্ভ হইলে সেই গর্ভ প্রসব কালে স্রাব হইয়া যায়। দ্বিতীয়, দিবসে গমন করিলেও সেই রূপ ফল হয়, অথবা সূতিকা-গৃহে সন্তান নষ্ট হয়। তৃতীয় দিবসে গমন করিলেও সেই ফল, অথবা সন্তান অসম্পূর্ণ-অঙ্গ বা অল্পায়ু হয়। চতুর্থ দিবসে গমন করিলে সন্তান সম্পূর্ণ-অঙ্গ ও দীর্ঘায়ু হয়। কিন্তু যাবৎ শোণিত স্রাব হইতে

---

(২) স্বামী অভাবে সূর্য্য দর্শন করিবার বিধি আছে।

* সেই বিধান গর্ভাধান বলা যায়।

থাকে তাবৎ বীজ প্রবিষ্ট হইয়া কোন ফল দর্শায় না। যেমন নদীর স্রোতের প্রতিকূলে কোন দ্রব্য প্রক্ষিপ্ত হইলে ঊর্দ্ধ দিকে গমন করিতে না পারিয়া প্রতিনিবৃত্ত হয়, জীবও সেই রূপ প্রবেশ করিতে না পারিয়া প্রতি-নিবৃত্ত হয়। অতএব ঋতুকালে তিন দিবস গমন করিবে না। ঋতুর দ্বাদশ দিবস অতীত হইলে, পুনর্ব্বার এক মাসের পর গমন করা কর্ত্তব্য। দ্বাদশ দিবসের মধ্যে গর্ভ গ্রহণ করিলে, লক্ষণা (লক্ষণা মূল) বট-শুঙ্গা সহদেবা (বেড়েলা) অথবা বিশ্বদেবা (গোরক্ষ চাকুলে) ইহাদিগের মধ্যে কোন একটী দ্রব্য দুগ্ধের সহিত পেষণ করিয়া, তাহার তিন বা চারি বিন্দু পুত্রকামা স্ত্রীর দক্ষিণ নাসা-রন্ধ্রে প্রদান করিবে। তাহা নিষ্ঠীবনের দ্বারা বহিষ্কৃত করা কর্ত্তব্য নহে। ঋতু ক্ষেত্র অম্বু বীজ ইহারা যেমন বিধিপূর্ব্বক সংযোজিত হইলে অঙ্কুরোৎপাদন করে, সেই রূপ বিধিপূর্ব্বক যোজিত হইলে গর্ভও উদপাদন করে। এই নিয়মে সন্তান জন্মিলে রূপবান্ মহা-বলবান্ বুদ্ধিমান্ আয়ুষ্মান্ ধনবান্ পিতৃ পরায়ণ এবং সৎপুত্র হয়। তেজ ধাতু সকল বর্ণের আকর। গর্ভোৎপত্তি কালে সেই তেজ-ধাতু অধিকাংশ জল-ধাতুর সহিত মিলিত হইলে গর্ভ গৌরবর্ণ হয়, অধিকাংশ পার্থিব ধাতুর সহিত মিলিত হইলে গর্ভ কৃষ্ণ-বর্ণ হয়, অধিকাংশ পৃথিবী ও আকাশ-ধাতুর সহিত মিলিত হইলে কৃষ্ণ-শ্যাম হয়, এবং অধিকাংশ জলীয় ও আকাশ-ধাতুর সহিত মিলিত হইলে গৌর-শ্যাম হয়। কেহ কেহ বলেন গর্ভাবস্থায় যে রূপ বর্ণের দ্রব্য আহার করা যায়, সন্তানেরও সেই রূপ বর্ণ হয়। সেই তেজ দৃষ্টি-শক্তির সহিত মিলিত না হইলে জাতান্ধ হয়। তেজ, শোণিত আশ্রয় করিলে রক্তাক্ষ হয়, পিত্ত আশ্রয় করিলে চক্ষু পীত বর্ণ হয়, শ্লেষ্মা আশ্রয় করিলে শুক্লাক্ষ হয়, এবং বায়ুতে আশ্রয় করিলে বিকৃতাক্ষ (ট্যারা) হয়।

ঘৃত পিণ্ড যেমন অগ্নি-সংযোগে দ্রবীভূত হয়, নারীর আর্ত্তবও

সেই রূপ পুরুষের সমাগমে বিসর্পিত হয়। গর্ভাশয়ের অভ্যন্তরস্থিত বায়ু কর্ত্তৃক বীজ দ্বিধা-ভাবে ভিন্ন হইলে কুক্ষিদেশে দুই জীবের সঞ্চার হয়, তাহাকে যমজ কহে পিতার অতি অল্প পরিমাণ বীজের দ্বারা যে সন্তান জন্মে তাহাকে আসেক্য কহে। শুক্র ভোজনের দ্বারা তাহার ধ্বজ উচ্ছ্রিত হয়। যে সন্তান পূতি যোনিতে জন্মে তাহাকে সৌগন্ধিক কহে। জননেন্দ্রিয়ের আঘ্রাণে তাহার বল জন্মে। যে ব্যক্তি আপনার পায়ুরন্ধ্রে অব্রহ্মচর্য্য আচরণ করে, অথবা নারীতে পুরুষবৎ প্রবর্ত্ত হয়, তাহাকে কুম্ভীক বলে। অন্যের ব্যবায় দর্শন করিয়া যে ব্যক্তি ব্যবায়ে (সংসর্গে) প্রবর্ত্ত হয়, তাহাকে ঈর্ষক বলে। মোহ বশতঃ আপনি অঙ্গনার ন্যায় ঋতুকালে ভার্য্যাতে প্রবর্ত্ত হইলে যে সন্তান জন্মে, সেই সন্তানের নারীর ন্যায় আকার ও কার্য্য হয়, তাহাকে ষণ্ড কহে। ঋতুকালে স্ত্রীলোক যদি বিপরীত ভাবে পুরুষের ন্যায় ব্যবায়ে প্রবর্ত্ত হয় ও তাহাতে কন্যা জন্মে, তবে সেই কন্যার ক্রিয়া-প্রবৃত্তি পুরুষের ন্যায় হয়। আসেক্য সুগন্ধী কুম্ভীক ও ঈর্ষক ইহাদিগের শুক্রধাতু জন্মে, ষণ্ডের শুক্র-ধাতু জন্মে না। এইরূপ (পূর্ব্বোক্ত মতে) স্বভাবের বিপরীত কার্য্যের দ্বারা হৃষ্ট হইয়া তাহাদিগের শুক্র-বাহিনী সিরা স্ফুটিত হয়, ও তদ্দ্বারা ধ্বজ উচ্ছ্রিত হয়। স্ত্রী পুরুষ উভয়ের যে রূপ আহার আচার ও চেষ্টা হইয়া থাকে, সন্তানেরও সেই রূপ হয়। বৃষস্যন্তী দুই নারী পরস্পরে উপগত হইয়া কোন মতে পরস্পর শুক্রত্যাগ করিলে অস্থি-রহিত সন্তান জন্মে। ঋতু-স্নাতা নারী স্বপ্নে পুরুষ-সহবাস করিলে, তাহার আর্ত্তবশোণিত বায়ু-কর্ত্তৃক কুক্ষিদেশে নীত হইয়া গর্ভ জন্মায়। তাহাতে মাসে মাসে গর্ভ লক্ষণ বর্দ্ধিত হয়। সেই গর্ভ পিতৃগুণ (শুক্র-ভাগ) বর্জ্জিত। তাহাতে সর্প বৃশ্চিক কুষ্মাণ্ড প্রভৃতি বিকৃত আকার জন্মে। স্ত্রীলোকের এই রূপ গর্ভ পাপ-জন্য জানিবে।

গর্ভাবস্থায় যে অভিলাষ জন্মে তাহা পূর্ণ না হইলে বায়ু কুপিত

হয়। তদ্দ্বারা কুব্জ কুণী পঙ্গু মূক মিম্মিন প্রভৃতি জন্মে। পিতা মাতার নাস্তিক্য বা পূর্ব্বকৃত অশুভ কর্ম্ম বশতঃ বাতাদি দোষ কুপিত হইয়া গর্ভ বিকৃত করে। মলের অল্পত্ব প্রযুক্ত ও পক্কাশয়স্থ বায়ুর সংযোগ না থাকা প্রযুক্ত, গর্ভে বায়ু মূত্র পুরীষ নিঃসরণ হয় না। জরায়ু-নাড়ী কর্ত্তৃক মুখ, কফ-কর্ত্তৃক কণ্ঠ, এবং বায়ু-কর্ত্তৃক পথ রুদ্ধ হওয়া প্রযুক্ত গর্ভে রোদন করিতে পারে না। জননীর নিঃশ্বাস উচ্ছ্বাস চঞ্চলতা ও নিদ্রা অবস্থায় গর্ভস্থ বালকেরও শ্বাস উচ্ছ্বাস চাঞ্চল্য ও নিদ্রা হয়। শরীরের সন্নিবেশ দন্তের পতন ও উৎপত্তি এবং কর ও পদতলে রোম না জন্মান, এ গুলি স্বভাবসিদ্ধ। শাস্ত্রজ্ঞ ব্যক্তিরা নিয়ত শাস্ত্রচিন্তা করিলে ও সত্ব-গুণের বাহুল্য থাকিলে জাতিস্মরা হইয়া জন্ম গ্রহণ করেন। জীব পূর্ব্ব জন্মে যে রূপ কর্ম্ম করে, ইহ জন্মে সেই সেই রূপ ফল প্রাপ্ত হয়; ও পূর্ব্বদেহে তাহার যে সকল গুণ অভ্যস্ত থাকে, ইহ জন্মে তাহাতে সেই সকল গুণ বর্ত্তে।

তৃতীয় অধ্যায়।

গর্ভাবক্রান্তি।

শুক্র সৌম্য এবং আর্ত্তব আগ্নেয়। অন্যান্য সকল ভূতও পরস্পরের সাহায্যে ও পরস্পরের সংযোগে তাহাতে অবস্থিতি করে। বায়ু-কর্ত্তৃক স্ত্রী পুরুষের শরীর হইতে তেজ নিঃসৃত হয়। বায়ু ও অগ্নির † সংযোগে শুক্র ক্ষরিত হইয়া, যোনি-মধ্যে প্রবেশ পূর্ব্বক

---

† এস্থলে বায়ু বলিতে তাড়িত শক্তি বিশিষ্ট ধমনীর অভ্যন্তরস্থ সূক্ষ্ম বায়ু। অগ্নি বলিতে উষ্ণতা বুঝায়। স্ত্রী পুরুষ সমাগমে সেই বায়ু সংক্ষুব্ধ হইয়া শরীরে উষ্ণতা জন্মায়।

আর্ত্তবের দ্বারা গর্ভ সৃজন করে। অগ্নি সোম সংযোগে সৃজ্যমান সেই গর্ভ গর্ভাশয়ে অবস্থিতি করে। ক্ষেত্রজ্ঞ জ্ঞাতা স্প্রষ্টা ঘ্রাতা দ্রষ্টা শ্রোতা ও রসয়িতা পুরুষ, যাহাকে স্রষ্টা ধাতা বক্তা সাক্ষী ইত্যাদি নাম দেওয়া যায়, সেই অক্ষয় অব্যয় অচিন্ত্য পুরুষ ভূতাত্মার সহিত মিলিত হইয়া, সত্ত্ব রজস্তম গুণের সংযোগে দেবাসুর প্রভৃতির ভাবে (১) বায়ু-কর্ত্তৃক প্রেরিত হইয়া গর্ভাশয়ে প্রবেশ পূর্ব্বক অবস্থিতি করে। শুক্রের আধিক্যে পুরুষ ও আর্ত্তবের আধিক্যে কন্যা জন্মে। শুক্র শোণিতের সমান ভাব হইলে নপুংসক জন্মে। ঋতুকালে দ্বাদশ দিবস পর্য্যন্ত আর্ত্তব দৃষ্ট হয়। কেহ কেহ বলেন যে ঋতুকালে কোন স্ত্রীলোকের আর্ত্তব দৃষ্ট হয় না।

স্ত্রীলোকের মুখ পীন ও প্রসন্ন হইলে, পুরুষাভিলাষিণী ও প্রিয়ভাষিণী হইলে, কুক্ষিদেশ চক্ষু ও কেশ স্রস্ত হইলে, ভুজ কুচদ্বয় শ্রোণী নাভি উরু জঘন ও নিতম্ব স্ফূর্ত্তিযুক্ত হইলে, হৃষ্ট ও ঔৎসুক্য বিশিষ্টা হইলে, ঋতুমতী বলিয়া জানিবে। যেমন দিবাবসানে পদ্ম মুদিত হয়, সেইরূপ ঋতুকাল অতীত হইলে নারীদিগের যোনিও মুদিত হয়। আর্ত্তবশোণিত এক মাসে সঞ্চিত হয়, এবং ঈষৎ কৃষ্ণবর্ণ ও দুর্গন্ধ বিশিষ্ট হইয়া বায়ু-কর্ত্তৃক ধমনী-দ্বয়ের দ্বারা যোনিমুখে নীত হয়। আর্ত্তব দ্বাদশ বর্ষ বয়স হইতে আরব্ধ হইয়া, পঞ্চাশৎ বর্ষ বয়সে শরীর জীর্ণ হইলে ক্ষয় পায়। পূর্ব্বে বলা হইয়াছে যে ঋতু-কালে যুগ্ম দিবসে গমন করিলে পুত্র এবং অযুগ্ম দিবসে গমন করিলে কন্যা জন্মে। অতএব অপত্যার্থী ব্যক্তি ঋতু-

(১) পাঁচটি জ্ঞানেন্দ্রিয়, পাঁচটি কর্ম্মেন্দ্রিয়, পাঁচটি তন্মাত্র, মন ও বুদ্ধি, ইহাদিগের সমষ্টিকে ভূতাত্মা বলে। সমাগম কালে পিতা মাতার মানসিক অবস্থানুসারে সন্তানে দেবভাব অথবা অসুর ভাব বর্ত্তে।

কালে ভার্য্যা-সমাগম করিবেন। শ্রান্তি গ্লানি পিপাসা, উরুদেশের ভার, শুক্রশোণিত রুদ্ধ থাকা, এবং যোনির স্ফূর্ত্তি ভাব, গর্ভ গ্রহণ করিবা মাত্র এই সকল লক্ষণ হয়। স্তনদ্বয়ের মুখ কৃষ্ণবর্ণ, রোমরাজীর উন্নতি, পক্ষদ্বয়ের সংমীলন, অরুচি-প্রযুক্ত বমন, সুগন্ধেও উদ্বেগ, প্রসেক * ও শরীরের অবসন্নতা, এই সমস্ত গর্ভিণীর লক্ষণ। এই সকল লক্ষণ প্রকাশ হওয়া অবধি, পরিশ্রম উপবাস, অপ্রচুর বা অপুষ্টিকর আহার, দিবানিদ্রা রাত্রিজাগরণ, যানাদি আরোহণ শোক ভয় উৎকট-আসন, অতিশয় স্নেহাদি ক্রিয়া (ঘৃত তৈলাদি সেবন) রক্তমোক্ষণ এবং বেগধারণ, এই সকল পরিত্যাগ করিবে। দোষ বা অভিঘাতাদির দ্বারা গর্ভিণীর যে যে অঙ্গ পীড়িত হয়, গর্ভস্থ বালকেরও সেই সেই অঙ্গ পীড়িত হয়।

গর্ভের প্রথম মাসে কলল (জরায়ু বা গর্ভকোষ) জন্মে, দ্বিতীয় মাসে শুক্র শোণিতের ভূত-পরমাণু সমস্ত শীতোষ্ণ বায়ুর দ্বারা ঘনীভূত হয়। সেই ঘনীভূত পদার্থ পিণ্ডাকারে পরিণত হইলে পুরুষ, পেশীর আকারে পরিণত হইলে স্ত্রী এবং অর্ব্বুদের আকারে পরিণত হইলে নপুংসক জন্মে। তৃতীয় মাসে হস্ত পাদ ও মস্তক এই পঞ্চ অবয়বের পাঁচটী স্থূল পিণ্ড জন্মে, এবং তাহাতে সূক্ষ্ম রূপে অঙ্গ প্রত্যঙ্গের রেখা দৃশ্য হয়। চতুর্থ মাসে সমস্ত অঙ্গ প্রত্যঙ্গ স্পষ্ট-রূপে প্রকাশ পায় এবং হৃদয় জন্মে, ও চৈতন্য প্রকাশ হয়। কারণ, চেতনার আধার হৃদয়, তাহা চতুর্থ মাসে জন্মে, ও ঐ সময়ে ইন্দ্রিয়-গণের কোন কোন বিষয় ভোগ করিতে অভিলাষ হয় (১)। তৎকালে স্ত্রীলোকের দেহ দুই হৃদয় বিশিষ্ট (আপনার ও গর্ভস্থ সন্তানের) হয় বলিয়া তাৎকালিক অভিলাষকে দৌহৃদ বলে। সে অভিলাষ পূর্ণ না

---

* সর্ব্বদা মুখে জল ওঠা।

(১) সচরাচর ইহাকে এক্ষণে সাধ দেওয়া বলে।

হইলে, গর্ব্ভস্থ সন্তান কুব্জ কুণি খঞ্জ জড় বামন বিকৃতাক্ষ অথবা অন্ধ হয়। অতএব গর্ভাবস্থায় স্ত্রীলোকদিগের অভিলষিত দ্রব্য দেওয়া কর্ত্তব্য। গর্ভিণী দৌহৃদ প্রাপ্ত হইলে, সন্তান বলবান্ ও আয়ুষ্মান্ হয়।

গর্ভাবস্থায় ইন্দ্রিয়দিগের যাহা যাহা ভোগ করিতে অভিলাষ জন্মে, গর্ভপীড়া জন্মিবার আশঙ্কায় সেই সকল অভিলাষ পূর্ণ করিবে। গর্ভিণী, দৌহৃদ প্রাপ্ত হইলে গুণবান্ পুত্র প্রসব করে। দৌহৃদ প্রাপ্ত না হইলে, গর্ভ-সম্বন্ধে বা আপনা আপনি ভয় প্রাপ্ত হয়। গর্ভিণীর যে যে ইন্দ্রিয়ের অভিলাষ পূর্ণ না হয়, সন্তানেরও সেই সেই ইন্দ্রিয়ে পীড়া জন্মে। গর্ভিণীর রাজ-দর্শনে অভিলাষ হইলে, সন্তান মহাভাগ্যবান্ ও ধনবান্ হয়। দুকূল পট্ট বা কৌশেয় বস্ত্র অথবা অলঙ্কারে অভিলাষ হইলে, সন্তান মনোহর ও অলঙ্কার-প্রিয় হয়। আশ্রমে অভিলাষ হইলে, পুত্র ধর্ম্মশীল ও সংযতাত্মা হয়। দেবতা প্রতিমাতে অভিলাষ হইলে সন্তান পার্ষদ-তুল্য হয়। সর্পাদি ব্যাল জাতির দর্শনে অভিলাষ হইলে, হিংসাশীল হয়। গোধা-মাংস ভোজনে অভিলাষ হইলে, সন্তান নিদ্রালু ও স্থির-চিত্ত হয়। গোমাংসে অভিলাষ হইলে, সন্তান বলিষ্ঠ ও ক্লেশসহ হয়। মাহিষ-মাংসে অভিলাষ জন্মিলে, সন্তান শূর রক্তাক্ষ ও লোমযুক্ত হয়। বরাহ-মাংস অভিলাষে, সন্তান নিদ্রালু ও শূর হয়। জঙ্গাল-মাংস অভিলাষে, সন্তান বনচর হয়। সৃমর-মাংস অভিলাষে উদ্বিগ্ন ও তিত্তীর-মাংস অভিলাষে ভীত হয়। এই সকল জন্তু ব্যতিরেকে অন্য জন্তুর মাংসে দৌহৃদ জন্মিলে, সেই জন্তুর যে রূপ স্বভাব ও আচার, সন্তানেরও সেইরূপ স্বভাব ও আচার হয়।

পঞ্চম মাসে মনঃ জন্মে। ষষ্ঠ মাসে বুদ্ধি জন্মে। সপ্তম মাসে সকল অঙ্গ প্রত্যঙ্গ স্পষ্টরূপে প্রকাশিত হয়। অষ্টম মাসে গর্ভস্থ সন্তান অস্থির হয় ও তাহার দেহে ওজ-ধাতু জন্মে। কারণ ওজ

না জন্মিলে, নিরোজ ও নৈর্ঋত-ভাব (রস-হীন) প্রযুক্ত অষ্টম মাসে ভূমিষ্ঠ হইয়া জীবিত থাকিতে পারিত না। অতএব অষ্টম মাসে গর্ভিণীকে বলি ও মাংস-অন্ন দেওয়া কর্ত্তব্য। নবম দশম একাদশ অথবা দ্বাদশ মাসে ভূমিষ্ঠ হয়। ইহার অতিরিক্ত বিলম্ব হইলে বিকার প্রাপ্ত হয়।

জননীর রস-বাহিনী নাড়ীর সহিত গর্ভস্থ সন্তানের নাভিনাড়ী বদ্ধ থাকে। সেই নাড়ী জননীর আহার-জনিত রস ও বীর্য্য গর্ভ-মধ্যে বহন করে। সেই স্নেহ-সদৃশ পদার্থে গর্ভের বৃদ্ধি হয়। স্তন্য নিঃসরণ হইতে আরম্ভ হওয়া অবধি, সর্ব্বশরীরানুসারিণী রস-বাহিনী তির্য্যক্-গামিনী ধমনীর মধ্যে জননীর পূর্ব্বোক্ত আহার-জাত রস প্রবাহিত হয়, তদ্দ্বারা গর্ভের অস্পষ্ট অঙ্গ প্রত্যঙ্গ সমস্ত পোষণ হয়। শৌনক কহেন যে গর্ভে অগ্রে শিরোদেশই জন্মে। কারণ মস্তকই দেহ ও ইন্দ্রিয়ের মূল। কৃতবীর্য্য কহেন যে অগ্রে হৃদয় জন্মে, কারণ হৃদয়ই বুদ্ধি ও মনের স্থান। পরাশর কহেন যে নাভি অগ্রে জন্মে, কারণ সেই স্থান হইতেই দেহীর সমস্ত দেহ বর্দ্ধিত হয়। মার্কণ্ডেয়ের মতে অগ্রে হস্ত পাদ জন্মে, কারণ তাহারাই গর্ভের সকল ক্রিয়ার মূল। গৌতমের মতে শরীরের মধ্যভাগ অগ্রে জন্মে, কারণ, তাহাতেই সকল অবয়ব জন্মে। কিন্তু এই সকল মত সঙ্গত নহে। ধন্বন্তরি বলেন যে, সকল অঙ্গ প্রত্যঙ্গ এক কালেই জন্মে। চ্যুত-ফল বা বংশাঙ্কুরের ন্যায় অতি সূক্ষ্ম-প্রযুক্ত তাহার উপলব্ধি হয় না। যেমন আম্র ফল পাকিয়া উঠিলে, তাহার কেশর মাংস অস্থি মজ্জা প্রভৃতি পৃথক্ রূপে দৃষ্ট হয়। সেই ফলের তরুণাবস্থায় সেই সকল কেশর প্রভৃতি অতি সূক্ষ্ম ভাবে থাকে, জানা যায় না, ক্রমশঃ কাল সহকারে তাহারা প্রকাশ পায়; সেই রূপ গর্ভেরও তরুণ অবস্থায় সকল অঙ্গ প্রত্যঙ্গ থাকিলেও, অতিশয় সূক্ষ্ম-প্রযুক্ত তাহার উপলব্ধি হয় না। ক্রমশঃ কাল সহকারে সেই সকল প্রকাশ পায়। সেই সকল অঙ্গ

প্রত্যঙ্গের মধ্যে পিতৃজ মাতৃজ রসজ আত্মজ সত্বজ, ও সাত্ম্যজ, এই সকল অংশের বিবরণ বলা যাইতেছে। কেশ শ্মশ্রু লোম অস্থি নখ দন্ত সিরা স্নায়ু ধমনী ও রেতঃ প্রভৃতি দৃঢ়-পদার্থ পিতৃ-জাত (১)। মাংস শোণিত মেদ মজ্জ হৃদয় নাভি যকৃৎ প্লীহা অন্ত্র ও মলাশয় প্রভৃতি কোমল পদার্থ মাতৃজাত। (২) শরীরের বৃদ্ধি বল বর্ণ স্থিতি ও ক্ষয় রস-জাত। ইন্দ্রিয় সমূহ জ্ঞান বিজ্ঞান আয়ুঃ সুখ দুঃখ প্রভৃতি আত্ম-জাত (৩)। সত্ব হইতে যাহা কিছু জন্মে তাহা পরে বলা যাইবে। বীর্য্য আরোগ্য বল বর্ণ মেধা সাত্ম্য-জাত (৪)।

যে গর্ভিণীর দক্ষিণ স্তনে অগ্রে দুগ্ধ জন্মে, দক্ষিণ চক্ষু বৃহত্তর হয়, দক্ষিণ উরু স্থূলতর হয়, এবং পুংলিঙ্গে যে সকল দ্রব্যের নাম তাহাতেই অধিকাংশ অভিলাষ জন্মে, স্বপ্নে পদ্ম উৎপল কুমুদ আম্রাতক প্রভৃতি পুংলিঙ্গস্থ দ্রব্য প্রাপ্ত হয়, এবং মুখ ও বর্ণ প্রসন্ন হয়, তাহার পুত্র জন্মে বলিয়া বলে। ইহার বিপরীত হইলে কন্যা হয়। যাহার পার্শ্বদ্বয় উন্নত, এবং উদরদেশ সম্মুখদিকে নির্গত হয়, এবং পূর্ব্বোক্ত সকল লক্ষণ দৃষ্ট হয়, তাহার গর্ভে নপুংসক জন্মে। যাহার উদর দ্রোণির ন্যায় অতিশয় বৃহৎ ও মধ্যভাগ নিম্ন, তাহার গর্ভে যুগ্ম সন্তান জন্মে।

গর্ভিণী, দেবতা ব্রাহ্মণ পরায়ণ শৌচাচারিণী ও অন্যের হিত সাধনে প্রবৃত্তা হইলে অতি গুণবান্ সন্তান প্রসব করে। ইহার বিপরীত হইলে সন্তান নির্গুণ হয়। অঙ্গ প্রত্যঙ্গ সকল স্বভাবতই জন্মে।

---

(১) "পিতৃ জাত" শুক্রের গুণে যাহা জন্মে। (২) 'মাতৃজাত' যাহা শোণিতের গুণে জন্মে। (৩) "আত্মজাত" চেতন পদার্থের গুণে যাহা জন্মে। (৪) "সাত্ম্যজাত" যে সকল গুণ স্বভাবতঃ আত্মার সঙ্গে জন্মে।

অঙ্গ প্রত্যঙ্গে যদি কিছু দোষ গুণ ঘটে, তাহা গর্ভের ধর্ম্মাধর্ম্ম-জন্য জানিবে (৫)।

চতুর্থ অধ্যায়।

গর্ভ ব্যাকরণ।

অগ্নি সোম বায়ু সত্ব রজ স্তমঃ পঞ্চ ইন্দ্রিয় ও পঞ্চপ্রাণ ইহাদিগকে ভূতাত্মা বা জীবাত্মা কহে।

শুক্র শোণিত পরিপাক হইয়া দেহের আকারে পরিণত হইবার কালে, দুগ্ধে সন্তানিকা জন্মিবাব ন্যায় দেহের উপরিভাগে উপর্য্যুপরি সপ্তত্বক্ জন্মে। প্রথম যে ত্বক্ জন্মে তাহার নাম অবভাষিণী। তদ্দারা দেহের বর্ণ ও পঞ্চ বিধ ছায়া প্রকাশ পায়। ইহার বেধ ধান্যের অষ্টা-দশ ভাগের এক ভাগ। দ্বিতীয় ত্বকের নাম লোহিতা। ইহার বেধ ব্রীহির ১৬ ভাগের এক ভাগ। ইহা সিধ্ম পদ্ম কণ্টকাদির উৎপন্নের স্থান। তৃতীয়া শ্বেতা, তিলকালক ন্যচ্ছব্যঙ্গ উৎপন্নের স্থান। ইহার বেধ ধান্যের দ্বাদশ ভাগের এক ভাগ। চতুর্থী তাম্রা, চর্ম্মদল অজগল্লী মশকের আশ্রয়। ইহার পরিমাণ ধান্যের অষ্ট ভাগের এক ভাগ। পঞ্চমী মেদিনী, ধান্যের পঞ্চম ভাগের এক ভাগ। ইহা কিলাস (ছুলি) নামক কুষ্ঠ উৎপন্নের স্থান। ষষ্ঠ রোহিণী, ইহার বেধ একটি ধান্য পরিমাণ, কুষ্ঠ ও দদ্রু রোগ জন্মিবার স্থান। সপ্তমী মাংসধরা, ইহা ভগন্দর ও বিদ্রধির অধিষ্ঠান। ইহার বেধ দুই ধান্য পরিমাণ। এইরূপ পরিমাণ মাংসল স্থানে হইয়া থাকে, ললাট বা সূক্ষ্ম অঙ্গুলি প্রভৃতি স্থানে সম্ভবে না। কারণ, পূর্ব্বে বলা হইয়াছে যে উদরে অঙ্গুষ্ঠের উদর পরিমিত গভীর করিয়া বিদ্ধ করিবে। সপ্ত ধাতুর স্থান-ভেদে সপ্ত কলা জন্মে।

---

(৫) গর্ভিণীর কায়িক ও মানসিক অবস্থা বা কার্য্যানুসারে গর্ভস্থ বালকের পক্ষে যে ইষ্ট কি অনিষ্ট ফল হয়, তাহাই গর্ভের ধর্ম্মাধর্ম্ম।

কাষ্ঠ-ছেদন করিলে যেমন সার দেখা যায়, সেই রূপ মাংস ছেদন করিলে ধাতু দৃশ্য হয়। প্রত্যেক কলা-ভাগ স্নায়ুর দ্বারা আচ্ছন্ন, জরায়ু কর্ত্তৃক ব্যাপ্ত এবং শ্লেষ্মার দ্বারা বেষ্টিত।

প্রথমা কলা মংাসধরা। ইহাতে সিরা স্নায়ু ধমনী ও নাড়ী সমূহ অবস্থিতি করে।পঙ্কোদকে যেমন বিস মৃণাল প্রভৃতি বর্দ্ধিত হয়, মাংসেও সেইরূপ সিরা প্রভৃতি বর্দ্ধিত হয়। দ্বিতীয় কলা রক্তধরা। মাংসের অভ্যন্তরে, বিশেষতঃ সেই মাংসস্থিত সিরাতে ও যকৃৎ প্লীহা সংলগ্ন সিরা-মধ্যে শোণিত অবস্থিতি করে। যেমন কোন ক্ষীর বিশিষ্ট বৃক্ষে আঘাত করিলে ক্ষীর নিঃসৃত হয়, সেই রূপ মাংস ক্ষত হইলে শোণিত নিঃসৃত হয়। তৃতীয়া কলা মেদ-ধরা, সকল প্রাণীর উদরে ও সূক্ষ্ম অস্থিতে মেদ অবস্থিতি করে। বৃহৎ অস্থির অভ্যন্তর-স্থিত মেদকেই মজ্জা বলে।

স্থূল অস্থির অভ্যন্তরগত হইলে মজ্জা বলা যায়। সেই মজ্জা রক্ত যুক্ত হইয়া সূক্ষ্ম অস্থিতে সংলগ্ন হইলে তাহাকে মেদ বলা যায়। কেবল মাত্র মাংসের স্নেহকে বসা বলা যায়।

চতুর্থী কলা শ্লেষ্মধরা। ইহা সকল সন্ধিস্থানে অবস্থিতি করে। চক্রের অক্ষমধ্যে স্নেহ সেচন করিলে চক্র যে রূপ অনায়াসে প্রবর্ত্তিত হয়, সেই রূপ সকল সন্ধিস্থান শ্লেষ্মার দ্বারা সংশ্লিষ্ট থাকিলে, সন্ধি স্থানের কার্য্য আনায়াসে নির্ব্বাহ হয়।

পঞ্চমী পুরীষ-ধরা কলা। ইহা পক্বাশয়ে থাকিয়া অন্তঃকোষ্ঠের মল বিভাগ করে। যেমন যকৃৎ কোষ্ঠের চতুর্দ্দিকে অস্ত্রি সমস্ত আশ্রয় করিয়া থাকে, উণ্ডুকস্থ মলও সেইরূপ মলধরা কলা আশ্রয় করিয়া থাকে।

ষষ্ঠী পিত্তধরা কলা। ভুক্ত দ্রব্য আমাশয় হইতে নিঃসৃত হইয়া পক্বাশয়-মধ্যে পিত্তধরা কলাতে অবস্থিতি করে। যাহা কিছু পান করা যায়, খাওয়া যায়, ভোজন করা যায়, বা লেহন করা যায়, তাহা

সমস্ত পক্কাশয় গত হইলে পিত্তাগ্নি কর্ত্তৃক শোষিত হইয়া যথাকালে পরিপাক পায়।

সপ্তমী শুক্রধরা কলা। ইহা প্রাণীগণের সর্ব্বশরীর ব্যাপিয়া অবস্থিতি করে। যেমন দুগ্ধে ঘৃত অথবা ইক্ষুতে গুড় ও রস থাকে, শরীরে শুক্রও সেই রূপ ব্যাপ্তভাবে থাকে। বস্তিদ্বারের অধো-ভাগে দক্ষিণ পার্শ্বে দুই অঙ্গুল অন্তরে যে মূত্রনালী, তদ্দ্বারা পুরুষের শুক্র নির্গত হয়। শুক্র সর্ব্বাঙ্গ আশ্রয় করিয়া থাকে। মন প্রসন্ন থাকিলে, স্ত্রীলোকের সহিত ব্যায়াম করিলেও শরীর হৃষ্ট হইয়া শুক্র নিঃসরণ হয়।

গর্ভবতী স্ত্রীলোকদিগের আর্ত্তব-বাহিনী নাড়ীর পথ গর্ভকর্ত্তৃক রুদ্ধ হইয়া থাকে। এজন্য তাহাদিগের আর্ত্তব দৃষ্ট হয় না। তৎকালে আর্ত্তব অধোভাগে নিঃসৃত হইতে না পাইয়া ঊর্দ্ধদিকে গমন করে। তাহার কিয়দংশের দ্বারা শরীর বর্দ্ধিত হয়, এবং অবশিষ্ট অংশ দুগ্ধরূপে স্তনদ্বয়ে প্রবেশ করে। তজ্জন্যই গর্ভিণীদিগের পীনোন্নত পয়োধর হইয়া থাকে। গর্ভে, যকৃৎ ও প্লীহা শোণিত হইতে জন্মে। শোণিতের ফেনা হইতে ফুক্‌ফুস জন্মে এবং শোণিতের মল হইতে উণ্ডুক (মলাশয়) জন্মে। রক্ত এবং শ্লেষ্মার সার ভাগ, পিত্তের দ্বারা পরিপাক ও বায়ু-কর্ত্তৃক প্রবাহিত হইয়া অন্ত্রি সমস্ত জন্মায়। উদরে যে সমস্ত ধাতু পরিপাক হয়, তাহার সারভাগ আধ্মাত হইয়া পায়ু ও বস্তি জন্মায়। কফ শোণিত ও মাংসের সার হইতে জিহ্বা জন্মে। উষ্ণতাসহযোগে সিরা-পথের দ্বারা মাংস-মধ্যে বায়ু প্রবেশ করিয়া, মাংসকে পেশীর আকারে বিভক্ত করে। মেদধাতুর স্নেহের সহিত সংযুক্ত হইলে, সিরাই স্নায়ুর আকারে পরিণত হয়। মৃদুপাক পদার্থে সিরা জন্মে, এবং খরপাক পদার্থে স্নায়ু জন্মে। উৎপত্তি কালে শরীরের যে ধাতু যে স্থানে নিয়ত অবস্থিতি করে, সেই স্থানই সেই ধাতুর আশয়। রক্ত ও মেদের সহযোগে বুক্কদ্বয় (দুই বক্ষপার্শ্ব) জন্মে। মাংস রক্ত কফ ও মেদের সহযোগে মুষ্কদ্বয়

জন্মে। শোণিত ও কফের সহযোগে হৃদয় জন্মে। সেই হৃদয়ে প্রাণ-বাহিনী ধমনী সমস্ত আশ্রয় করিয়া থাকে। হৃদয়ের অধোভাগে বামদিকে প্লীহা ও ফুফ্ফুস এবং দক্ষিণদিকে যকৃৎ ও ক্লোম। হৃদয় চেতনার স্থান, ইহা অজ্ঞানে আবৃত হইলে প্রাণীগণ নিদ্রিত হয়। হৃদয় অধোমুখে থাকিয়া জাগ্রত অবস্থায় পদ্মের ন্যায় প্রকাশিত হয়, এবং নিদ্রিতাবস্থায় মুদিত থাকে। নিদ্রা বৈষ্ণবীশক্তি। ইহা সকল প্রাণীকেই অভিভূত করে। যখন সংজ্ঞাবহ সিরা সমস্ত তমঃপ্রধান শ্লেষ্মার দ্বারা আবৃত হয়, তখন তামসী নামে নিদ্রা উপস্থিত হয়। মৃত্যুকালে যে নিদ্রা হয়, তাহাকে অনববোধিনী বলে। তমোগুণ-বিশিষ্ট ব্যক্তির দিবা রাত্রি উভয় কালেই নিদ্রা হয়। রজোগুণ বিশিষ্ট ব্যক্তির অকারণে নিদ্রা হয়। এবং সত্বগুণ বিশিষ্ট ব্যক্তির অর্দ্ধরাত্রে নিদ্রা হয়। শ্লেষ্মা ক্ষয় ও বায়ু বৃদ্ধি হইলে অথবা মন বা শরীর তাপিত হইলে নিদ্রা হয় না।

হে সুশ্রুত! হৃদয়ই সকল প্রাণীর চেতনার স্থান। তাহা তমো-গুণের দ্বারা অভিভূত হইলে দেহে নিদ্রা প্রবেশ করে। তমোগুণ নিদ্রার হেতু এবং স্বত্বগুণ বোধের হেতু। অথবা স্বভাবই ইহাদি-গের প্রধান হেতু বলা যাইতে পারে। জাগ্রৎ অবস্থায় যে সকল শুভাশুভ বিষয় অনুভূত হয়, নিদ্রাকালে জীবাত্মা রজোগুণ-বিশিষ্ট মনের দ্বারা সেই সকল বিষয় গ্রহণ করেন। ইন্দ্রিয়গণ বিকল হইলে ও অজ্ঞানতা বৃদ্ধি হইলে, জীবাত্মা নিদ্রিত না হইলেও নিদ্রিতের ন্যায় বলা যায়।

গ্রীষ্ম ব্যতিরেকে অপর সকল ঋতুতেই দিবা নিদ্রা নিষিদ্ধ। কিন্তু বালক বৃদ্ধ, স্ত্রীসংসর্গ-জনিত কৃশ, ক্ষত ক্ষীণ, অথবা মদ্যপানে উন্মত্ত ব্যক্তির পক্ষে, যান বাহনে বা অন্য কোন রূপে পথ গমনে শ্রান্ত, কিম্বা অন্য কর্ম্মের দ্বারা শ্রান্ত বা অভুক্ত ব্যক্তির পক্ষে, অথবা যাহার মেদ ঘর্ম্ম কফ রস রক্ত ক্ষীণ হইয়া থাকে তাহার পক্ষে, অথবা অজীর্ণ

রোগীর পক্ষে; দিবাভাগে দুই দণ্ডকাল নিদ্রা যাওয়া নিষিদ্ধ নহে। রাত্রিজাগরণ করিলে, যতক্ষণ জাগরণ করা যায়, দিবাভাগে তাহার অর্দ্ধ পরিমিত কাল নিদ্রা যাইতে পারে। দিবা নিদ্রা দেহের বিকারের স্বরূপ অতি কদর্য্য কর্ম্ম। ইহাতে নিদ্রিত ব্যক্তির অধর্ম্ম এবং সকল দোষের প্রকোপ হয়। দোষের প্রকোপহেতু কাস শ্বাস প্রতিশ্যায় মস্তকের ভার অঙ্গমর্দ্দ (গায়ের কামড়ানি), অরুচি জ্বর ও অগ্নিমান্দ্য, এই সকল রোগ জন্মে। রাত্রিকালেও জাগরণ করিলে বায়ুপিত্ত-জন্য ঐ সকল উপদ্রবই জন্মে।

অতএব রাত্রিজাগরণ বা দিবানিদ্রা বর্জ্জন করিবে। ইহারা উভয়েই দোষকর, অতএব পরিমিত রূপে নিদ্রা যাইবে। নিদ্রা পরিমিত হইলে, দেহ অরোগ ও বল বর্ণ যুক্ত হয়, স্থূল বা কৃশ না হইয়া মধ্যভাবে থাকে, শ্রীমান্ হয়, মন প্রফুল্ল হয়, এবং একশত বৎসর জীবিত থাকে। নিদ্রা আয়ত্ত হইলে, রাত্রে হউক বা দিবসে হউক জাগ্রত থাকিলে বা নিদ্রিত হইলে দোষ বর্ত্তে না। বায়ুজন্য পিত্ত-জন্য মনস্তাপ-জন্য ক্ষয়-জন্য বা অভিঘাত-জন্য নিদ্রা নাশ হয়। সেই সকল দোষের বিপরীত ক্রিয়া করিলেই সাম্য হয়। নিদ্রা নাশ হইলে তৈলাদি মর্দ্দন করিবে ও মূর্দ্ধদেশে তৈল সেচন করিবে। ইহাতে গাত্রের উদ্বর্ত্তন (বিলেপন) ও সংবাহনও (টেপা) হিতকর। শালি-তণ্ডুল গোধূম পিষ্টান্ন, ইক্ষু-রসসংযুক্ত মধুর ও স্নিগ্ধ দ্রব্য ভোজন, বা দুগ্ধ বা মাংস-রস-যুক্ত দ্রব্য ভোজন, বিলেশয় বা বিষ্কির জন্তুর মাংসের রস-যুক্ত দ্রব্য ভোজন, রাত্রি কালে দ্রাক্ষা শর্করা বা গুড়ের দ্রব্য ভোজন, এবং কোমল মনোহর শয্যা ও আসন প্রভৃতি ব্যবহার করা, নিদ্রা নাশে † কর্ত্তব্য। নিদ্রার আধিক্য হইলে, বমন সংশোধন লঙ্ঘন ও রক্ত-মোক্ষণ করিবে, এবং মনকে ব্যাকুল করিবে।

---

† "নিদ্রানাশ" একবারে নিদ্রা না হওয়া।

কফ বা মেদ বিশিষ্ট অথবা বিষার্ত্ত ব্যক্তির রাত্রি-জাগরণ হিতকর। তৃষ্ণা শূল হিক্কা অজীর্ণ ও অতিসার রোগে দিবানিদ্রা হিতকর। ইন্দ্রিয়গণের বিষয় (শব্দ স্পর্শাদি) জ্ঞান না হওয়া, শরীরের গৌরব, জৃম্ভণ ক্লান্তি ও নিদ্রায় কাতরতা এই গুলি তন্দ্রার লক্ষণ। মুখ ব্যাদান করিয়া বাহ্য বায়ু আকর্ষণ পূর্ব্বক একবার পান করিয়া, পুনর্ব্বার তাহা নেত্রজলের সহিত পরিত্যাগ করাকে জৃম্ভণ বলে। শ্রম না করিয়াও দেহে শ্রম বোধ হইলে ও শ্বাস বর্জ্জিত হইলে ক্লান্তি বলা যায়। শরীরে ক্লান্তি জন্মিলে ইন্দ্রিয় কার্য্যের ব্যাঘাত ঘটে। বমন করিলে অন্ন নির্গত না হইয়া, হৃদয়দেশে লালা ও শ্লেষ্মা সঞ্চিত হইয়া পীড়া বোধ (বমনেচ্ছা) হয়, ইহাকে উৎক্লেশ কহে। বক্ত্রের মধুরতা, তন্দ্রা, হৃদয়ের উদ্বেষ্টন (বমনেচ্ছা †), ভ্রম এবং অন্নে অরুচি, এই গুলি ঘটিলে গ্লানি বলা যায়। গাত্র যেন আর্দ্র চর্ম্মে আবৃত এইরূপ বোধ হইলে, এবং মস্তক ভার বোধ হইলে, গৌরব বলা যায়। পিত্ত, তমোগুণ-যুক্ত হইলে মূর্চ্ছা এবং রজোগুণ-যুক্ত হইলে ভ্রম জন্মায়। তমো-গুণ বাত-শ্লেষ্মার সহিত মিলিত হইলে, তন্দ্রা, এবং শ্লেষ্মার সহিত মিলিত হইলে নিদ্রা হয়। রসজন্য ও বায়ুর আধ্মান জন্য গর্ভ বৃদ্ধি হয়।

গর্ভস্থ শরীরের নাভি-মধ্যে জ্যোতির স্থান। তথায় বায়ু ধমন * করিতে থাকে, তদ্দ্বারা শরীর বৃদ্ধি হয়। ধমিত হইয়া বায়ু উষ্ণতার সহযোগে দেহের সকল স্রোত-পথ (সিরা ও শরীরের দ্বারা) ভেদ করিয়া ঊর্দ্ধ অধঃ ও তির্য্যক্ ভাগে গমন করিতে থাকে। দৃষ্টি এবং রোমকূপ বৃদ্ধি হয় না। শরীর ক্ষয় হইলেও নখ ও কেশ বৃদ্ধি হয়।

---

† গলার নিকট জড়িয়া উঠে।

* কামারের জাঁতা যে রূপে তায় তাহাকে ধমন বলে। তাহাতে নাভিনাড়ীর দ্বারা বায়ু গর্ভ মধ্যে প্রবেশ করিয়া শরীর নির্ম্মাণ করে।

সকল দোষ পৃথক্ ভাবে বা দুইটি অথবা সমস্ত একত্র হইয়া সপ্ত প্রকার প্রকৃতি জন্মায়। শুক্র শোণিতের সংযোগ হইলে, বাত পিত্ত প্রভৃতির মধ্যে যে দোষ প্রবল হয়, তদ্দ্বারা জীবের প্রকৃতি জন্মে। তাহার লক্ষণ কহিতেছি শ্রবণ কর।

জাগরুক শীতল দ্রব্যের দ্বেষকারী দুর্ভগ (অলক্ষণ-যুক্ত) মাৎ-সর্য্য বিশিষ্ট অনার্য্য (নীচ) গান্ধর্ব্বচিত্ত (আমোদ প্রিয়) হস্ত বা পাদতল রক্তবর্ণ, শ্মশ্রু নখ ও কেশ রুক্ষ, ক্রোধশীল দন্ত-নখ-খাদী (দাঁত কিড়মিড় করে ও নখ চর্ব্বণ করে) ধৈর্য্যহীন, মিত্রতায় অদৃঢ় (বন্ধুতায় অবিশ্বাসী) কৃতঘ্ন কৃশ কর্ক শ, শরীর সিরা-সমূহে ব্যাপ্ত বাচাল, দ্রুত-গমনশীল, চঞ্চল-চিত্ত, নিদ্রাবস্থায় শূন্যে গমন-শীল, চঞ্চল মতি ও দৃষ্টি, ধন ও মিত্র সঞ্চয়ে মন্দ, এবং অসংলগ্ন-ভাষী। বায়ুপ্রকৃতি মনুষ্য এই রূপ হইয়া থাকে। অশ্ব ছাগ গোমায়ু শশ মূষিক উষ্ট্র কুক্কুর গৃধ্র কাক গর্দ্দভ, বাত-প্রকৃতি মনুষ্যের এই সকল জন্তুর ন্যায় প্রকৃতি বলা যায়।

অঙ্গ. ঘর্ম্মাক্ত দুর্গন্ধযুক্ত পীতবর্ণ ও শিথিল, নখ নয়ন তালু জিহ্বা ওষ্ঠ হস্ত ও পাদতল তাম্রবর্ণ, শ্রীহীন, বলি-পলিত বিশিষ্ট, পুষ্টিহীন বহুভোজী উষ্ণদ্বেষী শীঘ্র-কোপন-শীল ও শীঘ্রশান্ত্বনা-শীল। মধ্যম প্রকার বল ও আয়ু, মেধাবী নিপুণ-বুদ্ধি, বিগৃহ্য-বক্তা (যে সঙ্গত বলে) তেজস্বী এবং যুদ্ধে দুর্নিবার। নিদ্রাকালে কনক পলাশ কর্ণিকার অগ্নি বিদ্যুৎ বা উল্কা দর্শন করে, কখন ভয়ে নত হয় না, স্মরণাগত ব্যক্তিকে অভয় দান করে, এবং গমন কালে ব্যথিতের ন্যায় গমন করে, এইগুলি পিত্ত-প্রকৃতির লক্ষণ। সর্প উলূক গন্ধর্ব্ব (জন্তু-বিশেষ) যক্ষ-বিড়াল বানর ব্যাঘ্র ভল্লূক এবং নকুল, পিত্ত-প্রকৃতি ব্যক্তির স্বভাব এই সকল জন্তুর সদৃশ।

দুর্ব্বা ইন্দীবর নিস্ত্রিংশ আর্দ্রা অরিষ্ট এবং শরকাণ্ড, ইহাদিগের ন্যায় বর্ণ, শ্রীমান্ প্রিয়দর্শন মধুর-প্রিয় কৃতজ্ঞ ধৃতিমান্ সহিষ্ণু লোভ-

দ্বার ৯টি।

কর্ণ — ২	মুখ — ১	স্ত্রীলোকের দেহে তিনটি দ্বার অধিক।
চক্ষু — ২	মলদ্বার — ১	রক্তবহ দ্বার — ১
নাসিকা ২	প্রস্রাব দ্বার ১	স্তনদ্বয় — ২

কণ্ডরা (প্রধান সিরা)। ১৬ টি।

পায়ে	৪টি	হস্ত পাদের কণ্ডরার প্ররোহের স্বরূপ নখ জন্মে।
হাতে	৪টি	
পৃষ্ঠে	৪টি	পৃষ্ঠ ও কটিদেশস্থ কণ্ডরা হইতে বিম্ব জন্মে।
গ্রীবাদেশে	৪টি	গ্রীবা ও হৃদয় নিবন্ধিনী কণ্ডরা হইতে মেঢ্র (পুংচিহ্ন) জন্মে।

জাল।

মাংস জাল	৪টি	ইহারা মণিবন্ধ (হাতের কব্জা) হইতে গুল্ফদেশ (পায়ের গোড়ালি) পর্য্যন্ত আশ্রয় করিয়া থাকে। ইহারা পরস্পর সংশ্লিষ্ট ও ছিদ্রযুক্ত। তদ্দ্বারা সমস্ত শরীরই যেন ছিদ্র যুক্ত হয়।
স্নায়ু জাল	৪টি	
সিরা জাল	৪টি	

কূর্চ্চ ৬টি।

হস্তে — ২	গ্রীবা — ১
পায়ে — ২	মেঢ্র (শিশ্ন) ১

রজ্জু।

পৃষ্ঠদণ্ডের বাহ্যদেশে —	২	এই চারিটি প্রধান মাংসরজ্জু পেশী বন্ধনার্থ পৃষ্ঠদণ্ডের উভয় দিকে স্থিত।
পৃষ্ঠদণ্ডের অভ্যন্তরদেশে	২	

সেবনী (শরীরে সেলাই করার মত সিরা)।

মস্তকে——৫টি
জিহ্বাতে—১টি
পুং চিহ্নে—১টি

অস্থি সংঘাত (অস্থি মিলনের স্থান)।

গুল্‌ফদেশে	৫টি	এই রূপ অপর পায়ে——৩টি
জানুতে	১টি	দুই বাহুতে ঐ রূপ
বঙ্ক্ষণে (কুচকিতে)	১টি	৩টি করিয়া————৬টি

কটিদেশে—১
ও মস্তকে—১

সীমন্ত। ১৮টী।

অস্থির মিলনের স্থান যত সীমন্তও তত। কারণ, সকল অস্থি-সংঘাত সীমন্ত সংযুক্ত। অস্থি-সংঘাত কেহ কেহ ১৮ টি বলেন।

অস্থি। ৩০০ তিন শত।

প্রত্যেক পাদাঙ্গুলিতে		এইরূপ অপর পাদে ...	৩০	পৃষ্ঠে ...	৩০
তিনটি (৩) করিয়া ...	১৫	দুই হাতে ৩০টি করিয়া	৬০	বক্ষে ...	৮
পাদতলে ও গুল্‌ফে...	১০	কটিদেশে	১	বৃত্তাকার	
গোড়ালিতে	১	মলদ্বার	১	অক্ষকনামক	২
জঙ্ঘাতে	২	যোনিদেশে	১	গ্রীবাদেশে	৯
জানুতে	১	দুই নিতম্বে ...	২	কণ্ঠদেশে	৪
উরুদেশে	১	দুই পার্শ্বে ৩৬টি করিয়া	৭২	দুই হনুতে	২
	৩০		১৬৭	দন্ত —	৩২
				নাসিকাতে	৩
				তালুতে	১
				গাল কর্ণ ও রগ প্রত্যেকদুইটি করিয়া ..	৬
				মস্তকে	৬
					১০৩

অস্থি পাঁচ প্রকার।

কপাল, রুচক, তরুণ, বলয়, এবং নলক।

জানু, নিতম্ব, স্কন্ধ গণ্ড, তালু, শঙ্খ, মস্তক	এই সকল স্থানে কপাল নামক অস্থি
দন্ত সকল	রুচক নামক অস্থি
নাসিকা কর্ণ গ্রীবা ও চক্ষু-কোশে	তরুণ নামক অস্থি
পাণিপাদ পার্শ্ব পৃষ্ঠ উদর এবং বক্ষে	বলয় নামক অস্থি
অবশিষ্ট সকল স্থানে	নলক নামক অস্থি

অস্থি সন্ধি ২১০।

পাদাঙ্গুলি প্রত্যেকে ৩টি করিয়া ও বৃদ্ধাঙ্গুলিতে ২টি	... ১৪	গ্রীবাদেশে ...	১০
		কণ্ঠদেশে ...	৩
		হৃদয় ও ক্লোম সংলগ্ন নাড়ীতে	১৮
জানু গুল্ফ ও কুঁচকি প্রত্যেক ১টী করিয়া	... ৩	দন্তমূল সন্ধি ...	৩২
		কাকলকে ...	১
এইরূপ অপর পাদে	... ১৭	নাসিকাতে ...	১
এইরূপ দুই হাতে ১৭ করিয়া	৩৪	নেত্রমণ্ডলে ...	২
কটিদেশে ...	... ৩	গণ্ডে ১টি করিয়া ...	২
পৃষ্ঠদণ্ডে ...	... ২৪	কর্ণে ১টি করিয়া ...	২
দুই পার্শ্বে ...	.... ২৪	শঙ্খ (রগে) ...	২
বক্ষঃস্থলে ...	... ৮	হনুসন্ধি দুই দিকে ...	২
	১২৭	ভ্রূ ও রগের উপরিভাগে দুই দিকে	২
	৮৩		
	২১০	মস্তকের কপাল খণ্ডে	৫
		মূর্দ্ধদেশে ...	১
			৮৩

সন্ধি আট প্রকার।

কোর, উদূখল, সামুদ্গা, প্রতর, তুন্নসেবনী, বায়সতুণ্ড, মণ্ডল ও শঙ্খাবর্ত্ত।

অঙ্গুলি, মণিবন্ধ (কব্‌জি), ও গুল্‌ফ, জানু ও কনুই, এই সকল স্থানে	কোর সন্ধি
বগল কুঁচকি ও দন্তে	উদূখল সন্ধি
স্কন্ধদেশ মলদ্বার যোনিদেশে ও নিতম্বে	সামুদ্গা সন্ধি
গ্রীবা ও পৃষ্ঠদণ্ডে	প্রতরা সন্ধি
মস্তক ও কটী কপালে	তুন্ন-সেবনী
হনুর উভয়দিকে	বায়সতুণ্ড
কণ্ঠ হৃদয় নেত্র ও ক্লোম সংলগ্ন নাড়ীতে	মণ্ডলাকার সন্ধি
কর্ণ ও শৃঙ্গাটকে ...	শঙ্খাবর্ত্ত

স্নায়ু ৯০০।

স্নায়ু দ্বারা সন্ধি স্থান দৃঢ় রূপে বদ্ধ থাকে।

পাদাঙ্গুলিতে প্রত্যেকে ৬টী করিয়া	৩০
পাদতলের অগ্রভাগে ও গুল্‌ফ দেশে	৩০
জঙ্ঘাতে ...	৩০
জানুদেশে ...	১০
উরুদেশে ...	৪০
কুঁচকিতে ...	১০
এইরূপ অপর পাদে	১৫০
	৩০০

দুই হাতে এইরূপে ...	৩০০
কটিদেশে	৬০
পৃষ্ঠে	৮০
দু[illegible] পার্শ্বে	৬০
বক্ষঃস্থলে ...	৩০
গ্রীবাদেশে	৩৬
মূর্দ্ধদেশে	৩৪
	৬০০
	৩০০
	৯০০

স্নায়ু চারি প্রকার।

প্রতানবতী (শাখাবিশিষ্ট), বৃত্ত, স্থূল, ও শুষির (ছিদ্রযুক্ত)।

হস্তে পাদে ও সন্ধি স্থানে ... ... প্রতানবতী
কণ্ডরা সকল ... ... বৃত্ত
আমাশয় পক্কাশয় ও বস্তিগত স্নায়ু ... শুষির
পার্শ্বদেশে বক্ষে ও পৃষ্ঠদেশে ... পৃথুল

পেশী ৫০০।

প্রত্যেক পাদাঙ্গুলিতে (৩) তিনটি করিয়া ..	১৫	নাভি . ..	১
প্রপদ (পদতলের অগ্রভাগে)	১০	পৃষ্ঠের উর্দ্ধভাগে দুই দিকে দীর্ঘ ভাবে সন্নিবিষ্ট	১০
পায়ের উপরি অগ্রভাগে অঙ্গুলি মূলে	১০	দুই পার্শ্বে	৬
		বক্ষঃ স্থলে	১০
গুল্‌ফদেশের তলে ..	১০	স্কন্ধসন্ধির চারিদিকে ..	৭
গুল্‌ফ ও জানুর মধ্যে ..	২০	হৃদয় ও আমাশয় ..	২
জানুদেশে	৫	যকৃৎ প্লীহ ও উণ্ডুকে ..	৬
উরুদেশে	২০	গ্রীবাদেশে ...	৪
কুঁচকিতে	১০	হনুদেশে ..	৮
এইরূপ অপর পায়ে ...	১০১	গলদেশে ও তাহার পশ্চাতে	২
এরূপ দুই হাতে ..	২০০	তালুদেশে	২
পায়ুদেশে ..	৩	জিহ্বা	১
পুং যন্ত্রে	১	ওষ্ঠে	২
পুং যন্ত্রের সেবনীতে ..	১	ঘোণা	২
মুষ্কদ্বয়ে	২	চক্ষে	২
নিতম্বদ্বয়ে ৫টি করিয়া ..	১০	গণ্ডে	৪
বস্তিদেশে ..	২	কর্ণে . ..	২
উদরে	৫	ললাটে	৪
	৪২৪	মস্তকে	১

স্ত্রীলোকের দেহে ২০টি পেশী অধিক থাকে।

স্তনদ্বয়ে ৫টি করিয়া	...	১০
অপত্য পথের মধ্যে	...	২
ঐ পথের মুখে বাহিরে	...	২
গর্ভ ছিদ্রে ..	...	৩
শুক্র শোণিত প্রবেশের পথে		৩
		২০

মর্ম্ম স্থান।

মর্ম্ম স্থানে প্রাণ আশ্রয় করিয়া থাকে।

মাংস, সিরা, স্নায়ু, অস্থি, সন্ধি এই সকলের একত্র সম্মিলনকে মর্ম্ম বলে। মর্ম্ম স্থান এক শত সাতটী (১০৭)

হস্ত ও পদের মর্ম্ম স্থান মোটে ৪৪।

মর্ম্মের নাম।	অবস্থিতি স্থান।	আহত হইলে যে ফল হয়।
১ ক্ষিপ্র স্নায়ু মর্ম্ম	বৃদ্ধাঙ্গুলি ও তর্জ্জনীর মধ্যে	আক্ষেপক (খেচুনি) উপদ্রবে মৃত্যু হয়।
২ তলহৃদয় মাংসমর্ম্ম	মধ্যমাঙ্গুলির মূল হইতে সরল রেখায়স্থিত পাদতলের মধ্যস্থল।	রেগি (পাদস্ফুট) হইয়া মৃত্যু হয়।
৩ কুর্চ্চ স্নায়ু মর্ম্ম	ক্ষিপ্রের উপরিভাগে উভয় পার্শ্বে।	সঞ্চরণ করিতে পা কাঁপিতে থাকে।
৪ কুর্চ্চ শির স্নায়ু মর্ম্ম	গুল্‌ফ সন্ধির অধোভাগে উভয় পার্শ্বে।	রোগ ও ফুলা হয়।

৫ গুল্‌ফসন্ধি-মর্ম্ম	পদ এবং জঙ্ঘার সন্ধি স্থান।	পা স্তব্ধ হয় বা খঞ্জ হয়।
৬ ইন্দ্রবস্তি	প্রত্যেক পাঞ্চি ও জঙ্ঘার সন্ধিস্থান।	শোণিত ক্ষয় হইয়া মৃত্যু হয়।
৭ জানু সন্ধি	জঙ্ঘা ও উরুর সন্ধি স্থান।	খঞ্জ হয়।
৮ আণি স্নায়ু মর্ম্ম	জানুর ঊর্দ্ধ উভয় দিকে তিন অঙ্গুলি পরিমিত।	ফুলিয়া উঠে ও চলিবার শক্তি থাকে না।
৯ উর্ব্বী শিরা মর্ম্ম	উরুদেশের মধ্যস্থলে।	রক্তক্ষয় হইয়া পা সরু হয়।
১০ লোহিতাক্ষ শিরা মর্ম্ম	উর্ব্বীর ঊর্দ্ধে কুঁচকির অধোভাগে উরু মূলে	শোণিত ক্ষয় হইয়া পক্ষাঘাত হয়।
১১ বিটপ	কুঁচকি ও কোশের মধ্যস্থলে	ষণ্ডতা বা শুক্রের অল্পতা
১২ গুদ * মাংসমর্ম্ম	স্থূল অন্ত্রিতে সংলগ্ন বায়ু ওপূরীষ নিঃসারি	তৎক্ষণাৎ মৃত্যু হয়
১৩ বস্তি স্নায়ু	কটিদেশের অভ্যন্তরে অল্প মাংস ও রক্ত বিশিষ্ট আশয়কে মূত্রাশয় অথবা বস্তি বলে।	অশ্মরী রোগ ব্যতিরেকে তাহার উভয় দিক্ ভেদ করিলে বাঁচে না। এক দিক্ ভেদ করিলে মূত্রস্রাবী ব্রণ জন্মে। যত্নে আরোগ্য হয়।

পাদতল অবধি কুঁচকি পর্য্যন্ত এই একাদশ মর্ম্ম প্রত্যেক পায়ে ও প্রত্যেক হাতে আছে। তবে বিশেষ এই যে গুল্‌ফ জানু ও বিটপ এই তিন মর্ম্ম, হাতের কব্জি কনুই ও বগল এই তিন স্থানে থাকে, যথা বক্ষ ও কক্ষের মধ্যে বিটপ নামক মর্ম্ম।

* মল নির্গমের দ্বার যাহাকে গোগল বলে। প্রবাহিণী নামক অতিসার রোগে যেটি বাহির হইয়া পড়ে।

১৪ নাভি শিরা	পক্ক ও আমাশয়ের মধ্যে স্থিত সকল সিরার মূল।	তৎক্ষণাৎ মৃত্যু হয়।
১৫ হৃদয় শিরা	স্তনদ্বয়ের মধ্যে আমাশয়ের দ্বার।	তৎক্ষণাৎ মৃত্যু হয়।
১৬ স্তনমূল শিরা	প্রত্যেক স্তনের অধোভাগের উভয় পার্শ্বে।	কফ সঞ্চিত হইয়া শ্বাস ও কাস রোগে মৃত্যু হয়।
১৭ স্তন রোহিত মাংস	স্তনের অগ্রভাগে উভয় পার্শ্বে।	রক্ত সঞ্চিত হইয়া কাশ ও শ্বাসের দ্বারা মৃত্যু হয়।
১৮ অপলাপ শিরা	† অংসকূটের অধোভাগে পার্শ্বের উপরিভাগে।	রক্ত পূয ভাব প্রাপ্ত হইলে মৃত্যু হয়।
১৯ অপস্তম্ভ শিরা	বক্ষঃস্থলের দুই দিকে বায়ুবাহিনী নাড়ী।	বায়ুপূর্ণ প্রযুক্ত কাশ ও শ্বাস রোগে মৃত্যু হয়।
২০ কটীক তরুণ অস্থি	কটির নিম্নে পৃষ্ঠদণ্ডের উভয়দিকে শ্রোণিদেশের অস্থিদ্বয়ের সংলগ্ন স্থান।	শোণিত ক্ষয় প্রযুক্ত পাণ্ডুবর্ণ ও বিরূপ হইয়া মৃত্যু হয়।
২১ কুকুন্দর। নিতম্বস্থ গর্ত্ত সন্ধি।	‡ পৃষ্ঠদণ্ডের উভয় দিকে জঘনের পার্শ্বে বহির্ভাগে অল্প নীচে।	শরীরের অধোভাগ স্পন্দহীন ও ক্রিয়াহীন হয়
২২ নিতম্ব অস্থি	শ্রোণীকাণ্ডের উপরিভাগে উভয় পার্শ্বের প্রান্তভাগে যে স্থানে পক্কাশয়ের উপরিস্থ আবরণ সংলগ্ন।	শরীরের অধোভাগ শুষ্ক হয় ও দুর্ব্বলতা জন্য মৃত্যু হয়।

† "অংসকূট" ঘাড়ের মধ্যস্থল; যে স্থানে ষাঁড়ের ঝুটি হয়।

‡ পৃষ্ঠদেশের মর্ম্ম পৃষ্ঠদণ্ডের উভয় দিকে থাকে স্নুতরাং সাতটি মর্ম্মে গণনায় চতুর্দ্দশটি হয়।

২৩ পার্শ্ব সন্ধি। শিরা	অধোভাগে পার্শ্বের অভ্যন্তরে সংলগ্ন, জঘন ও পার্শ্বের মধ্যস্থলে, জঘন হইতে বক্রভাবে ঊর্দ্ধ দিকে।	রক্ত পূর্ণ হইয়া মৃত্যু হয়।
২৪ বৃহতী শিরা	পৃষ্ঠদণ্ডের উভয় দিকে স্তনমূল হইতে সরল রেখায় স্থিত।	অতিশয় শোণিত নিঃসরণ জন্য উপদ্রবে মৃত্যু হয়।
২৫ অংশফলক	পৃষ্ঠদণ্ডের উভয় দিকে পৃষ্ঠের উপরিভাগে ত্রিক * স্থানে সংলগ্ন।	বাহুদ্বয় স্পন্দহীন ও শুষ্ক হয়।
২৬ অংশ স্নায়ু	বাহুদ্বয়ের ঊর্দ্ধে গ্রীবার মধ্যে উভয় দিকে যে স্থানে স্কন্ধ সংলগ্ন হয়।	বাহুদ্বয় ক্রিয়াশক্তিহীন হয়।
২৭	কণ্ঠনালীর উভয় পার্শ্বে চারিটি ধমনী দুইটি নীলা ও দুইটি মন্যা।	মূকতা, স্বরের বিকৃতি এবং রস গ্রহণে অশক্তি।
২৮ সিরা মাতৃকা	গ্রীবার উভয় পার্শ্বে দুই করিয়া ৪টি সিরা।	তৎক্ষণাৎ মৃত্যু হয়।
২৯ কৃকাটিকা	মস্তক ও গ্রীবার সন্ধি স্থানে উভয় পার্শ্বে দুই	মস্তক সঞ্চালন করিতে থাকে।
৩০ বিধুর	কর্ণের পশ্চাদ্দেশের অধোভাগে।	বধিরতা।
৩১ ফণা	উভয় নাসারন্ধ্রের অভ্যন্তরে সংলগ্ন।	গন্ধজ্ঞানের নাশ হয়।

* তিন অস্থির মিলনকে ত্রিক কহে।

৩২ অপাঙ্গ ২টি	ভ্রূপুচ্ছের প্রান্তভাগের নিম্নদেশে চক্ষুর বাহিরে	অন্ধ হয়, অথবা দৃষ্টির ব্যাঘাত জন্মে।
৩২ আবর্ত্ত ২ টী।	ভ্রূদ্বয়ের উপরিভাগে নিম্নদেশে।	অন্ধ হয়, অথবা দৃষ্টির ব্যাঘাত জন্মে।
৩৩ শঙ্খ ২ টী	দুই ভ্রূপুচ্ছের প্রান্তে উপরিভাগে কর্ণ ও ললাটের মধ্যে	তৎক্ষণাৎ মৃত্যু হয়।
৩৪ উৎক্ষেপ ২ টি।	শঙ্খদ্বয়ের উপরি কেশের প্রান্তভাগে।	যে শল্য বদ্ধ থাকে অথবা বিদ্ধ হয় তাহা বাহির করিলে মৃত্যু হয়। কিন্তু সেই স্থানে থাকিয়া আপনা হইতে শল্য বাহির হইলে মরে না।
৩৫ স্থপনি(২টী)।	ভ্রূদ্বয়ের মধ্যেদেশে।	পূর্ব্বোক্ত মত ফল।
৩৬ সীমন্ত। ৫ টী	মস্তক বিভাজিনী পাঁ-চটী সন্ধি	উম্মাদ ভয় বা চিত্তনাশ দ্বারা মৃত্য হয়।
৩৭ শৃঙ্গাটক ৪টী।	চক্ষুকর্ণ নাসিকা জিহ্বা ইহাদিগের সন্তর্পণী শিরা সকলের মধ্যে যে যে স্থানে শিরার মিলন হইয়াছে।	তৎক্ষণাৎ মৃত্যু হয়।
৩৮ অধিপতি	মস্তকের অভ্যন্তরে উপ-রিভাগে, যে স্থানে সকল সিরা সম্মিলিত হই-য়াছে, বাহিরে যেস্থানে রোমের আবর্ত্ত দেখা যায়।	তৎক্ষণাৎ মৃত্যু হয়।

এই সকল মর্ম্মস্থানের সকল স্থান আধুনিক শরীর তত্ত্ব বেত্তাদিগের মতের সহিত ঐক্য হয় না। কোন ২ স্থান সম্পূর্ণ রূপে ঐক্য হয় ও

সিরা বিবরণ।

সিরা (৭০০) সাত সত। নাভি তাহাদিগের মূল। নাভিমূল হইতে (৪০) চল্লিশটী মূল শিরা নিঃসৃত হইয়া শাখা প্রশাখার দ্বারা সর্ব্বাঙ্গে ব্যাপ্ত হয়।

স্থান	সংখ্যা		যে সকল শিরা অবেধ্য।
প্রত্যেক হস্তে ও পাদে ১০০ এক শত করিয়া	৪০০	...	জাল ধরা (১) উর্ব্বী নামক মর্ম্মে (২) লোহিতাক্ষ নামক মর্ম্মে (১)
শ্রোণীদেশে	১৬	...	উভয় পার্শ্বে বিটপ নামক ৪টী, কটীক তরুণ ৪টী
প্রত্যেক পার্শ্বে ৮টি করিয়া	৩২	...	উর্দ্ধগামী এক একটী, এবং পার্শ্ব সন্ধিগত ২টী
পৃষ্ঠদণ্ডের উভয় পার্শ্বে	২৪	...	পৃষ্ঠদণ্ডের প্রত্যেক পার্শ্বে দুইটি করিয়া বৃহতী নামক উর্দ্ধগামিনী সিরা।
উদরে ...	২৪	..	জননেন্দ্রিয়ের উপরিভাগে রোমরাজীর উভয় পার্শ্বে ৪টী।
বক্ষদেশে ...	৪০	...	হৃদয়ে দুইটি করিয়া ছয়টি, এবং স্তন মূল স্তন রোহিত অপলাপ ও অপস্তম্ভ এই চারিটি মর্ম্মে২টি করিয়া(৮)
স্কন্ধ সন্ধি ও মস্তকের মধ্যদেশ	৫৬	...	সিরামাতৃকা ৮টি, নীলা ২টি, মন্যা ২টি কৃকাটিকা ২টি, ও বিধুর ২টি। হনুদ্বয়ের সন্ধি ১টি ও ধমনী ১টি, উভয় পার্শ্বে ৪টি।

কোন কোন স্থান কিয়দংশ মাত্র ঐক্য হয়। গ্রন্থকারের বর্ণনার সংক্ষিপ্ত প্রযুক্ত অধিকাংশমর্ম্মের প্রকৃত রূপে স্থান নির্ণয় করিতে পারা যায় না তবে শিরা মর্ম্ম সকল প্রায়ই ঐক্য হয়।

জিহ্বাতে		৩৬ ...	জিহ্বার অধোভাগে ১৬টি, রসবাহিনী ২টী, বাক্যবাহিনী ২টী। নাসিকাতে ২৪টির মধ্যে ফণা নামক গন্ধবাহিনী সিরা ২টী, শৃঙ্গাটক ১টী।
তালুদেশে	..	১ ..	তালু,দশে ১টী
দুই চক্ষুতে	..	৩৭ ..	দুই চক্ষের প্রান্তে অপাঙ্গ নামক ২টী
কর্ণে	..	১০ ..	শব্দবাহিনী সিরা একটি করিয়া ২টী
আবর্ত্ত নামক মর্ম্ম		২ ..	এই দুইটিই মর্ম্ম
স্থপনী মর্ম্ম	..	১ ..	এটিও মর্ম্ম
শঙ্খদেশে	..	১০ ..	শঙ্খদেশের সন্ধি স্থানে উভয়দিকে ২টী
মূৰ্দ্ধিদেশে	...	১২ ...	উৎক্ষেপক নামক মর্ম্ম—২ সীমন্ত ৫টী অধিপতি—১টি

ধমনী ২৪ টি

নাভি হইতে উৎপন্ন। নাভি হইতে উর্দ্ধাগামিনী ১০টি, অধোগামিনী ১০টি, এবং তির্য্যকগামিনী ৪টি।

প্রত্যেক উর্দ্ধাগামিনী ধমনী হৃদয় দেশ হইতে তিনটি (৩) করিয়া শাখা বিস্তার করে। তাহাতে মোটে ৩০টি হয়।

উর্দ্ধগামিনী ত্রিশটি ধমনীর কার্য্য।

বায়ুবাহিনী—২	শব্দবাহিনী —২	শব্দকারিণী— ২
পিত্তবাহিনী--২	রূপবাহিনী—-২	নিদ্রাবিধারিণী--২
শ্লেষ্মাবাহিনী-২	রসবাহিনী—২	চেতনকারিণী—-২
রক্তবাহিনী—২	গন্ধবাহিনী---২	অশ্রুবাহিনী—২

রসবাহিনী-—২ বাক্‌শক্তিবাহিনী ২ স্তনদ্বয়ে আশ্রিত ২ (এই দুই ধমনী স্ত্রীলোকের স্তন দ্বয়ে স্তন্য বহন করে পুরুষের স্তনদেশ হইতে শুক্রবহন করে *)।

---

* ত্বক্—Skin.
কলা—Cellular tissue and fascia of the body.
আশয়—Organs or receptacles.
ধাতু—Essential parts of the body, viz., chyle, blood &c.

অধোগামিনী ১০টী ধমনী পিত্তাশয়ে গমন পূর্ব্বক তত্রস্থ অন্নপানজাত রস পরিপাক করে, পৃথক্ করে সেই রস ঊর্দ্ধগামিনী ও তির্য্যক্‌গামিনী ধমনী মধ্যে অর্পণ করে, মূত্র পুরীষ ও স্বেদ পৃথক্ করে। সেই দশটি ধমনী পক্কাশয়ের মধ্যে প্রবেশ পূর্ব্বক প্রত্যেকে তিনটি (৩) করিয়া শাখা বিস্তার করে।

অধোগামিনী ত্রিশটি ৩০ ধমনীর কার্য্য।

বায়ুবাহিনী—২	অন্ত্রি সংলগ্ন অন্নবাহিনী—২	স্থূলান্ত্রি সংলগ্ন পূরীষ বাহিনী—২
পিত্তবাহিনী—২	জলবাহিনী—২	
শ্লেষ্মাবাহিনী—২	বস্তি সংলগ্ন মূত্রবাহিনী—২	অবশিষ্ট আট ৮টী স্বেদ বহন করিয়া তির্য্যক্‌গামিনী
রক্তবাহিনী—২	শুক্রসন্তাবিনী—২	ধমনী মধ্যে অর্পণ করে।
রসবাহিনী—২	শুক্রবাহিনী—২	

এই দুই শুক্রবাহিনী সিরাই স্ত্রীলোকের আর্ত্তব বহন করে। চারিটি তির্য্যক্‌গামিনী ধমনীর প্রত্যেকে উত্তরোত্তর শত সহস্র শাখা প্রশাখা বিস্তার করিয়া সর্ব্ব শরীরের প্রতি লোমকূপে সংলগ্ন

মলা—Excretions ; অস্থি—Bones ; সন্ধি—Joints ; স্নায়ু—Ligaments ; রজ্জু—Tendons ; পেশী—Muscles ; শিরা—Vessels ; স্রোত—Canals ; জাল—Net-works ; বহিঃ স্রোত কিম্বা দ্বার—Orifices of the body ; কূর্চ্চ (?), ধমনী—Nerves ; মর্ম্ম—Vital parts. ইহা ব্যতিরেকে শরীরের আর আর যে সকল আশয়ের নাম আছে তাহার ইংরাজী ভাগ স্থির করা যায় না।

সুশ্রুতাচার্য্য নাভিকেই সকল শিরা ও ধমনীর মূল বলিয়াছেন, কিন্তু প্রাচীন সকল তন্ত্র শাস্ত্রে সকল নাড়ীই মেরুদণ্ড হইতে নিঃসৃত

হয়। তদ্দ্বারা শরীরের অভ্যন্তরস্থ স্বেদ নিঃসৃত হয়, বাহিরের ত্বক্‌স্থিত অভ্যঙ্গ অনুলেপনাদি অভ্যন্তরে নীত হয়, এবং শীতো-ষ্ণাদি স্পর্শ অনুভূত হয়।

হওয়া বর্ণিত আছে। যথা ;—দ্বে দ্বে তির্য্যক্‌গতে নাড্যৌ চতুর্বিংশতি সংখ্যয়া। মেরুদণ্ডে স্থিতাঃ সর্ব্বে সূত্রে মণিগণাইব। মেরুদণ্ডের প্রত্যেক গ্রন্থি হইতে দুইটী করিয়া নাড়ি প্রত্যেক দিকে নিঃসৃত হই-য়াছে। তাহাতে প্রত্যেক গ্রন্থি হইতে নাড়ী নিঃসৃত হইয়াছে দেখা যায়। আধুনিক শারীর ব্যবচ্ছেদ বিদ্যাতেও এইরূপ দৃষ্ট হয়। প্রাচীন আর্য্যেরা মেরুদণ্ডের ঊর্দ্ধ হইতে অধোভাগে নাড়ী সকল লম্বিত হওয়া বলেন। যথা—ঊর্দ্ধ-মূল মধঃ শাখং বৃক্ষাকারং কলে-বরং। যথাশ্বত্থ দলে তদ্বৎ শরীরে নাড়্যস্থিতাঃ। এইরূপ শরীরের অন্তর্গত মস্তিষ্ক মেরুদণ্ড ও তদন্তর্গত সিরা সমূহের বিষয়ে আধুনিক পণ্ডিত গণের মতের সহিত প্রাচীন তন্ত্রকারদিগের মতের অনেক স্থলে ঐক্যতা দেখা যায়। সুশ্রুত কারের অভিপ্রায় যে গর্ভস্থ বালকের শরীর গঠন ও পোষণ কারণ যে রস প্রয়োজন হয়, জননীর শরীর হইতে সেই রস বহন করণার্থ যে নাড়ী আছে তাহা বালকের নাভি দেশে সংলগ্ন। সুতরাং নাভি শরীরোৎপত্তির মূল বলা অন্যায় নহে।

দশম অধ্যায়।

গর্ব্ভিণী ব্যাকরণ।

গর্ব্ভিণী প্রথম দিবস হইতে (গর্ভগ্রহণের) হৃষ্টচিত্ত শুচি অলঙ্কৃতা শুক্লবস্ত্র পরিধানা শান্তি মঙ্গল দেবতা ব্রাহ্মণ ও গুরুপরায়ণা হইবেন। মলিন বিকৃত বা হীনগাত্র (১) ব্যক্তিকে স্পর্শ করিবেন না। দুর্গন্ধ বা দুর্দ্দর্শনাদি (২) পরিত্যাগ করিবেন। চিত্তের উদ্বিগ্নকর আলাপ বা শুষ্ক পর্য্যুসিত কুথিত ক্লিন্ন অন্ন আহার করিবেন না। বাহিরে ভ্রমণ, শূন্য গৃহে বাস চৈত্য বা শ্মশান বৃক্ষ আশ্রয় করিবেন না। ক্রোধ বা ভয়ের কারণ পরিত্যাগ করিবেন। ভার বহন বা উচ্চৈস্বরে বাক্য কথন প্রভৃতি যাহাতে গর্ভ নাশ হয় সেই সমস্ত পরিত্যাগ করিবেন। সর্ব্বদা তৈলাদি মর্দ্দন অথবা অপরিমিত শারিরীক শ্রমও করিবেন না। শয্যা ও আসন কোমল হইবে, অতিশয় উচ্চ বা কোন প্রকার কষ্ট জনক হইবে না। মধুর মুখপ্রিয় দ্রব-প্রায় (তরল) স্নিগ্ধ অগ্নিকর দ্রব্য আহার করিবেন। এই সকল নিয়ম সামান্যতঃ প্রসব কাল পর্য্যন্ত অবলম্বন করিবেন।

বিশেষ নিয়ম। গর্ব্ভিণী প্রথম দ্বিতীয় ও তৃতীয় মাসে মধুর শীতল তরল দ্রব্য আহার করিবেন। তৃতীয় মাসে বিশেষতঃ বাটধান্যের তণ্ডুল দুগ্ধের সহিত ভোজন করিবেন। কেহ কেহ বলেন যে চতুর্থ মাসে দধির সহিত পঞ্চম মাসে দুগ্ধের সহিত ও ষষ্ঠ মাসে ঘৃতের সহিত ভোজন করিবেন। চতুর্থ মাসে দুগ্ধ ও নবনীত সংযুক্ত আহার

(১) কোন প্রকার অঙ্গহীন।

(২) যে সকল দর্শনে মনে ভয় বা ঘৃণা প্রভৃতি জন্মে। ইহতে বাস্তবিক অনিষ্ট হয়। গর্ভাবস্থায় কোন প্রকার দুর্দ্দর্শন বা বিকলাঙ্গ প্রভৃতি দর্শন করিলে যে সন্তান ও সেইরূপ হয়, ইহার ভূরি ভূরি দৃষ্টান্ত এদেশে এবং ইউরোপ দেশেও পাওয়া গিয়াছে।

করিবেন, ও জাঙ্গল পশুর মাংসের সহিত মুখ-প্রিয় অন্ন ভোজন করিবেন। পঞ্চম মাসে দুগ্ধ ঘৃত-সংযুক্ত আহার, ও ষষ্ঠে ঘৃত ও গক্ষুরির ক্বাথ অথবা যবের মণ্ড পান করিবেন। সপ্তম মাসে পৃথকৃপর্ণী প্রভৃতির ক্বাথ ও ঘৃত পান করাইবে। এই সকল নিয়মে গর্ভ বর্দ্ধিত হয়। অষ্টম মাসে বলা অতিবলা শতপুষ্পা (শোলফা শাক) মাংস দুগ্ধ দধির মস্তু (মাত) তৈল লবণ মদনফল মধু ঘৃত একত্র মিশ্রিত করিয়া বদরোদকের (পুরাতন কুল গুলিয়া সেই জলের) সহিত পান করাইবে। তাহাতে সঞ্চিত পুরীষের শুদ্ধি হয় ও বায়ুর অনুলোম হয়। তদনন্তর দুগ্ধ ও মধুর ক্বাথের সহিত তৈল মিশ্রত করিয়া বিরেচন করাইবে। বায়ুর অনুলোম হইলে সুখে ও নিরুপদ্রবে প্রসব করিতে পারে। নবম মাসে প্রশস্ত দিবসে গর্ভিণীকে সূতিকাগারে প্রবেশ করাইবে। সূতিকাগৃহ নির্ম্মাণ বিষয়ে ব্রাহ্মণ ক্ষত্রিয়, বৈশ্য. শূদ্রের যথাক্রমে শ্বেত, রক্ত, পীত ও কৃষ্ণবর্ণ ভূমি প্রশস্ত। বিল্ব, বট, তিন্দুক ও ভল্লাতক এই চারি প্রকার কাষ্ঠের উক্ত চারি বর্ণের যথাক্রমে সূতিকাগারে পর্য্যঙ্ক নির্ম্মাণ করিবে। সেই আগারের ভিত্তি লেপন করিবে তাহার দ্বার পূর্ব্ব অথবা দক্ষিণ দিকে হইবে, গৃহ দীর্ঘে আট হাত প্রস্থে চারিহাত হইবে, এবং রক্ষা ও মঙ্গল সম্পন্ন হইবে।

কুক্ষিদেশ শিথিল ও হৃদয়ের বন্ধন মুক্ত হইলে, এবং উরুদ্বয় বেদনা বিশিষ্ট হইলে প্রসব-কাল উপস্থিত বলিয়া জানিবে। কটি ও পৃষ্ঠদেশের চতুর্দ্দিকে বেদনা, মুহুর্মুহু মলমূত্রের প্রবৃত্তি এবং অপত্য-পথ হইতে শ্লেষ্মা নিঃসরণ হয়। প্রসবের কালে মঙ্গল কার্য্য ও স্বস্তি বাচন করিবে। শিশু সমস্ত পুংলিঙ্গ নামের ফল হস্তে করিয়া প্রসবিনীর চতুর্দ্দিকে বেষ্টন করিয়া থাকিবে, গর্ভিণীকে তৈল মাখা-ইয়া উষ্ণোদক পরিষেচন পূর্ব্বক প্রচুর পরিমাণে যবের মণ্ড কণ্ঠ-পর্য্যন্ত পান করাইবে। তদনন্তর মৃদু, কোমল, বিস্তৃত শয্যায় উপধানে

(বালিশে) শিরোস্থাপন পূর্ব্বক শয়ন করাইয়া উরুদ্বয় কিঞ্চিৎ উন্নত করিয়া রাখিবে। প্রসব-কার্য্যে কুশলা এরূপ চারিটী পরিণত-বয়স্কা স্ত্রীলোক, নখচ্ছেদন পূর্ব্বক নির্ভয় চিত্তে তাঁহার পরিচারণ করিবে। অনন্তর সূতিকা গৃহে প্রবেশ করাইয়া অনুলোম ভাবে (উপর হইতে নিম্নে) তৈল মর্দ্দন করাইতে করাইতে গর্ভিণীকে বলিবে হে সুভগে, প্রবাহণ কর (কোথ পাড়), যাহাতে কষ্ট বোধ না হয় এরূপে প্রবাহণ কর। তদনন্তর গর্ভনাড়ীর বন্ধন শিথিল হইলে ও কটি, কুঁচকি, বস্তি ও শিরো-দেশ শূল-বিশিষ্ট হইলে ক্রমে ক্রমে প্রবাহণ করিবে। তদনন্তর গর্ভ যোনিমুখে সমাগত হইলে অধিকতর প্রবাহণ করিবে।

অকালে প্রবাহণ করিলে বধির, মুক, ব্যস্ত-হনু, (গালের অস্থি বাঁকা হওয়া) এবং মস্তকের অভিঘাত হয় অথবা কাশ শ্বাস, শোষ প্রভৃতি রোগ-বিশিষ্ট অথবা কুব্জ বা বিকটাকার হয়। সন্তান বিপরীত ভাবে গর্ভমধ্যে থাকিলে তাহাকে সরল ভাবে আনিয়া প্রসব করাইবে। গর্ভ-সঙ্গ হইলে অর্থাৎ গর্ব্ভ নিঃসৃত না হইলে, কৃষ্ণ-সর্পের খোলোস (কেউটে সাপের) অথবা পিণ্ডীতক (ময়নাবৃক্ষ) দ্বারা প্রসব দ্বারে ধূম প্রয়োগ করিবে, কিম্বা হিরণ্য-পুষ্পের মূল সুবর্চ্চল লবণ বা গুলঞ্চ গর্ভিণী হস্তে ও পদে ধারণ করিবে। প্রসব হইলে কুমারের জরায়ু নাড়ি ও মধু ঘৃত ও সৈন্ধবের দ্বারা বিশোধিত করিবে, মূর্দ্ধিদেশে ঘৃতাক্ত বস্ত্র-খণ্ড প্রদান করিবে। পরে সূত্রের দ্বারা নাভি নাড়ীর অষ্টাঙ্গুল পরিমাণ বন্ধন করিয়া ছেদন করিবে ও সেই সূত্রের কিয়দংশ কুমারের গ্রীবা দেশে বন্ধন করিয়া দিবে। অনন্তর কুমারকে শীতল জলে আশ্বাসিত করিয়া জাত-কর্ম্ম সমাপন পূর্ব্বক মধু, ঘৃত, অনন্ত মূল ও ব্রাহ্মী-রসের সহিত সুবর্ণ-চূর্ণ মিশ্রিত করিয়া লেহন করাইবে। পরে বলা-তৈল মাখাইয়া ক্ষীর বৃক্ষের ক্বাথে, সকল গন্ধ-দ্রব্য বিশিষ্ট জলে অথবা রৌপ্য, ও স্বর্ণের সহিত জল তপ্ত করিয়া

সেই জলে অথবা ঈষৎ উষ্ণ কপিত্থ পত্রের ক্বাথে, দোষ, কাল, অবস্থা বিবেচনা করিয়া স্নান করাইবে।

তিন রাত্রি বা চারি রাত্রির পর হৃদয়স্থ ধমনীর পথ পরিষ্কৃত হইলে প্রসূতির স্তনে দুগ্ধ প্রবর্ত্তিত হয়। অতএব প্রথম দিবসে অনন্ত-মূল মিশ্রিত ঘৃত-মধু প্রাত-মধ্যাহ্ন ও সায়াহ্নে পান করাইবে। দ্বিতীয় দিবসে লক্ষ্মণার ক্বাথ ও তৃতীয় দিবসে ঘৃত, পান করাইবে। অদনন্তর স্বীয় করতল পরিমিত ঘৃত ও মধু দিবসে দুই বার পান করাইবে।

তদনন্তর প্রসূতিকে বেড়েলার তৈল মর্দ্দন করাইয়া বায়ু শান্তিকর ঔষধ পান করাইবে। কোন প্রকার দোষ থাকিলে সেই দিবস অর্থাৎ পঞ্চম দিবসে পিপ্পলী পিপ্পলীমূল গজপিপ্পলী চিত্রক ও শৃঙ্গবের (আদা), এই সকলের চূর্ণ উষ্ণ গুড়োদকের (গুড়ের জলের) সহিত পান করাইবে। এই রূপ নিয়ম দুই দিন বা তিন দিন অথবা যাবৎ দূষিত শোণিত সংশোধিত না হয় তাবৎ অবলম্বন করিবে। (১) তদনন্তর শোণিত সংশোধিত হইলে, বিদারি গন্ধাদির ক্বাথ, ও ঘৃত অথবা দুগ্ধের সহিত যবের মণ্ড ত্রিরাত্র পান করাইবে (২)। তদনন্তর বল ও অগ্নি বিবেচনা করিয়া যব কোল ও কুলত্থ কলাইয়ের ক্বাথের সহিত ও মাংস রসের সহিত অন্ন ভোজন করাইবে। এই রূপে অর্দ্ধমাস গত হইয়া শরীর সংশোধিত হইয়া সূতিকা হইতে উত্তীর্ণ হইলে আহার আচারের নিয়ম পরিত্যাগ করিবে কেহ কেহ পুনর্ব্বার আর্ত্তব নিঃসরণ না হওয়া পর্য্যন্ত সূতিকাবস্থা বলেন।

(১) প্রসূতীর শোণিত কৃষ্ণবর্ণ থাকিলে দূষিত শোণিত বলা যায়। বিশুদ্ধ শোণিতের বর্ণ অলক্তকের ন্যায়।

(২) যবের মণ্ডের স্থলে বার্লি পাউডার Barley Powder ব্যবহার করা যাইতে পারে। বিদারি গন্ধাদি সূত্র স্থানের ৩৮ অধ্যায় দেখ।

কঠিন প্রদেশে সূতিকাবস্থায় উপযুক্ত পরিমাণে ঘৃত পান করাইয়া পিপ্পল্যাদির কাথ পূর্ব্ব পৃষ্ঠায় যে রূপ বলা হইয়াছে, ও বলবতী স্ত্রীলোককে যবের মণ্ড তিন রাত্রি অথবা পঞ্চ রাত্রি পান করাইবে। তদনন্তর (পঞ্চম দিবসের পর) ঘৃত যুক্ত অন্ন ভোজন করাইবে, এবং সর্ব্বদা প্রচুর পরিমাণে উষ্ণ জল শরীরে সেচন করিবে। ক্রোধ পরিশ্রম প্রভৃতি সূতিকাবস্থায় পরিত্যাগ করিবে।

মিথ্যা আহার বিহারের দ্বারা সূতিকাবস্থায় যে রোগ জন্মে তাহা কষ্টসাধ্য বা অসাধ্য হয়। অতিশয় উপবাসাদি দ্বারা রোগ জন্মিলেও এরূপ হয়। অতএব দেশ, কাল, ব্যাধি ও অভ্যাস পরীক্ষা করিয়া সূতিকাবস্থায় চিকিৎসা করিবে। এ অবস্থায় কোন মতে অত্যাচার না হয়।

অপরাপর রোগের সম্ভাবনা হইলে মূত্র রোধ বা উদরের আধ্মান জন্মে। অতএব প্রসবান্তে অঙ্গুলিতে চুল জড়াইয়া কণ্ঠদেশ মার্জ্জিত করিবে, অথবা কটুকা, অলাবু, কৃতবেধন (কোষাতকী) শর্ষপ ও সর্পনির্ম্মোক (সাপের খোলস) কেবল মাত্র এই সকল দ্রব্যের সহিত কটু (শর্ষপ) তৈল মিলিত করিয়া ধূম প্রদান করিবে। অথবা লাঙ্গুলি মূলের কাথ ইহার করতল ও পদতলে লেপন করিবে অথবা ইহার মূর্দ্ধি দেশে মহাবৃক্ষের ক্ষার পুনঃ পুনঃ সেচন করিবে অথবা, কুড় ও লাঙ্গুলি মূলের কল্ক মদ্য বা গোমূত্রের সহিত পান করাইবে। শালিমূলের কল্ক ও পূর্ব্বোক্ত পিপ্পল্যাদি মদ্যের সহিত কিম্বা শ্বেত শর্ষপ কুষ্ঠ লাঙ্গলি, মহাবৃক্ষের ক্ষার এই সকল মিশ্রিত মদ্যের ফেণার দ্বারা আস্থাপন করিবে। অথবা এই সকলের কাথের সহিত শ্বেত শর্ষপের তৈল বা কোন প্রকার স্নিগ্ধ দ্রব্য মিশ্রিত করিয়া বিরেচন করাইবে। অথবা হস্তের দ্বারা মল আহরণ করিবে।

প্রসবের পর স্ত্রীলোকের শরীর রুক্ষ হইলে শরীরের তীক্ষ্ণতা প্রযুক্ত শোণিত বিশুদ্ধ না বইয়া, শোণিত স্থানগত বায়ুর দ্বারা নাভির

অধোভাগে রুদ্ধ হইয়া পার্শ্ব ও বস্তিদেশে অথবা বস্তির উপরিভাগে গ্রন্থি জন্মায়। তদনন্তর নাভি, বস্তি ও উদর দেশে বেদনা জন্মিয়া সূচীর দ্বারা বিদ্ধ, ভিন্ন বা বিদীর্ণ হওয়ার ন্যায় পক্বাশয়ে যাতনা বোধ হয়। তাহাতে উদর-দেশে আধ্মান ও মূত্রসঙ্গ, মক্কল্ল রোগের এই দুই লক্ষণ প্রকাশ পায়। তাহাতে বীরতরু আদির ক্বাথ ও জলমধু-কাদি পান করাইবে, অথবা ঘৃতের সহিত যবক্ষার চূর্ণ কিম্বা অল্প উষ্ণ জলের সহিত লবণ চূর্ণ কিম্বা পিপ্পল্যাদি ক্বাথের সহিত পিপ্পল্যাদি চূর্ণ, অথবা মদ্য ফেণার সহিত বরুণাদিগণের ক্বাথ অথবা পঞ্চকোল ও এলাইচ সেবন করাইবে (১)। অথবা, পৃথক-পর্ণাদির ক্বাথ বা, ভদ্র-দারু ও মরিচ সংযুক্ত পুরাতন গুড় অথবা ত্রিকটু, চতুর্জাতক, ও কুস্তুম্বুরু মিশ্রিত পুরাতন গুড় সেবন করাইবে, অথবা এই সকল দ্রব্যের অরিষ্ট পান করাইবে।

বালককে ক্ষৌম বস্ত্রের দ্বারা আচ্ছাদিত রাখিবে, ক্ষৌম বস্ত্রের শয্যাতে শয়ন করাইবে, পীলু, বদরি, নিম্ব, পরুষক এই সকলের শাখার দ্বারা বীজন করিবে এবং তৈলে বস্ত্রখণ্ড বা তুলা ভিজাইয়া তাহার মূর্দ্ধ্নি দেশে প্রয়োগ করিবে। বালকের হস্ত, পাদ, মস্তক, ও গ্রীবা-দেশে রক্ষা বন্ধন করিবে। শয্যাতেও তিল, তিসি, ও শর্ষপের কণা বিকীর্ণ করিবে। গৃহে অগ্নি প্রজ্জলিত করিবে, এবং ব্রণ রোগের ন্যায় নিয়ম অবলম্বন করিবে। তদনন্তর দশম দিবসে পিতা মাতা স্বস্তি-বাচন পূর্ব্বক আপনাদিগের অভিপ্রায় অনুসারে অথবা নক্ষত্রের নামানুসারে বালকের নামকরণ করিবে।

তদনন্তর ধাত্রী নিযুক্ত করিতে হইলে, আপনার স্বজাতীয়া মধ্যম পরিমাণা, মধ্যম বয়স্কা, শীলবতী, ধীরা লোভ-হীনা মধ্যম-শরীরা

---

(১) বীরতরু আদিগণ ও বরুণাদিগণ সূত্র স্থানের ৩৮ অধ্যায় দেখ।

নির্দ্দোষ-দুগ্ধা, অলম্বৌষ্ঠী (যাহার ওষ্ঠ লম্বিত নহে), অলম্বোর্দ্ধ-স্তনী (যাহার স্তন লম্বিত বা ঊর্দ্ধ-মুখ নহে), অব্যসনিনী (যে ক্রীড়ায় আসক্ত নহে), জীবদ্বৎসা (যাহার পুত্র জীবিত থাকে), দুগ্ধবতী, বৎসলা (যাহার অপত্য-স্নেহ থাকে), অক্ষুদ্র-কর্ম্মিণী (যে সামান্য কর্ম্মে আসক্তা না হয়) সদ্বংশ জাতা, সদ্গুণ-বিশিষ্টা, অরোগিণী, বালকের বলবৃদ্ধির নিমিত্তে এই এইরূপ ধাত্রী নিযুক্ত করিবে।

স্তনের ঊর্দ্ধমুখ হইলে বালকের হাঁ বড় হয়। স্তন লম্বিত হইলে বালকের নাসিকা ও মুখ আচ্ছাদিত হইয়া প্রাণ বিনাশের সম্ভাবনা। তদনন্তর প্রশস্ত তিথিতে স্নান করিয়া বস্ত্র পরিধান পূর্ব্বক ধাত্রী পূর্ব্ব-মুখে বসিয়া বালকের মস্তক উত্তর দিকে রাখিয়া ক্রোড়ে ধারণ করিবে। পরে দক্ষিণ স্তন ধৌত করিয়া ঈষৎ দুগ্ধ নিঃসরণ পূর্ব্বক নিম্ন লিখিত মন্ত্র পাঠ পূর্ব্বক পান করাইবে।

চত্বারঃ সাগরাস্তুভ্যং স্তনয়ো ক্ষীরবাহিনঃ।
ভবন্তু সুভগে নিত্যং বালস্য বলবৃদ্ধয়ে॥
পয়োঽমৃতরসং পীত্বা কুমার স্তে শুভাননে।
দীর্ঘমায়ুরবাপ্নোতু দেবাঃ প্রাশ্যামৃতং যথা॥

হে সুভগে, বালকের বল বৃদ্ধির জন্য চারি সাগর তোমার স্তনদ্বয়ে নিত্য ক্ষীর বহন করুক। হে শুভাননে, দেবতারা যেরূপ অমৃত পান করিয়া দীর্ঘায়ুঃ প্রাপ্ত হইয়াছিলেন, অমৃতরসের স্বরূপ তোমার স্তন্য পান করিয়া কুমারও সেইরূপ দীর্ঘায়ু প্রাপ্ত হউক। ইহার অন্যথা আচরণ করিলে, প্রকৃতি-বিরুদ্ধ প্রযুক্ত ধাত্রীর স্তন্য পানে বালকের রোগ জন্মে। প্রথমে স্তন্য নিঃসরণ করিয়া ফেলিয়া না দিলে, স্তন স্তব্ধ ও দুগ্ধ-পূর্ণ থাকা প্রযুক্ত পান করিবার কালে বাল-কের গলনলীতে অধিক পরিমাণে স্তন্য প্রবেশ করিয়া কাশ শ্বাস ও বমি জন্মায়। অতএব স্তন্য-পান করাইবার কালে অগ্রে কিছু দুগ্ধ নিঃসরণ করিয়া ফেলিয়া দেওয়া কর্ত্তব্য।

ক্রোধ শোক অপত্য-স্নেহের অভাব, এই সকল কারণে স্ত্রীলোকের স্তন্য জন্মে না। স্তনে দুগ্ধ জন্মিবার জন্য মনের (প্রসূতির বা ধাত্রীর) প্রফুল্লতা জন্মান কর্ত্তব্য, এবং যব গোধূম, শালি বা ষাট্-ধান্যের অন্ন, মাংসরস, সুরা, কুল, পিণ্যাক (তিল বাটা), লশুন, মৎস্য, কেশুর পানিফল, মৃণাল, ভূমি-কুষ্মাণ্ড, অলাবু, কলমী-শাক প্রভৃতি সেবন করান কর্ত্তব্য (১)।

স্তন্য জলে নিক্ষেপ করিলে যদি শীতল নির্ম্মল পাতলা শঙ্খের ন্যায় শ্বেতবর্ণ ও একত্রীভূত হয়, ফেনিল বা সুতার মত না হয় ও না ভাসিয়া উঠে বা মগ্ন না হয়, তবে তাহাকে বিশুদ্ধ স্তন্য বলা যায়। তদ্দ্বারা কুমারের শরীর ও বল বৃদ্ধি হয়। ক্ষুধিত, শোকার্ত্ত শ্রান্ত, দূষিত-ধাতু গর্ভিণী, জ্বরিত, অতিশয় ক্ষীণ, অতিস্থূল, প্রচুর পরিমাণে অম্ল-জনক ভক্ষ্য অথবা বিরুদ্ধ আহার ভোজন, এই সকল অবস্থায় স্তন্য পান করাইবে না। অজীর্ণ রোগে বালকের পক্ষে ঔষধ বিধেয় নহে, তাহাতে তীব্র বেগের উৎপত্তি হয়।

গুরুতর ভোজন অথবা বিপরীত দোষজনক ভোজনের দ্বারা শরীরে কোন দোষ কুপিত হইলে, ধাত্রীর স্তন্য দূষিত হয়। মিথ্যা আহার ও বিহারের দ্বারা ও স্ত্রীলোকের দেহে বায়ু পিত্ত প্রভৃতি কুপিত হইলে স্তন্য দূষিত হয়। সেই দূষিত স্তন্য পান করিলে বালকের পীড়া জন্মে। অভিজ্ঞ চিকিৎসক এবিষয়টী বিশেষ রূপে অনুধাবন করিবেন। বালকের অঙ্গ প্রত্যঙ্গগত রোগ হইলে মুহুঃমুহুঃ তৃষ্ণা হয় ও স্পর্শ করিলে যাতনা হয়। মূর্দ্ধিগত রোগ হইলে মস্তক সরল ভাবে স্থির রাখিতে পারে না। বস্তি-গত রোগ নইলে মূত্ররোধ তৃষ্ণা ও মূর্চ্ছা হয়। কোষ্ঠদেশে রোগ হইলে, মলমূত্র রোধ, বিবর্ণতা,

---

(১) এই সকল দ্রব্যের সহিত কোন প্রকার খাদ্য প্রস্তুত করিয়া খাওয়ান কর্ত্তব্য। স্তন্য জন্মিবার পক্ষে মাসকলাই অতীব প্রশস্ত।

আধ্মান, ও অন্ত্রকূজন (পেট ডাকা), এই সকল লক্ষণ হয়। দেহের সর্ব্বস্থান-গত রোগ হইলে কেবল মাত্র রোদন করিতে থাকে।

বালক কেবলমাত্র স্তন্যপায়ী হইলে, মৃদু অচ্ছেদনীয় ঔষধ যথা-বিহিত পরিমাণে দুগ্ধ ও ঘৃতের সহযোগে ধাত্রীকে সেবন করাইবে। দুগ্ধান্ন ভোজী হইলে, ধাত্রী ও বালক উভয়কে ঔষধ সেবন করাইবে। বালক অন্ন ভোজী হইলে ক্বাথ প্রভৃতি ঔষধ বালকেই সেবন করাইবে, ধাত্রীকে সেবন করাইবার প্রয়োজন নাই। দুগ্ধপায়ী বালকের এক মাসের অধিক বয়স হইলে, অঙ্গুলির দুইটী পর্ব্বে যে পরিমাণ ঔষধ গ্রহণ করা যায় তাহাই সেবন করাইবে। বালক দুগ্ধান্ন ভোজী হইলে ঔষধের কল্ক কুলের অস্থি (আঁটী) পরিমাণে সেবন করাইবে। অন্নভোজী বালককে কুল পরিমাণ ঔষধ সেবন করাইবে। চিকিৎসকেরা যে সকল দ্রব্য সান্নিপাতিক রোগের ঔষধ স্বরূপ নির্ণয় করিয়াছেন, স্তন্যপায়ী বালকের সেই রোগে সেই সকল দ্রব্যের কল্ক জ্বরের প্রথম তিন দিন স্তনে লেপন করিয়া স্তন পান করাইবে। দুই দোষ মিলিত হইয়া রোগ হইলে ঘৃত হিতকর। রোগ হইলে তৃষ্ণার ভয়ে শিশুকে স্তনপান করাইবে না। অহিতাচার না হইলে বালককে কদাপি বমন বিরেচন প্রয়োগ করিবে না। মস্তুলুঙ্গ ক্ষয় হওয়া প্রযুক্ত বায়ু-কর্তৃক বালকের তালুদেশের অস্থি নামিয়া পড়িলে, এবং তৃষ্ণাযুক্ত ও দীনভবাপন্ন হইলে, জীবক বা অশ্বগন্ধা সহযোগে ঘৃত পাক করিয়া, শীতল হইলে, পান ও মর্দ্দনের দ্বারা সেবন করাইবে, ও শীতল জলের দ্বারা উদ্দিগ্ন করিবে। বায়ু-কর্তৃক বালকের নাভিস্থল বেদনাবিশিষ্ট হইয়া আধ্মাত হইলে, তুণ্ডি নামক রোগ বলে। বায়ু-শান্তিকর স্নেহ স্বেদ ও প্রলেপের দ্বারা তাহার শান্তি করিবে। বালকের গুদপাক রোগ হইলে পিত্তঘ্ন ক্রিয়া করিবে, বিশেষতঃ পানে ও আলেপনে রসাঞ্জন ব্যবহার করিবে।

দুগ্ধপায়ী বালককে ঘৃত পান করাইবে, এবং শ্বেত সর্ষপ বচ পয়স্য

অপামর্গ শতাবরী সারিবা ব্রাহ্মী পিপ্পলী হরিদ্রা কুষ্ঠ ও সৈন্ধব এই সকলের ক্বাথ পান করাইবে। দুগ্ধান্ন ভোজী বালককে যষ্টি-মধু বচ পিপ্পলী চিত্রক ও ত্রিফলা এই সকলের ক্বাথ পান কারাইবে। অন্না-হারী বালককে দ্বিপঞ্চমূলী (৩৮ অধ্যায় দেখ) ক্ষীর তগর ভদ্রদারু মরিচ মধু বিড়ঙ্গ দ্রাক্ষা ও দ্বিব্রাহ্মী (দুই প্রকার ব্রাহ্মী), এই সকলের ক্বাথ পান করাইবে। এই তিন প্রকার ঔষধের দ্বারা বালকদিগের আরোগ্য বল মেধা ও বল বৃদ্ধি হয়।

বালকের স্পর্শ-সুখ গ্রহণ করিবে। বালকের প্রতি তর্জ্জন করা বা সহসা জাগরিত করা কর্ত্তব্য নহে; তাহাতে তাহার মনে আতঙ্ক জন্মে। হঠাৎ ক্রোড়ে বা উচ্চে তুলিবে না, তাহাতে বায়ুর বিঘাত জন্মিতে পারে। উপবেশন করানও কর্ত্তব্য নহে, তাহাতে কুব্জ হইতে পারে। ক্রোধ পরিহার পূর্ব্বক শত শত প্রকার প্রিয়-বাক্যের দ্বারা বালককে শান্ত্বনা করিবে। এই রূপে কোন প্রকার মানসিক অভিঘাত (কোন প্রকার কষ্ট) ব্যতিরেকে বালক দিন দিন বর্দ্ধিত হইবে, ও উৎসাহ স্বাস্থ্য ও মনের প্রফুল্লতা জন্মিবে। বায়ু রৌদ্র বিদ্যুৎ-প্রভা বৃক্ষলতা শূন্যস্থান নিম্নস্থান গৃহের ছায়া দুর্গ্রহ ও উপসর্গ হইতে বালককে রক্ষা করিবে।

অপবিত্র স্থানে শূন্যে বিপরীত স্থানে, উষ্ণ বা বায়ু-প্রবাহিত স্থানে, বর্ষাকালে অনাবৃত স্থানে ধূলি বা ধূমে আকীর্ণ বা জলার্দ্র স্থানে বাল-ককে রাখিবে না।

বালকদিগকে যতদিন স্তন্যপান করাইয়া পোষণ করিতে হয়, ততদিন তাহাদিগকে ছাগী-দুগ্ধই হউক অথবা গব্যদুগ্ধই হউক পরি-মিত-রূপে পান করাইবে। ছয় মাস অতীত হইলে ইহাদিগকে লঘু ও হিতকর (যাহাতে পীড়া না হয়) অন্ন ভোজন করাইবে, এবং অব-রোধ মধ্যে রাখা ও উপসর্গ হইতে যত্ন পূর্ব্বক রক্ষা করা কর্ত্তব্য।

বালক মধ্যে মধ্যে উদ্বিগ্ন হইয়া উঠিলে, ভয় পাইতে বা রোদন

করিতে থাকিলে, আপনার বা ধাত্রীর শরীর নখের দ্বারা আঁচড়াইতে থাকিলে; দন্ত কিড়মিড়, কণ্ঠে কূজন শব্দ (কোঁত. পাড়া) বা হাই তুলিতে থাকিলে, ভ্রূদ্বয় নিক্ষেপপূর্ব্বক একাগ্রভাবে উর্দ্ধে দৃষ্টি করিতে থাকিলে, মুখে ফেণা নিঃসরণ হইতে অথবা ওষ্ঠ দংশন করিতে থাকিলে, মল কঠিন ও কুপিত হইয়া, দীনভাবে কাতরস্বরে রোদন করিতে থাকিলে, রাত্রি-জাগরণপ্রযুক্ত শরীর দুর্ব্বল বা ম্লান হইলে, শরীরে মৎস্য ছুছুন্দর বা মৎকুণের গন্ধ হইলে, এবং পূর্ব্বের ন্যায় স্তনে অভিলাষ না থাকিলে, গ্রহোপসৃষ্টের লক্ষণ বলিয়া জানিবে। পরে উত্তর-তন্ত্রে ইহা বিস্তারিতরূপে বর্ণন করিব।

বালক ক্রমশঃ বিদ্যাভ্যাসে সমর্থ হইলে, ব্রাহ্মণ ক্ষত্রিয় বৈশ্য শূদ্র এই চতুর্ব্বিধ-বর্ণ-অনুসারে বিদ্যা অভ্যাস করাইবে। পঞ্চবিংশতি বৎসর বয়স হইলে দ্বাদশবর্ষীয়া কন্যার সহিত বিবাহ দিবে। তাহাতে পিতার ন্যায় ধর্ম্ম অর্থ ও কামনা-(মনোবৃত্তি)-বিশিষ্ট সন্তান জন্মে।

পঞ্চবিংশতি বর্ষের ন্যূন-বয়স্ক পুরুষের দ্বারা, যদি ষোড়শ বর্ষের ন্যূন-বয়স্কা স্ত্রীলোকের গর্ভ উৎপাদিত হয়; তবে সেই সন্তান গর্ভেই নাশ হয়; যদি বা জন্মে, অধিক দিন বাঁচে না; যদি বাঁচে, শরীর ও মনঃ দুর্ব্বল হয়। অতএব অত্যন্ত বালিকা অবস্থাতে গর্ভাধান করাইবে না। অতিশয় বৃদ্ধা হইলে, দীর্ঘকাল রোগ ভোগ করিলে, অথবা অন্য কোনপ্রকার বিকার-বিশিষ্ট হইলে, স্ত্রীলোকের গর্ভাধান করাইবে না; পুরুষেরও ঐ সকল অবস্থায় গর্ভোৎপাদন করা কর্ত্তব্য নহে।

পূর্ব্বোক্ত কোন কারণে গর্ভ-স্রাব হইবার উপক্রম হইলে, গর্ভাশয় কটি উরু ও বস্তিদেশে শূল হয় (কন্ কন্ করে) ও শোণিত দৃষ্ট হয়। এই অবস্থায় শীতল জল-পরিষেচন অবগাহন ও শীতল প্রলেপের দ্বারা প্রতীকার করিবে, ও শীতল, পক্ব (অগ্নিপক্ব) দুগ্ধ পান

করাইবে। গর্ভ স্ফুরণ (১) হইতে থাকিলে দুগ্ধ ও উৎপল সিদ্ধ করিয়া মুহুর্মুহুঃ পান করাইবে। স্রাব আরম্ভ হইলে পার্শ্ব ও পৃষ্ঠ-দেশে দাহ ও শূল, অতিশয় শোণিত-নিঃসরণ ও বায়ু মূত্র রোধ হয়। কুক্ষিমধ্যে গর্ভ এক স্থান হইতে অন্য স্থানে সঞ্চরণ করিতে থাকিলে কোষ্ঠ-দেশে সংরম্ভ হয়। তাহাতে স্নিগ্ধ ও শীতল ক্রিয়া করিবে। গর্ভ দেশে বেদনা হইলে মহাসহা (মাষাণী লতা), ক্ষুদ্রসহা (মুগানি), যষ্টিমধু, শ্বদংষ্ট্রা (গোক্ষুরী) ও কণ্টকারী, এই সকল সহযোগে দুগ্ধ সিদ্ধ করিয়া শর্করা ও মধু মিশ্রিতপূর্ব্বক পান করাইবে। মূত্র-রোধে দর্ভাদির (৩৮ অধ্যায় তৃণ-পঞ্চ-মূল দেখ) ক্বাথ পান করাইবে। বায়ু ও পুরীষ রোধে হিঙ্গু সৌবর্চ্চল লশুন ও বচ্, এই সকলের ক্বাথ পান করাইবে। অতিশয় শোণিত-স্রাব হইলে গৃহ-মধ্য-স্থিত মৃত্তিকা, সমঙ্গা (মঞ্জিষ্ঠা), ধাতকী-পুষ্প, নবমালিকা, গৈরিক (মনঃশিলা), সর্জ্জরস (ধুনা), রসাঞ্জন, এই সকলের চূর্ণ মধুর সহিত অবলেহন করাইবে, অথবা ন্যগ্রোধাদি-গণে যে সকল বৃক্ষ বলা হইয়াছে তাহার মধ্যে যে যে বৃক্ষের ত্বক্ ও প্রবাল (শাখার অঙ্কুর বা কলি) পাওয়া যায়, তাহা পেষণ করিয়া অথবা উৎপলাদি-গণে লিখিত সকল দ্রব্য পেষণ করিয়া দুগ্ধের সহিত পান করাইবে, অথবা কশেরু (কেশুর), শৃঙ্গাটক ও শালূকের কল্ক দুগ্ধের সহিত অথবা যজ্ঞডুম্বুর ফলের রস ও তাহার কন্দের ক্বাথ পক্ব দুগ্ধের সহিত পান করাইবে। অথবা ন্যগ্রোধাদিগণস্থ সকল দ্রব্যের রসে শালি-তণ্ডুল পেষণ করিয়া শর্করা ও মধুর সহিত পান করাইবে কিংবা বস্ত্রে লেপন করিয়া ধারণ করাইবে। শোণিত-নিঃসরণ না হইয়া কেবলমাত্র বেদনা হইলে যষ্টিমধু দেবদারু ও পয়স্যা, ইহাদের সহযোগে দুগ্ধ সিদ্ধ করিয়া পান করাইবে, কিংবা অশ্মন্তক, শতাবরী, পয়স্যা, ইহাদিগের ক্বাথ,

(১) গর্ভ স্ফুরণ অর্থাৎ পনঃ পনঃ গর্ভ নড়িতে থাকে।

কিংবা বিদারী-গন্ধাদি-গণে উল্লিখিত দ্রব্যসমূহের কাথ, কিংবা বৃহতী, কণ্টকারী, উৎপল, শতাবরী, সারিবা, পয়স্যা ও যষ্টিমধু এই সকলের কাথ পান করাইবে। শীঘ্র অর্থাৎ উপযুক্ত সময়ে এই প্রণালীতে প্রতীকার করিলে গর্ভ-স্রাব না হইয়া ক্রমশঃ বৃদ্ধি হইয়া থাকে।

গর্ভ ব্যবস্থিত (প্রতীকারের দ্বারা স্রাব-রহিত) হইলে উড়ুম্বর-ফল গব্যদুগ্ধে সিদ্ধ করিয়া ভোজন করাইবে। প্রসব-কাল অতীত হইলে, ঘৃত ও লবণ-হীন যবের মণ্ড এবং কুধান্য-বর্গে লিখিত উদ্দালক প্রভৃতি পাক করিয়া যত মাসের গর্ভ, তত দিন সেবন করাইবে। বস্তি ও উদরে শূল জন্মিলে পুরাণ গুড় অগ্নিকর দ্রব্যের সংযোগে সেবন করাইবে, অথবা অরিষ্ট (ঘোল) পান করাইবে। বায়ুজন্য উপদ্রবে গর্ভপথ সঙ্কুচিত হইলে প্রসবোচিত কাল অতীত হইয়া গর্ভ বিনষ্ট হয়। তাহাতে মৃদু স্নেহাদি ক্রিয়ার দ্বারা প্রতীকার করিবে। (উৎক্রোশ পক্ষীর মাংসের কাথ ও অধিক ঘৃত সংযোগে যবের মণ্ড পান করাইবে।) মাষকলাই, তিল ও অপক্ক বিল্বের কাথ সপ্ত-রাত্র পান করাইবে, অথবা মধু কিংবা পুষ্পের আসব অনুপান-যোগে সপ্তাহ কুলত্থ ভক্ষণ করাইবে। প্রসবোচিত কাল অতীত হইলেও যদি প্রসব না হয়, তবে উদূখলে ধান্য রাখিয়া মুষলের দ্বারা অভিঘাত করাইবে, অথবা বিপরীত যানাসন ব্যবহার করাইবে (১)। বায়ু-জন্য গর্ভ শুষ্ক হইলে, গর্ভিণীর কুক্ষিদেশ গর্ভকর্ত্তৃক স্ফীত হয় না, মন্দ মন্দ স্পন্দিত হয়, তাহাতে দুগ্ধ মাংসরস প্রভৃতি পুষ্টিকর দ্রব্যের দ্বারা শরীরের পুষ্টি-সাধন কর্ত্তব্য। বায়ুকর্ত্তৃক শুক্র শোণিত বিকৃত হইলে জীব-সঞ্চার না হইয়া উদর আধ্মাত হয়, তাহা কখন কখন আপনা হইতেই আরোগ্য হয়। সেই উদরের আধ্মান আপনা হইতে নিবৃত্ত হইলে লোকে সচরাচর নৈগমেষ কর্ত্তৃক গর্ভ অপহৃত

---

(১) অসম অথবা উচ্চ নীচ স্থানে যানের দ্বারা গমন বা উপবেশন।

হওয়া বলে। কখন কখন সেই গর্ভ স্বয়ং বিলীন হয়, তাহাকে নাগোদর বলে। এরূপ অবস্থায় মৃদু স্নেহাদি ক্রিয়ার দ্বারা প্রতীকার করিবে।

অতঃপর গর্ভাবস্থায় স্রাব নিবারণের নিমিত্ত মাসের সংখ্যানুসারে যে যে ঔষধ প্রয়োগ করা কর্ত্তব্য, তাহা কহিতেছি।

প্রথম মাসে গর্ভস্রাবের সম্ভাবনা হইলে যষ্টিমধু শাক-বীজ পয়স্যা ও দেবদারু। দ্বিতীয় মাসে অশ্মন্তক (আমল-কুচা) কৃষ্ণতিল তাম্রবল্লী (মঞ্জিষ্ঠা) শতাবরী। তৃতীয় মাসে বৃক্ষাদনী (বৃক্ষের মাদা) পয়স্যা লতা (পিড়িং শাক) উৎপল সারিবা (শ্যামা লতা)। চতুর্থ মাসে অনন্তা (অনন্তমূল) সারিবা রাস্না পদ্মা (পদ্মচারিণী) যষ্টিমধু। পঞ্চম মাসে বৃহতী কণ্টকারী কাশ্মরী (গম্ভারী) ক্ষীরি-বৃক্ষের (যাহার দুগ্ধ আছে) শুঙ্গা ও ত্বক্ এবং ঘৃত। ষষ্ঠ মাসে পৃশ্নিপর্ণী (চাকুলে) বেলেড়া শিগ্রু (সজনা বৃক্ষ) শ্বদংষ্ট্রা (গোক্ষুরী লতা) ও মধুপর্ণী (গুলঞ্চ)। সপ্তম মাসে শৃঙ্গাটক (পানিফল) মৃণাল, দ্রাক্ষা, কেশুর, যষ্টিমধু ও চিনি। যেরূপে হউক এই সকল দ্রব্য একত্র সেবন করিবে।

অষ্টম মাসে কপিত্থ (কয়েদবেল) বৃহতী বিল্ব পটোল ইক্ষু ও নিদিগ্ধিকা এই সকলের মূলের সহিত দুগ্ধ সিদ্ধ করিয়া পান করাইবে। নবম মাসে শুণ্ঠী যষ্টিমধু ও দেবদারু দুগ্ধে পাক করিয়া ভক্ষণ করাইবে। দশম মাসে শুণ্ঠী ও পয়স্যা সহযোগে দুগ্ধ পাক করিয়া পান করাইবে।

একবার প্রসব করিয়া ছয় বৎসরের অধিক কাল পরে পুনর্ব্বার প্রসব করিলে সন্তান অল্পায়ু হয়।

গর্ভাবস্থায় রোগ হইলে মধুরাম্ল-রস-বিশিষ্ট ভক্ষ্য দ্রব্য সহযোগে বমন-বিরেচন-কর ঔষধ সেবন করাইবে, মৃদু সংশমনীয় ঔষধ অন্ন-পান সহযোগে সেবন করাইবে। সেই সংশমনীয় দ্রব্য মৃদুবীর্য্য, মধুর-

রস-বিশিষ্ট ও গর্ভাবস্থার অবিরোধী হইবে। গর্ভাবস্থার অবিরোধী মৃদু-ক্রিয়া সকলও করিবে।

বালকের শরীর মেধা বল ও বুদ্ধি বর্দ্ধনের নিমিত্ত নিম্নলিখিত চারিপ্রকার যোগ বলা হইতেছে। ইহাদিগকে প্রাশ বলা যায়। বালককে ইহার কোন একটী যোগ সেবন করান কর্ত্তব্য। প্রথম, সুবর্ণ-চূর্ণ কুষ্ঠ মধু ঘৃত ও বচ। দ্বিতীয়, মৎস্যাক্ষ (সোম-লতা) শঙ্খপুষ্পী মধু ঘৃত ও সুবর্ণ। তৃতীয়, অর্কপুষ্পী মধু ঘৃত সুবর্ণ-চূর্ণ ও বচ। চতুর্থ, সুবর্ণ চূর্ণ কৈটর্য্য (কট্-ফল) শ্বেত-বর্ণ ভূমি-কুষ্মাণ্ড দূর্ব্বা ঘৃত ও মধু।

সুশ্রুত।

কল্প স্থান।

বিষ চিকিৎসা।

প্রথম অধ্যায়।

অন্নপান রক্ষার বিধি।

তপস্যা-ধর্ম্ম-বিশিষ্ট ধার্ম্মিক-প্রবর কাশীপতি ধন্বন্তরি, সুশ্রুত প্রভৃতি শিষ্যকে এই রূপ উপদেশ করিয়াছেন। ক্রূর-চিত্ত বলবান্ রিপু সমস্ত, ক্রোধ বশতঃ কার্য্যাকুশল নৃপতিকে বিষের দ্বারা হনন করিয়া আপনাদিগের অভিলাষ সাধন করে। কেহ বা বিষকন্যা* সম্ভোগের দ্বারা তৎক্ষণাৎ প্রাণত্যাগ করে। কাহাকেও বা ভোগাভিলাষিণী স্ত্রীগণ বিবিধ প্রকার বিষাক্ত দ্রব্য সেবন করায়। অতএব বৈদ্য এই সকল বিপদ হইতে রাজাকে সর্ব্বদা রক্ষা করিবেন। লোকের মন অশ্বের ন্যায় নিয়ত অস্থির, অতএব রাজা কদাচ কাহাকেও বিশ্বাস করিবেন না। কুলীন, ধার্ম্মিক, স্নিগ্ধ, সর্ব্বদা তৎপর, নির্লোভ, সরল, কৃতজ্ঞ, প্রিয়দর্শন, এবং ক্রোধ কার্কশ্য মাৎসর্য্য মত্ততা ও আলস্য বর্জ্জিত, জিতেন্দ্রিয়, ক্ষমাশীল শুচি নম্র

---

* বালিকা কাল হইতে কোন স্ত্রীলোককে কোন প্রকার বিষ খাইতে প্রত্যহ অভ্যাস করাইবে। সেই কন্যা ক্রমশঃ বয়স্থা হইলে তাহাকে বিষ-কন্যা বলে। সেই কন্যাতে উপগত হইলে শরীর বিষাক্ত হয়। যবনদিগের অধিকারের পূর্ব্বে ভারতবর্ষের রাজাগণ শত্রুদিগের নিকট এই রূপ কন্যা উপঢৌকন পাঠাইতেন।

দয়াশীল মেধাবী অপরিশ্রান্ত অনুরক্ত হিতাভিলাষী প্রগল্‌ভ কার্য্য-কুশল প্রতারণাহীন, এই রূপ গুণযুক্ত ও চিকিৎসা-কুশল বৈদ্যকে রাজা রন্ধন-শালায় নিয়োগ করিবেন। প্রশস্ত দিকে ও প্রশস্ত দেশে গবাক্ষ-যুক্ত রন্ধন-গৃহ নির্ম্মাণ করিবে। রন্ধনের পাত্র পবিত্র হওয়া এবং আত্মীয়বর্গের দ্বারা রন্ধনের কার্য্য সম্পন্ন হওয়া বিধেয়। স্বভাব পরীক্ষা করিয়া পূর্ব্বোক্ত প্রকার গুণ-বিশিষ্ট পুরুষ অথবা স্ত্রীকে রন্ধন-শালায় অধ্যক্ষ নিযুক্ত করিবে। শুচি দয়াশীল দক্ষ বিনীত প্রিয়দর্শন পবিত্রমনা নখ-কেশ-হীন স্নাত দৃঢ় সংযমী ও উষ্ণীষযুক্ত, এই প্রকার সকল লোক রন্ধনশালার পরিচারক হইবে। আহারই প্রাণীগণের স্থিতির মূল, অতএব বৈদ্য মনোনিবেশ পূর্ব্বক রন্ধনশালার কার্য্য তত্ত্বাবধান করিবেন। রন্ধনশালার পরিচারক ও সূপকার প্রভৃতি সকলেই বৈদ্যের বশবর্ত্তী হইবে, এবং বাক্য কার্য্য মুখ-বিকৃতি বা ইঙ্গিতের দ্বারা লোকের মনোগত ভাব বুঝিতে সমর্থ হইবে। জিজ্ঞাসা করিলে উত্তর না দেওয়া, কথা বলিতে বলিতে বুদ্ধির জড়তা হওয়া (অসংলগ্ন কথা বলা), মূঢ়ের ন্যায় বহুবিধ অনর্থক কথা বলা, সহসা অঙ্গুলির দ্বারা ভূমি খনন করা, কম্পিত হওয়া, ভীত হওয়া, পরস্পরের মুখ অবলোকন করা, মুখ শুষ্ক বা বিবর্ণ হওয়া নখের দ্বারা কিছু ছিন্ন করা; এবং হস্তের দ্বারা পুনঃ পুনঃ মস্তকের কেশ স্পর্শ করা, যে ব্যক্তি বিষ প্রয়োগ করে এই সকল লক্ষণের দ্বারা তাহাকে জানা যায়। কোন সময়ে বা সাধু ব্যক্তিও রাজার ভয়ে বা রাজাজ্ঞার দ্বারা ত্বরান্বিত হইয়া ভ্রমবশতঃ অসাধুদিগের ন্যায় কার্য্য করেন। অতএব অন্ন-পানে দন্তকাষ্ঠে অভ্যঙ্গে অবলেখনে উৎসাদনে ক্বাথে পরিষেচনে অনুলেপনে মাল্যে বস্ত্রে শয্যাতে কবচে আভরণে পাদুকাতে হস্তে অশ্বাদির পৃষ্ঠস্থ আসনে, এবং নস্য ধূম ও অঞ্জন প্রভৃতি যে সকল দ্রব্য বিষাক্ত করা যাইতে পারে সেই সকল দ্রব্যে, রাজা প্রথমতঃ ভৃত্যের পরীক্ষা করিবেন।

অনন্তর উপর্য্যুক্ত সকল দ্রব্য বিষাক্ত হইলে যে রূপ লক্ষণ হয়, ও তাহাতে যে রূপ চিকিৎসা করা কর্ত্তব্য তাহা বলা যাইতেছে। রাজ-ভোগ্য বিষাক্ত অন্ন মক্ষিকা বা বায়সাদি ভক্ষণ করিলে তৎক্ষণাৎ প্রাণত্যাগ করে। সেই অন্ন অগ্নিতে অর্পিত হইলে অতিশয় চট্ চট্ শব্দ হয় ও তাহা হইতে ময়ূরের কণ্ঠের ন্যায় বর্ণ-বিশিষ্ট দুঃসহ তীক্ষ্ণ ধূম অধিক কাল ব্যাপিয়া উঠিতে থাকে। চকোর সেই অন্ন ভক্ষণ করিলে শীঘ্রই তাহার চক্ষুর বিকৃতি জন্মে। বিষ-সংস্রবে দূষিত অন্ন ভোজন করিলে জীবঞ্জীবক পক্ষীযুগলের মৃত্যু হয়, কোকিলের স্বরের বিকৃতি জন্মে, ক্রৌঞ্চ পক্ষী উন্মত্ত হয়, ময়ূর উদ্বিগ্ন ও হৃষ্ট হয়, শুক শারিকা ক্রন্দন করে, হংস অতিশয় ক্ষেড়ন করে, ভৃঙ্গরাজ শব্দ করে, পৃষিত (মৃগ বিশেষ) অশ্রু ত্যাগ করে, ও মর্কট বিষ্ঠা ত্যাগ করে। রাজ-গৃহের শোভার নিমিত্ত ও বিষের পরীক্ষার দ্বারা আত্ম-রক্ষা করিবার নিমিত্ত এই সকল পশু পক্ষিকে রাজ-সদনে রক্ষা করা কর্ত্তব্য। বিষাক্ত অন্ন ভোজন করিলে তাহার বাষ্প ঊর্দ্ধে উত্থিত হইয়া হৃদয়ের পীড়া, দৃষ্টির বিভ্রম ও মস্তকের যাতনা জন্মায়। নস্য বা অঞ্জন বিষাক্ত হইলে কুষ্ঠ হিঙ্গু বেণামূল মধু এই সকল সেবন করাইবে ও শিরীষ (বৃক্ষ) হরিদ্রা ও চন্দন এই সকল একত্র করিয়া লেপন করিবে। এ অবস্থায় হৃদয়ে চন্দন লেপন করিলে অনেক সচ্ছন্দ বোধ হয়। সেই বিষ হস্তে সঞ্চারিত হইলে করতলের দাহ হয় ও নখ উঠিয়া যায়। ইহাতে শ্যামা-লতা ইন্দ্রগোপ (কীট বিশেষ) ও সোমলতা, এই সকল প্রলেপ দেওয়া কর্ত্তব্য। নস্য বা অঞ্জনে যে বিষ ব্যবহৃত হয় সেই বিষ জিহ্বাতে সংলগ্ন হইলে, জিহ্বা অষ্ঠিলার ন্যায় কঠিন হয়, তাহাতে রসজ্ঞান হয় না, টন্ টন্ ও জ্বালা করে ও জিহ্বা হইতে লালা স্রাব হয়। এমত স্থলে বা দন্ত-কাষ্ঠ বিষ যুক্ত হইলে, বাষ্প প্রয়োগ (ভাবরা দেওয়া) কর্ত্তব্য। সেই বিষ আমাশয় গত হইলে মূর্চ্ছা বমি অতিসার উদরের আধ্মান দাহ কম্প ও ইন্দ্রিয়-

গণের বিকৃতি এই সকল লক্ষণ জন্মে। মদন অলাবু, বিম্বী ও কোশাতকী, এই সকল ফল ও অর্দ্ধ জল-যুক্ত ঘোলের দ্বারা অথবা তণ্ডুল জলের দ্বারা বমন করাইবে। সেই বিষ পক্কাশয়ে গত হইলে, দাহ মূর্চ্ছা অতিসার আটোপ (উদরে শব্দ) পাণ্ডুতা কৃশতা ও ইন্দ্রিয়বিকৃতি এই সকল লক্ষণ হয়, এ স্থানে ঘৃত যুক্ত নীলিফলের দ্বারা বিরেচন করাইবে, এবং দূষী-বিষ-নাশক ঔষধ দধি ও মধু সংযোগে পান করাইবে।

ক্ষীর মদ্য জল প্রভৃতি তরল দ্রব্য বিষাক্ত হইলে, তাহাতে বিবিধ বর্ণ দৃষ্ট হয়, ফেণা ও বুদ্‌বুদ্ জন্মে, ছায়া দৃশ্য হয় না, যদি বা হয় যুগল, সূক্ষ্ম অথবা বিকৃত ভাবে দৃষ্ট হয়। শাক অন্ন মাংস প্রভৃতি বিষাক্ত হইলে ক্লিন্ন ও বিরস হয়, সদ্য পাক করা হইলেও পর্য্যুসিতের ন্যায় গন্ধ-হীন হয়। বিষাক্ত হইলে সকল প্রকার ভক্ষ্য বা ফলই গন্ধ বর্ণ বা রস হীন হয়; পক্ক ফল শুষ্ক হয় ও অপক্ক ফল পাকিয়া উঠে। দন্ত-কাষ্ঠ বিষাক্ত হইলে, কূর্চ্চ সমস্ত শীর্ণ হয়, জিহ্বা দন্ত ও ওষ্ঠের মাংস ফুলিয়া উঠে। ইহাতে ধাতকী-পুষ্প হরীতকী জম্বু-ফলের অস্থি (জামের আটী) ও মধু, ফুলার স্থানে এই সকল দ্রব্য একত্র করিয়া প্রলেপ দিবে, অথবা অঙ্কোট বৃক্ষের মূল সপ্তচ্ছদ (ছাতিম) বৃক্ষের ছাল শিরীষ ও মাষকলাই একত্র করিয়া বা তাহাতে মধু সংযোগ করিয়া প্রলেপ দেওয়া কর্ত্তব্য। অভ্যঙ্গ (মাখিবার তৈলাদি) বিষ-যুক্ত হইলে অতিশয় পিচ্ছিল ও বিবর্ণ হয়। ইহা অঙ্গে মাখিলে স্ফোট জন্মে বেদনা হয়, ত্বক পাকিয়া উঠে, রস রক্তাদি নিঃসৃত হয় এবং ঘর্ম্ম নিঃসরণ ও জ্বর হয়। ইহাতে মাংস বিদীর্ণও হইতে পারে। ইহাতে শীতল জল সেচন করিবে এবং রক্তচন্দন তগরপাদুকা কুষ্ঠ উশীর ও বাঁশের পাতা সোমলতা গুলঞ্চ ভূমি-কুষ্মাণ্ড পদ্ম-কাষ্ঠ পীত-কাষ্ঠ ও গুড়ত্বক একত্র করিয়া কপিত্থ রস ও গোমূত্রের সহযোগে অঙ্গে লেপন ও পান করিবে। উৎসাদন পরিষেচন কাথ অনুলেপন

শয্যা বস্ত্র অথবা অঙ্গাবরণ বিষাক্ত হইলে, উপর্য্যুক্ত অভ্যঙ্গ বিষাক্ত হওনের ন্যায় লক্ষণ হয়। লেপনের দ্রব্য বিষাক্ত হইলে মস্তকের চুল উঠিয়া যায়, মস্তকে যাতনা হয় ও স্ফোট জন্মে, চক্ষু কর্ণ প্রভৃতি ইন্দ্রিয়-দ্বার হইতে রুধির নিঃসৃত হয়। এ স্থলে অধিক পরিমাণে কৃষ্ণ-বর্ণ মৃত্তিকার প্রলেপ বিধেয়, অথবা হরিণের (ঋষ্য জাতীয়) পিত্ত, ঘৃত শ্যামালতা পালিন্দী (কৃষ্ণবর্ণ তেওড়ী) ও তণ্ডুলীয়ক (নটে সাক) একত্র করিয়া প্রলেপ দেওয়া কর্ত্তব্য। ইহাতে গোময়ের রস অথবা মালতী পুষ্পের রস কিম্বা মূষিকপর্ণীর রস বা গৃহের ঝুলও হিতকর। মস্তকের তৈলাদি, কোন প্রকার অভ্যঙ্গ, বা কোন প্রকার উষ্ণীষ অথবা মাল্য বিষাক্ত হইলে, বিষাক্ত অনুলেপনের ন্যায় প্রতীকার করিবে। মুখলেপ বিষাক্ত হইলে মুখ শ্যাব-বর্ণ হয় ও বিষাক্ত অভ্যঙ্গের লক্ষণ প্রকাশ পায়, ও মুখে পদ্ম-কণ্টকের ন্যায় ক্ষুদ্র ক্ষুদ্র ব্রণ জন্মে। ইহাতে মধু ও ঘৃত পান করিবে, এবং চন্দন, ঘৃত, ভূমি-কুষ্মাণ্ড, যষ্টি-মধু, বামনহাটী, বাঁধুলি ও পুনর্ণবা এই সকল একত্র লেপ দিবে। অশ্ব, হস্তী প্রভৃতিকে বিষ প্রয়োগ করিলে লালা স্রাব ও চক্ষু রক্তবর্ণ হয়। উরু, পায়ু, মেঢ্র ও মুষ্কদেশ বিষযুক্ত হইলে সেই সকল দেশে স্ফোট জন্মে। যানবাহনে বিষ সংযুক্ত হইলে বিষাক্ত অভ্যঙ্গের স্থলে যে রূপ প্রতীকার করে সেই রূপ প্রতীকার করিবে। নস্য বা ধূম বিষাক্ত হইলে চক্ষু কর্ণ প্রভৃতি ইন্দ্রিয় হইতে শোণিত নির্গত হয়, মস্তকে বেদনা ও শ্লেষ্মা স্রাব হয় ও ইন্দ্রিয় সকলে বিকৃত লক্ষণ প্রকাশ পায়। এ স্থলে গাভি প্রভৃতির ঘৃত, ও অতিবিষা (অতাইচ) দুগ্ধ-সহযোগে পাক করিয়া শীতল হইলে পান করিবে। কোন প্রকার পানীয় দ্রব্য বা নস্য বিষাক্ত হইলে শ্বেত অপরাজিতা ও ময়না ফলের সহযোগে ঘৃত পাক করিয়া পান করিবে। পুষ্প বিষাক্ত হইলে গন্ধ হীন বিবর্ণ ও ম্লান হয়। তাহার গন্ধ গ্রহণে মস্তকে যাতনা ও চক্ষু বারি-পূর্ণ হয়। এ স্থলে বাষ্প প্রয়োগ

করিবে (ভাপরা দিবে), ও বিষাক্ত মুখ-লেপে যে রূপ প্রতীকার উল্লিখিত হইয়াছে সেই রূপ প্রতীকার করিবে। বিষাক্ত তৈল কর্ণ-রন্ধ্রে প্রয়োগ করিলে শ্রবণ-শক্তির বৈগুণ্য এবং কর্ণে ফুলা ও বেদনা জন্মে। ইহাতে শীঘ্র কর্ণ হইতে রস রক্তাদি স্রাব করান কর্ত্তব্য ও শত-মূলীর রস ঘৃত ও মধু একত্র কর্ণে পূরিত করিয়া নির্গত করিবে। শ্বেত খদিরের রসও ঐ রূপে পূরিত করিয়া নির্গত করিবে। অঞ্জন বিষাক্ত হইলে, অশ্রুপতন, নেত্র-দাহ, চক্ষে বেদনা, দৃষ্টির ব্যাঘাত অথবা এককালীন অন্ধও হয়। ইহাতে পিপ্পলী যোগে সদ্যো ঘৃত পান করিবে, কিম্বা মেষ-শৃঙ্গ বৃক্ষের অথবা বরুণ বৃক্ষের নির্য্যাস (আটা) চক্ষে অঞ্জন দিবে। ঘণ্টা-পারুল ও অজকর্ণ (অশন) বৃক্ষের ফেণা গোরোচনা-সহযোগে, অথবা কপিত্থ মেষ-শৃঙ্গ বা ভল্লাতকের পুষ্প, কিম্বা বন্ধূক ও অঙ্কোটের পুষ্প সেবন করিবে। পাদুকা বিষাক্ত হইলে পাদদ্বয়ে ফুলা, রস নিঃসরণ ও শুষ্ক-ভাব হয়, এবং তাহাতে স্ফোটক জন্মে। অলঙ্কার বিষাক্ত হইলে পূর্ব্বের ন্যায় তাহার দীপ্তি থাকে না, ও যে স্থানে তাহা ধারণ করা যায় সেই স্থান জ্বালা করে পাকিয়া উঠে ও তাহা হইতে রস নিঃসরণ হয়। অভ্যঙ্গের তৈলাদি বিষাক্ত হইলে যে রূপ প্রতীকার করিতে হয়, পাদুকা ও ভূষণ বিষাক্ত হইলে সেই রূপ প্রতীকার কর্ত্তব্য। ধূম হইতে অলঙ্কার পর্য্যন্ত যে সমস্ত দ্রব্য বিষাক্ত হইবার বিষয় বলা হইল, তাহাদিগের উপদ্রব দেখিয়া চিকিৎসা করিবে। পান লেপন নস্য ও অঞ্জন বিষাক্ত হইলে মহাসুগন্ধি নামক অগদ (পরে বলা হইয়াছে) বিধেয়, ও তীক্ষ্ণ বিরেচন বমন অথবা শরীরে রক্ত থাকিলে শিরা বিদ্ধ কর্ত্তব্য। সকল প্রকার বিষাক্ত অন্ন নির্বিষ করিবার কারণ ভূপতি দিগের হস্তে মূষিক অথবা ছাগের লোম বন্ধন করা কর্ত্তব্য। সর্ব্বদা মিত্রগণে বেষ্টিত হইয়া থাকা, হৃদয়াবরণ ব্যবহার করা, এবং অজেয় ও অমৃত নামক ঘৃত-দ্বয়, বা ঘৃত, দধি, দুগ্ধ ও মধু কিম্বা শীতল জল

পান করা কর্ত্তব্য। ময়ূর, নকুল, গোধা ও হরিণের মাংসের ক্বাথ সর্ব্বদা পান করিবে। গোধা নকুল হরিণের মাংস পাক করিতে হইলে, মষ্টিমধু শর্করা ও ঘণ্টাপারুল পেষণ করিয়া তাহাতে দিবে। ময়ূর-মাংসে শুণ্ঠী শর্করা ও আতইচ দেওয়া কর্ত্তব্য। পৃষত (এক প্রকার হরিণ) মাংসে পিপ্‌পলি ও শুণ্ঠী দেওয়া, সিম্বি-যূসে (কোন প্রকার কলায়ে) ঘৃত মধু দেওয়া কর্ত্তব্য। বুদ্ধিমান ব্যক্তি বিষ-নাশক ভক্ষ্য ভোজ্য দ্রব্য সেবন করিবে। এই সকল স্থলে, অথবা বিষ যদি ভক্ষণ করে তাহাতে, পিপ্‌পলী, যষ্টিমধু, মধু, শর্করা, ইক্ষুরস, এই সকল ও জল একত্র পান করিয়া বমন করিবে। হৃদয়-দেশ যাবৎ এককালে পরিষ্কৃত না হয় তাবৎ বমন করা কর্ত্তব্য।

দ্বিতীয় অধ্যায়।

স্থাবর-বিষ বিজ্ঞানীয় অধ্যায়।

বিষ দুই প্রকার, স্থাবর ও জঙ্গম। তাহাদিগের মধ্যে স্থাবর বিষের আধার দশটী ও জঙ্গম বিষের আধার ষোলটী। মূল পত্র ফল পুষ্প ত্বক্ ক্ষীর সার নির্য্যাষ ধাতু ও কন্দ, এই দশটী স্থাবর বিষেব আধার।

যষ্টিমধু, করবীর, গুঞ্জা (কঁূচ), সুবন্ধ (তিল), গর্গরক করঘাট বিদ্যুচ্ছিখা এই আটটী মূল-বিষ; অর্থাৎ ইহাদিগের মূলই বিষাক্ত। বিষপত্রিকা, (জয়পাল বিজের অভ্যন্তরস্থ পত্র) অলম্বা, (তিতলাউ) অবরদারুক, করম্ভ (প্রিয়ঙ্গু) মহাকরম্ভ, এই পাঁচটী পত্র-বিষ।

কুমদ্বতী (কুমুদলতা), রেণুকা করম্ভ (প্রিয়ঙ্গু) মহাকরম্ভ কর্কোটক (কাঁকরোল) রেণুক খদ্যোতক চর্ম্মরী ইভগন্ধা সর্পঘাতি (সাপ কাঁকালে লতা) নন্দন, সারপাক এই দ্বাদশটী ফল-বিষ।

বেত্র (বেত) কাদম্ব (কদম্ব) বল্লিজ করম্ভ মহাকরম্ভ, এই পাঁচটী পুষ্প-বিষ।

অন্ত্র-পাচক, কর্ত্তরীয়, সৌরীয়ক, করঘাট, করম্ভ, নন্দন, বরাটক, এই সাতটীর ত্বক্ সার ও নির্য্যাষ বিষাক্ত।

কুমুদঘ্নী স্নুহী ও জাল, এই তিনটী ক্ষীর-বিষ (ইহাদিগের আটাতে বিষ)।

ফেণাশ্ম-ভস্ম ও হরিতাল, এই দুই ধাতু-বিষ।

কালকূট, বৎসনাভ সর্ষপ পালক কর্দ্দমক বৈরাটক মুস্তক শৃঙ্গীবিষ, প্রপৌণ্ডরীক মূলক হলাহল মহাবিষ কর্কটক, এই ত্রয়োদশ প্রকার কন্দবিষ। এই সমুদায়ের স্থাবর বিষ পঞ্চ-পঞ্চাশৎ (পঞ্চান্ন) প্রকার।

বৎসনাভ চারি প্রকার, মুস্তক দুই প্রকার, সর্ষপ ছয় প্রকার এবং অবশিষ্ট সকল বিষ এক এক প্রকার।

মূল-বিষ-কর্ত্তৃক বমনেচ্ছা প্রলাপ ও মোহ জন্মে। পত্র বিষ-কর্ত্তৃক জৃম্ভণ (হাই তোলা) অঙ্গের উদ্বেষ্টন (আলস্য ভাঙ্গা) ও শ্বাস, এই সকল উপসর্গ জন্মে। ফল-বিষ-কর্ত্তৃক কোষ-দ্বয় ফুলিয়া উঠে, দাহ ও অন্নে অরুচি জন্মে। পুষ্প বিষ-কর্ত্তৃক বমন আধ্মান ও মোহ জন্মে। বিষাক্ত ত্বক্ সার বা নির্য্যাস সেবন করিলে, মুখে দুর্গন্ধ, শরীরের রুক্ষতা শিরো-রোগ, ও কফ স্রাব হয়। ক্ষীর-বিষ-কর্ত্তৃক মুখে ফেণা নিঃসরণ, মল-ভঙ্গ ও জিহ্বার জড়তা হয়। ধাতু-বিষ-কর্ত্তৃক হৃদয়ের পীড়া, মূর্চ্ছা ও তালু-দাহ, এই সকল উপসর্গ হয়। এই সকল প্রকার বিষ প্রায় কাল ক্রমে প্রাণ নাশ করে।

কন্দ-বিষ মাত্রেই অতিশয় তীক্ষ্ণ। তাহাদিগের লক্ষণ বিস্তাররূপে বলা যাইতেছে। কাল-কূট-কর্ত্তৃক স্পর্শ-জ্ঞানের অভাব কম্প ও স্তম্ভিত ভাব হয়। বৎসনাভ-কর্ত্তৃক গ্রীবা-স্তম্ভ এবং বিষ্ঠা মূত্র ও চক্ষু পীতবর্ণ হয়। সর্ষপ কর্ত্তৃক বায়ু বিগুণ হয় এবংআনাহ-রোগ ও শরীরে গ্রন্থি

জন্মে। পালক কর্তৃক গ্রীবার দৌর্ব্বল্য ও বাক্য-রোধ হয়। কর্দ্দম নামক বিষ কর্তৃক লালাস্রাব মলভঙ্গ ও চক্ষু পীত বর্ণ হয়। বৈরাটক কর্তৃক শরীরের অঙ্গ-বিশেষে যাতনা ও শিরো-রোগ জন্মে। মুস্তক-বিষ কর্তৃক গাত্রের স্তম্ভিত ভাব ও কম্প হয়। শৃঙ্গী-বিষ কর্তৃক অঙ্গের অবসন্নতা দাহ ও উদরের বৃদ্ধি হয়। পুণ্ডরীক কর্তৃক চক্ষুদ্বয় রক্তবর্ণ ও উদরের বৃদ্ধি হয়। মূলক-বিষের দ্বারা বিবর্ণ বমন হিক্কা শোফ ও জ্ঞানের অভাব হয়। হলাহল-বিষের দ্বারা রোগী কষ্টে শ্বাস গ্রহণ করে ও শ্যাববর্ণ হয়। মহা-বিষ-কর্তৃক হৃদয়ে গ্রন্থি ও শূল বেদনা জন্মে। কর্ক্কটক বিষের দ্বারা রোগী হাস্য করে, দন্ত দংশন করে (দাঁত কিড়্ মিড়্ করে) ও লম্ফ দিয়া উঠে। এই ত্রয়োদশ প্রকার কন্দ-বিষ অতিশয় উগ্র। ইহাতে পশ্চাৎ লিখিত দশটী গুণ লক্ষিত হয় যথা,—রুক্ষ, উষ্ণ, তীক্ষ্ণ, সূক্ষ্ম, আশু-কার্য্যকারী, ব্যবায়ী, বিকাশী বিশদ লঘু ও অপাকী। রুক্ষতা প্রযুক্ত বায়ু কুপিত হয়। উষ্ণতা প্রযুক্ত পিত্ত ও শোণিত কুপিত হয়। তীক্ষ্ণতা প্রযুক্ত মনের মোহ জন্মে ও শরীরের বন্ধন সমস্ত শিথিল হয়। সূক্ষ্মতা প্রযুক্ত শরীরের সকল অঙ্গে প্রবেশ পূর্ব্বক বিকৃত ভাব উৎপাদন করে। আশু-কার্য্যকারী প্রযুক্ত শীঘ্র প্রাণ নাশ করে। ব্যবায়ী প্রযুক্ত স্ত্রী সমাগমের অভিলাষ জন্মায়। বিকাশিত্ব প্রযুক্ত শরীরে দোষ ধাতু ও মল ক্ষয় করে। বৈশদ্য প্রযুক্ত অতিশয় বিরেচন হয়। লঘুতা প্রযুক্ত চিকিৎসায় কষ্ট-সাধ্য। অবিপাকিত্ব প্রযুক্ত শীঘ্র জীর্ণ হয় না, এ কারণ বহুকাল ব্যাপিয়া ক্লেশ দেয়। স্থাবর জঙ্গম অথবা কৃত্রিম যে কোন প্রকার বিষ হউক এই দশ বিধ গুণ বিশিষ্ট, ও শীঘ্র প্রাণ বিনাশ করে।

স্থাবর জঙ্গম অথবা কৃত্রিম এই তিন প্রকার বিষের মধ্যে যে কোন বিষ হউক, শরীর হইতে নিঃসৃত হইলে বা জীর্ণ হইলে, বা বিষঘ্ন ঔষধ কর্তৃক বিনষ্ট হইলে অথবা দাবাগ্নি বায়ু কিম্বা সূর্য্য-কিরণে শোষিত হইলেও যদি শরীরে তাহার কিছু অবশিষ্ট থাকে, অথবা

স্বভাবতঃ গুণহীন কোন প্রকার বিষ যদি শরীরে প্রবিষ্ট হয়, তাহাকে দূষী-বিষ বলে। অল্প-বীর্য্য প্রযুক্ত সেই বিষ কর্ত্তৃক প্রাণ নাশ হয় না, কিন্তু কফের সহিত মিলিত হইয়া তাহা বহুকাল শরীরে অবস্থিতি করে। দূষী-বিষ কর্ত্তৃক পীড়িত হইলে পুরীষের বর্ণ ভিন্ন প্রকার হয়, মুখ দুর্গন্ধ-যুক্ত ও বিরস হয়, পীপাসা জন্মে, মূর্চ্ছা বমন ও বাক্যের জড়তা হয়, এবং দুষ্যোদরের সকল লক্ষণ প্রকাশ পায়। ঐ বিষ আমাশয় গত হইলে কফ-বাত-জন্য রোগ জন্মায়, এবং পক্বাশয়-গত হইলে বায়ুপিত্ত জন্য রোগ জন্মায়। পক্ষহীন পক্ষির ন্যায় ইহাতে রোগীর মস্তকের সমস্ত চুল উঠিয়া যায়। রস প্রভৃতি ধাতুতে এই বিষ আশ্রয় করিলে যে ধাতুকে আশ্রয় করে তাহারই বিকার জন্মায়। শীতল বায়ু প্রবাহিত মেঘাচ্ছন্ন দিনে ইহা কুপিত হয়। তাহাতে যে সকল লক্ষণ হয় বলা যাইতেছে,—নিদ্রা, দেহের ভার, জৃম্ভণ হর্ষ (রোমাঞ্চ), অঙ্গ-মর্দ্দ (গায়ের কামড়ানি) অথবা অঙ্গের অবসন্নতা। এই সকল উপদ্রব ঘটিলে অন্নে অরুচি অজীর্ণ ও শরীরে মণ্ডলাকার বৃহৎ কোঠ (চাকা চাকা দাগ) জন্মে, ধাতু সমস্ত ক্ষয় হয়, হস্ত ও পাদ ফুলিয়া উঠে, জলোদরী হয়, বমন হয়, এবং অতিসার রোগ জন্মে। অথবা শরীরের বিবর্ণতা, মূর্চ্ছা বা বিষম-জ্বর জন্মে, অথবা বলবতী পিপাসা ক্রমশঃ বৃদ্ধি হয়। এই বিষ-কর্ত্তৃক উন্মাদ, আনাহ, শুক্র ক্ষয় বাক্যের জড়তা ও কুষ্ঠ প্রভৃতি বহুবিধ বিকার জন্মে।

পূর্ব্বোক্ত ক্ষীণ-তেজ বিষ, দেশ কাল ও ভক্ষ্য-দ্রব্যের দোষে ও দিবা-নিদ্রার দ্বারা সর্ব্বদা দূষিত হইয়া সকল ধাতু দূষিত করে, এই জন্য দূষী-বিষ বলা যায়। স্থাবর বিষ ভক্ষণ করিলে, তাহার প্রথম বেগে জিহ্বা শ্যাববর্ণ স্তব্ধভাব, মূর্চ্ছা ও শ্বাস উপদ্রব জন্মে। দ্বিতীয় বেগে কম্প ঘর্ম্ম দাহ কণ্ডু ও বেদনা জন্মে, এবং বিষ আমাশয় গত হইয়া হৃদয়ে বেদনা জন্মায়। তৃতীয় বেগে তালু-শোষ ও আমাশয়ে অতিশয় শূল জন্মে, চক্ষুদ্বয় নীল-বর্ণ ও বেদনা বিশিষ্ট হয়, এবং

বিষ পক্বাশয়-গত হইয়া ভেদ হিক্কা কাস ও অন্ত্রকূজন (পেট ডাকা) এই সকল উপদ্রব জন্মায়। চতুর্থ বেগে মস্তকের অতিশয় ভার বোধ হয়। পঞ্চম বেগে কফ-স্রাব, বিবর্ণতা ও পর্ব্ব ভেদ হয়। এই অবস্থায় সকল দোষের প্রকাশ হয় ও পক্বাশয়ে বেদনা হয়। ষষ্ঠ বেগে বুদ্ধি নাশ হয় ও অতিসার রোগ জন্মে। সপ্তম বেগে স্কন্ধ পৃষ্ঠ ও কটীদেশ ভগ্ন হয় এবং জ্ঞান রোধ হয়। প্রথম বিষ বেগে বমন করাইবে, শীতল জলপান করাইবে এবং ঘৃত মধু সহযোগে অগদ পান করাইবে। দ্বিতীয় বেগে পূর্ব্বের ন্যায় বমন করাইয়া বিরেচক দ্রব্য পান করাইবে। তৃতীয় বেগে অগদ-পান নস্য ও অঞ্জন (১) তিনই কর্ত্তব্য। চতুর্থ বেগে স্নেহ-মিশ্রিত অগদ পান করাইবে। পঞ্চমে মধু ও যষ্টি-মধু সহযোগে অগদের ক্বাথ পান করাইবে। ষষ্ঠ বেগে অতিসার রোগের ন্যায় চিকিৎসা করিবে। সপ্তমে নস্য প্রয়োগ করিবে, এবং মূর্দ্ধি দেশে কাকপদ চিহ্ন (২) করিয়া কেশ মুণ্ডন করিবে অথবা রক্তের সহিত সেই স্থানের মাংস তুলিয়া ফেলিবে। কোন এক বেগের পর অন্য বেগের কাল উপস্থিত হইলে (৩) শীতল ক্রিয়া করিবে, এবং ঘৃত ও মধু যোগে যবের মণ্ড পান করাইবে। কোষাতকী (ঝিঙ্গে), অগ্নিক (চিতে), পাঠা (নিমুখ লতা) সূর্য্যবল্লী (হুলী পুষ্প বা অর্ক হুলি), গুলঞ্চ হরীতকী, শিরীষ (বৃক্ষ) কিণিহী (আপাঙ) শেলু (চালতা) গির্য্যাহ্বা (গিরিমৃত্তিকা) হরিদ্রা, দারুহরিদ্রা, শ্বেত-পুনর্ণবা, রক্তপুনর্ণবা রেণুকা, ত্রিকটু, শ্যামা-

(১) অগদ নস্য ও অঞ্জন এই অধ্যায়ে এবং ইহার পর অধ্যায়ে সকল বলা হইয়াছে।

(২) দুই পার্শ্বে চুল রাখিয়া কেবল কপালের উপরি হইতে মূর্দ্ধি পর্য্যন্ত কেশ মুণ্ডন করিলে কাকপদ চিহ্ন বলে।

(৩) বেগান্তর অর্থাৎ বেগের কাল। একটী বেগের লক্ষণ প্রকাশ পাওয়া অবধি অপর বেগের লক্ষণ প্রকাশ পাইবার পূর্ব্ব পর্য্যন্ত সেই বেগের কাল বলা যায়।

লতা, অনন্তমূল, বলা, এই সকল দ্রব্যের কাথে যবের মণ্ড প্রস্তুত করিয়া পান করিলে উভয় প্রকার বিষের শান্তি হয়। যষ্টিমধু, তগর পাদুকা, কুড়, ভদ্রদারু, রেণুকা, পুন্নাগ, এলাইচ, এলবালু, নাগকেশর, উৎপল চিনী বিড়ঙ্গ চন্দন তেজপত্র প্রিয়ঙ্গু গন্ধতৃণ হরিদ্রা দারুহরিদ্রা বৃহতী কণ্টকারী শ্যামালতা অনন্তমূল সালপাণী চাকুলে, এই সকলের কল্ক সহযোগে ঘৃত প্রস্তুত করিবে। ইহাকে অজেয় ঘৃত বলে। ইহার দ্বারা সকল প্রকার বিষ নষ্ট হয়; কোন স্থানে ইহা ব্যর্থ হয় না। দূষী-বিষ কর্ত্তৃক পীড়িত রোগীর শরীর, স্বেদ ভেদ ও বমনের দ্বারা সংশোধিত হইলে, নিম্ন-লিখিত দূষী-বিষ নাশক অগদ পান করাইবে। পিপ্‌পলী, গজপিপ্‌পলী গন্ধতৃণ, জটা-মাংসী লোধ, কেউটা-মুথা, সুবর্চ্চিকা (জতুকা *) ছোট এলাইচ, বালা কনক-পলাস গিরি-মৃত্তিকা, এই অগদ মধু-সহযোগে দূষী-বিষ নাশ করে। ইহাকে বিষারি নামক অগদ বলে। ইহা অন্যান্য রোগেও ব্যবহৃত হয়। জ্বর দাহ হিক্কা শুক্র-ক্ষয় শোফ অতিসার মূর্চ্ছা হৃদ্রোগ, জঠররোগ, উন্মাদ ও কম্প প্রভৃতি উপদ্রবে, রোগ ও তাহার উপদ্রব বিবেচনা করিয়া বিষঘ্ন ঔষধের দ্বারা প্রতীকার করিবে। দূষী-বিষ রোগ, আত্মবান্ ব্যক্তির হইলে শীঘ্র আরোগ্য হয় কিন্তু এক বৎসরের অধিক কালের হইলে যাপ্য থাকে। ক্ষীণ ও অহিতাচারী ব্যক্তির হইলে আরোগ্য হয় না।

তৃতীয় অধ্যায়।

সর্পাদির বিষ-বিজ্ঞান।

পূর্ব্ব অধ্যায়ে জঙ্গম বিষের যে ষোলটী আধারের কথা বলা হইয়াছে, এক্ষণে তাহা বিশেষ করিয়া সংক্ষেপে বলা যাইতেছে। দৃষ্টি নিশ্বাস

* মালব দেশে প্রসিদ্ধা জনী নাম লতা বিশেষ।

দংষ্ট্রা নখ মূত্র পুরীষ শুক্র লালা আর্ত্তব, আল, মুখ-সন্দংশ, অস্থি, পিত্ত, শূক (শূঙ্গা) ও মৃত দেহ, এই ষোলটী জঙ্গম-বিষের আধার।

দিব্য-সর্পের দৃষ্টি ও নিশ্বাসে বিষ, এবং পৃথিবী-স্থিত সর্পের দংশনে বিষ। মার্জার কুকুর বানর মকর ভেক পাক-মৎস্য গোধা শম্বুক প্রচলাক গৃহগোধিকা ও অন্যান্য চতুষ্পদী কীটদিগের দংষ্ট্রাতে ও নখে বিষ।

চিপিট, পিচ্চটক, কষায়-বাসিক, সর্ষপ-বাসিক, তোটক-বর্চ এবং কীট-কৌণ্ডিল্যাক ইহাদিগের বিষ্ঠা ও মূত্রে বিষ।

মূষিকদিগের শুক্রে বিষ। লূতার (মাকরসার) লালা মূত্র পুরীষ মুখ-সন্দংশ (দংশন বা মুখের দ্বারা কামড়ান) নখ শুক্র ও আর্ত্তব এই সকলই বিষাক্ত।

বৃশ্চিক বিশ্বম্ভর রাজীব-মৎস্য উচ্চিটিঙ্গ এবং সমুদ্রবৃশ্চিক ইহা-দিগের আলে (হুলে) বিষ।

চিত্র-শির, সরাব- কুর্দ্দি, শতদারুক, অরিমেদক, শারিকামুখ মুখ-সন্দংশ ইহাদিগের মূত্রপুরীষ বিষাক্ত। মক্ষিকা কণভ ও জলায়ুকা ইহাদিগের মুখ-সন্দংশে বিষ।

বিষ-হত প্রাণীর অস্থি, সর্পকণ্টক, ও বরটী-মৎস্যের অস্থি, এই গুলি অস্থি-বিষ। শকলী-মৎস্য রক্তরাজী ও চরকী-মৎস্য, ইহাদিগের পিত্তে বিষ।

সূক্ষ্ম-তুণ্ড, উচ্চিটিঙ্গ, বরটী, শতপদী শূক বলভিক শৃঙ্গী, ভ্রমর ইহাদিগের শূক (গায়ের শুঙ্গাতে) ও মুখে বিষ।

রাজাদিগের শত্রু কর্ত্তৃক তৃণ জল পথ ভক্ষ্য-দ্রব্য ও ধূম বিষাক্ত হইয়া থাকে। এই সকল দূষিত পদার্থ লক্ষণের দ্বারা অবগত হইবে। জল দূষিত হইলে, পিচ্ছিল, উগ্র-গন্ধি, ফেণাযুক্ত ও বিচিত্র বর্ণের দীপ্তি-যুক্ত হয়। সেই জলে অবগাহন করিয়া মৎস্য ভেক

ও পক্ষিগণ প্রাণত্যাগ করে ও তীরচারী পক্ষিগণ মত্ত হইয়া ভ্রমণ করে। মনুষ্য হস্তী প্রভৃতি ইহাতে অবগাহন করিলে বমন মোহ জ্বর দাহ ও শোফ প্রভৃতি রোগে আক্রান্ত হয়। অতএব রাজার গমন কালে পূর্ব্বোক্ত সকল দ্রব্যের দোষ ও দূষিত জল সংশোধন করা কর্ত্তব্য। ধব (ধোয়া বৃক্ষ) অশ্বকর্ণ (লতা শাল) আসন (স্বনাম প্রসিদ্ধ বৃক্ষ) পারিভদ্র (পালিতা), পাটল (পারুল) শ্বেত-সর্ষপ মোক্ষক রাজবৃক্ষ (সোঁদাল) শ্বেত খদির এই সকল দগ্ধ করিয়া শীতল হইলে সেই ভস্ম জলে বিকীর্ণ করিবে। সেই জল কলসে পূর্ণ করিয়া তাহাতে এক অঞ্জলি পরিমিত ভস্ম নিক্ষেপ করিয়া সংশোধন করিবে। কোন ভূমিতল বা শিলা-স্থলীও বিষ-দূষিত হয়। গো অশ্ব হস্তী মনুষ্য প্রভৃতি শরীরের দ্বারা সেই স্থান স্পর্শ করিলে শরীরে ফুলা ও দাহ জন্মে এবং নখ ও রোম শীর্ণ হইয়া যায়। তাহাতে অনন্তা ও সর্ব্বগন্ধ সুরার সহিত পেষণ করিয়া পথে বিকীর্ণ করিবে। অথবা বিড়ঙ্গ, পাঠা (নিমুখলতা) ও নকট্‌কী এই সকল ও মৃত্তিকা জলে মিশ্রিত করিয়া সেচন করিবে। বিষ-দূষিত কোন প্রকার তৃণ ভক্ষণ করিলে কেহ বা অবসন্ন হয়, কেহ বা মূর্চ্ছিত হয়, কেহবা বমন করে; কাহারও বা মলভঙ্গ হয় অথবা কাহারও প্রাণ-নাশ হয়, তাহাদিগের চিকিৎসা বলা যাইতেছে। ইহাতে বিষ নাশক অগদ বিবিধ প্রকার যন্ত্রে লেপন করিয়া বাদন করিবে। ধূম অথবা বায়ু বিষ-দূষিত হইলে তাহার সংস্পর্শে পক্ষিগণ ক্লান্ত হইয়া ভূমিতে পতিত হয়, তদ্দ্বারা কাশ প্রতিশ্যায় শির-রোগ ও তীব্র চক্ষুরোগ জন্মে। ইহাতে লাক্ষা, হরিদ্রা আতইচ্‌, হরীতকী, হরেণুক, এলাইচ ইহাদিগের পত্র ও বল্কল এবং কুষ্ঠ ও প্রিয়ঙ্গু এই সকল অগ্নিতে নিক্ষেপ করিয়া ধূম ও বায়ু সংশোধন করিবে।

কৈটভ নামক অসুর গর্ব্বিত হইয়া লোক-স্রষ্টা ব্রহ্মার বিঘ্ন উৎপাদন করে। তাহাতে তেজোনিধি ব্রহ্মা ক্রুদ্ধ হন। সেই ক্রোধ মূর্ত্তিমান্‌

হইয়া মহাবল অন্তক-সদৃশ গর্জ্জনকারী সেই অসুরকে নাশ করে। অসুর বিনাশ হইলে সেই তেজ ক্রমশঃ বর্দ্ধিত হইতে লাগিল দেখিয়া দেবতারা অতিশয় বিষন্ন হইলেন। বিষাদ জন্মায় বলিয়া ইহাকে বিষ বলে। অতঃপর আকাশ হইতে যে জল পতিত হয় তাহার কোন আস্বাদ থাকে না, যেরূপ স্থানে পতিত হয় সেই রূপ স্বাদ প্রাপ্ত হয়, বিষও সেই রূপ যে দ্রব্যে অবস্থিতি করে, স্বভাবতঃ তাহারই রস প্রাপ্ত হয়। বিষেতে প্রায় সকল প্রকার তীক্ষ্ণ গুণই থাকে, এ কারণ ইহার দ্বারা সকল দোষ কুপিত হয়। বিষাক্ত দ্রব্য স্বভাব পরিত্যাগ করিয়া কুপিত ভাব ধারণ করে। এ নিমিত্ত পরিপাক না হইয়া শ্বাস-পথ রোধ করে। শ্লেষ্মা-কর্ত্তৃক উচ্ছাস পথ রুদ্ধ হইলে সংজ্ঞা হীন হইয়া পড়ে। শুক্র যে রূপ সর্ব্ব শরীরে অবস্থিতি করে এবং মন্থনের দ্বারা নিঃসরণ হয়, বিষও সেই রূপ সর্পের সকল শরীর ব্যাপ্ত হইয়া থাকে, ক্রুদ্ধ হইলে তাহাদের বড়িশের ন্যায় দন্ত হইতে শুক্রের ন্যায় নিঃসৃত হয়। মন্থনের দ্বারা শুক্রের ন্যায় নিঃসৃত হয় বলিয়া সর্পেরা ফণা তুলিয়া দংশন না করিলে বিষ ত্যাগ করিতে পারে না।

যে বিষ নিঃসৃত হয় তাহা অতিশয় তীক্ষ্ণ ও উষ্ণ, এজন্য সকল প্রকার বিষে শীতল পরিষেক কর্ত্তব্য। যে সকল কীটের মৃদু-বিষ, তাহা অতিশয় বাত-শ্লেষ্মা জনক। তাহাতে স্বেদ বিধেয়। যে সকল কীটের বিষ উগ্র, তাহাদিগের দংশনে সর্পাহতের ন্যায় চিকিৎসা করিবে। বিষ স্বভাবতঃ দংশন-স্থান পর্য্যন্ত অবস্থিতি করে। অঙ্গে লেপন বা সর্প-কর্ত্তৃক দংশনের দ্বারা বিষ সকল শরীরে ব্যাপ্ত হয়, অতএব বিষের দ্বারা মৃত্যু হইলেই তাহার মাংস ভক্ষণ করা কর্ত্তব্য নয়। তাহাতে যে রূপ বিষ তদনুসারে রোগ জন্মে। অতএব মৃত্যুর পরক্ষণেই বিষাক্ত প্রাণীর মাংস ভক্ষণ অকর্ত্তব্য। দুই দণ্ড-কাল পরে দংশনের অথবা বিষ-লিপ্ত স্থান পরিত্যাগ করিয়া বিষাক্ত শরীরের মাংস ভক্ষণ করা যায়। গৃহ-ধূমের ন্যায় পুরীষ বায়ু সহকারে নিঃসৃত

হইতে থাকিলে, উদর আধ্মাত ও উষ্ণ মল নিঃসরণ হইতে থাকিলে, এবং রোগী বিবর্ণ অবসন্ন ও পীড়িত হইয়া ফেণা বমন করিতে থাকিলে, রোগী বিষপান করিয়াছে বলিয়া জানিবে। তাহার হৃদয় বিষ-দূষিত প্রযুক্ত অগ্নি-কর্ত্তৃক দগ্ধ হয় না। হৃদয় চেতনার স্থান, সেই স্থান ব্যাপ্ত করিয়া বিষ অবস্থিতি করে।

অশ্বত্থ, দেবায়তন, শ্মশান, বল্মীক, এই সকল স্থানে অথবা চতুষ্পথে বা চিত্রা নক্ষত্র যুক্ত তিথিতে দক্ষিণ ভাগে, অথবা মর্ম্ম-স্থানে দংশন করিলে রোগীকে পরিত্যাগ করিবে। ফণা বিশিষ্ট সকল সর্পের বিষ শীঘ্র প্রাণনাশ করে। উষ্ণতার দ্বারা বিষ দ্বিগুণীভূত হয়। অজীর্ণ পিত্ত বা রৌদ্র কর্ত্তৃক পীড়িত, অথবা বালক, প্রমেহ রোগী, গর্ব্ভিণী, বৃদ্ধ আতুর, ক্ষীণ, ক্ষুধিত, রুক্ষ-প্রকৃতি-বিশিষ্ট অথবা ভীত ব্যক্তিকে সর্পাঘাত হইলে, অথবা মেঘাচ্ছন্ন দিনে সর্পাঘাত হইলে, অথবা সর্পাঘাত হইলে পর শস্ত্র-দ্বারা ক্ষত করিলে শরীরে যদি রক্ত দেখা না যায়, অথবা লতা প্রভৃতি শরীরে সঞ্চালন করিলে বা শীতল জল বিকীর্ণ করিলে রোমহর্ষ না হয়, অথবা যে ব্যক্তি বিষের দ্বারা এক কালে অভিভূত হইয়া পড়ে, তাহাকে পরিত্যাগ করিবে। জিহ্বা কৃষ্ণবর্ণ, কেশ উঠিয়া যাওয়া, নাসিকা ভঙ্গ, দংশ-স্থান রক্তবর্ণ ও ফুলা বিশিষ্ট, স্বর-ভঙ্গ, এবং হনুদ্বয় স্থির, এই সকল লক্ষণ হইলে রোগীকে পরিত্যাগ করিবে। ঘনবর্ত্তির আকারে ঊর্দ্ধে বা অধোভাগে রক্ত নিঃসরণ হইতে থাকিলে, অথবা সকল দন্ত পড়িয়া গেলে, সর্পাহত ব্যক্তিকে পরিত্যাগ করিবে। অতিশয় উন্মত্ত, উপদ্রব-বিশিষ্ট, হীনস্বর, বা বিবর্ণ অথচ অতিশয় অরিষ্ট লক্ষণ যুক্ত ও নির্ব্বেদ (১) হইলে চিকিৎসা করিবে না।

(১) "নির্ব্বেদ" যাতনা-শূন্য বা জ্ঞান-শূন্য।

চতুর্থ অধ্যায়।

সর্প দংশনের বিষ-বিজ্ঞান।

সর্ব্বশাস্ত্র বিশারদ মহাপ্রাজ্ঞ ধন্বন্তরীর পদদ্বয় বন্দনা-পূর্ব্বক সুশ্রুত জিজ্ঞাসা করিলেন, হে ভগবন্, সর্পগণের শ্রেণী-সংখ্যা, দংশনের লক্ষণ, এবং বিষ-বেগের জ্ঞান, আমাদিগের নিকট আপনি কীর্ত্তন করুন। ভিষক-প্রবর ধন্বন্তরী তাহাদিগের সেই বচন শ্রবণ করিয়া কহিতে লাগিলেন। বাসকি তক্ষক প্রভৃতি অসঙ্খ্য অগ্নিকল্প তেজ-বিশিষ্ট সর্প আছে। তাহারা নিয়ত গর্জ্জন ও বিষ বর্ষণের দ্বারা সন্তাপ জন্মায়। ক্রুদ্ধ হইলে নিশ্বাস ও দৃষ্টির দ্বারা তাহারা সমস্ত জগৎ বিনাশ করিতে পারে। তাহাদিগের সম্বন্ধে কোন প্রকার চিকিৎসাই সফল হয় না। তাহাদিগকে নমস্কার করি। যে সকল পৃথিবীস্থ সর্প মানবগণকে দংশন করে, তাহাদিগের সংখ্যা আনুপুর্ব্বিক কহিতেছি শ্রবণ কর। অশীতি (৮০) প্রকার সর্প পঞ্চ শ্রেণীতে বিভক্ত যথা,—দর্ব্বীকর, মণ্ডলী, রাজিমন্ত, নির্ব্বিষ, ও বৈকরঞ্জ। তাহাদিগের মধ্যে দর্ব্বীকর ষড়বিংশতি (ছাব্বিশ) প্রকার, মণ্ডলী দ্বাবিংশতি (২২) প্রকার- রাজিমন্ত দশ প্রকার, ত্রিবিধ বৈকরঞ্জ জাতি, ও নির্ব্বিশ দ্বাদশ প্রকার। বৈকরঞ্জ জাতি হইতে সপ্ত প্রকার চিত্রার উৎপত্তি হইয়াছে। তাহারা মণ্ডলী ও রাজিমন্ত উভয়-গুণ বিশিষ্ট। পদাভি মৃষ্ট (পায়ের দ্বারা মাড়ান), দুষ্ট, ক্রুদ্ধ, বা গ্রাসার্থী (ক্ষুধার্ত্ত) হইলে, তাহারা অতি ক্রোধ-সহকারে দংশন করে। সেই দংশন তিন প্রকার। যথা সর্পিত, রদিত ও নির্বিষ। কোন বিষজ্ঞ বৈদ্য সর্পাঙ্গাভিহতকেও এক প্রকার সর্পাহতের মধ্যে গণনা করেন। যে কোন দংশনে একটী দুইটী অথবা অনেকগুলি দন্তের গভীর চিহ্ন রক্তবিশিষ্ট হইয়া ফুলিয়া উঠে ও দংশনের স্থান বিকৃত হয়, অথবা সংক্ষিপ্ত ভাবে দন্ত শ্রেণীর চিহ্নযুক্ত

হইয়া ফুলিয়া উঠে, তাহাকে সর্পিত কহে। দংশ-স্থানে রক্ত, নীল পীত ও কৃষ্ণবর্ণ রেখা দৃশ্য হইলে রদিত বলা যায়। এই দংশনে অল্প বিষ থাকে। যদি দংশনের স্থান ফুলিয়া না উঠে ও অল্প-দূষিত-রক্ত বিশিষ্ট হয় ও রোগী প্রকৃত অবস্থায় থাকে, এবং অল্প বা অধিক দংশনের চিহ্ন দৃষ্ট হয় তাহাকে নির্বিষ-দংশন বলে। ভীরু ব্যক্তির অঙ্গে কোন প্রকারে সর্প পতিত বা সংলগ্ন হইলে ভয় প্রযুক্ত বায়ু কুপিত হইয়া শরীরে ফুলা জন্মায়। তাহাকে সর্পাঙ্গাভিহত বলে। সর্প পীড়িত বা উদ্বিগ্ন হইয়া দংশন করিলে, তাহা অল্প-বিষ-বিশিষ্ট দংশন বলিয়া জানিবে। অতিশয় বৃদ্ধ সর্প দংশিলে, অথবা সুবর্ণ দেবতা ব্রহ্মর্ষি যক্ষ বা সিদ্ধগণ নিসেবিত স্থানে দংশন করিলে, অথবা দংশন কালে বিষঘ্ন ঔষধ শরীরে সংলগ্ন থাকিলে শরীরে বিষ সঞ্চরণ করে না।

যে সকল সর্পের মস্তকে রথাঙ্গ, লাঙ্গল, ছত্র, স্বস্তিক অথবা অঙ্কুশের চিহ্ন থাকে তাহাদিগকে দর্ব্বীকর বলে। তাহারা ফণাবিশিষ্ট ও শীঘ্রগামী। যাহারা বিবিধ প্রকার মণ্ডলাকারে চিত্রিত, স্থূল ও মন্দগামী ও দীপ্ত সূর্য্যের ন্যায় আভাবিশিষ্ট, তাহাদিগকে মণ্ডলী বলে। চিকচিকে ও শরীরের উর্দ্ধাধোভাগে বিবিধ বর্ণের আঁজির দ্বারা চিত্রিত যে সকল সর্প, তাহাদিগকে রাজিমন্ত বলে। মুক্তা অথবা রৌপ্যের ন্যায় আভা-বিশিষ্ট, তাহাদিগকেও রাজিমন্ত বলে। যে সকল সর্পের শরীর সুগন্ধ ও সুবর্ণের ন্যায় আভা-বিশিষ্ট, তাহাদিগকে ব্রাহ্মণ জাতি বলা যায়। যাহারা স্নিগ্ধ-বর্ণ (চিক্‌চিকে) বিশিষ্ট ও শীঘ্র কুপিত হয়, তাহারা ক্ষত্রিয় জাতি। যাহাদিগের শরীরে চন্দ্র সূর্য্য ছত্র বা পদ্মের ন্যায় আকৃতি থাকে, অথবা যাহাদিগের শরীর কৃষ্ণবর্ণ লোহিত ধূম্র বা পারাবতের ন্যায় বর্ণবিশিষ্ট ও বজ্রের ন্যায় দৃঢ় হয়, তাহাদিগকে বৈশ্য জাতি বলা যায়। যাহারা মহিষ হস্তী অথবা অন্য প্রকার বর্ণ বিশিষ্ট ও যাহাদিগের ত্বক অতিশয় পরুষ (তেল পারা নয়), তাহাদিগকে

শূদ্র জাতি বলা যায়। দর্ব্বীকরের দংশনে বায়ু কুপিত হয়, মণ্ডলীর দংশনে পিত্ত কুপিত হয়, রাজিমন্তের দংশনে শ্লেষ্মা কুপিত হয়। যে সর্প অসবর্ণ জাতির সমাগমে জন্মে তাহার বিষে দুই দোষ কুপিত হয়। সেই দোষের লক্ষণ বিবেচনা করিয়া সর্পের পিতা মাতার জাতি জানা যায়। রজনীর শেষ ভাগে চিত্রা-জাতি বিচরণ করে। এবং অবশিষ্ট ভাগে মণ্ডলী-জাতি বিচরণ করে। দর্ব্বীকর জাতি দিবাভাগে বিচরণ করে। দর্ব্বীকর তরুণ, মণ্ডলী বৃদ্ধ, এবং রাজিমন্ত মধ্য-বয়স্ক হইলে দংশন মৃত্যু-হেতু হয়। সর্প যদি নকুলের দ্বারা আকুলিত কিম্বা জল বা ব্রাহ্মণ কর্ত্তৃক অভিহত হয়, বা কৃশ, বালক, বা বৃদ্ধ, মুক্ত-ত্বক (নূতন খোলাস ছাড়া) অথবা ভীত হয়, তবে তাহার বিষ অল্প হয় জানিবে।

দর্ব্বীকর যথা,—কৃষ্ণসর্প, মহাকৃষ্ণ, কৃষ্ণোদর, শ্বেতকপোত, মহাকপোত, বলাহক, মহাসর্প, শংখপাল, লোহিতাক্ষ, গবেধুক, পরিসর্প, খণ্ডফণা, ককুদ, পদ্ম, মহাপদ্ম, দর্ভপুষ্প, দধিমুখ, পুণ্ডরীক, ভ্রুকুটি-মুখ, পুষ্পাভিকীর্ণ, গিরিসর্প, ঋজুসর্প, শ্বেতোদর, মহাশির, অলগর্দ্দ, আশীবিষ। এই ছাব্বিশ প্রকার ফণা-বিশিষ্ট সর্প।

মণ্ডলী যথা—আদর্শমণ্ডল শ্বেতমণ্ডল রক্তমণ্ডল চিত্রমণ্ডল পৃষতঃ রোধ্র-পুষ্প, মিলিন্দক গোনস বৃদ্ধ-গোনস পনস মহাপনস বেণুপত্রক শিশুক মদন পালিংহির পিঙ্গল তন্তক পুষ্পপাণ্ডু যডগো অগ্নিক বভ্রু কষায় কলুষ পারাবত হস্তাভরণ চিত্রক এণীপদ।

রাজিমন্ত যথা,—পুণ্ডরীক রাজিচিত্র অঙ্গুলরাজি বিন্দুরাজি কর্দ্দম তৃণশোষক সর্ষপ শ্বেতহনু দর্ভপুষ্প চক্র গোধূম কিক্কিসাদ।

নির্ব্বিষ সর্প যথা,——গলগোলী শূকপত্র অজগর দিব্যক বর্ষাহিক পুষ্প-শলী জ্যোতিরথ ক্ষীরিক পুষ্পক অহিপাতক অন্ধাহি গৌরাহি বৃক্ষেশয়।

বৈকরঞ্জ——তিন প্রকার বৈকরঞ্জ। বৈকরঞ্জ এবং দর্ব্বীকর প্রভৃতির পরস্পরের সমাগমে উৎপন্ন যথা, মাকুলি পোটগল ও

স্নিগ্ধরাজি। কৃষ্ণসর্প ও গোনসের সমাগমে মাকুলি, রাজিল ও গোনসীর সমাগমে পোটগল, এবং কৃষ্ণ সর্প ও রাজিমন্তের সমাগমে স্নিগ্ধরাজি উৎপন্ন হয়। তাহাদিগের মধ্যে মাকুলি-জাতি পিতৃ-প্রকৃতি প্রাপ্ত হয়, ও অপর দুই জাতি মাতৃ-প্রকৃতি প্রাপ্ত হয়।

তিন প্রকার বৈকরঞ্জ হইতে দিব্যেলক রোধ্রপুষ্প রাজিচিত্র পোটগল পুষ্পাভিকীর্ণ দর্ভপুষ্প বেল্লিতক এই সপ্ত প্রকার সর্প উৎপন্ন হয়, তাহার মধ্যে প্রথম তিন প্রকার রাজিমন্তের ন্যায় ও অবশিষ্ট চারি প্রকার মণ্ডলীর ন্যায়। এই সমুদায়ে অশীতি (৮০) প্রকার সর্প।

সর্প মাত্রেই, চক্ষু জিহ্বা মুখ ও মস্তক বৃহৎ হইলে পুরুষ, ক্ষুদ্র হইলে স্ত্রী ও মধ্যবিধ হইলে নপুংসক হয়। নপুংসকেরা অক্রোধ ও মন্দ-বিষ * বিশিষ্ট।

অতঃপর সকল প্রকার সর্পের দংশনের লক্ষণ সামান্যতঃ বলা যাইতেছে। দংশন মাত্র চিকিৎসা না করিলে, শাণিত-শস্ত্র বজ্র অথবা অগ্নির ন্যায় বিষ কর্তৃক শীঘ্র প্রাণ নাশ হয়। সর্প-দংশনের স্থলে অধিক কথা কহিবার অবকাশ থাকে না।

প্রত্যেক জাতীয় সর্পের দংশনের লক্ষণ বিবেচনা করিতে গেলে সর্প তিন প্রকার। অতএব সেই তিন প্রকারের লক্ষণই বলা যাইতেছে। ইহা রোগীর পক্ষে হিতকর, এবং চিকিৎসার পক্ষেও দংশন-বিষয়ক জ্ঞানের ভ্রম জন্মে না। এই তিন প্রকার সর্প-দংশনের লক্ষণ বলাতে অপরাপর সকল জাতীয় সর্প ইহাদিগেরই অন্তর্গত বলিয়া জানিবে।

দর্ব্বীকরের বিষ-কর্তৃক ত্বক্ চক্ষু নখ দন্ত মূত্র পুরীষ ও দংশ-স্থান কৃষ্ণ বর্ণ হয়, এবং শরীরের রুক্ষতা, মস্তকের ভার, সন্ধি-স্থানে বেদনা, কটী পৃষ্ঠ ও গ্রীবার দুর্ব্বলতা জৃম্ভণ (হাই তোলা,) কম্প, বাক্যের অবসন্নতা, কণ্ঠদেশের ঘূর্ঘরা শব্দ (গলার ঘড়ঘড়ানি), শরীরের

* যে বিষ বিলম্বে সঞ্চারণ করে তাহাকে মন্দ-বিষ বলে।

জড়তা, শুষ্ক উদ্গার কাস শ্বাস হিক্কা, বায়ুর ঊর্দ্ধ গতি, বেদনা, বমনের ইচ্ছা, তৃষ্ণা লালা-স্রাব, ফেণা নিঃসরণ, ইন্দ্রিয়-কার্য্যের অবরোধ এবং অন্যান্য প্রকার বায়ু জন্য যাতনা জন্মে।

মণ্ডলীর বিষ-কর্ত্তৃক ত্বক ও চক্ষু প্রভৃতির পীত-বর্ণতা, শীতল দ্রব্যের অভিলাষ, শরীরের উত্তাপ দাহ তৃষ্ণা মত্ততা মূর্চ্ছা জ্বর, ঊর্দ্ধ ও অধোভাগে শোণিত নিঃসরণ, মাংসের অবসাতন (টানিলে খসিয়া পড়া), দংশ-স্থানে বেদনা, পীত-বর্ণ দর্শন ও কোপন-স্বভাব, এই সকল এবং পিত্ত-জন্য অপরাপর সকল লক্ষণ জন্মে।

রাজিমন্তের বিষ কর্ত্তৃক ত্বক্ ও চক্ষু প্রভৃতির শুক্লতা শীত-জ্বর রোম-হর্ষ শরীরের স্তব্ধ-ভাব ও দংশনের স্থান ফুলিয়া উঠা, গাঢ় কফের স্রাব, বমন, নিরন্তর চক্ষুর কণ্ডু (কুট কুট করা), কণ্ঠ-দেশে ফুলা ও ঘুর্ঘুর শব্দ (ঘড় ঘড় করা) উচ্ছ্বাসের নিরোধ এবং তমো-দৃষ্টি (অন্ধকার দেখা) এই সকল ও কফ-জন্য অপরাপর সকল উপদ্রব ঘটে।

পুরুষ-সর্প দংশন করিলে রোগীর ঊর্দ্ধ দৃষ্টি হয়; স্ত্রী-সর্পে দংশন করিলে অধো দৃষ্টি হয় ও ললাটের শিরা সকল দৃষ্ট হয়, এবং নপুংসক সর্পের দংশনে দৃষ্টি তির্য্যকভাবে স্থির থাকে। গর্ভিণী সর্পিণীর দংশনে মুখ পাণ্ডু বর্ণ হয় ও উদরের আধ্মান জন্মে। নব-প্রসূতা সর্পের দংশনে শূলবেদনা, রক্ত প্রস্রাব, ও উপজিহ্বিকা (আলজিবের রোগ) এই সকল উপসর্গ জন্মে। গ্রাসার্থী (গ্রাস করিতে অভিলাষী বা ক্ষুধার্ত্ত) সর্পের দংশনে রোগীর অন্নে অভিলাষ জন্মে। বৃদ্ধ-সর্পের দংশনে বিষের বেগ মন্দ হয়, বাল-সর্পের দংশনে তীব্র হয়, এবং নির্ব্বিষ সর্পের দংশনে অবিষের লক্ষণ প্রকাশ পায়। কেহ কেহ বলেন যে অন্ধ-সর্পে দংশন করিলে রোগীও অন্ধ হয়। অজগর সর্প গ্রাস করিয়া শরীর ও প্রাণ নাশ করে, বিষের দ্বারা নহে। সদ্য প্রাণ-নাশক যে সকল সর্প, তাহাদিগের দংশনে রোগী শস্ত্র বা বজ্রাহতের ন্যায় শিথিলাঙ্গ ও অচেতন হইয়া ভূমে পতিত হয়।

সকল প্রকার সর্প-বিষের সপ্ত প্রকার বেগ (১)। দর্ব্বীকারের বিষের প্রথম বেগে শোণিত দূষিত হইয়া কৃষ্ণ বর্ণ হয়, এবং দেহে যেন কৃষ্ণ-বর্ণ পিপীলিকা সঞ্চরণ করিতে থাকে। দ্বিতীয় বেগে মাংস দূষিত হইয়া শরীর অতিশয় কৃষ্ণ বর্ণ হয়, এবং শরীরে ফুলা ও গ্রন্থি জন্মে। তৃতীয় বেগে মেদ দূষিত হয়, তৎ কর্ত্তৃক দংশ স্থানে ক্লেদ জন্মে, মস্তক ভার হয়, ঘর্ম্ম নিঃসরণ হইতে থাকে ও দৃষ্টি স্থির হয়। চতুর্থ বেগে বিষ কোষ্ঠ-দেশ প্রবেশ পূর্ব্বক কফজনিত সকল উপদ্রব জন্মায়, তদ্দ্বারা তন্দ্রা, লালা-স্রাব ও সন্ধি-স্থান বিশ্লিষ্ট হয়। পঞ্চম বেগে বিষ অস্থি-মধ্যে প্রবেশ পূর্ব্বক প্রাণ ও অগ্নি দূষিত করে এবং পার্শ্ব-ভেদ দাহ ও হিক্কা জন্মায়। ষষ্ঠ বেগে মজ্জা-মধ্যে প্রবেশ করে ও গ্রহণী অত্যর্থ দূষিত করে, তদ্দ্বারা শরীরের গৌরব অতিসার ও হৃদয়ের পীড়া ও মূর্চ্ছা, এই সকল উপদ্রব জন্মে। সপ্তমে শুক্র-মধ্যে প্রবেশ পূর্ব্বক ব্যান-বায়ুকে অত্যর্থ কুপিত করে, লোমকূপ প্রভৃতি সূক্ষ্ম দ্বার হইতে কফ-স্রাব হয়, কটি পৃষ্ঠ ভঙ্গ হয়, সকল ইন্দ্রিয়-কার্য্যের ব্যাঘাত জন্মে, লালা ও স্বেদ অত্যর্থ নিঃসরণ হয় এবং শ্বাস রোধ হয়।

মণ্ডলীর বিষের প্রথম বেগে শোণিত দূষিত হইয়া অতিশয় শীতল হয়, সর্ব্ব শরীরে দাহ জন্মে ও শরীর পীতবর্ণ হয়। দ্বিতীয় বেগে মাংস দূষিত হইয়া শরীর অতিশয় পীতবর্ণ হয়, অত্যর্থ দাহ হয় ও দংশ-স্থান ফুলিয়া উঠে। তৃতীয় বেগে মেদ দূষিত হয়, এবং তৎ প্রযুক্ত দৃষ্টি স্থির, তৃষ্ণা, দংশ-স্থানে ক্লেদ ও ঘর্ম্ম এই সকল উপদ্রব ঘটে।

---

(১) রস, রক্ত, মাংস, মেদ, অস্থি, মজ্জা, শুক্র এই সাতটী ধাতু। বিষ শরীরে প্রবেশ করিয়া প্রথমতঃ রস-ধাতু দূষিত করে, রস ধাতু সমস্ত দূষিত হইলে রক্ত ধাতু দষিত করে, এইরূপ ক্রমান্বয়ে সপ্ত ধাতু দূষিত করে। এই রূপ এক এক ধাতু দূষিত করাকে বিষের এক একটী বেগ বলে। ক্রমান্বয়ে সাতটী ধাতু দূষিত করা প্রযুক্ত বিষের সাত প্রকার বেগ বলা হইয়াছে।

চতুর্থ বেগে বিষ কোষ্ঠ-দেশে প্রবেশ পূর্ব্বক জ্বর জন্মায়। পঞ্চম বেগে সর্ব্ব শরীরে দাহ জন্মে। ষষ্ঠ ও সপ্তম বেগে পূর্ব্বোক্ত দর্ব্বীকরের ষষ্ঠ ও সপ্তম বেগের ন্যায় লক্ষণ হয়।

রাজিমন্তের বিষের প্রথম বেগে শোণিত দূষিত হয় ও তদ্দ্বারা শরীর পাণ্ডুবর্ণ হয়, ঈষৎ শ্বেত-বর্ণের আভাষও দৃষ্ট হয় এবং রোমাঞ্চ হয়। দ্বিতীয় বেগে মাংস দূষিত হইয়া অতিশয় পাণ্ডু বর্ণ হয়, দেহের জড়তা হয় ও মস্তক ফুলিয়া উঠে। তৃতীয় বেগে মেদ' দূষিত হইয়া দৃষ্টি স্থির হয়, দন্ত ক্লিন্ন হয়, ঘর্ম্ম হইতে থাকে এবং নাসিকা ও চক্ষু হইতে রক্ত নিঃসরণ হয়। চতুর্থ বেগে বিষ কোষ্ঠ-দেশে প্রবেশ করে, তদ্দ্বারা গ্রীবা-সঞ্চালন-শক্তি রহিত হয় ও মস্তক ভার হয়। পঞ্চম বেগে বাক্য রহিত, কম্প ও জ্বর হয়। ষষ্ঠ ও সপ্তম বেগে পূর্ব্বের ন্যায় লক্ষণ হয়।

দেহ-মধ্যে রস রক্ত মাংস মেদ অস্থি মজ্জা শুক্র এই যে সাতটী ধাতু আছে, ইহাদিগের এক একটিকে অতিক্রম করিয়া বিষের এক একটী বেগ জন্মে। বিষ বায়ু-কর্ত্তৃক নীত হইয়া যে সময়ের মধ্যে পূর্ব্বোক্ত কোন একটী ধাতু ভেদ করে সেই সময়কে বেগান্তর বলে। পশুদিগকে সর্পাঘাত হইলে, প্রথম বেগে অঙ্গ স্ফীত হয় এবং তাহারা দুঃখিত মনে চিন্তা করিতে থাকে। দ্বিতীয় বেগে লালাস্রাব হয়, অঙ্গ কৃষ্ণ বর্ণ হয়, ও হৃদয়ে পীড়া জন্মে। তৃতীয় বেগে মস্তকে পীড়া জন্মে, এবং কণ্ঠ ও গ্রীবা-ভঙ্গ হয়। চতুর্থ বেগে তাহারা কাঁপিতে থাকে, নিশ্চেষ্ট হয়, দন্তের দ্বারা দন্ত পেষণ করে ও প্রাণত্যাগ করে। কেহ কেহ বলেন পশুদিগের সর্পাঘাত হইলে তিনটী মাত্র বেগ হয়, এবং তৃতীয় বেগেই ইহাদিগের প্রাণত্যাগ হয়। পক্ষিদিগের সর্পাঘাত হইলে প্রথম বেগে তাহারা চিন্তিত ও নিশ্চেষ্ট হয়, দ্বিতীয়ে বিহ্বল হয়, ও তৃতীয় বেগে প্রাণত্যাগ করে। কেহ কেহ বলেন বিষ-কর্ত্তৃক পক্ষিদিগের একটী মাত্র বেগ জন্মে। প্রথম বেগেই তাহাদিগের

প্রাণ নাশ হয়। বিড়াল ও নকুলের শরীরে বিষ অধিক সঞ্চারিত হয় না।

পঞ্চম অধ্যায়।

সর্পদংশনের চিকিৎসা।

যে প্রকার সর্প হউক হস্তে বা পদে দংশন করিবা মাত্রই প্রথমে দংশস্থানের চারি অঙ্গুলির উপরে বন্ধন করা কর্ত্তব্য। চর্ম্ম-বৃক্ষের অভ্যন্তরস্থ ছাল গ্রথিত করিয়া (পাকাইয়া), তদ্দ্বারা, অথবা অন্য কোন প্রকার কোমল রজ্জু প্রভৃতির দ্বারা বন্ধন করিবে। বন্ধনের দ্বারা বিষ নিবারিত হইলে দেহ-মধ্যে সঞ্চরণ করিতে পারে না। তদনন্তর বন্ধনের নিম্ন দেশ পর্য্যন্ত ছেদন করিয়া দগ্ধ করিবে। চুষিয়া লওয়া ছেদ করা ও দগ্ধ করা সর্ব্বত্রই প্রশস্ত। বস্তি-যন্ত্রের (১) মুখ প্রতিপূরিত করিয়া চূষণ করা হিতকর। অথবা তৎক্ষণাৎ সেই সর্পকে কিম্বা ইষ্টক খণ্ডে দংশন করিলেও উপকার হয়। মণ্ডলীর দংশে দগ্ধ করা কদাচ কর্ত্তব্য নহে, কারণ তাহা পিত্ত-বহুল বিষ, দংশ-স্থানের উষ্ণতা সহকারে তৎক্ষণাৎ দেহ-মধ্যে সঞ্চারিত হয়। মন্ত্রজ্ঞ চিকিৎসকেরা মন্ত্রের দ্বারাও বিষ বন্ধন করে। রজ্জু প্রভৃতির দ্বারা বন্ধন করিলেও বিষের প্রতিকার হয়। সত্য ও তপোময় মন্ত্র-সমূহ দেবতা ব্রহ্মর্ষিগণের বাক্য, তদ্দ্বারা দুস্তর বিষ নিশ্চয়ই শীঘ্র বিনষ্ট হয়।

---

(১) অন্যান্য স্থানে যে রূপ বর্ণিত আছে তাহাতে আর্য্যেরা পিচকারী অথবা শিঙ্গার ন্যায় কোন প্রকার যন্ত্র ব্যবহার করিতেন, তাহাকে বস্তি-যন্ত্র বলিত। বিপরীত দিক অর্থাৎ অধোভাগ হইতে আকর্ষণ করিয়া ঊর্দ্ধ দিকে পূরণ করাকে প্রতিপূরণ বলে। শিঙ্গা বসাইবার ন্যায় বস্তি-যন্ত্রের এক মুখ দংশ স্থানে বিন্যস্ত অপর মুখ হইতে মুখের দ্বারা টানিয়া আকর্ষণ করিলে অধোভাগে দংশ স্থান হইতে রক্ত সমেত বিষ আকৃষ্ট হইয়া বস্তি-যন্ত্র-মধ্যে প্রবিষ্ট হয়।

সত্যব্রহ্ম-তপোময় ও তেজোময় মন্ত্রের দ্বারা বিষ যেমন শীঘ্র বিনষ্ট হয়, ঔষধের দ্বারা সেরূপ হয় না। মন্ত্র গ্রহণ করিতে হইলে স্ত্রী মাংস ও মধু পরিত্যাগ করিতে হয়, জিতাহার পবিত্র ও কুশ-শয্যা-শায়ী হইতে হয়, এবং গন্ধ মাল্য প্রভৃতি উপহার জপ এবং হোমের দ্বারা দেবতাদিগের পূজা করিতে হয়।

বিধি-পূর্ব্বক গৃহীত না হইলে অথবা স্বরবর্ণে হীন হইলে, মন্ত্রের দ্বারা কার্য্য-সিদ্ধি হয় না, অতএব ঔষধ প্রয়োগ করা কর্ত্তব্য। বিষ সঞ্চরণ করিতে আরম্ভ করিলে, হস্ত পাদেই হউক বা ললাটেই হউক, যে স্থানে দংশন করিয়া থাকে, চিকিৎসা-কুশল বৈদ্য তাহার চতুর্দ্দিকস্থ শিরা বিদ্ধ করিবে। রক্ত নিঃসারিত হইলে বিষ অনেক পরিমাণে নির্গত হইয়া যায়, অতএব রক্ত স্রাব করান নিতান্ত কর্ত্তব্য, এইটিই ইহার উৎকৃষ্ট প্রতীকার। তদনন্তর দংশ স্থানের চতুর্দ্দিক্ আচ্ছন্ন করিয়া অগদের (২) প্রলেপ দিবে, এবং ঘৃষ্ট চন্দন ও বেণামূল মিশ্রিত জল তাহাতে নিয়ত পরিসেচন করিবে। সর্পের জাতি অনুসারে অগদ পান করাইবে। দুগ্ধ মধু ও ঘৃত প্রভৃতি দ্রব্য অগদের অনুপান। এ সকল দ্রব্যের অভাবে কৃষ্ণ-বর্ণ বল্মীক মৃত্তিকাও অনুপানে ব্যবহৃত হইতে পারে। অথবা কাঞ্চন-বৃক্ষ শিরীষ আকন্দ কিম্বা নফট্‌কি, এই গুলিও অগদের অনুপান হইতে পারে। তৈল কুলথ-কলাই মদ্য বা কাঞ্জী পান করিবে না। অন্য যে কোন দ্রব্য অতি অল্প পরিমাণে পুনঃ পুনঃ পান করিয়া পুনঃ পুনঃ বমন করিবে। বমনের দ্বারা বিষ সহজে নির্গত হয়। ফণা-বিশিষ্ট সর্পের প্রথম বিষ-বেগে রক্ত মোক্ষণ করিবে। দ্বিতীয় বেগে মধু ও ঘৃত সহযোগে অগদ পান করাইবে। তৃতীয় বেগে বিষ-নাশক নস্য ও অঞ্জন প্রয়োগ করিবে। চতুর্থ বেগে বমন করাইয়া ঘৃত-মধু সংযোগে যবের মণ্ড পান করাইবে। পঞ্চম ও ষষ্ঠ বেগে প্রথমত বমন বিরেচন

(২) অগদ পরে বলা যাইতেছে।

প্রয়োগ করিয়া পরে তীক্ষ্ণ শোধনী দ্রব্য প্রদান করিবে। সপ্তম বেগে তীক্ষ্ণ শিরোবিরেচনের নস্য দিবে, তীক্ষ্ণ অঞ্জন প্রয়োগ করিবে, এবং মূর্দ্ধ দেশে কাকপদ (দ্বিতীয় অধ্যায় দেখ) আকারে মস্তক মুণ্ডিত করিবে, অথবা সেই স্থানের সরক্ত মাংস তুলিয়া লইবে।

মণ্ডলীর বিষের প্রথম বেগে রক্ত মোক্ষণ করিবে, দ্বিতীয় বেগে ঘৃত মধু সহযোগে অগদ পান করাইবে। তদনন্তর বমন করাইয়া ঘৃত-মধু সহযোগে যবের মণ্ড পান করাইবে। তৃতীয় বেগে তীক্ষ্ণ বমন বিরেচনের দ্বারা শরীর শোধন করিয়া পূর্ব্বোক্ত প্রকার যবের মণ্ড পান করাইবে। চতুর্থ ও পঞ্চম বেগে শীতল প্রক্রিয়া করিবে। ষষ্ঠে কাকোল্যাদি-গণ মধুরগণ (সূত্রস্থান গণবর্ণনা দেখ) ও দুগ্ধ হিতকর। সপ্তমে বিষ-নাশক অগদের নস্য হিতকর।

রাজিমন্তের প্রথম বেগে শোণিত নিঃসারণ করিবে, এবং ঘৃত-মধু সংযোগে অগদ পান করাইবে। দ্বিতীয় বেগে বমন করাইয়া পুনর্ব্বার অগদ পান করাইবে। তৃতীয় বেগে বিষ-নাশক নস্য ও অঞ্জন প্রয়োগ করিবে। চতুর্থে বমন করাইয়া ঘৃত-মধু সংযোগে যবের মণ্ড পান করাইবে। পঞ্চমে শীতল প্রক্রিয়া করিবে। ষষ্ঠে অতিশয় তীক্ষ্ণ অঞ্জন, এবং সপ্তমে নস্য, প্রয়োগ করিবে।

গর্ভিণী বালক ও বৃদ্ধ ইহাদিগের শিরা বিদ্ধ না করিয়া মৃদু প্রতীকার করিবে। ছাগ বা গর্দ্দভ সর্পাহত হইলে মনুষ্যের ন্যায় তাহাদিগেরও রক্ত মোক্ষণ করাইবে। ঔষধের যেরূপ পরিমাণ বলা যাইতেছে, গো ও অশ্বের পক্ষে তাহার দ্বিগুণ, মহিষ ও উষ্ট্রের পক্ষে তিন গুণ, এবং হস্তির পক্ষে চতুর্গুণ। পক্ষি-দিগের পক্ষে কেবল শীতল পরিসেচন ও শীতল প্রলেপ বিধেয়। অঞ্জনের পক্ষে এক মাষা, নস্যে দুই মাষা, পানে চারি মাষা এবং বমনে আট মাষা, পরিমাণে ঔষধ ব্যবহার করা কর্ত্তব্য। দেশ, রোগীর প্রকৃতি, অভ্যাস, ঋতু, বিষের বেগ, রোগীর বলাবল, বিষের আনু-পূর্ব্বিক বেগ ও তাহার

শাস্ত্রোক্ত প্রক্রিয়া, বিবেচনা পূর্ব্বক এই সকল গুলি নির্ণয় করিয়া চিকিৎসা করিবে। রোগীর অবস্থা বিশেষে যে যে প্রকার প্রতীকার করা কর্ত্তব্য তাহা বলা যাইতেছে, এই সকল প্রক্রিয়া স্থাবর ও জঙ্গম উভয় বিষের পক্ষেই প্রয়োগ করা যাইতে পারে। বিষ-কর্ত্তৃক শরীর বিবর্ণ কঠিন ফুলা ও বেদনা বিশিষ্ট হইলে, পূর্ব্বোক্ত বিধি অনুসারে শীঘ্র রক্ত স্রাব করান কর্ত্তব্য। বিষার্ত্ত রোগী, ক্ষুধার্ত্ত বা বিষ-জন্য বায়ু-প্রকৃতি বিশিষ্ট হইলে, বিবেচনা পূর্ব্বক তাহাকে দধি তক্র ঘৃত মধু কিম্বা মাংসরস প্রদান করিবে। রোগীর পিত্ত-জন্য তৃষ্ণা দাহ ঘর্ম্ম ও অজ্ঞানতা ঘটিলে, সংবাহন স্নান ও শীতল প্রসেক সহ্য করিতে পারে না, সুতরাং সেই সকল রোগীকে, এবং মূর্চ্ছিত ও মত্ত রোগীকে তীক্ষ্ণ ঔষধের দ্বারা বমন করাইবে। রোগীর পিত্ত-জন্য মল ও বায়ু রুদ্ধ হইয়া কোষ্ঠ-দাহ বেদনা আধ্মান ও মূত্র-রোধ, এই সকল উপদ্রব ঘটিলে, বিরেচন করাইবে। চক্ষু-মধ্যে ফুলিয়া উঠিলে, বিবর্ণ বা আবিল হইলে (ঘোলা পড়িলে), অথবা বিবর্ণ দেখিলে, অঞ্জন ব্যবহার কর্ত্তব্য। মস্তকের যাতনা, শরীরের গৌরব ও আলস্য হনুস্তম্ভ (চুয়াল ধরা) গলগ্রহ (গলে বেদনা) এবং অতিশয় মন্যাস্তম্ভ (ঘাড় না ফেরা) এই সকল উপদ্রব ঘটিলে শিরো-বিরেচন (নস্য) প্রয়োগ করিবে। চক্ষু উন্মীলিত করিয়া (চাহিয়া) থাকিলে, জ্ঞান শূন্য বা গ্রীবা ভগ্ন হইলে, বিরেচন-চূর্ণ গল-মধ্যে নলের দ্বারা সঞ্চালিত করিবে, হস্ত পদ ও ললাটের শিরা সকল তাড়িত করিবে [বিদ্ধ করণ পূর্ব্বক চুঁচিয়া রক্ত নির্গত করিবে], তাহাতে রক্ত স্রাব না হইলে মূর্দ্ধি দেশে কাক-পদ আকারে ক্ষত করিয়া রক্ত স্রাব করাইবে, অথবা সেই স্থানের সরক্ত মাংস ও চর্ম্ম তুলিয়া ফেলিবে। অথবা চর্ম্ম বৃক্ষের কাথ বা চূর্ণ অগদ সহযোগে দুন্দুভিতে [বাদ্য বিশেষ] লেপন করিয়া রোগীর পার্শ্বে বাদন করিবে। জ্ঞান হইলে পর পুনর্ব্বার বমন বিরেচন ও নস্যের দ্বারা ইহার উর্দ্ধ অধো ভাগ সংশোধন করিবে।

বিষ নিঃশেষে দেহ হইতে নির্গত করান কর্ত্তব্য। অল্প অবশিষ্ট থাকিলেও পুনর্ব্বার ইহার বেগ জন্মে। অথবা শরীরের অবসন্নতা বিবর্ণতা জ্বর কাস শিরো-রোগ ফুলা শোষ প্রতিশ্যায় তিমির-রোগ (চক্ষু রোগ যাহাতে দৃষ্টি নাশ হয়) অরুচি পীনস, এই সকল রোগ জন্মায়। ইহাদিগের মধ্যে কোন একটী রোগ জন্মিলে যে রূপ রোগ তদনুসারে প্রতীকার করিতে হইবে। বিষের প্রকৃতি ও রোগীর যেরূপ উপদ্রব, তদনুসারে চিকিৎসা করিবে। তদনন্তর বন্ধন মোচন করিয়া শীঘ্র দংশ-স্থান আচ্ছাদিত করিয়া প্রলেপ দিবে। দংশ স্থানে শুষ্ক বিষ থাকিলে পুনর্ব্বার তাহাতে বেগ জন্মে। এই রূপে চিকিৎসা মন্ত্র ও ঔষধের দ্বারা বিষের তেজ নষ্ট হইলেও যদি কোন দোষ কুপিত [illegible] প্রভৃতি বায়ু-শান্তিকর ঔষধের দ্বারা বায়ুব শান্তি করিবে, পিত্ত জ্বর-নাশক ক্বাথ দ্বারা ও স্নেহ বিরেচনের দ্বারা পিত্তের শান্তি করিবে, এবং এবং মধু সহকারে আরগ্বাদির ক্বাথ-দ্বারা (১), শ্লেষ্মা নাশক অগদের দ্বারা, ও তিক্ত রুক্ষ ভোজনের দ্বারা, কফের শান্তি করিবে। বৃক্ষ হইতে পতন কিম্বা বিপরীত ভাবে পতনের দ্বারা অথবা জলমগ্নের দ্বারা জ্ঞান-শূন্য হইলে, পূর্ব্বোক্ত রূপে বিষ-জন্য অজ্ঞান হইলে যে রূপ চিকিৎসা করিতে হয় সেই রূপে চিকিৎসা করিবে।

গাঢ়তর বন্ধন করিলে এবং তীক্ষ্ণ লেপের দ্বারা প্রলেপ দিলেও যদি বিষের দ্বারা শরীর স্ফীত হয় এবং ক্লিন্ন ও দুর্গন্ধ বিশিষ্ট হয়, তাহা হইলে বিষ কর্ত্তৃক মাংস বিদ্ধ ও দুর্গন্ধ বিশিষ্ট হইয়াছে (পচিয়াছে) বলিয়া জানিবে। তৎকালে বিদ্ধ করিলে কৃষ্ণ-বর্ণ রক্ত নিঃসরণ হয়, সর্ব্বদা জ্বালা করে ও পাকিয়া উঠে, ক্ষত স্থান হইতে কৃষ্ণবর্ণ ক্লিন্ন শীর্ণ দুর্গন্ধ বিশিষ্ট মাংস অজস্র নিঃসৃত হয়, এবং তৃষ্ণা মূর্চ্ছা ভ্রান্তি দাহ ও জ্বর এই সকল উপদ্রব ঘটে, এই প্রকার রোগীকে দিগ্ধ-বিদ্ধ

(১) সূত্র স্থান গণবর্ণনা।

(আলেপনের দ্বারা যাহার শরীরে বিষ প্রবিষ্ট হয়) বলা যায়। এই সকল প্রকার লক্ষণ হইয়া বিষের আতিশয্য প্রযুক্ত ব্রণ জন্মিলে অথবা মাকড়সা কর্ত্তৃক দংশিত হইয়া, কিম্বা আলেপনের দ্বারা শরীরে বিষ প্রবিষ্ট হইয়া, পূতি-মাংস বিশিষ্ট ব্রণ জন্মিলে, সেই সকল ব্রণ হইতে পূতি-মাংস নির্গত করিয়া জলৌকার দ্বারা রক্তমোক্ষণ করাইবে, এবং বমন বিরেচনের দ্বারা দেহের ঊর্দ্ধ ও অধোভাগস্থ সকল দোষ সংশোধিত করিয়া, সেই সকল ব্রণে ক্ষীরী (আকন্দ) বৃক্ষের ত্বকের ক্বাথ সেচন করিবে। তদনন্তর সেই সকল ব্রণের মধ্যে বস্ত্র-খণ্ড পূরিত করিয়া তাহার উপরি শীতল ঘৃতাক্ত বিষ-নাশক প্রলেপ প্রয়োগ করিবে। দূষিত অস্থি শরীরে প্রবিষ্ট হইলে, পিত্ত-জন্য বিষে প্রথমতঃ যে রূপ প্রতীকার করা যায় সেই রূপ প্রতীকার প্রথমতঃ কর্ত্তব্য। তদনন্তর নিম্ন লিখিত অগদ সেবন করাইবে।

তেউড়ী গুলঞ্চ যষ্টি-মধু রক্তা (কুঁচের মূল) লবণ-বর্গ শুণ্ঠী পিপ্পলী মরিচ, এই গুলি উত্তম রূপে চূর্ণ করিয়া ও মধুর সহিত মিশ্রিত করিয়া গো-শৃঙ্গের মধ্যে রাখিবে, এই অগদ পানে অঞ্জনে অভ্যঙ্গে ও নস্যে ব্যবহার করিলে বিষ নষ্ট হয়, ইহার নাম মহাগদ। ইহার অপ্রতিহত বীর্য্য ও ইহাতে বিষের বেগ নষ্ট করে।

বিড়ঙ্গ পাঠা (নিমুখা লতা) ত্রিফলা যমানী হিঙ্গু, তগরপুষ্প, ত্রিকটু এই সকল দ্রব্যের চূর্ণ সৈন্ধব লবণ ও চিতে সহযোগে মধুর সহিত মিশ্রিত করিবে। অনন্তর গোরুর শৃঙ্গ-মধ্যে রাখিয়া শৃঙ্গময় আচ্ছাদনীর দ্বারা ছাদিত করিয়া রাখিবে। পরে এক পক্ষ কাল উত্তীর্ণ হইলে ব্যবহার করিবে। ইহাকে অজিত নামক অগদ বলে। ইহার দ্বারা স্থাবর ও জঙ্গম উভয় প্রকার বিষ নষ্ট হয়।

পুণ্ডরিয়া বৃক্ষ, দেবদারু মুথা শৈলজ কটুকী গেঁঠেলা গন্ধ-তৃণ পদ্ম-কাষ্ঠ নাগ-কেশর তালীশ সুবর্চ্চিকা (জতুকা*) শোণা-বৃক্ষ এলা-

* "জতুকা" মালব দেশে এই নামে খ্যাত লতা।

ইচ অসিত-সিন্ধুবার (কাল নিসিন্দা) শৈলেয় কুষ্ঠ তগর-পাদুকা প্রিয়ঙ্গু লোধ বালা কাঞ্চন (কাঞ্চন বৃক্ষ) গৈরিক (পীত বর্ণ গিরি-মৃত্তিকা) পিপ্পলী চন্দন ও সৈন্ধব, ইহাদিগের সূক্ষ্ম চূর্ণ সম ভাগে লইয়া মধুর সহিত মিশ্রণ পূর্ব্বক গো-শৃঙ্গ মধ্যে রাখিবে। ইহা তার্ক্ষ্য নামক অগদ। ইহার দ্বারা তক্ষকের বিষও নষ্ট হয়।

জটামাংসী লতা রেণুক ত্রিফলা সুরঙ্গী (নিসিন্দা) রক্তা (কুঁচের মূল) লতা-যষ্টি (মঞ্জিষ্ঠা) পদ্মক (পদ্মকাষ্ঠ) বিড়ঙ্গ তালিশ সুগন্ধ (এলবালুক) এলাইচ কুষ্ঠ পত্র (তেজ পত্র) রক্তচন্দন ভার্গী (বামন হাটী) পাঠা (নিমুখ-লতা) পটোল অপামার্গ মৃগাদনী (পীত দণ্ডোৎপল) (কর্কটী কর্কট-বীজ) কৃষ্ণবর্ণ তেউড়ী, অশোক গুবাক সুরসী-ফুল ভেলার ফুল এই সকলের চূর্ণ স্বর্ণ-মাক্ষী এবং বরাহ গোধা ময়ূর শল্লক বিড়াল হরিণ ও নকুলের পিত্ত, সমস্ত একত্র করিয়া গো-শৃঙ্গ মধ্যে স্থাপন করিবে। ঋষভ নামক এই অগদ যে পুণ্যবান মহাত্মার গৃহে থাকে, সে গৃহে কোন প্রকার সর্পই বিষ ত্যাগ করে না, কীটের ত কথাই নাই। এই অগদ পটহ (ঢাক) বা ভেরীতে লেপন করিয়া বাদন করিলে বিষ নষ্ট হয়। পতাকাতে লেপন করিয়া দর্শন করাইলে বিষ কর্ত্তৃক অভিভূত রোগী নির্ব্বিষ হয়।

লাক্ষা রেণুক বেনামূল প্রিয়ঙ্গ শিগ্রু (সজনা বৃক্ষ) মধুশিগ্রু (রক্ত সজিনা) যষ্টি মধু এলাইচ, এই সকল চূর্ণ সমভাগে হরিদ্রার সহিত মিশ্রিত করিয়া ঘৃত মধু সহযোগে পূর্ব্বের ন্যায় গো শৃঙ্গের মধ্যে স্থাপন করিবে। ইহাকে সঞ্জীবনী নামক অগদ বলে। পানে নস্য ও অঞ্জনে ইহা প্রয়োগ করিলে মৃত-কল্প রোগীও আরোগ্য হয়।

শ্লেষ্মাতক (চালতা) কটফল মাতুলুঙ্গ শ্বেতা (অপরাজিতা) গিরিহ্বা (গিরি মৃত্তিকা), কিণিহী (অপামার্গ) শর্করা, এই সকল দ্রব্য নটে-শাকের সংযোগে সেবনে দর্ব্বীকর ও রাজিমন্তের বিষ নষ্ট হয়। ইহাকে মৃথ্য নামক অগদ বলে।

দ্রাক্ষা রাস্না গিরি মৃত্তিকা সমঙ্গা (মঞ্জিষ্ঠা) ইহারা প্রত্যেকে সমভাগ, কপিত্থ বিল্ব দাড়িম ও সুরসা-পত্র ইহাদিগের প্রত্যেকের দুই ভাগ, এবং অসিত-সিন্ধুবার অস্ফোটের মূল ও মনঃশিলা প্রত্যেকে অর্দ্ধ ভাগ, এই অগদ মধু-সহযোগে প্রয়োগ করিলে মণ্ডলীর বিষ বিশেষ রূপে নষ্ট হয়। বংশ-ত্বক (বাঁশের গায়ের নীল) আর্দ্রা আমলক কপিত্থ ত্রিকটু শুক্ল-বচ কুষ্ঠ করঞ্জ-বীজ তগর শিরীষ-পুষ্প গোরোচনা ও কৈটর্য্য (নফট্‌কী), এই অগদ, লেপ অঞ্জন ও নস্যে ব্যবহার করিলে মাকড়সা উন্দুর এবং সর্পের ও অন্যান্য কীটের বিষ নষ্ট হয়। বর্ত্তী অঞ্জন ও নাভিলেপের দ্বারা ইহা প্রয়োগ করিলে পুরীষ মূত্র বায়ু ও গর্ভ-রোধ নাশ হয়। শিরীষ-পুষ্পের অঞ্জন ও নস্যের দ্বারা চর্ম্ম-কোথ রোগের ও পটোল রোগের (চক্ষু-রোগ বিশেষ) শান্তি হয়। মূল পুষ্প অঙ্কুর বল্কল ও বীজ এই সর্ব্ব সমেত শিরীষ বৃক্ষের কাথ ত্রিকটু-চূর্ণ সহযোগে গাঢ় করিয়া সেবন করিলে বিষের বিশেষতঃ কীট-বিষের শান্তি হয়।

কুষ্ঠ ত্রিকটু দারু হরিদ্রা মধুক (মৌল) লবণদ্বয় (সৈন্ধব ও সামুদ্র) মালতী নাগ-পুষ্প এবং মধুর বর্গের অন্তর্গত সকল দ্রব্য (সূত্র-স্থান গণবর্ণনা।) এই সকল দ্রব্য কপিত্থ-রস শর্করা ও মধু সহযোগে প্রয়োগ করিলে মূষিকার বিষ বিশেষ রূপে নষ্ট হয়।

সোমরাজের ফল ও পুষ্প কটভী (নফট্‌কী) নির্গুণ্ডী বৃক্ষ চোরক (পিড়িংশাক) বরুণ-বৃক্ষ, কুষ্ঠ, সর্ব্বগন্ধা (চতুর্জ্জাতক *) চামকষা, শিরীষ পুষ্প, আরগ্বধের (সোঁদালের) পুষ্প, অর্ক-পুষ্প প্রিয়ঙ্গু পাঠা

* "চতুর্জ্জাতক" চতুর্জ্জাতক দুই মত আছে। ককেকাল লবঙ্গ অগুরু ও শিহ্লক, এবং গুড়ত্বক এলাইচ তেজপত্র নাগকেশর। শেষোক্ত রাজনির্ঘণ্টের মতটিই প্রশস্ত।

দর্ব্বীকর—যে সকল সর্পের ফনা আছে।

মণ্ডলী—যাহাদিগের শরীরে মণ্ডলাকার দাগ আছে, ইহাকে বোড়া জাতি বলে।

রাজিমন্ত—যাহাদিগের শরীরে বিচিত্রবর্ণ আছে। যথা লাউডগা, কালনাগিনী।

(নিমুখা লতা), বিড়ঙ্গ আম্র অশ্মন্তক (অম্লকুচা) ভূমি-কুরুবক, এই সকল গুলিরই এক রস। ইহাদিগের মধ্যে কোন একটী দুইটী কিম্বা ততোধিক দ্রব্য একত্র করিয়া সেবন করিলে বিষের শান্তি হয়।

ষষ্ঠ অধ্যায়।

মূষিক-কল্প।

পূর্ব্বে বলা হইয়াছে যে মূষিকদিগের শুক্রে বিষ। নাম লক্ষণ ও চিকিৎসা ভেদে তাহারা অষ্টাদশ প্রকার। তাহাদিগের নাম যথা লালন, পুত্রক, কৃষ্ণ, হংসির, চিক্কির, ছুছুন্দর, অলস, কষায়-দশন, কুলিঙ্গ, অজিত, চপল, কপিল, কোকিল, অরুণ, মহাকৃষ্ণ, শ্বেত, মহা-কপিল কপোত-বর্ণ। ইহাদিগের শুক্র শরীরে সংলগ্ন হইলে অথবা ইহারা শুক্র-সংস্পৃষ্ট নখ দন্তাদির দ্বারা শরীরে আঘাত করিলে রক্ত দূষিত হইয়া শরীরে গ্রন্থি শোফ মণ্ডল সমূহ অথবা পীড়কা-যুক্ত মণ্ডল-সমূহ (কেবল চাকা চাকা দাগ অথবা ছোট ছোট ফুরকুনি বা দাড়-যুক্ত চাকা চাকা দাগ) জন্মে, এবং উগ্র পীড়কা (অতিশয় যাতনা-দায়ী ব্রণ), বিসর্প (দক্রুর ন্যায় রোগ) সন্ধি স্থানে যাতনা, তীব্র বেদনা, জ্বর মূর্চ্ছা দৌর্ব্বল্য অরুচি শ্বাস বমনেচ্ছা ও লোমহর্ষণ এই সকল উপদ্রব ঘটে। মূষিকের দংশনের এই সকল লক্ষণ সংক্ষেপে বলা হইল, এক্ষণে বিস্তার পূর্ব্বক বলা যাইতেছে।

লালনের বিষে লালা স্রাব হিক্কা ও বমন হয়। তাহাতে নটে শাকের কল্ক মধু সংযোগে সেবন করিবে। পুত্রকের বিষ-কর্ত্তৃক শরীর অবসন্ন ও পাণ্ডু-বর্ণ হয় এবং অঙ্গে মূষিক সাবকের সদৃশ গ্রন্থি জন্মে। ইহাতে শিরীষ ও ইঙ্গুদির কল্ক (১) মধু সহযোগে লেহন করিবে। কৃষ্ণ-মূষিকের বিষ-কর্ত্তৃক স্বভাবতঃ, বিশেষতঃ

(১) শিলে বাটা দ্রব্যকে কল্ক বলে।

মেঘাচ্ছন্ন দিনে রক্ত বমন হয়। ইহাতে শিরীষ ফলের ও কুষ্ঠের (কুড়ের) রস কিংশুক ভস্মের সহযোগে পান করিবে। হংসির মূষিকের বিষে অন্নে অরুচি জৃম্ভণ এবং লোমাঞ্চ ও দন্ত-হর্ষণ হয়। ইহাতে রোগীকে প্রথমতঃ বমন করাইয়া আরগ্বধাদিগণের (সূত্র স্থান গণবর্ণনা)* ক্কাথ পান করাইবে। চিক্কিরের বিষকর্ত্তৃক মাথার যাতনা শোফ হিক্কা ও বমী এই সকল উপদ্রব জন্মে। ইহাতে পূর্ব্বের ন্যায় চিকিৎসা করিবে, অধিকন্তু জালিনী (ঝিঙ্গে) মদন (ময়না ফল) ও অঙ্কোটের ক্কাথ পান করাইয়া বমন করাইবে। ছুছুন্দরের বিষে মল-ভঙ্গ ও গ্রীবা স্তম্ভিত হয়, ও সর্ব্বদা হাই উঠে। ইহাতে যবক্ষার, এবং গোরক্ষ ও বৃহতীর ক্ষার সেবন করাইবে। অলসের বিষ কর্ত্তৃক গ্রীবা স্তব্ধ, বায়ুর উর্দ্ধগতি, দংশ স্থানে বেদনা, এবং জ্বর হয়। ইহাতে ঘৃত-মধু সহযোগে মহাগদ লেহন করিবে। কষায়-দন্তের বিষ-কর্ত্তৃক নিদ্রা হয়, হৃদয় শুষ্ক হয়, এবং শরীর কৃশ হয়। ইহাতে শিরীষ বৃক্ষের সার ফল ও ত্বক, মধু সহযোগে লেহন করিবে। কুলিঙ্গের বিষ-কর্ত্তৃক দংশ-স্থানে বেদনা ফুলা ও দীর্ঘ রেখা জন্মে। মুগানি মাসানি, এবং শ্বেত ও কৃষ্ণ সিন্ধুবার (নিসিন্দে), মধু সহযোগে লেহন করিবে। অজিতের বিষ-কর্ত্তৃক বমী মূর্চ্ছা ও হৃদ্‌গ্রহ (হৃদয়ে বেদনা) জন্মে, এবং চক্ষু কৃষ্ণ বর্ণ হয়। ইহাতে মনসা আঠার সহিত কৃষ্ণ বর্ণ তেউড়ি পিষিয়া মধু সংযোগে লেহন করিবে। চপলের বিষ-কর্ত্তৃক বমী মূর্চ্ছা ও তৃষ্ণা জন্মে। ইহাতে দেবদারু ও ত্রিফলা-মূলের সহিত মধু সংযুক্ত ত্রিফলা লেহন করিবে। কপিলের বিষ কর্ত্তৃক দংশ স্থান ক্ষত হয়, জ্বর হয় ও শরীরে গ্রন্থি জন্মে।

---

* আরগ্বধাদিগণ। সোঁদালি, ময়না ফল, সেয়াকুল, কুড়চী, নিমুক লতা, কণ্টকী গোক্ষুরী পারুল মূর্ব্বালতা ইন্দ্রযব ছাতিম পীত-ঝাঁটী, নীল ঝাটী, গুলঞ্চ, চিতা, মহাকরঞ্জ ডরকরঞ্জ পটোল, চিরেতা এবং কৃষ্ণ জিরে। ইহাদিগকে আরগ্বধাদিগণ কহে।

ইহাতে ত্রিফলা অপরাজিতা ও পুনর্নবা মধু সহযোগে লেহন করিবে। কোকিলের বিষ কর্ত্তৃক শরীরে উগ্র গ্রন্থি জন্মে এবং অতিশয় জ্বর ও দাহ হয়। ইহাতে ভেক ও নীল-বৃক্ষের ক্বাথে ঘৃত পাক করিয়া পান করিবে। অরুণের বিষে বায়ু কুপিত হইয়া বায়ু-জন্য, মহাকৃষ্ণের বিষ-কর্ত্তৃক পিত্ত-জন্য, শ্বেতের বিষ-কর্ত্তৃক কফ-জন্য, মহা কপিলের বিষ-কর্ত্তৃক শোণিতজন্য এবং কপোত বিষ-কর্ত্তৃক এই চারি দোষ জন্যই, বিবিধ প্রকার পীড়া জন্মে, দংশ-স্থানে মণ্ডলাকার গ্রন্থি জন্মে, তাহা কঠিন হইয়া ফুলিয়া উঠে ও তাহাতে উগ্র পীডকা সকল জন্মে। ইহার ঔষধ,—দধি দুগ্ধ ও ঘৃত প্রত্যেকে দুই সের লইবে, পরে করঞ্জ আরগ্বধ(সোঁদাল) ত্রিকটু বৃহতী অংশুমতী (শালপানী) ও শালপানী * এই গুলির ক্বাথ প্রস্তুত করিবে। তেউড়ী তিল গুলঞ্চ চক্র মৃত্তিকা-যুক্ত সর্পগন্ধা (গুগ্‌গুল) কপিত্থ ও দাড়িমের ত্বক্, এই সকল পেষণ করিয়া, পূর্ব্বোক্ত ক্বাথের চতুর্থাংশ থাকিতে সকল একত্র করিয়া মৃদু অগ্নিতে পাক করিলে। ইহতে অরুণ প্রভৃতি শেষ পঞ্চ প্রকার মূষিক বিষের শান্তি হয়। কাকাদনী অথবা কাকমাচী (গুড়কামাই) এই উভয়ের কোন একটীকে তাহার আপন রূস পেষণ করিয়া সেবন করা সকল প্রকার মূষিক বিষের পক্ষেই প্রশস্ত। মূষিক বিষে দংশ-স্থান দগ্ধ করিয়া রক্ত স্রাব করাইবে, ও পরে শিরীষ হরিদ্রা কুষ্ঠ কুঙ্কুম ও গুলঞ্চ একত্র করিয়া প্রলেপ দিবে। কোশাতকী গেঁঠেলা ও আস্ফোটের ক্বাথ পান করিয়া বমন করিবে। গেঁঠেলা এবং কোষ-বতীর মূল, মদন ফল ও দেবদালী ফল (দেবতাড় বা ঘাঘর বেল) দধির সহিত পান করাইয়া বমন করাইবে। বচ দেবদালী ও গোমূত্রপিষ্ট-কুষ্ঠ পূর্ব্বের ন্যায় দধির সহিত সেবন করাইয়া বমন করাইবে। ত্রিবৃৎ দন্তী ও ত্রিফলার কল্‌ক বিরেচনার্থ প্রয়োগ করিবে। শিরো-বিরেচনে

* কোন ঔষধে এক দ্রব্য দুইবার বলা হইলে সেই দ্রব্যের দুই ভাগ লইতে হইবে।

শিরীষের কাষ্ঠ ও ফল ব্যবহার করিবে। ত্রিকটু প্রভৃতি ও গোময়-রস অঞ্জনে ব্যবহার করিবে। কপিত্থ ও গোময়-রস মধু সহযোগে লেহন করিবে। অথবা রসাঞ্জন হরিদ্রা ইন্দ্রযব ও কটকী মধু-সংযোগে লেহন করিবে। অথবা অতিবিষার ক্বাথ মধু-সংযোগে প্রাতঃকালে লেহন করিবে। তণ্ডুলীযকের (নটের শাকের) মূল সহ ঘৃত পাক করিয়া পান করিবে। অর্ক মূলের কাথ অথবা কপিথের মূল ত্বক্ অঙ্কুর পুষ্প বীজ ইহাদিগের ক্বাথ বা কল্‌ক সেবন করিবে। মূষিকের বিষ নির্গত হইলেও মেঘাচ্ছন্ন কালে প্রায় কূপিত হয়, তাহাতে দূষী বিষের ন্যায় প্রতীকার কর্ত্তব্য। মূষিক-বিষ-কর্ত্তৃক ব্রণ হইলে তাহাতে যাতনা থাকুক বা না থাকুক, ব্রণ-রোগের ন্যায় তাহার চিকিৎসা করিবে।

শৃগাল কুক্কুর তরক্ষু ভল্লুক ব্যাঘ্র প্রভৃতির সংজ্ঞা-বাহিনী ধমনীর অন্তর্গত বায়ু যৎকালে শ্লেষ্মা কর্ত্তৃক দূষিত হয়, তৎকালে তাহাদিগের জ্ঞান থাকে না ও লালা শ্রাব হইতে থাকে, এবং অত্যর্থ বধির ও অন্ধ হইয়া পরস্পরের প্রতি ধাবিত হয়। সেই উন্মত্ত অবস্থায় তাহারা দন্তের দ্বারা দংশন করিলে, দংশ-স্থান স্পন্দ হীন ও তাহা হইতে কৃষ্ণ বর্ণ শোণিত শ্রাব হয়; এবং দিগ্ধ-বিদ্ধ অর্থাৎ লেপনের দ্বারা বিষ প্রবেশ করিলে যে রূপ তৃষ্ণা মূর্চ্ছা ভ্রান্তি দাহ জ্বর প্রভৃতি উপদ্রব জন্মে, ইহাতেও সেই সকল উপদ্রব ঘটে। যে পশু কর্ত্তৃক দষ্ট হয়, তাহার ন্যায়ই রোগীর কার্য্য-প্রবৃত্তি ও স্বর হয়। এমত স্থলে বহুবিধ প্রতীকার করিয়াও রোগী রক্ষা পায় না। যে প্রকার পশু কর্ত্তৃক দষ্ট হয়, জলে বা আদর্শে যদি সেই রূপ পশু দেখে, তবে সেইটী অতিশয় দুর্লক্ষণ বলা যায়। জল দেখিয়া অথবা জলের নাম মাত্র শুনিয়া যে রোগী অকস্মাৎ ত্রাসিত হয়, তাহাকে জল-ত্রাস বলা যায়। এইটীও অতি দুর্লক্ষণ। পূর্ব্বোক্ত উন্মত্ত পশুর দ্বারা দষ্ট না হইয়াও যদি জল-ত্রাস জন্মে, সে রোগী কদাচ রক্ষা পায় না, কিম্বা

সুস্থ অবস্থায় নিদ্রিত বা জাগ্রত হইয়াই সহসা জলত্রাস জন্মিলেও রোগী রক্ষা পায় না।

পূর্ব্বোক্ত ক্ষিপ্ত পশু কর্তৃক দষ্ট হইলে রক্তস্রাব করাইয়া দংশ-স্থান ঘৃত যোগে দগ্ধ করিবে। পরে সেই স্থানে অগদ লেপন, ও গব্য ঘৃত অথবা পুরাতন ঘৃত পান করাইবে। অর্ক-ক্ষীর-যোগে (আকন্দ আটার সহিত) শিরোবিরেচন প্রয়োগ করিবে। অপরাজিতা ও পুনর্ণবা ধুস্তূর (ধুতরা) সংযোগে সেবন করাইবে। মাংস তিল তৈল রূপিকার (শ্বেত আকন্দের) দুগ্ধ ও গুড় একত্র সেবন করাইবে। ইহাতে ক্ষিপ্ত কুক্কুরের বিষ নষ্ট করে।

শরপুঙ্খের (শর-কাণ্ড বা শর-গাছ) মূল দুই তোলা, ধুস্তূর মূল এক তোলা, তণ্ডুলের সহিত তণ্ডুলোদকে পেষণ করিয়া ধুস্তূর পত্রে চারিদিক আবৃত করণ পূর্ব্বক পিষ্টক প্রস্তুত করিবে। অলর্কের (ক্ষিপ্ত কুক্কুরের) দংশনে, রোগীর শরীরে বিষ কুপিত হইবার পূর্ব্বে সেই পিষ্টক খাওয়াইবে। এই ঔষধ পরিপাক হইবার কালে অন্যান্য বিকার জন্মায়। শরীরে হিম লাগে, এরূপ গৃহে রোগীকে রাখিবে, কিন্তু সে গৃহে জল না থাকে। শরীরে শিশির লাগিলে সেই সকল বিকারের শান্তি হয়। বিকার নিবৃত্ত হইলে অপরাহ্লে রোগীকে স্নান করাইয়া, শালি অথবা যাট্‌ধান্যের অন্ন উষ্ণ দুগ্ধের সহিত ভোজন করাইবে। দংশনের তৃতীয় বা পঞ্চম দিবসে এই ঔষধ পূর্ব্বোক্ত নিয়মে অর্দ্ধ মাত্রায় সেবন করাইবে। ইহাতে অলর্ক বিষ একান্ত নষ্ট হয়।

যে রোগীর বিষ স্বয়ং কুপিত হয় সে রক্ষা পায় না। অতএব শরীরে বিষ আপনা হইতে কুপিত হইবার পূর্ব্বেই ইহাকে শীঘ্র কুপিত করান কর্ত্তব্য। শীতল জল-পূর্ণ কলসী সমূহে বীজ রত্ন ও ঔষধ স্থাপন পূর্ব্বক নদীতীরে বা চতুষ্পথে মন্ত্রপূত করিয়া রোগীকে স্নান করাইবে। পিণ্যাক (তিলবাটা) মাংস ও দধি এই বলি, বিচিত্র মাল্য এবং পক্ক ও অপক্ক মাংস, এই সকল দ্রব্য অলকাধিপতি যক্ষ-রাজকে এই বলিয়া

নিবেদন করিবে, হে সারমেয় গণাধিপ আমার এই অলর্ক বিষ আপনি সত্বর নির্ব্বিষ করুন। স্নানের পর রোগিকে তীক্ষ্ণ বমন বিরেচন সেবন করাইবে। কারণ, অসংশোধিত দেহে দংশ-স্থানের ব্রণ পুরিয়া উঠিলেও বিষ কুপিত হয়। কুক্কুর প্রভৃতি যে সকল ব্যালের বিষ বলা হইল, তাহাতে বাতপিত্ত কুপিত হয়, অতএব রোগী তাহাদিগের ন্যায় কার্য্য ও শব্দ করে। এরূপ অবস্থায় বহুবিধ প্রতীকার করিলেও রোগীর অচিরে মৃত্যু হয়। পূর্ব্বোক্ত ব্যালদিগের স্বাভাবিক অবস্থাতেও নখ বা দন্তের দ্বারা ক্ষত হইলে বায়ুর প্রকোপ হয়, অতএব সেই স্থান মর্দ্দন করিয়া তাহাতে ঈষৎ উষ্ণ তৈল সেচন করিবে।

সপ্তম অধ্যায়।

ঔষধ প্রকরণ।

ক্ষার অগদ।

ধব (ধোয়া গাছ) অশ্বকর্ণ (লতা শাল) তিনিশ পলাশ পিচুমর্দ্দ (নিম্ব) পাটলি (পারুল) পারিভদ্রক (দেবদারু) আম্র উডুম্বর (যজ্ঞ ডুমুর) করহাট (ময়না বৃক্ষ) ককুভ (অর্জ্জুন) সর্জ্জক (সাল) কপীতন (আম্রাতক বৃক্ষ) শ্লেষ্মাতক (চালতা গাছ) অঙ্কোট (ধল আঁকোড়) আমলক প্রগ্রহ (ছোট সোঁদাল) কুটজ শমী (শাঁই গাছ) কপিত্থ অশ্মন্তক (আমল কুচা) চিরবিল্ব (ডর করঞ্জ) মহাবৃক্ষ (সুহী বৃক্ষ) অরুষ্কর (ভল্লাতক বৃক্ষ) অরলু (শোনা গাছ) মধুর মধশিগ্রু (রক্ত শজিনা) শাক (সেগুণ বৃক্ষ) গোজী (দারিয়া শাক) মূর্ব্বা তিল্বক (লোধ্র) ইক্ষুরক (কুলিয়া খাড়া) গোপঘণ্টা (শেয়াকুল) অরিমেদ (গুয়ে বাবলা), এই সকলের ভস্ম গোমূত্র সহযোগে ক্ষার প্রস্তুত করনের প্রণালীতে * স্রাবিত করিয়া (বস্ত্রে ছাঁকিয়া) পাক করিবে; পিপ্‌পলী মূল তণ্ডু-

---

* সুশ্রুতের সূত্রস্থানের ক্ষারপাকের বিধি দেখ।

জীবক (নটে শাক) বরাল (অম্ল বেতস) চোচক (গুড়ত্বক) মঞ্জিষ্ঠা করঞ্জিকা (অম্ল করঞ্জা যাহা খায়) গজ-পিপ্‌পলী মরিচ উৎপল শ্যামা-লতা বিড়ক (বিট লবণ) ঝূল অনন্তা (অনন্ত মূল) সোম (সোম লতা) তেউড়ি কুঙ্কুম শালপর্ণী কেওড়া শ্বেত সর্ষপ বরুণ-বৃক্ষ সৈন্ধব লবণ পাকুড় হিজ্জল-বৃক্ষ গাব-ভ্যারেণ্ডা বেতস মূষিকপর্ণী ছাতিমের ডাঁটা হাতি-শুঁড়া আতইচ পঞ্চশিরা-হরীতকী ভদ্রদারু কুষ্ঠ হরিদ্রা বচ ও লৌহ-চূর্ণ, এই সকল দ্রব্য সেই ক্ষারে প্রক্ষেপ করিবে। পাক শেষ-প্রায় হইলে চুল্লী হইতে নামাইয়া লৌহ কুম্ভে রাখিবে। এই ক্ষারের দ্বারা দুন্দুভি পতাকা তোরণাদি লেপন করিবে। তাহাদিগের শ্রবণ দর্শন বা স্পর্শে বিষ নষ্ট হয়। ইহার নাম ক্ষার অগদ। শর্করাশ্মরী অর্শঃ বায়ু-জন্য গুল্ম কাস শূল উদরী অজীর্ণ গ্রহণী অরুচি, সকল প্রকার শোফ, ও শ্বাস এই সকল রোগেও সেবন করান যায়। ইহা সকল প্রকার বিষের প্রতিকারের পক্ষে উপযোগী। এমন কি এই অগদ তক্ষক প্রভৃতি সর্পের তেজের অঙ্কুশ স্বরূপ বলিলেও বলা যায়।

কল্যাণ ঘৃত।

বিড়ঙ্গ ত্রিফলা দন্তী দেবদারু হরেণু তালীশ-পত্র মঞ্জিষ্ঠা নাগকেশর উৎপল পদ্ম পদ্মকাষ্ঠ দাড়িম্ব হরিদ্রা দারুহরিদ্রা শ্যামালতা অনন্ত-মূল শালপর্ণী চাকুলে প্রিয়ঙ্গু তগর-মূল কুষ্ঠ বৃহতী কণ্টকারী এলবালুক চন্দন ও গবাক্ষী (রাখাল শশা), এই সকলের সহিত ঘৃত পাক করিবে। ইহাকে কল্যাণ ঘৃত বলে। ইহার দ্বারা সকল প্রকার বিষ এবং গ্রহ ও অপস্মার রোগের নাশ হয়, পাণ্ডু গরল শ্বাস মন্দাগ্নি জ্বর কাস, এই সকল রোগের শান্তি হয় এবং শোষ-রোগী ক্ষীণশুক্র ও বন্ধ্যা ইহা-দিগের পক্ষেও এ ঘৃত প্রশস্ত।

অমৃত ঘৃত।

অপামার্গ ও শিরীষের বীজ, শ্বেত ও নীল অপরাজিতা এবং কাকমাচী গোমূত্রে পেষণ করিবে। সেই কল্কে ঘৃত পাক করিলে

বিষ-নাশক হয়। এই অমৃত নামক ঘৃত মৃত ব্যক্তিকে ও জীবিত করে।

মহা সুগন্ধি অগদ।

রক্ত-চন্দন অগুরু কুষ্ঠ তগর হরিচন্দন পুড়ুর-বৃক্ষ বেণামূল সরল-কাষ্ঠ চন্দন জটামাংসী বামনহাটী নীল-বৃক্ষ পদ্মক যষ্টীমধু শুণ্ঠী জটা-মাংসী নাগকেশর এলাইচ এলবালুক গিরিমৃত্তিকা ধ্যামক বলা বালা ধুনা জটামাংসী সিতপুষ্পা রেণুক তালীশ-পত্র ক্ষুদ্র-এলাইচ প্রিয়ঙ্গু কেশুর শৈলপুষ্প শৈলজ তগর পাদুকা ত্রিকটু সৈন্ধব গাম্ভারি কটুকী সোমরাজ আতইচ দ্রাক্ষা রাখালশশা বেণামূল বরুণ-বৃক্ষ মুথা নখী ধন্যা নীল ও শ্বেত অপরাজিতা হরিদ্রা দারু-হরিদ্রা গ্রন্থিপর্ণী বা গোরোচনা লাক্ষা, সকল প্রকার লবণ, কুমুদ সুঁদি পদ্ম অর্কপুষ্প চম্পক অশোক জাতি-পুষ্প তিল-পুষ্প পারুল শাল্মলী-পুষ্প চালতা-পুষ্প শিরীষ-পুষ্প সুরসী-পুষ্প তৃণশূলী-পুষ্প নিসিন্দা-পুষ্প ধব ও অশ্বকর্ণের পুষ্প তিনিশ-পুষ্প গুগগুল কুঙ্কুম রক্ত সাঞ্চিশাক রাস্না ; এই সকল দ্রব্যের শ্লক্ষ্ন চূর্ণ গোরোচনা ঘৃত ও মধু সংযোগে মেষ শৃঙ্গে স্থাপন করিবে। রোগী ভগ্ন-স্কন্ধ স্থির-দৃষ্টি বা মৃতপ্রায় হইলেও এই অগদের দ্বারা আরোগ্য হয়। অগ্নিতুল্য দুর্নিবার্য্য অমিত-তেজা বাসুকিরও বিষ ইহার দ্বারা নষ্ট হয়। ইহাকে মহাসুগন্ধি অগদ বলে। পঞ্চাশতি (৮৫) সংখ্যক দ্রব্য ইহার অঙ্গ। সকল অগদ অপেক্ষা ইহা শ্রেষ্ঠ, অতএব রাজ-সন্নিধানে ইহা সর্ব্বদা থাকা কর্ত্তব্য। ইহা অঙ্গে লেপন করিলে রাজা সকলের প্রিয় হন। বিষ শুক্র-ধাতু দূষিত করিলেও ইহার দ্বারা রোগী আরোগ্য হয়।

কীটবিষ ব্যতীত অন্য প্রকার বিষের স্থলে উষ্ণ কার্য্য কর্ত্তব্য নহে। কীটবিষ শীতল ক্রিয়াতে বৃদ্ধি পায়। অন্ন-পান বিধিতে (সূত্র স্থানের দ্রব্য গুণবর্ণনা দেখ) আহারীয় দ্রব্যের যে রূপ দোষগুণ বলা হইয়াছে, তদনুসারে বিবেচনা করিয়া হিতকর আহারই বিষার্ত্ত রোগীকে

দেওয়া কর্ত্তব্য, বিরুদ্ধ আহার কদাচ বিধেয় নহে। ফাণিত (বাতাসা অথবা গুড়ের সেই রূপ পাকের দ্রব্য) শজিনা কাঞ্জী কুল-ফল বা অজীর্ণ-জনক বা অতিরিক্ত আহার, বিষার্ত্ত রোগীর পক্ষে অবৈধ। নূতন ধান্যাদি, দিবানিদ্রা, স্ত্রী-সংসর্গ, ব্যায়াম, ক্রোধ, সূর্য্যতাপ সুরা তিল ও কুলথ, বিষার্ত্ত ব্যক্তি সামান্যত এই গুলি পরিত্যাগ করিবে। বাত পিত্ত কফ ও ধাতু সমস্ত স্বাভাবিক অবস্থায় থাকিলে, অন্নে অভিলাষ জন্মিলে, মূত্র ও জিহ্বার বর্ণ সমভাবে থাকিলে, শরীরের বর্ণ ইন্দ্রিয় ও চিত্তের বৃত্তি প্রসন্নভাব প্রাপ্ত হইলে, বৈদ্য রোগীকে নির্ব্বিষ বলিয়া জ্ঞান করিবেন।

অষ্টম অধ্যায়।

কীট কল্প।

সর্পের শুক্র বিষ্ঠা মূত্র মৃতদেহ ও পূতিঅণ্ড হইতে বিবিধ প্রকার কীট জন্মে। তাহারা সকলেই বায়ু অগ্নি ও জলীয় প্রকৃতি-বিশিষ্ট। পূর্ব্বোক্ত শুক্র প্রভৃতি পরিপাক না হইয়া এই সকল কীট জন্মে (১) একারণ তাহাদিগের প্রকৃতি বাতপিত্ত ও শ্লৈষ্মিক অর্থাৎ সকল দোষ বিশিষ্ট। তাহারা কীট হইলেও অতিশয় ভয়ানক। সেই সমস্ত কীট চারি প্রকার, বাত-প্রকৃতি পিত্ত-প্রকৃতি শ্লেষ্মা-প্রকৃতি ও সান্নিপাত-প্রকৃতি।

কুম্ভীনস তুণ্ডীকেরী শৃঙ্গী শতকুলীর উচ্চিটিঙ্গ অগ্নিকীট চিচ্চিটিঙ্গ, ময়ূরিকা আবর্ত্তক উরভ্র সারিকা মুখবৈদল শরাব-কুর্দ্দ অভিরাজী পরুষ চিত্রশীর্ষ শতবাহু ও রক্তরাজী, এই অষ্টাদশ প্রকার বায়ব্য কীট। ইহাদিগের দংশনে বায়ু-জন্য রোগ জন্মে।

---

(১) শুক্রবিষ্ঠা প্রভৃতি পরিপাক হইলে মৃত্তিকা প্রভৃতি অন্য আকারে পরিণত হয়; কিন্তু এ স্থলে তাহা না হইয়া পচিয়া উঠে ও সেই অবস্থায় তাহাতে সকল কীট জন্মে।

কৌণ্ডিল্য কণভক বরটী পত্র-বৃশ্চিক বিনাশিকা ব্রহ্মণিকা বিন্দুল ভ্রমর বাহ্যকী পিচ্চিট কুম্ভী বর্চ্চঃ-কীট অরিমেদ পদ্ম-কীট দুন্দুভিক মকর শতপাদক পঞ্চালক পাকমৎস্য কৃষ্ণতুণ্ড গর্দ্দভী ক্লীত, ও কৃমীসরারী ইহাকে উৎক্লেশকও বলে; এই চতুর্ব্বিংশতি প্রকার অগ্নি-প্রকৃতির কীট। ইহাদিগের দংশনে পিত্তজন্য রোগ জন্মে।

বিশ্বম্ভর পঞ্চশুক্ল পঙ্কৃকৃষ্ণ কোকিল সৈরেয়ক প্রচলক বলভ কিটিম শূচীমুখ কৃষ্ণগোধা কাষায়বাসিক কীটগর্দ্দভ ত্রোটক, এই ত্রয়োদশ প্রকার কীট শ্লেষ্মা-প্রকৃতি। ইহাদিগের দংশনে কফজন্য রোগ জন্মে।

তুঙ্গীনাস বিচিলক তালক বাহক কোষ্ঠাগারী কৃমিকর মণ্ডলপুচ্ছক তুঙ্গনাভ সর্ষপীক অবল্গুলী শম্বুক অগ্নিকীট, এই দ্বাদশ প্রকার কীট প্রাণনাশক। ইহাদিগের দংশনে সর্প-দংশনের ন্যায় বিষ-বেগ দৃষ্ট হয়, এবং সান্নিপাতিক-জন্য বেদনা ও তীব্র যাতনা জন্মে। ক্ষার বা অগ্নির দ্বারা দগ্ধ করিলে যে রূপ হয়, দংশস্থান সেই রূপ হয় ও তাহাতে রক্ত পীত কৃষ্ণ ও অরুণ বর্ণের আভা দৃষ্ট হয়। জ্বর অঙ্গমর্দ্দ রোমাঞ্চ বেদনা বমন অতিসার তৃষ্ণা দাহ মোহ, সর্ব্বদা হাই তোলা, কম্প শ্বাস হিক্কা দাহ, অতিশয় শীত, শরীরে পীড়কার উৎপত্তি, শোফ, গ্রন্থি, মণ্ডলাকার চিহ্ন, দদ্রু, কর্ণিকা বিসর্প ও কিটিভ (কীট), কীটের প্রকৃতি অনুসারে এই সকল উপদ্রব হয়। অন্য যে কোন প্রকার বিশেষ উপদ্রব জন্মে তাহার প্রতীকার তৎক্ষণাৎ করা কর্ত্তব্য। তীক্ষ্ণ-বিষ কীটের দংশনে, বা দূষীবিষের প্রকোপে, কিম্বা বিষ লেপনে, এই সকল লক্ষণ হয়। এক্ষণে মন্দ বিষের লক্ষণ বলা যাইতেছে। লালা-স্রাব অরুচি বমন মাতার ভার, শরীরে পীড়কা, কোঠ (চাকা চাকা) এবং কণ্ডু, এই সকল উপদ্রব জন্মে। ইহাতে দূষী-বিষের ন্যায় লেপন-দ্রব্যের ও অন্যান্য বিবিধ প্রকার ঔষধের চূর্ণের দ্বারা প্রতীকার করিবে।

অতঃপর দংশনের ও সাধ্যাসাধ্যের লক্ষণ ভেদে আর কতক গুলি কীটের বিষয় বলা যাইতেছে। ত্রিকণ্টক কুণী হস্তিকক্ষ ও অপরাজিত, এই চারি প্রকার কীটকে কণভ বলে। তাহাদিগের দংশনে তীব্র বেদনা শ্বয়থু (ফুলা) অঙ্গ-মর্দ্দ (গায়ের কামড়ানি), শরীর ভার, ও দংশ-স্থান কৃষ্ণবর্ণ হয়।

প্রতিসূর্য্য পিঙ্গভাস বহুবর্ণ মহাশির ও নিরুপম এই পঞ্চ প্রকার স্থলগোধা (গোসাপ))দংশন করিলে সর্পবিষের ন্যায় ইহাদিগের বিষবেগ জন্মে। তদ্দ্বারা বিবিধ প্রকার যাতনা হয় ও শরীরে কঠিন গ্রন্থি জন্মে।

গলগোলী ছয় প্রকার, শ্বেত-কৃষ্ণা রক্ত-রাজী রক্তমণ্ডলা সর্ব্বশ্বেতা ও সর্ষপিকা। ইহাদিগের মধ্যে সর্ষপিকা ব্যতীত অপর গুলির দংশনে দাহ শোফ ও দংশে ক্লেদ জন্মে। সর্ষপিকার দংশনে হৃদয়ে পীড়া ও অতিসার হয়।

শতপদী (ক্যান্দাই) অষ্ট প্রকার,—পরুষা কৃষ্ণা চিত্রা কপিলিকা পীতিকা রক্তা শ্বেতা অগ্নিপ্রভা। ইহাদিগের দংশনে শোফ বেদনা ও হৃদয়ে দাহ জন্মে। শ্বেতা বা অগ্নিপ্রভার দংশনে দাহ মূর্চ্ছা ও শরীরে অতিমাত্র শ্বেত পীড়কার উৎপত্তি হয়।

মণ্ডুক অষ্ট প্রকার,— কৃষ্ণ সার, কুহক, হরিত, রক্ত যব-বর্ণ ভ্রুকুটী ও কোটিক। ইহাদিগের দংশনে দংশ-স্থানে কণ্ডু জন্মে, ও মুখ হইতে ফেনা নির্গত হয়। ভ্রুকুটী ও কোটিক নামক দুই প্রকার ভেকের দংশনে পূর্ব্বোক্ত সকল লক্ষণ ও তদ্ভিন্ন অত্যর্থ দাহ বমী ও মূর্চ্ছা এই তিন উপদ্রবও জন্মে।

বিশ্বম্ভরের দংশনে শরীরে সর্ষপাকার পীড়কা জন্মে ও কম্প হইয়া জ্বর হয়।

অহিণ্ডুকের দংশনে তোদ দাহ কণ্ডু ফুলা ও জ্ঞানের বৈলক্ষণ্য, এই সকল উপদ্রব হয়। কণ্ডুমক দংশনে, দেহ পীত বর্ণ, বমী অতিসার

জ্বর প্রভৃতি উপদ্রব জন্মে। শূকবৃন্তের (শূয়া কাঁটা) দ্বারা কণ্ডূ ও কোঠ জন্মে, এবং শূকও (কাটা) দৃষ্ট হয়।

পিপীলিকা ছয় প্রকার, স্থূলশীর্ষা সম্বাহিকা ব্রহ্মণিকা অঙ্গুলিকা কপিলিকা ও চিত্রবর্ণা। ইহাদিগের দংশনে শ্বয়থু অগ্নি-স্পর্শের ন্যায় দাহ ও শোফ, এই সকল উপদ্রব হয়।

মক্ষিকা ছয় প্রকার, কান্তারিকা কৃষ্ণা পিঙ্গলিকা মধূলিকা কাষায়ী স্থালিকা। ইহাদিগের দংশনে দাহ ও শোফ জন্মে। স্থালিকা ও কাষায়ীর দংশনে, পূর্ব্বোক্ত দুই উপদ্রবের অতিরিক্ত উপদ্রব-বিশিষ্ট পীড়কাও জন্মে।

মশক পঞ্চ প্রকার,—সামুদ্র পরিমণ্ডল হস্তি-মশক কৃষ্ণ পার্ব্বতীয়। তাহাদিগের দংশনে তীব্র কণ্ডূ হয় ও দংশ স্থান ফুলিয়া উঠে। পার্ব্বতীয় কীটের দংশনে প্রাণনাশক কীটের দংশনের ন্যায় লক্ষণ হয়। দংশ-স্থান নখ কর্ত্তৃক ছিন্ন হইলে পীড়কা জন্মিয়া জ্বালা করে ও পাকিয়া উঠে।

গোধেরক স্থালিকা (মক্ষিকা বিশেষ) শ্বেতাগ্নি (শতপদি বিশেষ) ভ্রুকুটি কোটিক (ভেক বিশেষ) ইহাদিগের সকলেরই বিষ এক জাতীয়, আরোগ্য হয় না। ইহাদিগের শব মূত্র এবং পুরীষও বিষাক্ত।

কণ্ড দাহ কোঠ পিড়কা তোদ (টনটনানি) বেদনা ক্লেদযুক্ত আস্রাব, ও শীঘ্র ত্বক পাকিয়া উঠা, এই সকল উপদ্রব ঘটিলে দিগ্ধ-বিদ্ধের ন্যায় প্রতীকার করিবে। যে কীটের দংশন প্রভৃতি স্থান উচ্চ বা নীচ না হইয়া সংরক্ত ও বেদনা বিশিষ্ট হয়, সেই কীটের দংশন অতিশয় পীড়াকর। যে কীটের উগ্র বিষ, সে কীট দংশন করিলে সর্প-দংশনের প্রতীকারের ন্যায় প্রতিকার করিবে। যেমন তিন প্রকার সর্পবিষে, স্বেদ আলেপন পরিসেচন এই তিন প্রকার প্রতীকার, কীট-বিষেও এই তিন প্রকার প্রতীকার কর্ত্তব্য, তবে উষ্ণ করিয়া প্রয়োগ করিবে। দংশন-প্রযুক্ত মূর্চ্ছা পাকিয়া উঠা ও কোথ, এই সকল উপ

দ্রব জন্মিলে, বমন বিরেচন প্রভৃতি সংশোধনকর ও বিষ নাশক ঔষধ প্রয়োগ করিবে।

পূর্ব্বোক্ত কীট-বিষের উপদ্রবে, শিরীষ কটুকী কুষ্ঠ বচ হরিদ্রা সৈন্ধব লবণ গব্যদুগ্ধ মজ্জা বসা গব্যঘৃত শুণ্ঠী পিপ্পলী ও দেবদারু, এই সকল একত্র উৎকারিকা প্রস্তুত করিয়া, অথবা প্রথমতঃ শালপর্ণী চূর্ণ করিয়া স্বেদ দিবে।

বৃশ্চিকের দংশনে স্বেদ বিহিত নহে। তজ্জন্য তাহাদিগের জাতি অনুসারে পৃথক্ পৃথক্ ধূম ও অন্যান্য বিবিধ প্রকার অগদ বলা যাইবে।

গৃহধূম হরিদ্রা দারু হরিদ্রা কুষ্ঠ চক্র বচ বিল্ব-মূল পাঠা সুবর্চিকা (জতুকা), এই গুলি ত্রিকণ্টক জাতির বিষে হিতকর।

গৃহধূম হরিদ্রা চক্র কুষ্ঠ পলাশ-বীজ, এই অগদ গলগোলীর বিষ-নাশক।

কুঙ্কুম তগর শিগ্রু (শজিনা) পদ্মকাষ্ঠ হরিদ্রা, ও দারু-হরিদ্রা এই অগদ জলে পেষণ করিয়া প্রয়োগ করিলে শতপদীর বিষের শান্তি হয়।

মেষশৃঙ্গী বচ পাঠা স্থল-বেতস রোহিণী বালা, এই অগদ সকল প্রকার মণ্ডুক-বিষের শান্তিকর।

বচ, অশ্বগন্ধা, অতিবলা (পীত বর্ণ বেড়েলা) বলা (বেড়েলা) শালপর্ণী ও ক্ষুদ্রচাকুলে, এই অগদ বিশ্বম্ভর জাতির বিষ নাশক। শিরীষ, তগর, কুষ্ঠ, হরিদ্রা, দারু-হরিদ্রা, অংশুমতী (শালপাণী) মুগানী ও মাসানী, এই অগদ অহিণ্ডুক জাতির বিষ নাশক। কণ্ডুমকের দংশনে রাত্রিকালে শীতল ক্রিয়া কর্ত্তব্য, দিবাভাগে সূর্য্যরশ্মি কর্ত্তৃক রোগী পীড়িত থাকে বলিয়া শীতল ক্রিয়াতে কোন ফল হয় না। শুক-বিষে (শুয়া কাঁটা) চক্র কুষ্ঠ ও অপামার্গ এই অগদ প্রয়োগ করিবে। অথবা কৃষ্ণ বল্মীকের মৃত্তিকা তেজপত্রের রসে পেষণ করিয়া প্রয়োগ করিবে। পিপীলিকা, মক্ষিকা বা মশকের দংশনে, কৃষ্ণবল্মীকের মৃত্তিকা গোমূত্র সহযোগে লেপন করিবে। প্রতিসূর্য্যের দংশনে সর্প দংশনের

ন্যায় প্রতীকার করিবে। বৃশ্চিক তিন প্রকার—মন্দ-বিষ মধ্য-বিষ মহাবিষ। গোময়ের কোথ হইতে যাহারা জন্মে তাহারা মন্দ-বিষ, কাষ্ঠ ও ইষ্টক হইতে যাহারা জন্মে তাহারা মধ্যবিষ, সর্পকোথ বা অন্য কোন প্রকার বিষাক্ত দ্রব্য হইতে যাহারা জন্মে তাহারা তীক্ষ্ণবিষ মন্দবিষ বৃশ্চিক দ্বাদশ প্রকার, মধ্যবিষ তিন প্রকার ও তীক্ষ্ণবিষ পঞ্চদশ প্রকার।

কৃষ্ণ শ্যাব, কর্ব্বূর,পাণ্ডু,গোমূত্রবর্ণ, কর্কশ,মেচক,শ্বেত,রক্ত রোমশ, শাদ্বল ও রক্ত, এই কয়েকটী মন্দবিষ বৃশ্চিক। ইহাদিগের দংশনে বেদনা, কম্প, শরীরের স্তম্ভিত ভাব এবং দংশ-স্থান হইতে কৃষ্ণবর্ণ রক্ত নিঃসৃত হয়। হস্তে বা পদে দংশন করিলে বেদনা ক্রমশঃ উর্দ্ধে সঞ্চারিত হয়, দাহ স্বেদ দংশস্থানে ফুলা ও জ্বর হয়। রক্তবর্ণ পীতবর্ণ ও উদর-দেশ কপিলবর্ণ, এরূপ বৃশ্চিক অথবা সর্ব্বশরীর ধূমলবর্ণ এরূপ বৃশ্চিক, পরিমাণে তিনপর্ব্ব ও সর্পাদির বিষ্ঠা, মূত্র পূতি অণ্ড হইতে সম্ভূত। ইহাদিগকে মধ্য-বিষ বলা যায়। ইহার মধ্যে যে বৃশ্চিক যে দ্রব্য হইতে জন্মে তাহার গুণ সেই প্রকার হয়। উগ্র ও মধ্যবিষ বৃশ্চিকের দংশনে রোগীর মূর্চ্ছা হয় জিহ্বা ফুলিয়া উঠে, ও ভোজনের অবরোধ জন্মে।

তীক্ষ্ণ-বিষ বৃশ্চিক যথা,—শ্বেত চিত্র শ্যামল লোহিতাভ রক্তশ্বেত রক্তোদর নীলোদর পীতরক্ত নীলপীত রক্তনীল নীল শুক্ল রক্ত বভ্রু। ইহাদিগের পরিমাণ এক পর্ব্ব, পর্ব্বাপেক্ষা হ্রস্ব অথবা দুই পর্ব্ব। এই সকল বৃশ্চিক নানা প্রকার বর্ণ বিশিষ্ট ভয়ানক ও প্রাণনাশক। সর্পকোথ হইতে অথবা বিষাক্ত রোগীর মৃত দেহ হইতে ইহাদিগের জন্ম। ইহাদিগের দংশনে সর্প-বিষের ন্যায় বেগ ও স্ফোট জন্মে, ও ভ্রান্তি দাহ জ্বর এবং মুখ নাসিকা হইতে কৃষ্ণবর্ণ শোণিত অত্যর্থ স্রাব হয়, তাহাতেই রোগী প্রাণত্যাগ করে।

উগ্র-বিষ ও মধ্য-বিষ বৃশ্চিকের দংশনে সর্প-দংশনের ন্যায় চিকিৎসা

করিবে। মন্দবিষ বৃশ্চিকের দংশনে দংশ-স্থানে চক্রতৈল সেচন করিবে, বিদারি-গন্ধাদি গণে উল্লিখিত দ্রব্য সমূহের ঈষদুষ্ণ ক্বাথ সেচন করিবে, অথবা বিষঘ্ন প্রলেপের গুটিকা প্রস্তুত করিয়া স্বেদ দিবে, দংশ স্থানের চতুর্দ্দিকে স্বেদ দেওয়া হইলে, হরিদ্রা সৈন্ধব লবণ ত্রিকটু শিরীষের পুষ্প ও ফল চূর্ণ করিয়া সেই স্থানে প্রচ্ছিত করিবে। সুরসার পুষ্প ও ফল মাতুলুঙ্গের রসে ও গোমূত্রে পিষিয়া লেপ দিবে। ঈষদুষ্ণ গোময়ের স্বেদও হিতকর। মধুসংযোগে ঘৃত অথবা প্রচুর পরিমাণে শর্করা সংযোগে দুগ্ধ কিম্বা চাতুর্জ্জাতক-বাসিত শীতল গুড়োদক, বা গুড় সহযোগে শীতল দুগ্ধ পান করা কর্ত্তব্য। ময়ূর বা কুক্কুটের পুচ্ছ সৈন্ধব তৈল ও ঘৃত সংযোগে ধূপ নির্ম্মাণ করিবে। তাহার ধূম প্রয়োগে বৃশ্চিকের বিষের শান্তি হয়। কুসুম্ভ-পুষ্প ও কোদ্রব-তৃণ (কোদো ধান্যের খড়), ইহারা প্রত্যেকে এক ভাগ, হরিদ্রা দুই ভাগ, একত্র ঘৃত সহযোগে ধূপ নির্ম্মাণ করিয়া পায়ুদেশে ধূম প্রয়োগ করিলে বৃশ্চিক-বিষ ও অন্যান্য কীট-বিষের শান্তি হয়।

লূতার (মাকড়সার) বিষ অতিশয় ভয়ানক ও কষ্ট-সাধ্য। মন্দবুদ্ধি চিকিৎসক ইহার গতি সহসা বুঝিতে পারে না। বিষ আছে কি না এরূপ সংশয় উপস্থিত হইলে, এপ্রকার ঔষধ সেবন করাইবে যাহাতে অন্য কোন দোষ না জন্মে। বিষার্ত্ত রোগীর পক্ষেই অগদ প্রশস্ত। বিষ-হীন শরীরে সুখ-সেব্য অগদ প্রয়োগ কর্ত্তব্য। অতএব বিষ আছে কি না অগ্রে নিশ্চয় জানা কর্ত্তব্য। এইটী নিশ্চয় না জানিয়া ঔষধ প্রয়োগ করিলে রোগীর প্রাণ নাশের সম্ভাবনা।

যেমন অঙ্কুর-মাত্র উৎপত্তি হইলে কোন্ জাতীয় বৃক্ষ তাহা জানা যায় না, সেই রূপ লূতা-বিষ শরীরে বিকীর্ণ হইবা মাত্রেই, কোন জাতীয় লূতার বিষ তাহা নির্ণয় করা যায় না। কণ্ডু-যুক্ত প্রসারণশীল মণ্ডলাকার ও অস্পষ্ট-বর্ণ-বিশিষ্ট, প্রথম দিনে শরীরে এই সকল লক্ষণ হয়। দ্বিতীয় দিনে, সেই সকল মণ্ডলাকারের মধ্যস্থল নিম্ন ও চতু-

দ্দিকের অন্তভাগ ফুলিয়া উঠে, এবং যে রূপ বর্ণ হয় তাহা স্পষ্ট জানা যায়। তৃতীয় দিনে কোন্ জাতীয় লূতার বিষ তাহা জানা যায়। চতুর্থ দিবসে বিষের প্রকোপ হয়। পঞ্চম দিবস হইতে বিষের প্রকোপ জন্য বিকার সমস্ত জন্মিতে থাকে। ষষ্ঠ দিবসে বিষ সঞ্চারিত হইয়া সকল মর্ম্ম স্থান আবৃত করে। সপ্তম দিনে বিষ অত্যর্থ বৃদ্ধি ও সর্ব্ব শরীরে ব্যাপ্ত হইয়া প্রাণ নাশ করে। এই রূপ সপ্ত রাত্রের মধ্যে প্রাণ নাশ হওয়া কেবল প্রচণ্ড তীক্ষ্ণ বিষ লূতার বিষেই ঘটে। যাহাদিগের বিষ মধ্যম-বীর্য্য-বিশিষ্ট, তাহাদিগের দংশনে সপ্ত রাত্রের অধিক কালে প্রাণ নাশ হয়। যাহাদিগের মন্দ-বিষ, তাহাদিগের দংশনে এক পক্ষ কালে মৃত্যু হয়। এই সকল কারণে দংশন অথবা শরীরে বিষ সংলগ্ন হওয়া অবধি যত্ন পূর্ব্বক বিষঘ্ন ঔষধের দ্বারা চিকিৎসা করা কর্ত্তব্য। লালা নখ মূত্র দংষ্ট্রা রজঃ পুরীষ ও শুক্র, এই সপ্ত প্রকারে লূতার বিষ নিঃসৃত হয়। সেই বিষ তিন প্রকার বীর্য্য-বিশিষ্ট,—উগ্র মধ্য ও মন্দ। লূতার লালা কর্ত্তৃক কণ্ডুবিশিষ্ট, কঠিন, অল্প বেদনা-বিশিষ্ট ও অল্প মূল (যাহার মূল অধিক ভিতরে প্রবেশ না করে), এই সকল লক্ষণ হয়। নখের দংশনে ফুলিয়া উঠে, কণ্ডু ও পূলানিকা (ক্ষুদ্র দাড়) জন্মে, এবং সেই সকল স্থানে অগ্নি-শিখার ন্যায় উত্তাপ উঠিতে থাকে। মূত্র-কর্ত্তৃক দংশস্থানের মধ্য-স্থল কৃষ্ণ বর্ণ হয় এবং অন্ত ভাগ রক্ত বর্ণ হয় ও বিদীর্ণ হয়। দংষ্ট্রার দ্বারা দংশনে, দংশ-স্থান কঠিন ও বিবর্ণ হয় এবং শরীরে মণ্ডল [চাকা চাকা দাগ] জন্মে ও সে সকল মণ্ডল প্রসারিত হয় না। লূতার রজঃ পুরীষ ও শুক্রের সংস্রবে পক্ক পিলু ফলের ন্যায় স্ফোট জন্মে। প্রাচীন মতানুসারে লূতাবিষের সাধ্যাসাধ্যের লক্ষণ ও তাহাদিগের চিকিৎসা সংক্ষেপে বলা যাইতেছে।

কোন কালে বিশ্বামিত্র রাজা বশিষ্ঠ মুনির আশ্রমে গমন পূর্ব্বক তাঁহার ক্রোধ উৎপাদন করিলেন। মুনি কুপিত হইলে তাঁহার ললাট

দেশ হইতে তীক্ষ্ণ তেজ বিশিষ্ট ঘর্ম্ম-বিন্দু সকল পতিত হইতে লাগিল। গাভীর নিমিত্ত যে ছিন্ন তৃণরাশী ছিল, সেই তৃণ রাশীতে সেই সকল ঘর্ম্ম-বিন্দু পতিত হইয়া বিবিধ প্রকার মহা-বিষ-বিশিষ্ট ভয়ঙ্কর লূতা (মাকড়) উৎপন্ন হইল। মুনির স্বেদ-বিন্দু সকল লুন-তৃণ-রাশীতে পতিত হইয়া এই কীট জন্মে, এ কারণ ইহাদিগকে লূতা কহে। লূতার বিষ দুই প্রকার, কষ্ট-সাধ্য ও অসাধ্য। তাহাদিগের মধ্যে অষ্ট প্রকার লূতার বিষ কষ্ট-সাধ্য। আর অষ্ট প্রকার অসাধ্য, তাহাদিগের বিষের চিকিৎসা করিবে না। ত্রিমণ্ডলা শ্বেতা কপিলা পীতিকা আল-বিষা মূত্র-বিষা রক্তা ও কসনা, এই অষ্ট প্রকার লূতার বিষ কষ্ট-সাধ্য। ইহাদিগের দংশনে মস্তকের যাতনা কণ্ডূ ও দংশ স্থানে বেদনা হয়, এবং বাতশ্লেষ্মা-জন্য অন্যান্য রোগ জন্মে। সৌব-র্ণিকা লাজবর্ণা জালিনী এণীপদী কৃষ্ণা অগ্নিবর্ণা কাকাণ্ডা ও মালা গুণা,* এই অষ্ট প্রকারের বিষ অসাধ্য। ইহাদিগের দংশনে দংশস্থান ক্ষত ও তাহা হইতে রক্ত নিঃসরণ হয়, স্বেদ দাহ অতিসার, ও সন্নিপাত-জন্য অন্যান্য রোগ জন্মে, বিবিধ আকার বিশিষ্ট পিড়কা ও বৃহদাকার মণ্ডল সমস্ত জন্মে, এবং রক্ত বা শ্যাম বর্ণের আয়ত ও কোমল শোফ (ফুলা) সমস্ত জন্মিয়া ক্রমশঃ প্রসারিত হয়। সকল প্রকার লূতার দংশনের লক্ষণ সামান্যতঃ বলা হইল।

অতঃপর পূর্ব্বোক্ত ষোড়ষ প্রকার মাকড়্সার প্রত্যেকের বিষের লক্ষণ ও চিকিৎসা বলা যাইতেছে। ত্রিমণ্ডলার দংশ-স্থান বিদীর্ণ হইয়া কৃষ্ণ বর্ণ শোণিত নিঃসৃত হয়, এবং বধিরতা, নেত্রদ্বয়ের দাহ ও দৃষ্টির কলুষতা জন্মে ইহাতে অর্কমূল, হরিদ্রা নাকুলী (রাস্না) পৃশ্নিপর্ণিকা (চাকুলে) এই সকল দ্রব্য নস্যে পানে ও অঙ্গে মর্দ্দনে প্রয়োগ করিবে।

---

* আকার বর্ণ অথবা প্রকৃতি অনুসারে বিবিধ প্রকার মাকড়সাকে ষোল প্রকারে বিভক্ত করিয়া এই ষোলটী নাম দেওয়া হইয়াছে।

শ্বেতার দংশনে কণ্ডু-যুক্ত শ্বেত পিড়কা (সাদা ফুরকুনি হইয়া শড় শড় করে), তজ্জন্য দাহ মূর্চ্ছা ও জ্বর হয়, এবং সেই সকল পিড়কা প্রসারিত ও ক্লেশযুক্ত হয় ও তাহাতে যাতনা জন্মে। ইহাতে চন্দন রাস্না এলাইচ রেণুকা নল অশোক কুষ্ঠ বেণামূল (২ ভাগ) চক্র, এই সকল একত্র অগদ প্রয়োগ করিবে।

কপিলার দংশনে দংশস্থান পর্য্যন্ত তাম্র বর্ণ হয়, অপ্রসারণ-শীল পিড়কা জন্মে, এবং মস্তকের ভার দাহ তিমির-রোগ ও ভ্রম, এই সকল উপদ্রব ঘটে। ইহাতে পদ্মকাষ্ঠ কুষ্ঠ এলাইচ করঞ্জ অর্জ্জুন-বৃক্ষের ত্বচ্ অপামার্গ দূর্ব্বা ব্রাহ্মী ইশের মূল ও শালপাণী, এই সকল একত্র সেবন করিবে।

পীতিকার দংশনে শরীরে অপ্রসারণ-শীল পিড়কা জন্মে, এবং বমন শিরঃশূল ও চক্ষু দ্বয় রক্ত-বর্ণ এই সকল উপদ্রব ঘটে। ইহাতে কুটজ বেনামূল পদ্মকাষ্ঠ অশোক শিরীষ শেলু (চাল্‌তা) কিনীহি ([illegible]ামার্গ) কদম্ব ও অর্জ্জুন-ত্বক্ এই গুলি হিতকর।

আল-বিষের দংশনে দংশস্থান রক্তমণ্ড (রক্তবর্ণ মণ্ডল) সদৃশ হয়, ও তাহাতে সর্ষাপকার পিড়কা জন্মে, এবং তালু-শোষ ও দাহ দুই উপদ্রব ঘটে। ইহাতে প্রিয়ঙ্গু কুষ্ঠ বেণামূল অশোক বালা শোল্‌কা পিপ্‌পলী ও বটের অঙ্কুর, এই সকল একত্র অগদ প্রয়োগ করিবে।

মূত্র-বিষের দ্বারা আহত স্থান পচিয়া ক্রমশঃ প্রসারিত হয় ও তাহা হইতে কৃষ্ণ বর্ণ শোণিত নিঃসৃত হয় এবং কাস শ্বাস বমী মূর্চ্ছা জ্বর ও দাহ, এই সকল উপদ্রব ঘটে। ইহাতে মনঃশিলা এলাইচ যষ্ঠি-মধু কুষ্ঠ চন্দন পদ্মকাষ্ঠ মধু ও বেণামূল একত্র সেবন করিবে।

রক্ত-লূতার বিষ-কর্তৃক দংশস্থানে দাহ ও ক্লেদ যুক্ত পাণ্ডু বর্ণ পিড়কা জন্মে, এবং তাহার অন্তভাগ (চারি ধার) রক্ত যুক্ত হইয়া রক্ত বর্ণ হয়। ইহাতে বালা চন্দন বেণামূল পদ্মকাষ্ঠ এবং অর্জ্জুন-বৃক্ষ

শেলুর [চালতা] ও আম্রাতকের (আমড়ার) ত্বক একত্র করিয়া অগদ সেবন করিবে।

কসনার বিষে দংশ স্থান হইতে শীতল পিচ্ছিল রুধির স্রাব হয়, এবং কাস ও শ্বাস উপদ্রব জন্মে। পূর্ব্বোক্ত রক্তলূতার বিষের ন্যায় এই বিষের চিকিৎসা করিবে।

কৃষ্ণার দংশনে পুরীষের গন্ধ বিশিষ্ট অল্প রক্ত নিঃসরণ হয়, এবং জ্বর মূর্চ্ছা দাহ বমী কাস ও শ্বাস, এই সকল উপদ্রব জন্মে। ইহাতে এলাইচ চক্র সর্পাক্ষী (রাস্না) ও চন্দন, এই সকল দ্রব্য মহাসুগন্ধি নামক অগদ সহযোগে সেবন করাইবে। অসাধ্য-লূতা-বিষের স্থলে রোগীকে পরিত্যাগ করিয়া চিকিৎসা করিবে।

অগ্নিবর্ণার দংশনে অতিশয় দাহ ও রস রক্তাদির স্রাব হয়, এবং জ্বর চোষ কণ্ডু রোমাঞ্চ দাহ ও শরীরে স্ফোটের উৎপত্তি, এই সকল উপদ্রব জন্মে। ইহাতে পূর্ব্বোক্ত কৃষ্ণার দংশনে যে রূপ প্রতীকার সেই রূপ প্রতীকার করিবে। শ্যামালতা বেণামূল যষ্টিমধু [illegible] উৎপল পদ্ম ও শ্লেষ্মাতকের ত্বক্, এই গুলি সকল লূতা বিষেই প্রয়োগ কর্ত্তব্য। ক্ষীরপিপ্পলীও সকল প্রকার লূতা বিষে সেবন করা কর্ত্তব্য। যে অষ্ট প্রকার লূতার বিষ কষ্ট-সাধ্য তাহা বলা হইয়াছে, ও যাহাদিগের বিষের প্রভাব অনিবার্য্য তাহাদিগের মধ্যে দুইটির বিষয় বলা হইল। এক্ষণে অবশিষ্ট ছয় প্রকার অবার্য্য-বিষ লূতার বিষয় বলা যাইতেছে। সৌবর্ণিকার দংশনে দংশ-স্থান ফুলিয়া উঠে, তাহা হইতে ফেনা-যুক্ত আমিষ-গন্ধ বিশিষ্ট আস্রাব হয়, এবং অতিশয় শ্বাস কাস জ্বর তৃষ্ণা মূর্চ্ছা, এই উপসর্গ গুলি ঘটে। জালিনীর দংশন অতিশয় ভয়ানক দীপ্তিমান্ (চিক্ চিকে) ও বিদীর্ণ হয়, এবং স্তম্ভ শ্বাস অতিশয় তমোদৃষ্টি ও তালুশোষ, এই উপসর্গ গুলি জন্মে। এণীপদের দংশনের আকৃতি কৃষ্ণ তিলের ন্যায়। ইহাতে তৃষ্ণা মূর্চ্ছা জ্বর বমী ও কাস উপদ্রব জন্মে। কাকাণ্ডার দংশনে

দংশস্থান পাণ্ডু ও রক্তবর্ণ হয়, অতিশয় বেদনা জন্মে, চারিদিক বিদীর্ণ হইয়া যায়, এবং দাহ মূর্চ্ছা ও জ্বর হয়। অসাধ্য লূতার বিষের চিকিৎসা করিতে হইলে, দোষ ও তাহার প্রকোপ বিবেচনা করিয়া চিকিৎসা করিবে, কিন্তু সকল অবস্থায় ছেদন করিবে না। যে সকল লূতার বিষ সাধ্য, তাহাদিগের দংশন মাত্র বৃদ্ধিপত্র নামক শস্ত্রের দ্বারা দংশস্থান ছেদন করিয়া তুলিয়া ফেলিবে, এবং জাম্ববোষ্ঠ শলাকা অগ্নিতে তপ্ত করিয়া সেই স্থান দগ্ধ করিবে। রোগী যাবৎ বারণ না করে তাবৎ দগ্ধ করিতে থাকিবে। মর্ম্ম স্থান না হইলে, লূতার দংশনে অল্প ফুলিয়া উঠিলেও দংশস্থান কর্ত্তন করিয়া তুলিয়া লওয়া কর্ত্তব্য। তবে জ্বর হইলে কর্ত্তব্য নহে। সেই কর্ত্তিত স্থানে মধু ও সৈন্ধব সহযোগে নিম্ন লিখিত অগদ লেপন করিবে; লেপ যথা, প্রিয়ঙ্গু হরিদ্রা কুষ্ঠ সমঙ্গা (মঞ্জিষ্ঠা) যষ্টিমধু। অথবা শ্যামালতা যষ্টিমধু দ্রাক্ষা পয়স্যা (ক্ষীরকাকোলী) দুগ্ধ মোরট (ইক্ষু মূল) ভূমি-কুষ্মাণ্ড গোক্ষুর, এই কয়েকটী দ্রব্য মধু সহযোগে পান করাইবে, এবং অর্ক প্রভৃতি ক্ষীর বিশিষ্ট বৃক্ষের ত্বকের শীতল কাথ সেচন করিবে। উপদ্রব সমস্ত দোষ অনুসারে বিষঘ্ন ঔষধের দ্বারা চিকিৎসা করিবে। নস্য অঞ্জন অভ্যঞ্জন পান ধূম অবপীড়ন (শীরোবিরেচন) কবলগ্রহ (কুল্‌কুচ), বমন ও বিরেচন, এই সকল প্রয়োগ করিবে, এবং জলৌকার দ্বারা রক্ত মোক্ষণ করাইবে।

কীট-দংশন-জন্য অথবা সর্পদংশন-জন্য যে সকল ব্রণ জন্মে, দংশনের প্রথম হইতেই সর্পদংশনের ন্যায় তাহাদিগের চিকিৎসা করিবে। শোফ (ফুলা) নিবৃত্ত হইলে কর্ণিকা-পাতন (দাড় ভাল করা) কর্ত্তব্য। নিম্বপত্র ত্রিবৃৎ দন্তী কুসুম্ভ হরিদ্রা মধু গুগ্‌গুল সৈন্ধব পারাবতের বিষ্ঠা এবং সুরা-বীজ, কর্ণিকাতে এই গুলি প্রয়োগ করিবে। বিষ-বৃদ্ধিকর অন্ন ব্যতিরেকে অপর সকল প্রকার আহার বিহিত। যে কোন প্রকার বিষ-জন্য কর্ণিকা হউক, স্থির ও যাতনা-শূন্য হইলে,

আচ্ছাদিত করিয়া মধু সংযোগে শোধনীয় দ্রব্যের প্রলেপ দিবে। এক শত সপ্তষষ্টি (১৬৭) প্রকার কীটের দংশনের লক্ষণ ও চিকিৎসা বলা হইল। বেদের নিত্যত্ব ও অবিনাশিত্ব প্রযুক্ত, ফলের প্রত্যক্ষতা, দেহিদিগের হিতকারিতা, সুলভ-জ্ঞাতব্যতা ও দেহিদিগের দ্বারা পূজিত হওয়া প্রযুক্ত, আয়ুর্ব্বেদ অপেক্ষা অন্য কোন পবিত্র গ্রন্থ আমরা কখন শুনি নাই। ভিষক্-কুল-গুরু-ইন্দ্র-প্রভাব অমৃত-যোনি ধন্বন্তরী ঋষির বিমল মত অবলম্বন করিয়া যে কিছু আহার আচারের বিষয় বলা হইল তাহা সমস্ত ইহ-পরলোকের মঙ্গলকর।

চিকিৎসিত স্থান।

দ্বি-ব্রণীয় চিকিৎসা।

ব্রণ দুই প্রকার, শারীর এবং আগন্তু। বায়ু পিত্ত কফ বা শোণিত-জন্য যে ব্রণ জন্মে তাহাকে শারীরিক ব্রণ বলে। মনুষ্য পশু পক্ষী হিংস্র জন্তু প্রভৃতির দংশনাদির দ্বারা, পতন পীড়ন প্রহার অগ্নি ক্ষার বিষ তীক্ষ্ণ ঔষধ প্রভৃতির দ্বারা, অথবা কপাল-খণ্ড শৃঙ্গ চক্র পরশু শক্তি কুন্ত প্রভৃতি শস্ত্রাদির অভিঘাতের দ্বারা যে ব্রণ জন্মে, তাহাকে অভিঘাতজন্য ব্রণ বলে। দুই প্রকার ব্রণই তুল্য, তবে ভিন্ন ভিন্ন প্রকার কারণে উৎপত্তি বলিয়া দ্বিব্রণীয় বলা যায়। বিশেষ এই যে, সকল প্রকার আগন্তু ব্রণে শরীরে আঘাত মাত্রই যে শোণিত নিঃসরণ হইতে থাকে, তাহার উপশমের জন্য পিত্তের প্রতীকারের ন্যায় শীতল ক্রিয়া কর্ত্তব্য, এবং তাহা সন্ধানের নিমিত্ত মধু ঘৃত প্রয়োগ করা কর্ত্তব্য। এই কারণে দুই প্রকার ব্রণের ভেদকরা হইল। পশ্চাতে উভয় প্রকার ব্রণেরই দোষ অনুসারে শারীরিক ব্রণের ন্যায় প্রতীকার কর্ত্তব্য। দোষের উপদ্রব সংক্ষেপতঃ পঞ্চদশ

প্রকার। ইহা ব্রণ-প্রশ্ন অধিকারে দোষের প্রসরণ বিষয়ে পূর্ব্বে বলা হইয়াছে। কেহ কেহ বলেন ব্রণের শুদ্ধাবস্থা লইয়া ষোড়শ প্রকার। ব্রণের লক্ষণ দুই প্রকার, সামান্য ও বিশেষ। শরীর বিচূর্ণিত হইয়া ক্ষত হওয়া সামান্য লক্ষণ। তাহাতে বাত পিত্তাদির লক্ষণ প্রকাশ হওয়া বিশেষ লক্ষণ।

বায়ু-জন্য ব্রণ, ক্ষুদ্র মাংসহীন ও অরুণ-বর্ণ-বিশিষ্ট এবং রুক্ষ (চিক চিকে নয়) চটচটায়নশীল (যাহা চড়চড় করে) ও অতিশয় তোদ ভেদ ও বেদনা বিশিষ্ট তাহা হইতে পাতলা শীতল পিচ্ছিল আস্রাব নিঃসৃত হয়।

পিত্তজন্য ব্রণ, পীত ও নীলের আভাযুক্ত, দাহ পাক ও রক্তবর্ণ বিশিষ্ট, ও পীতবর্ণ পিড়কা (ফুরকুনি) সমস্ত তাহার চতুর্দ্দিকে ব্যাপ্ত। এই ব্রণ শীঘ্র উত্থিত হয়, এবং ইহা হইতে রক্তবর্ণ উষ্ণরস নিঃসৃত হয়।

কফজন্য ব্রণ, বিস্তৃত, প্রচণ্ড-কণ্ডু-বিশিষ্ট, স্থূল ঘন কঠিন, পাণ্ডুবর্ণ ও মন্দ-বেদনা-বিশিষ্ট, সিরা ও স্নায়ুজালে ব্যাপ্ত, এবং তাহা হইতে শুক্লবর্ণ শীতল গাঢ় পিচ্ছিল আস্রাব নিঃসৃত হয়।

রক্তজন্য ব্রণ, প্রবালের ন্যায় বর্ণ বিশিষ্ট, কৃষ্ণবর্ণ স্ফোট ও পিড়কাতে ব্যাপ্ত, আমীষ-গন্ধ বেদনা ও উষ্ণ-উদ্ভাব-বিশিষ্ট শোণিত-স্রাব ও পিত্তের লক্ষণ বিশিষ্ট।

বায়ু-পিত্ত-জন্য ব্রণ, তোদ দাহ ও উষ্ণ-উদ্ভাব-বিশিষ্ট, পীত ও অরুণ বর্ণ বিশিষ্ট ও পীত-অরুণ-বর্ণের আস্রাব যুক্ত।

বাত-শ্লেষ্মা-জন্য ব্রণ, কণ্ডুয়ন (চুলকনা) ও তোদ বিশিষ্ট কঠিন এবং তাহা হইতে মুহুর্মুহুঃ শীতল পিচ্ছিল আস্রাব নিঃসৃত হয়।

পিত্ত-শ্লেষ্মা-জন্য ব্রণ, ভার, দাহ ও উষ্ণতা যুক্ত, পীতবর্ণ বিশিষ্ট ও তাহা হইতে পাণ্ডু বর্ণ আস্রাব নিঃসৃত হয়।

বাত-রক্ত-জন্য ব্রণ, রুক্ষ ক্ষুদ্র অতিশয় তোদ-বিশিষ্ট সুপ্তের

ন্যায় (স্পন্দহীন), রক্তবর্ণ ও তাহা হইতে রক্তবর্ণ আস্রাব নিঃসৃত হয়।

পিত্ত-রক্ত-জন্য ব্রণ, ঘৃতমণ্ডের ন্যায় বর্ণ ও মৎস্য-ধৌত জলের ন্যায় গন্ধ বিশিষ্ট, কোমল প্রসারণশীল, ও তাহা হইতে কৃষ্ণবর্ণ উষ্ণ আস্রাব নিঃসৃত হয়।

শ্লেষ্ম-রক্ত-জন্য ব্রণ, রক্তবর্ণ গুরু পিচ্ছিল কণ্ডুযুক্ত স্থির, ও তাহা হইতে রক্ত-যুক্ত পাণ্ডুবর্ণ আস্রাব নিঃসৃত হয়।

বাত-পিত্ত-শোণিত-জন্য ব্রণ,—স্ফুরণ তোদ দাহ ও উষ্ণ উদ্ভাব বিশিষ্ট, পীতবর্ণ ক্ষুদ্র ও রক্তস্রাবী।

বাত-শ্লেষ্মা-জন্য ব্রণ, কণ্ডু ও চুমচুমায়ন যুক্ত (চিন্‌চিন্) পাণ্ডুবর্ণ ও ঘন-রক্ত-স্রাবী।

বাত-পিত্ত-শ্লেষ্মা-জন্য ব্রণ, বাত পিত্ত ও শ্লেষ্মা জন্য বেদনা ও তিন প্রকার বর্ণের আস্রাব বিশিষ্ট।

বাত-পিত্ত-শ্লেষ্মা-রক্ত জন্য ব্রণ, দাহ মথন স্ফুরণ তোদ পাক রক্তবর্ণ সুপ্ততা এবং বিবিধ প্রকার বেদনা ও নানা বর্ণের আস্রাব বিশিষ্ট হয়।

জিহ্বাতলের ন্যায় বর্ণ মৃদু স্নিগ্ধ সূক্ষ্ম, বেদনা ও আস্রাব শূন্য, এবং সুব্যবস্থিত, এই সকল লক্ষণ হইলে শুদ্ধ ব্রণ বলিয়া জানিবে।

ব্রণের ষষ্টি (৬০) প্রকার চিকিৎসা যথা, উপবাস আলেপন পরিষেক অভ্যঙ্গ স্বেদ বিম্লাপন (বসাইয়া দেওয়া) বন্ধন পাচন (পাকান) বিদ্রাবণ (গালিয়া দেওয়া) স্নেহন (ঘৃত তৈলাদি) বমন বিরেচন ছেদন ভেদন দারণ এষণ (দেহ মধ্যে শল্যের অনুসন্ধান) আহরণ (টানিয়া বাহির করা) ব্যধন (সিরা প্রভৃতি বিদ্ধ করা) বিস্রাবণ সীবন (সেলাই) সন্ধান [যোড় লাগান] পীড়ন [টেপা বা চোঁচা] শোণিতস্রাব নির্ব্বাপণ উৎকারিকা কষায় বর্ত্তী কল্‌ক ঘৃত তৈল রস-

ক্রিয়া অবচূর্ণন ধূপ (ধূম প্রয়োগ) উৎসাদন অবসাদন মৃদু-কর্ম্ম দারুণ-কর্ম্ম ক্ষার-কর্ম্ম অগ্নি-কর্ম্ম কৃষ্ণ-কর্ম্ম পাণ্ডু-কর্ম্ম প্রতিসারণ রোম-সঞ্জনন লোমাপহরণ বস্তি-কর্ম্ম উত্তর-বস্তি বন্ধন পত্রদান কৃমি-নাশন বৃংহণ [পুষ্টি করণ] বিষ-নাশন শিরোবিরেচন নস্য কবল ধারণ (কুলি) ধূম মধু-সর্প যন্ত্র আহার রক্ষা বিধান। ইহাদিগের মধ্যে ক্বাথ বর্ত্তি কল্‌ক ঘৃত তৈল রসক্রিয়া ও অবচূর্ণন, এই গুলি শোধনকর ও ও রোপণ-কর। ইহাদিগের মধ্যে আটটী শস্ত্র-ক্রিয়া সম্বন্ধীয়। শোণিত মোক্ষণ ক্ষার অগ্নি যন্ত্র আহার রক্ষাবিধান ও বন্ধ-বিধান পূর্ব্বে বলা হইয়াছে। স্নেহ-স্বেদ বমন বিরেচন বস্তি উত্তর-বস্তি শিরোবিরেচন নস্য ধূম ও কবল-ধারণ অন্যত্র বলা যাইবে, ব্রণ-চিকিৎসার অবশিষ্ট প্রকরণ এ স্থলে বলা যাইতেছে।

পূর্ব্বে যে ছয় প্রকার শোফ [১] বলা হইয়াছে, উপবাস হইতে বিরেচন পর্য্যন্ত এই একাদশ প্রকার প্রতীকার তাহাদিগের শোফ অর্থাৎ ফুলা অবস্থাতেই বিশেষ রূপে প্রয়োজ্য। শোফ ব্রণ-ভাবে পরিণত হইলেও (২) এই সকল প্রতীকার অহিতকর নহে। বিরেচনের পর হইতে যে সকল প্রকার চিকিৎসার প্রকরণ বলা হইয়াছে, শোফ ব্রণ-ভাবে পরিণত হইলে প্রায় এই সকল প্রতীকার প্রয়োজ্য। সকল প্রকার শোফের প্রথম অবস্থায় উপবাস প্রভৃতি সামান্যতঃ উৎকৃষ্ট প্রতীকার।

শোফ বা ব্রণ রোগে কুপিত দোষের শান্তির জন্য দোষ ও বল বিবেচনা করিয়া রোগীর উপবাস দেওয়া কর্ত্তব্য। বায়ুর ঊর্দ্ধগতি তৃষ্ণা ক্ষুধা মুখশোষ ও শ্রান্তি এই সকলের দ্বারা যাহারা পীড়িত তাহা-দিগের পক্ষে, কিম্বা গর্ভিণী বৃদ্ধ বালক দুর্ব্বল অথবা ভীত ব্যক্তির পক্ষে, উপবাস কর্ত্তব্য নহে। শোফ উত্থিত মাত্রেই, অথবা, তীব্র বেদনা-

(১) ইংরাজীতে ইহাকে Abcess বলে।
(২) ফুলা পাকিয়া রস রক্তাদি স্রাব হওয়াই ব্রণ ভাবে পরিণত হওয়া।

বিশিষ্ট ব্রণ জন্মিবা মাত্রই, বায়ু পিত্ত প্রভৃতির মধ্যে যে দোষের লক্ষণ তাহাতে দৃষ্ট হয়, সেই দোষ যে দ্রব্যে নিবৃত্ত হয় সেই দ্রব্যের প্রলেপ সেই শোফে বা ব্রণে প্রয়োগ করিবে। গৃহ দাহের স্থলে জল সেচন করিলে যে রূপ শীঘ্র অগ্নির শান্তি হয়, শোফের যাতনাও সেই রূপ প্রলেপের দ্বারা নিবৃত্ত হয়। শোফের প্রহ্লাদন [পূযাদি জন্মান], শোধন (৩) হরণ উৎসাদন (নির্ম্মল করা), ও রোপণ (পূরিয়া উঠা) লেপের দ্বারা এই সকল ফল হয়।

বায়ু-জন্য শোফে বেদনা-শান্তির জন্য ঘৃত তৈল কাঞ্জী মাংস অথবা বায়ু-শান্তিকর ঔষধের ক্বাথ, ঈষদুষ্ণ থাকিতে পরিষেচন করিবে।

পিত্ত-জন্য রক্ত-জন্য অভিঘাত-জন্য অথবা বিষ-জন্য ব্রণ হইলে, দুগ্ধ ঘৃত মধু শর্করা জল ইক্ষু-রস, মধুর-রসের ঔষধ অথবা উডুম্বর বৃক্ষের ক্বাথ, উষ্ণ না থাকে এরূপ অবস্থায় পরিষেচন করিবে।

শ্লেষ্মা-জন্য শোফ তৈল মূত্র ক্ষারোদক সুরা সুক্ত কফঘ্ন ঔষধের ক্বাথ, শীতল না থাকে এ রূপ অবস্থায় পরিষেচন করিবে। জল সেচনে যে রূপ অগ্নির শান্তি হয়, ক্বাথের সেচনেও সেই রূপ দোষ-জনিত তীব্র যাতনার শান্তি হয়।

দোষ বিবেচনা করিয়া অভ্যঙ্গ প্রয়োগ করিলে দোষের উপশম ও মৃদুতা সম্পাদিত হয়। পূর্ব্বে যে সকল ক্রিয়ার কথা বলা হইল তাহার মধ্যে স্বেদ বিম্লাপন হইতে বিস্রাবন পর্য্যন্ত যে কয়েকটী প্রক্রিয়া আছে তাহাদিগকে পশ্চাৎকর্ম্ম বলে। ভয়ানক কঠিন বেদনা-বিশিষ্ট শোফে অথবা ব্রণে স্বেদ (ভাপরা *) বিধেয়। শোফ অল্প বেদনা বিশিষ্ট ও স্থির (যাহা পাকেও না ও বসেও না) হইলে, তাহাতে বিম্লাপন (বসাইয়া দেওয়া) কর্ত্তব্য। শোফে অভ্যঙ্গের দ্রব্য মাখাইয়া

(৩) মন্দ পূযাদি নিঃসারিত করিয়া আর না জন্মিতে দেওয়া শোধন বলে।

* ব্রণের দোষ অনুসারে যে সকল ঔষধ দেওয়া যায় তাহারই ভাপরা দিবে। পশ্চ স্বেদাবচারনীয় বিধি নামক ৩২ অধ্যায় দেখ।

প্রথমতঃ স্বেদ দিবে, পরে বংশদ্বারা বা বৃদ্ধাঙ্গুষ্ঠের দ্বারা অল্প অল্প মর্দ্দন করিবে। আম অথবা দাহ যুক্ত শোফে বন্ধন করিবে। শোফ দাহ-যুক্ত না হইলে বন্ধনের দ্বারা বসিয়া যায়, দাহ-যুক্ত হইলে পাকিয়া উঠে। উপবাস হইতে বিরেচন পর্য্যন্ত প্রক্রিয়ার দ্বারা যদি শোফের শান্তি না হয়, তবে দধি তক্র সুরা সুক্ত ও কাঞ্জি সহযোগে ঘৃত ও লবণ মিশ্রিত করিয়া পাকাইবার ঔষধ পাক করিবে। উৎকারিকার (মদকের) ন্যায় পাক কঠিন হইলে, উষ্ণ থাকিতে এরণ্ড পত্র সহযোগে শোফে বন্ধন করিবে। শোফ পাকিবার উন্মুখ হইলে আহারের নিয়ম অবলম্বন করিবে। যে শোফ অল্প কাল উত্থিত হইয়াছে, তাহার বেদনা-শান্তি ও পাকিয়া উঠা নিবৃত্তির জন্য রক্ত-মোক্ষণ কর্ত্তব্য। রক্ত যুক্ত শ্যামবর্ণ বেদনা-বিশিষ্ট কঠিন শোফ হইলে, অথবা সংরম্ভ (কটকটানি) বিশিষ্ট ব্রণ হইলে বিস্রাবণ (২) হিতকর। বিশেষতঃ ব্রণ বিষ-যুক্ত হইলে জলৌকার প্রয়োগ কর্ত্তব্য। রুক্ষ-প্রকৃতি কৃশ ব্যক্তির ব্রণের উপদ্রবে শরীর শুষ্ক হইলে তাহার ব্রণে যে সকল দ্রব্য বা ঔষধি প্রয়োগ করা যাইতে পারে, সেই সকল দ্রব্য সহযোগে ঘৃত পাক করিয়া পান করাইবে। শোফের মাংস উৎসন্ন (ফুলিয়া উঠা) হইলে, বিশেষতঃ কফ-জন্য ব্রণ হইলে, অথবা ব্রণের শোণিত পূয-ভাব প্রাপ্ত হইবার পূর্ব্বে রোগী অতিশয় ক্লিষ্ট হইলে, নিঃশেষে বমন কর্ত্তব্য। বায়ু-পিত্ত-জন্য দীর্ঘ-কাল-স্থায়ী ব্রণ হইলে বিরেচন প্রশস্ত। শোফ অথবা ব্রণ না পাকিয়া কঠিন হইয়া স্থির ভাবে থাকিলে, অথবা স্নায়ু কোথাদি রোগ হইলে, ছেদ-কার্য্য বিধেয়। ব্রণ যদি উন্নত হয়, ও তাহার অন্তরে পূয থাকে অথচ নির্গত হইবার মুখ না থাকে, ও সেই রোগ শরীরে সঞ্চারিত হইবার সম্ভাবনা থাকে, তবে তৎক্ষণাৎ শস্ত্রের দ্বারা ভেদ করা বিধেয়। বালক বৃদ্ধ

(২) শস্ত্রের দ্বারা শোণিত নিঃসারিত করা।

অসহিষ্ণু ক্ষীণ ভিরু অথবা স্ত্রীলোক হইলে, অথবা মর্ম্মস্থানে ব্রণ জন্মিলে ঔষধের দ্বারা দারণ কর্ত্তব্য। [৩] শোফ সুপক ও একত্র সংযত হইলে, যদি তাহার অভ্যন্তরস্থ সমুদয় রক্ত পূযভাব প্রাপ্ত না হইয়া থাকে, তবে দারণের লেপ প্রয়োগ করিবে। সুপিষ্ট দারণের ঔষধ ক্ষার সংযোগে প্রয়োগের দ্বারা পুনঃ পুনঃ বিদীর্ণ হইয়াও যদি শোফের মুখ কঠিন স্থূল ও আয়ত হইয়া থাকে ও তাহার চতুর্দ্দিকে কঠিন মাংস উন্নত হইয়া থাকে, তবে লেখন কার্য্যের দ্বারা ক্ষতস্থান নিঃশেষে কর্ত্তন করিবে। যে পর্য্যন্ত ক্ষত থাকে সেই পর্য্যন্ত লেখন করিয়া, তাহার মধ্যে পট্ট বা কার্পাস বা নিম্বকাষ্ঠ সৈন্ধব-যুক্ত যবের শুঙ্গা এবং কর্কশ পত্র (শেওড়া পাতা) এই সকল প্রয়োগ করিবে। নাড়ীব্রণ শল্যগর্ভ [দেহ মধ্যে যে স্থানে শল্য থাকে] অথবা উন্নত উন্মার্গী (যে ব্রণে ক্রমশঃ দেহ মধ্যে ঊর্দ্ধদিকে ক্ষত হইতে থাকে) ব্রণ হইলে, তাহার অভ্যন্তর দেশ বৃক্ষের অঙ্কুর অথবা এষণী-শলাকার দ্বারা এষণ করিবে।

ব্রণের মুখ সঙ্কুচিত হউক অথবা প্রসারিত হউক, শল্য আহরণ করিবার যে রূপ নিয়ম আছে তদনুসারে তাহা হইতে শল্য বাহির করিবে। কোন রোগে বিদ্ধ করিতে হইলে, যে স্থলে যে পরিমাণে শস্ত্র নিহিত করিবার বিধি বলা হইয়াছে তদনুসারে বিদ্ধ করিয়া শ্রাব করাইবে। মাংসে স্থিত ব্রণের মুখ যদি প্রসারিত থাকে, তাহাতে পাক বা অন্য উপদ্রব না থাকে তবে সেই ব্রণের মুখ সংযত করিয়া সেলাই করিবে। ব্রণ মর্ম্মস্থানে জন্মিলে বা সূক্ষ্ম মুখ হইলে অথবা তাহাতে পূযাশয় থাকিলে, তাহার চতুর্দ্দিকে পীড়ন-দ্রব্য (যাহার প্রলেপে রস রক্তাদি নির্গত হয়) প্রয়োগ করিবে। পীড়নের প্রদেহ শুষ্ক হইতে থাকিলে তাহা পরিত্যাগ করিবে। ব্রণের মুখ

(৩) প্রলেপের দ্বারায় পূযাদি নির্গত করাকে দারণ বলে (সূত্র স্থানের শোফের চিকিৎসা দেখ)।

রুদ্ধ করিয়া প্রলেপ দিবে না, তাহাতে অভ্যন্তরস্থ দোষের বৃদ্ধি হয়। তাহাতে শোণিত নিঃসরণ হইলে, যথা-বিহিত ক্রমে রক্ত মোক্ষণ কর্ত্তব্য। পিত্তের প্রকোপ বশতঃ দাহ ও জ্বর বিশিষ্ট ব্রণ হইলে ও রক্ত-কর্ত্তৃক অভিভূত হইলে ছেদন করা কর্ত্তব্য। পূর্ব্বোক্ত শীতল দ্রব্য সমস্ত [১] দুগ্ধে পেষণ করিয়া, প্রচুর ঘৃত সহযোগে অবলেহ ভাবে লেপ প্রস্তুত করিয়া শীতল অবস্থায় তাহাতে প্রয়োগ করিবে। ব্রণে অল্প মাংস থাকিলে, তাহা পাকিয়া না উঠিলে, ও তাহা হইতে অল্প রস রক্তাদি স্রাব হইতে থাকিলে, এবং তাহা তোদ (টনটনানি) কাঠিন্য কর্কশতা শূল (কনকনানি) ও কম্প এই সকল উপদ্রব বিশিষ্ট হইলে, বায়ু-শান্তিকর ঔষধ, অম্লগণ ও কাকোল্যাদিগণ তৈলাক্ত বীজ সহযোগে পাক করিয়া প্রলেপ দিবে। কঠিন ও বেদনা-বিশিষ্ট হইলে ঐ সকল দ্রব্যের স্বেদ বিধেয়। দুর্গন্ধ, ক্লেদ-বিশিষ্ট ও পিচ্ছিল হইলে পূর্ব্বোক্ত শোধনী-দ্রব্যের কাথের দ্বারা শোধন করিবে। মাংসাশ্রিত গভীর ব্রণ হইলে ও তাহার অন্তরে শল্য থাকিলে এবং মুখ সূক্ষ্ম হইলে শোধনী-দ্রব্যের দ্বারা যথাবিধি বর্ত্তি নির্ম্মাণ করিয়া প্রয়োগ করিবে। পূতি মাংসাচ্ছাদিত ব্রণের আভ্যন্তরিক দোষ সকল সংশোধন-জন্য, পূর্ব্বোক্ত বর্ত্তির দ্রব্য সকলের মধ্যে যত দূর পাওয়া যায় শিলাতে পেষণ করিয়া লেপ দিবে। পিত্ত দূষিত হইয়া গভীর, দাহ ও পাক-বিশিষ্ট ব্রণ হইলে, পূর্ব্বোক্ত শোধনী দ্রব্য ও কার্পাস-ফুল সহযোগে ঘৃত প্রস্তুত করিয়া প্রয়োগ করিবে। রুক্ষ ও অল্পস্রাবী ব্রণ হইলে ও তাহার চতুর্দ্দিকস্থ মাংস উৎসন্ন ভাবে থাকিলে সর্ষপ-স্নেহ-যুক্ত তৈলের দ্বারা সংশোধন করিবে। তৈলের দ্বারা সংশোধিত না হইলে, কঠিন মাংসাশ্রিত ব্রণের স্থলে পূর্ব্বোক্ত শোধনী দ্রব্যের কাথ প্রস্তুত করিয়া তাহাতে সুরাষ্ট্রজ (সৌরাষ্ট্র মৃত্তিকা) কাসীস

(১) দ্রব্যের গণ--বর্ণনায় যে সকল দ্রব্য শীতল গুণ বিশিষ্ট।

হীরাকস ও মনঃশিলা মিশ্রিত করিয়া প্রয়োগ করিবে। টাবা-নেবুর রস ও মধু সহযোগে হরিতাল উত্তম মর্দ্দন করিয়া তিন তিন দিবস অন্তর ব্রণে প্রয়োগ করিবে। গম্ভীর, মেদ সংশ্রিত ও দুর্গন্ধ-বিশিষ্ট ব্রণ হইলে শোধনবর্ত্তির সূক্ষ্ম চূর্ণ প্রয়োগ করিবে। ব্রণ সংশোধিত হইলে শোধনীয় দ্রব্যের কাথের দ্বারা ব্রণের শোধন করা কর্ত্তব্য। ব্রণ বেদনা-হীন ও সংশোধিত হইয়াও গভীর থাকিলে রোপণীয় দ্রব্যের বর্ত্তি প্রস্তুত করিয়া প্রয়োগ করিবে। মাংসল স্থানের ব্রণ পূরিয়া না উঠিলে তাহার আভ্যন্তরিক পূতি মাংস সমস্ত নির্গত করিয়া মধু সংযোগে তিল তণ্ডুলের কল্ক প্রয়োগ করিবে। পিষ্ট-তিল, মধু সংযোগে প্রয়োগ করিলে, মধুরতা উষ্ণতা ও স্নিগ্ধতা প্রযুক্ত বায়ুর শান্তি করে, কষায় ভাব মধুরতা ও তিক্ততা প্রযুক্ত পিত্তের শান্তি করে, এবং কষায় ভাব তিক্ততা ও উষ্ণতা প্রযুক্ত কফের শান্তি করে। পিষ্ট-তিল, শোধনী ও রোপনী দ্রব্যের সহযোগে প্রয়োগ করিলে ব্রণের সংশোধন ও রোপন হয়; নিম্ব পত্র ও মধু সহযোগে প্রয়োগ করিলে ব্রণ সংশোধিত হয়, এবং নিম্ব পত্র মধু ও ঘৃত সহযোগে প্রয়োগ করিলে ব্রণ পূরিয়া উঠে। কোন কোন পণ্ডিত বলেন যবের কল্কও তিল-কল্কের ন্যায় গুণকারী। ইহা প্রয়োগ করিলে যাতনা হীন ব্রণের শান্তি হয় (বসিয়া যায়), যাতনা-বিশিষ্ট ব্রণ পাকিয়া উঠে, পক্ক অবস্থায় প্রয়োগ করিলে বিদীর্ণ হয়, বিদীর্ণ ব্রণে প্রয়োগ করিলে সংশোধিত হয় ও পূরিয়া উঠে। পিত্ত রক্ত বিষ অথবা আঘাত-জনিত গভীর ব্রণ হইলে, ঘৃত অগ্রে দুগ্ধের সহিত পাক করিবে, পরে সেই ঘৃত রোপনীয় দ্রব্য সহযোগে পাক করিয়া প্রয়োগ করিবে। কফ-বাত জন্য যাতনা-দায়ী ব্রণ হইলে রোপণীয় দ্রব্য সহযোগে তৈল (সর্ষপ) পাক করিয়া প্রয়োগ করিবে। ব্রণ শরীরে সঞ্চারণ-শীল হউক বা স্থির থাকুক, শুদ্ধ হউক বা দূষিত হউক, তাহার রোপণের নিমিত্ত রসক্রিয়া করিতে হইলে হরিদ্রা ও

দারু হরিদ্রা প্রয়োগ করা কর্ত্তব্য। ব্রণ কঠিন মাংস অথবা ত্বকে হইলে বা ত্বকের সহিত সমভাবে থাকিলে, রোপণীয় দ্রব্যের চূর্ণ প্রয়োগ করিবে। যে সকল শোধনী বা রোপণী দ্রব্য বলা হইল, তাহা প্রকার সকল ব্রণেই প্রয়োগ করা যাইতে পারে। ইহা শাস্ত্রসিদ্ধ ও পরীক্ষিত, ইহাতে যুক্তির প্রয়োজন নাই। কষায় প্রভৃতি (১) সাতটী প্রকরণে যে সকল দ্রব্য ব্যবহৃত হয়, তাহা চিকিৎসক যুক্তি অনুসারে গ্রহণ করিবেন। বায়ুদূষিত ব্রণের নিমিত্ত পূর্ব্বোক্ত কষায় [কাথ] প্রভৃতি প্রস্তুত করিতে হইলে, স্বল্প ও বৃহৎ প্রায় দুই প্রকার পঞ্চমূলই ব্যবহার্য্য। পিত্ত দূষিত ব্রণের জন্য কষায়াদি প্রস্তুত করিতে হইলে ন্যগ্রোধাদিগণ ও কাকোল্যাদিগণ ব্যবহার্য্য। কফ-দূষিত ব্রণের সম্বন্ধে আরগ্বধাদিগণ ও অপর যে সকল উষ্ণ ঔষধ বলা হইয়াছে (অর্থাৎ বরুণাদিগণ) তাহাই ব্যবহার্য্য। সান্নিপাতিক ব্রণ হইলে সকল প্রকার ঔষধ একত্র প্রয়োগ করিবে। বায়ু-জন্য উগ্র যাতনা ও আস্রাব বিশিষ্ট ব্রণ হইলে, বৃক্ষের বল্কল [২] যব ঘৃত ও অন্যান্য ধূপনীয় দ্রব্য সহযোগে ধূম প্রয়োগ করিবে। অত্যন্ত শুষ্ক অল্প মাংস বিশিষ্ট গভীর ব্রণ হইলে উৎসাদনীয় ঘৃত (৩) ও আলেপন প্রস্তুত করিবে। ব্রণ-রোগী মাংসাশী হইলে, দেহ-পুষ্টির জন্য তাহাকে মাংস ভোজন করাইবে। উৎসন্ন ও কোমল মাংস বিশিষ্ট ব্রণ হইলে অব-সাদক ক্রিয়া কর্ত্তব্য (৪)। অবসাদনীয় দ্রব্য চূর্ণ করিয়া মধু সহযোগে প্রয়োগ করা কর্ত্তব্য। বায়ুকর্ত্তৃক কঠিন মাংস বিশিষ্ট দুষ্ট ব্রণ হইলে, ব্রণের মাংস কোমল করা (স্বেদ প্রয়োগে কোমল হয়) ও রক্ত

---

(১) কষায়বর্ত্তি কল্ক ঘৃত তৈল রস ও চূর্ণ এই সাতটী।

(২) যে সকল বৃক্ষ বায়ু-শান্তিকর তাহার ছালই ব্যবহার্য্য।

(৩) সূত্রস্থানের শোফের চিকিৎসায় শোফের উৎসাদন জন্য যে সকল দ্রব্য বলা হইয়াছে তাহাতে ঘৃত প্রস্তুত করিবে।

(৪) অবসাদনীয় দ্রব্য পূর্ব্বোক্ত শোফের চিকিৎসায় দ্রষ্টব্য।

মোক্ষণ করা কর্ত্তব্য, এবং বাতঘ্ন ঔষধ সহযোগে (বাতঘ্ন ঔষধ দ্রব্যের গণ বর্ণনায় দ্রষ্টব্য) ঘৃত প্রস্তুত করিয়া সেচন করিবে। ব্রণের মাংস স্বভাবতঃ কোমল থাকিলে কঠিন করা কর্ত্তব্য। তজ্জন্য ধব প্রিয়ঙ্গু অশোক রোহিণীর (হরীতকী বিশেষ) ত্বক ত্রিফলা ধাতকী-পুষ্প লোধ ও ধুনা এই সকল সমভাগে একত্র চূর্ণ করিয়া ব্রণে প্রয়োগ করিবে। উৎসন্নমাংস কঠিন কণ্ডূ-যুক্ত ব্রণ হইয়া বিলম্বে অর্থাৎ ক্রমে অল্পে অল্পে বৃদ্ধি হইলে, এবং তাহা সংশোধনীয় দ্রব্যের দ্বারা সংশোধন করিতে না পারিলে, ক্ষার কর্ম্মের দ্বারা শোধন করা কর্ত্তব্য। ব্রণ হইতে গিরি-মৃত্তিকার জলের ন্যায় অথবা মূত্রের ন্যায় স্রাব হইতে থাকিলে, অথবা রক্ত-স্রাবী ব্রণ হইলে, অথবা কোন সন্ধি-স্থান নিঃশেষে ছিন্ন হইয়া পড়িলে অগ্নিকর্ম্মের দ্বারা প্রতীকার করিবে। ব্রণ শ্বেত বর্ণ হওয়া প্রযুক্ত শীঘ্র পূরিয়া না উঠিলে, তাহাকে কৃষ্ণ বর্ণ করিবে। ভল্লাতকের ফল গোমূত্রে ভাবিত করিয়া দুগ্ধে এক দিবস মগ্ন করিয়া রাখিবে। পরে সেই সকল ফল দুই খণ্ডে ছেদন করিয়া লৌহ-কুম্ভ মধ্যে রাখিবে। অন্য কুম্ভের মুখের সহিত সেই কুম্ভের মুখ সংযোজিত করিয়া উভয় মুখের সন্ধি-স্থানে গোময়ের দ্বারা লেপ দিবে। লেপ শুষ্ক হইলে ভল্লাতকের কুম্ভে অগ্নি সংযোগ করিবে। অগ্নি সংযোগে ভল্লাতকের কুম্ভ হইতে যে তৈল নিঃসৃত হয় তাহা গ্রহণ করিবে। সজল-প্রদেশস্থ গ্রাম্য পশুর খুর দগ্ধ করিয়া সূক্ষ্ম রূপে চূর্ণ করিবে, সেই চূর্ণ কিঞ্চিৎ পূর্ব্বোক্ত তৈলের সহিত মিশ্রিত করিয়া শুক্লবর্ণ ব্রণে আলেপন করিলে কৃষ্ণবর্ণ হয়। কোন প্রকার কাষ্ঠ বা কোন প্রকার ফলের তৈল বাহির করিতে হইলে, পূর্ব্বোক্ত ভল্লাতকের তৈল নিঃসারণের বিধি অনুসারে কার্য্য করিবে। ব্রণ কৃষ্ণবর্ণ প্রযুক্ত যদি পূরিয়া না উঠে তবে ব্রণকে পাণ্ডুবর্ণ করা কর্ত্তব্য। তজ্জন্য রোহিণী ফল সপ্ত দিবস ছাগীদুগ্ধে রাখিবে। পরে সেই ফল উত্তম রূপে পেষণ করিয়া কৃষ্ণবর্ণ ব্রণে প্রয়োগ করিবে। অথবা নূতন কাপালিকা চূর্ণ

বৈহুল, সজ্জানাভ, কাসীস এবং যষ্টিমধু একত্র চূর্ণ করিয়া মধু সহযোগে প্রয়োগ করিবে। অথবা কপিত্থ ফলের আভ্যন্তরিক শস্য বাহির করিয়া তাহার মধ্যে হিরাকস, গোরোচনা, তুথ (তুঁতে), হরিতাল, মনঃশিলা, বাঁশের ত্বকের নীল, প্রপুন্নাড় ও রসাঞ্জন সমভাগে পুরিবে। অনন্তর ছাগ মূত্রের দ্বারা পূর্ণ করিয়া অর্জ্জুন বৃক্ষের মূলে এক মাস পুতিয়া রাখিবে। এক মাসের পর সেই ঔষধ কৃষ্ণবর্ণ ব্রণে লেপ দিলে পাণ্ডুবর্ণ হয়। কুক্কুটাণ্ডের কপাল (কুক্কুটের ডিম্বের খোলা) কতক-ফল যষ্টি-মধু সমুদ্র-মণ্ডূকী ওমণি-চূর্ণ; এই সকল সমভাবে একত্র করিয়া গোমূত্র সহযোগে গুটিকা প্রস্তুত করিবে। সেই গুটিকা প্রয়োগ করিলে ব্রন প্রতিসারিত হয় (ক্ষয় হয় বা খঁয়ে যায়)। হস্তীদন্তের মসী প্রস্তুত করিয়া প্রচুর পরিমাণে রসাঞ্জন সহযোগে লেপ দিলে শরীরের রোম-হীন স্থানে রোম জন্মে। চতুষ্পদ পশুর ত্বক রোম খুর শৃঙ্গ ও অস্থি, এই গুলির ভস্ম চূর্ণ করিয়া তৈল সহযোগে লেপন করিলে ভূমিতেও রোম জন্মে। কাশীস ও নক্তমালের পল্লব কপিত্থ-রসে পিষিয়া লেপ দিলে শরীরে লোম জন্মে। রোমাকীর্ণ ব্রণ হইলে শীঘ্র পুরিয়া উঠে না। অতএব ক্ষুর কর্ত্তরীর দ্বারা লোম কর্ত্তন করা কর্ত্তব্য। শঙ্খ-চূর্ণ দুই ভাগ হরিতাল এক ভাগ অম্ল রসের সহিত পিষিয়া লেপন করিলে লোম উঠিয়া যায়। ভল্লাতকের তৈল ও স্নুহী-ক্ষীর (মনসা আঠা) একত্র করিয়া প্রলেপ দিলেও লোম উঠিয়া যায়। অথবা, কদলী ও শোণা বৃক্ষের ভস্ম লবণ ও শমী-বীজ একত্র শীতল জলে পিষিয়া লেপ দিলে, অথবা, গৃহ-গোধিকার (কাঁকলাস) পুচ্ছ রস্তাল ও ইঙ্গুদী বীজ, এই সকলের ভস্ম তৈল ও জল সহযোগে সূর্য্যপক্ক করিয়া লেপ দিলেও লোম উঠিয়া যায়।

শরীরের অধোভাগে বায়ু-জন্য রুক্ষ ও অত্যর্থ বেদনাবিশিষ্ট ব্রণ হইলে বিরেচন বিধান করিবে। মূত্রাঘাতে মূত্র-দোষে শুক্র-দোষে, অশ্মরী-রোগ-জন্য ব্রণ হইলে, অথবা আর্ত্তব দোষে উত্তর-বস্তি

প্রশস্ত। বন্ধনের দ্বারা ব্রণ সংশোধিত হয়, কোমল হয়, ও নিঃশঙ্কে পূরিয়া উঠে, অতএব ব্রণ বন্ধন করা অতি কর্ত্তব্য। স্থির অল্প-মাংস-বিশিষ্ট ব্রণ হইলে, রুক্ষতা প্রযুক্ত পূরিয়া না উঠিলে, দোষ ও ঋতু বিবেচনা করিয়া তাহার উপরি পত্র আচ্ছাদন দিয়া বন্ধন করিবে। বায়ু-জন্য ব্রণে এরণ্ড, ভূর্জ্জ, পূতিক (করঞ্জ) অথবা হরিদ্রার পত্র; রক্ত বা পিত্ত-জন্য ব্রণে, আশ্ববল গাম্ভার, মনসা বা অর্ক বৃক্ষের পত্র; কফ-জন্য ব্রণে পাঠা মূর্ব্বা গুলঞ্চ কাকমাচী হরিদ্রা দারু-হরিদ্রা বা শুকনাসার (সোনাবৃক্ষ) পত্র, আচ্ছাদনে ব্যবহার করিবে। যে পত্রের দ্বারা আচ্ছাদিত করিতে হইবে তাহা কর্কশ ক্লিন্ন জীর্ণ কঠিন অথবা কীট ভক্ষিত না হয়। স্নেহ বা ঔষধের সারের দ্বারা যে পত্র দূষিত না হয়, তাহাই প্রলেপের উপরি আচ্ছাদন করিবে। পত্রের উপরি পট্টবস্ত্রের দ্বারা বন্ধন করিবে। ব্রণে শীতলতা ও উষ্ণতা জন্মাইবার জন্য, ও প্রলেপের ঘৃতাদি লেপ হইতে বাহির না হয় এই জন্য, লেপের উপবিভাগ পত্রের দ্বারা আচ্ছাদিত করিবে। ব্রণের উপরিভাগে মক্ষিকাদির দ্বারা কৃমি জন্মিলে, ও সেই কৃমি কর্ত্তৃক ভক্ষিত হইলে, ব্রণ অতিশয় ফুলিয়া উঠে, তাহাতে তীব্র যাতনা জন্মে ও তাহা হইতে রক্তস্রাব হয়। সে স্থলে সুরসাদিগণে উল্লিখিত দ্রব্য সমূহের কাথে ধৌত করিয়া, পূরিয়া উঠিবার জন্য সেই সকল দ্রব্যই প্রয়োগ করিবে। অথবা সপ্তপর্ণ করঞ্জ অর্ক নিম্ব ও পিয়াল এই সকল বৃক্ষের ত্বক্ গো-মূত্রে পিষিয়া লেপ দিবে, বা মাংসপেশী সকল আচ্ছাদিত করিয়া ক্ষারোদক সেচন করিবে, ও কৃমি সকল ব্রণ হইতে বাহির করিয়া ফেলিবে। কৃমি বিংশতি প্রকার, তাহাদিগের বিষয় পরে বলা যাইবে। ব্রণ কর্ত্তৃক দীর্ঘ কাল পীড়িত থাকিলে, শরীর কৃশ বা শুষ্ক হইলে, রোগীর অগ্নি রক্ষা করা, ও শরীরের পুষ্টিসাধন করা কর্ত্তব্য। বিষাক্ত রোগের বিজ্ঞান, বিষ নির্ণয় করা ও তাহার চিকিৎসা, কল্পস্থানে বলা হই-

য়াছে। স্কন্ধদেশের ঊর্দ্ধ ভাগে যে সকল কণ্ডূবিশিষ্ট শোফ জন্মে তাহাতে শিরোবিরেচন প্রয়োগ করিবে। ঐ সকল স্থানে বায়ু-জন্য দাহ-বিশিষ্ট রুক্ষ ব্রণ হইলে নস্য প্রয়োগ করিবে। দোষের নিবৃত্তির জন্য, যাতনা ও দাহের শান্তির জন্য, জিহ্বা ও দন্তের মল আহরণের জন্য, এবং মুখমধ্যস্থ ব্রণের শোধন বা রোপণ জন্য, উষ্ণ বা শীতল কবলগ্রহ (কুলকুচ) বিধেয়। স্কন্ধদেশের ঊর্দ্ধ ভাগে কফ-বাত-জন্য রোগ অথবা শোফ বা স্রাব-বিশিষ্ট ব্রণ হইলে ধূমপান কর্ত্তব্য। সদ্যো-ব্রণের স্থলে (অস্ত্রাদির আঘাতের দ্বারা যে ব্রণ জন্মে) রক্ত-নিঃসরণ রোধ করণার্থে এবং ক্ষতের সন্ধানার্থে (যোড়া লাগা) ঘৃত মধু প্রয়োগ করিবে। শল্য কর্ত্তৃক গভীর ও সূক্ষ্ম মুখ-বিশিষ্ট ব্রণ হইলে, ও তাহা হইতে হস্তের দ্বারা শল্য বাহির করিতে না পারিলে, যন্ত্র ব্যবহার করিবে। সকল প্রকার ব্রণ রোগেই লঘু, স্নিগ্ধ, উষ্ণ, ও অগ্নিকর আহার লঘু পরিমাণে প্রদান করিবে। ব্রণ-পীড়িত রোগীকে পূর্ব্বোক্ত রক্ষা বিধান ও যম নিয়মের দ্বারা নিশাচরগণ হইতে সর্ব্বদা রক্ষা করিবে।

ছয়টী মূল ক্রিয়াকাল, অষ্টবিধ শস্ত্র চিকিৎসা, রোগের পঞ্চ লক্ষণ, এবং ষষ্টি প্রকার চিকিৎসার উপক্রম, ব্রণ চিকিৎসার পক্ষে এই গুলি প্রয়োজনীয়। গ্রন্থ-বাহুল্য ভয়ে অতি অল্প ঔষধ বলা হইল। এই সকল ঔষধ যে রূপ গুণ-বিশিষ্ট, সেই রূপ গুণ-বিশিষ্ট অন্য দ্রব্যও লওয়া যাইতে পারে। কোন অধিকারের ঔষধে যদি দুর্লভ দ্রব্য উক্ত হইয়া থাকে, সে স্থলে এই রূপ করিবে। ঔষধের যে সমস্ত গণ বর্ণ্ণ হইয়াছে তাহার মধ্যে কোন দ্রব্য যদি স্থল-বিশেষে গুণকারী না হয় তবে তাহাকে পরিত্যাগ করিবে, এবং গণে উল্লেখ নাই এমন দ্রব্যও যদি উপকারী হয় তাহাও গ্রহণ করিবে। ব্রণ-রোগের উপদ্রব দুই প্রকার, এক প্রকার রোগের অপর প্রকার রোগীর। শব্দ, স্পর্শ, রূপ, রস ও গন্ধ এই পাঁচটী ব্রণের উপদ্রব, এবং জ্বর, অতিসার, মূর্চ্ছা, হিক্কা,

বমন, অরুচি, শ্বাস, অজীর্ণ ও তৃষ্ণা এই কয়েকটী রোগীর উপদ্রব। ব্রণ-চিকিৎসার প্রতীকার সংক্ষেপে বলা হইল। এক্ষণে সদ্যো-ব্রণের চিকিৎসা বলা যাইতেছে।

দ্বিতীয় অধ্যায়।

সদ্য-ব্রণের চিকিৎসা।

ধার্ম্মিকবর বাক্য-বিশারদ ধন্বন্তরি, বিশ্বামিত্রের পুত্র সুশ্রুতকে যে রূপ উপদেশ দিয়াছেন তদনুসারে সদ্যো ব্রণের চিকিৎসা বলা যাইতেছে। বিবিধ প্রকার শস্ত্র শরীরের ভিন্ন ভিন্ন স্থানে পতিত হইলে যে সকল ভিন্ন ভিন্ন প্রকার ব্রণ জন্মায়, তাহার লক্ষণ বলা যাইতেছে। আহত হইলে, চতুষ্কোণ, ত্রিকোণ, মণ্ডলাকার, অর্দ্ধচন্দ্রাকার, কুটিল, বিশাল শরাবের স্তায় মধ্যস্থলে নিম্ন, এবং যবোদর সদৃশ, আগন্তুক ব্রণের এইরূপ নানাবিধ আকার হইয়া থাকে। সেই সকল ব্রণ দোষ-জন্যই হউক অথবা স্বয়ং ভিন্ন হইয়াই হউক, ব্রণের আকৃতিজ্ঞ বৈদ্য তাহাতে মুগ্ধ হইবে না। দুর্দ্দর্শ, বিকৃত, বা যে কোন আকৃতি ও বর্ণ-বিশিষ্ট হউক, তাহারা লক্ষণ ভেদে ছয় প্রকার বলিয়া কীর্ত্তিত হইয়াছে। যথা—ছিন্ন, ভিন্ন, বিদ্ধ, ক্ষত, পিচ্চিত ও ঘৃষ্ট। ইহাদিগের প্রত্যেকের লক্ষণ বলা যাইতেছে। বক্র হউক বা সরল হউক ব্রণ আয়ত হইলে, অথবা শরীরের কোন অঙ্গ বিচ্ছিন্ন হইয়া পড়িলে ছিন্ন বলা যায়। কুন্ত, শক্তি ঋষ্টি, খড়্গাগ্র, বিষাণাদির দ্বারা কোন আশয় ভেদ হইয়া, তাহা হইতে কিঞ্চিৎ স্রাব হইলে ভিন্ন বলা যায়। আশয় সাতটী, আমাশয়, পক্কাশয়, মূত্রাশয়, রক্তাশয়, হৃদয়, উণ্ডুক ও ফুস্ফুস। কোন একটী আশয় ভিন্ন হইয়া তাহাতে রক্ত সঞ্চিত হইলে জ্বর ও দাহ জন্মে, মল-মূত্রের দ্বার, মুখ ও নাসিকা হইতে রক্ত নিঃসরণ হয়, এবং মূর্চ্ছা শ্বাস, তৃষ্ণা আধ্মান অরুচি, মল মূত্র ও বায়ুর

রোধ, ঘর্ম্ম নিঃসরণ, চক্ষু রক্তবর্ণ, মুখে আমিষ গন্ধ, শরীরের দুর্গন্ধ, হৃদি-শূল ও পার্শ্ব-শূল, এই সকল উপদ্রব জন্মে। কোন্ আশয় ভেদ হইলে কি রূপ লক্ষণ জন্মে, তাহা এক্ষণে বিশেষ করিয়া বলা যাই-তেছে। আমাশয় ভেদ হইয়া তাহাতে রক্ত সঞ্চিত হইলে, রক্ত বমন হয়, এবং অতিমাত্র আধ্মান ও শূল জন্মে। পক্বাশয় ভেদ হইলে, বেদনা, শরীরের গৌরব, নাভির অধোভাগ শীতল, ও কর্ণ নাসিকা মুখ হইতে রক্ত স্রাব হয়। আশয় ভেদ না হইয়া যদি অস্থি ভেদ হয়, তবে সূক্ষ্ম পথের দ্বারা বায়ু প্রবিষ্ট হইয়া তাহার অন্তঃপূর্ণ হয় ও আচ্ছন্ন-মুখ ঘটের ন্যায় তাহা ভার হয়। সূক্ষ্ম-মুখ শল্য, শরীরের আশয় ভিন্ন অন্য স্থানে প্রবিষ্ট হইয়া, উত্তুণ্ডিত ভাবেই থাকুক (অগ্র-ভাগ কিঞ্চিৎ বাহির হওয়া), অথবা শরীর হইতে নির্গত হউক, তাহাকে বিদ্ধ বলা যায়। অতিশয় ছিন্ন বা অতিশয় ভিন্ন না হইয়া শরীরে বিপরীত ব্রণ হইলে ক্ষত বলা যায়। প্রহার বা পীড়নের দ্বারা অস্থি স্থান ফুলিয়া উঠিলে পিচ্চিত বলা যায়, তাহা মজ্জা ও রক্তে পরিপ্লুত হয়। ঘর্ষণের দ্বারা শরীরের ত্বক্ উঠিয়া যাইয়া রস নিঃসরণ হইলে ঘৃষ্ট বলা যায়। ছিন্ন ভিন্ন বিদ্ধ বা ক্ষত হইলে অতিশয় শোণিত স্রাব হয়, রক্ত-ক্ষয় প্রযুক্ত বায়ু অত্যন্ত কুপিত হইয়া সেই স্থলে বেদনা জন্মায়। তাহাতে স্নেহ পান, আহত স্থানে স্নেহ সেচন, ঘৃতাক্ত কৃশরা ও বেশবার সহযোগে বন্ধন, ধান্যস্বেদ, স্নিগ্ধ আলেপন এবং বাতঘ্ন ঔষধের কাথ সহযোগে স্নেহ পান করাইয়া বিরেচন, এই সকল প্রতীকার কর্ত্তব্য। পিচ্চিত বা ঘৃষ্ট হইলে রক্ত অধিক স্রাব হয় না, তজ্জন্য জ্বালা করে ও পাকিয়া উঠে। তাহাতে শোণিতের উষ্ণতা দাহ ও পাকের শান্তির নিমিত্ত শীতল আলেপন ও শীতল পরিসেচন কর্ত্তব্য। পূর্ব্বোক্ত ছিন্ন ভিন্নাদি ছয় প্রকারের চিকিৎসার উপরিই সদ্যো-ব্রণের সমস্ত চিকিৎসা নির্ভর করে।

অতঃপর সকল প্রকার ছিন্নের চিকিৎসা বলা যাইতেছে। যদি

মস্তক বা কোন পার্শ্বদেশ আয়ত ভাবে আহত হইয়া মাংস লম্বিত হইয়া (ঝুলিয়া) পড়ে, তাহা সীবন করিয়া গাঢ় রূপে বন্ধন করিবে। কর্ণ ছিন্ন হইয়া স্থান-চ্যুত হইলে, তাহা যথা-স্থানে স্থাপন পূর্ব্বক সীবন করিয়া তৈল সেচন করিবে। কৃকাটিকার অন্ত ভাগ ছিন্ন হইয়া তাহাতে বায়ু গমনাগমন করিলে, তাহা সম্যক রূপে সংযত ভাবে স্থাপন করিবে, ও রোগী উত্তানভাব (চীত হয়ে) থাকিয়া আহার করিবে। তির্য্যক আঘাতে হস্ত পাদ অধিকাংশ ছিন্ন হইয়া পড়িলে, সন্ধি অস্থি প্রভৃতি সম্যক্ রূপে সংমিলিত করিয়া সীবন করিবে, ও বেল্লিতক নামক বন্ধনের দ্বারা বন্ধন করিয়া তৈল সেচন করিবে, অথবা চর্ম্মের দ্বারা গোফণার আকারে বন্ধন করিবে। ব্রণ পৃষ্ঠ-দেশে হইলে রোগীকে উত্তান ভাবে শয়ন করাইবে। বক্ষঃস্থলে ব্রণ হইলে অন্য প্রকারে শয়ন করাইবে। হস্ত বা পাদ নিঃশেষে ছিন্ন হইয়া (দ্বিখণ্ডিত হইয়া) পড়িলে, তৈল সহযোগে দগ্ধ করিবে, ও কোশ নামক বন্ধনের দ্বারা বন্ধন করিবে। রোপণ করিয়া চন্দন পদ্মকাষ্ঠ লোধ সোণাবৃক্ষ উৎপল নীলোৎপল রক্তোৎপল হরিদ্রা যষ্টি-মধু ও পয়স্যা, এই সকলের সহযোগে তৈল পাক করিবে। ব্রণ রোপণের পক্ষে এই তৈল অতি প্রশস্ত। চন্দন ককট (শাল্মলী) সহা মহাসহা (মাসপর্ণী) জটামাংসী অমৃতা (গুলঞ্চ) হরেণু (রেণুকা) মৃণাল ত্রিফলা পদ্ম ও ত্রিবিধ উৎপল এই ত্রয়োদশ প্রকার দ্রব্য অথবা দুগ্ধ সহযোগে তৈল পাক করিবে। ব্রণের রোপণের পক্ষে সেই তৈল সেচন করা হিতকর।

অতঃপর ভিন্নের চিকিৎসা বলা যাইতেছে। নাড়ী ভেদ করা হইলে অকর্ম্মণ্য হয়। ভিন্ন না হইয়া যদি লম্বিত হইয়া (ঝুলিয়া) পড়ে, তবে শীরা আহত না হয় এ রূপ ভাবে সেই নাড়ীকে হস্তের দ্বারা চাপিয়া যথা-স্থানে নিবিষ্ট করিবে। নিবিষ্ট করণের কালে সেই নাড়ী পদ্মপত্রের মধ্যে রাখিয়া হস্তের দ্বারা ধারণ করিবে। ছাগীর-

ঘৃত ক্ষীর-পত্র (যজ্ঞডুম্বুরের-পত্র) যষ্টিমধু নীলোৎপল রক্তোৎপল শুক্ল উৎপল জীবক ঋষভক এই সকল একত্র পিষিয়া তৎসহযোগে ঘৃত পাক করিবে। যে কোন প্রকারে নাড়ী আহত হউক তাহার পক্ষে এই ঘৃত বিধেয়। উদরে যে বর্ত্তির আকারে মেদ থাকে তাহা নির্গত হইলে, শোণাবৃক্ষের ভস্ম ও মৃত্তিকা চূর্ণ তাহার উপরি বিকীর্ণ করিয়া, সূত্রের দ্বারা বন্ধন করিবে ও অগ্নি-তপ্ত শস্ত্রের দ্বারা বহির্গত ভাগ ছেদন করিয়া দিবে। পরে সেই ব্রণের মুখে মধু লেপন করিয়া বন্ধন করিবে ও পূর্ব্ব ভুক্ত অন্ন পরিপাক হইলে ঘৃত পান করাইবে। ঘৃতের অভাবে দুগ্ধও দেওয়া যায়। কিন্তু সেই দুগ্ধ বা ঘৃত শর্করা যষ্টিমধু লাক্ষা অথবা গোক্ষুরী ও চিত্রা সহযোগে পাক করিয়া দিবে। ইহাতে ঐ ব্রণ-জন্য বেদনা ও দাহের শান্তি হয়। পূর্ব্বোক্ত রূপে ছেদন না করিলে উদরের আধ্মান মৃত্যু অথবা শূল জন্মিতে পারে। চিকিৎসিত স্থানে অষ্টাদশ অধ্যায়ে মেদোগ্রন্থি রোগে যে তৈল পরে বলা হইল, সেই তৈল এ স্থলে প্রয়োগ করিবে। ত্বকের নিম্ন দেশে শিরা প্রভৃতি ভেদ করিয়া, অথবা ভেদ না করিয়া শিরা প্রভৃতির অভ্যন্তরে শল্য কোষ্ঠ-দেশে প্রবেশ পূর্ব্বক পূর্ব্বোক্ত সকল উপদ্রব জন্মাইলে, ও তদ্দ্বারা কোষ্ঠ-মধ্যে রক্ত সঞ্চয়, হস্ত পাদ ও মুখ শীতল ও পাণ্ডু বর্ণ, নিঃশ্বাস শীতল, চক্ষু রক্তবর্ণ ও মলমূত্রের অবরোধ, এই সকল লক্ষণ ঘটিলে রোগীকে পরিত্যাগ করিবে। কোন কোষ্ঠ-দেশ ভেদ হওয়া প্রযুক্ত আমাশয়ে রক্ত সঞ্চিত হইলে বমন করাইবে, পক্বাশয়ে সঞ্চিত হইলে বিরেচন প্রয়োগ করিবে। বমন বিরেচনের জন্য ঘৃত তৈলাদি বর্জ্জিত উষ্ণ ঔষধ (ক্বাথ) ব্যবহার করিবে। ঘৃত তৈলাদি বর্জ্জিত যব কোল ও কুলথের রস সহযোগে অন্ন ভোজন করাইবে, অথবা সৈন্ধব লবণ সহযোগে যবের মণ্ড পান করাইবে। কোষ্ঠ ভেদ হইয়া অতিশয় রক্ত নিঃসৃত হইতে থাকিলে শোণিত পান করাইবে। কোষ্ঠ ভেদ হইয়াও যদি মল মূত্র ও বায়ু স্বাভাবিক পথে নিঃসরণ হইতে থাকে, ও কোন

প্রকার উপদ্রব না থাকে, তবে সে রোগী রক্ষা পায়। অন্ত্র ভেদ না হইয়া যদি উদর হইতে নির্গত হয়, তবে তাহা পুনর্ব্বার প্রবেশ করাইবে। কেহ কেহ বলেন যে পিপীলিকার দ্বারা সেই নির্গত অন্ত্র দংশন করাইয়া তাহার মস্তক সমেত প্রবেশ করাইবে। নির্গত অন্ত্র দুগ্ধের দ্বারা প্রক্ষালন করিয়া, তাহাতে তৃণ শোণিত ও পাংশু লেপন করিয়া, ও ঘৃত মাখাইয়া অল্পে অল্পে প্রবেশ করাইবে। প্রবেশ করাইবার কালে অঙ্গুলির নখ কর্ত্তিত হওয়া আবশ্যক। শুষ্ক অন্ত্র প্রবেশ করাইতে হইলে, তাহাতে দুগ্ধ সেচন করিবে, ও আপ্লুত করিয়া ঘৃত মাখাইবে। প্রবেশ করাইবার কালে অঙ্গুলির দ্বারা কণ্ঠদেশ মার্জ্জন করিবে, শীতল জল প্রক্ষেপ করিয়া শরীর উদ্বিগ্ন করিবে, ও বলিষ্ঠ ব্যক্তিগণ তাহার হস্ত পাদ ধারণ পূর্ব্বক শূন্যে উত্থাপিত করিয়া, যে রূপে অন্ত্র সমস্ত অভ্যন্তরে প্রবিষ্ট হয় সেই মত করিয়া অল্পে অল্পে তাহার শরীর কম্পিত করিতে থাকিবে।

যে স্থান ভেদ হইয়া অন্ত্র সমস্ত বহির্গত হয়, সেই ব্রণের মুখ অল্প প্রসারিত অথবা অধিক প্রসারিত হওয়া প্রযুক্ত যদি নির্গত অন্ত্র তাহার মধ্যে প্রবেশ করাইতে না পারা যায়, তবে সেই মুখ পরিমিত রূপে প্রসারিত করিয়া লইবে। পরে সেই নির্গত অন্ত্র যথাস্থানে স্থাপিত করিয়া তৎক্ষণাৎ সীবন করিবে। অন্ত্র স্বস্থান চ্যুত হইলে রোগীর শ্বাস রোধ করাইয়া যথা স্থানে অন্ত্র স্থাপন করিবে, ও পট্টের দ্বারা বেষ্টন করিয়া তাহাতে ঘৃত সেচন করিবে, এবং বায়ু ও পুরীষের মৃদু রেচনের জন্য চিত্রাতৈল সংযুক্ত ঈষদুষ্ণ ঘৃত পান করাইবে। পরে ব্রণের রোপণের জন্য নিম্ন লিখিত তৈল প্রয়োগ করিবে। সাল ধব শাল্মলী মেষশৃঙ্গ শল্লকী অর্জ্জুন শালপাণী ও মনসা, এই সকল বৃক্ষের ত্বক্, এবং বেড়েলার মূল একত্র তৈল পাক করিবে। এই তৈলে ব্রণ পূরিয়া উঠিবে। মুষ্কদ্বয় রহিত করিতে হইলে পাদদ্বয় ও চক্ষু দ্বয়ে জল প্রোক্ষিত করিবে ও তুন্নসেবনী নামক কটীসন্ধি মধ্যে

মুষ্কদ্বয় প্রবেশ করাইয়া সীবন করিবে। পরে কটীদেশে গোফণা নামক বন্ধন প্রয়োগ করিবে। তাহাতে স্নেহ সেচন কর্ত্তব্য নহে। তাহা হইলে ব্রণে ক্লেদ জন্মে। রক্ত চন্দন অগুরু এলাইচ জাতী চন্দন পদ্মকাষ্ঠ শিলা (শৈলজ) দেবদারু আমলকী ও তুত্থ্য (তুঁতে) একত্র তৈল পাক করিয়া প্রয়োগ করিলে সেই ব্রণ পূরিয়া উঠে। শিরোদেশ হইতে শল্য বাহির করিলে সে স্থানে চুলের পলিতা করিয়া প্রবিষ্ট করিবে। চুলের পলিতা না দিলে সেই স্থান হইতে মস্তলুঙ্গ (মস্তিষ্ক) নির্গত হইতে পারে। তাহা হইলে বায়ু কুপিত হইয়া প্রাণ নাশ হয়। অতএব তাহা অবশ্যই কর্ত্তব্য। ব্রণ পূরিয়া উঠিতে আরম্ভ হইলে এক একটি চুল পলিতা হইতে নির্গত করিয়া ফেলিবে। শরীরের অন্য স্থান হইতে শল্য বাহির করিলে তাহাতে স্নেহ-যুক্ত পলিতা প্রবিষ্ট করাইবে। সদ্যঃ ক্ষতের স্থলে অগ্রে নিঃশেষে শোণিত নিঃসারিত করিয়া পরে পলিতা প্রবিষ্ট করাইবে। ব্রণের মুখ অত্যন্ত সূক্ষ্ম হইলে, নিঃশেষে শোণিত নিঃসারিত করিয়া সূক্ষ্ম শলাকার দ্বারা তাহাতে চক্র-তৈল সেচন করিবে।

মঞ্জিষ্ঠা হরিদ্রা পদ্মচারিণী ত্রিকটু ত্রিফলা তুত্থ বিড়ঙ্গ কটুকী হরীতকী গুলঞ্চ করঞ্জ, এই সকল একত্র তৈল পাক করিয়া প্রয়োগ করিলে ব্রণ পূরিয়া উঠে। তালীশ পদ্মকাষ্ঠ জটামাংসী হরেণু অগুরু, চন্দন হরিদ্রা দারুহরিদ্রা পদ্মবীজ বেণা-মূল ও যষ্টিমধু এই সকল সহযোগে তৈল পাক করিয়া প্রয়োগ করিলে সদ্য-ব্রণ পূরিয়া উঠে ক্ষতর স্থানে ক্ষতর বিধি অনুসারে কার্য্য করিবে, পিচ্চিতের স্থানে ভগ্নের বিধি অনুসারে কার্য্য করিবে। ঘৃষ্টের স্থানে বেদনার শান্তি করিয়া চূর্ণ প্রয়োগ করিবে। কোন অঙ্গ বিশ্লিষ্ট পতিত মথিত বা হত হইলে, তৈল-পূর্ণ দ্রোণীর দ্বারা বাসিত করিবে, ও মাংস-রস পথ্য দিবে। ক্ষীণ অবস্থায় অথবা মর্ম্ম আহত হইলেও এই বিধি কর্ত্তব্য। ব্রণ রোপণের কালে রোগীর দেহ ও ঋতু বিবেচনা করিয়া

পরিসেচনে ও পানে তৈল বা ঘৃত ব্যবহার করিবে। পিত্ত বিদ্রধির চিকিৎসায় যে সকল ঘৃত বলা হইবে, সদ্যব্রণের স্থলেও তাহা যত্ন পূর্ব্বক প্রয়োগ করা কর্ত্তব্য। বেদনা-বিশিষ্ট সদ্যঃ ক্ষত-ব্রণ হইলে, অনতি-শীতল ঘৃত অথবা বলা-তৈল সেচন করিবে। মঞ্জিষ্ঠা হরিদ্রা পদ্মচারিণী হরীতকী তুথ সর্জ্জিকা ক্ষার পদ্মকাষ্ঠ লোধ যষ্টিমধু বিড়ঙ্গ হরেণু তালীশ-পত্র বেণামূল চন্দন পদ্মকেশর মঞ্জিষ্ঠা বেণামূল লাক্ষা ক্ষীর-বৃক্ষের পল্লব পিয়াল-বীজ তিন্দুকীর বীজ অথবা অপক্ক ফল, এই সকলের মধ্যে যাহা যাহা পাওয়া যায় তাহা সংগ্রহ পূর্ব্বক তৈল পাক করিবে। সদ্য-ব্রণ ও সকল প্রকার নির্দ্দোষ ব্রণ পূরণের পক্ষে এইটি অতি প্রশস্ত তৈল। কষায়-মধুর রস এবং শীতল ও স্নিগ্ধ ক্রিয়াও ইহাতে প্রয়োগ করিবে। সদ্যব্রণের স্থলে সপ্তাহ পর্য্যন্ত এই রূপ প্রতীকার করিবে। দুষ্ট ব্রণের স্থলে দেহের ঊর্দ্ধা-ধোভাগ সংশোধিত করিবে, শোণিত-শোষণ আহারের নিয়ম ও রক্তমোক্ষণ করিবে, রাজ-বৃক্ষ ও সুরসা বৃক্ষ প্রভৃতির কাথ ব্রণ ধৌত করণে ব্যবহার করিবে, ও সেই কাথে তৈল পাক করিয়া প্রয়োগ করিবে। অথবা ক্ষারকল্পে যে সকল ক্ষার দ্রব্যের কথা বলা হইয়াছে, তাহাতে তৈল পাক করিবে। দ্রবন্তী চিরবিল্ব দন্তী চিত্রক বড় এলাইচ নিম্ব-পত্র কাসীস (হিরেকস) তুথ (তুঁতে) তৃবৃং তেজোবতী (গজপিপ্পলী) নীল-বৃক্ষ হরিদ্রা দারুহরিদ্রা সৈন্ধব তিল ভূমি-কদম্ব সুবহা (শেফালিকা) শুক (গ্রন্থিপর্ণী) লাঙ্গল [ঈশলাঙ্গুলে] নৈপালী (মনঃশিলা) জালিনী (কোশাতকী) মল্লমন্তী (কাটমল্লিকা) মৃগাদনী (বেড়লা) সুধা (মুহী) মূর্ব্বা অর্ক কীটারী (বিড়ঙ্গ) হরিতাল করঞ্জিকা (ডর করঞ্জ) এই সকলের মধ্যে যাহা যাহা পাওয়া যায় তদ্দ্বারা শোধনীয় তৈল অথবা ঘৃত পাক করিবে, এবং নিম্ন-লিখিত কল্ক শোধনের নিমিত্ত প্রয়োগ করিবে। বাতিক-জন্য ব্রণে সৈন্ধব তৃবৃৎ ও এরণ্ড পত্রের কল্ক, পিত্ত-জন্য

ব্রণে তিল সংযোগে ত্রিবৃৎ হরিদ্রা যষ্টি-মধুর কল্‌ক, এবং কফ-জন্য ব্রণে, তিল তেজপত্র দন্তী স্বর্জ্জিকা-ক্ষার ও চিত্রকের কল্‌ক, প্রয়োগ করিবে। মেহ-জন্য বা কুষ্ঠ-জন্য ব্রণের স্থলে দুষ্ট-ব্রণের ন্যায় প্রতীকার করিবে। যে ছয় প্রকার সদ্যঃ-ব্রণের বিষয় বলা হইল, তাহা অপেক্ষা অধিক প্রকার কেহই নিশ্চয় করিতে পারেন না। তবে কোন কোন পণ্ডিতাভিমানী চিকিৎসক উপসর্গ সকল যোজনা করিয়া সদ্য-ব্রণের বিবিধ প্রকার ভেদ করেন। কিন্তু যত প্রকার ভেদ হউক তাহা সমস্তই এই ছয় প্রকারে বর্ত্তে।

তৃতীয় অধ্যায়।

ভগ্নের চিকিৎসা।

অল্লাহারী অমিতাচারী অথবা বায়ু-প্রকৃতি ব্যক্তির ভগ্ন-রোগ হইলে, অথবা ভগ্ন-রোগে কোন প্রকার উপদ্রব ঘটিলে, কষ্টে আরোগ্য হয়। লবণ কটু ক্ষার অম্ল মৈথুন সূর্য্যতাপ ব্যায়াম অথবা রুক্ষ অন্ন, ভগ্ন-রোগী সেবন করিবেন না। অভিজ্ঞ চিকিৎসক ভগ্ন-রোগীকে শালি ধান্যের তণ্ডুল, মাংস রস, দুগ্ধ ঘৃত, ছোট মটরের যুষ, ও অন্যান্য পুষ্টিকর আহার প্রদান করিবে। মধুক উড়ুম্বর অশ্বথ পলাস অর্জ্জুন বংশসাল অথবা বটের ত্বক ভগ্নের স্থানে কুশ সংলগ্ন করিবে (এক্ষণে যাহাকে বাড় বাঁধা বলে), ও মঞ্জিষ্ঠা যষ্টিমধু অথবা রক্তচন্দন, কিম্বা ঘৃত শতবার ধৌত করিয়া পিষ্ট শালিতণ্ডুলের সহ মিশ্রিত পূর্ব্বক ভগ্নের স্থানে লেপ দিবে। সৌম্য ঋতুতে (হেমন্ত বা শিশির কালে) প্রতি সপ্ত দিবস অন্তর, সাধারণ কালে (শরৎ বা বসন্ত কালে) প্রতি পঞ্চ দিবস অন্তর, এবং আগ্নেয় ঋতুতে প্রতি তিন দিবস অন্তর ভগ্নের স্থানে বন্ধন করিবে। ভগ্নের স্থানে কোন দোষ ঘটিলেও বন্ধন খুলিয়া

পুনরায় বন্ধন কর্ত্তব্য। ভগ্নের বন্ধন শিথিল হইলে সন্ধিস্থান স্থির থাকে না। বন্ধন গাঢ় হইলে, ত্বকে ফুলা ও বেদনা হয় ও পাকিয়া উঠে। অতএব ভগ্নে সম-বন্ধনই প্রশস্ত। ন্যগ্রোধাদিগণের শীতল ক্বাথ তাহাতে পরিষেচন করিবে। ভগ্নের স্থানে বেদনা থাকিলে পঞ্চমূলী সহযোগে দুগ্ধ পাক করিয়া সেই দুগ্ধ অথবা চক্র তৈল তাহাতে সেচন করিবে। কাল ও দোষ বিবেচনা করিয়া দোষঘ্ন ঔষধ সহযোগে পরিষেচন ও প্রলেপ শীতল অবস্থায় ভগ্নের উপরি প্রয়োগ করিবে। বরাহ বা শূকরের দুগ্ধ, ঘৃত ও মধুর ঔষধ সহযোগে পাক করিয়া শীতল হইলে লাক্ষা রসের সহিত ভগ্ন-রোগীকে প্রাতঃকালে পান করিতে দিবে। ব্রণ-যুক্ত ভগ্ন হইলে (ভগ্নের স্থানে ঘা হইলে), সেই ব্রণে প্রতিসারণীয় দ্রব্যের ক্বাথ প্রচুর পরিমাণে ঘৃত মধু সহযোগে সেচন করিবে, এবং যথাবিধি ভগ্নের চিকিৎসা করিবে। বালকের ভগ্ন সহজে আরোগ্য হয়। ভগ্ন রোগে যদি রোগী অল্প-দোষ-বিশিষ্ট হয়, ও শিশির কাল হয় তবে বাল্য বয়সে এক মাসে, মধ্য বয়সে দুই মাসে ও প্রাচীন বয়সে তিন মাসে সন্ধি দৃঢ় হয়। ভগ্ন স্থানে অস্থি নত হইয়া পড়িলে তাহাকে উন্নমিত করিয়া, উন্নমিত হইলে তাহাকে অবনমিত করিয়া বন্ধন করিবে। অস্থি অতিক্ষিপ্ত অর্থাৎ সন্ধিস্থান অতিক্রম করিয়া বহির্গত হইলে, সেই স্থান দীর্ঘ ভাবে আঞ্ছিত করিয়া (টানিয়া) সন্ধিমুখে ভগ্ন অস্থির মিলন করিবে। সন্ধিস্থান হইতে অস্থি অধোগত হইলে তাহাকে ঊর্দ্ধে উন্নত করিবে। পরে বন্ধন লেপনাদি প্রয়োগ করিবে। আঞ্ছন (দীর্ঘ ভাবে টানা) পীড়ন (টেপা) সঙ্কোচ করণ ও বন্ধন এই সকল উপায়ের দ্বারা শরীরের সকল সচল বা অচল সন্ধি সংস্থাপন করিবে। সন্ধি উৎপিষ্ট (মচকান) বা বিশ্লিষ্ট হইলে তাহা কোন মতে ঘট্টিত না হয়। তাহাতে শীতল পরিসেচন ও প্রদেহ প্রয়োগ করিবে। কোন প্রকার আঘাত না পাইলে ভগ্ন সন্ধি আপনা হইতেই স্বাভাবিক অবস্থা প্রাপ্ত

হয়। পাটে ঘৃত মাখাইয়া ভগ্ন সন্ধির স্থানে অগ্রে বেষ্টন করিবে, তাহার উপরি পূর্ব্বোক্ত প্রকারে কুশ প্রদান করিবে, তাহার উপরি যথা বিধিক্রমে বন্ধন করিবে।

অতঃপর প্রত্যঙ্গ ভগ্নের বিধি বলা যাইতেছে। নখ-সন্ধি উৎপিষ্ট হইয়া রক্ত সঞ্চিত হইলে আরা নামক শস্ত্রের দ্বারা সেই স্থান মথিত করিয়া সঞ্চিত রক্ত নিঃসারিত করিবে। পরে তাহাতে শালি তণ্ডুল পেষণ করিয়া লেপ দিবে। অঙ্গুলি ভগ্ন বা সন্ধি-বিশ্লিষ্ট হইলে, সন্ধিস্থান সমভাবে স্থাপিত করিয়া তাহাতে সূক্ষ্ম পট্ট বেষ্টন পূর্ব্বক ঘৃত সেচন করিবে। পদতল ভগ্ন হইলে তাহাতে ঘৃত মাখাইয়া কুশ প্রদান করিবে, তাহার উপরি বস্ত্র পাট করিয়া বন্ধন করিবে। এ অবস্থায় ব্যায়াম কর্ত্তব্য নহে। জঙ্ঘা বা উরু-ভগ্ন হইলে দীর্ঘভাবে টানিয়া সন্ধিস্থানে সংযত করিবে। পরে পূর্ব্বোক্ত প্রকার বৃক্ষত্বক্ বেষ্টন করিয়া পট্টবস্ত্রের দ্বারা বন্ধন করিবে। উরুদেশের অস্থি নির্গত হইলে কিম্বা স্ফুটিত বা পিচ্চিত হইলে, তাহাতে চক্র-তৈল মাখাইয়া দীর্ঘভাবে টানিবে। পরে পূর্ব্ববৎ বন্ধন করিবে। কটী-ভগ্ন হইলে কটীর উর্দ্ধ ও অধোভাগে টানিয়া সন্ধি স্বস্থানে সংযোজিত করিবে। সন্ধি স্বস্থানে সংযোজিত হইলে বস্তি-ক্রিয়া কর্ত্তব্য। পার্শ্বদেশের অস্থি ভগ্ন হইলে, রোগীকে দণ্ডায়মান রাখিয়া ঘৃত মাখাইবে। পরে দক্ষিণ বা বাম পার্শ্বের (যে পার্শ্বের অস্থি ভগ্ন হইয়া থাকে) অস্থি বন্ধনের স্থান মার্জ্জিত করিবে। তাহার উপরি প্রলেপ প্রয়োগ করিয়া বন্ধন করিবে। অংস-সন্ধি বিশ্লিষ্ট হইলে তৈল-পূর্ণ কটাহ বা দ্রোণীতে রোগীকে শয়ন করাইয়া, মুষলের দ্বারা তাহার কক্ষাদেশ ধরিয়া তুলিবে। তাহাতে অংস-সন্ধি সংশ্লিষ্ট হইলে স্বস্তিক বন্ধনের দ্বারা সেই স্থান বন্ধন করিবে। কূর্পর-সন্ধি (কনুই) বিশ্লিষ্ট হইলে, বিশ্লিষ্ট-সন্ধি অঙ্গুষ্ঠের দ্বারা মার্জ্জিত করিবে। পরে প্রসারিত ও আকুঞ্চিত করিয়া চাপিয়া বসাইয়া দিয়া ঘৃত সেচন করিবে। জানু-

গুল্‌ফ বা মণিবন্ধ ভগ্ন হইলেও এই প্রণালী অবলম্বন করিবে। হস্ত বা পাদের তল ভগ্ন হইলে উভয় তল সমভাবে রাখিয়া বন্ধন পূর্ব্বক তাহাতে আম তৈল সেচন করিবে। হস্তের তল ভগ্ন হইয়া আরোগ্য হইলে, প্রথমত গোময়-পিণ্ড পরে মৃত্তিকা পিণ্ড, এবং হস্তে বল হইলে পাষাণ খণ্ড ধারণ করাইবে। গ্রীবা-দেশের অক্ষক নামক সন্ধি বিশ্লিষ্ট হইলে, স্বেদ দিয়া মুষলের দ্বারা উন্নত করিয়া চাপিয়া বসাইয়া দৃঢ় বন্ধন করিবে। গ্রীবাদেশ উঠিয়া পড়িলে বা অধোভাগে বসিয়া গেলে গ্রীবার পশ্চাদ্ভাগের মধ্যস্থল ও হনুদ্বয় ধারণ করিয়া উন্নমিত করিবে। উন্নমিত করিয়া তাহার চতুর্দ্দিকে কুশ প্রদান করিয়া বস্ত্র-পট্টের দ্বারা বেষ্টন করিবে। এই রোগীকে সপ্তরাত্র নিয়ত উত্তান ভাবে শয়ন করাইয়া রাখিবে। হনু-সন্ধি বিশ্লিষ্ট হইলে হনুর অস্থিদ্বয় সমভাবে স্থাপিত করিয়া স্বেদ প্রদান পূর্ব্বক পঞ্চাঙ্গী বন্ধনের দ্বারা বন্ধন করিবে; এবং বাতঘ্ন অথচ মধুর এরূপ দ্রব্য সহযোগে ঘৃত পাক করিয়া নস্য প্রয়োগ করিবে। যুবা ব্যক্তির দন্ত ভগ্ন না হইয়া যদি চলিত হয়, তবে রক্ত নিঃসরণ হইতেছে এমন অবস্থায় সেই দন্ত অবপীড়িত করিয়া (চাপিয়া বসাইয়া) বাহিরে সন্ধানীয় দ্রব্যের শীতল আলেপন প্রয়োগ করিবে। পদ্মের মৃণালের দ্বারা দুগ্ধ পানই তাহার পথ্য। বৃদ্ধের দন্ত চলিত হইলে আরোগ্য হয় না। নাসা-দণ্ড ভগ্ন হইয়া উঠিয়া বা নামিয়া পড়িলে, শলাকার দ্বারা তাহা সমভাবে স্থাপিত করিয়া, ও উভয় নাসা রন্ধ্রের মধ্যে দ্বিমুখী শলাকা প্রবিষ্ট করিয়া, বস্ত্রপট্টের দ্বারা বেষ্টন পূর্ব্বক ঘৃত সেচন করিবে। কর্ণ ভগ্ন হইলে তাহা ঘৃতে আপ্লুত করিয়া সমভাবে স্থাপন পূর্ব্বক বন্ধন করিবে। পরে সদ্যঃক্ষতের প্রণালীতে চিকিৎসা করিবে। মস্তলুঙ্গ ব্যতিরেকে কেবল মাত্র কপাল খণ্ড ভেদ হইলে, তাহাতে ঘৃত মধু প্রয়োগ করিয়া বন্ধন করিবে, ও সপ্তাহ ঘৃত পান করাইবে। পতন বা

আঘাতের দ্বারা অঙ্গ ক্ষত না হইয়া কেবল ফুলিয়া উঠিলে, তাহাকে শীতল ক্বাথ সেচন ও শীতল ঔষধ প্রয়োগ করিবে। জঙ্ঘা বা উরুদেশ ভগ্ন হইলে কপাট শয়ন হিতকর। কপাট শয়নে রাখিয়া রোগীর পঞ্চ স্থানে কীলকাকারে বন্ধন করিবে, যেন ভগ্ন স্থান চলিত না হয়। সন্ধি স্থানের উভয় দিকে দুইটি করিয়া, তলদেশ একটী, শ্রোণী দেশে বা পৃষ্ঠ দণ্ডে অথবা বক্ষঃস্থলে একটী এবং অক্ষ দ্বয়ে দুইটী বন্ধনী প্রয়োগ করিবে।

ভগ্নসন্ধির বিধি বলা হইল। অধিক কালের সন্ধি বিশ্লিষ্ট হইলে স্নেহ প্রয়োগ করিয়া স্বেদ দিবে ও মৃদু প্রক্রিয়া করিবে, এবং পূর্ব্বোক্ত সকল ক্রিয়া যুক্তি অনুসারে করিবে। কাণ্ড [বৃহৎ অস্থি] ভগ্ন হইয়া বিপরীত ভাবে সংলগ্ন হইয়া পূরিয়া উঠিলে, তাহা পুনর্ব্বার সমভাবে সংলগ্ন করিয়া ভগ্নের ন্যায় প্রতীকার করিবে। ব্রণের মধ্যে শুষ্ক অস্থি থাকিলে তাহা নির্গত করিয়া পুনর্ব্বার সংযত করিবে। শরীরের ঊর্দ্ধ দেশে [মস্তকে] ভগ্ন হইলে কর্ণ পূরণ বিধেয়, ইহা মস্তিষ্কের পক্ষে হিতকর। ঘৃত পান ও নস্য ও ইহাতে হিতকর। কোন প্রশাখা ভগ্ন হইলে অনুবাসন কর্ত্তব্য।

অতঃপর ভগ্নের চিকিৎসার নিমিত্ত তৈল পাকের প্রকরণ বলা যাইতেছে। কৃষ্ণ তিল, রাত্রিকালে জলে আলোড়িত করিবে, এবং দিবাভাগে শুষ্ক করিয়া গাভী-দুগ্ধে ভাবিত করিবে। ত্রিরাত্র বা সপ্তরাত্র এই রূপ করিয়া পরে মধু-মিশ্রিত জলে ভাবিত করিবে। অনন্তর পুনর্ব্বার দুগ্ধে ভাবিত করিয়া শুষ্ক হইলে চূর্ণ করিবে। কাকোল্যাদি গণস্থ দ্রব্য যষ্টি-মধু মঞ্জিষ্ঠা শ্যামালতা কুষ্ঠ ধুনা জটামাংসী দেবদারু রক্তচন্দন ও শতপুষ্প, এই সকলের চূর্ণ পূর্ব্বোক্ত তিল চূর্ণের সহিত একত্র করিবে। সর্ব্বগন্ধা (১) সহযোগে

(১) গুড়ত্বক এলাইচ তেজপত্র নাগকেশর কর্পূর কঙ্কোল অগুরু কুঙ্কুম লবঙ্গ এই সর্ব্বসমেত সর্ব্বগন্ধা বলে।

দুগ্ধ পাক করিবে, সেই দুগ্ধ-যোগে ঐ সকল চূর্ণ মর্দ্দন করিয়া তৈল বাহির করিবে; সেই তৈল চতুর্গুণ-দুগ্ধ-সহযোগে পাক করিবে; তদনন্তর এলা অংশুমতী (শালপর্ণী) তেজপত্র জীবক তগরপাদুকা রোধ্র প্রপৌণ্ডরিক শৈলজ সৈরেয়ক (ঝাঁটী) শুক্র ভূমিকুষ্মাণ্ড অনন্ত-মূল মধুলিকা (মৌরি) ও শৃঙ্গাটক একত্র পিষিয়া উক্ত তৈল সহ মৃদু অগ্নিতে পাক করিবে। ভগ্ন-রোগের চিকিৎসা সম্বন্ধে সকল প্রকার কার্য্যেই এই তৈল প্রয়োগ করিবে। আক্ষেপক পক্ষাঘাত তালুশোষ, অর্দ্দিত সামক বায়ু-রোগ, মন্যাস্তম্ভ শিরোরোগ কর্ণশূল হনুগ্রহ বধিরতা তিমির-রোগ ও শুক্র-ক্ষয়-জন্য ক্ষীণতা, এই সকল রোগে পানে মর্দ্দনে নস্যে বস্তিকার্য্যে ও ভোজনে এই তৈল প্রয়োগ করিবে। ইহাতে গ্রীবা স্কন্ধ ও বক্ষঃস্থল বৃদ্ধি প্রাপ্ত হয়, এবং মুখ পদ্মের ন্যায় প্রফুল্ল ও নিঃশ্বাস সুগন্ধি-যুক্ত হয়। ইহার নাম গন্ধতৈল, সকল প্রকার বায়ু-জন্য বিকারের শান্তি-কর। ত্রপুষ (শশা) বয়ড়া ও পিয়ালের তৈল, মধুর বর্গ কাকোল্যাদিগণ প্রভৃতি, কোং প্রাণীর বসা, ও তৈলের দশগুণ দুগ্ধ, একত্র পাক করিবে। এইটী অতি উৎকৃষ্ট স্নেহ। পান অভ্যঞ্জন নস্য বস্তি ও পরিষেচনে এই তৈল ব্যবহার করিলে ভগ্ন-রোগ শীঘ্র আরোগ্য হয়। ভগ্ন স্থান যাহাতে পাকিয়া না উঠে তাহার উপায় করা কর্ত্তব্য। ভগ্ন-স্থানে সিরা স্নায়ু বা মাংস পাকিয়া উঠিলে ভগ্ন-রোগ শীঘ্র আরোগ্য হয় না। সন্ধি বিপরীত ভাবে ন্যস্ত বা আবিদ্ধ না হইলে, বা হীনাঙ্গ না হইলে, এবং স্বচ্ছন্দে আকুঞ্চন ও প্রসারণ করিতে পারিলে, সন্ধি সম্যক সংশ্লিষ্ট হইয়াছে বলিয়া জানিবে।

চতুর্থ অধ্যায়।

বাত-ব্যাধির চিকিৎসা।

বায়ু আমাশয়-গত হইলে যথাবিধি বমন করাইয়া সপ্তাহ কাল সুখাম্বু (১) সহযোগে ষড়্ধরণ যোগ সেবন করাইবে। চিত্রক ইন্দ্রযব পাঠা কটুকী আতইচ এবং অভয়া (হরিতকী বিশেষ) ইহারাই বাতব্যাধি-নিবারক ষড়্ধরণ যোগ নামে কথিত। বায়ু পক্বাশয় গত হইলে স্নেহ-বিরেচন (২) এবং প্রচুর লবণ-রস সহযোগে বস্তি (বিরেচন) শোধনী অথবা প্রাস (৩) বিধান করিবে। কর্ণ চক্ষু প্রভৃতি স্থানে বায়ু কুপিত হইলে, স্নেহ অভ্যঙ্গ মর্দ্দন লেপন প্রভৃতি বায়ু-শান্তিকর প্রণালী অবলম্বন করা কর্ত্তব্য। বায়ু বস্তিদেশ-গত হইলে, বস্তি শোধন করা কর্ত্তব্য। বায়ু ত্বক মাংস শিরা বা স্নায়ুগত হইলে, রক্ত-মোক্ষণ স্নেহ-লেপন অগ্নিকর্ম্ম বন্ধন ও উন্মর্দ্দন [নিম্ন হইতে উপরে চুঁচিয়া লওয়া], এই সকল কার্য্য বিধেয়। স্নায়ু সন্ধি বা অস্থি গত হইলে, অথবা অস্থি-মধ্যে নিরুদ্ধ হইলে, অথবা পাণিমন্থ রোগ কর্ত্তৃক দারিত হইলে, নাড়ী [সূক্ষ্ম নল] দ্বারা ধীরে ধীরে বায়ুকে চালনা করিবে [ফুৎকারের দ্বারা ।] বায়ু শুক্র গত হইলে শুক্র-দোষের চিকিৎসা করা কর্ত্তব্য। অবগাহন কুটী করীষের অগ্নি প্রস্তর অভ্যঙ্গ বস্তি-ক্রিয়া [পিচকারী] ও শিরা বেধন পূর্ব্বক রক্ত মোক্ষণ করিয়া সর্ব্বাঙ্গগত বায়ুর শান্তি করিবে। বায়ু একাঙ্গগত হইলে শৃঙ্গের দ্বারা রক্তমোক্ষণ করাইবে। শ্লেষ্মা পিত্ত বা রক্ত, এই তিনটির মধ্যে কোন একটির সহিত বায়ু

---

(১) অগ্নিপক্ব জল, নয় উষ্ণ নয় শীতল হইলে সুখাম্বু বলে।

(২) স্নেহ বিরেচনে তিল্বক সর্পি নামক ঘৃত ব্যবহার্য্য।

(৩) ঘৃত চিনী প্রভৃতি দ্রব্য সহযোগে ঔষধ পাক করিয়া কিঞ্চিৎ তরল অবস্থায় থাকিলে প্রাস বলা যায়।

মিলিত হইলে, অথবা বায়ু কর্ত্তৃক কোন স্থান স্পন্দহীন হইলে, প্রচুর পরিমাণে রক্ত-মোক্ষণ করা এবং তৈল সহযোগে লবণ ও গৃহ-ধূম লেপন করা কর্ত্তব্য। পঞ্চমূলী সহযোগে পাক করা দুগ্ধ, ফলাম্লের [১] রস, অথবা সুস্নিগ্ধ (ঘৃত যুক্ত) ধান্য-যূষ বায়ু-বিকারের পক্ষে হিতকর। কাকোল্যাদিগণ সকল প্রকার বাতঘ্ন অম্ল দ্রব্য, সজল দেশস্থ পশুর মাংশ ও সকল প্রকার স্নেহ-দ্রব্য, এই সকল একত্র করিয়া লবণাক্ত করিবে। ঈষদুষ্ণ হইলে ইহাকে শাল্বণ কহে। বাত-রোগে শরীর কুঞ্চিত ব্যথা-যুক্ত বা গাত্র স্তব্ধ-ভাবাপন্ন হইলে ইহার প্রলেপ প্রয়োগ করিয়া, ক্ষৌম বা কার্পাসের বস্ত্রের দ্বারা গাঢ়রূপে বন্ধন করিবে। অথবা বিড়াল নকুল উষ্ট্র বা মৃগের চর্ম্মে শাল্বণ মাখাইয়া তাহার মধ্যে (বন্ধনের অভ্যন্তরে) প্রবিষ্ট করিবে। স্কন্ধ বক্ষ ত্রিক অথবা মন্যাতে বায়ু রুদ্ধ হইলে বমন ও স্থল বিশেষে নস্যের দ্বারা শান্তি হয়। শিরোগত বায়ু শিরোবিরেচন অথবা রক্ত-মোক্ষণের দ্বারা শান্তি হয়। বায়ু সর্ব্বাঙ্গগত বা একাঙ্গ স্থিত হইলে দ্রব্য সংযোগে বিবিধ প্রকারে স্নেহ মাত্রা সেবন করাইবে। বস্তিদেশে বায়ু রুদ্ধ হইলে, স্নেহ-স্বেদ অভ্যঙ্গ বস্তিক্রিয়া ও স্নেহ-বিরেচন প্রয়োগ করিবে।

শিরোবস্তি [১] শিরঃ স্নেহ (২) স্নেহ-ধূম [৩] ঈষদুষ্ণ প্রয়োগ বা সেবন, স্নেহ-গণ্ডুষ [৪] স্নেহ-দ্রব্যের নস্য, মাংস রস, দুগ্ধ, মাংস, স্নেহ, স্নেহ-বিশিষ্ট দ্রব্য, ও অম্ল ফল ও স্নিগ্ধ-দ্রব্য ভোজন, সকল প্রকার লবণ ঈষদুষ্ণ পরিষেচন, সংবাহন (টেপা) কুঙ্কুম, অগুরু তেজপত্র, কুষ্ঠ এলাইচ, তগর পাদুকা, কৌশেয় ঔর্ণিক বা পশু-রোম নির্ম্মিত

(১) দাড়িম্ব লেবু প্রভৃতিকে ফলাম্ল বলা যায়। সূত্র স্থান রস বিশেষের লক্ষণ অধ্যায় দেখ।

(১) শিরো-বিরেচন।

(২) মস্তকে ঘৃত তৈলাদি পরিষেচণ।

(৩) স্নেহ দ্রব্য সহযোগে ধূম প্রয়োগ।

(৪) স্নেহের কুলকুচা।

বস্ত্র, বায়ু ও আতপ বর্জ্জিত গৃহ, কোমল শয্যা, অগ্নি সন্তাপ ও ব্রহ্মচর্য্য বায়ু রোগে এই সকল প্রক্রিয়া কর্ত্তব্য।

তিল্বক সর্পি [স্নেহ বিরেচন]।

ত্রিবৃৎ দন্তী স্বর্ণক্ষীরী সপ্তলা (চামকষা বৃক্ষ) শঙ্খিনী (চোঁচ-খড়িকা) ত্রিফলা ও বিড়ঙ্গ ইহাদিগের প্রত্যেকের অক্ষ (১) পরিমিত কল্ক, লোধের মূল ও পিল্লকের কল্ক এক এক বিল্ব পরিমিত, দুই পাত্র (২) ত্রিফলার রস, দুই পাত্র দধি এক পাত্র ঘৃত, একত্র পাক করিবে। ইহাতে তিল্বক সর্পি বলে। বাত রোগে স্নেহ বিরেচনের স্থলে ইহা প্রযোজ্য। এই বিধি ক্রমে অশোক ও রম্যকের (পটোল-মূল) ঘৃত পাক করা যায়।

অনুতৈল।

যে কাষ্ঠের দ্বারা বহুকালাবধি তিল পীড়ন করিয়া তৈল বাহির করা হইয়াছে, সেই তৈল-পায়িত কাষ্ঠ অতি সূক্ষ্ম আকারে খণ্ড খণ্ড করিয়া ছেদন করিবে। সেই সকল ক্ষুদ্র খণ্ড বৃহৎ কটাহে স্থাপন পূর্ব্বক জলে আপ্লাবিত করিয়া কাথ করিবে। জলের উপরিভাগে যে স্নেহ (তৈল) উত্থিত হয় তাহা সরক বা হস্তের দ্বারা গ্রহণ পূর্ব্বক বাতঘ্ন ঔষধ (৩) সহযোগে স্নেহ পাকের বিধান মতে পাক করিবে। ইহাকে অণু-তৈল বলে, ইহা বাত রোগে ব্যবহার্য্য।

সহস্র পাক তৈল।

ভূতল প্রদেশে প্রচুর পরিমাণে মহাপঞ্চমূল কাষ্ঠের দ্বারা এক রাত্র কাল দগ্ধ করিয়া কৃষ্ণ বর্ণ করিবে। পরে অগ্নি নির্ব্বাণ হইলে ভস্ম সকল স্থানান্তরিত করিবে। ভূমি শীতল হইলে, বিদারি গন্ধাদির

---

(১) ষোড়শ মাষায় এক অক্ষ।

(২) কাষ্ঠের বাঁধযুক্ত লৌহের হাতার নাম পাত্র, তৈল বা ঘৃত পাকে ব্যবহৃত হয়।

(৩) সূত্র স্থানে গনবর্ণনা দ্রষ্টব্য।

(৪) কাথ, এক শত ঘট (৫) তৈল, ও তুল্য পরিমাণে দুগ্ধ, সেই ভূমিতে সেচন করিবে। তাহাতে সেই ভূমি-প্রদেশ যত দূর পর্য্যন্ত স্নিগ্ধ হইবে, সেই পর্য্যন্ত মৃত্তিকা তুলিয়া লইয়া বৃহৎ কটাহে স্থাপন পূর্ব্বক উষ্ণোদক সেচন করিবে। তাহাতে সেই মৃত্তিকা হইতে যে তৈল নির্গত হইবে তাহা গ্রহণ করিয়া আবৃত-মুখ কলসীতে রাখিবে। পরে বাতঘ্ন ঔষধের কাথ, মাংসরস, দুগ্ধ ও অম্ল রস, সহস্র ভাগে (৬) একত্র সহযোগে যতদিনে পারে সহস্রবার পাক করিবে। হৈমবতী (স্বর্ণ-ক্ষীরী লতা), দক্ষিণা-পথ-জাত গন্ধ দ্রব্য (৭) সমস্ত, এবং বাতঘ্ন ঔষধ সমস্ত তাহাতে প্রক্ষেপ করিবে। পাক সিদ্ধ হইলে, শঙ্খধ্বনি ও দুন্দুভি ধ্বনি করিবে, ছত্রধারণ ও বাল-ব্যজন সহকারে বীজন করিবে, এবং সহস্র ব্রাহ্মণ ভোজন করাইবে। পাক উত্তম রূপ সিদ্ধ হইলে চুল্লী হইতে নামাইয়া সুবর্ণ রজত বা মৃণ্ময় পাত্রে মুখ আবৃত করিয়া রাখিবে। ইহাকে সহস্র পাক তৈল বলে, ইহার বীর্য্য অপ্রতিবার্য্য এই তৈল শতভাগে পাক করিলে শত পাক নামে আখ্যাত হয়।

পত্র লবণ।

এরণ্ড, ঘণ্টা-পারুল নক্তমাল অটরুষক (বাসক) পূতিক (নাটা করঞ্জ) আরগ্বধ (সোঁদাল) চিত্রক, ইহাদিগের আর্দ্র পত্র সহযোগে উদূখলে পিষিয়া তৈল বা ঘৃতের কলসে প্রক্ষেপ পূর্ব্বক গোময়ের দ্বারা ঘট লেপন করিয়া দগ্ধ করিবে। ইহাকে পত্র লবণ বলে—বাত রোগে প্রশস্ত।

স্নেহ লবণ অথবা কাণ্ড লবণ।

স্নুহী-কাণ্ড (মনসার গুঁড়ি) বার্ত্তাকু শিগ্রু ও সকল প্রকার লবণ, একত্র চূর্ণ করিয়া ঘটে পূরিবে। তাহাতে ঘৃত তৈল বসা মজ্জা

(৪) বিদারি গন্ধাদি সূত্রস্থানের গনবর্ণনা দ্রষ্টব্য।

(৫) দ্রোণ পরিমিত কলসকে ঘট বলে।

(৬) যত তৈল তাহার সহস্র গুণ অম্লরস।

(৭) মালবদেশকে দক্ষিণাপথ বলে।

প্রক্ষেপ করিয়া ও গোময়ের দ্বারা লেপ দিয়া অগ্নিতে দগ্ধ করিবে। ইহাকে স্নেহ লবণ বলে—বাত রোগে প্রশস্ত।

কল্যাণ লবণ।

গম্ভীর পলাশ কুটজ বিল্ব অর্ক স্নুহী অপামার্গ পাটলা নাদেয়ী নারেঙ্গা নেবু কৃষ্ণগন্ধা নীপ নির্দহনী অটরূষক নক্তমাল পূতিক বৃহতী কণ্টকারী ভল্লাতক ইঙ্গুদী বৈজয়ন্তী কদলী বর্ষাভূ (পুনর্ণবা) হ্রীবের ইক্ষুরক (কুলে খাড়া) ইন্দ্রবারুণী [রাখাল শসা) শ্বেত (জীরক) মেক্ষক [শ্বেত সর্ষপ] অশোক, এই সকল বৃক্ষ, মূল পত্র শাখা সমেত আর্দ্র থাকিতে উৎপাটন মাত্র গ্রহণ পূর্ব্বক লবণাক্ত করিয়া পূর্ব্বের ন্যায় দগ্ধ করিবে। সেই ভস্ম ক্ষার-পাকের বিধান ক্রমে স্রাবিত করিয়া পাক করিবে। ইহাতে হিঙ্গু আদি (১) বা পিপ্‌পল্যাদি গণোক্ত দ্রব্য প্রক্ষেপ করিবে। ইহাকে কল্যাণ লবণ কহে। বাত রোগে গুল্ম প্লীহা অগ্নিমান্দ্য অজীর্ণ অর্শ অরুচি ও কাশ প্রভৃতি উপদ্রবে পান ও ভোজনে ব্যবহার করিবে।

পঞ্চম অধ্যায়।

মহাবাত ব্যাধি চিকিৎসা।

কেহ কেহ বলেন যে বাতরক্ত দুই প্রকার, উত্থান ও অবগাঢ়। কিন্তু ইহা সঙ্গত নহে। বাতরক্ত প্রথম অবস্থায় কুষ্ঠের ন্যায় উৎক্ষ হইয়া কালান্তরে অবগাঢ় হয়। অতএব এই দুই প্রকারের ভিন্নতা নাই।

অধিকতর বলবানের সহিত ব্যায়াম প্রভৃতির দ্বারা (১) বায়ু কুপিত হয়। তাহাতে গুরুপাক অথচ উষ্ণ এরূপ দ্রব্য অতিরিক্ত পরিমাণে নিয়ত ভোজন করিলে রক্ত দূষিত হয়। পূর্ব্বোক্ত কুপিত

---

(১) হিঙ্গু আদি মহাবাত ব্যাধির চিকিৎসাতে পরে বলা হইয়াছে।

(১) এস্থলে সাধ্যাতীত পরিশ্রম বুঝিতে হইবে।

বায়ু রক্তবাহিনী শিরা মধ্যে প্রবেশ পূর্ব্বক সেই দূষিত রক্তের গতি রোধ করে। তাহাতে সেই দূষিত রক্ত সেই বায়ুর সহিত মিলিত হইয়া বাত-রক্ত নিমিত্ত বেদনা জন্মায়। সেই বাত-রক্ত প্রথমতঃ হস্ত পদে অবস্থিতি করিয়া পরে সর্ব্ব দেহ ব্যাপ্ত হয়। ইহার পূর্ব্ব-রূপ তোদ দাহ কণ্ডূ শোফ স্তব্ধ ভাব পারুষ্য, শিরা স্নায়ু ও ধমনীর নিষ্পন্দন, উরুদ্বয়ের দৌর্ব্বল্য এবং শরীরের হস্ততলে অকস্মাৎ শ্যাব অথচ রক্তবর্ণ মণ্ডলাকার উৎপত্তি। এ অবস্থায় প্রতীকার না করিয়া অহিতাচার করিলে রোগ প্রকাশ হয়। তাহার লক্ষণ পূর্ব্বে বলা হইয়াছে। রোগের প্রকাশেও প্রতিকার না করিলে অঙ্গের বৈকল্য জন্মে।

এস্থলে শ্লোক কহিতেছেন।

কোমল-দেহ-বিশিষ্ট মিথ্যা-আহার-বিহার-শীল স্থূল ও সুখী ব্যক্তি-দিগের বাতরক্ত কুপিত হয়।

প্রাণ মাংস ক্ষয়, পিপাসা জ্বর মূর্চ্ছা শ্বাস কাস স্তম্ভ অরুচি অজীর্ণ বিসরণ (ক্ষয় স্থান প্রসারিত হওয়া) সঙ্কোচন এই সকল উপদ্রব না থাকিলে এবং রোগী বলবান্ আত্মবান্ [২] ও উপকরণ-বিশিষ্ট [৩] হইলে বাতরক্ত রোগে চিকিৎসা করিবে।

বায়ুর আধিক্যে শরীর রুক্ষ বা ম্লান না হইলে বাতরক্ত রোগের প্রথমাবস্থায়, গতিরোধ বশত যে শোণিত দূষিত হইয়া থাকে, তাহা পুনঃ পুনঃ অল্পে অল্পে নিঃসারিত করিবে। এক কালে অধিক শোণিত নিঃসারিত করিলে বায়ু কুপিত হয়। পুনঃ পুনঃ রক্ত মোক্ষণের পর বমন বিরেচনাদি প্রয়োগ করিবে। তদনন্তর বায়ু প্রবল থাকিলে অন্ন সংযোগে পুরাণ ঘৃত পান করাইবে। অথবা ছাগীদুগ্ধ, তাহার অর্দ্ধ পরিমিত তৈল ও শৃগাল-বিট্ একত্র সিদ্ধ করিয়া দুই তোলা মধু

(২) নিয়মিত আচারী।

(৩) চিকিৎসার উপযোগী দ্রব্য ও পথ্য প্রভৃতি আহরণে সমর্থ।

সংযোগে পান করাইবে। অথবা শুণ্ঠী শৃঙ্গাটক সহযোগে ছাগী-দুগ্ধ সিদ্ধ করিয়া শর্করা-মধু সংযোগে পান করাইবে; অথবা ঐ দুগ্ধ, শ্যামা রাস্না কৃষ্ণ-জীরা শৃগাল-বিট্ পিলু গোক্ষুরী ও দশমূলী সহযোগে পাক করাইয়া পান করাইবে। অষ্টগুণ দশমূলীর ক্বাথের সহিত দুগ্ধ পাক করিয়া, সেই দুগ্ধ ও যষ্টিমধু মেষ-শৃঙ্গী গোক্ষুরী সরল-কাষ্ঠ ভদ্র-দারু বচ ও সুরভি [সল্লকী], ইহাদিগের কল্ক * সহযোগে তৈল পাক করিয়া পানে ও অভ্যঙ্গে সেবন করিবে। শতমূলী যষ্টিমধু শ্বেত ভূমিকুষ্মাণ্ড বলা অতিবলা ও তৃণ পঞ্চমূলী (১) এই সকলের ক্বাথ, অথবা কাকোল্যাদি গণের কল্ক সহযোগে বলাতৈল শত পাক করিয়া সেবন করিবে। বাতঘ্ন ঔষধের মূল সহযোগে দুগ্ধ পাক করিয়া সেই দুগ্ধের দ্বারা, অথবা অম্লরসের দ্বারা পরিষেচন করিবে। অথবা যব যষ্টিমধু এরণ্ড তিল ও পুনর্ণবা এই সকল একত্র প্রদেহ প্রস্তুত করিবে।

যব গোধূম তিল মুদ্গ মাসকলাই সমভাগে চূর্ণ করিবে। অনন্তর কাকোলী ক্ষীরকাকোলী জীবক ঋষভক বলা অতিবলা বিস মৃণাল শৃগাল-বিট্ মেষশৃঙ্গ পিয়াল শর্করা কশেরুক সল্লকী ও বচ ইহাদিগের প্রত্যেকের কল্ক, পূর্ব্বোক্ত চূর্ণের সহিত মিশ্রিত করিয়া ঘৃত তৈল বসা মজ্জ ও দুগ্ধের সহিত পাক করিবে। ইহাকে পঞ্চপায়স কহে— অঙ্গে উপনাহে (২) প্রযোজ্য। স্নেহ-যুক্ত ফলের সার গ্রহণ পূর্ব্বক উৎকারিকা প্রস্তুত করিয়া, অথবা যব গোধূম তিল মুদ্গ মাষ চূর্ণ করিয়া, বিবিধ প্রকার মৎস্য মাংস সহযোগে বেসবার (৩) প্রস্তুত

* স্নেহদ্রব্যে কল্ক দিতে হইলে ১ এক শের ঘৃত বা তৈলে কল্কের দ্রব্য প্রত্যেকে অর্দ্ধ তোলা।

(১) তৃণ পঞ্চমূলী সূত্রস্থান দ্রব্যের গণ বর্ণনায় দ্রষ্টব্য।

(২) কোন দ্রব্যের গাঢ় কল্ক পুল্টিশের মত উষ্ণ অবস্থায় অঙ্গে লেপন পূর্ব্বক বন্ধন করা হইলে উপনাহ বলা যায়।

(৩) "বেশবার" পান ধন্যা লবঙ্গ ও মরিচ একত্র যোগে বেশবার কহে।

করিয়া সেবন করিবে। বিল্বপেশী (বেল শুঁটী) তগর-পাদুকা দেবদারু সরলা রাস্না হরেণু কুষ্ঠ শতপুষ্প (শুলফা) সুরা ও দধি-মস্তু এই সকল একত্র লেপনে ব্যবহার করিবে। ঘৃত সৈন্ধব-মিশ্রিত মাতুলুঙ্গের (টাবা নেবুর) রস, মধুশিগ্রুর (রক্ত সজিনার) মূল এবং তিলের কল্ক একত্র করিয়া আলেপনে ব্যবহার করিবে। বাত-রক্ত রোগে যদি বায়ুর প্রাধান্য থাকে তাহার এই সকল প্রতিকার বলা হইল।

বাত-রক্ত রোগে পিত্তের প্রাবল্য থাকিলে, দ্রাক্ষা রেবত (সোঁদাল) কটফল ক্ষীরকাকোলী যষ্টি-মধু চন্দন কাশ্মর্য্য, ইহাদিগের ক্বাথ প্রচুর শর্করা ও মধু সংযোগে পান করাইবে। শতমূলী যষ্টি-মধু পটোল ত্রিফলা ও কটুরোহিনী, ইহাদিগের ক্বাথ, গুড়ুচির ক্বাথ অথবা চন্দনাদির ক্বাথ, প্রচুর শর্করা ও মধু সংযোগে পান করাইবে। অথবা তিক্ত ও কষায় রস সহযোগে ঘৃত পাক করিয়া পান করাইবে।

বিস মৃণাল চন্দন পদ্মকাষ্ঠ সমভাগে একত্র করিয়া (জলের) অর্দ্ধ পরিমিত দুগ্ধের সহিত ক্বাথ প্রস্তুত পূর্ব্বক অঙ্গে পরিষেচন করিবে। দুগ্ধ ইক্ষু-রস মধু শর্করা ও তণ্ডুলোদক সমভাগে একত্র করিয়া, অথবা দ্রাক্ষা ও ইক্ষুর ক্বাথ মিশ্রিত দধিমস্তু, অথবা মধু ধান্যাম্ল ও জীবনীয় (গণবর্ণনা দেখ) সহযোগে পাক করা ঘৃত অভ্যঙ্গে প্রয়োগ করিবে।

শত ধৌত ঘৃতের অথবা কাকোল্যাদিগণের কল্ক সহযোগে পাক করা ঘৃতের প্রদেহ প্রয়োগ করিবে, অথবা শালি যষ্টি নল বঞ্জুল তালীশ শৃঙ্গাটক গিলোড্য হরিদ্রা গৈরিক শৈবল পদ্মকাষ্ঠ পদ্মপত্র প্রভৃতি, ধান্যাম্ল যোগে পেষণ করিয়া ঘৃতের সহিত মিশ্রিত পূর্ব্বক প্রদেহ প্রয়োগ করিবে। এই প্রদেহ ঈষদুষ্ণ হইলে বায়ুর প্রাবল্যের স্থলেও প্রয়োগ করা যায়।

বাত-রক্ত রোগে রক্তের প্রাবল্যের স্থলেও পূর্ব্বোক্ত পিত্তপ্রাবল্যের

সকল প্রতীকার কর্ত্তব্য। অধিকন্তু প্রচুর পরিমাণে শোণিত অবসেচন কর্ত্তব্য, এবং অত্যর্থ শীতল প্রদেহ ব্যবহার্য্য।

শ্লেষ্মার প্রাবল্য থাকিলে, আমলকী ও হরিদ্রার কাথ মধু সংযোগে মধুর করিয়া পান করাইবে। অথবা ত্রিফলার কাথ বা যষ্টি-মধু শৃঙ্গবের হরীতকী ও তিক্তরোহিনী (কটুকা), ইহাদিগের কল্ক মধু সংযোগে, কিম্বা গুড় ও হরীতকী জল সংযোগে, ভক্ষণ করাইবে। তৈল গোমূত্র ক্ষারোদক সুরা সুক্ত (সূত্রস্থান মদ্য-বর্গ দেখ) অথবা কফঘ্ন ঔষধের কাথ পরিষেচন করিবে। দধিমস্তু গোমূত্র সুরা সুক্ত যষ্টি-মধু সারিবা পদ্ম-কাষ্ঠ, ইহাদিগের কাথে ঘৃত পাক করিয়া অভ্যঙ্গে ব্যবহার করিবে। আরগ্বধাদি গণের (সূত্রস্থান গণবর্ণনায় দ্রষ্টব্য) কাথ পরিষেচনে প্রযোজ্য। তিল সর্ষপ অতসী (তিসী) ও যবের চূর্ণ, শ্লেষ্মাতক কপিথ মধুশিগ্রু সহযোগে ক্ষার ও মূত্রে পেষণ করিয়া প্রদেহে (১) প্রয়োগ করিবে।

শ্বেত সর্ষপের কল্ক, তিল ও অশ্বগন্ধা একত্র যোগে কল্ক, পিয়াল শেলু (চাল্‌তা) ও কপিথ ত্বকের একত্র যোগে কল্ক-মধুশিগ্রু ও পুনর্ণবা একত্র যোগে কল্ক, ত্রিকটু তিক্তা (কটুকী) পৃথকপর্ণী (চাকুলে) ও বৃহতীর পত্র যোগে কল্ক, এই পঞ্চ প্রকার প্রদেহ ক্ষারোদকে (২) পেষণ করিয়া ঈষদুষ্ণ থাকিতে প্রয়োগ করিবে। অথবা শালপর্ণী বৃহতী কণ্টকারী দুগ্ধে পেষণ করিয়া অর্কদুগ্ধ মিশ্রণ পূর্ব্বক প্রদেহে ব্যবহার করিবে।

বাত-রক্ত রোগ দুই দোষ জাত অথবা সর্ব্বদোষ জাত হইলে প্রত্যেক দোষের যে যে প্রতিকার পূর্ব্বে বলা হইল, তাহা দোষ অনুসারে মিলিত করিয়া সেবন ও প্রয়োগ করিবে।

---

(১) "প্রদেহ" সূত্রস্থানে আলেপ ও বন্ধন বিধি দেখ।

(২) ক্ষারোদক সূত্রস্থানের ক্ষার পাক বিধিতে যে প্রণালী বলা হইয়াছে তাহাই ক্ষারোদক প্রস্তুতের প্রণালী। অভাবে ক্ষার-স্রাবিত জল।

সকল প্রকার বাত-রক্তেই গুড় হরীতকী সেবন করিবে, অথবা দুগ্ধ বা জলের সহিত পিপ্পলী পিষিয়া সেবন করিবে। ইহাতে পিপ্পলীর সংখ্যা প্রতিদিন পাঁচটি করিয়া অথবা দশটী করিয়া বৃদ্ধি করিতে হইবে। এই রূপ প্রতিদিন সংখ্যা বৃদ্ধি করিয়া দশদিন সেবন করিবে। এই ক্ষীর-পিপ্পলীর সেবন কালে কেবল দুগ্ধান্ন পথ্য। এই নিয়মে দশ দিন সেবন করিয়া পুনর্ব্বার প্রতিদিন পাঁচটী অথবা দশটী করিয়া কমাইবে, অর্থাৎ যে সংখ্যায় বৃদ্ধি হইয়াছিল, সেই সংখ্যায় ক্রমে কমাইতে হইবে। ইহাতে বাত-রক্ত বিষম-জ্বর অরুচি পাণ্ডু প্লীহোদর অর্শঃ কাস শ্বাস শোফ শোষ অগ্নি-মান্দ্য হৃদ্রোগ ও উদরী আরোগ্য হয়।

জীবন্তির মূল প্রক্ষেপ পূর্ব্বক দুগ্ধ সহযোগে ঘৃত পাক করিবে। ইহা মর্দ্দনে ব্যবহার্য্য।

সহা, সহদেবা, চন্দন মূর্ব্বা মুস্তা পিয়াল শতাবরী কেশুর পদ্মকাষ্ঠ, যষ্টিমধু শতপুষ্প (সোলফা) কুষ্ঠ এই সকল দুগ্ধে পিষিয়া ঘৃতমণ্ড (ঘৃতের সর) সংযোগে প্রদেহে ব্যবহার করিবে।

সৈরেয়ক (ঝাঁটি) বাসক বলা অতিবলা জীবন্তী ও কৃষ্ণ-জীরক একত্র ছাগী দুগ্ধে পিষিবে, এই কল্কও প্রদেহে ব্যবহার করিবে।

দ্রাক্ষা ও যষ্টিমধুর কল্ক অথবা মধুচ্ছিষ্ট মঞ্জিষ্ঠা সর্জ্জরস (ধুনা) শ্যামালতা দুগ্ধ এই সকল সহযোগে পিণ্ড-তৈল পাক করিয়া অভ্যঙ্গে ব্যবহার করিবে। সকল প্রকার বাত রক্তে পুরাণ ঘৃত আমলকী রসে পাক করিয়া পান করা বিধেয়। জীবন্তী-মূল সহযোগে অথবা কাকোল্যাদির কাথ ও কল্ক সহযোগে অথবা কৃষ্ণ-জীরার কাথ সহযোগে পুরাণ ঘৃত পাক করিয়া পরিষেচনে ব্যবহার করিবে। কেবল মাত্র কারবেল্লকের কাথও পরিষেচনে ব্যবহৃত হয়। অথবা পরিষেচনে অবগাহনে বস্তি-ক্রিয়াতে ও ভোজনে বলাতৈল ব্যবহার করিবে।

পুরাতন শালি অথবা যষ্টি ধান্য যব ও গোধূম, দুগ্ধ মাংসরস অথবা অম্ল-বর্জ্জিত মুদ্গ-যূষ সহযোগে ভোজন করিবে।

সর্ব্বদা শোণিত মোক্ষণ কর্ত্তব্য। দোষের প্রকোপে বমন বিরেচন আস্থাপন ও অনুবাসন কার্য্য কর্ত্তব্য (৪)

এস্থলে শ্লোক কহিতেছেন।

অল্পকাল-জাত বাতরক্ত রোগ এই সকল প্রতিকারের দ্বারা সহজেই আরোগ্য হয়। দীর্ঘ-কাল-জাত হইলে যাপ্য থাকে। উপনাহ পরিসেচন প্রদেহ অভ্যঞ্জন, মনোহর প্রশস্ত বায়ু-শূন্য গৃহ, কোমল গণ্ডোপধান ও শয্যা ও মৃদু সংবাহন (গা টেপা) বাতরক্ত রোগে এই গুলি প্রশস্ত। ব্যায়াম মৈথুন ও ক্রোধ, উষ্ণ অম্ল ও লবণ ভোজন, দিবানিদ্রা, শ্লেষ্মল ও গুরু অন্ন ভোজন, পরিত্যাগ করিবে।

অপতানক রোগে স্তব্ধ-দৃষ্টি, বক্রভ্রূ ও স্তব্ধ-মেঢ্র হইলে, এবং স্বেদ কম্প ও প্রলাপ না থাকিলে, রোগীকে ভূমিতে শয়ন করাইয়া চিকিৎসা করিবে। এই রোগে বাহিরে ভ্রমণ করা কর্ত্তব্য নহে। এই রোগে প্রথমতঃ অঙ্গে স্নেহ মর্দ্দন করিবে। ঘর্ম্ম হইলে তীক্ষ্ণ অবপীড়নের দ্বারা শিরো-বিরেচন করাইবে। তদনন্তর বিদারিগন্ধাদির ক্বাথ মাংসরস দুগ্ধ ও দধি সহযোগে ঘৃত পাক করিয়া নির্ম্মল করণ পূর্ব্বক পান করাইবে। তাহাতেও যদ্যপি বায়ু সরল না হয়, তবে ভদ্রদারু প্রভৃতি বাতঘ্ন ঔষধ সমস্ত আহরণ করিয়া যব কুল কুলত্থ ও সজল-দেশ-জাত পশুর মাংস এই পঞ্চবর্গ একত্র ক্বাথ প্রস্তুত করিবে। সেই ক্বাথ অম্লরস ও দুগ্ধের সহিত মিশ্রিত করিয়া ঘৃত তৈল বসা ও মজ্জা সহ পাক করিবে, পরে তাহাতে জীরক চূর্ণ প্রক্ষেপ করিবে। এই ঘৃত অপতানক রোগীকে পরি-

(৪) পিচকারী দ্বারা বিরেচন করাকে উপকরণ ভেদে অনুবাসন আবস্থাপন বলে। চিকিৎসিত স্থানের ৩৫ অধ্যায় ও নিরূহোপক্রমনীয় অধ্যায়ে বলা হইবে।

স্বেচন অবগাহন অভ্যঙ্গ পান ভোজন অনুবাসন ও নস্যে প্রয়োগ ও সেবন করাইবে।

যথোক্ত বিধানে স্বেদ বিহিত করিবে। বায়ু প্রবল থাকিলে তুষ বুষ (শস্যের আগড়া] ও করীষের ঈষদুষ্ণ গর্ত্তে রোগীর গলা পর্য্যন্ত নিহিত করিবে। কিম্বা তপ্ত-অঙ্গার চুল্লীতে অথবা তপ্ত শিলাতে সুরা পরিষেচন করিয়া পলাশ পত্র আচ্ছাদন পূর্ব্বক শয়ন করাইবে। কৃশরা [১] বেসবার অথবা পায়েসের স্বেদ দিবে।

মূলক (হিংচা) উরুবুক [গাব ভ্যারেণ্ডা] স্ফূর্জ [গাব] অর্জক (শ্বেত পর্ণাশ) অর্ক সপ্তলা শঙ্খিনী ইহাদিগের রসে তৈল পাক করিয়া অপতানক রোগে পরিষেচন মর্দ্দনাদিতে প্রয়োগ করিবে। মরিচ ও বচ সহযোগে অম্ল-দধি পান করিলে অথবা তৈল সর্পি বসা বা মধুপান করিলে অপতানক রোগ নিবৃত্ত হয়। এই সকল প্রতিকার কেবল বায়ু জন্য অপতানক রোগে বিধেয়। সংসৃষ্ট অর্থাৎ দুইতিন দোষ মিলিত হইয়া অপতানক রোগ জন্মিলে, সেই সকল দোষ নাশক দ্রব্য মিলিত করিয়া ব্যবহার করাইবে।

অপতানকের বেগ (১) নিবৃত্ত হইলে অবপীড়ন প্রয়োগ করিবে। তাম্রচূড়া কর্কট কৃষ্ণমৎস্য শিশুমার ও বরাহ-বসা সেবন করাইবে। বাতঘ্ন ঔষধ সহযোগে দুগ্ধ পাক করিয়া পান করাইবে। অথবা যব কুল কুলথ হিঙচে শাক দধি ঘৃত ও তৈল, এই সকল একত্র যোগে যবাগু সিদ্ধ করিয়া পান করাইবে। এবং স্নেহ-বিরেচন আস্থাপন অনুবাসন প্রয়োগ করিবে। বেগ নিবৃত্তি হইলেও

(১) "কৃশরা" তণ্ডুলা দালি-সংমিশ্রা লবণার্দ্রক হিঙ্গুভিঃ সংযুক্তাঃ সলিলৈঃ সিদ্ধাঃ কৃশরাঃ কথিতা বুধৈঃ অর্থাৎ খিচুড়ী।

(১) অপতানকের লক্ষণ প্রকাশ হওয়া অর্থাৎ জ্ঞান শূন্য হইয়া হস্তপাদ আক্ষেপণ করাকে বেগ বলিতে হইবে।

দশ রাত্র পর্য্যন্ত চিকিৎসা করিবে। এস্থলে বাতব্যাধির চিকিৎসা অবলম্বন করা ও রক্ষা কার্য্য বিধান করা কর্ত্তব্য।

পক্ষাঘাত রোগে রোগীর শরীর ম্লান না হইলে ও বেদনা থাকিলে, রোগী আত্মবান ও উপকরণ বিশিষ্ট হইলে, চিকিৎসা করিবে। প্রথমতঃ স্নেহ-স্বেদ প্রয়োগ করিয়া মৃদু বমন বিরেচনের দ্বারা সংশোধন করিবে। পরে অনুবাসন ও আস্থাপন প্রয়োগ করিবে। অবশেষে আক্ষেপক রোগের (২) বিধানানুসারে চিকিৎসা করিবে। বিশেষ এই যে, এই প্রকারে নিয়ত তিন চারি মাস চিকিৎসা করিবে।

মন্যা-স্তম্ভ রোগেও এই রূপ প্রতিকার করিবে। বিশেষতঃ বাত-শ্লেষ্মা নাশক নস্য ও স্বেদ প্রয়োগ করিবে।

অপতন্ত্রক রোগে লঙ্ঘন বৈধ নহে। বমন অনুবাসন আস্থাপনও নিষিদ্ধ। বাতশ্লেষ্মা কর্ত্তৃক শ্বাসপথ রুদ্ধ হইয়া উচ্ছ্বাশ জন্মিলে প্রধ্মাপনের দ্বারা পথ পরিষ্কার করিবে। তুম্বুরু পুষ্কর (কুড়) হিঙ্গু অম্লবেতস হরীতকী লবণ-ত্রয় (সৈন্ধব সামুদ্র ও বিট) একত্র যবের ক্বাথ সহযোগে পান করাইবে। হরীতকী পঞ্চাশৎ, সৌবর্চ্চল (স্বচ্ছ লবণ) দুই পল (৮ তোলা) দুগ্ধ চতুর্গুণ ঘৃত এক প্রস্থ (দুইশের *), একত্র পাক করিয়া সেবন করাইবে। এবং অপরাপর বাত-শ্লেষ্মা নাশক প্রতীকারও করিবে।

অর্দ্দিত রোগে রোগী বলবান ও উপকরণ বিশিষ্ট হইলে বাত-ব্যাধির বিধান ক্রমে চিকিৎসা করিবে।

তদনন্তর তৃণ-পঞ্চমূল মহাপঞ্চ-মূলী কাকোল্যাদি ও বিদারি

(২) উপসর্গ ভেদে অপতানককেই আক্ষেপক বলে। বাতব্যাধির নিদান দ্রষ্টব্য।

* ঘৃত তৈল প্রভৃতির প্রস্থ পরিমাণ লইতে হইলে দ্বিগুণ অর্থাৎ /৪ চারি সের লইতে হইবে। পরিভাষা দ্রষ্টব্য।

গন্ধাদিগণ † জলজাত ও জলীয়-দেশ-জাত মাংস ও জলজাত কন্দ আহরণ করিয়া দ্রোণ পরিমিত (বত্রিশ সের) দুগ্ধ ও তাহার দ্বিগুণ জল একত্র কাথ প্রস্তুত করিবে। পাদাবশেষ থাকিতে নামাইয়া বস্ত্রপূত পূর্ব্বক এক প্রস্থ পরিমিত (দুই সের) তৈলের সহিত পুনর্ব্বার অগ্নিতে পাক করিবে। পরে দুগ্ধের সহিত তৈল উত্তমরূপে মিশ্রিত হইলে নামাইবে। শীতল হইলে মন্থন করিয়া যে স্নেহ উত্থিত হইবে, তাহা গ্রহণ করিয়া দুগ্ধ ব্যতীত মধুর দ্রব্য সহ পাক করিবে। ইহাকে ক্ষীরতৈল বলে। অর্দ্দিত রোগে পান ও অভ্যঙ্গাদিতে প্রয়োজ্য। তৈল-হীন ক্ষীরসর্পিও চক্ষুতে প্রয়োগ করা যায়।

গৃধ্রসী বিশ্বাচী ক্রোষ্টুকশির খঞ্জপঙ্গুল বাতকণ্টক পাদদাহ পাদহর্ষ অববাহুক বাধির্য্য ও ধমনীগত বাতরোগে যথা-বিধানক্রমে শিরা বিদ্ধ করিবে। কিন্তু অববাহুক রোগে করিবে না। এই সকল রোগে বাত-ব্যাধির বিধান ক্রমে চিকিৎসা করিবে।

কর্ণশূল রোগে তৈল মধু ও সৈন্ধব সংযোগে ঈষদুষ্ণ আদার রস কর্ণে প্রদান করিবে। অথবা ছাগ-মূত্র বা মধুতৈল প্রদান করিবে। কিম্বা মাতুলুঙ্গ দাড়িম্ব ও তিন্তিড়ী, ইহাদিগের রস এবং গোমূত্র, একত্রযোগে তৈল পাক করিয়া অথবা সুক্ত, সুরা, তক্র, গোমূত্র ও লবণ একত্র যোগে তৈল পাক করিয়া কর্ণে প্রদান করিবে ; ও নাড়ী-স্বেদের বিধানে (১) স্বেদ দিবে। এ বিষয় উত্তর-তন্ত্রে পুনর্ব্বার বলা যাইবে।

তূণী প্রতূণী রোগে জলের সহিত স্নেহ-লবণ পান করাইবে। অথবা হিঙ্গু ও যবক্ষারের সংযোগে ঘৃত গাঢ় করিয়া সেবন করাইবে। এই রোগে ঘৃত-বস্তি প্রভৃতি ক্রিয়া প্রয়োগ করিবে।

† এই সমস্ত ঔষধের গণ সূত্রস্থানের গণবর্ণনায় দ্রষ্টব্য।

(১) নাড়ীস্বেদ প্রভৃতি সকল প্রকার স্বেদের প্রণালী পরে স্বেদাবচারণীয় নামক দ্বাত্রিংশ অধ্যায়ে বর্ণিত হইয়াছে।

আধ্মান রোগে উপবাস, জলের স্বেদ, দীপনীয় দ্রব্যের চূর্ণ ফল ও পাচনীয় (১) বস্তুর দ্বারা প্রতীকার করিবে। লঙ্ঘনের পর ধান্যক, জীরক প্রভৃতি অগ্নিকর দ্রব্য সংযোগে অন্ন পাক করিয়া ভোজন করাইবে। প্রত্যাধ্মান রোগে বমন উপবাস ও অগ্নির উদ্দীপনকর প্রতীকার সমস্ত করিবে।

অষ্ঠিলা ও প্রত্যষ্ঠিলা রোগে গুল্ম ও অন্তর্বিদ্রধির ন্যায় প্রতীকার করা কর্ত্তব্য।

হিঙ্গু, ত্রিকটু, বচ, অজমোদা, (খরশান যমানি) ধনে, অজগন্ধা, দাড়িম্ব, তিন্তিড়ী, পাঠা, চিত্রক, যবক্ষার, সৈন্ধব, বিট্, ও স্বচ্ছলবণ স্বর্জ্জিকা ক্ষার, পিপ্‌পলী-মূল, অম্লবৈতস, সঠী, পদ্মমূল, হপুস (স্বনাম খ্যাত) চৈ, জীরক ও হরিতকী, চূর্ণ করিয়া টাবা-নেবুর রসে অনেক বার ভাবিত করিবে। তাহাতে দুই তোলা পরিমিত গুটিকা প্রস্তুত করিয়া প্রত্যহ প্রাতঃকালে এক একটী করিয়া বায়ু-বিকারে ভক্ষণ করিবে। কাশ, শ্বাস, গুল্ম, উদরী, হৃদ্‌রোগ আধ্মান, পার্শ্বোদরী, বস্তিশূল, আনাহ, মূত্রকৃচ্ছ্র, প্লীহা, অর্শ, তূণী, প্রতূণী, এই সকল উক্ত যোগের দ্বারা শান্তি হয়। বায়ু কেবল মাত্র দোষের সহিত মিলিত হইয়া বা কোন ধাতুর সহিত মিলিত হইয়া বিকৃত হইলে, উভয়ের লক্ষণের দ্বারা জানা যায়। চিকিৎসা করিতে হইলে বায়ু ও তাহার সহিত মিলিত দোষ বা ধাতু, এই উভয়ের মধ্যে একটীর চিকিৎসা করিতে অন্যটীর বৃদ্ধি না হয় এরূপ ভাবে চিকিৎসা করিতে হইবে। বায়ু, মেদের সহিত মিলিত হইয়া বেদনা বিশিষ্ট ঘন শীতল শোফ জন্মাইলে, শোফ রোগের ন্যায় তাহার প্রতীকার করিবে। বায়ু, কফ-মেদ কর্ত্তৃক আবৃত হইয়া উরু-দেশে অবস্থিত হইলে, অঙ্গ-মর্দ্দ শরীরের শৈথিল্য, বেদনা, জ্বর ও নিদ্রায় রোগী কাতর হয়, ও

(১) ত্রিকটু ত্রিফলা আমলক্যাদিগণ ধান্যক জীরক চিত্রক চৈ প্রভৃতি দীপনীয় দ্রব্য। মুস্তাদিগণ প্রভৃতি পাচনীয়। গণবর্ণনা দ্রষ্টব্য।

তাহার উরুদ্বয় স্তব্ধ, শীতল, স্পন্দহীন, ভার ও অস্থির হয়, এরূপ জ্ঞান হয় যেন আপনার নহে। ইহাকে উরুস্তম্ভ রোগ বলে। কেহ কেহ বা আঢ্য-বাতও বলেন। ইহাতে স্নেহ বর্জ্জিত ষট্‌ধরণ চূর্ণ পান করিবে। অথবা পিপ্‌পল্যাদি গণের চূর্ণ উষ্ণ জলের সহিত পান করিবে। অথবা কটুকী ও ক্ষৌদ্র সংযোগে ত্রিফলা-চূর্ণ লেহন করিবে। অথবা গোমূত্র সহযোগে গুগ্‌গুল, কিম্বা শিলাজতু পান করিবে। ইহাতে কফ ও মেদ যুক্ত বায়ুর শান্তি হয়, ও হৃদ্রোগ, অরুচি, গুল্ম, এবং অন্তর্বিদ্রধিও আরোগ্য হয়। উক্ত উরুস্তম্ভে ক্ষারযুক্ত মূত্রের স্বেদ ও রুক্ষ প্রলেপ প্রয়োগ করিবে। প্রচুর পরিমাণে মূত্র সহযোগে করঞ্জ ফল ও সর্ষপ পিষিয়া লেপন করিবে। পুরাণ শ্যামা, কোদ্রব, উদ্দাল শালি ধান্যের তণ্ডুল, ঘৃত-তৈল হীন মূলক-যূষ (হিংচের ঝোল), পটোলের রস, অথবা ঘৃতহীন জাঙ্গল পশুর মাংস, অথবা লবণ-হীন শাক সহযোগে ভোজন করিবে। ইহাতে কফ ও মেদ যখন অত্যর্থ শুষ্ক হইবে, তখন পুনর্ব্বার স্নেহাদি কার্য্য প্রয়োগ করিবে, অর্থাৎ ঘৃত তৈলাদি পান ও লেপন করিবে। সুগন্ধি, লঘু, সূক্ষ্ম, তীক্ষ্ণ, উষ্ণ, কটুরস-বিশিষ্ট, কটুপাক, সারক, স্নিগ্ধ, পিচ্ছিল ও হৃদ্য, গুগ্‌গুলের এই কয়েকটী গুণ। নূতন গুগ্‌গুল বৃষ্য ও পুষ্টিকর, পুরাতন হইলে শরীরের কার্শ্যতা সম্পাদন করে। তীক্ষ্ণোষ্ণ প্রযুক্ত ইহার দ্বারা কফ বাতের শান্তি হয়, ও সূক্ষ্মতা প্রযুক্ত অগ্নির দীপ্তি হয়। ত্রিফলা, দারু-হরিদ্রা, পটোল ও কুশের জল সহযোগে বা গোমূত্র যোগে অথবা ক্ষার বা উষ্ণোদক যোগে প্রতিদিন প্রাতঃকালে গুগ্‌গুল পান করিবে। গুগ্‌গুল জীর্ণ হইলে যূষ, মাংসরস অথবা

পূর্ব্ব অধ্যায় সকলে যে কল্‌ক ও প্রক্ষেপের কথা বলা হইয়াছে তাহা কোন স্থলে কি পরিমাণে দিতে হইবে তদ্বিষয়ে অনেক সন্দেহ উপস্থিত হইতে পারে। কল্‌ক—শিলা-পিষ্ট-দ্রব্য, ও প্রক্ষেপ—চূর্ণ হইয়া থাকে। যে স্থানে কল্‌কে কোন পরিমাণ উক্ত না থাকে সে স্থানে তৈল বা ঘৃতের চতুর্থাংশ পরিমাণে দিতে হইবে। পূর্ব্বে যে এক শেরে অর্দ্ধ তোলা পরিমাণ বলা হইয়াছে তাহা যে স্থলে ঐ পরিমাণ

দুগ্ধ সহযোগে অন্ন ভোজন করিবে। এই নিয়ম একমাস অবলম্বন করিলে গুল্ম, মেহ, উদাবর্ত্ত, উদরী, ভগন্দর, কৃমি, কণ্ডূ, অরুচি, বিবিধ প্রকার অর্ব্বুদ ও গ্রন্থি রোগ, নাড়িব্রণ, উরুস্তম্ভ, শোথ, কুষ্ঠ, দুষ্টব্রণ, এবং কোষ্ঠ-সন্ধি-অস্থি-গত বায়ু রোগ আরোগ্য হয়।

ষষ্ঠ অধ্যায়।

অর্শ চিকিৎসা।

অর্শের চিকিৎসা চারি প্রকার। ঔষধ, ক্ষার, অগ্নি, ও শস্ত্র। অল্পকালজাত রোগ হইলে ও অল্প দোষ এবং অল্প উপদ্রব বিশিষ্ট হইলে ঔষধের দ্বারা চিকিৎসনীয়। বলী অল্পস্রাবী গাঢ় ও অমুন্নত হইলে ক্ষারের দ্বারা চিকিৎসনীয়। কর্কশ, স্থির, স্থূল, কঠিন হইলে দাহনের দ্বারা চিকিৎসনীয়। সূক্ষ্মমূল, উন্নত এবং ক্লেদ বিশিষ্ট হইলে শস্ত্রের দ্বারা ছেদনীয়। ঔষধ-সাধ্য অর্শ হইলে অথবা অর্শ অদৃশ্য হইলে ঔষধই তাহার প্রতীকার। যে সমস্ত অর্শ, ক্ষার অগ্নি বা শস্ত্র-সাধ্য তাহাদিগেরই প্রতীকারের বিধি বলা যাইতেছে।

অর্শ-রোগী বলবান্ হইলে, তাহাকে স্নিগ্ধ করিয়া ও উত্তম রূপে স্বেদ প্রয়োগ করিয়া, বায়ু-জন্য বেদনা শান্তির নিমিত্ত স্নিগ্ধ, উষ্ণ, দ্রবপ্রায় অল্প অন্ন ভোজন করাইবে। মেঘ-শূন্য কালে পবিত্র সমতল দেশে বা শয্যাতে উত্তান ভাবে শয়ন করাইবে। তাহার শিরোভাগ অন্যের উৎসঙ্গে থাকিবে এবং অধোভাগে সূর্য্যাভিমুখে থাকিবে। এই অবস্থায় কটিদেশ কিঞ্চিৎ উন্নত ভাবে বস্ত্র বা কম্বলোপরি রাখিবে। গ্রীবা ও উরুদ্বয় যন্ত্র শাটকের দ্বারা পরিক্ষিপ্ত করিয়া পরিচারকেরা

স্পষ্টরূপে উক্ত হইয়াছে সেই স্থলেই হইবে। যে স্থলে পরিমাণের উল্লেখ না থাকে সে স্থানে কল্ক দ্রব্যের সংখ্যা যতই হউক সকল একত্র করিয়া স্নেহের চতুর্থাংশ হই বে। ইহার সকল বিশেষ নিয়ম স্নেহ পাক বিধিতে পরে বলা যাইবে।

তাহা দৃঢ় রূপে ধরিয়া থাকিবে। পরে শরীর স্পন্দহীন করিয়া ঋজু ও সূক্ষ্মমুখ ঘৃতযুক্ত যন্ত্র পায়ু দেশে অল্পে অল্পে প্রবিষ্ট করিবে। রোগী তৎকালে প্রবাহন করিতে (কোঁত পাড়িতে) থাকিবে। শলাকার দ্বারা বলী উৎপীড়ন পূর্ব্বক তূলা বা বস্ত্রের দ্বারা মার্জ্জিত করিয়া ক্ষার পাতন করিবে। ক্ষার পাতন করিয়া হস্তের দ্বারা যন্ত্রের মুখ আচ্ছাদন পূর্ব্বক বাক্শত কাল মাত্র অপেক্ষা করিবে। (১)

পরে মুছিয়া ক্ষারের তেজ ও ব্যাধি বিবেচনা করিয়া পুনর্ব্বার ক্ষার পাতন করিবে। বলীর বর্ণ পাকা জাম ফলের ন্যায় হইলে এবং অবসন্ন ও ঈষৎ নত হইলে, ধান্যাম্ল দধিমস্তু সুক্ত বা ফলাম্লের দ্বারা ক্ষার প্রক্ষালন করিবে। অনন্তর যষ্টি-মধু মিশ্রিত ঘৃত তাহাতে সেচন করিয়া যন্ত্রবন্ধন মোচন পূর্ব্বক রোগীকে উত্থাপিত করিয়া উষ্ণোদকে বসাইয়া শীতল জল পরিসেচন করিবে। কেহ কেহ অশীতল জল পরিসেচন করিতে কহেন। তদনন্তর বায়ুশূন্য গৃহে প্রবেশ করাইয়া যেরূপ নিয়মে থাকিতে হইবে তাহার উপদেশ দিবেন। অবশিষ্ট বলী পুনর্ব্বার দগ্ধ করিবে। এই রূপে সপ্তদিবস অন্তর এক একটী বলীর চিকিৎসা করিবে। বলী অনেক হইলে অগ্রে দক্ষিণ ভাগস্থ বলী, পরে বাম ভাগস্থ, তাহার পর পৃষ্ঠ-দিক-দেশস্থ অবশেষে সম্মুখস্থ, বলীর ক্রমান্বয়ে চিকিৎসা করিবে। বাত-শ্লেষ্মা-জন্য বলী হইলে অগ্নি ও ক্ষারের দ্বারা চিকিৎসা করিবে। পিত্ত-রক্ত-জন্য হইলে মৃদু ক্ষারের দ্বারা চিকিৎসা করিবে। বায়ুর অনুলোম, অন্নে রুচি, অগ্নির দীপ্তি, শরীরের লঘুতা বল ও বর্ণের উৎপত্তি এবং মনের তুষ্টি, সম্যক-দগ্ধ হইলে এই সকল লক্ষণ হয়। অতিদগ্ধ হইলে মলদ্বারের অবদারণ, দাহ, মূর্চ্ছা, জ্বর, পিপাসা, শোণিতের অতিশয় প্রবৃত্তি ও অতিদগ্ধ-জন্য অন্য অন্য উপদ্রবও জন্মে। শ্যামবর্ণ, অল্প ব্রণ ও কণ্ডু, বায়ুর বৈগুণ্য এবং ইন্দ্রিয় সমস্তের

(১) এক শত কথা কহিতে যে বিলম্ব হয়।

অপ্রসন্নতা, এবং অন্য অন্য বিকারের শান্তি না হওয়া, হীন-দগ্ধে এই সকল লক্ষণ ঘটে।

তেজস্বী ব্যক্তির মহান্ বলী হইলে ছেদন করিয়া দগ্ধ করিবে। অতিশয় দোষপূর্ণ বলী নির্গত হইলে, যন্ত্রব্যতিরেকে স্বেদ অভ্যঙ্গ স্নেহ অবগাহন উপনাহ বিস্রাবণ আলেপন ক্ষার অগ্নি শস্ত্র, এই সকলের দ্বারা চিকিৎসা করিবে। রক্তের প্রবৃত্তি থাকিলে রক্তপিত্তের বিধান-ক্রমে, পুরীষ ভিন্ন হইলে অতিসারের বিধানক্রমে, মল বদ্ধ হইলে স্নেহ পান বা উদাবর্ত্ত রোগের বিধান-ক্রমে, চিকিৎসা করিবে। এইটী সর্ব্বস্থান'গত অর্শের দহন-প্রণালী।

দর্ব্বী কূর্চ্চক বা শলাকার দ্বারা ক্ষার পাতন করিবে। গুদভ্রংশ (১) হইলে যন্ত্র ব্যতিরেকে ক্ষার অগ্নি বা শস্ত্র প্রয়োগ করিবে। সকল প্রকার অর্শঃ রোগেই শালি ষষ্ঠি যব গোধুম, ঘৃত-সহযোগে স্নিগ্ধ করিয়া দোষ অনুসারে দুগ্ধ বা নিম্ব যুষ বা পটোল-যুষ সহযোগে ভোজন করিবে। অথবা বাস্তুক তণ্ডুলীযক জীবন্তী উপোদিকা অশ্ববল অপক্ক মূলক পালঙ্ক্য অসন চিল্লী চুচ্চু কলায় শাক বা অন্য কোন শাক সহযোগে ভোজন করিবে। অথবা অন্য প্রকার স্নিগ্ধ অগ্নিকর অর্শঘ্ন মল-মূত্র-বৃদ্ধিকর দ্রব্য সেবন করিবে।

অর্শ দগ্ধ করা হইলে, তাহাতে ঘৃত সেচন করিবে, এবং অগ্নি-বর্দ্ধন-জন্য ও বায়ুর প্রকোপ হওয়া নিবৃত্তির জন্য, স্নেহাদির সামান্য ও বিশেষ প্রতিক্রিয়া সমস্ত প্রয়োগ করিবে (১)। বাতঘ্ন ও অগ্নিকর ঔষধের (২) কাথ সহযোগে ঘৃত পাক করিয়া হিঙ্গু প্রভৃতির

(১) "গুদ ভ্রংশ" যাহাকে গোগোল, বাহির হওয়া বলে। অতিসার রোগে জন্মে।

(১) অন্নাদি সংযোগে ঘৃত সেবন প্রভৃতি সামান্য কার্য্য; এবং ঔষধ সমূহ সংযোগে পাক করা ঘৃত সেচন ও তদ্দ্বারা বিরেচন প্রভৃতি বিশেষ কার্য্য বলা যায়।

(২) "অগ্নিকর দ্রব্য" পিপল্যাদি গণ ত্রিকটু মুস্তাদি অথবা অন্য যে কোন প্রকার ঐ রূপ তীক্ষ্ণ ঔষধ হউক। সূত্রস্থানের ঔষধের গণ বর্ণনা দ্রষ্টব্য।

(৩) চূর্ণ সহযোগে পান করিবে। পিত্ত-জন্য অর্শ হইলে পৃথক্-পর্ণী (৪) প্রভৃতির কাথ ও অগ্নিকর দ্রব্য প্রক্ষেপ পূর্ব্বক ঘৃত পাক করিবে। ইহাকে ভদ্রদার্ব্বাদি পিপ্‌ল্যাদি ঘৃত বলে। শোণিত-জন্য অর্শরোগে মঞ্জিষ্ঠা মুরঙ্গী প্রভৃতির কাথ, এবং শ্লেষ্মা-জন্য ব্রণে সুরসাদি গণের (৫) কাথে ঘৃত পাক করিয়া প্রয়োগ করিবে। অর্শে উপদ্রব ঘটিলে যে দোষ জন্য উপদ্রব জন্মে সেই দোষের চিকিৎসা করিবে।

মলদ্বারে ক্ষার অগ্নি বা শস্ত্র পাত করিতে হইলে অতি সাবধানে করিতে হইবে। ভ্রম বশতঃ অন্যায় রূপে পাতিত হইলে ষণ্ডতা শোক দাহ মদ মূর্চ্ছা আটোপ আনাহ অতিসার বা মৃত্যু পর্য্যন্ত ও ঘটিতে পারে।

অতঃপর ক্ষার প্রভৃতি প্রয়োগ-জন্য যে যন্ত্র ব্যবহৃত হয় তাহার প্রমাণ বলা যাইতেছে।

যন্ত্র, লৌহ গজদন্ত শৃঙ্গ বা কাষ্ঠের হইয়া থাকে। তাহার আকার গোক্ষুর স্তনের ন্যায়, পুরুষের হইলে আয়ত চারি অঙ্গুল, ও পরিণাহ (বেধ) পঞ্চ অঙ্গুল, এবং স্ত্রীলোকের হইলে পরিণাহ ছয় অঙ্গুল ও করতল-পরিমিত আয়ত। তাহার ছিদ্র দুইটী, একটী দর্শনার্থ, অপরটী ঔষধাদি প্রয়োগ-জন্য। কারণ, একটী ছিদ্র হইলে তাহার মধ্য দিয়া ক্ষার অগ্নি প্রভৃতি প্রবিষ্ট হইতে পারে না। ছিদ্রের পরিমাণ, তিন অঙ্গুল দীর্ঘ ও বৃদ্ধাঙ্গুষ্ঠের উদরের ন্যায় পরিণাহ। দৈর্ঘের অবশিষ্ট যে এক অঙ্গুল থাকে তাহার মধ্যে নিম্ন দেশের অর্দ্ধাঙ্গুলে ও উর্দ্ধ ভাগের অর্দ্ধাঙ্গুলে এক একটী বৃত্ত কর্ণিকা থাকে। সংক্ষেপতঃ এই যন্ত্রের লক্ষণ বলা হইল (১)।

---

(৩) হিঙ্গু ত্রিকটু বচ যমানি প্রভৃতি পূর্ব্ব অধ্যায় দেখ।

(৪) সত্রস্থানে বিদারীগন্ধাদিগণে পৃথক্‌পর্ণী হইতে অবশিষ্ট দ্রব্য।

(৫) সুরসাদি গণ সূত্র স্থানের গণ বর্ণনায় দ্রষ্টব্য।

(১) যন্ত্রের বর্ণনা পাঠে প্রকৃত আকার অনুভব করা কঠিন। তবে আধুনিক ইউরোপীয় শস্ত্র চিকিৎসাবিৎ পণ্ডিতেরা অন্তর্বলি ও ভগন্দর রোগে স্পেকিউলম্

অতঃপর অর্শের উপরিতে যে আলেপন দেওয়া যায় তাহা বলা যাইতেছে। প্রথম আলেপ স্নূহি-ক্ষার-যুক্ত হরিদ্রা চূর্ণ। দ্বিতীয়, গোমুত্র-গোরোচনা-পিষ্ট-কুক্কুটের পুরীষ, গুঞ্জা, হরিদ্রা ও পিপ্পলীর চূর্ণ। তৃতীয়, দন্তী চিত্রক সুবর্চ্চিকা (স্বর্জিকা ক্ষার) ও লাঙ্গলী, ইহাদিগের গোরচনা-পিষ্ট কল্ক। স্নূহী-ক্ষীর অথবা অর্কক্ষীরে পেষণ করিয়া পিপ্‌পলী সৈন্ধব ও শিরীষ ফলের কল্ক। চতুর্থ, কাসীস (হিরাকশ হরিতাল সৈন্ধব করবীর বিড়ঙ্গ পূতিকা (নাটা করঞ্জ) কৃতবেধ (শ্বেত ঘোষা ফল) জম্বু অর্ক নীলোৎপল চিত্রক শ্বেত-অর্ক ও স্নূহী ক্ষীর, এই সকল সহযোগে তৈল পাক করিয়া প্রয়োগ করিলে বলি ছিন্ন হইয়া যায় (খসিয়া পড়ে)।

অতঃপর বলি পাতনের (খসাইবার) জন্য যোগ
বলা যাইতেছে।

প্রত্যহ প্রাতঃ কালে গুড় সংযোগে হরিতকী সেবন করিবে অথবা দ্রোণ পরিমিত গোমূত্রে এক শত হরীতকী সিদ্ধ করিয়া, ব্রহ্মচর্য্য অবলম্বন পূর্ব্বক প্রত্যহ প্রাতঃকালে তাহার যত সংখ্যা পারে মধু সংযোগে সেবন করিবে। অপামার্গের মূল তণ্ডুলোদকে পেষণ করিয়া সর্ব্বদা সেবন করিবে। দুগ্ধের সহিত শতমূলির কল্ক, বা চিত্রক-চূর্ণ যোগে প্রচুর পরিমাণে সীধু (মদ্য বর্গ দ্রষ্টব্য), অথবা ভল্লাতক যোগে শক্তু মন্থ (১) লবণ-বর্জ্জিত তক্রের সহিত সেবন করিবে। কলসে চিত্রক-মূলের কল্ক লেপন করিয়া, তাহাতে অম্ল বা অনম্ল হউক তক্র নিষিক্ত করিবে। রোগী বমন করিয়া সেই তক্র পান ভোজন

(Speculum) নামক যে যন্ত্র ব্যবহার করেন, তাহা প্রায় অধিকাংশই এই বর্ণনার সহিত ঐক্য হয়। বিশেষ ভেদ এই যে ইঁহারা এক্ষণে এই যন্ত্র কেবল মলদ্বারে আভ্যন্তরিক রোগ দর্শনে ব্যবহার করেন। আর্য্যদিগের উক্ত যন্ত্র রোগদর্শন ও তাহাতে ঔষধাদি প্রয়োগ উভয় কার্য্যেই ব্যবহৃত হইত।

(১) যব বা গোধূম প্রভৃতি চূর্ণকে শক্তু বলে। মন্থ পাকের বিধি সূত্র স্থানে কৃতান্ন বর্গ দেখ।

প্রভৃতিতে সেবন করিবে। এই প্রণালী ক্রমে ভার্গী আস্ফোতা যব আমলক ও গুড়ূচী সহযোগে তক্র প্রস্তুত হইলে তক্র-কল্প বলে।

রোগী অনাহারে থাকিয়া বা বমন করিয়া, পিপ্পলীমূল চব্য (চই) চিত্রক বিড়ঙ্গ শুণ্ঠি ও হরীতকী এই সকল দ্রব্য সহযোগে সর্ব্বদা তক্র পান করিবে। অথবা শৃঙ্গবের পুনর্ণবা ও চিত্রকের ক্বাথ সহযোগে দুগ্ধ সিদ্ধ করিয়া সেবন করিবে। কিম্বা কুটজ-মূলের ত্বক ও ফাণিত (১) পিপ্‌ল্যাদি চুর্ণ প্রক্ষেপ পূর্ব্বক মধু সংযোগে সেবন করিবে। বাতব্যাধির অধিকারে উক্ত হিঙ্গু-আদি চূর্ণ সেবন করিয়া, তক্র বা দুগ্ধ সংযোগে আহার করিবে। ক্ষার লবণ বা চিত্রক-মূল ও ক্ষারোদক সহযোগে কুল্মাষ সিদ্ধ করিয়া ভক্ষণ করিবে। চিত্রক-মূল ও ক্ষারোদক-সিদ্ধ দুগ্ধ, অথবা পলাশ বৃক্ষের ক্ষার সহযোগে কুলত্থ সিদ্ধ করিয়া সেবন করিবে। অথবা পারুল অপামার্গ বৃহতী ও পলাস, ইহাদিগের ক্ষার পরিশ্রুত করিয়া, সেই ক্ষারোদক সহযোগে অহরহ ঘৃত পান করিবে। কুটজ ও বৃক্ষাদনী মূলের কল্ক তক্র সহযোগে, অথবা চিত্রক পূতিকা ও শুণ্ঠীর কল্ক পূতিক-ক্ষার সহযোগে, অথবা ক্ষারোদক সহযোগে ঘৃত পাক করিয়া পিপ্‌ল্যাদি চূর্ণ প্রক্ষেপ পূর্ব্বক, সেবন করিবে। অথবা প্রত্যহ প্রাতঃকালে প্রসৃত প্রকুঞ্চ (২) পরিমিত কৃষ্ণ তিল ভক্ষণ করিয়া শীতল জল অনুপান করিবে। ইহাতে অগ্নি বৃদ্ধি ও অর্শের শান্তি হয়।

দশমূলী দন্তী চিত্রক হরীতকী প্রত্যেকের তুলা * পরিমাণ গ্রহণ করিয়া চারি দ্রোণ জলে পাক করিবে। পাদাবশেষ থাকিতে সেই ক্বাথ গ্রহণ করিয়া তুলা পরিমিত গুড়ের সহিত মিশ্রণ পূর্ব্বক ঘৃতপাত্রে

---

(১) "ফাণিত" বাতাসা অথবা সেই মত পাকের ইক্ষুরস।

(২) করতল সঙ্কুচিত করিয়া যে পরিমাণ ঔষধ ধরে, তাহাকে প্রসৃত পরিমাণ বলা যায়।

* এক শত পল বা সার্দ্ধ দ্বাদশ শেরে এক তুলা হয়।

নিহিত করিয়া যব-রাশীর মধ্যে রাখিয়া একমাস কাল উপেক্ষা করিবে। একমাস পরে প্রত্যহ প্রাতঃকালে যথাসাধ্য (২) পরিমাণে সেবন করিবে। ইহাতে অর্শ গ্রহণী পাণ্ডু উদাবর্ত্ত ও অরুচি জন্মে না, ও অগ্নির দীপ্তি হয়।

পিপ্‌পলী মরিচ বিড়ঙ্গ এলবালুক ও লোধ্র প্রত্যেকের দুই পল (৩) ইন্দ্রবারুনী পঞ্চ পল, কপিত্থ ফলের আভ্যন্তরিক শস্য দশ পল হরীতকী অর্দ্ধ প্রস্থ [৪], ও আমলকী ফল এক প্রস্থ, এই সকল একত্র চারি দ্রোণ [৫] পরিমাণ জলে পাক করিয়া পাদাবশেষ থাকিতে বস্ত্রে গালিত করিবে। পরে সেই পরিস্রুত কাথ শীতল হইলে দুই তোলা পরিমিত গুড়ের সহিত মিশ্রিত করিয়া ঘৃত পাত্রে নিহিত পূর্ব্বক যবরাশি মধ্যে একপক্ষ কাল উপেক্ষা করিবে। পরে প্রত্যহ প্রাতঃকালে যথাসাধ্য সেবন করিবে।

বাত-জন্য অর্শ রোগে স্নেহ-স্বেদ বমন বিরেচন আস্থাপন ও অনুবাসন অপ্রতিসিদ্ধ। অর্শরোগ পিত্ত-জন্য হইলে বিরেচন, রক্ত-জন্য হইলে সংশমন (১), এবং কফ-জন্য হইলে শৃঙ্গবের কুলত্থ একত্র সেবন করিবে। সর্ব্বদোষ-জন্য রোগে উক্ত সকল প্রকার ঔষধ একত্র সেবন করিবে। অথবা এই সকল ঔষধ সহযোগে দুগ্ধ সিদ্ধ করিয়াও পান করিলে সমান ফল হয়।

অতঃপর ভল্লাতকের বিধান বলা যাইতেছে।

পক্ব ভল্লাতক দুই তিন বা চারি খণ্ড করিয়া কাথ পাকের বিধা-

---

(২) "যথা সাধ্য পরিমাণে" অর্থাৎ যে পরিমাণে রোগী জীর্ণ করিতে পারে।

(৩) ৮ আট তোলায় এক পল।

(৪) দুই সেরে এক প্রস্থ।

(৫) বত্রিশ ৩২ শেরে এক দ্রোণ।

(১) সংশমনী বর্গ সূত্র স্থানে দ্রষ্টব্য।

নানুসারে (২) পাক করিবে। প্রত্যহ প্রাতঃকালে তালু ওষ্ঠ ও জিহ্বাতে ঘৃত মাখাইয়া সেই কাথ শীতল অবস্থায় শুক্তি (ঝিনুক) পরিমাণে সেবন করিবে। তদনন্তর অপরাহ্ন কালে দুগ্ধ ঘৃত ও অন্ন আহার করিবে। এই ঔষধ ক্রমশঃ এক এক শুক্তি বৃদ্ধি করিয়া সেবন করিবে পঞ্চ শুক্তি পর্য্যন্ত বৃদ্ধি পর প্রত্যহ পঞ্চ পঞ্চ শুক্তি করিয়া বৃদ্ধি করিবে। পরে যখন সপ্ততি (৭০) শুক্তি সংখ্যা পর্য্যন্ত সেবন করিবে, তখন পুনর্ব্বার পঞ্চ পঞ্চ শুক্তি করিয়া কমাইবে। এই পঞ্চ সংখ্যা করিয়া কমাইয়া যখন পঞ্চ শুক্তি মাত্র অবশিষ্ট থাকিবে, তখন এক এক শুক্তি করিয়া কমাইবে। এই রূপে সহস্র ভল্লাতক সেবন করিলে কুষ্ঠ ও অর্শ হইতে মুক্ত হইয়া বলবান্ অরোগী ও শতায়ু হয়।

দ্বি-ব্রণীয় চিকিৎসায় ভল্লাতকের তৈল বাহির করিবার যে প্রণালী বলা হইয়াছে, তদনুসারে ভল্লাতকের তৈল বাহির করিয়া প্রত্যহ প্রাতঃকালে এক শুক্তি পরিমাণে পান করিবে। সেই তৈল জীর্ণ হইলে, দুগ্ধ ঘৃত যোগে অন্ন আহার করিবে। অথবা ভল্লাতকের বীজের মজ্জা হইতে স্নেহ বাহির করিবে, এবং দেহ শোধন করিয়া (বমন বিরেচনের দ্বারা) বায়ু-শূন্য গৃহে প্রবেশ পূর্ব্বক সেই কাথ যথা-সাধ্য প্রসৃতি পরিমাণে অন্নে মিশ্রিত করিয়া সেবন করিবে। তাহা জীর্ণ হইলে দুগ্ধ ঘৃত অন্ন ভোজন করিবে। এই নিয়মে এক মাস কাল সেবন করিয়া, আহারের নিয়ম তিন মাস কাল পালন করিবে ইহাতে রোগ হইতে মুক্ত হইয়া বল-বর্ণ-বিশিষ্ট এবং শ্রবণ গ্রহণ ও ধারণা-শক্তি সম্পন্ন হইয়া এক শত বর্ষ জীবিত থাকে। এই তৈল মাসে মাসে এক বার করিয়া সেবন করিলে শতবর্ষ জীবিত থাকে, এবং দশ মাস নিয়ত সেবন করিলে সহস্র বর্ষ জীবিত থাকে।

---

(২) ভল্লাতক সরস থাকিলে অষ্ট গুণ শুষ্ক হইলে ষোড়শ গুণ জলে সিদ্ধ করিয়া পাদাবশেষ থাকিতে নামাইবে। ইহার প্রণালী স্নেহ-পাক বিধিতে পরে বলা যাইবে।

খদির ও বীজক যেমন সকল কুষ্ঠ রোগের শান্তি করে, বৃক্ষক (কুটজ) ও ভল্লাতকও তদ্রূপ সকল প্রকার অর্শ রোগের শান্তি করে। প্রমেহ-রোগ যেরূপ হরিদ্রার দ্বারা সাম্য থাকে, অর্শরোগও সেই রূপ ক্ষার অগ্নির দ্বারা সাম্য থাকে। অর্শরোগে, ঘৃত, অগ্নিকর ঔষধ, লেহ অয়স্কৃতি সুরা ও আসব, দোষ বিবেচনা করিয়া এই সকল সেবন করাইবে। বেগের অবরোধ, স্ত্রী-সংসর্গ, যানারোহণ, উৎকট আসন এবং যে দোষ-জন্য অর্শ রোগ জন্মে সেই দোষ বর্দ্ধনকর আহার, অর্শ রোগে পরিত্যাগ করিবে।

সপ্তম অধ্যায়।

অশ্মরী চিকিৎসা।

অশ্মরী অতিশয় কঠিন অন্তক-সদৃশ রোগ। অল্পকাল জাত হইলে ঔষধের দ্বারা আরোগ্য হয়, দীর্ঘকাল জাত হইলে ছেদ করিতে হয়। ইহার পূর্ব্বরূপে পশ্চাদুক্ত স্নেহাদির দ্বারা প্রতীকার করিবে। তদ্দ্বারা এই রোগের মূল নিঃশেষিত হয়।

পাষাণভেদি (পাথর কোঁড়) বক পুষ্পের বৃক্ষ গজ-পিপ্‌পলীর অশ্মন্তক, শতাবরী, গোক্ষুরী, বৃহতী, কণ্টিকারী কপোতবঙ্কা (ব্রাহ্মী শাক) নীলঝিণ্টী, অর্জ্জুন, উষির, কুব্জক, (মহাসহা) বৃক্ষাদনী, ভল্লুক, যব, কুলথ, কুল, ও কতক ফল, ইহাদিগের কাথে ঘৃত পাক করিয়া উষকাদিগণে (১) লিখিত দ্রব্য তাহাতে প্রক্ষেপ করিবে। ইহার দ্বারা বায়ু-জন্য অশ্মরী-রোগ আরোগ্য হয়। অথবা এই সকল বাতঘ্ন ঔষধ সহযোগে ক্ষার, যবের মণ্ড, যূষ ও দুগ্ধ পান বা ভোজন করিবে।

---

(১) উষকাদী গণ সূত্র স্থানে গণ বর্ণনা দ্রষ্টব্য।

কুশ, কাশ, শর, প্রিয়ঙ্গু উৎকট (তেজপত্র) মোরট অশ্মভিৎ, বরী (ত্রিফলা) বিদারী, বরাক্রান্ত, শালিমূল ত্রিকণ্টক, ভল্লুক (শোণাবৃক্ষ) পাটলা, পাঠা, পত্তুর (শালিঞ্চা শাক) কুরুণ্টিকা, পুনর্ণবা ও শিরীষ, ইহাদিগের ক্বাথে ঘৃত পাক করিয়া শিলাজতু যষ্টিমধু ও নীলোৎপলের বীজ এবং শসা ও এর্বারুকের (কর্কটী) বীজ, চূর্ণ করিয়া তাহাতে প্রক্ষেপ করিবে। ইহাতে পিত্ত-জন্য অশ্মরী ক্ষয় হয়। অথবা পিত্তঘ্ন বর্গের (১) সহযোগে ক্ষার, যবাগু, যূষ, ক্বাথ ও দুগ্ধ পাক করিয়া ভোজন ও পানে ব্যবহার করিবে।

শ্লেষ্মা-জন্য অশ্মরী রোগে বরুণাদি-গণ গুগ্গুল, এলাইচ, হরেণু দেবদারু, মরিচ এবং সকল প্রকার সুরা ও উষকাদি গণ, ইহাদিগের সহযোগে ছাগী-দুগ্ধের ঘৃত পাক করিবে। ইহার দ্বারা কফ-জন্য অশ্মরী ক্ষয় হয়, অথবা এই সকল কফ-নাশক ঔষধের দ্বারা ক্ষার যবের মণ্ড, কোন প্রকার যূষ, ক্বাথ, বা দুগ্ধ পাক করিয়া ভোজনে ব্যবহার করিবে।

নিম্ব, অঙ্কোল, কতক, শাক (সেগুণ) ও নীলোৎপল, ইহাদিগের ফল চূর্ণ করিয়া গুড় সংযোগে জলের সহিত পান করিবে। ইহাতে শর্করাশ্মরীর শান্তি হয়।

ক্রৌঞ্চ উষ্ট্র ও গর্দ্দভের অস্থি, গোক্ষুরী, তালমূলী, অজমোদা, কদম্বের মূল ও শুণ্ঠী, ইহাদিগের চূর্ণ সুরা বা উষ্ণোদক সহযোগে পান করিলে শর্করাশ্মরীর ক্ষয় হয়। ত্রিকণ্টকের (গোক্ষুরীর) বীজ-চূর্ণ মধু সংযোগে মেষী দুগ্ধের সহিত সপ্তাহ পান করিলে অশ্মরী ক্ষয় হয়। পূর্ব্বোক্ত ঘৃত-বিধিতে যে সকল দ্রব্য বলা হইয়াছে, সেই সকল দ্রব্যের ক্ষার মেষ-মূত্রের সহিত স্রাবিত করিয়া গ্রাম্য পশুর বিষ্ঠার ক্ষার-সংযোগে পাক করিবে। উষকাদি গণ ও ত্রিকটুর চূর্ণ প্রক্ষেপ করিবে। এই ক্ষারের দ্বারা অশ্মরী, গুল্ম, ও শর্করাশ্মরী

[১] সূত্র স্থানে সংশমনী, বর্গ দেখ।

ক্ষয় হয়। তিল, অপামার্গ, কদলী, পলাস ও যব ইহাদিগের বল্-কলে ক্ষার প্রস্তুত করিয়া মেষী দুগ্ধ সহ পান করিলে শর্করাশ্মরী আরোগ্য হয়। পাটলা ও করবীর ক্ষার এই রূপে পান করিবে। অথবা গোক্ষুরী যষ্টিমধু ও ব্রাহ্মী, ইহাদিগের একত্র অক্ষ (দুই তোলা) পরিমিত কল্‌ক পান করিবে। অথবা ঘৃতকুমারী ও মেষশৃঙ্গী বা শোভাঞ্জন ও ভৃঙ্গরাজের রস পান করিবে। অথবা অম্ল ও সুরা প্রভৃতি যোগে কপোতবঙ্কার (ব্রাহ্মী শাক) মূল পান করিবে। অশ্মরীতে বেদনা থাকিলে পূর্ব্বোক্ত ঔষধ সহযোগে দুগ্ধ পাক করিয়া সেবন করিবে। অথবা হরীতকীর ক্কাথ বা পুনর্ণবার ক্কাথ কিম্বা বীরতর্ব্বাদিগণের ক্কাথ পান করিবে। এই সকল ঘৃত ক্ষার ক্কাথ দুগ্ধ ও উত্তর বস্তির দ্বারা উপশম না হইলে ছেদন করা কর্ত্তব্য। বৈদ্য চিকিৎসাকুশল হইলেও অশ্মরী রোগে শস্ত্রকার্য্য সিদ্ধি লাভ করা সংশয়। অতএব এ রোগের পক্ষে শস্ত্র-প্রয়োগ জঘন্য চিকিৎসা বলিয়া কথিত হইয়াছে। একদিকে শস্ত্র-ক্রিয়া করিলে জীবন সংশয়, অপর দিকে ছেদন না করিলে নিশ্চয় মৃত্যু; এ রূপ অবস্থায় দৈবের প্রতি নির্ভর করিয়াই শস্ত্রকার্য্য করিবে।

শস্ত্রক্রিয়া করিতে হইলে রোগীকে স্নিগ্ধ করিয়া, ও বমন বিরেচনের দ্বারা তাহার শরীর সংশোধিত করিয়া কৃশ করিবে। ক্রিয়া-কালে, অভ্যঞ্জনের (১) দ্বারা স্বেদ প্রয়োগ করিয়া ভোজন করাইবে। পরে অগ্রোপহরণীয় বিধি অনুসারে (সূত্র স্থান দ্রষ্টব্য) শস্ত্রক্রিয়ার সকল দ্রব্য আহরণ করিয়া আশ্বাস প্রদান পূর্ব্বক সবল ও অব্যাকুল চিত্ত রোগীকে আজানু-পরিমিত-দীর্ঘ কাষ্ঠ-ফলকে শয়ন করাইবে। অন্য ব্যক্তি সেই কাষ্ঠ ফলকে অগ্রে উপবেশন করিলে, রোগী আপন দেহের উর্দ্ধ্ব ভাগ তাহার ক্রোড়ে রাখিয়া উত্তান ভাবে শয়ন করিবে ও কটী-দেশ উন্নত ভাবে রাখিবে। উভয় জানু ও কূর্পর সঙ্কোচিত

(১) তৈল প্রভৃতি যাহা অঙ্গে মর্দ্দনা করা যায় তাহাকে অভ্যঞ্জন বলা যায়।

করিয়া সূত্রের বা শাটক যন্ত্রের (২) দ্বারা পরস্পর বদ্ধ করিবে। অনন্তর নাভি প্রদেশে তৈল বা ঘৃত মাখাইয়া মুষ্টির দ্বারা নাভির বাম পার্শ্বে মর্দ্দন করিয়া অশ্মরী অধোভাগে আনয়ন করিবে। রোগীর বস্তিদেশ অসঙ্কোচিত রাখিবে। বাম হস্তের দ্বিতীয় ও মধ্যম অঙ্গুলি-দ্বয়ের নখ কর্ত্তন পূর্ব্বক ঘৃত মাখাইয়া পায়ুদেশে সেবনীর (৩) মূলে স্থাপন করিবে। সেই স্থান হইতে বল ও যত্ন সহকারে সেই অঙ্গুলি দ্বয়ের দ্বারা টিপিতে টিপিতে পায়ু ও মেঢ্রের মধ্যস্থিত বস্তি স্থানে আসিয়া উক্ত অঙ্গুলি দ্বয়ের দ্বারা শীঘ্র এরূপ বল পূর্ব্বক টিপিয়া ধরিবে, যেন অশ্মরীটি গ্রন্থির ন্যায় উন্নত হইয়া উঠে। সেই উন্নত গ্রন্থি সদৃশ অশ্মরীটি হস্তে ধৃত হইলে রোগী যদি স্থিরদৃষ্টি জ্ঞানশূন্য ও মৃতের ন্যায় নতশির ও নিশ্চেষ্ট হইয়া পড়ে তবে সে স্থলে কদাচই ছেদন করিয়া অশ্মরী নির্গত করা কর্ত্তব্য নহে, তাহা করিতে গেলে নিশ্চয়ই রোগীর মৃত্যু হইবে। গ্রন্থি-সদৃশ সেই অশ্মরীটি ধরিলে রোগীর যদি এরূপ অবস্থা না হয়, তবে নির্গত করা কর্ত্তব্য। অনন্তর সেবনীর বামপার্শ্বে যব পরিমিত স্থান পরিত্যাগ করিয়া, অশ্মরীটি নির্গত হইতে পারে এই পরিমাণ ছেদন করিবে। কার্য্যের সুবিধার জন্য কেহ কেহ দক্ষিণ ভাগে ছেদন করিতে বলেন। নির্গত করিবার কালে সাধন হওয়া কর্ত্তব্য যেন অশ্মরীটি চূর্ণ বা ভগ্ন না হয়। কারণ, কিঞ্চিৎ মাত্র অবশিষ্ট থাকিলেও তাহা বৃদ্ধি প্রাপ্ত হয়। অতএব তাহার সমস্তটাই এক কালে নির্গমনের মুখে আনিবে। স্ত্রী-লোকের অশ্মরী হইলে তাহা বস্তির পার্শ্বে গর্ভাশয়ের সন্নিকৃষ্ট স্থানে থাকে। অতএব

---

(২) শাটক যন্ত্রে বন্ধন করিবার প্রণালী পশ্চাতে লিখিত হইয়াছে। তবে এক্ষণে ইউরোপীয় চিকিৎসকেরাও অশ্মরীছেদনে আর্য্যদিগের ন্যায় জানু কনুয়ে একত্র বন্ধন করে, তাহাকে Lithotomy binding বলে, তাহার প্রণালী পাঠ করিলে বোধ হয় আর্য্যদিগের শাটক যন্ত্রের বন্ধনী ঐ রূপই ছিল।

(৩) পায়ু-দেশ হইতে মেঢ্র পর্য্যন্ত সেলাইয়ের মত রেখাকে সেবনী বলে।

উৎসঙ্গ বিশিষ্ট (২) শস্ত্রের দ্বারা ইহা আহরণ করিবে। তাহার অন্যথা হইলে ইহাদিগের মূত্রস্রাবী ব্রণ জন্মে। পুরুষেরও মূত্র-প্রণালী শস্ত্রাহত হইলে ঐ ফল হয়। অশ্মরী-রোগে বস্তিদেশের এক পার্শ্বে ছেদ করিলে ছেদ-জন্য-ব্রণ আরোগ্য হয়, উভয় পার্শ্বে ছেদ করিলে হয় না। অশ্মরী ব্যতিরেকে এক পার্শ্বে ছেদ করিলেও আরোগ্য হয়না। এই রূপে শল্য বাহির হইলে রোগীকে দ্রোণ-পরিমিত উষ্ণোদকে বসাইয়া স্বেদ দিবে, বস্তি দেশে যেন রক্ত সঞ্চিত না হয়। যদি সঞ্চিত হয়, তবে ক্ষীর বৃক্ষের (যজ্ঞ ডুম্বুর) ক্বাথ পুষ্পনলের দ্বারা সেচন করিবে।

বস্তিমধ্যে ক্ষীর-বৃক্ষের ক্বাথ পুষ্পনালের দ্বারা যোজনা করিবে। ইহাতে অশ্মরী ও বস্তিগত শোণিত শীঘ্র নিঃসৃত হয়।

মূত্রপথ সংশোধনের জন্য রোগীকে গুড়-সৌহিত্য প্রদান করিয়া ক্ষত স্থানে মধু ঘৃত সেচন করিবে। অনন্তর মূত্র-শোধন-কর (১) দ্রব্য সহযোগে যবের মণ্ড সিদ্ধ করিয়া ঘৃত সহযোগে তিন দিন কাল দুই বেলা পান করাইবে। তিন দিনের পর মূত্র ও শোণিত বিশুদ্ধির জন্য গুড় সহযোগে দুগ্ধ গাঢ় করিয়া, তাহার সহিত অল্প পরিমাণে কোমল অন্ন দশ দিন কাল ভোজন করাইবে। দশ দিনের পর ফলাম্লের বা হরিণ-মাংসের রস সেবন করাইবে। তদনন্তর দশরাত্র কাল অপ্রমত্ত ভাবে স্নেহস্বেদ বা দ্রবস্বেদ প্রয়োগ করিবে। অথবা ক্ষীরবৃক্ষের ক্বাথে ক্ষতস্থান প্রক্ষালন করিবে। রোধ্র মধুক মঞ্জিষ্ঠা প্রপৌণ্ডরীক; ইহাদিগের কল্ক ব্রণে লেপন করিবে। এই সকল দ্রব্য ও হরিদ্রা, একত্র যোগে তৈল পাক করিয়া ব্রণের অভ্যঞ্জনে ব্যবহার করিবে। উত্তরবস্তির দ্বারা স্ত্যান (সঞ্চিত বা গাঢ়) শোণিতের প্রতিকার করিবে। সপ্ত রাত্রের পর মূত্র-নালীর দ্বারা মূত্র নির্গত

(২) শস্ত্রের মুখ হাতার মত হইলে উৎসঙ্গ বিশিষ্ট বলা যায়।

(১) সূত্র স্থানে দ্রব্য গুণ ও গণ বর্ণনা দ্রষ্টব্য।

না হইলে যথাবিধি ক্রমে ব্রণ দগ্ধ করিবে। মূত্রনালীর দ্বারা মূত্র নিঃসৃত হইলে মধুর দ্রব্যের কাথে উত্তরবস্তি আস্থাপন ও অনুবাসন প্রয়োগ করিবে। অশ্মরী বা শর্করাশ্মরী যদি আপন্ন হইতে মূত্রনালী-মধ্যে নিহিত হয়, তবে মূত্রনালী হইতেই তাহা আহরণ করিবে। সহজে আহরণ করিতে না পারিলে মূত্র-নাড়ী বিদীর্ণ করিয়া শস্ত্র বা বড়িশের দ্বারা আহরণ করিবে। ব্রণ পূরিয়া উঠিলেও এক বৎসর কাল স্ত্রী-সংসর্গ, অশ্ব গজ শকটাদি আরোহণ, জলে সন্তরণ বা গুরুপাক দ্রব্য ভোজন করিবে না।

মূত্রবহ শুক্রবহ মুষ্কস্রোত মূত্রপ্রসেক সেবনী যোনি মলদ্বার ও বস্তি, অশ্মরী ছেদন কালে এই গুলি সাবধানে পরিত্যাগ করিবে। মূত্রবহা নাড়ী আহত হইলে বস্তি-দেশ মূত্রপূর্ণ হইয়া মৃত্যু হয়। শুক্রবহা নাড়ী আহত হইলে মৃত্যু বা ষণ্ডতা রোগ জন্মে। মুষ্ক-স্রোত আহত হইলে ধ্বজভঙ্গ হয়। মূত্র-প্রসেক আহত হইলে, তাহা হইতে সর্ব্বদা মূত্র নিঃসরণ হয়। সেবনী বা যোনি চ্ছেদ হইলে বেদনা প্রাদুর্ভাব হয়। বস্তি ও গুদমণ্ডল আহত হইলে যে ফল হয় তাহা পূর্ব্বে বলা হইয়াছে।

এ স্থলে শ্লোক কহিতেছেন।

এই অষ্ট প্রকার স্রোতগত মর্ম্ম যে ব্যক্তি না জানে, সেই শস্ত্র-কর্ম্মানভিজ্ঞ ভিষক্ অনেকের প্রাণ নাশ করে।

অথ ভগন্দরের চিকিৎসা।

ভগন্দর পঞ্চ প্রকার। তাহার মধ্যে শম্বূকাবর্ত্ত ও শল্যনিমিত্ত, এই দুই প্রকার ভগন্দর অসাধ্য। অবশিষ্ট সকল প্রকার কষ্টসাধ্য। ভগন্দর-জাতীয় ব্রণ হইলে তাহার অপক্ক অবস্থায় রোগীকে অপতর্পণ হইতে বিরেচন পর্য্যন্ত (১) একাদশ প্রকার প্রতীকার করিবে।

(১) চিকিৎসিত স্থানের প্রথম অধ্যায় দ্বিব্রণীয় চিকিৎসা দ্রষ্টব্য।

পিড়কা পাকিয়া উঠিলে, স্নেহ-মর্দ্দন ও অবগাহনে (১) শরীর স্বিন্ন হইলে রোগীকে শয্যাতে শয়ন করাইয়া অর্শ-রোগীর ন্যায় সূত্রে বা শাটক-যন্ত্রে বন্ধন করিয়া, ভগন্দর অধোমুখ কি উর্দ্ধমুখ অন্তর্মুখ কি বহির্মুখ তাহা সমীক্ষণ করিবে। পরে এষণী প্রদান ও উন্নত করিয়া আশয় (পূযাশয়) সমেত ছেদন করিয়া তুলিয়া লইবে। অন্তর্মুখ ভগন্দর হইলে রোগীকে যন্ত্রের দ্বারা সম্যক্‌রূপে বন্ধন করিয়া প্রবাহণ করিতে (মলদ্বারে বেগ দিতে) কহিবে। তাহাতে ভগন্দরের মুখ দৃষ্ট হইলে এষণী প্রদান পূর্ব্বক শস্ত্রপাত করিবে। অগ্নি বা ক্ষার সামান্যতঃ সকল ভগন্দরেই প্রয়োগ করা যায়।

শতপোনক ভগন্দরে মলদ্বার-মধ্যে অগ্রে ক্ষুদ্র ব্রণ সমস্ত ছেদ করিবে। সেই সকল পূরিয়া উঠিলে তবে মলদ্বারের মূল নাড়ীর চিকিৎসা করিবে। যে সকল শিরা পরস্পর সম্বদ্ধ তাহাদিগের প্রত্যেকটি বাহ্যদেশে স্বতন্ত্র ছেদ করা কর্ত্তব্য। যে নাড়ী পরস্পর সম্বদ্ধ নহে তাহাও একত্র ছেদন করিলে, ব্রণের মুখ অতিশয় বিবৃত হয়। সেই প্রশস্ত মুখ হইতে মল মূত্র নির্গত হয়, বায়ু-কর্ত্তৃক আটোপ ও মলদ্বারে কনকনানি জন্মে। ইহাতে চিকিৎসা-কুশল বৈদ্যও বিমূঢ় হইয়া পড়েন। অতএব শতপোনক ভগন্দরে মুখ প্রশস্ত করিয়া ছেদ করা অকর্ত্তব্য। এই বহু ছিদ্র বিশিষ্ট ভগন্দর-রোগে সার্দ্ধলাঙ্গলক লাঙ্গলক সর্ব্বতোভদ্র অথবা গোতীর্থক নামক ছেদ কর্ত্তব্য। মলদ্বারের উভয় পার্শ্বে সমভাবে ছেদ করিলে লাঙ্গলক বলে, এক পার্শ্বে সমান ও অপর পার্শ্বে কিছু হ্রস্ব ভাবে ছেদ করিলে অর্দ্ধ লাঙ্গলক বলে। সেবনী বর্জ্জন পূর্ব্বক মলদ্বার চারিখণ্ডে ছেদ করাকে সর্ব্বতোভদ্র বলে। এবং পার্শ্ব হইতে শস্ত্রপাত পূর্ব্বক ছেদ করিলে গোতীর্থক বলে। রক্তাদি স্রাবের পথ সমস্ত অগ্নির দ্বারা দগ্ধ করিবে (২)।

---

(১) স্নেহ বা ক্বাথ প্রভৃতি কোন প্রকার তরল পদার্থে শরীর নিমগ্ন করাকে এ স্থলে অবগাহন বলে।

(২) আধুনিক ইউরোপীয় শস্ত্রচিকিৎসাবিৎ পণ্ডিতেরা ভগন্দরের এই কয়

ভীরু বা সুকুমার ব্যক্তির শতপোনক ভগন্দর হইলে আরোগ্য হওয়া দুষ্কর। তাহাতে শীঘ্র বেদনা ও আস্রাব নাশক স্বেদ প্রয়োগ করিবে। কৃশরা বা পায়সের স্বেদ বা লাব তিত্তির প্রভৃতি গ্রাম্য ও সজল-দেশ-জাত পশুর মাংস সহযোগে, বৃক্ষাদনী (বৃক্ষের মাদা) এরণ্ড ও বিল্বাদিগণের ক্বাথ বা চূর্ণ স্নেহকুম্ভে নিহিত করিয়া নাড়ীস্বেদ বিধানে উক্ত ব্রণোপরি স্বেদ দিবে। তিল এরণ্ড তিশী মাসকলাই যব গোধূম সর্ষপ লবণ ও অম্লবর্গ (১) এই সকল স্থালীমধ্যে রাখিয়া রোগীকে স্বেদ দিবে। স্বেদ দেওয়া হইলে, কুষ্ঠ লবণ বচ হিঙ্গু ও অজমোদা, এই সকল দ্রব্য সমভাগে ঘৃত দ্রাক্ষা বা অম্লরস সুরা অথবা কাঞ্জী সহযোগে সেবন করাইবে। তদনন্তর মধুকতৈল (মৌল ফলের তৈল) ব্রণে সেচন করিবে। মলদ্বারে বায়ুরোগ-নিবারক তৈল পরিসেচন করিবে। এইরূপে প্রতীকার করিলে মল মূত্র স্ব স্ব পথে নিঃসৃত হয় ও অন্যান্য তীব্র উপদ্রবেরও নিশ্চয় শান্তি হয়। শতপোনক ভগন্দরের চিকিৎসা বলা হইল, এক্ষণে উষ্ট্রগ্রীব নামক ভগন্দরের প্রতীকার বলা যাইতেছে।

উষ্ট্রগ্রীব নামক ভগন্দরের এষণীর দ্বারা এষণ পূর্ব্বক ছেদন করিয়া ক্ষার পাত করিবে। পূতি মাংস সমস্ত ইহা হইতে নির্গত করিতে হয়, এই জন্য অগ্নির দ্বারা দগ্ধ করা কর্ত্তব্য নহে। ছেদ ও পূতি মাংস সমস্ত নির্গত করিবে, পরে তিল পিষিয়া ঘৃত-সংযোগে ইহাতে প্রলেপ দিবে। প্রলেপের উপরি বন্ধন করিয়া ঘৃত পরিসেচন করিতে থাকিবে। তিন দিবসের পর বন্ধন খুলিবে। ব্রণে যদি কোন দোষ থাকে তবে তাহা অগ্রে সংশোধন করিবে (২)। সংশোধিত হইলে যথাবিধিক্রমে

প্রকারই ছেদ করিয়া থাকেন। তবে লাঙ্গলক ও অর্দ্ধ লাঙ্গলক এ ভেদ তাঁহারা করেন না। তাঁহারা ইহাকে বৃত্তাং শিকচ্ছেদ (curvilineal incision) বলেন।

(১) অম্ল বর্গ সূত্র স্থানে রসবিশেষ বিজ্ঞানীয় অধ্যায়ে দ্রষ্টব্য।

(২) সংশোধনের প্রণালী দ্বিব্রণীয় ও সদ্যব্রণের চিকিৎসায় অনেক প্রকার বলা হইয়াছে।

রোপণ করিবে (১)। পরিস্রাবী নামক ভগন্দরে, রসরক্তাদি আস্রাব হইতে থাকিলে তাহার পথ (শোষ বা নালী) ছেদন পূর্ব্বক ক্ষার বা অগ্নির দ্বারা দগ্ধ করিবে। ঈষদুষ্ণ অণুতৈল (২) গুদমণ্ডলে সেচন করিবে। উপনাহ প্রদেহ মূত্র বা ক্ষার সংযোগে প্রয়োগ করিবে, ও বমনীয় ঔষধের দ্বারা অল্প পরিমাণে পরিসেচন করিবে। এই রূপ প্রতীকারে ব্রণ কোমল হইলে, এবং বেদনা ও আস্রাব হ্রাস হইলে, তাহার শোষ-মুখ অন্বেষণ পূর্ব্বক ছেদন করিয়া অগ্নির দ্বারা সম্যক্ দগ্ধ করিবে। ছেদন করিতে হইলে, খর্জ্জুর পত্র অর্দ্ধচন্দ্র চন্দ্র-চক্র-সূচীমুখ ও অবাঙ্মুখ, এই সকল আকারে ছেদ করিবে। প্রয়োজন হইলে পুনর্ব্বার ক্ষারের দ্বারাও দগ্ধ করা যায়। তদনন্তর ব্রণ কোমল করিয়া সংশোধন করিবে।

বালকের বাহ্যমুখ বা অন্তর্মুখ কোন প্রকার ভগন্দর হইলে বিরেচন অগ্নি ক্ষার বা শস্ত্র হিতকর নহে। যে সকল ঔষধ কোমল ও তীক্ষ্ণ তাহাই প্রয়োগ করিবে। আরগ্বধ (সোঁদাল) হরিদ্রা ও নীল ইহাদিগের চূর্ণ মধু ও ঘৃতে আপ্লুত করিয়া বর্ত্তির আকারে ব্রণে প্রয়োগ করিয়া শোধন করিবে। এই যোগের দ্বারা ব্রণের নালী শীঘ্র আরোগ্য হয়। আগন্তুক (আঘাত জন্য) ভগন্দরে নালী হইলে শস্ত্রের দ্বারা ছেদ করিয়া জাম্বোষ্ঠ শলাকা দাহন পূর্ব্বক অগ্নিবর্ণ করিয়া সেই ব্রণের স্থান দগ্ধ করিবে। এবং প্রয়োজন হইলে ক্রমি নাশক ও শল্য অপনয়ন-বিধি অনুসারে কার্য্য করিবে। ভ্রমণশীল ব্যক্তির এ রোগ হইলে, অথবা রোগ ত্রিদোষ-জন্য হইলে রোগীকে পরিত্যাগ পূর্ব্বক চিকিৎসা করিবে। সকল প্রকার ভগন্দরেই এই সকল প্রতিকার আনুপূর্ব্বিক কর্ত্তব্য। ভগন্দরে শস্ত্রপাত-জন্য যদি বেদনা জন্মে তবে তাহাতে উষ্ণ অণুতৈল পরিষেচন কর্ত্তব্য। অথবা, স্থালীতে

(১) রোপণের ঔষধও পূর্ব্বোক্ত দুই অধ্যায়ে বলা হইয়াছে।

(২) অণু তৈল বাত ব্যাধির চিকিৎসায় দ্রষ্টব্য।

বাতঘ্ন ঔষধ পূর্ণ করিয়া, তাহার মুখে ছিদ্রযুক্ত সরাব আচ্ছাদিত করিবে। রোগীকে উপবেশন করাইয়া ও তাহার মলদ্বারে ঘৃত সেচন করিয়া, তাহাতে স্থালীস্থ দ্রব্যের উষ্ণ স্বেদ দিবে। অথবা রোগীকে শয়ন করাইয়া বেদনা-শান্তি-কর (১) নাড়ীস্বেদ (নলের দ্বারা স্বেদ) প্রয়োগ করিবে। অথবা উষ্ণো-দকে অবগাহন করাইবে, তাহাতেও বেদনার শান্তি হয়। অথবা উপনাহ ও শাল্বণ (২) প্রভৃতি কদলী পত্র বা মৃগচর্ম্মে স্থাপন পূর্ব্বক প্রয়োগ করিবে। ত্রিকটু বচ হিঙ্গু প্রভৃতি লবণ শ্যামা দন্তী ত্রিবৃৎ তিল কুষ্ঠ শতমূলী গোলোমী (শ্বেত দূর্ব্বা) গিরিকর্ণিকা (অপরাজিতা) কাসীস কাঞ্চন-বৃক্ষ এবং ক্ষীরী-বর্গ (৩), এই সকলের দ্বারা ভগন্দর-ব্রণ সংশোধিত হয়। ত্রিবৃৎ তিল নাগদন্তী (বিছুটী) ও মঞ্জিষ্ঠা দুগ্ধ-সহ মধু ও সৈন্ধব যোগে প্রয়োগ করিলে ভগন্দর ব্রণের উৎসাদন হয়। রসাঞ্জন হরিদ্রা দারুহরিদ্রা মঞ্জিষ্ঠা নিম্বপত্র ত্রিবৃৎ গজপিপ্‌লী ও দন্তী একত্র ইহাদিগের কল্কের প্রলেপে নালী-ব্রণ আরোগ্য হয়। কুষ্ঠ ত্রিবৃৎ তিল দন্তী মাগধ্য (পিপ্‌পলী) সৈন্ধব মধু হরিদ্রা ত্রিফলা তুথ, ব্রণ-শোধনের পক্ষে এই গুলি হিতকর। মাগধ্য যষ্টিমধু লোধ কুষ্ঠ এলাইচ রেণুকা মঞ্জিষ্ঠা ধাতকী পুষ্প সারিবা (শ্যামা লতা) হরিদ্রা দারুহরিদ্রা প্রিয়ঙ্গু সর্জ্জরস পদ্মকাষ্ঠ পদ্মকেশর সুধা (কলিচূণ) বচ লাঙ্গলকী মধুচ্ছিষ্ট (মোম) ও সৈন্ধব, এই সকল যোগে তৈল পাক করিবে। ইহাতে ভগন্দর আরোগ্য হয়। গণ্ডমালা মণ্ডল নামক কুষ্ঠ ও মেহ-জন্য ব্রণেরও রোপণের পক্ষে ইহা হিতকর। ব্রণ শোধন ও রোপণের

---

(১) বায়ু পিত্ত বা শ্লেষ্মা যে দোষ জন্য যাতনা হয়, সেই দোষ যে দ্রব্যে নিবৃত্ত হয় সেই দ্রব্যের স্বেদ সেই স্থলে বিধেয়। তবে বেদনা প্রায় বায়ুজন্যই হইয়া থাকে এই জন্য বায়ু শান্তিকর ঔষধের স্বেদ বেদনার স্থলে প্রয়োজ্য।

(২) চতুর্থ অধ্যায়ে বাত ব্যাধির চিকিৎসায় দ্রষ্টব্য।

(৩) যে সকল বৃক্ষের ক্ষীর নিঃসরণ হয় তাহাদিগকে ক্ষীরী বর্গ কহে। যথা যজ্ঞ ডুম্বুর বট অর্ক মনসা ইত্যাদি।

পক্ষে ন্যগ্রোধাদি গণ হিতকর। ইহার সহযোগে তৈল বা ঘৃত পাক করিয়া প্রয়োগ করিলে ভগন্দর আরোগ্য হয়। ত্রিবৃৎ দন্তী হরিদ্রা অর্কমূল লোহ (অগুরু) করবীর বিড়ঙ্গসার ত্রিফলা স্নুহী অর্কক্ষীর কাকোলী মধু মধুচ্ছিষ্ট তৈল এই সকল সহযোগে পাক করিবে। এই তৈলে ভগন্দর রোগ বিশেষ রূপে নষ্ট হয়। চিত্রক অর্ক ত্রিবৃৎ পাঠা গোড়ুম্বর করবীর সুধা (স্নুহী বা মনসা) বচ সপ্তপর্ণ (ছাতিম) লাঙ্গলকী সুবর্চ্চিকা (সর্জিকাক্ষার) জ্যোতিষ্মতী, এই সকল একত্র তৈল পাক করিবে। ইহাকে স্যন্দন তৈল বলে, ভগন্দর হওয়া মাত্রেই প্রয়োগ করা কর্ত্তব্য। দ্বিত্রণীয় চিকিৎসার প্রণালী ক্রমে ভন্দগরের অবস্থা বিবেচনা করিয়া শোধন রোপণ ও সবর্ণকরণের বিধি অবলম্বন. করিবে। অর্শ চিকিৎসায় যে যন্ত্র বলা হইয়াছে তাহা ভগন্দরেও ব্যবহার করিবে। ব্যায়াম মৈথুন কোপ, অশ্বাদি আরোহণ, ও গুরুপাক দ্রব্য ভোজন, ভগন্দর আরোগ্য হইলেও এক বৎসর কাল এ সকল পরিত্যাগ করিবে।

নবম অধ্যায়।

কুষ্ঠ চিকিৎসা।

অধিক পরিমাণে অহিতকর দ্রব্য ভোজন, অস্বাভাবিক আহার বেগ ধারণ স্নেহাদির অনিয়মিত সেবন, পাপ-ক্রিয়া-জন্য অথবা পূর্ব্ব-কর্ম্ম-দোষ-জন্য ত্বক্ দোষের উৎপত্তি হয়।

মাংস বসা দুগ্ধ দধি তৈল কুলত্থ মাষ ইক্ষু-বিকার অম্ল অহিতকর বা পরিমাণাধিক ভোজন, বিদাহী বা অভিষ্যন্দী দ্রব্য ভোজন, দিবা-নিদ্রা ও স্ত্রী-সমাগম, ত্বক্-দোষে এই সকল পরিত্যাগ করিবে।

শালি ষষ্টিক যব গোধূম কোরদূষ শ্যামাক উদ্দালক, প্রভৃতি পুরাতন

হইলে, মুদ্গ বা আঢ়কীর যূষ বা সূপ (১) সহযোগে, অথবা নিম্ব-পত্র ও ভেলা মিশ্রিত করিয়া মঞ্জিষ্ঠা সোমরাজ বাসক ও রূপিকার (শ্বেতার্ক) পুষ্প ঘৃত বা সর্ষপ তৈল সিদ্ধ করিয়া অথবা তিক্তবর্গের [সূত্র স্থান রসবিশেষ বিজ্ঞানীয় অধ্যায় দ্রষ্টব্য] দ্বারা মর্দন করিয়া তৎসহযোগে, ভোজন করিবে। যে রোগীর মাংস আহার করা অভ্যাস, তাহাকে মেদ-বর্জ্জিত হরিণের মাংস ভোজন করিতে দিবে। অভ্যঙ্গের নিমিত্ত বজ্রতৈল, উৎসদনার্থ, আরগ্বাধাদির কাথ প্রদান করিবে। কুষ্ঠ-রোগীর এই গুলি আহার আচারের নিয়ম।

কুষ্ঠের পূর্ব্বরূপে বিরেচন ও বমনের দ্বারা শরীরের ঊর্দ্ধ ও অধো-ভাগ সংশোধন করিবে। রোগ 'ত্বকে আশ্রয় করিলে শোধন ও আলেপন প্রয়োগ করিবে। শোণিতে আশ্রয় করিলে সংশোধন, আলেপন, কাথ পান, ও শোণিত মোক্ষণ করিবে। মাংস-গত হইলে, শোধন আলেপন কাথ পান ও রক্ত মোক্ষণ করিবে, এবং অরিষ্ট মন্থ ও প্রাস সেবন করিবে। চতুর্থতঃ কর্ম্ম-জন্য রোগে রোগী আত্মবান্ ও নিয়মানুগামী হইলে রোগ যাপ্য থাকে। সে অবস্থায় সংশোধন ও শোণিত মোক্ষণ করিবে, এবং তদতীত ভল্লাতক শিলাজতু গুগ্গুলু অগুরু তুবরক [কষায় রস] খদির আসন অয়স্কৃতি বিধানে সেবন করিবে। কুষ্ঠ রোগের পঞ্চমাবস্থায় [২] চিকিৎসা করিবে না।

কুষ্ঠ রোগের প্রথমাবস্থায় স্নেহ পান বিধান পূর্ব্বক চিকিৎসা করিবে। বায়ু-জন্য কুষ্ঠরোগ হইলে মেষ-শৃঙ্গী গোক্ষুরী শার্ঙ্গষ্ট গুড়ূচি

(১) লবণাদি বর্জ্জিত কেবল মাত্র কাথ হইলে যূষ বলা যায়। লবণ হিঙ্গু প্রভৃতি সংযুক্ত হইলে সূপ বলা যায়। "দালীতু সলিলে সিদ্ধা লবণার্দ্রক হিঙ্গুভিঃ। সংযুক্তা সূপ নাম্নীস্যাৎ কথ্যতে তদ্গুণা যথা।" "নিস্তুষো ভৃষ্ট সিদ্ধঃসঃ।„ অতএব সূপ পাকে দাইলকে নিস্তুষ করিয়া ভর্জ্জন পূর্ব্বক সিদ্ধ করিবে।

(২) স্বীয় প্রাক্তন-কর্ম্ম জন্য বা পিতৃদোষ জন্য কুষ্ঠ রোগই এই স্থানে গ্রন্থকারের অভিপ্রেত বলিয়া বোধ হয়। মূলে এই অধ্যায়ের প্রারম্ভে "পুরাকৃত কর্ম্মযাগাচ্চ„ এই রূপ উল্লিখিত আছে তাহাতে এই ভাবই বর্ত্তে।

ও দশমূলী সহযোগে তৈল বা ঘৃত পাক করিয়া পান ও অভ্যঙ্গে সেবন করিবে। পিত্ত-জন্য কুষ্ঠরোগে ধব অশ্বকর্ণ অসন পলাশ নিম্ব পর্পপটক (ক্ষেত্র পর্প্পটী) যষ্টিমধু রোধ্র ও মঞ্জিষ্ঠা সহযোগে ঘৃত সিদ্ধ করিয়া সেবন করিবে। শ্লেষ্মা-জন্য কুষ্ঠরোগে পিয়াল শাল আরগ্বধ নিম্ব সপ্তপর্ণ চিত্রক মরিচ বচ ও কুষ্ঠ সহযোগে ঘৃত পাক করিয়া সেবন করিবে।

সকল প্রকার কুষ্ঠ-রোগে ভল্লাতক অভয়া (হরিতকী বিশেষ) ও বিড়ঙ্গ যোগে ঘৃত, তুবরক-তৈল (মধুমেহ চিকিৎসা দেখ) ভল্লাতক-তৈল প্রয়োজ্য।

মহাতিক্ত ঘৃত।

সপ্তপর্ণ আরগ্বধ অতিবিষা পাঠা কটুকী গুলঞ্চ ত্রিফলা পটোল নিম্ব পর্পপটক দুরালভা মুস্তা চন্দন ত্রায়মানা (বনভাদুলিয়া) পদ্মকাষ্ঠ হরিদ্রা উপকুল্যা (পিপ্পলী) বিশালা (রাখাল শশা) মুর্ব্বা শতাবরী সারিবা [শ্যামালতা] ইন্দ্রযব অটরুষক (বাসক) ষড়গ্রন্থি (বচ) যষ্টি-মধু ভূনিম্ব [চিরেতা] গৃষ্টিকা (চামর আলু) ইহাদিগের প্রত্যেককে সমভাগে লইয়া কল্ক প্রস্তুত করিবে। সেই কল্কের চতুর্গুণ ঘৃত, ঘৃতের দ্বিগুণ আমলকী রস, ও রসের চতুর্গুণ জল একত্র আলোড়ন পূর্ব্বক পাক করিবে। ইহাকে মহাতিক্তক ঘৃত কহে। কুষ্ঠ বিষমজ্বর রক্তপিত্ত হৃদ্রোগ উন্মাদ অপস্মার গুল্ম পিড়কা অসৃগ্দর গলগণ্ড গণ্ড-মালা শ্লীপদ পাণ্ডুরোগ বিষর্প ষণ্ডতা কণ্ডু পামা প্রভৃতি ইহার দ্বারা শাম্য হয়।

তিক্তক সর্পি।

ত্রিফলা পটোল নিম্ব বাসক কটুকী দুরালভা ত্রায়মাণা ও পর্প্পট, প্রত্যেকে দুই পল দ্রোণ পরিমিত জলে সিদ্ধ করিয়া পাদাবশেষ [চতুর্থ ভাগ] থাকিতে অবতারিত করিবে। ত্রায়মাণা মুস্তা ইন্দ্রযব চন্দন ভূনিম্ব ও পিপ্পলী, প্রত্যেকে অর্দ্ধ তোলা পরিমাণে উক্ত ক্বাথে

পিষিবে। সেই কল্ক সহযোগে প্রস্থ পরিমিত ঘৃত পাক করিবে। ইহাতে কুষ্ঠ বিষমজ্বর গুল্ম অর্শ গ্রহণী শোফ পাণ্ডু বিসর্প ও ষণ্ডতা নিবৃত্ত হয়।

কুষ্ঠ প্রলেপ।

পূর্ব্বোক্ত দুই প্রকারের মধ্যে কোন প্রকার ঘৃতের দ্বারা রোগিকে স্নিগ্ধ ও স্বিন্ন করিয়া, তাহার একটী বা ততোধিক পাঁচটী পর্য্যন্ত সিরা বিদ্ধ করিবে। শরীরের মণ্ডলাকার চিহ্ন সমস্ত উৎসন্ন (স্ফীত) ভাবে থাকিলে তাহাদিগকে অবলেখন করিবে (চাঁচিয়া ফেলিবে), অথবা সর্ব্বদা লেপ দিবে। সমুদ্রফেণ সেগুণ গোজী (গোজিয়া লতা) অথবা গোডুম্বরের পত্র দ্বারা সেই সমস্ত মণ্ডল অববর্ষণ করিয়া লেপ দিবে। লাক্ষা সর্জ্জরস (ধূনা) রসাঞ্জন প্রপুন্নাড় (চাকুন্দে) অবল্গুজ (সোমরাজ) তেজোবতী (গজপিপ্পলী) অর্ক করবীর কুটজ রেবতমূল, গোমূত্রে বা গোপিত্তে পিষিয়া লেপে ব্যবহার করিবে। অথবা স্বর্জিকাক্ষার তুথ কাসীস [হিরেকস] বিড়ঙ্গ গৃহধূম চিত্রক কটুকী সুধা (কলিচূণ) হরিদ্রা ও সৈন্ধব, ইহাদিগের একত্র যোগে কল্ক প্রলেপে ব্যবহার্য্য। অথবা পলাশের ক্ষার, ক্ষারপাকের প্রণালী মতে স্রাবিত করিয়া, এই সকলের চূর্ণ সহযোগে পাক করিবে। পাক ফাণিতের [১] ন্যায় ঘন হইলে অবতারণ করিয়া লেপে প্রয়োগ করিবে। কিম্বা জ্যোতিষ্ক ফল [গণিকার ফল] লাক্ষা মরিচ পিপ্পলীর ফুল বা পত্র একত্র কল্ক করিয়া লেপে প্রয়োগ করিবে। অথবা হরিতাল মনঃশিলা অর্কক্ষীর তিল শিগ্রু ও মরিচ একত্র যোগে কল্ক, অথবা স্বর্জিকা ক্ষার, কুষ্ঠ তুথ কুটজ চিত্রক বিড়ঙ্গ মরিচ মনঃশিলা একত্র যোগে কল্ক, কিম্বা হরীতকী করঞ্জিকা বিড়ঙ্গ শ্বেত সর্ষপ লবণ শুক্ল-ত্রিবৃৎ সোমরাজ হরিদ্রা একত্র যোগে কল্ক, লেপে প্রয়োগ করিবে। এই সাতটী কুষ্ঠ নাশক লেপ।

[১] ইক্ষু রসের যে রূপ পাকে ফাণিত প্রস্তুত হয়।

দদ্রু নামক কুষ্ঠের চিকিৎসা।

কুষ্ঠ সর্ষপ শ্রীনিকেত (টারপীণ তৈল) হরিদ্রা ত্রিকটু চক্রমর্দ্দের (চাকুন্দে) বীজ ও মূলক-বীজ একত্র তক্র সহযোগে পিষিয়া দদ্রুতে লেপন করিবে। সৈন্ধব চক্রমর্দবীজ শর্করা কেশর (নাগকেশর) ও কৃষ্ণাঞ্জন, কপিত্থ-রস যোগে লেপ প্রয়োগ করিলে দদ্রুরোগে শীঘ্র আরোগ্য হয়। স্বর্ণক্ষীরী ব্যাধিঘাত (সোঁদাল) শিরীষ নিম্ব সাল কুটজ লতাসাল, একত্র যোগে কল্ক প্রস্তুত করিয়া স্নানের পর দদ্রুতে ঘর্ষণ পূর্ব্বক লেপন করিবে। ইহাতে শীঘ্র দদ্রুরোগ আরগ্য হয়।

শ্বিত্র নামক কুষ্ঠের চিকিৎসা (১)।

ভদ্রা (ভদ্র-মুস্তা) ও উড়ুম্বর-মূল, উভয়ের তুল্য গোডুম্বর-মূল, একত্র চূর্ণ করিয়া ঈষদুষ্ণ সিদ্ধ জলের সহিত পান করিবে। ইহা প্রয়োগে শ্বিত্র ও পুণ্ডরীক নামক কুষ্ঠের স্থানে স্ফোট জন্মায়। সেই শোফ ভিন্ন হইলে (ফাটিয়া গেলে) হস্তির চর্ম্ম দগ্ধ করিয়া তাহার ক্ষার-তৈল-সংযোগে স্ফোটে লেপ দিবে। কৃষ্ণসর্পের মসী (ত্বক) উত্তম রূপে দগ্ধ করিয়া বিভীতকের তৈলের সহিত মর্দ্দন পূর্ব্বক প্রলেপ প্রয়োগ করিলে সকল প্রকার শ্বিত্র কুষ্ঠ আরোগ্য হয়।

প্রপুন্নাড়ের [চাকুন্দে] বীজ কুষ্ঠ ও যষ্টিমধু, ঘৃত-সংযোগে পেষণ করিবে। শ্বেতবর্ণ গৃহ-কুক্কুটকে অগ্রে ভক্ষ্য-দ্রব্যের চতুর্থাংশ ভোজন করাইয়া রাখিবে, পরে ক্ষুধার্ত্ত হইলে তাহাকে ঐ পিষ্ট দ্রব্য ভোজন করিতে দিবে। তাহার সেই পুরীষ লইয়া উৎপাচন পূর্ব্বক সর্ব্ব দেহে লেপ দিবে ও ভক্ষণ করিবে। ইহাতে এক মাসের মধ্যে শ্বিত্র নামক কুষ্ঠ আরগ্য হয়।

গজলেণ্ড (হস্তীর বিষ্ঠা) উত্তম রূপে দগ্ধ করিয়া সেই ক্ষার অনেকবার গজমূত্রে স্রাবিত করিবে। এক দ্রোণ পরিমিত সেই ক্ষার

(১) ইহাকে শ্বেত বা ধবল বলা যায়, সকল প্রকার কুষ্ঠের নাম ও লক্ষণ নিদান স্থানে দ্রষ্টব্য।

ও তাহার দশমাংশ সোমরাজের বীজ একত্র পাক করিবে। যখন পাক দ্রব্য চিক্কণ দেখাইবে, তখন নামাইয়া গুটিকা বাঁধিবে। কুষ্ঠ স্থান ঘর্ষণ করিয়া লেপন করিলে শ্বিত্র কুষ্ঠ সত্বরেই শরীরের সবর্ণতা প্রাপ্ত হয়। আম্র ও হরীতকীর ক্বাথে বর্ত্তি ভাবিত করিয়া পরে বট ক্ষীরে ভাবিত করিবে। সেই বর্ত্তি তাম্রদীপে প্রজ্বলিত করিয়া তাহার মসী গ্রহণ করিবে। সেই মসী পুনর্ব্বার হরীতকীর জলে ভাবিত করিবে। পরে সেই মসী কটু তৈলের সহিত প্রচুর পরিমাণে মর্দ্দন করিয়া প্রয়োগ করিলে কিলাস (ছুলি) আরগ্য হয়। নদীতীর-জাত অবল্গুজের (সোমরাজের) বীজ বকবৃক্ষ উডুম্বর লাক্ষা লৌহচূর্ণ পিপ্পলী ও কৃষ্ণতিল, এই সকল সমভাগে গোরোচনা সহযোগে পিষিয়া বর্ত্তি নির্ম্মাণ পূর্ব্বক লেপে প্রয়োগ করিলে বিবিধ শ্বিত্র-কুষ্ঠ আরোগ্য হয়। ময়ূরের পিত্ত প্রয়োগ করিলে অথবা হ্রীবের (বালা) দগ্ধ করিয়া পূর্ব্বোক্ত পিত্ত সহযোগে প্রয়োগ করিলেও কুষ্ঠ আরোগ্য হয়।

তুথ হরিতাল কটুকা ত্রিকটু সিংহী অর্ক করবীর কুষ্ঠ অবল্গুজ (সোমরাজ) ভল্লাতক উড়ুম্বর-বৃক্ষ সর্ষপ স্নুহী তিল্বক (লোধ) নিম্ব পীলু ও আরগ্বধের পত্র, অথবা বিড়ঙ্গ ও করবী বীজ হরিদ্রা দারুহরিদ্রা বৃহতী কণ্টকারী, এই দুই প্রকার লেপের দ্বারা বিবিধ প্রকার শ্বিত্র-কুষ্ঠ আরোগ্য হয়। বায়সী ও ফল্গুতিক্ত ফল [কাকডুম্বুর] প্রত্যেক এক শত, লৌহ চূর্ণ দুই প্রস্থ, ত্রিফলা তিন আঢ়ক [১], অশন পিয়াসাল দুই আঢ়ক, জল তিন দ্রোণ, একত্র পাক করিয়া জলের চতুর্থাংশ অবশিষ্ট থাকিতে সেই ক্বাথে ঘৃত পাক করিবে (২)। ইন্দ্রযব ত্রিকটু গুড়ত্বক দেবদারু চতুরঙ্গুল (সোঁদাল) কেশর (নাগকেশর) পারাবতপদী (নফট্কি) দন্তী বাকুচী (সোমরাজ) ও কণ্টকারী, ইহাদিগের চূর্ণ তাহাতে প্রক্ষেপ করিবে। কুষ্ঠ রোগ, দোষ বা ধাতু (৩)

(১) "আঢ়ক" ৮ অষ্ট শের।
(২) এস্থলে ঘৃতের পরিমাণ অবশিষ্ট ক্বাথের চতুর্থাংশ।
(৩) বায়ু পিত্ত কফ রক্তাদিকে দোষ ও ধাতু বলা যায়।

আশ্রয় করিলে এই ঘৃত পান করিবে, এবং কেবল মাত্র ত্বক-গত হইলে মর্দ্দন করিবে। ইহাতে অসাধ্য নীলকুষ্ঠ পর্য্যন্তও আরোগ্য হয়।

ত্রিফলা গুড়ত্বক্ ত্রিকটু সুরসা (নিসিন্দা) কাষ্ঠ মল্লিকা কাকমাচী ও আরগ্বধ প্রত্যেকে এক তুলা (১), কাকমাচী অর্ক, বরুণ-বৃক্ষ, দন্তী কুটজ চিত্রক দারুহরিদ্রা ও কণ্টকারী প্রত্যেকে দশ পল, তিন দ্রোণ জলে পাক করিবে। সেই ক্বাথের ষট্‌প্রস্থ (২) থাকিতে তৎসহযোগে গোময়-রস গোমূত্র দধি দুগ্ধ ও ঘৃত প্রত্যেকে এক আঢ়ক পরিমাণে পাক করিবে। তাহাতে ভূনিম্ব ত্রিকটু চিত্রক করঞ্জ ফল নীলিকা (নীল সিন্ধুবার) শ্যামালতা অবল্গুজ পীলু নীলিনী (নীল বৃক্ষ) ও নিম্ব-কুসুম, এই সকলের চূর্ণ প্রদান করিবে। শ্বিত্র-রোগে এই ঘৃত মর্দ্দন করিলে, কুষ্ঠ আরোগ্য হইয়া শরীরের স্বাভাবিক বর্ণ হয়। এবং ভগন্দর ক্রিমি অর্শ ও মহানীল নামক কুষ্ঠ-রোগ আরোগ্য হয়।

ঘৃত, গোমূত্র চিত্রক ত্রিকটু ও মধু সংযোগে কুম্ভে নিহিত করিয়া এক পক্ষ কাল রাখিবে। ইহা পান করিলে শ্বিত্র-কুষ্ঠ আরোগ্য হয়। পূতিক, অর্ক, স্নুহা, রাজবৃক্ষ ও সৌমন পত্র (জাতিপুষ্প লতা) মূত্রে পেষণ করিয়া লেপ প্রয়োগ করিলে শ্বিত্রকুষ্ঠ, দক্রু, দুষ্ট-ব্রণ, অর্শ, ও নাড়ীব্রণ আরোগ্য হয়। এই সকল প্রতীকারের পর দুষ্টরক্ত নিঃসারিত করিবে। তাহাতে রোগী বলবান হইলে ঘৃতের দ্বারা স্নিগ্ধ করিবে। তীক্ষ্ণ ঔষধের দ্বারা বমন করাইয়া বিরেচনের দ্বারা দোষের সংশোধন করিবে। বমন বা বিরেচনের দ্বারা নিঃশেষে দোষ নিঃসৃত না হইলে সমস্ত দোষ কুপিত হইয়া সর্ব্ব দেহে ব্যাপ্ত হয়। তাহাতে নিশ্চয়ই কুষ্ঠরোগ অসাধ্য হইয়া উঠে। অতএব দোষ নিঃশেষে নির্গত করা কর্ত্তব্য। কুষ্ঠরোগীকে এক পক্ষ অন্তর

(১) তুলা ১০০ শত পল অথবা সার্দ্ধ দ্বাদশ শের।

(২) ষট্‌প্রস্থ ১২ শের, কিন্তু দ্রব দ্রব্যের দ্বিগুণ লইতে হইবে, অতএব এ স্থলে ২৪ শের গ্রাহ্য।

বমন, এক মাস অন্তর বিরেচন, বৎসরের মধ্যে ছুই বার রক্ত-মোক্ষণ ও ত্রিরাত্র অন্তর নস্য প্রয়োগ করিবে। হরীতকী ত্রিকটু ও শর্করা তৈলযোগে লেহন করিলে কুষ্ঠ আরোগ্য হয়। আমলকী অক্ষ (বয়ড়া) উপকুল্যা (পিপ্‌পলী) ও বিড়ঙ্গ, একত্র ঘৃত মধু-যোগে লেহন করিবে; অথবা প্রতিদিন এক পল হরিদ্রা মূত্র সংযোগে এক মাস কাল সেবন করিবে, অথবা এই নিয়মে পিপ্‌পলী ও গজ-পিপ্‌পলী চূর্ণ মূত্র-সহ পান করিবে; কিম্বা তার্ক্ষ্য (রসাঞ্জন) এক মাস কাল ঐ নিয়মে পান করিবে, এবং সর্ব্বদা অঙ্গে লেপন করিবে। নিম্বত্বক সপ্তপর্ণীর ত্বক লাক্ষা মুস্ত দশমূলী হরিদ্রা দারুহরিদ্রা মঞ্জিষ্ঠা অক্ষ বাসক দেবদারু হরীতকী চিত্রক ত্রিকটু আমলকী বিড়ঙ্গ, ইহাদিগের প্রত্যেকে সমভাবে চূর্ণ একত্র করিয়া একপল পরিমাণে প্রতিদিন ভক্ষণ করিবে। অথবা ত্রিফলা সহযোগে দ্রোণ পরিমিত ঘৃত পাক করিয়া ত্রিকটু যোগে সেবন করিবে। আরগ্বধ সপ্তপর্ণ পাটল বৃক্ষক নক্তমাল নিম্ব হরিদ্রা মুষ্কক (ঘণ্টা-পারুল) ইহাদিগের সহযোগে ঘৃত পাক করিবে। সেই ঘৃত কিছু কাল উপেক্ষা করিয়া জীর্ণ হইলে সেবন করিবে। রোধ্র নিম্ব পদ্মকাষ্ঠ রক্তচন্দন সপ্তপর্ণী অক্ষ বৃক্ষক ও বীজক (বিজয়সার বৃক্ষ), কুষ্ঠ রোগে গাত্রদাহ থাকিলে এই সকল দ্রব্য স্নানীয় জলে যোজনা করিবে। অথবা মধু সংযোগে ত্রিভণ্ডী (শুক্ল ত্রিবৃৎ) পান করিবে। কুষ্ঠ-রোগে মাংস পাত হইতে থাকিলে, পুরাতন মুদ্গ, তৈল-সংযোগে নিম্বোদকে সিদ্ধ করিয়া পান করিবে, অথবা সবল হইলে, নিম্বক্কাথ বা অর্ক শ্বেত-অর্ক ও সপ্তপর্ণীর একত্র যোগে কাথ পান করিবে। কোন অঙ্গ ক্ষত হইলে, করবীর মূল বিড়ঙ্গ যোগে গোমূত্রে পিষিয়া লেপে ব্যবহার করিবে। কুষ্ঠ-রোগীর শরীরে সর্ব্বদা গোমূত্র সেচন করিবে; ও তাহার ভক্ষ্য দ্রব্যের সহিত বিড়ঙ্গ সংযোগ করিয়া ভক্ষণ করাইবে। অথবা কারঞ্জ-তৈল সর্ষপ-তৈল কিম্বা শিগ্রু বা কোশাম্রের তৈল কুষ্ট স্থানে সর্ব্বদা ক্ষেপণ করিবে।

অথবা সকল প্রকার কটু উষ্ণ তিক্ত দ্রব্য সহযোগে তৈল পাক করিয়া প্রয়োগ করিবে।

এই সকল প্রতিকারে আরোগ্য না হইলে দুষ্ট ব্রণের ন্যায় প্রতিকার করিবে।

বজ্রক তৈল।

সপ্তপর্ণ করঞ্জ মালতী ও করবীর, ইহাদিগের পুষ্প, স্নুহী শিরীষ চিত্রক ও আস্ফোতার মূল বিষলাঙ্গল বজ্রবৃক্ষ (ত্রিশিরা মনসা) কাসীস হরিতাল মনঃশিলা করঞ্জবীজ ত্রিকটু ত্রিফলা, হরিদ্রা, শ্বেত-সর্ষপ বিড়ঙ্গ ও চক্রমর্দ্দ, এই সমস্ত গোমূত্র সহযোগে পিষিয়া সেই কল্ক সহযোগে তৈল পাক করিবে। ইহাকে বজ্রতৈল বলে। ইহাতে কুষ্ঠ নাড়ীব্রণ ও দুষ্টব্রণ আরোগ্য হয়।

শ্বেতসর্ষপ করঞ্জ পূতিকরঞ্জ হরিদ্রা দারুহরিদ্রা রসাঞ্জন কুটজ চক্রমর্দ্দ সপ্তপর্ণী, মৃগাদনী (রাখাল শসা) লাক্ষা সর্জরস অর্ক অপরাজিতা আরগ্বধ স্নুহী শিরীষ তুবর (সৌরাষ্ট্র-মৃত্তিকা) কুটজ অরুষ্কর বচ কুষ্ঠ বিড়ঙ্গ মঞ্জিষ্ঠা লাঙ্গলী চিত্রক মালতী কটুতুম্বী গন্ধালী (গাঁধালী) মূলক সৈন্ধব করবীর গৃহধূম বিষ কম্পিল (কমলা গুড়ি) সিন্দুর তুত্থ গজপিপ্পলী, এই সমস্ত একত্র করিয়া দ্বিগুণ গোমূত্রে পেষণ করিবে; তৎসহযোগে চতুর্গুণ কারঞ্জ তৈল বা সর্ষপ তৈল পাক করিবে। ইহাকে মহা বজ্রক-তৈল বলে। এই তৈল অঙ্গে মর্দ্দন করিলে সকল প্রকার কুষ্ঠ গণ্ডমালা ভগন্দর ঘোরতর নাড়ীব্রণ ও দুষ্টব্রণ আরোগ্য হয়।

লাক্ষাদি গণস্থ দ্রব্য গোরচনা সহযোগে মূত্রে পিষিয়া সপ্তাহকাল কটু অলাবুর অভ্যন্তরে রাখিবে। সপ্তাহ পরে ইহার পরিমিত মাত্রা পান করিবে, ও অঙ্গে মর্দ্দন করিয়া রৌদ্রে শুষ্ক করিবে। ইহাতে শরীরের সমস্ত দোষ নির্গত হয়। এই রূপে সমস্ত দোষ নিঃসৃত হইলে রোগীকে রৌদ্র হইতে লইয়া খদিরের জলে স্নান করাইবে।

পরে খদিরের জলে যবাগু প্রস্তুত করিয়া পান করাইবে। এই রূপে সংশোধন-বর্গস্থ অথবা কুষ্ঠঘ্ন-বর্গস্থ সকল ঔষধ সহযোগে ঘৃত পাক করিয়া প্রদেহ ও উদ্ঘর্ষণে প্রয়োগ করিবে। প্রতিদিন প্রাতঃকালে বিরেচক যোগ সেবন করিবে। এই রূপ পাঁচ ছয় সাত বা আট বার সেবন করিবে, তাহা জীর্ণ হইলে দুগ্ধ ভোজন করিবে। ইহাতে প্রবল কুষ্ঠ-ব্রণ ষন্মাসের মধ্যে অদৃশ্য হয়। কুষ্ঠরোগী স্নান পান ও ভোজন প্রভৃতিতে সর্ব্বদা খদির সেবন করিবে। কুষ্ঠ যে রূপ বৃদ্ধি হইয়া আপন প্রভাবে রোগীকে বিনাশ করে, সেবিত হইলে খদিরও সেই রূপ আপন প্রভাবে কুষ্ঠ রোগ নাশ করে। অল্প রোম নখ ধারণ, অল্প পরিশ্রম করণ, হিতকর দ্রব্য ভোজন, নিয়মিত রূপে ঔষধ সেবন, স্ত্রী মাংস ও সুরা বর্জ্জন, কুষ্ঠরোগী রোগ হইতে উত্তীর্ণ হইবার জন্য এই সকল নিয়ম অবলম্বন করিবেন।

জ্ঞাতব্য।

চিকিৎসা বিষয়ে কল্ক ক্বাথ চূর্ণ প্রভৃতির স্বরূপ ও পরিমাণ জানা আবশ্যক, তাহা অনেক স্থলে উক্ত নাই। এ কারণ এ স্থলে তাহার উল্লেখ প্রয়োজন হইতেছে। পরিমাণ উক্ত না থাকিলেই এই নিয়ম প্রয়োজ্য।

কষায় বিধি। স্বরসশ্চ তথা কল্কঃ ক্বাথশ্চ হিম ফাণ্টকৌ।
জ্ঞেয়াঃ কষায়াঃ পঞ্চৈতে লঘবঃ স্যুর্যথোত্তরঃ॥

স্বরস কল্ক ক্বাথ হিম ও ফাণ্ট, এই পাঁচটিকে কষায় বলা যায়। এবং ইহারা ক্রমশঃ পাকেলঘু।

ক্ষুণ্ণং দ্রব্যং পলং সম্যক্ ষড়্ভির্নীর পলৈঃ প্লুতম্।
নিশোষিতং হিমং স স্যাৎ তথা শীতকষায়কঃ॥

চূর্ণ দ্রব্য এক পল রাত্রিতে ছয় পল জলে প্লুত করিয়া রাখিবে। ইহাকে হিম বা শীত কষায় বলে।

মন্থ বিধি। জলে চতুঃপলে শীতে ক্ষুণ্ণং দ্রব্যং পলং ক্ষিপেৎ।

মৃৎপাত্রে মন্থয়েৎ সম্যক্ তস্মাচ্চ দ্বিপলং পিবেৎ ॥

এক পল চূর্ণদ্রব্য চারি পল শীতল জলে নিক্ষেপ করিয়া মৃৎপাত্রে সম্যক্ রূপে মন্থন করিবে। ইহাকে মন্থ কহে—সেবনের পরিমাণ দুই পল।

কল্ক বিধি। দ্রব্যমাত্রং শিলাপিষ্টং শুষ্কং বা সজলং ভবেৎ।
প্রক্ষিপ্য গালয়েদ্বস্ত্রে তন্মানং কর্ষ সম্মিতং ॥
কল্কে মধুঘৃতং তৈল দেয়ং দ্বিগুণ মাত্রয়া।
সিতা গুড়ং সমং দদ্যাৎ দ্রবোদেয় শ্চতুর্গুণঃ ॥

আর্দ্র দ্রব্য গ্রহণ করিয়া জল সংযোগে হউক বা না হউক শিলাতে পেষণ পূর্ব্বক বস্ত্রে গালিত করিবে। ইহাকে কল্ক কহে ইহা সেবনের পরিমাণ দুই তোলা। সেবন কালে কল্কে ঘৃত মধু তৈল সংযোগ করিতে হইলে কল্কের দ্বিগুণ পরিমাণে, এবং শর্করা বা গুড় সংযোগ করিতে হইলে তুল্য পরিমাণে এবং কোন প্রকার দ্রব পদার্থ সংযোগ করিতে হইলে চতুর্গুণ পরিমাণে করিতে হইবে।

অথ চূর্ণবিধি। অত্যন্ত শুষ্কং যদ্দ্রব্যং সুপিষ্টং বস্ত্র-গালিতং।
তৎস্যাচ্চূর্ণং রজঃ ক্ষোদ স্তন্মাত্রা কর্ষ সম্মিতা ॥
চূর্ণে গুড়ঃ সমো দেয়ঃ শর্ককরা দ্বিগুণো মতা।
চূর্ণেষু ভর্জিতং হিঙ্গু দেয়ং নোৎক্লেদকৃদ্ভবেৎ ॥
লিহেচ্চূর্ণং দ্রবৈঃ সর্ব্বৈ র্ঘৃতাদ্যৈ র্দ্বিগুণোন্মিতৈঃ।
পিবেচ্চতুর্গুণৈরেবং চূর্ণমালোড়িতং দ্রবৈঃ ॥

অতিশয় শুষ্ক দ্রব্য উত্তম রূপে পিষিয়া বস্ত্রে গালিত করিবে। তাহাকে চূর্ণ রজ বা ক্ষোদ বলে, চূর্ণ সেবনের মাত্রা দুই তোলা। সেবন কালে চূর্ণে গুড় সংযোগ করিতে হইলে সমভাগে, শর্করা চূর্ণের দ্বিগুণ পরিমাণে, ঘৃত মধু প্রভৃতি তরল দ্রব্য দ্বিগুণ পরিমাণে, জলীয় দ্রব্য চতুর্গুণ পরিমাণে সংযোগ করিতে হইবে চূর্ণের সহিত হিংঙ্গু সংযোগ করিলে ইহা উৎক্লেদজনক হয় না।

ক্বাথ বিধি। পানীয়ং ষোড়শ গুণং ক্ষুণ্ণ-দ্রব্য-পলে ক্ষিপেৎ।
মৃৎপাত্রে ক্বাথয়েৎ গ্রাহ্য মষ্টমাংশাবশেষিতম্॥
কর্ষাদৌতু পলংযাবৎ দদ্যাৎ ষোড়শিকং জলং।
ততস্তু কুড়বং যাবৎ তোয়মষ্ট গুণং ভবেৎ॥
চতুর্গুণ মতশ্চোর্দ্ধং যাবৎ প্রস্থাদিকং জলং।
তজ্জলং পায়য়েদ্ধীমান্ কোষ্ণং মৃদ্বগ্নি-সাধিতং॥
শৃতঃ ক্বাথঃ কষায়শ্চ নির্য্যূহঃ স নিগদ্যতে॥

চূর্ণ দ্রব্য এক পল হইলে ষোড়শ গুণ জলে মৃৎপাত্রে পাক করিবে। ইহার অষ্টমাংশ থাকিতে পাক সিদ্ধ হয়। কর্ষ হইতে পল পরিমাণ পর্য্যন্ত দ্রব্যে এই ষোড়ষ গুণ জল দিবে। পল হইতে কুড়ব পরিমাণে অষ্টগুণ জল দিবে। প্রস্থ বা ততোধিক হইলে চতুর্গুণ জল দিবে। সেই জল মৃদু অগ্নিতে পাক করিয়া ঈষদুষ্ণ থাকিতে পান করাইবে। ইহাকে শৃত ক্বাথ কষায় অথবা নির্য্যূহ বলে।

ক্বাথে শর্করা নিঃক্ষেপ করিতে হইলে, বায়ু জন্য রোগে ক্বাথের চতুর্থাংশ, পিত্ত-জন্য রোগে অষ্টমাংশ, এবং কফ-জন্য রোগে ষোড়শাংশ লইতে হইবে। জীরক গুগ্‌গুল ক্ষার লবণ শিলাজতু হিঙ্গু ত্রিকটু, ইহাদিগের মধ্যে কোন একটী ক্বাথে প্রক্ষেপ করিতে হইলে চারি মাষা পরিমাণ লইতে হইবে। ক্ষীর ঘৃত গুড় তৈল মূত্র অথবা অন্য কোন দ্রব দ্রব্য কিম্বা কল্‌ক বা চূর্ণ নিক্ষেপ করিতে হইলে দুই তোলা পরিমাণে করিতে হইবে।

অবলেহ বিধি। ক্বাথ্যাদের্যৎ পুনঃ পাকাৎ ঘনত্বং সা রসক্রিয়াঃ।
সোঽবলেহশ্চ লেহশ্চ তন্মাত্রা স্যাৎ পলোন্মিতা।
সুপক্কে তন্তু মত্বংস্যাৎ অবলেহে হপ্সু মজ্জনং।
স্থিরত্বং পীড়িতে মুদ্রাঃ গন্ধবর্ণ রসোদ্ভবঃ॥

সিদ্ধ পাক ক্বাথাদি পুনর্ব্বার পাক করিলে ঘন হয়, তাহাকে রস ক্রিয়া অবলেহ বা লেহ বলা যায়। ইহার সেবনের পরিমাণ উর্দ্ধ

সংখ্যা এক পল তাহা সুপক্ক হইলে, টানিলে তন্তুর ন্যায় হয় ও জলে নিঃক্ষিপ্ত হইলে মগ্ন হয়। তাহাতে কোন প্রকার অঙ্কিত করিলে সেই চিহ্ন স্থির থাকে ও তৎকালে তাহাতে গন্ধ বর্ণ ও রসের উৎপত্তি হয়। রসক্রিয়া যাহাতে পক্করস জন্মিয়া পাক কিঞ্চিৎ কঠিন হয়। অবলেহ সুপক্ক হইলে তাহাতে দাগ বসিবে ও গন্ধ বর্ণ ও রস থাকিবে। ঔষধ তৈলাদি পাক করিতে হইলে অভিজ্ঞ বৈদ্যের সাহায্য ব্যতীত করা কর্ত্তব্য নহে।

ফাণ্টবিধি। ক্ষুণ্ণে দ্রব্যপলে সম্যক জলমুষ্ণং বিনিক্ষিপেৎ।
মৃৎপাত্রে কুড়বোন্মানং ততস্তুস্রাবয়েদ্দ্ঘটাৎ॥
সস্যাচ্চূর্ণো দ্রবঃ ফাণ্ট স্তন্মানং দ্বিপলোন্মিতং।
ক্ষৌদ্রং সিতা গুড়াদীংস্তু কর্ষমাত্রান্ বিনিক্ষিপেৎ॥

এক পল (৮ তোলা) পরিমিত চূর্ণ দ্রব্য মৃৎপাত্রে রাখিয়া তাহাতে ৪ পল বা ৩২ তোলা পরিমিত উষ্ণোদক নিক্ষেপ করিয়া স্রাবিত করিয়া লইবে। তাহাকে চূর্ণ দ্রব বা ফাণ্ট কহে। ইহা সেবনের পরিমাণ ঊর্দ্ধ সংখ্যা দুই পল। ইহাতে শর্করা মধু বা গুড় নিক্ষেপ করিতে হইলে এক কর্ষ (২ তোলা) পরিমাণে করিতে হইবে।

ঘৃত তৈলের সামান্য বিধি।

কল্কাচ্চতুর্গুণী কৃত্য ঘৃতং বা তৈল মেবচ।
চতুর্গুণে দ্রব্যে সাধ্যং তস্য মাত্রা পলোন্মিতা॥
নিক্ষিপ্য ক্বাথয়েত্তোয়ং ক্বাথ্য-দ্রব্যাচ্চতুর্গুণং।
পাদশিষ্টং গ্রহীত্বাতু স্নেহং তেনৈব সাধয়েৎ॥
চতুর্গুণং মৃদু দ্রব্যে কঠিনেঽষ্ট গুণং জলং।
মৃদাদি ক্বাথ্য সংঘাতে দদ্যাদষ্ট গুণং পয়ঃ॥
অত্যন্ত কঠিনে দ্রব্যে নীরং ষোড়শিকং মতং।
তদূর্দ্ধং কুড়বং যাবৎ ভবেদষ্ট গুণং পয়ঃ।
প্রস্থাদিতঃ ক্ষিপেন্নীরং খারী যাবচ্চতুর্গুণং॥

কোন প্রকার কল্কে ঘৃত বা তৈল পাক করিতে হইলে, কল্ক দ্রব্যের চতুর্গুণ ঘৃত তৈল লইবে। তাহাতে কল্ক দ্রব্যের চতুর্গুণ জল দিয়া পাক করিতে হইলে, সামান্যতঃ প্রথমে ক্বাথ্যদ্রব্যের চতুর্গুণ জলে ক্বাথ পাক করিবে। পাদাবশেষ থাকিতে তাহাতে ঘৃতাদি পাক করিবে। কিন্তু ক্বাথ্য দ্রব্য মৃদু অর্থাৎ কোমল বা সরস হইলেই চতুর্গুণ জল বিধি, কঠীন ও মৃদু উভয় প্রকার দ্রব্য মিলিত থাকিলে অষ্ট গুণ জল বিধি, এবং কিবল কঠিন দ্রব্যের ক্বাথ করিতে হইলে ষোড়শ গুণ জলে সিদ্ধ করিবে। (জল যতই হউক পাদাবশেষ থাকিতে ক্বাথ-পাক সিদ্ধ হইবে।)

অম্বু ক্বাথ রসৈ র্যত্র পৃথক্ স্নেহস্য সাধনং।
কল্কস্যাংশ স্তত্র দদ্যাৎ চ্চতুর্থং ষষ্ঠ মষ্টমং॥

যেস্থলে কিবল মাত্র জল সংযোগে স্নেহ পাক করিতে হইবে, কল্কের পরিমাণ স্নেহের চতুর্থ ভাগ; কিবল মাত্র ক্বাথে পাক করিতে হইলে কল্কের পরিমাণ স্নেহের ষষ্ঠভাগ, এবং কিবল মাত্র রসে পাক করিতে কল্কের পরিমাণ স্নেহের অষ্টম ভাগ। সামান্যতঃ "কল্কস্ত স্নেহ পাদিক" এই নিয়ম প্রচলিত, অর্থাৎ কল্ক দ্রব্য স্নেহের চতুর্থাংশ হইবে।

স্নেহে কল্ক দ্রব্য দিতে হইলে পাক হইবার জন্য কল্ক দ্রব্যের চতুর্গুণ জলও দেওয়া কর্ত্তব্য।

স্নেহে কোন প্রকার চূর্ণ প্রক্ষেপ করিতে হইলে, "প্রক্ষেপঃ পাদিকঃ ক্বাথ্যাৎ" অর্থাৎ ক্বাথ্য দ্রব্যের চতুর্থাংশ দিতে হইবে।

যে স্থলে কোন প্রকার পরিমাণ উল্লেখ না থাকে সেই স্থলেই পূর্ব্বোক্ত সকল নিয়ম অবলম্বন করিতে হইবে।

অরিষ্ট বিধি। অরিষ্টঃ ক্বাথ-সাধ্যঃ স্যাৎ তয়োর্মানং পলোন্মিতং।

অনুক্তমানারিষ্টেষু দ্রবাদ্দ্রোণং গুড়া তুলম্।
ক্ষৌদ্রং ক্ষিপেদ্গুড়াদর্দ্ধং প্রক্ষেপং দশমাংশিকম॥

অরিষ্ট কাথের দ্বারা প্রস্তুত হয়। ইহা সেবনের পরিমাণ উর্দ্ধ সংখ্যা এক পল। অরিষ্ট, দ্রব্যের পরিমাণ উক্ত না হইলে দ্রব দ্রব্য এক দ্রোণ ও গুড় তুলা পরিমাণ, ক্ষৌদ্র গুড়ের অর্দ্ধেক, এবং প্রক্ষেপ দ্রব্য গুড়ের দশমাংশ।

অথ মান পরিভাষা।

২ যবে … … ১ গুঞ্জা।

৮ গুঞ্জা … … ১ মাষা।

৪ মাষা … … ১ শাণ, ধরণ, বা টঙ্ক।

২ টঙ্কে বা

৮ মাষা … … ১ কোল ক্ষুদ্রক, বটক বা দ্রঙ্ক্ষণ (তোলা)।

২ কোলে … … ১ কর্ষ, সুবর্ণ, অক্ষ, বিড়ালপদক, পিচু, পাণিতল, উড়ম্বর, তিন্দুক কবল গ্রহ।

২ কর্ষে … … ১ অর্দ্ধ পল, শুক্তি বা অষ্টমিকা।

২ শুক্তি বা

৪ কর্ষে … … ১ পল, মুষ্টি, প্রকুঞ্চ, চতুর্থিকা, বিল্ব বা ষোড়শিকাম্র।

২ পলে … … ১ প্রসৃতি।

২ প্রসৃতি বা

৪ পলে … … ১ ১ কুড়ব, অষ্টমান, বা অর্দ্ধ শরাব।

২ কুড়ব বা

৮ পলে … … ১ মানিকা বা শরাব।

২ মানিকা বা

১৬ পলে … … ১ প্রস্থ (১৬৪ তোলা বা ২ শের)

৪	প্রস্থে ...	...	১	আঢ়ক পাত্র বা কস।
৪	আঢ়কে ...	...	১	দ্রোণ, ঘট, কলস, উম্মান, রাশি, লম্বন বা অর্ম্মণ।
২	দ্রোণে ...	...	১	সূর্প বা কুম্ভ।
২	সূর্পে ...	...	১	দ্রোণী বাহ বা শোণী।
৪	দ্রোণীতে	...	১	খারি, ৪০৯৬ পল।
১০০	পলে ...	...	১	তুলা।
২০	তুলা ...	...	১	ভার।

শুষ্ক দ্রব্য সম্বন্ধে এই রূপ পরিমাণ সর্ব্ব স্থলে গ্রাহ্য। কিন্তু দ্রব বা আর্দ্র দ্রব্য হইলে কুড়বের ঊর্দ্ধ শরাব ও প্রস্থ প্রভৃতি হইতে যত পরিমাণের রাশি আছে তাহাদিগের নাম উল্লেখ থাকিলে দ্বিগুণ লইতে হইবে।

তবে তুলা নামক পরিমাণ রাশির দ্বিগুণ হইবে না, এবং কুড়ব পল প্রভৃতি রাশির নাম উল্লেখ করিয়া পরিমাণ থাকিলে, তাহা বস্তুতঃ প্রস্থাদি মানের অধিক হইলেও সে স্থলে দ্বিগুণ হইবে না।

দশম অধ্যায়।

মহা কুষ্ঠ চিকিৎসা।

কুষ্ঠ-রোগে মেহ-রোগে, কফ-জন্য রোগে, সর্ব্বাঙ্গ-ব্যাপী-শোফ রোগে, অথবা শরীর মেদ-বিশিষ্ট হইলে, শরীর কৃশ করিবার জন্য পশ্চাদুক্ত সকল যোগ বলা যাইতেছে।

যব-চূর্ণ রাত্রিকালে গোমূত্রে বাসিত করিয়া বৃহৎ কিলিঞ্জে (ঝাতলা) রাখিবে। দিবা ভাগে সেই কিলিঞ্জে রাখিয়া শুষ্ক করিবে।

এইরূপ সমস্ত রাত্রি ভাবিত ও দিবাতে শুষ্ক করিয়া কপাল-খণ্ডে (খোলাতে) ভাজিয়া শক্তু প্রস্তুত করিবে। সেই শক্তু কুষ্ঠ-রোগী বা প্রমেহ-রোগী প্রত্যহ প্রাতঃকালে শালসারাদির কষায় সহযোগে অথবা কণ্টকী-বৃক্ষের কষায় সহযোগে, এবং ভল্লাতক, চক্রমর্দ্দ, অবল্গুজ (সোমরাজ) অর্ক চিত্রক, বিড়ঙ্গ ও মুস্ত এই সকল চূর্ণ প্রক্ষেপ পূর্ব্বক পান করিবে। এই প্রকার সালসারাদির কষায় আরগ্বধাদির কষায় অথবা গোময়-রস সহযোগে যব ভাবিত করিয়া শক্তু প্রস্তুত করিবে। তাহাতে পূর্ব্বোক্ত ভল্লাতক প্রভৃতির চূর্ণ প্রয়োগ করিবে, ও খদিরং, অশন, নিম্ব, রাজবৃক্ষ, রোহিত অথবা গুড়ুচি, ইহাদের কোন একটীর ক্বাথ সহযোগে ও দাড়িম্ব বেতসের রস সহ শর্করা মধু ও দ্রাক্ষা যোগে মধুর করিয়া এবং সৈন্ধব-লবণাক্ত করিয়া পান করিবে। সকল প্রকার অর্থাৎ গোধূম প্রভৃতির শক্তু এইরূপে প্রস্তুত করা যায়। যব-নির্ম্মিত বিবিধ প্রকার ভক্ষ্য দ্রব্য প্রস্তুত করিয়া ভোজন করিবে। গোধূম বেণুযব প্রভৃতিরও এই নিয়মে খাদ্য প্রস্তুত করিবে।

অতঃপর অরিষ্ট বলা যাইতেছে। পূতিক, চব্য, চিত্রক দেবদারু, শ্যামালতা, দন্তী ও ত্রিকটু, প্রত্যেকে ছয় পলিকা, বদর এক কুড়ব ও ত্রিফলা এক কুড়ব, এই সমস্ত চূর্ণ করিবে। তদনন্তর পিপ্পলী মধু ও ঘৃতের দ্বারা ঘৃত পাত্রের অভ্যন্তর-দেশ লেপন পূর্ব্বক অগ্রে সংস্কৃত করিয়া রাখিবে। পরে সেই পাত্রে সপ্তোদক তিন কুড়ব, লৌহ চূর্ণ অর্দ্ধ কুড়ব, গুড় অর্দ্ধ তুলা (১) পরিমাণে, ও পূর্ব্বোক্ত চূর্ণ একত্র নিহিত করিবে। অনন্তর সেই পাত্রের মুখ রুদ্ধ করিয়া যবরাশির মধ্যে স্থাপন করিয়া সপ্ত রাত্রি উপেক্ষা করিবে। পরে সেই অরিষ্ট যথাসাধ্য পান করিবে। ইহাতে কুষ্ঠ মেহ মেদ, পাণ্ডু রোগ ও শোথ আরোগ্য

---

(১) তুলা ১০০ এক পল অথবা ৮০০ শত তোলা।

হয়। এই রূপে সালসারাদি ন্যগ্রোধাদি অথবা আরগ্বধাদির অরিষ্ট প্রস্তুত করিবে।

অতঃপর আসবের প্রকরণ বলা যাইতেছে। পলাশের ক্ষার পরিশ্রুত করিয়া উষ্ণ করিবে। শীতল হইলে তাহার তিন ভাগ ও ফাণিত দুই ভাগ একত্র করিয়া অরিষ্ট কল্পের প্রণালীতে প্রস্তুত করিবে। এই রূপে তিল প্রভৃতির ক্ষারে, সালসারাদি ন্যগ্রোধাদি অথবা আরগ্বধাদির ক্ষারে, অথবা মূত্রে আসব প্রস্তুত করিবে।

অতঃপর সুরার প্রণালী বলা যাইতেছে। শিরীষ ও খদিরের কাষ্ঠ, শতমূলি ব্রাহ্মী কোশাতকী, এই সকল একত্র করিয়া কষায় প্রস্তুতের প্রণালীতে পাক করিয়া সেই জল গ্রহণ করিবে। মণ্ডোদক স্বরূপ সেই জলে সুরাবীজ পিষিয়া মিশ্রিত করিবে। পরে যথোক্ত বিধানে সুরা প্রস্তুত করিবে। শালসারাদি ন্যগ্রোধাদি অথবা আরগ্বধাদি গণেও এই প্রণালীতে সুরা প্রস্তুত করা যায়।

অতঃপর অবলেহ প্রকরণ বলা যাইতেছে। খদির আসন নিম্ব রাজবৃক্ষ সালসার, এই সকল বৃক্ষের সার নির্ম্মল রূপে চূর্ণ করিয়া, এই সকল বৃক্ষের ক্বাথ সহযোগে পাক করিবে। পাক অতিশয় তরল না থাকিলে বা অতিশয় গাঢ় না হইলে, অবতারিত করিবে। প্রাতঃকালে অভুক্ত অবস্থায় করতলপূর্ণ ঔষধ মধু মিশ্রিত করিয়া লেহন করিবে। শালসারাদি ন্যগ্রোধাদি গণস্থ দ্রব্যেরও এই প্রণালীতে অবলেহ প্রস্তুত হয়।

অতঃপর চূর্ণ প্রকরণ বলা যাইতেছে। সালসারাদির সার চূর্ণ এক প্রস্থ অগ্রে আরগ্বধাদির কষায়ে পুনঃ পুনঃ অভিষেচন ও শুষ্ক করিয়া, পরে সালসারাদির কষায় তাহাতে পান করাইবে। এই রূপে ন্যগ্রোধাদির ফল ও পুষ্পের কষায়ে আরগ্বধাদির চূর্ণ প্রস্তুত করিবে।

অতঃপর অয়স্কৃতি বিধি বলা যাইতেছে। তীক্ষ্ণ ও সূক্ষ্ম লৌহ-পত্র

সমস্ত লবণ-বর্গে প্রদিগ্ধ করিয়া গোময়ের অগ্নিতে প্রতপ্ত করিবে। অত্যর্থ তপ্ত হইলে ত্রিফলা ও সালসারাদির কষায়ে অভিষেচন পূর্ব্বক সেই তাপ নির্ব্বাপিত করিবে। এই রূপ ষোড়শ বার করিয়া অবশেষে খদির কাষ্ঠের অঙ্গারে তপ্ত করিবে। পরে শীতল হইলে সেই সকল লৌহ পত্র সূক্ষ্ম রূপে চূর্ণ যথা-সাধ্য পরিমাণে ঘৃত মধু সহযোগে ভোজন করিবে। তাহা জীর্ণ হইলে ব্যাধি অনুসারে যে রূপ ভোজন করা কর্ত্তব্য, অম্ল ও লবণ বর্জ্জন করিয়া সেই রূপ আহার করিবে। এই রূপে তুলা পরিমাণ চূর্ণ সেবিত হইলে, কুষ্ঠ মেহ মেদ শোথ পাণ্ডুরোগ উন্মাদ ও অপস্মার আরোগ্য হইয়া এক শত বৎসর জীবিত থাকে। এই রূপ প্রত্যেক তুলা পরিমাণ সেবনে এক শত বৎসর করিয়া আয়ু বৃদ্ধি হয়। ইহাতেই সকল প্রকার লৌহের অয়স্কৃতি-বিধান বলা হইল।

তপ্ত লৌহ-পিণ্ড পলাশ-কাষ্ঠের দ্রোণীতে রাখিয়া ত্রিবৃৎ শ্যামা অগ্নিমন্থ নবমালিকা শঙ্খিনী অর্কেবুক লোধ ত্রিফলা পলাশ ও শিরীষ, এই সকলের রসে অভিষেচন কবিয়া নির্ব্বাপিত করিবে। এই রূপে তিন সপ্তবার তপ্ত ও নির্ব্বাপিত করিয়া, অবশেষে ঐ সকল রস ঐ পিণ্ডে অভিষেচন পূর্ব্বক স্থালী-মধ্যে রাখিয়া গোময়-অগ্নিতে পাক করিবে। পাক সিদ্ধ হইলে পিপ্পল্যাদি চূর্ণ ঘৃত ও মধু প্রত্যেকে লৌহপিণ্ডের দ্বিগুণ পরিমাণে স্থালীর মধ্যে দিবে। তদনন্তর চতুর্থাংশ থাকিতে ঘৃত প্রভৃতি সকল দ্রব-পদার্থ স্থালী হইতে স্রাবিত করিয়া লইবে। পরে সেই দ্রব্য শীতল হইলে, পুনর্ব্বার লৌহ-পত্র সমস্ত অগ্নিতে তপ্ত করিয়া তাহাতে নিক্ষেপ করিবে। শীতল হইলে লৌহ-পাত্রে নিহিত পূর্ব্বক মুখ রুদ্ধ করিয়া রাখিবে। এই দ্রব-ঔষধ যথা-সাধ্য শুক্তি বা প্রকুঞ্চ পরিমাণে (১) সেবন করিবে। জীর্ণ হইলে ব্যাধি অনুসারে ভোজন করিবে। এই অয়স্কৃতি-বিহিত ঔষধ দ্বারা

(১) পরিভাষা দ্রষ্টব্য।

অসাধ্য কুষ্ঠ-রোগ, প্রমেহ, দেহের স্থূলতা, শোথ ও অগ্নিমান্দ্য আরোগ্য হয়। বিশেষতঃ ইহা রাজযক্ষ্মা রোগে প্রযোজ্য। ইহার দ্বারা শত বর্ষ আয়ু হয়।

লৌহ-পত্র সমষ্টি তপ্ত করিয়া পলাশ-কাষ্ঠের দ্রোণী-মধ্যে স্থাপন পূর্ব্বক সালসারাদির কাথ সেচন করিয়া নির্ব্বাপিত করিবে। কলসী মধ্যে ঐ কাথ সেচন করিয়া অগ্নিতে শুষ্ক হইলে, পিপ্‌ল্যাদি-চূর্ণ গুড় ও মধু প্রত্যেকে লৌহের সমভাগে লৌহ সমেত সেই কলসী-মধ্যে নিহিত করিবে। পরে এক মাস বা এক পক্ষ কাল উপেক্ষা করিয়া যথাসাধ্য পরিমাণে সেবন করিবে। ইহাকে মহৌষধ-অয়স্কৃতি বলে। এই রূপে ন্যগ্রোধাদি বা রেবতাদিগণেও অয়স্কৃতি প্রস্তুত করা যায়।

অতঃপর খদির-প্রকরণ বলা যাইতেছে। প্রশস্ত-দেশ-জাত, কীট-কর্ত্তৃক-অনুপহত, মধ্যম-বয়স্ক খদির বৃক্ষের চতুর্দ্দিক খনন পূর্ব্বক, তাহার মধ্য-মূল ছেদন করিয়া লৌহ-কুম্ভ মধ্যে এ রূপ ভাবে রাখিবে যেন তাহার রস নিঃসৃত হয়। অনন্তর সেই কলসী গোময় ও মৃত্তিকাতে লেপন করিয়া গোময়-মিশ্রিত কাষ্ঠের জাল দিবে। কলসীতে জাল দিলে সেই কাষ্ঠের রস নিঃসৃত হইয়া অধোভাগে পড়িতে থাকিবে। সেই নিঃসৃত রসে পাত্র পূর্ণ হইলে, সেই রস গ্রহণ করিয়া অন্য পাত্রে নিহিত পূর্ব্বক মুখ রুদ্ধ করিয়া রাখিবে। যথাসাধ্য পরিমাণে সেই রস, আমলকী-রস ঘৃত ও মধু সহযোগে প্রত্যহ সেবন করিবে। জীর্ণ হইলে ভল্লাতক-বিধানে (১) আহার বিহারাদি করিবে। এই রস এক প্রস্থ পরিমাণে ক্রমশঃ সেবন করা হইলে এক শত বর্ষ আয়ু বৃদ্ধি হয়।

এক তুলা পরিমিত খদির কাষ্ঠ এক দ্রোণ পরিমিত জলে পাক করিয়া ষোড়শাংশ থাকিতে নামাইয়া পাত্র-মধ্যে মুখ রুদ্ধ করিয়া রাখিবে। আমলকী-রস মধু ও ঘৃত সহযোগে সেই কাথ যথাসাধ্য

(১) ভল্লাতক-বিধান অর্শ চিকিৎসায় দ্রষ্টব্য।

পরিমাণে প্রতিদিন পান করিবে। সকল প্রকার বৃক্ষ-সারের কল্পের এই প্রকরণ জানিবে।

খদির-কাষ্ঠ-চূর্ণ অথবা খদির-কাষ্ঠের ক্বাথ প্রত্যহ প্রাতঃকালে পান করিবে; অথবা খদির কাষ্ঠের ক্বাথে মেষী-দুগ্ধের ঘৃত পান করিবে। অথবা প্রতি দিন প্রাতঃকালে গুলঞ্চের রস বা ক্বাথ, কিম্বা সেই রস বা ক্বাথ-সিদ্ধ-ঘৃত পান করিবে। অপরাহ্ন কালে ঘৃতাক্ত অন্ন আমলকীর যূষ সহযোগে ভোজন করিবে। এক মাস এই নিয়ম অবলম্বন করিলে সকল প্রকার কুষ্ঠ আরোগ্য হয়।

কৃষ্ণ-তিলের তৈল, ভল্লাতক-তৈল, আমলকী রস ও ঘৃত প্রত্যেকে এক দ্রোণ, শালসারাদির কষায়, ত্রিফলা ত্রিকটু, পরুষ ফলের মজ্জা, বিড়ঙ্গ ফলের সার, চিত্রক অর্ক অবল্গুজ হরিদ্রা ত্রিবৃৎ দন্তী ইদ্রযব যষ্টিমধু অতিবিষা রসাঞ্জন প্রিয়ঙ্গু, প্রত্যেকে এক প্রস্থ একত্র স্নেহ-পাকের প্রণালীতে (১) পাক করিবে। পাক সিদ্ধ হইলে স্রাবিত করিয়া কলসে মুখ রুদ্ধ করিয়া রাখিবে। তদনন্তর শরীর সংশোধিত করিয়া প্রত্যহ প্রাতঃকালে শুক্তি পরিমাণে মধুসংযোগে এই ঘৃত সেবন করিবে। জীর্ণ হইলে, খদির-ক্বাথে পাক করা অন্ন ঘৃতাক্ত করিয়া, লবণ-বর্জ্জিত মুদ্গ ও আমলকযূষ সহযোগে ভোজন করিবে, ও খদিরোদক সেবন করিবে। এই নিয়মে এক দ্রোণ পরিমিত পূর্ব্বোক্ত ঘৃত সেবন করা হইলে সকল প্রকার কুষ্ঠ হইতে মুক্ত, শুদ্ধ-দেহ, স্মৃতিমান্ অরোগী ও শত বৎসর আয়ু বিশিষ্ট হয়।

সুরা মন্থ আসব অরিষ্ট লেহ চূর্ণ ও অয়স্কৃতি, ইহাদিগের যে রূপ প্রণালী বলা হইল, তদনুসারে বুদ্ধিমান্ বৈদ্য বিবিধ প্রকার সেই মত ঔষধ প্রস্তুত করিবেন।

---

(১) স্নেহ পাকের প্রণালী পরে একত্রিংশ অধ্যায়ে বলা যাইবে।

একাদশ অধ্যায়।

প্রমেহ চিকিৎসা।

প্রমেহ দুই প্রকার, সহজ ও কুপথ্য-জন্য। মাতা পিতার বীজ-দোষ-জন্য হইলে সহজ, এবং অহিতকর আহারে জন্মিলে অপথ্য-জন্য বলা যায়। উভয় প্রকার প্রমেহেরই প্রথম উপদ্রব, শরীরের কৃশতা রুক্ষতা, অল্প আহার করা, পিপাসা ও বেগে পরিসরণ করা। উত্তর কালের উপদ্রব, দেহের স্থূলতা, স্নিগ্ধতা, অধিক আহার, শয্যা-প্রিয়তা, আসন-প্রিয়তা বা নিদ্রা-শীলতা। এই সকল লক্ষণই প্রায় ঘটে। কৃশ হইলে অন্নপানের নিয়মের দ্বারা, ও স্থূল হইলে উপবাসাদি কার্শ-কর ক্রিয়ার দ্বারা চিকিৎসা করিবে।

সৌবীরক (কাঞ্জী) তূষোদক (১) শুক্ত মৈরেয় সুরা আসব দুগ্ধ জল তৈল ঘৃত ইক্ষুবিকার, দধি পিষ্টান্ন অম্ল পানক (২) গ্রাম্য বা অনূপ-দেশে জাত পশুর মাংস, সকল প্রকার প্রমেহ রোগেই এই সকল আহার বর্জনীয়।

শালি ষষ্টি যব গোধূম কোদ্রব উদ্দালক, এই সকল পুরাতন হইলে ভক্ষণ করিবে। চণক আঢ়কী কুলথ মুদ্গ, অথবা নিকুম্ভ-তৈল, ইঙ্গুদি-তৈল, সর্ষপ-তৈল বা তিসির-তৈল, সহযোগে পাক করা তিক্ত বা কষায় রস-বিশিষ্ট শাক, মূত্র-রোধকারী জাঙ্গল মাংস, ও অপর যে সকল দ্রব্যে মেদ শুষ্ক হয় সেই সকল ঘৃত-হীন পাক করিয়া অম্ল রস বর্জিয়া ভোজন করিবে।

প্রমেহ রোগিকে প্রথমতঃ স্নিগ্ধ করিয়া পূর্ব্বোক্ত কোন প্রকার তৈলের দ্বারা বা প্রিয়ঙ্গু আদি-সিদ্ধ (৩) ঘৃতের দ্বারা বিশেষে বমন

---

(১) তুষোদকং যবৈরামৈঃ সতুষৈঃ সকলীকৃতৈঃ। তুষ সমেত কুট্টিত অপক্ব যব, জলে নিক্ষেপ করিলে তুষোদক হয়।

(২) শর্করা নিম্বুরস বা ধান্যাম্ল যুক্ত পক্করস।

(৩) প্রিয়ঙ্গাদি গণবর্ণায় দ্রষ্টব্য।

করাইবে ও বিরেচন করাইবে। বিরেচনের পর সুরসাদির কষায়ের দ্বারা আস্থাপন করিবে। শরীরে দাহ থাকিলে, স্নেহ-বর্জ্জিত ন্যগ্রোধাদির কষায়ে শুণ্ঠী ভদ্রদারু ও মুস্তা প্রক্ষেপ পূর্ব্বক মধু সৈন্ধব যোগে পান করাইবে। তদনন্তর বিশুদ্ধ-দেহ হইলে, হরিদ্রা আমলকীর রস মধু যোগে পান করাইবে। অথবা, ত্রিফলা রাজ-শুমুক দেবদারু ও মুস্ত ইহাদিগের একত্র যোগে কষায়, বা শাল কম্পিল্ল, মুষ্কক একত্র যোগে অক্ষ পরিমিত কল্‌ক, অথবা হরিদ্রাযুক্ত আমলকীর রস মধু-সংযোগে মধুর করিয়া পান করাইবে। অথবা কুটজ কপিত্থ রোহিত বিভীতক ও সপ্তপর্ণপুষ্প একত্র যোগে কল্‌ক অথবা নিম্ব আরগ্বধ সপ্তপর্ণ মুর্ব্বা কুটজ সোমবৃক্ষ বা পলাশ, এই সকল বৃক্ষের ত্বক পত্র মূল ফল ও পুষ্প একত্র যোগে কষায়, এই পঞ্চ প্রয়োগের দ্বারা সকল প্রকার প্রমেহের শান্তি হয়।

অতঃপর বিশেষ করিয়া বলা যাইতেছে। উদক-মেহে পারিজাত কষায়, ইক্ষু-মেহে জয়ন্তী-কষায়, সুরা-মেহে নিম্ব-কষায়, সিকতা মেহে চিত্রক কষায়, শনৈঃ-মেহে খদির-কষায়, লবণ-মেহে পাঠা ও অগুরু একত্র যোগে কষায়, পিষ্ট-মেহে হরিদ্রা দারু-হরিদ্রা একত্র যোগে কষায়, সান্দ্র-মেহে সপ্তপর্ণ কষায়, শুক্রমেহে দুর্ব্বা শৈবল প্লব হঠ করঞ্জ কসেরুক একত্র যোগে কষায়, অথবা ককুভ ও রক্ত চন্দন একত্র যোগে কষায়, ফেণমেহে ত্রিফলা আরগ্বধ দ্রাক্ষা, ইহাদিগের একত্র যোগে কষায় মধুসহযোগে পান করাইবে। কফজন্য মেহে শেষোক্ত দুই কষায় অধিক পরিমাণে মধু-সংযোগে মধুর করিয়া পান করাইবে। পিত্ত-জন্য নীল মেহে শালসারাদি কষায়, অথবা অশ্বত্থ-কষায়, হরিদ্রামেহে রাজবৃক্ষ কষায়, অম্ল-মেহে মধু-মিশ্রিত ন্যগ্রোধাদি কষায়, ক্ষার-মেহে ত্রিফলা কষায়, মঞ্জিষ্ঠা-মেহে মঞ্জিষ্ঠা ও চন্দন একত্র যোগে কষায়, শোণিত-মেহে গুড়ূচি তিন্দুকাস্থি (গাবের আঁটি) খর্জ্জূর ও গম্ভারী একত্র যোগে কষায় মধু সংযোগে পান করাইবে।

অতঃপর অসাধ্য প্রমেহ-রোগ যাপ্য রাখিবার জন্য যোগ বলা যাইতেছে। সর্পিমেহে কুষ্ঠ কুটজ পাঠা হিঙ্গু কটুকী, ইহাদিগের কল্ক, গুড়ুচি ও চিত্রকের কষায় * সহযোগে পান করাইবে। বসা-মেহে অগ্নিমন্থ বা শিংশপার কষায় পান করাইবে। ক্ষৌদ্র-মেহে খদির বা গুবাক কষায়, হস্তি-মেহে তিন্দুক কপিত্থ শিরীষ পলাশ পাঠা মূর্ব্বা দুরালভা একত্র যোগে কষায় মধু-সংযোগে, এবং হস্তি অশ্ব শূকর গর্দ্দভ উষ্ট্র ইহাদিগের অস্থির ক্ষার সেবন করাইবে। প্রমেহে জ্বালা থাকিলে, জলীয় কন্দ ও দুগ্ধ সহ যবাগু প্রস্তুত করিয়া মধু সংযোগে সেবন করাইবে।

তদনন্তর প্রিয়ঙ্গু অনন্তা যূথিকা (যুইপুষ্প) পদ্মা (বামুন হাটী) লোহিতিকা (বরাক্রান্ত) অম্বষ্ঠা (আকনাদি) দাড়িম-ত্বক শালপর্ণী পদ্ম তুঙ্গ (পুন্নাগ) নাগকেশর ধাতকী বকুল শাল্মলী শ্রীবেষ্ট (টারপিণ) মোচ-রস (স্বনাম খ্যাত) ইহাদিগের একত্র যোগে অরিষ্ট অয়স্কৃতি অবলেহ ও আসব প্রস্তুত করিবে। অথবা শৃঙ্গাটক গিলোড্য বিস মৃণাল কসেরুক যষ্টিমধু আম্র জম্বু অসন অর্জ্জুন কটৃঙ্গ [শোনা বৃক্ষ] রোধ্র ভল্লাতক চর্ম্ম-বৃক্ষ গিরিকর্ণিকা শীতশিব (শৈলজ) নিচুল (হিজ্জল বৃক্ষ) দাড়িম অজ-কর্ণ (অসন) হরিবৃক্ষ রাজাদন গোপঘণ্টা (শেয়াকুল) বিকঙ্কত (বৈঁচি বৃক্ষ), এই সকল একত্র যোগে অরিষ্ট অবলেহ আসব অয়স্কৃতি প্রভৃতি প্রস্তুত করিবে। যবান্ন নির্ম্মিত বিবিধ ভক্ষ্য দ্রব্য ব্যবহার করিবে। অথবা পূর্ব্বোক্ত সকল দ্রব্যের কষায়ে যবাগু প্রস্তুত করিয়া রোগীকে পান করাইবে। সর্ব্বদা অধিক পরিমাণে মধু বা অন্য প্রকার আসব, পাঠা চিত্রক ও হরীতকী যোগে গাঢ় করিয়া পান করাইবে, অথবা মধুর আসব পান করাইয়া, অঙ্গার-শূলীর দ্বারা যে সকল ভক্ষ্য প্রস্তুত

* সুশ্রুত মতে কষায় যে রূপে প্রস্তুত করিতে হয় তাহা পরে একত্রিংশ অধ্যায়ে বলা যাইবে।

হয় তাহাই অবদংশ স্বরূপে ব্যবহার করাইবে (১)। মধু কপিত্থ ও মরিচ সহযোগে পানীয়ও সেবন করাইবে। উষ্ট্র অশ্বতর ও গর্দ্দভের পুরীষ-চূর্ণ ভক্ষ্যদ্রব্য সহযোগে সেবন করাইবে। হিঙ্গু সৈন্ধব ও সর্ষপ চূর্ণ সংযুক্ত যূষের সহযোগে ভোজন করাইবে। অবিরুদ্ধ রস সংযোগে পান ভোজন করাইবে। মেহ বৃদ্ধি হইলে, ব্যয়াম, যুদ্ধ ক্রীড়া, গজ তুরঙ্গ রথ পদাতির দ্বারা ভ্রমণ, এবং অস্ত্র উপাস্ত্র সঞ্চালন কর্ত্তব্য।

রোগী নির্ধন ও নিঃসহায় হইলে পাদুকা ও ছত্র পরিত্যাগ পূর্ব্বক ভিক্ষাহারী ও সংযতাত্মা হইয়া শত যোজনের অধিক ভ্রমণ করিবে। শ্যামাক নীবার আমলক কপিত্থ তিন্দুক অশ্মন্তক ফল আহার করিয়া সর্ব্বদা মৃগের সহবাস করিবে, ও সর্ব্বদা গো ব্রাহ্মণের অনুগামী হইয়া গোমূত্র ও গোময় ভক্ষণ করিবে। ইতর লোক কূপ খনন করিবে। রোগী কৃশ হইলে তাহার শরীর রক্ষা যাহাতে হয় এরূপ করিবে।

নির্ধন ব্যক্তি বৈদ্যের আদেশানুসারে সকল কার্য্য করিবে। তাহা হইলে এক বৎসরের মধ্যে প্রমেহ রোগ হইতে মুক্ত হইবে।

দ্বাদশ অধ্যায়।

অথ প্রমেহ পিড়কা চিকিৎসা।

সরাবিকা প্রভৃতি (২) নয় প্রকার পিড়কার বিষয় পূর্ব্বে বলা হইয়াছে। বলবান ব্যক্তির অগভীর কোমল অল্প যাতনাবিশিষ্ট ব্রণ হইয়া শীঘ্র পাকিয়া ভেদ হইলে সহজে আরোগ্য হয়।

প্রমেহের পূর্ব্বরূপে (৩) উপবাস করিবে, এবং কষায় রস ও

---

(১) লৌহ শলাকায় বিদ্ধ করিয়া তপ্ত অঙ্গারে যে সকল খাদ্য প্রস্তুত হয় তাহাই আসব পানের পর অবদংশ অর্থাৎ গজর বা চাটনী স্বরূপে ব্যবহার করিবে।

(২) নিদান স্থানে দ্রষ্টব্য।

(৩) সকল রোগের পূর্ব্ব লক্ষণ নিদান স্থানে দ্রষ্টব্য।

অজামূত্র সেবন করিবে। এরূপ প্রতীকার না করিলে ও মধুর দ্রব্য আহার করিলে, মূত্র স্বেদ ও শ্লেষ্মা মধুর হয় ও প্রমেহ রোগ প্রকাশ পায়। রোগ প্রকাশ হইলে, বমন বিরেচনের দ্বারা সংশোধন করিবে। এরূপ প্রতিকার না করিলে সকল দোষ বৃদ্ধি হইয়া মাংস শোণিত দূষিত করিয়া শোফ বা অন্য প্রকার উপদ্রব জন্মায়। এ অবস্থা ঘটিলে, শোফ প্রভৃতির যে রূপ প্রতিকার বলা হইয়াছে সেই সকল প্রতিকার করিবে, ও রক্ত মোক্ষণ করিবে। এ অবস্থায় প্রতিকার না করিলে শোফ বৃদ্ধি হয়, এবং যাতনা ও দাহ জন্মে। শোফ বৃদ্ধি হইলে শস্ত্র-ক্রিয়া ও ব্রণ-রোগের অপরাপর প্রতিকার কর্ত্তব্য। তাহা না করিলে পিড়কার অভ্যন্তর দেশ আপনা হইতে বিদীর্ণ হইয়া পূয় নির্গত হইতে থাকে। তাহাতে বৃহৎ-মুখ হইয়া ক্রমশ বৃদ্ধি পাইয়া অসাধ্য হইয়া উঠে। অতএব প্রমেহ রোগে প্রথমেই চিকিৎসা করা কর্ত্তব্য।

ধান্বন্তর ঘৃত।

ভল্লাতক নিম্ব জল-পিপ্পলীর মূল উদকীর্য্য (ডহর করঞ্জ) বর্ষাভূ (পুনর্ণবা) পুনর্ণবা চিত্রক শঠি স্নুহী বরুণ পুষ্কর (কুষ্ঠ) দন্তী হরীতকী প্রত্যেকে দশ পল, যব কোল ও কুলত্থ কলাই প্রত্যেকে এক প্রস্থ, এক দ্রোণ পরিমিত জলে কাথ প্রস্তুত করিবে, চতুর্থাংশ থাকিতে তৎসহযোগে এক প্রস্থ ঘৃত পাক করিবে। বচ ত্রিবৃৎ কম্পিল্ল ভার্গী (বামনহাটি) নিচুল [বেতস] শুণ্ঠী গজপিপ্পলী বিড়ঙ্গ ও শিরীষ, ইহাদিগের প্রত্যেকের অর্দ্ধ পল লইয়া কল্ক প্রস্তুত পূর্ব্বক তাহার সহিত পাক করিবে। ইহাতে মেহ শোথ কুষ্ঠ গুল্ম উদর অর্শ বিদ্রধী ও পিড়কা-মেহ আরোগ্য হয়। ইহার নাম ধান্বন্তর ঘৃত।

মধুমেহ-রোগীর সহজে বিরেচন হয় না, কারণ, তাহাদিগের সমস্ত শরীর মেদে ব্যাপ্ত। অতএব তাহাদিগকে বমন বিরেচনের জন্য তীক্ষ্ণ ঔষধ প্রয়োগ করিবে। উপদ্রব-বিশিষ্ট পিড়কা জন্মিলে, সকল

প্রকার প্রমেহ রোগেই স্বেদে ও শ্লেষ্মাতে মধুর রস ও মধুর গন্ধ জন্মে, তৎকালে সামান্যতঃ মেহ-মাত্রকেই মধু-মেহ বলা যায়। মধুমেহ রোগীকে কদাচ স্বেদ বিধান করিবে না। কারণ মেদ-বহুল প্রযুক্ত তাহাদিগের দেহ স্বেদ-কর্ত্তৃক শীর্ণ হইয়া যায়। প্রমেহ রোগীর শরীর স্থূল অথচ দুর্ব্বল হইলে, দোষের ঊর্দ্ধ গতি হয় না। এই কারণে মধুমেহে সমস্ত দোষ শরীরের অধোভাগে সঞ্চরণ করিয়া পিড়কা জন্মায়। অপক্ব পিড়কা শোফের ন্যায় পাকিয়া উঠিলে, ব্রণের ন্যায় প্রতিকার করিবে। ব্রণের রোপনাদির জন্য যে সকল তৈল বিহিত হইয়াছে তাহাও ইহাতে প্রয়োগ করিবে। পিড়কা ব্রণের উৎসাদনার্থ আরগ্বধাদির কষায়, পরিষেচনে সালসরাদির কষায়, ও পান ভোজনে পিপ্‌পল্যাদির কষায় ব্যবহার করিবে। পাঠা চিত্রক শাঙ্গষ্টা বৃহতী ক্ষুদ্রা (কণ্টকারী) সারিবা সোমবল্ক (শুক্ল খদির) সপ্তপর্ণ আরগ্বধ কুটজ, ইহাদিগের মূল চূর্ণ করিয়া মধু মিশ্রিত পূর্ব্বক সেবন করিবে। সালসারাদির বর্গের কষায় পাক করিয়া চতুর্থাংশ থাকিতে অবতারিত করিয়া স্রাবিত করিয়া লইবে। সেই ক্বাথে আমলকী প্রিয়ঙ্গু দন্তী কৃষ্ণায়স ও তাম্র, ইহাদিগের চূর্ণ নিক্ষেপ করিয়া পুনর্ব্বার পাক করিবে। পাক না হইয়া অবলেহের ন্যায় হইলে, অবতারিত করিয়া কলসী রুদ্ধ করিয়া রাখিবে। তদনন্তর যথাসাধ্য পরিমাণে সেবন করিবে। ইহাতে সকল প্রকার প্রমেহ আরোগ্য হয়।

নবায়স চূর্ণ।

ত্রিফলা চিত্রক ত্রিকটু বিড়ঙ্গ মুস্ত প্রত্যেকে নয় ভাগ, (১) ইহাদিগের একত্র যত পরিমাণ হইবে তাহার তুল্য কৃষ্ণ লৌহ চূর্ণ। সমস্ত একত্র করিয়া ঘৃত-মধু সংযোগে যথাসাধ্য পরিমাণে সেবন করিবে। ইহার নাম নবায়স চূর্ণ, জঠর রোগের শান্তিকর, মন্দাগ্নির

(১) প্রত্যেকে নয় কর্ষ বা পল অর্থাৎ সমভাগ।

উদ্দীপক, অর্শ শোফ পাণ্ডু কুষ্ঠ অজীর্ণ কাস শ্বাস ও প্রমেহ রোগের প্রতিবাধক।

সালসারাদির ক্কাথ পাক করিয়া চতুর্থাংশ থাকিতে পরিস্রুত করিয়া লইয়া শীতল হইলে মধু ও স্বর্ণমাক্ষিক প্রক্ষেপ করিয়া পান করিবে।

লোহারিষ্ট।

গুড় সংশোধিত করিয়া (১) ফানিতের ন্যায় পাক হইলে পিপ্পল্যাদির চূর্ণ তাহাতে প্রক্ষেপ করিবে। পবিত্র ও দৃঢ় কুম্ভ ঘৃতে ভাবিত করিয়া পিপ্পলী চূর্ণ ও মধু মিশ্রিত করিয়া তাহার অভ্যন্তর-দেশ লেপন করিবে। অনন্তর তীক্ষ্ণ লৌহের (২) সূক্ষ্ম সূক্ষ্ম পত্র সমস্ত পুনঃ পুনঃ খদিরাঙ্গারে তপ্ত করিয়া পুনঃ পুনঃ সেই গুড়ে নিমজ্জিত করিবে। পরে সেই গুড় লৌহ-পত্র সমেত উক্ত কলসে রাখিয়া, তাহার মুখ উত্তম রূপে অবরোধ করিয়া যবরাশির মধ্যে স্থাপন করিবে। তিন বা চারি মাস পরে সেই সমস্ত লৌহপত্র ক্ষয় হইয়া ঔষধে রস জন্মিলে, প্রতিদিন যথা পরিমাণে সেবন করিবে ইহাতে স্থূল শরীর কৃশ হয়, অগ্নির দীপ্তি হয়, শোফ গুল্ম কুষ্ঠ মেহ পাণ্ডু প্লীহোদর বিষম জ্বর ও নেত্রের অভিষ্যন্দ রোগের নিবৃত্তি হয়। ইহাকে লোহারিষ্ট বলে—অত্যর্থ গুণকারী।

প্রমেহ রোগীর মূত্র পিচ্ছিলতা ও আবিলতা শূন্য, নির্ম্মল তিক্ত ও কটু রস বিশিষ্ট হইলে, রোগ আরোগ্য হইয়াছে বলা যায়।

ত্রয়োদশ অধ্যায়।

মধুমেহ চিকিৎসা।

প্রমেহ রোগ মধুমেহতা প্রাপ্ত হওয়া প্রযুক্ত বৈদ্যকর্ত্তৃক পরিত্যক্ত হইলে, নিম্নলিখিত যোগের দ্বারা তাহার চিকিৎসা করিবে। জ্যেষ্ঠ

(১) গুড় সংশোধন করা, গাদ কাটান অথবা নির্ম্মল করা।

(২) তীক্ষ্ণ-লোহ অথবা ইস্পাত বলা যায়

মাসের সূর্য্য কিরণে পার্ব্বতীয় শিলা তাপিত হইলে, তাহা হইতে জতুর স্থায় রস প্রস্রুত হয়। তাহাকে শিলা জতু বলে—সকল ব্যাধির বিনাশক। তাহাতে যে ত্রপু (রাঙ্) লৌহ প্রভৃতি ছয় প্রকার (১) ধাতুর সার ভাগ আছে, তাহা সেই সকল ধাতুর স্ব স্ব গন্ধের দ্বারা জানা যায়। এই জন্য ইহাকে ষড়্‌যোনি বলে। জতুর ন্যায় প্রভা বিশিষ্ট এই শিলাজতু লৌহ হইতে উৎপন্ন বলিয়া ইহার রস ও বীর্য্য লৌহের ন্যায়। ত্রপু সীস অয়স্ প্রভৃতি ধাতু যে রূপ উত্তরোত্তর শ্রেষ্ঠ, তাহাদিগের প্রয়োগে গুণও সেই রূপ উত্তরোত্তর অধিক হইয়া থাকে। যে সকল শিলাজতু তিক্ত কটু কষায় সারক, কটুপাকি, উষ্ণবীর্য্য শোষণ-কর ছেদন-কর, তাহাদিগের মধ্যে কৃষ্ণবর্ণ গুরু স্নিগ্ধ ও শর্করা-হীন শিলা-জতুই উৎকৃষ্ট, এবং যে শিলাজতু গোমূত্র-গান্ধী তাহাও শ্রেষ্ঠ বলিয়া কথিত। সেই শিলাজতু প্রাতঃকালে সারগণের (২) দ্বারা ভাবিত করিয়া সারোদকে (৩) নির্ম্মল রূপে পিষিয়া যথাসাধ্য সেবন করাইবে। জীর্ণ হইলে জাঙ্গলরস যোগে অন্ন ভোজন করাইবে। এই অমৃত তুল্য গিরিজাত ঔষধ তুলা পরিমাণে সেবন করা হইলে, দেহের বর্ণ ও বল জন্মে, মধুমেহ আরোগ্য হয়, ও অজর অমরের ন্যায় এক শত বৎসর জীবিত থাকে। এক এক তুলা সেবনে এক এক শত বৎসর আয়ু বৃদ্ধি হয়, এবং দশ তুলা পরিমাণে সেবন করিলে সহস্র বৎসর আয়ু হয়। ইহাতে ভল্লাতক বিধানে আহার আচার কর্ত্তব্য। মেহ কুষ্ঠ অপস্মার উন্মাদ শ্লীপদ বিষ-রোগ শোষ শোফ অর্শ গুল্ম পাণ্ডু ও বিষমজ্বর, শিলাজতু সেবনে এই সকল শীঘ্রই নাশ হয়। শিলাজতু সেবনে আরোগ্য না হয় এমন রোগই

(১) রাঙ্ সীসা তাম্র লৌহ রূপা স্বর্ণ।

(২) আরগ্বধাদি বরুণাদিগণ বীরতর্ব্বাদিগণ সালসারাদিগণ ও ন্যগ্রোধাদিগণে যে সকল বৃক্ষ উল্লিখিত হইয়াছে তাহাদিগের সার এ স্থানে ব্যবহার্য্য।

(৩) সারের দ্বারা কাষ্ঠ প্রভৃতি প্রস্তুত হইলে সারোদক বলা যায় প্রস্তুত করিবার প্রণালী পূর্ব্ব অধ্যায়ে জ্ঞাতব্য টীকায় দেখ

নাই। বিহিত ঔষধ সহ (১) শিলাজতু ভাবিত ও ঔষধ আলোড়িত করিয়া সেবন করিলে শর্করা অশ্মরী আরোগ্য হয়।

গিরিজাত অমৃত তুল্য মাক্ষিক ধাতুও এই প্রণালীতে সেবন করা যায়। মাক্ষিক দুই প্রকার, স্বর্ণ-প্রভা ও রজত-প্রভা। স্বর্ণ-প্রভা মধুর ও রজত-প্রভা অম্ল (২)। মাক্ষিক সেবন করিয়া কপোত মাংস ও কুলথ বর্জ্জন করিবে। রোগী শ্রদ্ধাবান্ ও আরোগ্যে যত্নবান্ হইলে, এই যোগের দ্বারা পিতৃদোষ জাত কুষ্ঠ রোগও আরোগ্য হয়।

পশ্চিম সমুদ্রের তীরে (৩) যে সকল আঢ়কী বৃক্ষ (অরহর) জন্মে, সাগর তরঙ্গ বিক্ষেপে ও সমীরণ হিল্লোলে তাহাদিগের পল্লব সর্ব্বদা কম্পিত হয়। বর্ষাগমে তাহাদিগের সুপক্ক ফল সংগ্রহণ পূর্ব্বক মজ্জা বাহির করিবে। সেই মজ্জা শুষ্ক করিয়া চূর্ণ করিবে। সেই চূর্ণ তিলের ন্যায় দ্রোণীতে পীড়ন করিয়া অথবা কুম্ভের ন্যায় স্রাবিত করিয়া তৈল বাহির করিবে। সেই তৈল অগ্নিপক্ক করিয়া নির্জ্জল করিবে। নিঃশেষে নির্জল হইলে, অগ্নি হইতে অবতারিত করিয়া শুষ্ক গোময়ের মধ্যে এক পক্ষ কাল মাত্র স্থাপন করিবে। শুক্লপক্ষে শুভদিনে সেই তৈল যথাসাধ্য পরিমাণে পশ্চাদুক্ত মন্ত্র পাঠ পূর্ব্বক পান করিবে।

মন্ত্র যথা—মজ্জসার মহাবীর্য্য সর্ব্বান্ ধাতূন্ বিশোধয়।
শঙ্খ-চক্র-গদা-পাণি স্ত্বামাজ্ঞাপয়তেঽচ্যুতঃ॥

তদনন্তর সেই তৈলের দ্বারা রোগীর অধ-উর্দ্ধ-দোষ সংশোধিত হয়। প্রাতঃকালে সেই তৈল পান করিয়া, অপরাহ্ণে স্নেহ ও লবন বর্জ্জিত যবাগু শীতল করিয়া পান করাইবে। এই বিধি অনুসারে পাঁচ দিন

(১) ঔষধিতে যে রোগ শাম্য হয়, সেই ঔষধির দ্বারা ভাবিত করিবে।

(২) এই দ্বিবিধের নাম কেহ কেহ স্বর্ণমাক্ষীক ও রৌপ্যমাক্ষীক বলে।

(৩) বম্বের নিকট সৌরাষ্ট্র বা সুরট দেশ এ স্থলে অভিপ্রেত।

তৈল পান করিয়া, পরে কেবল মুদ্গ যুষ ও অন্ন আহার করিয়া এক পক্ষ কাল যাপন করিবে। ইহাতে পাঁচ দিনেই সকল প্রকার কুষ্ঠ আরোগ্য হয়। কুষ্ঠরোগী ভগ্নস্বর রক্তনেত্র শীর্ণ ও কৃমি-ভক্ষিত-দেহ হইলে, এই তৈল তিন গুণ খদির ক্বাথ সহ পাক করিয়া, এক মাস কাল নিয়ত সেবন করাইবে ও শরীরে মর্দ্দন করাইবে, এবং পূর্ব্বোক্ত নিয়মে আহার বিধান করিবে।

খদিরোদকের সহিত সেই তৈল ঘৃত মধু সংযোগে পান করিয়া পক্ষিমাংস আহার করিলে, দুই শত বৎসর আয়ু হয়। ইহার নস্য পঞ্চাশৎ দিবস সেবন করিলে লোকে কান্তিমৎ-দেহ শ্রুতিধর ও তিন-শত বৎসর আয়ু বিশিষ্ট হয়। তুবরক মজ্জা যথা সাধ্য পরিমাণে পান করিলে শরীর মহাবীর্য্য বিশিষ্ট হয়, এবং কুষ্ঠ ও মেহ আরোগ্য হয়।

সেই তুবরক মজ্জা দগ্ধ করিয়া, তাহার ধূমে সৈন্ধব সংযুক্ত তুবরক তৈল যোগে অঞ্জন প্রস্তুত করিবে (১)। সেই অঞ্জনের দ্বারা ব্রণরোগ নক্তান্ধ নীলীরোগ ও তিমির রোগ আরোগ্য হয়।

চতুর্দ্দশ অধ্যায়।

উদর-রোগের চিকিৎসা।

উদর রোগ অষ্ট প্রকার ইহা পূর্ব্বে বলা হইয়াছে। তাহার মধ্যে বদ্ধগুদ ও পরিস্রাবী এই দুই প্রকার অসাধ্য, অবশিষ্ট ছয় প্রকার কষ্টসাধ্য। সকল প্রকার উদর-রোগেই প্রত্যাখ্যান পূর্ব্বক চিকিৎসা করিবে। উদর-রোগে প্রথম চারিটি ঔষধ-সাধ্য। দীর্ঘকাল হইলে, সকল প্রকার উদর রোগই শস্ত্র-সাধ্য হইয়া উঠে। তৎকালে তাহারা বর্জ্জনীয়।

---

(১) মৃৎপাত্রে সৈন্ধব-যুক্ত তৈল মাখাইয়া তাহাতে ঐ ধূম নিক্ষিপ্ত করিবে।

উদররোগী গুরু অভিষ্যন্দি বিদাহি ও স্নিগ্ধ দ্রব্য, মাংস এবং পরিষেচন ও অবগাহন পরিত্যাগ করিবে।

বাতোদরে, বিদারীগন্ধাদি সহযোগে ঘৃত পাক করিয়া তদ্দ্বারা রোগিকে স্নিগ্ধ করিবে, এবং রোধ্র-সহ ঘৃত পাঁক করিয়া বিরেচনে প্রয়োগ করিবে। বিদারীগন্ধাদির কষায়ের সহিত চিত্রা-ফলের তৈল প্রচুর পরিমাণে সংযোগ করিয়া আস্থাপনে ও অনুবাসনে প্রয়োগ করিবে। উদরের উপরিভাগে শাল্বনের দ্বারা উপনাহ স্বেদ দিবে। বিদারীগন্ধাদির সহিত দুগ্ধ পাক করিয়া তৎসহযোগে ভোজন করাইবে এবং হরিণমাংসের কাথে সর্ব্বদা স্বেদ দিবে।

পিত্তোদরে, মধুরগণে ঘৃত পাক করিয়া তদ্দ্বারা রোগীকে স্নিগ্ধ করিবে। শ্যামালতা ত্রিফলা ও ত্রিবৃৎ সহযোগে ঘৃত পাক করিয়া বিরেচনে প্রয়োগ করিবে, এবং ন্যগ্রোধাদির কষায়, শর্করা মধু ও ঘৃত সহযোগে গাঢ় করিয়া আস্থাপন ও অনুবাসনে প্রয়োগ করিবে। পায়সের দ্বারা উদরে উপনাহ-স্বেদ দিবে, এবং বিদারীগন্ধাদির সহিত দুগ্ধ পাক করিয়া ভোজন করাইবে।

শ্লেষ্মোদরে, পিপ্পল্যাদির কষায় সহযোগে ঘৃত পাক করিয়া তদ্দ্বারা রোগিকে স্নিগ্ধ করিবে। স্নুহী-ক্ষীর সহযোগে ঘৃত পাক করিয়া বিরেচনে প্রয়োগ করিবে। মুষ্ককাদির কষায়ের সহিত ত্রিকটু মূত্রক্ষার ও তৈল প্রচুর পরিমাণে সংযোগ করিয়া অনুবাসনে ও আস্থাপনে ব্যবহার করিবে। শাল আতশী ধাতকী ও মূলক, ইহাদিগের বীজ, সুরাবীজ ও সর্ষপ এই সকল সহযোগে উদরে উপনাহ স্বেদ দিবে। প্রচুর পরিমাণে ত্রিকটু সহযোগে পাক করা কুলত্থের যূষ সহযোগে ভোজন করাইবে।

দূষ্যোদরে রোগীকে প্রত্যাখ্যান করিয়া চিকিৎসা করিবে। প্রথমতঃ সপ্তলা ও শঙ্খিনীর রসে ঘৃত পাক করিয়া বিরেচন করাইবে। মহাবৃক্ষের ক্ষীর সুরা ও গোমূত্র একত্র সহযোগে ঘৃত পাক করিয়া,

অথবা, কোষ্ঠ শুদ্ধ থাকিলে, করবীর গুঞ্জা কাকাদনী, ইহাদিগের মূলের কল্ক, মদ্য সহযোগে, এক পক্ষ বা এক মাস কাল পান করাইবে। অথবা ইক্ষু কৃষ্ণসর্পের দ্বারা দংশন করাইয়া সেই ইক্ষু ভক্ষণ করাইবে। অথবা বল্লীফল (কুষ্মাণ্ড আদি) কিম্বা মূলজাত বা কন্দ-জাত বিষ সেবন করাইবে।

সকল প্রকার উদর রোগই কুপিত বায়ু ও সঞ্চিত মলের দ্বারা জন্মে। অতএব ইহাতে পুনঃ পুনঃ অনুলোম ক্রিয়া প্রশস্ত।

অতঃপর সকল সামান্য যোগ বলা যাইতেছে। এরণ্ড তৈল এক মাস বা দুই মাস কাল মূত্র-যোগে অথবা দুগ্ধ যোগে সর্ব্বদা সেবন করিবে। অথবা সপ্তাহ জল বর্জ্জন পূর্ব্বক অনাহারে থাকিয়া দুগ্ধের সহিত মহিষ-মূত্র সেবন করিবে। অথবা অন্ন জল পরিত্যাগ পূর্ব্বক উষ্ট্রীর দুগ্ধ এক মাস কাল পান করিবে। অথবা পূর্ব্বোক্ত বিধানমতে পিপ্‌পলী এক মাস কাল সেবন করিবে (১) সৈন্ধব ও অজমোদা যুক্ত নিকুম্ভ-তৈল পান করিবে। বায়ু-জন্য শূল থাকিলে আদ্রক ও শৃঙ্গবেরের একশত পাত্র রসে উক্ত তৈল পাক করিয়া সেবন করিবে। শৃঙ্গবের রসে দুগ্ধ পাক করিয়া সেবন করিবে। অথবা চব্য ও শুণ্ঠীর একত্র যোগে কল্‌ক অথবা সরল-কাষ্ঠ দেবদারু ও চিত্রকের একত্র যোগে কল্‌ক দুগ্ধ সহযোগে, বা মুরুঙ্গী শালপর্ণী, ও পুনর্ণবা, একত্র যোগে কল্‌ক কিম্বা চিত্রক ফলের তৈল দুগ্ধ সহযোগে সর্জ্জিকা ও হিঙ্গু মিশ্রিত করিয়া সেবন করিবে। অথবা গুড় সংযোগে হরীতকী ভক্ষণ করিবে। কিম্বা সহস্র সংখ্যক পিপ্‌পলী স্নুহী-ক্ষীরে ভাবিত করিয়া ক্রমশঃ সেবন করিবে। অথবা হরীতকী ও পিপ্‌লীর চূর্ণ স্নুহী-ক্ষীরে ভাবিত করিয়া উৎকারীকা পাক করিয়া সেবন করিবে।

হরীতকী চূর্ণ এক প্রস্থ ও ঘৃত এক আঢ়ক অঙ্গারের অগ্নিতে হাতা

(১) মহাবাত ব্যাধিতে ক্ষীর পিপ্‌পলীর প্রকরণ দ্রষ্টব্য। তবে এ স্থলে দুগ্ধ যোগে সেবন করাইবে।

দ্বারা উত্তম রূপে আলোড়ন পূর্ব্বক পাক করিয়া কলস মধ্যে নিহিত করিয়া মুখ রোধ পূর্ব্বক, অর্দ্ধমাস কাল যবরাশির মধ্যে স্থাপিত করিবে। তদনন্তর সেই কলস উদ্ধৃত করিয়া তাহা হইতে হরীতকীর ক্বাথ স্রাবিত করিয়া লইয়া অম্লদধি সহযোগে পাক করিবে। তাহা যথাসাধ্য পরিমাণে একমাস বা অর্দ্ধ-মাস কাল পান করিবে।

গব্য দুগ্ধে মহাবৃক্ষের ক্ষীর প্রক্ষেপ করিয়া পাক করিবে। পাক সিদ্ধ হইলে অবতারিত করিবে। পরে শীতল হইলে মন্থন দণ্ডের দ্বারা মন্থন করিয়া নবনীত গ্রহণ করিবে। সেই নবনীত পুনর্ব্বার মহাবৃক্ষের (মনসা) ক্ষীরে পাক করিয়া যথাসাধ্য পরিমাণে একমাস বা অর্দ্ধমাস কাল পান করিবে।

অথ-তিল্বক-ঘৃত-চতুর্থী-সর্পী।

চব্য, চিত্রক, দন্তী, অতিবিষা, কুষ্ঠ শ্যামালতা ত্রিফলা অজমোদা (যমানী) হরিদ্রা শঙ্খিনী, ত্রিবৃৎ, ও ত্রিকটু প্রত্যেকে অর্দ্ধ কর্ষ পরিমাণ, রাজবৃক্ষ ফলের মজ্জা অষ্ট কর্ষ (১) পরিমাণ, মহাবৃক্ষের ক্ষীর দুই পল, গোদুগ্ধ অষ্ট পল, ও গোমূত্র অষ্ট পল, এই সমস্ত এক প্রস্থ পরিমিত ঘৃতে পাক করিয়া যথাসাধ্য পরিমাণে এক মাস বা অর্দ্ধ মাস কাল পান করিবে। ইহাকে তিল্বক-ঘৃত-চতুর্থী-সর্পী বলে। উদর-রোগে, গুল্ম, বিদ্রধি, অষ্ঠিলা, আনাহ, কুষ্ঠ, উন্মাদ ও অপস্মার রোগে ইহা বিরেচনার্থে প্রযোজ্য।

মহাবৃক্ষের ক্ষীর সহযোগে মূত্রের আসব বা অরিষ্ঠ অথবা সুরা সর্ব্বদা সেবন করিবে। অথবা বিরেচন দ্রব্যের কষায়, শুণ্ঠী ও দেবদারু-চূর্ণের সহযোগে গাঢ় করিয়া পান করিবে।

অথ আনাহ বর্ত্তি।

বমন ও বিরেচন কারক দ্রব্য পিপ্পল্যাদি, বচাদি, ও হরিদ্রাদি

---

(১) কর্ষ ২ তোলা পরিভাষা দ্রষ্টব্য।

গণের লিখিত সমস্ত দ্রব্যের সূক্ষ্ম চূর্ণ এবং সকল প্রকার লবণ এই পঞ্চগণ পরিমাণে প্রত্যেকে এক পল, মূত্র-গণ লিখিত সকল প্রকার মূত্র-প্রক্ষেপ পূর্ব্বক, মহাবৃক্ষের ক্ষীর এক প্রস্থ সহ মৃদু অগ্নিতে পাক করিবে। কল্‌ক দগ্ধ না হইলে পাক সুসিদ্ধ হইবে।

পাক সিদ্ধ হইলে অবতারিত করিবে। পরে শীতল হইলে অক্ষ পরিমাণে গুটিকা প্রস্তুত করিবে। সেই গুটিকা যথাসাধ্য প্রতিদিন এক দুই বা তিন সংখ্যা পর্য্যন্ত তিন মাস বা চারি মাস কাল সেবন করিবে। ইহাকে আনাহ-বর্ত্তি বলে। ইহা বিশেষতঃ মহাব্যাধি রোগে প্রয়োগ করা কর্ত্তব্য। কোষ্ঠজাত কৃমি, কাশ, শ্বাস, কৃমি, কুষ্ঠ প্রতিশ্যায়, অরুচি, অজীর্ণ, ও উদাবর্ত্ত রোগ ইহাতে নাশ হয়।

মদন ফলের মজ্জা কুটজ জীমূতক (ঘোষালতা) ইক্ষ্বাকু (তিত লাউ) অপামার্গ ত্রিবৎ ত্রিকটু সর্ষপ ও সৈন্ধব লবণ মহাবৃক্ষের ক্ষীরে অথবা মূত্রে পিষিয়া অঙ্গুষ্ঠ পরিমাণে বর্ত্তি নির্ম্মাণ করিবে। উদর বা আনাহ রোগে মলদ্বার তৈলাক্ত ও লবণাক্ত করিয়া, সেই বর্ত্তির একটী বা দুইটী পায়ু-দেশে নিহত করিবে। ইহাকেও আনাহ-বর্ত্তি বলে। বায়ু, মূত্র, পুরীষ উদাবর্ত্ত, আধ্মান, ও আনাহ রোগে বিধেয়।

প্লীহোদরে, রোগীকে স্নিগ্ধ ও স্বেদ প্রয়োগ পূর্ব্বক দধি সহযোগে ভোজন করাইয়া বামবাহুর কুর্পরের অভ্যন্তরস্থ সিরা বিদ্ধ করিবে। শোণিত নিঃসরণের জন্য হস্তের দ্বারা প্লীহা মর্দ্দন করিবে। তদনন্তর দেহ সংশোধিত হইলে, সামুদ্রিক শুক্তির ক্ষার দুগ্ধ সহযোগে পান করাইবে, এবং হিঙ্গু ও স্বর্জিকা ক্ষার পরিস্রুত করিয়া তৎসহযোগে, অথবা পলাশ ক্ষার সহযোগে, যবক্ষার পান করাইবে। অথবা পারিজাতক (পালিতা মাদার) ইক্ষুরক (কুলে খাড়া) ও অপামার্গ, ইহাদিগের ক্ষার তৈল সংযোগে, অথবা শোভাঞ্জনের কষায়, পিপ্‌পলী সৈন্ধব ও চিত্রক সহযোগে, সৈন্ধব লবণ ও পিপ্‌পলী চূর্ণ প্রক্ষেপে গাঢ় করিয়া, পান করাইবে।

ষট্‌-পলক ঘৃত।

পিপ্‌পলী পিপ্‌পলীর মূল চিত্রক শুণ্ঠী যবক্ষার ও সৈন্ধব প্রত্যেকে এক পল, ঘৃত এক প্রস্থ, দুগ্ধ এক প্রস্থ, একত্র প্যাক করিবে (১)। ইহাকে ষট্‌পলক নামক ঘৃত বলে। প্লীহা অগ্নিমান্দ্য গুল্ম উদররোগ উদাবর্ত্ত শ্বয়থু পাণ্ডু কাশ শ্বাস প্রতিশ্যায় ঊর্দ্ধবাত ও বিষমজ্বর ইহার দ্বারা আরোগ্য হয়। হিঙ্গু-আদিগণ চূর্ণ করিয়া সেবন করাইবে। যকৃৎ রোগেও এই রূপ প্রতিকার, তবে বিশেষ এই যে দক্ষিণ বাহুর শিরা বিদ্ধ করিবে।
প্লীহার উপশমের জন্য মণিবন্ধ প্রদেশস্থ বামাঙ্গুষ্ঠ-সংলগ্ন শিরা শরের দ্বারা দগ্ধ করিবে।

বদ্ধগুদ-রোগে বা পরিস্রাবি উদর-রোগে রোগীকে স্নিগ্ধ ও স্বেদ প্রয়োগ করিয়া, নাভির অধোদেশে বামভাগে লোমরাজী হইতে চারি অঙ্গুল অন্তরে উদর-দেশ ভেদ করিয়া চারি অঙ্গুল পরিমাণে অন্ত্রি সমস্ত নির্গত করিবে। বদ্ধগুদ রোগে, সেই সমস্ত অন্ত্রি-মধ্যে প্রস্তর-খণ্ড বা শুষ্ক ও কঠিন মল প্রভৃতি যাহা কিছু পথ রুদ্ধ করিয়া থাকে, তাহা নির্ণয় ও নির্গত করিয়া, সেই সকল অন্ত্রি মধু ও ঘৃতের দ্বারা অভ্যক্ত করিয়া যথা স্থানে স্থাপন পূর্ব্বক, উদরের উপরিভাগস্থ ব্রণের মুখ সীবন করিবে। পরিস্রাবী উদর-রোগে এই রূপে অন্ত্রি-মধ্যস্থ শল্য উদ্ধার করিয়া, অন্ত্রির স্রাব সংশোধন করিবে। ইহাতে অন্ত্রিতে যে ছিদ্র করিতে হইবে, সেই ছিদ্রের মুখ সংযত করিয়া কৃষ্ণ পিপী-লিকার দ্বারা দংশন করাইয়া তাহাদিগের শরীর ছিন্ন করিয়া লইবে। এবং মস্তক সমেত অন্ত্রি সমস্ত যথা স্থানে স্থাপন পূর্ব্বক উদরের উপ-রিস্থ ব্রণের মুখ সীবন করিবে। তদুপরি যষ্টিমধু মিশ্রিত কৃষ্ণ-মৃত্তিকা লেপন করিয়া বন্ধন করিবে। পরে আচরণের প্রণালী উপদেশ দিয়া

(১) ঘৃত বা তৈলের সহিত দুগ্ধ পাক করিতে হইলে, অন্যান্য ক্বাথ বা কল্‌কের অগ্রে দুগ্ধের সহিত পাক করিতে হইবে।

রোগীকে বায়ু-শূন্য গৃহে রাখিবে, এবং সেই ব্রণ তৈল বা সর্পির দ্বারা বাসিত করিবে (১)।

জলোদর রোগিকে অগ্রে বায়ুশান্তি-কর তৈল মাখাইয়া উষ্ণোদকের স্বেদ দিবে। পরে আত্মীয়গণ তাহার চতুর্দিকে বেষ্টন করিয়া কক্ষা-দেশ ধারণ করিয়া থাকিবে। নাভিদেশের অধোভাগে বামদিকের রোমরাজী হইতে চারি অঙ্গুল অন্তরে, ব্রীহিমুখ শস্ত্রের দ্বারা অঙ্গুষ্ঠ পরিমাণে আয়ত করিয়া উদর দেশ বিদ্ধ করিবে। রাঙ সীসা প্রভৃতি ধাতুতে নির্ম্মিত দ্বিমুখ নল একটী বা দুইটী সেই ছিদ্রে সংযোজিত করিবে। তদ্দ্বারা দোষোদক নির্গত হইলে নল অপসৃত করণানন্তর, ব্রণের স্থানে তৈল ও লবণ অভ্যক্ত করিয়া ব্রণ বন্ধনের নিয়মে বন্ধন করিবে। সমস্ত দোষোদক একদিবসেই নিঃসারণ করা কর্ত্তব্য নহে। সহসা সমস্ত জল নিঃসারিত করিলে, তৃষ্ণা জ্বর অঙ্গ-মর্দ্দ অতীসার শ্বাস ও পাদদাহ জন্মে। অথবা রোগী সবল না হইলে, পুনর্ব্বার উদরে শীঘ্র জল সঞ্চিত হয়। অতএব তৃতীয় চতুর্থ পঞ্চম ষষ্ঠ অষ্টম দশম দ্বাদশ কিম্বা ষোড়শ দিবস অন্তরে (২) দোষোদক অল্পে অল্পে নিঃসারিত করিবে। দোষোদক নিঃশেষে নিঃসৃত হইলে আবিক (কম্বল) কৌশেয় (পট্ট) বা চর্ম্মের দ্বারা উদরদেশ বেষ্টন করিয়া রাখিবে। তাহাতে বায়ু কর্তৃক উদর আধ্মাত হয় না। দুগ্ধ বা হরিণ মাংসের ক্বাথ সহযোগে ছয় মাস কাল ভোজন করাইবে। অথবা, তাহার মধ্যে তিন মাস অর্দ্ধোদক-দুগ্ধ ব্যবহার করাইবে (৩)। অবশিষ্ট তিন মাস ফলাম্ল-রস অথবা জাঙ্গল রস সহযোগে লঘু হিতকর অন্ন সেবন করাইবে। এই নিয়মে সংবৎসর থাকিলে অরোগী হয়।

---

(১) বাসিত করা ও অভিষেচন করা এই দুইয়ের ভেদ বিবেচনা কর্ত্তব্য। বাসিত করণার্থ অতি অল্প মাত্র স্নেহ প্রয়োজন, কিন্তু অভিষেচনে প্রচুর পরিমাণে স্নেহ আবশ্যক।

(২) অর্থাৎ প্রতি তৃতীয় বা চতুর্থ প্রভৃতি দিবসে।

(৩) অর্দ্ধেক দুগ্ধ ও অর্দ্ধেক জল পাক করিয়া লইবে।

সকল প্রকার উদর-রোগেই আস্থাপনে বিরেচনে পানে ও আহার-বিধিতে অগ্নি পক্ক দুগ্ধ প্রয়োগ করিবে।

পঞ্চদশ অধ্যায়।

মূঢ়-গর্ভ চিকিৎসা।

মূঢ়-গর্ভ-রূপ শল্য (অন্ত-মৃ´ত-গর্ভ) উদ্ধার করা অত্যন্ত কষ্টকর কার্য্য। কারণ ইহাতে যোনি যকৃৎ প্লীহা ও অন্ত্রি, এই সকলের মধ্যস্থিত গর্ভাশয়ের অভ্যন্তরে কেবল মাত্র স্পর্শের দ্বারা কার্য্য করিতে হয়। উৎকর্ষন আকর্ষণ স্থানাপবর্ত্তন উৎকর্ত্তন ভেদন ছেদন পীড়ন ঋজুকরণ ও দারণ প্রভৃতি, গর্ভসম্বন্ধে অথবা গর্ভিণী সম্বন্ধে এই সকল কার্য্য এক মাত্র হস্তেই সম্পাদন করিতে হইবে। অতএব অগ্রে গর্ভিণীর স্বামিকে জিজ্ঞাসা করিয়া পরে যত্নপূর্ব্বক সকল কার্য্য করিবে।

মূঢ় গর্ভের গতি স্বভাবতঃ আট প্রকার বলিয়া নির্দ্দেশ করা হইয়াছে। স্বভাবতঃ তিন প্রকারে গর্ভসঙ্গ (১) হয়। মস্তক স্কন্ধ-দেশ বা জঘন-দেশ অপত্যপথে বিষম-ভাবে স্থিত হইলেই এই ত্রিবিধ গর্ভসঙ্গ ঘটে। গর্ভে সন্তান জীবিত থাকিলে, প্রসব করাইতে যত্ন করিবে। প্রসব করাইতে না পারিলে, মহামুনি চ্যবন-প্রণীত মন্ত্র গর্ভিণীকে শ্রবণ করাইবে।

মন্ত্রশ্চযথা,—ইহামৃতঞ্চ সোমঞ্চ চিত্রভানুশ্চ ভামিনি।
উচ্চৈঃ শ্রবাশ্চ তুরগো মন্দিরে নিবসন্তুতে॥
ইদমমৃত মপাং সমুদ্ধৃতং বৈ তব লঘু গর্ভমিমং প্রমুঞ্চতু স্ত্রী।
তদনল পবনার্ক বাসবাস্তে সহ লবণাম্বু ধরৈর্দিশন্তু শান্তিং॥

(১) গর্ভ নির্গত বা প্রসব না হওয়া।

মুক্তাঃ পশোর্ব্বিপাশাশ্চ মুক্তাঃ স্থর্য্যেন রশ্ময়ঃ।
মুক্তঃ সর্ব্ব ভয়াদ্গর্ভ এহ্যেহি বিরমাভিতঃ॥

তদনন্তর প্রসব করাইবার জন্য যথোক্ত ঔষধ প্রয়োগ করিবে। গর্ভস্থ সন্তান মৃত হইলে, গর্ভিণীকে উত্তানভাবে শয়ন করাইয়া উরু দ্বয় কিঞ্চিৎ বক্রভাবে রাখিবে। কটির নিম্নদেশে বস্ত্রাধার রাখিয়া কটিদেশ উন্নত ভাবে রাখিবে। গর্ভ হইতে মৃত সন্তান টানিয়া নির্গত করিতে হইলে, ধন্বন (ধামনি) ও শাল্মলীর রস গিরিমৃত্তিকা ও ঘৃত হস্তে মাখাইয়া অপথ্যপথে প্রবিষ্ট করিয়া গর্ভ আহরণ করিবে। গর্ভস্থ মৃত শিশুর উভয় সক্‌থি বহির্গত হইলে, অনুলোম ভাবে (নিম্ন-দিকে) টানিয়া সমস্ত বাহির করিবে। এক মাত্র সক্‌থি প্রসব পথে উপস্থিত হইলে, অপর সক্‌থি প্রসারিত করাইয়া টানিয়া বাহির করিবে। যদি কেবল মাত্র নিতম্বদেশ অপত্য পথে অগ্রে আগত হয়, তাহা হইলে নিতম্বদেশ উর্দ্ধে উৎক্ষেপণ করিয়া সক্‌থিদ্বয় প্রসারিত করাইয়া বাহির করিবে। তির্য্যক ভাবে পরিঘের ন্যায় আগত হইলে (১), পশ্চাৎ অর্দ্ধভাগ (পায়ের দিক) উর্দ্ধে উৎক্ষেপণ পূর্ব্বক পূর্ব্বার্দ্ধ ভাগ (মস্তকের দিক) অপত্য পথে ঋজুভাবে আনয়ন পূর্ব্বক বাহির করিবে। শিরোদেশ অপত্যপথের পার্শ্বে অপবর্ত্তিত হইয়া, স্কন্ধদেশ অপত্য পথে আগত হইলে, স্কন্ধদেশ উর্দ্ধে উৎক্ষেপণ পূর্ব্বক (ঠেলিয়া তুলিয়া দিয়া) মস্তক অপত্য পথে আনিয়া বাহির করিবে। অপত্য-পথে অগ্রে বাহু আগত হইলে, স্কন্ধদেশ উর্দ্ধে উৎক্ষেপণ পূর্ব্বক শিরোদেশ অপত্য পথে আনিয়া বাহির করিবে। অপর দুই প্রকার মূঢ়গর্ভ অসাধ্য (২)। অসাধ্যের স্থলে অর্থাৎ হস্তের দ্বারা বহির্গত করিতে না পারিলে, শস্ত্র প্রয়োগ করিবে। গর্ভস্থ শিশু জীবিত

(১) অর্থাৎ গর্ভাশয়ের এক পার্শ্বে মস্তক ও অপর পার্শ্বে পাদ থাকা প্রযুক্ত প্রসবের দ্বারে আগত না হইলে।

(২) অপর দুই প্রকার মূঢ় গর্ভ নিদান স্থানে দ্রষ্টব্য।

থাকিলে, কদাচ শস্ত্রের দ্বারা দারণ কার্য্য করিবে না, তাহা হইলে জননী ও সন্তান উভয়েই নষ্ট হয়।

অন্তর্মৃত গর্ভের স্থলে গর্ভ বহির্গত করা অসাধ্য। মণ্ডলাগ্র বা অঙ্গুলী নামক শস্ত্রের দ্বারা মস্তক বিদীর্ণ করিয়া শঙ্কুর (আকর্ষী বিশেষ) দ্বারা অগ্রে কপাল খণ্ড সমস্ত আহরণ করিবে। পরে বক্ষঃ বা কক্ষাদেশে ধরিয়া টানিয়া বাহির করিবে। মস্তক ভিন্ন না হইলে অক্ষিকুট বা গণ্ডদেশে ধরিয়া টানিয়া বাহির করিবে। স্কন্ধদেশের দ্বারা অপত্য পথ রোধ করিয়া থাকিলে, যে অংশের দ্বারা রোধ করিয়া থাকে, স্কন্ধদেশের সেই অংশে সংলগ্ন বাহু ছেদন করিবে। গর্ভস্থ বালকেব উদর বায়ু-কর্ত্তৃক পূর্ণ থাকিলে, তাহা বিদীর্ণ করিয়া অন্ত্রি সমস্ত অগ্রে নির্গত করিবে। তাহাতে গর্ভস্থ শরীর শিথিল হইয়া পড়িলে অনায়াসেই বহির্গত করা যায়। জঘনের দ্বারা অপত্য পথ রোধ করিয়া থাকিলে, জঘনের অস্থিখণ্ড সমস্ত ছেদন করিয়া বাহির করিবে। গর্ভের যে যে অঙ্গ অপত্য পথ রোধ করিয়া থাকে সেই সেই অঙ্গ অগ্রে ছেদন পূর্ব্বক গর্ভ সম্যক রূপে বহির্গত করিয়া গর্ভিণীকে রক্ষা করিবে। বায়ুর প্রকোপ বশইঃ গর্ভের গতি বিবিধ প্রকার হইয়া থাকে। মহামতি বৈদ্য এ অবস্থায় বিধি পূর্ব্বক চিকিৎসা করিবে। মৃত গর্ভ মুহূর্ত্ত কালও উপেক্ষা করিবে না। উপেক্ষা করিলে শ্বাস রোধ হইয়া জননীর প্রাণ নাশ হয়। শরীর তত্ত্ববিৎ পণ্ডিত মণ্ডলাগ্র নামক শস্ত্রের দ্বারা ছেদন করিবে। তীক্ষ্ণধার বৃদ্ধিপত্রের ব্যবহারে গর্ভিণীকে আঘাত লাগিবার সম্ভাবনা। গর্ভে অপর কোন আপদ্ ঘটিলে পূর্ব্ববৎ গর্ভ পাতন করিবে। অথবা গর্ভিণীর উভয় পার্শ্বে পরিপীড়িত করিয়া হস্তের দ্বারা বহির্গত করিরে। তৎকালে স্ত্রীলোককে মুহুর্মুহুঃ কম্পিত করিবে বা তাহার অংসদ্বয় মর্দ্দন করিবে। গর্ভ পাতন করিতে হইলে অপত্য-পথ তৈলাক্ত করা কর্ত্তব্য।

এইরূপে গর্ভ বহির্গত করা হইলে প্রসূতীর দেহে উষ্ণোদক সেচন করিবে, এবং পরে যোনি-দেশে স্নেহ প্রয়োগ করিবে। তাহাতে যোনি-শূল নিবৃত্তি হইয়া যোনি-দেশ কোমল হয়। তদনন্তর দোষ নিঃসরণ ও বেদনা শান্তির জন্য পিপ্‌পলী পিপ্‌পলী-মূল শুণ্ঠী এলাইচ হিঙ্গু ভার্গী যমানী বচ অতিবিষা রাস্না ও চব্য, এই সকল উত্তম রূপে চূর্ণ করিয়া ঘৃত সংযোগে, বা ইহাদিগের ক্বাথ কল্ক বা চূর্ণ ঘৃত অসংযোগে সেবন করাইবে। পরে শাক-বৃক্ষের ত্বক্ হিঙ্গু অতি-বিষা পাঠা কটুকী ও গজপিপ্‌পলী পূর্ব্ববৎ পান করাইবে। তাহার পরে ত্রিরাত্র পঞ্চরাত্র বা সপ্তাহ কাল পুনর্ব্বার স্নেহ পান করাইবে। অথবা রাত্রিকালে আসব বা অরিষ্ট সেবন করাইবে। শিরীষ বৃক্ষোদক বা অর্জ্জুন বৃক্ষোদক আচমনে ব্যবহার করিবে। অপরাপর যে কোন উপদ্রব ঘটে, তাহা যে দোষ জন্য ঘটে সেই দোষানুসারে চিকিৎসা করিবে। দেহ উত্তমরূপ সংশোধিত হইলে অল্প পরিমাণ স্নিগ্ধ দ্রব্য ভোজন করাইবে, এবং ক্রোধ-হীন হইয়া প্রতিদিন স্বেদ ও অভ্যঙ্গ প্রয়োগ করিবে। বায়ু-শান্তি-কর ঔষধ সহযোগে দুগ্ধ পাক করিয়া দশ দিন কাল সেবন করাইবে। পরে মাংস রস ঐ প্রণালী মতে দশ দিন কাল সেবন করাইবে।

অনন্তর এই নিয়মে চারি মাস কাল রাখিয়া উপদ্রব রহিত বিশুদ্ধ-দেহা ও বল-বর্ণ-বিশিষ্টা হইলে চিকিৎসা হইতে ক্ষান্ত হইবে। অথবা, এ অবস্থায় যোনিদেশে সন্তর্পণার্থে, অভ্যঙ্গে, বস্তিকার্যে ও ভোজনে, বায়ু-শান্তিকর বলা-তৈল প্রয়োগ করিবে।

বলা-তৈল।

তৈল (তিল তৈল), বলা-মূল (শ্বেত বেড়েলার মূল), দশমূলী, যব কোল ও কুলথ, এই পাঁচটীর প্রত্যেকের ক্বাথ * তৈলের অষ্টগুণ,

* কেহ কেহ বলেন যে যব কোল ও কুলথ একত্র মিলিত করিয়া তৈলের অষ্ট গুণ ক্বাথ প্রস্তুত করিবে। কিন্তু মূলে "যব-কোল-কুলথানাং ক্বাথস্য"

ও তৈলের অষ্টগুণ দুগ্ধ, একত্র [১] পাক করিয়া পাক সিদ্ধ প্রায় হইলে, মধুর গণ [২) সৈন্ধব. অগুরু সর্জরস (ধূনা), সরল-কাষ্ঠ, দেবদারু, মঞ্জিষ্ঠা চন্দন কুষ্ঠ এলাইচ পীতকাষ্ঠ, জটামাংসী শৈলজ তেজপত্র তগরপাদুকা (৩) শ্যামালতা বচ শতমূলী অশ্বগন্ধা শতপুষ্পা (শোলফা) ও পুনর্ণবা, এই সকলের চূর্ণ তাহাতে প্রক্ষেপ করিয়া সৌবর্ণ রৌপ্য বা মৃণ্ময় কলসে নিহিত পূর্ব্বক মুখ অবরোধ করিয়া রাখিবে। ইহাকে বলা-তৈল বলে, বায়ুরোগের শান্তিকর। যথাসাধ্য পরিমাণে ইহা সূতিকা স্ত্রীলোককে সেবন করাইবে। স্ত্রীলোক গর্ভার্থিনী বা পুরুষ ক্ষীণ-শুক্র হইলে, বায়ু-জন্য শরীরের ক্ষীণতা এবং মর্ম্মস্থান আহত মথিত অভিহত বা অস্থি ভগ্ন হইলে, অথবা পরিশ্রমে অভিভূত হইলে, এই তৈল সর্ব্ব প্রকারে প্রয়োগ কর্ত্তব্য। ইহাতে আক্ষেপক প্রভৃতি বাতব্যাধি, হিক্কা কাস অধিমন্থ গুল্ম ও শ্বাসরোগ নিবৃত্ত হয়। ইহা ছয়মাস সেবন করিলে অন্ত্রবৃদ্ধি রোগ আরোগ্য হয়, এবং ধাতু-সমস্ত পুষ্ট ও স্থির-যৌবন হয়। এই তৈল রাজার পক্ষে, বা রাজ-সদৃশ ধনী সুখী ও সুকুমার ব্যক্তির পক্ষে কর্ত্তব্য।

অথ বলা কল্প।

তিলে, পুনঃ পুনঃ বলা-মূলের কষায় পান করাইয়া (৪) সেই তিলের তৈল বাহির করিবে। সেই তৈল বলামূলের কাথে শত বার

এই ইতরেতর দ্বন্দ বাক্য থাকাতে প্রত্যেকের প্রাধান্য হেতু পৃথক্ পৃথক্ কাথ গ্রাহ্য বলিয়া এ স্থানে এরূপ অনুবাদ করা হইল।

(১) অন্যান্য কাথের অগ্রে দুগ্ধ সহ তৈল পাক করিবে।

(২) গণবর্ণনা দ্রষ্টব্য।

(৩) ইহার অভাবে সিউলী-ছোব অর্থাৎ শ্বেত বর্ণ ক্ষুদ্র পুষ্প ও অনতি আয়ত-পত্র-বিশিষ্ট জলজাত কন্দ এক্ষণে ব্যবহার।

(৪) কষায় তিলে সেচন করিয়া শুষ্ক করিলে পান করান হয়।

পাক করিয়া বায়ুশূন্য নির্জ্জন গৃহে কলসী-মধ্যে রাখিবে। প্রাতঃকালে সেই তৈল যথাসাধ্য পরিমাণে পান করিবে। জীর্ণ হইলে, ষষ্টি-ধান্যের অন্ন দুগ্ধ সহযোগে ভোজন করিবে। এই নিয়মে এক দ্রোণ পরিমিত তৈল পান করিলে, ও যত কালে সেই তৈল পান করা হয় তাহার দ্বিগুণকাল আহারের নিয়ম পালন করিলে, দেহ বল বর্ণ-বিশিষ্ট হয় এবং এক শত বর্ষ আয়ু হয়। এই রূপে এক এক দ্রোণ পরিমাণে তৈল পান করিলে এক এক শত বর্ষ আয়ু বৃদ্ধি হয়।

উক্ত বলা প্রণালীতে অতিবলা (পীত বর্ণ বেড়েলা); গুড়ূচী, আদিত্য পর্ণী (আকন্দ) সৈরেয়ক (ঝাঁটি) বীরতরু (অর্জ্জুন বৃক্ষ) শতমূলী, ত্রিকণ্টক (গোক্ষুরী) যষ্টিমধু ও প্রসারণী (গন্ধভাদুলী) ইহাদিগেরও কল্প হইতে পারে।

নীলোৎপল ও হরিদ্রার মূল গব্য দুগ্ধে পাক করিবে। পরে তাহাতে তিলতৈল পাক করিবে। বলা তৈলের সমস্ত কল্ক উত্তম-রূপে পিষিয়া তাহাতে দিবে। ইহারও আহারের নিয়ম বলা-তৈলের ন্যায়, এবং গুণও সেই রূপ।

ষোড়ষ অধ্যায়।

বিদ্রধি চিকিৎসা।

যে ছয় প্রকার বিদ্রধির বিষয় নিদান স্থানে বলা হইয়াছে, তাহার মধ্যে সন্নিপাতিক বিদ্রধিই অসাধ্য। অবশিষ্ট সকল প্রকার বিদ্রধি রোগে অপক্ক অবস্থা হইতে সত্বরে শোফের ন্যায় প্রতিকার করিবে (১)।

বায়ু-জন্য বিদ্রধি রোগে, সুরঙ্গী (কাকজঙ্ঘা) মূলের কল্ক, ঘৃত তৈল বা বসা সহযোগে ঈষদুষ্ণ করিয়া তরল থাকিতে প্রলেপ দিবে।

(১) সূত্রস্থানে ও চিকিৎসা স্থান শোফের চিকিৎসা দ্রষ্টব্য।

সজল-দেশ-জাত পশুর মাংস ও কাকোল্যাদিগণ ভোজনে প্রয়োগ করিবে। স্নেহ ও অম্ল সহযোগে লবণ পাক করিয়া উপনাহ প্রয়োগ করিবে। বেশবার কৃশরা দুগ্ধ ও পায়েসের স্বেদ দিবে। স্বেদ সর্ব্বদা প্রয়োগ করিবে ও রক্ত মোক্ষণ করিবে। ইহাতেও যদি পাকিবার উপক্রম হয়, তবে পাকাইয়া শস্ত্রের দ্বারা ভেদ করিবে। ভেদ করিয়া ব্রণের বিধানানুসারে তৈল ভদ্রদার্বাদি গণ (১) যষ্টিমধু এবং প্রচুর পরিমাণে লবণ, পঞ্চমূলের কষায় সংযোগে প্রতিপূরণে (লেপে) প্রয়োগ করিবে। পৃথকপর্ণাদির ক্বাথে ও ত্রিবৃতের ক্বাথে রোপণ করিবে। পিত্ত-জন্য বিদ্রধি রোগে মধু শর্করা লাজ যষ্টিমধু ও সারিবা (অনন্ত মূল) দুগ্ধে পিষিয়া লেপ দিবে, অথবা ক্ষীরকাকোলী বেণা-মূল ও চন্দন একত্র দুগ্ধে পিষিয়া লেপ দিবে। যবক্ষারের শীতকষায়ের দ্বারা (২) অথবা ইক্ষুরস সহযোগে দুগ্ধের দ্বারা বা জীবনীয় ঘৃতের দ্বারা সর্ব্বদা সেচন করিবে। হরীতকী-চূর্ণ মধু সহযোগে দ্রব করিয়া লেহন করিবে। বুদ্ধিমান বৈদ্য পক্ক বিদ্রধি শস্ত্রে ভেদ করিয়া, প্রয়োজনানুসারে জলৌকার দ্বারা রক্ত মোক্ষণ করাইবে। ক্ষীর বৃক্ষের কষায়ে বা উদক-জাত কন্দের কষায়ে ব্রণ প্রক্ষালিত করিয়া, ঘৃত মধু সহযোগে তিল ও যষ্টিমধু প্রদেহে (৩) প্রয়োগ করিবে, ও তাহার উপরি সূক্ষ্ম বস্ত্র বেষ্টন করিয়া দিবে।

প্রপৌণ্ডরিক, মঞ্জিষ্ঠা যষ্টিমধু বেণা-মূল পদ্মকাষ্ঠ হরিদ্রা ও দুগ্ধ এই সকল দ্রব্যে ঘৃত পাক করিয়া ব্রণ-রোপণে প্রয়োগ করিবে (৪) অথবা

---

(১) সূত্র স্থান সংশমনী বর্গে উল্লিখিত দেবদারু কুষ্ঠ হরিদ্রা প্রভৃতি ভদ্রদার্বাদি গণ।

(২) শীত কষায় প্রস্তুত করিবার প্রণালী চিকিৎসা স্থানের জ্ঞাতব্য টীকায় উল্লিখিত হইয়াছে।

(৩) প্রদেহের প্রণালী সূত্র স্থানে ব্রণ বন্ধনের ও আলেপনের অধ্যায়ে দ্রষ্টব্য।

(৪) এইটী পিত্ত-জন্য বিদ্রধি ব্রণে প্রয়োজ্য। পিত্ত-জন্য অন্য ব্রণেও প্রয়োগ করা যায়।

শুক্ল ভূমিকুষ্মাণ্ড পৃথকপর্ণী (চাকুলে) মঞ্জিষ্ঠা রক্তচন্দন ও ন্যগ্রোধাদির প্রবাল অথবা ত্বক্, এই সকল সহযোগে ঘৃত পাক করিবে।

করঞ্জাদ্য ঘৃত।

করঞ্জের পত্র ও অভিনব ফল, জাতী পটোল ও নিম্ব ইহাদিগের পত্র, হরিদ্রা দারুহরিদ্রা, মধুচ্ছিষ্ট, যষ্টিমধু তিক্ত-রোহিণী (কটুকা) প্রিয়ঙ্গু কুশের-মূল বেতসের ত্বক মঞ্জিকা চন্দন বেণা-মূল উৎপল-সারিবা (শ্যামা লতা) ত্রিবৃৎ, প্রত্যেকে এক কর্ষ পরিমাণে এক প্রস্থ ঘৃতে পাক করিবে। ইহাতে দুষ্ট ব্রণের শান্তি হয়, নাড়ী-ব্রণের এবং সদ্যঃ ছিন্ন ব্রণের সংশোধন হয়। ইহাকে করঞ্জাদ্য ঘৃত বলে। দুষ্ট ব্রণ, গম্ভীর নাড়ী-ব্রণ, সদ্যচ্ছিন্ন ব্রণ (১) অগ্নি বা ক্ষার-জনিত ব্রণ, এই করঞ্জাদ্য ঘৃতের দ্বারা নিশ্চয় শাম্য হয়।

শ্লেষ্ম-জন্য বিদ্রধি-রোগে, ইষ্টক সিকতা লৌহ গোময় তুষ পাংশু বা মূত্র, উষ্ণ করিয়া স্বেদ প্রয়োগ করিবে। কষায় পান বমন আলে-পন ও উপনাহ, সর্ব্বদা এই সকলের প্রয়োগ দ্বারা দোষের ক্ষালন করিবে, এবং অলাবুর দ্বারা রক্তমোক্ষণ করিবে। পাকিয়া উঠিলে শস্ত্র-পাতন পূর্ব্বক আরগ্বধের কষায়ে ধৌত করিয়া, হরিদ্রা ত্রিবৃৎ শক্তু তিল ও মধু সংযোগে লেপ প্রয়োগ করিয়া যথাবিহিত ক্রমে বন্ধন করিবে। তদনন্তর কুলথ দন্তী. ত্রিবৃৎ শ্যামালতা অর্ক ও লোধ, এই সকলের কল্কে গোমূত্র ও সৈন্ধব যোগে তৈল পাক করিয়া প্রয়োগ করিবে।

রক্ত-জন্য অথবা আগন্তুক বিদ্রধি রোগে, পিত্ত-বিদ্রধির ন্যায় সমস্ত কার্য্য করিবে।

অন্তর্বিদ্রধি হইলে বরুণাদি গণের ক্বাথ, উষকাদি-গণের চূর্ণ প্রক্ষেপ পূর্ব্বক পান করাইলে শান্তি হয়। উক্ত গণদ্বয়ের ক্বাথে ঘৃত পাক করিয়া, বিরেচক দ্রব্যের সহযোগে প্রতিদিন প্রাতঃকালে সেবন

(১) সদ্য কাটা ঘা।

করিলে বিদ্রধি আরোগ্য হয়। উক্ত গণ-দ্বয়ের ক্বাথ, স্নেহ-যোগে অনুবাসনে ও আস্থাপনে প্রয়োগ করিবে। দোষ অনুসারে যথা প্রক্ষেপ দ্রব্য (১) সংযোগে মধু-শিগ্রুর ক্বাথ, আলেপনে পানে ও ভোজনে অপক্ক অবস্থায় সেবন করিলে সকল প্রকার বিদ্রধি আরোগ্য হয়। অথবা, সেই সকল চূর্ণ, জল ধান্যাম্ল মূত্র বা সুরা সহযোগে সেবন করিবে। অথবা যে সকল দ্রব্যে দোষের শান্তি হয়, সেই সকল দ্রব্যের ক্বাথ সহযোগে শিলাজতু সেবন করিবে। অথবা সেই ক্বাথ অধিকাংশ গুগ্‌গুল শুণ্ঠী ও দেবদারু চূর্ণ সহযোগে সেবন করাইবে। স্নেহ প্রয়োগ, উপনাহ-স্বেদ ও বিরেচন ক্রিয়া সর্ব্বদা বিধেয়। কফ-জন্য বিদ্রধি রোগে যথাবিধিক্রমে সিরা বিদ্ধ করিবে। কেহ কেহ বলেন যে রক্তপিত্ত বা বায়ু-জন্য বিদ্রধি রোগে বাহুতে* সিরা বিদ্ধ করিবে। বিদ্রধি পাকিয়া শরীরের বহির্ভাগে উন্নত হইলে, তাহা ভেদ করিয়া ব্রণের ন্যায় প্রতিকার করিবে। অধোভাগে হউক ঊর্দ্ধভাগে হউক পূযাদি নির্গত হইলে, (২) মৈরেয় সুরা অম্ল বা আসব (৩) সংযোগে বরুণাদি গণের বা মধুশিগ্রু বৃক্ষের চূর্ণ বা কষাম্ল সেবন করাইবে। শিগ্রু-মূলের জলে শ্বেত সর্ষপ সহযোগে অন্ন পাক করিয়া যব কোল (বদরী বিশেষ) ও কুলত্থের যষ সহযোগে ভোজন করাইবে। যথাসাধ্য পরিমাণে তিল্বক ঘৃত অথবা ত্রিবৃতাদিগণের ক্বাথে পাক করা ঘৃত প্রতিদিন প্রাতঃকালে সেবন করিবে। এ অবস্থায় অজীর্ণ না হয় তজ্জন্য বিশেষ যত্ন করিবে। যথাবিধি পর্য্যায়ক্রমে চিকিৎসা করিলেই যে নিতান্তই আরোগ্য হইবে এরূপ নিশ্চয় করা যায় না। অতএব প্রত্যাখ্যান পূর্ব্বক চিকিৎসা করিবে।

---

(১) যে দোষ-জন্য বিদ্রধি জন্মে, সেই দোষ যে সকল দ্রব্যে সাম্য হয় সেই সকল দ্রব্য বা তাহাদিগের চূর্ণ এস্থলে অভিপ্রেত।

* যে পার্শ্বে বিদ্রধি জন্মে সেই পার্শ্বের বাহুর শিরা বিদ্ধ করাই সঙ্গত।

(২) এই রোগে মুখ দিয়া বা মলদ্বার দিয়া পূয় নির্গত হয়।

(৩) সুরাবর্গের টীকা দ্রষ্টব্য।

মজ্জা-জাত বিদ্রধি রোগে, স্নেহ-স্বেদ রক্ত মোক্ষণ প্রভৃতি বিদ্রধি-বিহিত ক্রিয়া সমস্ত করিবে। পাকিয়া উঠিলে অস্থি পর্য্যন্ত ভেদ করিবে। পূয়াদি নিঃশেষে নির্গত হইলে ব্রণ সংশোধন করিবে। তিক্ত-ক্কাথে ব্রণ ধৌত করিয়া, তিক্ত ঘৃত তাহাতে প্রয়োগ করিবে। যদি মজ্জা নিঃসৃত হওয়া নিবৃত্ত না হয়, বুদ্ধিমান বৈদ্য সংশোধনীয় দ্রব্যের কষায় প্রভৃতি প্রয়োগ করিবে। প্রিয়ঙ্গু ধাতকী রোধ্র কটফল তিনিশ সৈন্ধব, এই সকল সহযোগে তৈল পাক করিবে। এই তৈলে বিদ্রধি-জন্য ব্রণ রোপন হয়।

সপ্তদশ অধ্যায়।

বিসর্প নাড়ীব্রণ ও স্তনরোগের চিকিৎসা।

নিদান-স্থানে প্রথম যে তিন প্রকার বিসর্প রোগ (১) বলা হই-হইয়াছে তাহারা সাধ্য। অবশিষ্ট দুই প্রকার, শোণিত-জন্য ও সন্নিপাত-জন্য বিসর্প-রোগ অসাধ্য। সাধ্য বিসর্প রোগ হইলে, যে দোষের জন্য বিসর্প রোগ জন্মে, সেই দোষ নিবারক সমস্ত দ্রব্য সংযোগে ঘৃত, পরিষেচন (ক্কাথ), ও লেপ প্রস্তুত করিয়া প্রয়োগ করিবে।

বায়ু-জন্য বিসর্প-রোগে, মুস্তা শতমূলী দেবদারু কুষ্ঠ ধান্যক শোভাঞ্জন বারাহী (চামর আলু), এবং উষ্ণগণ (১), পরিষেচনে আলাপনে ও ঘৃতাদি প্রস্তুত করণে প্রয়োজ্য। বৃহৎ পঞ্চমূলী, স্বল্প পঞ্চমূলী কণ্টকাখ্য ও বল্লী নামকগণ * সমস্ত লেপনে পরিষেচনে ও ঘৃতে প্রয়োগ করিবে।

(১) নিদান স্থানে বিসর্প-রোগের নিদান দ্রষ্টব্য।

(১) আরগ্বধাদি গণকে উষ্ণ গণ কহে। দ্বিব্রণীয় চিকিৎসা দ্রষ্টব্য।

* সূত্র স্থানে গণ বর্ণনায় দ্রষ্টব্য।

পিত্ত-জন্য বিসর্পরোগে, কসেরুক (কেশুর) শৃঙ্গাটক পদ্ম শর-বৃক্ষ শৈবাল উৎপল, এই সকলের কল্ক ও কর্দ্দম বস্ত্রে গালিত করিয়া, ঘৃত সংযোগে শীতল অবস্থাতে লেপে প্রয়োগ করিবে। বালা বেণামূল রক্ত চন্দন শ্রোতজ মুক্তা মণি ও গিরি-মৃত্তিকা, এই সকল দুগ্ধে পিষিয়া ঘৃত সংযোগ পূর্ব্বক অল্প পরিমাণে (অর্থাৎ পাতলা করিয়া) প্রলেপ দিলে যাতনার শান্তি হয়। প্রপৌণ্ডরীক (পুড়ুর বৃক্ষ) যষ্টিমধু ক্ষীর-কাকলী মঞ্জিষ্ঠা পদ্মকাষ্ঠ রক্তচন্দন ও রাস্না, এই সকল দ্রব্যের একত্র যোগে প্রলেপ ও পিত্তজন্য বিসর্পের যাতনা নিবৃত্ত হয়। ন্যগ্রোধাদি গণের ক্বাথে পরিষেচন, ও তাহাদিগের রসে ঘৃত পাক করিয়া প্রয়োগ করিবে। শীতল জল মধূদক বা শকরা-যুক্ত ইক্ষু-সর সেচন করিবে।

গৌর্য্যাদি ঘৃত।

ঘৃতকুমারী, যষ্টিমধু পদ্ম রোধ্র বালা রাজোদন (পিয়াল) গিরি-মৃত্তিকা ঋষভক (১) সারিবা অনন্ত-মূল, কাকোলী মেদ (২) কুমুদ উৎপল রক্তচন্দন মধু শর্করা দ্রাক্ষা স্থিরা শালপর্ণী পৃশ্নিপর্ণী (চাকুলিয়া) শতমূলী, জল সহযোগে পিষিয়া ইহাদিগের কল্‌ক প্রস্তুত করিবে। ন্যগ্রোধাদিগণ স্থিরাদি বিল্বাদি ও পঞ্চমূলী (বৃহৎ), ইহাদিগের ক্বাথ ঘৃতের চতুর্গুণ, এক প্রস্থ ঘৃতে পাক করিয়া, পরে তাহাতে পূর্ব্বোক্ত কল্‌ক পাক করিবে (৩)। এই ঘৃত পরিষেচন করিলে, পিত্ত-জন্য বিসর্প ও নাড়িব্রণ বিস্ফোট ও দুষ্টব্রণ আরোগ্য হয়, এবং পান করিলে শীর্ষ-রোগ ও মুখ-রোগ আরোগ্য হয়। ইহাতে বালকদিগের গ্রহ-জন্য রোগ ও শোষরোগেরও শান্তি হয়। ইহাকে গৌর্য্যাদি ঘৃত বলে।

---

(১) ঋষভক অভাবে বংশলোচন,
এবং (২), মেদাভাবে অশ্বগন্ধা গ্রহণ করিবে।

(৩) ঘৃতে বা তৈলে অগ্রে ক্বাথ পরে কল্‌ক পাক করিবে। কোন কোন বৈদ্য ইহার বিপরীতও করেন।

কফজন্য বিসর্প রোগে, অজগন্ধা (বাবুই বৃক্ষ) অশ্বগন্ধা সরলা (ত্রিবৃৎ) কালা (নীল বৃক্ষ) একৈষিকা (আকনাদ) অজশৃঙ্গী গোমূত্রে পিষিয়া লেপ দিবে। কালানুসার্য্য (পীত কাষ্ঠ) অগুরু চোচ রাস্না গুঞ্জা বচ শীতশীব (মৌরী) ইন্দ্রপর্ণী (লাঙ্গলা) পালিন্দী (শ্যামালতা) মুঞ্জাতক (১) ও ভূমিকদম্ব, কফ-জন্য বিসর্প-রোগে এই সকল দ্রব্যও উপকারী। সংশোধন পান আলেপন প্রভৃতি ক্রিয়াতে বরুণাদিগণ ব্যবহার করিবে। সংশোধন ও শোণিত মোক্ষণই বিসর্প-রোগের প্রধান চিকিৎসা। যে কোন দোষ-জন্য হউক পাকিয়া উঠিলে ব্রণের ন্যায় যথোক্ত বিধানে সংশোধিত করিয়া চিকিৎসা করিবে।

ত্রিদোষ-জন্য নাড়ী-ব্রণ হইলে আরোগ্য হয় না। অপর চারি-প্রকার নাড়ী-ব্রণ (২) যত্ন করিলে আরোগ্য হয়। বায়ু-জন্য নাড়ী-ব্রণ হইলে, প্রথমতঃ উপনাহ-স্বেদ প্রয়োগ করিবে। তদনন্তর পূয়ের গতি (অর্থাৎ শোষ বা নালীর মুখ) নিঃশেষে বিদারণ পূর্ব্বক, তিল ও অপামার্গের ফল একত্র পিষিয়া সৈন্ধব সংযোগে সেই স্থানে বন্ধন করিয়া দিবে। ব্রণ প্রক্ষালনের জন্য বৃহৎ পঞ্চমূলীর ক্বাথ প্রয়োগ করিবে। হিংস্রা (শ্বেত গুঞ্জা) হরিদ্রা কটুকী বলা গোজিহ্বা ও বিল্বমূল, এই সকল দ্রব্য একত্র যোগে ব্রণের শোধন পূরণ ও রোপণ ক্রিয়াতে প্রয়োগ করিবে।

পিত্ত-জন্য নাড়ী-ব্রণ রোগে, দুগ্ধ ও ঘৃত যোগে উৎকারিকা প্রস্তুত করিয়া (৩) উপনাহ স্বেদে প্রয়োগ করিবে। তদনন্তর শস্ত্র পাত পূর্ব্বক তিল নাগদন্তী ও যষ্টিমধুর কল্‌ক লেপে প্রয়োগ করিবে, সোম

(১) মুঞ্জার অভাবে তালের মেথী। নিত্যং মুঞ্জাতকাপ্রাপ্ত তাল মস্তক নির্যাত ইতি পরিভাষায়াং।

(২) অপর চারি প্রকার নাড়ী-ব্রণ নিদান স্থানে দ্রষ্টব্য।

(৩) পিত্ত-জন্য ব্রণে যে সকল দ্রব্যের লেপ দেওয়া যায়, তাহাই এখানে উৎকারিকা পাকে ব্যবহার্য্য।

নিম্ব ও হরিদ্রা সর্ব্বদা প্রক্ষালনে প্রয়োগ করিবে, এবং শ্যামা ত্রিভণ্ডী (শ্বেত ত্রিবৃৎ) ত্রিফলা হরিদ্রা ও বৃক্ষক (কুটজ) একত্র ঘৃত দুগ্ধ সংযোগে পূর্ব্বক তর্পণে প্রয়োগ করিবে।

কফ-জন্য নাড়ী ব্রণ হইলে, কুলত্থ ও শ্বেত সর্ষপের সক্তু এবং কিণ্ব, একত্র যোগে উপনাহ স্বেদ প্রদান করিয়া ব্রণ অগ্রে কোমল করিবে। পরে এষণীর দ্বারা পূয়ের গতি অনুসন্ধান করিয়া সমস্ত শোষ বা নালী-মুখ নিঃশেষে বিদীর্ণ করিয়া দিবে। তদনন্তর নিম্ব ও তিল পিষিয়া সৌরাষ্ট্র-মৃত্তিকা ও সৈন্ধব যোগে ব্রণে লেপ দিবে। করঞ্জ নিম্ব জাতী বিভীতক ও পীলু, ইহাদিগের রস ব্রণ প্রক্ষালনে প্রয়োগ করিবে। স্বর্জিকা ক্ষার, সৈন্ধব চিত্রক দন্তী তালী (তাল-ঝাঁড়া বা তালের বাকড়া) নল অর্ক এবং অপমার্গের ফল, গোমূত্র সংযোগে ইহাদিগের তৈল প্রস্তুত করিবে।

শল্য-জন্য নাড়ী ব্রণ জন্মিলে, ব্রণ বিদীর্ণ করিয়া শল্য বাহির করিবে। তদনন্তর ব্রণ সংশোধন পূর্ব্বক প্রচুর পরিমাণে ঘৃত-মধু সহযোগে তিল-কল্ক প্রয়োগ করিয়া ব্রণ রোপণ করিবে। দন্তী খর্জ্জুর কপিত্থ বিল্ব ও বনস্পতি বর্গের (১) অপক্ক ফল, ইহাদিগের কষায়ে তৈল পাক করিয়া তাহাতে মুস্তা সরলা (শ্বেত ত্রিবৃৎ) প্রিয়ঙ্গু, গন্ধক, মোচরস (স্বনাম খ্যাত) অহিপুষ্প রোধ্র ও ধাতকী-পুষ্প, এই সকলের চূর্ণ প্রক্ষেপ করিবে। এই তৈলে শল্য-জন্য নাড়ী-ব্রণ শীঘ্র পূরিয়া উঠে।

কৃশ দুর্ব্বল ও ভীরু ব্যক্তির মর্ম্মস্থানে নাড়ী-ব্রণ হইলে শস্ত্র পাত না করিয়া ক্ষারসূত্রে ছেদন করিবে। এষণীর দ্বারা সকল নালীমুখ অনুসন্ধান করিবে। সূচিতে ক্ষার-সূত্র বদ্ধ করিয়া নালীমুখে প্রবিষ্ট পূর্ব্বক নালীর অন্ত-ভাগে সঞ্চালন করিয়া বাহির করিবে। পরে

(১) যাহাদিগের পুষ্প না হইয়া এক কালে ফল হয় তাহাদিগকে বনস্পতি বলে।

ক্ষার সূত্রের দুই মুখে গাঢ় করিয়া বন্ধন করিবে। ক্ষার তীক্ষ্ণ না হইলে আর একটি ক্ষার সূত্র নালীমধ্যে প্রবিষ্ট করিবে। ভগন্দরেও এই রূপ কার্য্য করিবে। অর্ব্বুদাদির স্থানে অর্ব্বুদ উৎক্ষেপণ পূর্ব্বক তাহার মূলে মূত্র সেচন করিবে অথবা যবমুখ সূচির দ্বারা চারিদিক বিদ্ধ করিয়া তাহার মূলে ক্ষার-সূত্র বন্ধন করিবে। ছিন্ন হইলে ব্রণের চিকিৎসা করিবে।

দ্বিব্রণীয় চিকিৎসায় যে সকল বর্ত্তির প্রকরণ বলা হইয়াছে সেই সকল বর্ত্তি নাড়ীব্রণে প্রয়োগ করিবে। পূগফল গুড়ত্বক, লবণ ও লাক্ষা ইহাদিগের একত্র যোগে কল্ক, অথবা পূগফল লবণ তেজপত্র স্নূহী ও অর্ক দুগ্ধে পিষিয়া সেই কল্কে বর্ত্তি নির্ম্মাণ করিবে। ইহাতে নাড়ী-ব্রণ শীঘ্র আরোগ্য হয়। বিভীতক আম্রের অস্থি বটাঙ্কুর হরেণু শঙ্খিনী-বীজ ও বারাহীকন্দ (চামর আলু) এই সকল যোগে তৈল প্রস্তুত করিয়া নাড়ী-ব্রণে প্রয়োগ করিবে।

ধুস্তুর মদন [ময়না] কোদ্রব (কোদো ধান্য) ইহাদিগের বীজ, কোশাতকী শোনাবৃক্ষ, মৃগাদনী (রাখাল শশা) অঙ্কোটের বীজ ও পুষ্প, এবং লাক্ষা ও উদক-সঞ্চিত-মল, এই সকলের চূর্ণ তৈল সংযোগে প্রয়োগ করিলে নাড়ী-ব্রণ আরোগ্য হয়। এই সকল চূর্ণ প্রক্ষেপ পূর্ব্বক মূত্র সহযোগে তৈল পাক করিয়া প্রয়োগ করিলে সপ্তাহের মধ্যেই নালী ব্রণ আরোগ্য হয়। পিণ্ডীতকের (ময়না) মূল বারাহী-রসে (চামর আলুর) ভাবিত করিয়া তাহার চূর্ণ, ও সুবহার (বড় গোয়ালীয়া লতার) কন্দের চূর্ণ, এই দুই চূর্ণ যোগে তৈল প্রস্তুত করিয়া প্রয়োগ করিলে নালী-ব্রণ আরোগ্য হয়।

ভৃঙ্গ-রাজের রসে তৈল পাক করিয়া, তাহাতে বারাহীকন্দ (চামর আলু) ভল্লাতক অর্ক মরিচ সৈন্ধব লবণ বিড়ঙ্গ হরিদ্রা দারু-হরিদ্রা ও চিত্রক, এই সকলের চূর্ণ প্রক্ষেপ করিবে। এই তৈল প্রয়োগ করিলে নাড়ী-ব্রণ শীঘ্র আরোগ্য হয়।

স্তন-গত রোগে, ধাত্রীকে ঘৃত পান করাইয়া রাখিবে। অপরাহ্ন কালে মধু ও গজ-পিপ্‌পিলী যোগে নিম্বোদক পান করাইয়া বমন করাইবে। পর দিবস প্রাতঃকালে মুদ্গ-যূষ সহযোগে অন্ন ভোজন করাইবে। এই রূপে তিন চারি বা ছয় দিবস বমন করাইবে। অথবা ত্রিফলা সহযোগে ঘৃত পান করাইবে। অথবা ভার্গী বচ অতিবিষা (আতইচ) দেবদারু পাঠা মুস্তা মুর্ব্বা কাঁকড়া-শৃঙ্গী কটুকী ও ধাত্রী, দুগ্ধ সহযোগে এই সকল পান করাইবে। শোধনার্থ আরগ্বধাদির কষায় মধু সংযোগে পান করাইবে। সামান্যতঃ এই সকল যোগ বলা হইল। স্তন্য-দুগ্ধে যদি কোন দোষ জন্মে, দোষ অনুসারে তাহার প্রতীকার করিবে। স্তনে কোন প্রকার রোগ জন্মিলে, বিদ্রধী চিকিৎসায় যে সকল ঔষধ বলা হইয়াছে তাহাই বিবেচনা পূর্ব্বক প্রয়োগ করিবে। স্তন পাকিতে আরম্ভ হইলেও উপনাহ প্রয়োগ না করিয়া ঔষধ ভক্ষণ করাইয়া পাকাইতে যত্ন করিবে। কারণ স্তন অতি কোমল মাংস-বিশিষ্ট, বন্ধন করিলে তাহাতে কোথ (পচিয়া যাওয়া) উপস্থিত হইয়া অবদীর্ণ হইয়া যায়। পাকিয়া উঠিলে দুগ্ধ-বাহিনী শীরা ও চুচুক (স্তনাগ্র-স্থিত কৃষ্ণবর্ণ স্থান) পরিত্যাগ পূর্ব্বক শস্ত্রপাত করিবে। স্তনে অপক্ক অবস্থায় দাহ থাকিলে, অথবা পাকিয়া উঠিলে, দহন করা কর্ত্তব্য।

গ্রন্থি অপচী অর্ব্বুদ ও গলগণ্ডের চিকিৎসা।

গ্রন্থি রোগের অপক্ক অবস্থায় শোফের ন্যায় প্রতীকার করিবে। শরীরের বল থাকিলে রোগ প্রবল হইতে পারে না, অতএব রোগীর বল সর্ব্বদা রক্ষা করিবে। তৈল বা ঘৃত অথবা উভয়ই পান করিবে, কিম্বা বসা সহযোগে ত্রিবৃৎ সেবন করিবে।

বায়ু-জন্য গ্রন্থিরোগে দশমূলের ক্বাথে বা চতুঃ স্নেহ (১) অথবা দুই প্রকার স্নেহ সেবন করিবে। এবং হিংস্রা (শ্বেত গুঞ্জার মূল)

(১) ঘৃত, তৈল, বসা, মজ্জা, এই চতুঃস্নেহ।

অমৃত (আমলকী) রোহিণী (হরীতকী) ভার্গী শ্যোনাক (শোনা-ছাল) বিল্ব অগুরু শোভাঞ্জন, গোজিহ্বা তালমূলী, এই সকল দ্রব্যের প্রলেপ প্রয়োগ করিবে। উপনাহ-স্বেদ ও বায়ু-নাশক অপরাপর প্রলেপও প্রয়োগ করিবে। অথবা বিদীর্ণ করিয়া পূয় নির্গত করিবে; এবং বিল্ব অর্ক ও রাজ বৃক্ষের ক্বাথে প্রক্ষালন পূর্ব্বক সৈন্ধব সংযুক্ত পঞ্চাঙ্গুলের (গাব ভেরেণ্ডা) পত্র ও তিল লেপনে প্রয়োগ করিয়া সংশোধন করিবে। সংশোধিত হইলে, শুক্ল ত্রিবৃৎ সংযোগে তৈল প্রস্তুত করিয়া ব্রণ পূরণ করিবে।

পিত্ত-জন্য গ্রন্থি রোগে বিড়ঙ্গ যষ্টিমধু ও গুলঞ্চের ক্বাথ দুগ্ধ সহযোগে সেবন করিবে; জলৌকার দ্বারা রক্ত মোক্ষণ করাইবে, এবং ক্ষীরোদক সেচন করিবে। কাকোল্যাদি বর্গের শীতল ক্বাথ শর্করা সহযোগে পান করিবে; দ্রাক্ষারস অথবা ইক্ষুরস সহযোগে হরীতকীর চূর্ণ পান করিবে। যষ্টিমধু জম্বু অর্জ্জুন ও বেতস, এই সকলের ত্বকে প্রদেহ প্রস্তুত করিয়া প্রয়োগ করিবে। অথবা মুচুকুন্দ বৃক্ষের তৃণ-শূন্য কন্দ পিষিয়া সর্ব্বদা লেপন করিবে। পাকিয়া উঠিলে বিদীর্ণ করিয়া পূয় নিঃসরণ পূর্ব্বক বনস্পতির ক্বাথে ধৌত করিবে। যষ্টিমধু-সহযোগে তিলের কল্ক লেপন পূর্ব্বক ব্রণ সংশোধন করিয়া, তাহাতে কাকোল্যাদি-গণ সহ পাক করা ঘৃত প্রয়োগ করিবে।

শ্লেষ্মা-জন্য গ্রন্থি রোগে বমন. বিরেচন করাইয়া গ্রন্থিতে স্বেদ প্রয়োগ করিবে। তদনন্তর অঙ্গুষ্ঠ লৌহ উপলখণ্ড বা বেণুদণ্ডের দ্বারা মর্দ্দন করিয়া বিম্লাপিত করিবে (বসাইয়া দিবে)। পরে বিকঙ্কত (বৈঁচি বৃক্ষ) আরগ্বধ, গুঞ্জামূল শ্বেত গুঞ্জারমূল কটুতুম্বী (তিত লাউ) অর্ক ভার্গী করঞ্জ, কালা (কেলে কুড়া) ও মদন বৃক্ষ (ময়না) লেপনে প্রয়োগ করিবে। মর্ম্মস্থান ব্যতীত অন্যস্থানে জন্মিয়া বসিয়া না গেলে, অপক্ক অবস্থাতেই বিদীর্ণ করিয়া তাহার আভ্যন্তরিক পদার্থ নির্গত করিবে।

রক্ত-জন্য গ্রন্থি দগ্ধ করিয়া সদ্যব্রণের বিধানানুসারে প্রতিকার করিবে। মাংস-কন্দী উন্নত বৃহৎ গ্রন্থী হইলে এই রূপ প্রতিকার করিবে, অথবা পাকিয়া উঠিলে ছেদন করিয়া পথ্যতম (হিতকর) কষায়ে প্রক্ষালিত করিবে। প্রচুর ক্ষার ও ঘৃত মধু সংযোগে ঘনীভূত সংশোধনী দ্রব্যের দ্বারা সংশোধন করিবে। পরে বিড়ঙ্গ পাঠা ও হরিদ্রা সংযোগে তৈল পাক করিয়া তাহাতে প্রয়োগ করিবে।

মেদ-জন্য গ্রন্থি রোগে তিল কল্ক লেপন করিয়া তাহার উপরি দ্বিগুণিত ভাবে বস্ত্রখণ্ড বেষ্টন করিবে। অগ্নিতপ্ত লৌহের দ্বারা পুনঃ পুনঃ মার্জ্জন করিয়া দগ্ধ করাও হিতকর। অথবা দারুহরিদ্রা লেপন করিয়া প্রতপ্ত লাক্ষার দ্বারা স্বেদ দিবে। শস্ত্রের দ্বারা ছেদন পূর্ব্বক আভ্যন্তরিক মেদ নিঃসারিত করিয়া দগ্ধ করিবে। অথবা পাকিয়া উঠিলে বিদীর্ণ করিয়া মূত্রের দ্বারা প্রক্ষালিত করিবে। পরে পিষ্ট তিল ও স্বর্জীকা ক্ষার প্রভৃতি (১) লবণ ও হরিতাল একত্র মিশ্রিত করিয়া ঘৃত মধু সহযোগে গাঢ় করিয়া সংশোধনার্থ প্রয়োগ করিবে। সংশোধিত হইলে দুই প্রকার করঞ্জ (নাটা করঞ্জ ও ডর করঞ্জ) গুঞ্জা বংশ-নীল ইঙ্গুদী এই সকল ও গোমূত্র একত্র যোগে তৈল পাক করিয়া তাহাতে প্রয়োগ করিবে।

জীমূতক (ঘোষালতা) কোশবতী (ঝিঙ্গে) দন্তী দ্রবন্তী (মূষিক-পর্ণী) ও ত্রিবৃৎ এই সকল একত্র সহযোগে ঘৃত পাক করিয়া পান ও লেপনে প্রয়োগ করিলে অতি বৃহৎ অপচীও নিবৃত্ত হয়।

নিগুণ্ডী (নীল শেফালিকা) জাতী বরিহিষ্ঠ এবং জীমূতক (লবণ) প্রচুর পরিমাণে সৈন্ধব ও মাক্ষিক সংযোগে পান করিয়া নিঃশেষে বমন করিবে। ইহাতে দুষ্ট অপচীর শান্তি হয়। কৈটর্য্য (কটফল) বিম্বী ও করবীর এই সকল একত্র যোগে তৈল পাক করিয়া শিরোবিরেচনে প্রয়োগ করা হিতকর। মধুকসার (মৌল-

[১] সর্জিকা ক্ষার প্রভৃতি অন্যান্য ক্ষার ক্ষারবর্গে দ্রষ্টব্য।

কাষ্ঠ), অথবা শিগ্রু ফল অথবা অপামার্গের মঞ্জরী অবপীড়নে প্রয়োগ করিবে। শাখোটকের (শ্যাওড়া) রসে তৈল পাক করিয়া নস্যে ও বিরেচনে প্রয়োগ করিবে।

মর্ম্মস্থান ভিন্ন অন্যস্থানে গ্রন্থি জন্মিলে, অপক্ক অবস্থাতেই শস্ত্রের দ্বারা উদ্ধৃত করিয়া অগ্নি প্রয়োগ করিবে। অথবা পদের পার্ষ্ণি দেশে ইন্দ্রবস্তি নামক মর্ম্ম পরিত্যাগ পূর্ব্বক উভয় দিকে দ্বাদশাঙ্গুল পরিমিত স্থান বিদীর্ণ করিয়া মৎস্যের অণ্ডের ন্যায় পদার্থ সমস্ত নির্গত করিবে ও পরে অগ্নির দ্বারা দগ্ধ করিবে। অথবা শস্ত্রের দ্বারা গ্রন্থি উদ্ধৃত করিয়া ক্ষার প্রয়োগ করিবে; অথবা মণিবন্ধের উপরিভাগে দগ্ধ করিয়া, প্রত্যেকে এক অঙ্গুল অন্তর, এরূপ তিনটী রেখা করিবে। ইহাতে অপচী রোগ আরোগ্য হয়। প্রচলাক (ময়ূর) কাক গোধা সর্প কূর্ম্ম, ইহাদিগের চর্ম্ম, দগ্ধ করিয়া ইঙ্গুদী তৈলের সহিত প্রয়োগ করিবে। বিরেচন ও ধূম প্রয়োগ করিবে এবং যব ও মুদ্গ ভোজন করিবে।

বায়ু-জন্য অর্ব্বুদ রোগে, বিরেচন ও ধূম প্রয়োগ করিবে, এবং যব ও মুদ্গ ভোজন করিবে, এবং কর্ক্কারুক (কাঁকুড় বৃক্ষ) এর্ব্বারুক (তরমুজ বৃক্ষ) নারিকেল পিয়াল এরণ্ডবীজ-চূর্ণ দুগ্ধ ঘৃত জল, এই সকল একত্র সিদ্ধ করিয়া, উষ্ণ থাকিতে তৈল সহযোগে উপনাহ স্বেদ প্রদান করিবে। বেসবার সহযোগে মাংস পাক করিয়া, তদ্দ্বারা নাড়ী-স্বেদ প্রদান করিবে। শৃঙ্গের দ্বারা পুনঃ পুনঃ রক্ত মোক্ষণ করিবে। বাতঘ্ন ঔষধের ক্কাথ দুগ্ধ ও অম্ল রস, এই সকল সহযোগে শতমূলী ও ত্রিবৃৎ সিদ্ধ করিয়া পান করিবে।

পিত্ত-জন্য অর্ব্বুদ রোগে, মৃদু স্বেদ ও উপনাহ প্রয়োগ করিবে, এবং হরীতকীর দ্বারা বিরেচন করাইবে। অর্ব্বুদ ঘর্ষণ করিয়া উড়ুম্বর শাক (সেগুণ) গোজিয়া পত্র, মধু সংযোগে ইহাদিগের লেপ প্রয়োগ করিবে। সর্জরস প্রিয়ঙ্গু রক্ত চন্দন রোধ্র রসাঞ্জন যষ্টিমধু,

গুলঞ্চ কৃষ্ণত্রিবৃৎ এই সকল দ্রব্যের সূক্ষ্ম চূর্ণ লেপে প্রয়োগ করিবে। কৃষ্ণত্রিবৃৎ শিলা-জতু দ্রাক্ষা ও সপ্তলিকা, ইহাদিগের রসে যষ্টিমধু সহযোগে ঘৃত পাক করিয়া পিত্তজন্য অর্ব্বুদ বা পিত্তজন্য জঠর রোগে পান করাইবে।

কফ-জন্য অর্ব্বুদ রোগে, বমন বিরেচনের দ্বারা সংশোধন করিয়া রক্ত মোক্ষণ করিবে। তদনন্তর যে সকল দ্রব্যে ঊর্দ্ধ অধোভাগের দোষ (১) সংশোধিত হয় সেই সকল দ্রব্যের কল্ক তাহাতে লেপে প্রয়োগ করিবে। অথবা কাংস্য-নীল ও বিষ লাঙ্গলী গ্রন্থপর্ণী কাকাদনীর (কেলেকড়ার) মূল, কপোত ও পারাবতের মূল সহ মিশ্রিত করিয়া এবং তাহাতে ক্ষার বা মূত্র সেচন করিয়া প্রদেহে প্রয়োগ করিবে। নির্ম্মল তিলকল্ক কুলথ ও প্রচুর পরিমাণে মাংস একত্র দধিমস্তু সহযোগে প্রয়োগ করিবে। এই লেপে কৃমি ও মক্ষিকা সমস্ত মূর্চ্ছিত হয়। অল্প অবশিষ্ট ব্রণে কৃমি জন্মিলে লেখন করিয়া অগ্নি প্রয়োগ করিবে। অল্প মূল বিশিষ্ট অর্ব্বুদ হইলে তাহা ত্রপু (রাঙ্) তাম্র সীসা বা লোহার পাতের দ্বারা বেষ্টন করিয়া ক্ষার বা অগ্নি পুনঃ পুনঃ প্রয়োগ করিবে। এ রূপে প্রয়োগ করিবে যেন হানি না হয়। অর্ক জাতি ও করবীর, ইহাদিগের ক্বাথে ব্রণ সংশোধিত হইলে, ভার্গী বিড়ঙ্গ পাঠা ও ত্রিফলা সহযোগে তৈল পাক করিয়া প্রয়োগ করিবে। অর্ব্বুদ আপনা হইতে পাকিয়া উঠিলে, ব্রণ পাকিলে যে রূপ চিকিৎসা করিতে হয় সেই প্রণালীতে চিকিৎসা করিবে।"

মেদ-জন্য অর্ব্বুদ রোগে স্বেদ প্রয়োগ করিবে, পরে বিদীর্ণ পূর্ব্বক ব্রণ সংশোধন করিয়া (২) রক্ত নিঃসরণ স্থগিত হইলে সীবন করিবে।

(১) সূত্রস্থানে শোধনীয় ও শমনী বর্গ দেখ।

(২) ব্রণ শোধনের প্রণালী দ্বিব্রণীয় চিকিৎসাতে বলা হইয়াছে ও পরে ব্রণ চিকিৎসায় বলা যাইবে।

তদনন্তর হরিদ্রা গৃহমধু রোধ্র রক্তচন্দন মনঃশিলা হরিতাল ইহাদিগের চূর্ণ মধু সহযোগে গাঢ় করিয়া প্রলেপ দিবে। সংশোধিত হইলে করঞ্জ তৈল প্রয়োগ করিবে। অর্ব্বুদে কিছুমাত্র দোষ অবশিষ্ট থাকিলে পুনর্ব্বার অর্ব্বুদ উৎপত্তি হয়। অতএব সমূলে সমুদ্ধৃত করিয়া নিঃশেষে দোষের প্রতিকার করিবে।

বায়ু-জন্য গলগণ্ড রোগে, মূত্র সংযোগে বিবিধ প্রকার অম্লরস, উষ্ণ দুগ্ধ বা তৈল সংযোগে মাংস বা পলাশী লতার রস, ইহাদিগের দ্বারা প্রথমতঃ নাড়ী স্বেদ প্রয়োগ করিবে। পরে, বিস্রাবিত করিয়া নিয়ত স্বেদ প্রয়োগ করিবে। তদনন্তর ব্রণ সংশোধিত হইলে, শণ-বীজ তিশি মূলক শিগ্রু সুরাবীজ ও পিয়ালের মজ্জা, এই সকল দ্রব্য তিল সহযোগে তাহাতে বন্ধন করিবে। কালা (নীল বৃক্ষ) অমৃতা শিগ্রু পুনর্ণবা অর্ক চক্রমর্দ্দ মদন বৃক্ষ একৈষিকা (বক বৃক্ষ) বৃক্ষক (খদির) তিলক (রোধ্র) কুষ্ঠ, এই সকল দ্রব্য সুরাম্ল * সহযোগে পিষিয়া প্রদেহে প্রয়োগ করিবে। গুলঞ্চ নিম্ব হংসপদী বৃক্ষক পিপ্-পলী বলা (বেড়েলা) অতিবলা (পীত বেড়েলা) ও দেবদারু, এই সকল সহযোগে তৈল পাক করিয়া নিত্য পান করিবে, ইহা গলগণ্ড রোগে হিতকর।

কফ-জন্য গলগণ্ড রোগে স্বেদ প্রয়োগ করিয়া, শস্ত্র পাত পূর্ব্বক স্রাবিত করিবে। তদনন্তর অজগন্ধা অতিবিষা গুলঞ্চ অজশৃঙ্গী কুষ্ঠ শুক (গেঁঠেলা) ও গুঞ্জা, পলাশের ক্ষারের উষ্ণ জলে পিষিয়া প্রয়োগ করিবে। মাগধিকা (গজ পিপ্পলী) প্রভৃতি সহযোগে তৈল পাক করিয়া তাহাতে পঞ্চ লবণ প্রক্ষেপ করিবে। এই তৈল বমন বিরে-চন নস্য ও শিরো বিরেচনে প্রয়োগ করা গলগণ্ড রোগে হিতকর। সকল প্রকার ভক্ষ্যদ্রব্য, মুদ্গারস ও যবান্ন ত্রিকটু মধু ও মূত্র সহযোগে

* সূত্রস্থানে সুরা বর্গ দ্রষ্টব্য।

ভক্ষণ করা, এবং শৃঙ্গবের সহযোগে পটোল নিম্ব সেবন করা গলগণ্ড রোগের পক্ষে হিতকর।

স্নিগ্ধ-শরীর-বিশিষ্ট ব্যক্তির মেদ-জন্য গলগণ্ড রোগে যথা বিধান ক্রমে শিরা বিদ্ধ করিবে (১) শ্যামালতা সুধা (কলিচুণ), লোহ-মল দন্তী ও রসাঞ্জন, এই সকল একত্র যোগে প্রদেহে প্রয়োগ কর্ত্তব্য। সাল-বৃক্ষের সার মূত্র সহ আলোড়িত করিয়া পান করিবে। অথবা শস্ত্রের দ্বারা বিদীর্ণ করিয়া অন্তরস্থ মেদ সমস্ত নিঃসরণ করিবে। মজ্জা ঘৃত বসা অথবা মধু সহযোগে দগ্ধ করিবে। দগ্ধ করিয়া তাহাতে ঘৃত মধু প্রয়োগ করিবে। কাসীস (হিরাকস) ও তুথ (তুতে) চূর্ণ করিয়া গোরোচনা সহযোগে গলগণ্ডে প্রয়োগ করিবে। তৈল অভ্যক্ত করিয়া কাষ্ঠের সার জাত অথবা গোময়-জাত ভস্ম তাহাতে প্রয়োগ করিবে। প্রতিদিন ত্রিফলা কষায় পান করা, গাঢ় বন্ধন করা, ও যব ভোজন করা, হিতকর।

একোনবিংশতি অধ্যায়।

বৃদ্ধি উপদংশ ও শ্লীপদের চিকিৎসা।

অন্ত্র বৃদ্ধি ব্যতিরেকে যে অপর ছয় প্রকার বৃদ্ধি রোগ আছে, তাহাতে অশ্ব প্রভৃতি যানে আরোহণ, ব্যায়াম, মৈথুন মল মূত্রাদির বেগধারণ, অত্যাসন (২) ভ্রমণ উপবাস, এই সকল পরিত্যাগ করিবে।

বায়ু-জন্য যে দুইপ্রকার বৃদ্ধি রোগ জন্মে, তাহাতে প্রথমতঃ রোগীকে ত্রিবৃতাদি ঘৃত বা তৈলের দ্বারা স্নিগ্ধ করিয়া স্বেদ প্রয়োগ

---

(১) যে রোগে যে স্থানে শিরা বিদ্ধ করিতে হইবে তাহা শারীর স্থানে শিরা বিদ্ধ প্রকরণ দ্রষ্টব্য।

[২] বিপরীত ভাবে উপবেশন করা।

পূর্ব্বক যথা বিধান মতে বিরেচন পান করাইবে। অথবা কোশাম্র তিল্বক ও এরণ্ড তৈল একত্র যোগে পান করাইবে, বা এক মাস কাল দুগ্ধ যোগে পান করাইবে। তদনন্তর বাতঘ্ন ঔষধের কাথ বা কল্কের নিরূঢ় বস্তি প্রয়োগ করিবে। নিরূঢ় বস্তি প্রয়োগ করিয়া মাংসরস ও অন্ন ভোজন করাইবে। পরে যষ্টিমধু সহযোগে তৈল পাক করিয়া বৃদ্ধি স্থানে প্রয়োগ করিবে এবং স্নেহ দ্বারা স্বেদ ও বাতঘ্ন প্রদেহ প্রয়োগ করিবে। অথবা কোশের সেবনীর স্থান পরিত্যাগ পূর্ব্বক দগ্ধ করিয়া পাকাইবে। পাকিয়া উঠিলে শস্ত্রের দ্বারা ভেদ করিয়া যথাবিধি ক্রমে সংশোধন ও রোপণ করিবে।

পিত্ত-জন্য বৃদ্ধি রোগে, অপক্ক অবস্থায় পিত্ত-জন্য গ্রন্থি রোগের ন্যায় প্রতিকার করিবে। পাকিয়া উঠিলে শস্ত্রের দ্বারা ভেদ করিয়া ঘৃত মধুর দ্বারা সংশোধন করিবে। সংশোধিত হইলে রোপণীয় তৈল ও কল্কের দ্বারা রোপণ করিবে।

রক্ত-জন্য বৃদ্ধি রোগে জলৌকার দ্বারা রক্ত মোক্ষণ করিবে, ঘৃত মধু সংযোগে বিরেচন পান করিবে। এবং অপক ও পক্ক উভয় অবস্থাতে পিত্ত-বৃদ্ধি জন্য রোগের বিধানক্রমে প্রতীকার করিবে।

কফ-জন্য বৃদ্ধি রোগে গোমূত্রে পিষ্ট প্রলেপ (১) উষ্ণ করিয়া প্রয়োগ করিবে, দেবদারুর কষায় মূত্র সহযোগে পান করিবে, এবং কফ-জন্য গ্রন্থি রোগে যে সকল প্রতীকার কথিত হইয়াছে, বিম্লাপন ব্যতিরেকে তাহার অপর সমস্ত প্রতীকার এ স্থলেও প্রয়োগ করিবে। পাকিয়া উঠিলে শস্ত্রের দ্বারা ভেদ করিয়া, জাতী ভল্লাতক অঙ্কোট ও সপ্তপর্ণ, এই সকল সহযোগে তৈল প্রস্তুত করিয়া শোধনার্থ প্রয়োগ করিবে।

মেদ-জন্য বৃদ্ধি রোগে, অগ্রে স্বেদ প্রয়োগ করিয়া সুরসাদি গণস্থ

---

[১] কফজন্য গ্রন্থি রোগের প্রলেপ এস্থলে প্রয়োজ্য।

দ্রব্য অথবা শিরো-বিরেচক দ্রব্য [১] মূত্রে পিষিয়া ঈষদুষ্ণ করিয়া প্রলেপ দিবে। বর্দ্ধিত কোশে পূর্ব্বোক্ত মতে স্বেদ প্রয়োগ করিয়া পট্টের দ্বারা তাহা বেষ্টন করিবে। পরে রোগীকে আশ্বাসিত করিয়া উভয় কোশের মধ্যস্থিত সেবনীর অন্তরস্থ ফলদ্বয় পরিহার পূর্ব্বক বৃদ্ধি-পত্র নামক শস্ত্রের দ্বারা দারণ করিবে। তাহা হইতে মেদ সমস্ত নিঃসা-রিত করিয়া কাসীস (হিরেকস) ও সৈন্ধব প্রয়োগ পূর্ব্বক যথাবিধি ক্রমে বন্ধন করিবে। সংশোধিত হইলে মনঃশিলা হরিতাল লবণ ও ভল্লাতক একত্র যোগে তৈল পাক করিয়া ব্রণ রোপণে প্রয়োগ করিবে।

মূত্র-জন্য কোশ বৃদ্ধি হইলে, অগ্রে স্বেদ প্রয়োগ করিয়া বস্ত্র পট্টের দ্বারা বেষ্টন করিবে। তদনন্তর কোশের অধোভাগে সেবনীর পার্শ্বে ব্রীহিমুখ শস্ত্রের দ্বারা বিদ্ধ করিবে ও সেই সেই বিদ্ধ মুখে দ্বিমুখ শলাকা প্রবিষ্ট করিয়া সঞ্চিত জল স্রাবিত করিবে। তদনন্তর স্থগিকা নামক বন্ধন প্রয়োগ পূর্ব্বক শোধন ও রোপণ করিবে।

অন্ত্রি-জন্য রোগ হইলে অন্ত্রি বৃদ্ধি হইয়া যাবৎ কোশ মধ্যে প্রবিষ্ট না হয়, তাবৎ বায়ু বৃদ্ধি হইলে যে রূপ প্রতীকার করা যায় তাহাই কর্ত্তব্য। অন্ত্রি বৃদ্ধি হইয়া বঙ্ক্ষণ দেশ আশ্রয় করিলে অর্দ্ধচন্দ্র মুখ শলাকার দ্বারা দগ্ধ করিবে। তাহা হইলে অন্ত্রি বৃদ্ধি হইয়া আর কোশ মধ্যেপ্রবেশ করিতে পারে না। অন্ত্রি বৃদ্ধি পাইয়া কোশ মধ্যে প্রবেশ পূর্ব্বক কোষ বৃদ্ধি করিলে তাহা আরোগ্য হয় না। দক্ষিণ অথবা বাম যে ভাগের কোষ বৃদ্ধি হয় তাহার বিপরীত ভাগের বৃদ্ধাঙ্গুষ্ঠের মধ্যস্থিত ত্বক ভেদ করিয়া দগ্ধ করিবে বায়ু-জন্য ও শ্লেষ্মা-জন্য বৃদ্ধি রোগ এই বিধানে নিবৃত্তি হয়। এই দুই প্রকার বৃদ্ধি রোগে স্নায়ুচ্ছেদ করা সমধিক হিতকর। অন্ত্র বৃদ্ধি রোগের শান্তির জন্য শঙ্খদেশের উপরিভাগে ও কর্ণের অন্তভাগে শিরা বিদ্ধ করিবে।

[১] সূত্রস্থানে শোধনী শমনী অধ্যায় দেখ।

উপদংশ রোগ সাধ্য হইলে (১), স্নেহ ও স্বেদ প্রয়োগ করিয়া মেঢ্র মধ্যস্থ শিরা বিদ্ধ করিবে, অথবা জলৌকার দ্বারা রক্ত মোক্ষণ করিবে। বমন বিরেচনের দ্বারা দেহের অধ ও উর্দ্ধ ভাগস্থ দোষ সমস্ত হরণ করিবে। রোগীর দৌর্ব্বল্য প্রযুক্ত বিরেচন প্রয়োগ করিতে না পারিলে নিরূঢ় বস্তি প্রয়োগ করিবে। শরীরস্থ দোষ অপহৃত হওন মাত্রেই বেদনা ও শোফের শান্তি হয়। তদনন্তর উপদংশ রোগ বায়ু-জন্য হইলে প্রপৌণ্ডরীক যষ্টিমধু পুনর্ণবা কুষ্ঠ দেবদারু সরল কাষ্ঠ অগুরু রাস্না, এই সকল দ্রব্য প্রলেপে প্রয়োগ করিবে। এরণ্ড বীজ, যব ও গোধূমের সক্তু ও নিচুল [হিজল] ঘৃত সংযোগে ইহাদিগের প্রলেপ ঈষদুষ্ণ থাকিতে প্রয়োগ করিবে। এবং পূর্ব্বোক্ত প্রপৌণ্ডরীক প্রভৃতি দ্রব্যের ক্বাথ পরিষেচনে প্রয়োগ করিবে।

পিত্ত-জন্য উপদংশ রোগে, গিরিমৃত্তিকা রসাঞ্জন যষ্টিমধু সারিবা বেনামূল পদ্মকাষ্ঠ চন্দন উৎপল, এই সকল একত্র যোগে প্রলেপ স্নেহ-যুক্ত করিয়া প্রয়োগ করিবে। অথবা পদ্মের ও উৎপলের মৃণাল সাল অর্জ্জুন বেতস ও যষ্টিমধু এই সকলের প্রলেপও স্নেহযুক্ত করিয়া প্রয়োগ করিবে। ঘৃত দুগ্ধ শর্করা ইক্ষু মধু ও জল, অথবা ন্যগ্রোধাদি গণের শীতল কষায় পরিষেচন করিবে।

কফ-জন্য উপদংশ রোগে, শাল লতাশাল অসন ও ধব, ইহাদিগের ত্বক্ সুরা সহযোগে পিষিয়া, তৈল সংযোগ পূর্ব্বক উষ্ণ করিয়া প্রলেপে প্রয়োগ করিবে। অথবা হরিদ্রা অতিবিষা মুস্তা সরলকাষ্ঠ, দেবদারু তেজপত্র পাঠা পতূর (শালিঞ্চা শাক), এই সকল একত্র যোগে প্রলেপ দিবে। সুরসাদি গণের ও আরগ্বধাদি গণের ক্বাথ পরিষেচন করিবে। এইরূপে সংশোধন আলেপন পরিষেচন ও শোণিত মোক্ষণ প্রভৃতি পূর্ব্বোক্ত মতে সকল প্রকার প্রতীকার করিবে। যাহাতে

(১) উপদংশ—যাহাকে সচরাচর বাও রোগ বলে। এই রোগ ত্রিদোষ জন্য হইলেই অসাধ্য হয়। নিদান স্থান দ্রষ্টব্য।

পাকিয়া না উঠে তৎপক্ষে যত্ন করা নিতান্ত কর্ত্তব্য। শিরা স্নায়ু ত্বক মাংস দগ্ধ হইতে থাকিলে, অর্থাৎ জ্বালা থাকিলে, ধ্বজ ক্ষয় হয়। পাকিয়া উঠিবা মাত্রেই শস্ত্রপাত পূর্ব্বক আভ্যন্তরিক পূয়াদি নির্গত করিয়া ঘৃত মধু সহযোগে তিলকল্কের প্রলেপ দিবে। তাহাতে করবীর জাতী ও আরগ্বধের পত্র আচ্ছাদন করিবে। জয়ন্তী ও অর্কপত্র প্রক্ষালনে প্রয়োগ করিবে। সৌরাষ্ট্র মৃত্তিকা গিরিমৃত্তিকা তুত্থ পুষ্পকাসীস [কেসর] সৈন্ধব রোধ্র রসাঞ্জন দারুহরিদ্রা হরিতাল মনঃশিলা হরেণু ও এলাইচ এই সকলের চূর্ণ মধুসংযোগে উপদংশে প্রয়োগ করা প্রশস্ত।

জম্বু আম্র জাতী নিম্ব শ্বেতা মাসপর্ণীর পত্র শল্লকী (কুন্দুরকী) বদরী বিল্ব পলাশ তিনিশ ও যজ্ঞডুম্বর, ইহাদিগের ত্বক ও ত্রিফলা একত্র যোগে কাথ প্রস্তুত করিয়া তদ্দ্বারা উপদংশের-ব্রণ নিয়ত প্রক্ষালন করিবে। এই সকলের কাথে তৈল পাক করিয়া, তাহাতে গোজী বিড়ঙ্গ যষ্টিমধু ও সর্ব্বগন্ধ (১) ইহাদিগের চূর্ণ প্রক্ষেপ পূর্ব্বক, সকল প্রকার উপদংশব্রণের রোপণে প্রয়োগ করিবে। সর্জ্জিকাক্ষার, তুত্থ, কাসীস (হিরেকস) শৈলজ, রসাঞ্জন, মনঃশিলা, এই সকল সমভাগে চূর্ণ করিয়া প্রয়োগ করিলে উপদংশের ব্রণ সঞ্চারণ করিয়া বৃদ্ধি পায় না। শরকাণ্ডের ভস্ম হরি তাল ও মনঃশিলা প্রয়োগ করিলে, উপদংশ জন্য বিসর্প রোগের (২) শান্তি হয়। ভৃঙ্গরাজ ত্রিফলা দন্তী তাম্র চূর্ণ ও লৌহচূর্ণ, একত্র প্রয়োগ করিলে উপদংশ রোগ আরোগ্য হয়।

অপর দুই প্রকার উপদংশ রোগ, অর্থাৎ শোণিত-জন্য এবং ত্রিদোষ-জন্য উপদংশ রোগ প্রত্যাখ্যান পূর্ব্বক চিকিৎসা করিবে। এই

---

(১) সর্ব্ব গন্ধ—চাতুর্জাতক কর্পূর, কক্কোল অগুরু কুমকুম্ লবঙ্গ।

(২) উপদংশ রোগে শরীরে ক্ষুদ্র ক্ষুদ্র ব্রণ বিশিষ্ট বিসর্প রোগ জন্মে তাহাকে সচরাচর গরমী বলে। পারা জন্য যে জন্মে তাহা এ স্থানে লক্ষিত নহে। রক্ত-জন্য উপদংশ রোগ পিত্ত জন্য উপদংশ রোগের ন্যায়।

দুই প্রকার উপদংশ রোগে দোষের বলাবল দেখিয়া যথা বিহিত প্রতীকার করিবে।

ত্রিদোষ-জন্য উপদংশ রোগের প্রতিকার পুনর্ব্বার বিশেষ করিয়া বলা যাইতেছে। ইহাতে দুষ্ট-ব্রণের ন্যায় প্রতিকার করিবে। শুক্র ক্ষরণ ও কুথিত (পচিতে) আরম্ভ হইলে পরিত্যাগ করিবে। কুথিত হইয়া অবশেষে যাহা থাকিবে, জাম্বোষ্ঠ নামক শলাকা দাহন পূর্ব্বক অগ্নিবর্ণ করিয়া তদ্দ্বারা দগ্ধ করিবে। সম্যক দগ্ধ হইলে ঘৃত মধু প্রয়োগ করিবে। সংশোধিত হইলে রোপণীয় কল্ক ও তৈল প্রয়োগ করিবে। বায়ু-জন্য শ্লীপদ রোগে, গুল্‌ফের উপরিভাগে চতুরঙ্গুল অন্তরে সিরা বিদ্ধ করিবে। রোগী স্থূল দেহ হইলে বস্তি ক্রিয়া করিবে। গোমূত্র সংযোগে এরণ্ড তৈল একমাস কাল পান করিবে। শুণ্ঠীর ক্কাথে অন্ন পাক করিয়া দুগ্ধের সহিত ভোজন করিবে। ত্রৈবৃত ঘৃত বা তৈল সেবন করা ও অগ্নির দ্বারা দগ্ধ করাও প্রশস্ত।

পিত্ত-জন্য শ্লীপদ রোগে, গুল্‌ফের অধোভাগে শিরা বিদ্ধ করিবে। পিত্ত-জন্য অর্ব্বুদ রোগে যে রূপে প্রতীকার করা যায় সেই রূপ ও পিত্তঘ্ন অন্যান্য প্রতিকার কর্ত্তব্য। শ্লেষ্মা-জন্য শ্লীপদ রোগে, বৃদ্ধাঙ্গুষ্ঠের প্রধান সিরা বিদ্ধ করিবে, এবং শ্লেষ্মা নাশক কষায় সর্ব্বদা পান করিবে। অভয়ার (পঞ্চশিরা হরিতকী) কল্ক কোন প্রকার মূত্র সংযোগে সেবন করিবে। অথবা, কটুকা গুলঞ্চ শুণ্ঠী বিড়ঙ্গ দেবদারু চিত্রক একত্র যোগে লেপ, অথবা চিত্রক সংযোগে দেবদারুর লেপ প্রয়োগ করা হিতকর। অথবা, বিড়ঙ্গ মরিচ অর্ক শুণ্ঠী চিত্রক দেবদারু সূক্ষ্ম এলাইচ ও সকল প্রকার লবণ, এই সকল সহযোগে তৈল পাক করিয়া পান করিবে ও যবান্ন ভোজন করিবে। অথবা সর্ষপ তৈল পান করিবে, কিম্বা পূতিকরঞ্জের পত্রের রস যথাসাধ্য পরিমাণে পান করিবে। পূতিকরঞ্জের ভস্ম ক্ষার-কল্পের বিধানে মূত্র সহযোগে স্রাবিত করিয়া তাহাতে কাকডুম্বরের রস প্রক্ষেপ পূর্ব্বক

সেবন করিবে। এই বিধানক্রমে পুত্রঞ্জীবকের (জিয়াপুতা) রস সেবন করিবে। কেচুকাকন্দের (কচুর মূল) রস ও পাকিম লবণ পূর্ব্বোক্ত রস সহযোগে পান করিবে। কাক জঙ্ঘা শ্বেৎগুঞ্জা বৃহতী কণ্টকারী কদম্বপুষ্পী (মুণ্ডিরী) মন্দারী (পারিভদ্র) লম্বা (তিক্তলাউ) শুকনসা (শোনা বৃক্ষ) শুকরস (গেঠেলা) ইহাদিগের ক্ষার সেবনে শ্লীপদ আরোগ্য হয় এবং অপচী গলগণ্ড ও গ্রহণীদোষও নিবৃত্তি হয়। অনাহারে থাকিয়া এই ঔষধ সেবন করিলে সকল প্রকার বিষের শান্তি হয়। এই ক্ষারে তৈল পাক করিয়া নস্য ও অভ্যঙ্গে প্রয়োগ করিলে পূর্ব্বোক্ত সকল রোগ ও দুষ্ট ব্রণ আরোগ্য হয়। দ্রবন্তী (মূষাকানী) দন্তী ত্রিবৃৎ নীলী শ্যামালতা সপ্তলা ও শঙ্খিনী এই সকল বৃক্ষ ভস্ম করিয়া সেই ক্ষার মূত্র সহযোগে গালিত করিয়া ত্রিফলার ক্বাথ সহযোগে পাক করিবে। ইহাতে দেহের স্থূলতা নাশ হয়।

বিংশতি অধ্যায়।

ক্ষুদ্র রোগের চিকিৎসা।

অজগল্লিকা রোগের অপক্ক অবস্থায় জলৌকা প্রয়োগ করিবে। শুক্তি শ্রুঘ্নী (সর্জ্জীকা ক্ষার) যবক্ষার ইহাদিগের একত্র যোগে কল্ক অথবা শ্যামা লাঙ্গলকী পাঠা ইহাদিগের কল্ক লেপন করিবে। পাকিয়া উঠিলে ব্রণ চিকিৎসার প্রণালীতে চিকিৎসা করিবে।

অন্ধালজী, যবপ্রখ্যা পনসী কচ্ছপী পাষাণগর্দ্দভ, ইহাদিগকে অগ্রে স্বেদ প্রয়োগ করিবে। তদনন্তর মনঃশিলা হরিতাল কুষ্ঠ ও দেবদারু, ইহাদিগের কল্ক লেপে প্রয়োগ করিবে। পাকিয়া উঠিলে শস্ত্রের দ্বারা ভেদ করিয়া ব্রণের ন্যায় প্রতিকার করিবে।

বিবৃতা ইন্দ্রবৃদ্ধা গর্দ্ধভী জালগর্দ্ধভ ইরিবিল্লা কক্ষা বিস্ফোট, এই সকল রোগে পিত্ত-জন্য বিসর্পের ন্যায় প্রতিকার করিবে। মধুর-গণ সহযোগে ঘৃত পাক করিয়া রোপণে প্রয়োগ করিবে।

চিপ্য রোগে, উষ্ণ জল সেচন করিয়া উৎকর্ত্তন পূর্ব্বক স্রাব করাইবে। পরে চক্র-তৈল অভ্যক্ত করিয়া তাহাতে সালকাষ্ঠের চূর্ণ প্রয়োগ করিবে। এরূপ প্রতিকারে অসমর্থ হইলে, অগ্নির দ্বারা দগ্ধ করিবে ও মধুর ঔষধের (কাকোল্যাদি গণের) ক্বাথ সহযোগে তৈল পাক করিয়া তদ্দ্বারা রোপণ করিবে।

কুনখ রোগেও পূর্ব্বোক্ত প্রতিকার কর্ত্তব্য।

বিদারিকা রোগে তৈলাভ্যক্ত করিয়া স্বেদ প্রয়োগ করিবে ও গিরিমৃত্তিকা পুনর্ণবা ও বিল্বমূল একত্র পিষিয়া তাহাতে লেপ দিবে। অথবা ব্রণ ভাব প্রাপ্ত হইলে (১) সংশোধন করিবে। কষায় ও মধুর রস সহযোগে তৈল পাক করিয়া রোপণার্থ প্রয়োগ করিবে। অথবা অপক্ক অবস্থায় জলৌকার দ্বারা রক্ত মোক্ষণ করিবে এবং সালের মূল ও পলাশের মূল একত্র পিষিয়া প্রয়োগ করিবে। পাকিয়া উঠিলে শস্ত্রের দ্বারা বিদীর্ণ করিয়া, পটোল তিল ও নিম্বের কল্ক ঘৃত মিশ্রিত করিয়া বন্ধন করিবে। যজ্ঞডুম্বুর ও খদিরের কষায়ের দ্বারা ব্রণ প্রক্ষালন করিবে এবং সংশোধিত হইলে রোপণ করিবে।

শর্করার্ব্বুদ রোগে, মেদ-জন্য অর্ব্বুদ রোগের প্রণালীতে চিকিৎসা করিবে।

কচ্ছু বিচর্চ্চিকা ও পামা রোগে কুষ্ঠের ন্যায় চিকিৎসা করিবে। সিক্থ (মম) শতমূলী ও শ্বেত সর্ষপ, অথবা বচ দারুহরিদ্রা ও সর্ষপ একত্র যোগে লেপ প্রয়োগ করিবে। অথবা করঞ্জ-তৈল বা কটুকী সহযোগে সারতৈল পাক করিয়া প্রয়োগ করিবে।

পাদদার্য্য রোগে সিরা বিদ্ধ করিয়া স্বেদ ও অভ্যঙ্গ প্রয়োগ

---

(১) ক্ষত হইলে।

করিবে। মধুচ্ছিষ্ট বসা মজ্জা সালের চূর্ণ ঘৃত ও গিরিমৃত্তিকা সহ মিশ্রিত করিয়া পাদে লেপ দেওয়া প্রশস্ত।

অলস রোগে পাদদ্বয়ে আরনাল সেচন করিয়া, নিম্ব তিল কাসীস (হিরেকস) হরিতাল সৈন্ধব হরীতকী ও লাক্ষারস একত্র কল্ক প্রস্তুত করিয়া লেপ দিবে। অথবা রক্ত মোক্ষণ করিবে। কিম্বা কণ্টকারীর রসে সর্ষপ তৈল পাক করিয়া প্রয়োগ করিবে। অথবা কাসীস গোরোচনা ও মনঃশিলা চূর্ণ করিয়া প্রতিসারণ প্রয়োগ করিবে।

কদর নামক রোগে ব্রণিত স্থান শস্ত্রের দ্বারা উদ্ধৃত করিয়া ঘৃত বা তৈলের দ্বারা দগ্ধ করিবে।

ইন্দ্রলুপ্ত (টাক) রোগে মূর্দ্ধি দেশে স্নেহ ও স্বেদ প্রয়োগ করিয়া মনঃশিলা, কাসীস ও তুত্থ, মরিচ সহযোগে ইহাদিগের কল্ক লেপন করিবে, অথবা দেবদারু ও কুটন্নট (কেউটা মুথা) একত্র পিষিয়া লেপ দিবে। অথবা গুঞ্জা ফল পিশিয়া রোগের স্থান আচ্ছাদিত করিয়া মুহুর্মুহু লেপ দিবে। মালতী করবীর চিত্রক করঞ্জ, এই সকলের তৈল পাক করিয়া প্রয়োগ করিলে ইন্দ্রলুপ্ত আরোগ্য হয়।

অরুংষিকা রোগে রক্ত মোক্ষণ করিয়া নিম্বোদক সেচন করিবে। অশ্বের পুরীষের রসে হরিদ্রা ও নিম্ব, অথবা পটোলের রসে যষ্টিমধু নিলোৎপল এরণ্ড ও মার্কব (ভীমরাজ) একত্র পিষিয়া লেপন করিবে।

দারুণক রোগে স্নেহ ও স্বেদ প্রয়োগ করিয়া মূর্দ্ধি দেশে সিরা বিদ্ধ করিবে। পরে অবপীড়ন শিরোবস্তি ও অভ্যঙ্গ প্রয়োগ করিবে। প্রক্ষালনে কোদ্রব-তৃণ (কোদা ধানের খড়) ও ক্ষার জল প্রয়োগ করিবে।

কেশ পক্ক হওয়া নিবারণের প্রণালী পরে বলা যাইবে। মসূরিকা রোগে (বসন্ত) কুষ্ঠ নাশের যে সকল প্রলেপ প্রভৃতি প্রতিকার বলা হইয়াছে সেই সকল প্রতিকার প্রয়োজ্য। অথবা পিত্ত-শ্লেষ্মা

জন্য বিসর্প রোগে যে সকল বিধি উক্ত হইয়াছে সেই সকল প্রয়োগ করিবে।

জতু-মণি মশক ও তিলকালক রোগে শস্ত্রের দ্বারা সেই সকল স্থান উদ্ধৃত করিয়া ক্ষারে বা অগ্নির দ্বারা দগ্ধ করিবে।

ন্যচ্ছ ব্যঙ্গ ও নীলিকা রোগে যথা বিধি ক্রমে সিরা বিদ্ধ করিবে। যজ্ঞডুম্বরের ক্ষীর সংযুক্ত ত্বক্ ঘর্ষণ পূর্ব্বক সেই স্থানে প্রলেপ দিবে। অথবা বলা অতিবলা যষ্টিমধু একত্র যোগে প্রলেপ, অথবা ক্ষীর-কাকোলী অগুরু পীতকাষ্ঠ একত্র যোগে প্রলেপ, অথবা ঘৃত মধু যোগে গিরি মৃত্তিকা ও বরাহ দংষ্ট্রার (মুস্তা বিশেষ) প্রলেপ, অথবা কপিত্থ ও পিয়াল বৃক্ষের কল্কের প্রলেপ প্রয়োগ করিবে।

যৌবন পিড়কা রোগে (১) বমন করা বিশেষ উপকারী। ধন্যা বচ লোধ্র ও কুষ্ঠ অথবা বচ রোধ্র সৈন্ধব ও সর্ষপ একত্র যোগে প্রলেপ প্রয়োগ করিবে।

পদ্মিনী-কণ্টক রোগে নিম্ব-বারী সহযোগে বমন করাইবে, অথবা নিম্বোদকে ঘৃত পাক করিয়া মধু সংযোগে পানে প্রদান করিবে। নিম্ব ও আরগ্বধের ক্বাথ উৎসাদনে হিতকর।

পরি-বর্ত্তিকা রোগে, ঘৃত মর্দ্দন করিয়া স্বেদ প্রয়োগ করিবে। পরে বাতঘ্ন শাল্বন প্রভৃতির দ্বারা ত্রিরাত্র বা পঞ্চ রাত্র বন্ধন করিবে। পরে অভ্যঙ্গ প্রয়োগ করিয়া মনির উপরিভাগে চর্ম্ম আনয়ন করিবে, এবং চর্ম্ম মধ্যে মণি প্রবেশ করাইয়া উপনাহ স্বেদ প্রয়োগ করিবে। বাতঘ্ন বিরেচন ও স্নিগ্ধান্ন ভোজন করিবে।

অবপাটিকা রোগে, যে দোষ-জন্য রোগ হয় সেই দোষের চিকিৎসা করিবে।

নিরুদ্ধ প্রকশ রোগে, লৌহ নির্ম্মিত দারুনির্ম্মিত বা জতু নির্ম্মিত দ্বিমুখী শলাকা ঘৃত মাখাইয়া মুত্র দ্বারে প্রবেশ করাইবে। পরে

---

[১] যৌবন কালে মুখে যে ব্রণ জন্মে তাহাকে যৌবন পীড়কা বলে।

শিশুমার বা বরাহের বসা অথবা বাতঘ্ন দ্রব্য সংযোগে পরিষেচন করিবে। প্রতি তিন দিবস অন্তর স্থূলতর শলাকা প্রবিষ্ট করাইবে। এই রূপে স্রোতপথ বৃদ্ধি করিবে ও স্নিগ্ধান্ন ভোজন করাইবে। অথবা সেবনী পরিত্যাগ পূর্ব্বক শস্ত্রের দ্বারা ভেদ করিয়া সদ্য ব্রণের বিধানানুসারে চিকিৎসা করিবে।

নিরুদ্ধগুদ বল্মীক বা অগ্নিরোহিণী রোগে, প্রত্যাখ্যান পূর্ব্বক চিকিৎসা করিবে। বিসর্প রোগের বিধানাসারে অগ্নিরোহিণীর, এবং সন্নিরুদ্ধ-প্রকশ রোগের বিধানাসারে সন্নিরুদ্ধ-গুদ রোগের প্রতিকার করিবে। বল্মীক রোগে শস্ত্রের দ্বারা উৎকর্ত্তন পূর্ব্বক ক্ষার ও অগ্নি প্রয়োগ করিবে। পরে অর্ব্বুদের বিধানাসারে শোধন ও রোপণ করিবে। মর্ম্মস্থান ভিন্ন অন্যস্থানে অনতিবৃদ্ধ বল্মীক জন্মিলে, সংশোধন পূর্ব্বক শোণিত মোক্ষণ করিবে। বনকুলথের মূল, গুড়ূচীর মূল, লবণ ও আরগ্বধের মূল, দন্তী মূল, শ্যামালতার মূল, তিলের কল্ক, ও যব চুর্ণ বা গোধূম চুর্ণ একত্র যোগে প্রলেপ দিবে। সেই প্রলেপ উত্তমরূপে ঘৃত যুক্ত করিয়া অল্প উষ্ণ থাকিতে বন্ধন করিবে। পাকিয়া উঠিলে সকল ছিদ্র মুখ নির্ণয় করিয়া শস্ত্রের দ্বারা ছেদন পূর্ব্বক দগ্ধ করিবে। অনন্তর দূষিত মাংস সমস্ত সংশোধিত করিয়া ব্রণের স্থান দগ্ধ করিবে। ব্রণ সংশোধিত হইলে রোপণ করিবে। জাতী-পুষ্প-লতা, গ্রন্থি (গেঁঠেলা) ভল্লাতক মনঃশিলা, সূক্ষ্ম এলাইচ অগুরু চন্দন এবং শৈলজ, এই সকল দ্রব্য সহযোগে নিম্ব তৈল পাক করিয়া বল্মীকের রোপণে প্রয়োগ করিবে। হস্ত পদের উপরিভাগে বহু ছিদ্র যুক্ত শোফ বিশিষ্ট বল্মীক হইলে পরিত্যাগ করিবে।

বালকের অহিপূতনা নামক রোগে ধাত্রীর স্তন্য সংশোধন করিবে। পটোল পত্র ত্রিফলা ও রসাঞ্জন একত্র ঘৃত পাক করিয়া পান করাইলে কষ্ট-সাধ্য অহিপূতনা রোগও আরোগ্য হয়। ত্রিফলা কোল ও খদির, ইহাদিগের কষায় রোপণে প্রয়োগ করিবে। কাসীস

(হিরেকস) গোরোচনা তুথ হরিতাল ও রসাঞ্জন অম্লরসে পিষিয়া, বা বদরীর ত্বক সৈন্ধব সংযোগে পিষিয়া লেপে প্রয়োগ করিবে। কপাল খণ্ড ও তুথের চূর্ণ প্রয়োগ করিবে।

গুদভ্রংশ রোগে ভ্রষ্ট নাড়ী ঘৃতাক্ত ও স্বেদ প্রয়োগ পূর্ব্বক গুদমধ্যে প্রবেশ করাইবে। পরে মলদ্বার চর্ম্মের দ্বারা গোফণার আকারে বন্ধন করিবে। চর্ম্মের যে ভাগ মল দ্বারের ছিদ্র আবৃত করিয়া থাকিবে সেই ভাগে যেন ছিদ্রিত হয়। বায়ু নিঃসরণের নিমিত্ত পুনঃ পুনঃ স্বেদ প্রয়োগ করিবে। দুগ্ধ মহা-পঞ্চমূল, অন্ত্র বর্জ্জিত মুষিকার দেহ এবং বাতঘ্ন ঔষধ, এই সকল যোগে তৈল পাক করিয়া পানে ও অভ্যঙ্গে প্রয়োগ করিবে। ইহাতে কষ্ট-সাধ্য গুদভ্রংশ রোগও আরোগ্য হয়।

একবিংশ অধ্যায়।

শুকরোগের চিকিৎসা।

সর্ষপী রোগে কষায়-রস-বিশিষ্ট দ্রব্যের চূর্ণ প্রয়োগ করিবে। তাহারই কষায়ে তৈল পাক করিয়া রোপণে প্রয়োগ করিবে।

অষ্ঠীলিকা রোগে, জলৌকার দ্বারা রক্ত মোক্ষণ করিবে; তাহাতে শান্তি না হইলে কফ-জন্য গ্রন্থি রোগের ন্যায় উৎকর্ত্তন করিবে।

গ্রথিত রোগে, পুনঃ পুনঃ নাড়ীস্বেদ প্রয়োগ করিবে, এবং ঘৃত যুক্ত ঈষদুষ্ণ লেপের দ্বারা উপনাহ প্রয়োগ করিবে।

কুম্ভীকা রোগে, পাকিয়া উঠিলে শস্ত্রের দ্বারা ভেদ করিয়া শোধন করিবে। পরে ত্রিফলা লোধ্র তিন্দুক ও আম্রাতক একত্র যোগে তৈল পাক করিয়া রোপণ করিবে।

অলজী রোগে, জলৌকার দ্বারা রক্ত মোক্ষণ করিবে। কষায় দ্রব্যের কাথে তৈল পাক করিয়া রোপণার্থ পরিষেচন করিবে।

মৃদিত রোগে, ঈষদুষ্ণ বলাতৈল পরিষেচন করিবে, এবং মধুর দ্রব্যের প্রলেপ করিয়া ঘৃত যুক্ত ও ঈষদুষ্ণ অবস্থায় উপনাহে প্রয়োগ করিবে।

সংমূঢ় পিড়কা রোগে, শীঘ্র জলৌকার দ্বারা রক্ত মোক্ষণ করিবে, এবং সেই সকল পিড়কা শস্ত্রের দ্বারা ভেদ করিয়া, ঘৃত মধু লেপন করিবে।

অবমন্থ রোগ পাকিয়া উঠিলে শস্ত্রের দ্বারা ভেদ করিবে, এবং তাহাতে ধব অশ্বকর্ণ পত্তঙ্গ সল্লকী ও তিন্দুক, এই সকল যোগে তৈল পাক করিয়া প্রয়োগ করিবে।

পুষ্করিকা রোগে, শীতল ক্রিয়া প্রয়োগ করিবে, এবং জলৌকার দ্বারা রক্ত মোক্ষণ করিয়া ঘৃত সেচন করিবে।

স্পর্শহানি রোগে রক্ত মোক্ষণ করিয়া মধুর ঔষধ প্রয়োগ করিবে, এবং দুগ্ধ ইক্ষুরস ও ঘৃত শীতল অবস্থায় সেচন করিবে।

উত্তমা নামক পিড়কা রোগে, বড়িশের দ্বারা উদ্ধৃত করিয়া মধু সংযোগে কষায় দ্রব্যের চূর্ণ প্রয়োগ করিবে।

শতপোনক রোগে লেখন কার্য্য করিয়া রসক্রিয়া বিধান করিবে। এবং পৃথক্‌পর্ণ্যাদির ক্কাথে তৈল পাক করিয়া প্রয়োগ করিবে।

ত্বকপাক রোগে বিসর্পের ন্যায় প্রতীকার করিবে।

শোণিতার্ব্বুদ রোগে রক্ত বিদ্রধির ন্যায় প্রতীকার করিবে।

কষায় কল্ক ঘৃত তৈল চূর্ণ রসক্রিয়া শোধন ও রোপণ, এই সকল প্রতীকারগুলি দোষ ও রোগের অবস্থা বিবেচনা করিয়া প্রয়োগ করিবে। ঘৃত পান, পথ্যের নিয়ম ও বিরেচন বিবেচনানুসারে প্রয়োগ করিবে। অর্ব্বুদ মাংসপাক বিদ্রধি ও তিলকালক এই কএকটী রোগ প্রত্যাখ্যান পূর্ব্বক চিকিৎসা করিবে।

দ্বাবিংশতি অধ্যায়।

মুখরোগের চিকিৎসা।

বায়ু-জন্য ওষ্ঠকোপে (১) চতুর্ব্বিধ স্নেহ ও মধুচ্ছিষ্ট যোগে প্রস্তুত করা অভ্যঙ্গ ও নাড়ীস্বেদ প্রয়োগ করিবে। শাল্বণের উপনাহ স্বেদ, এবং শিরোবিরেচনে ও নস্যে বায়ু-শান্তিকর তৈল প্রয়োগ করিবে। শ্রীবেষ্টক সর্জ্জরস দেবদারু গুগ্‌গুল ও যষ্টিমধু, ইহাদিগের চূর্ণ প্রতি-সারণে প্রয়োগ করিবে। পিত্তরক্ত বা অভিঘাত জন্য মুখরোগে, জলৌকায় দ্বারা রক্ত মোক্ষণ করিয়া পিত্ত-বিদ্রধির অধিকারস্থ বিবিধ ক্রিয়া এস্থানে প্রয়োগ করিবে। শিরোবিরেচন ধূম স্বেদ কবল-গ্রহণও বিধেয়। কফ-জন্য ওষ্ঠ কোপে, ত্রিকটু স্বর্জিকা ক্ষার যবক্ষার ও বিট্ লবণ একত্র করিয়া মধু সংযোগে প্রতিসারণে প্রয়োগ করিবে, মেদ-জন্য ওষ্ঠ-কোপে, স্বেদ প্রয়োগ পূর্ব্বক শস্ত্রের দ্বারা ভেদ করিয়া অগ্নির দ্বারা সংশোধিত করিবে। পরে প্রিয়ঙ্গু ত্রিফলা ও রোধ্র মধু সহযোগে প্রতিসারণে প্রয়োগ করিবে। ওষ্ঠ প্রকোপ সাধ্য হইলে তাহার এই সকল প্রতীকার।

অতঃপর দন্তমূল গত রোগের প্রতিকার বলা যাইতেছে। শীতাদ নামক রোগে রক্ত মোক্ষণ করিয়া, সর্ষপ ত্রিফলা ও মুস্তা এই সকলের ক্বাথ রসাঞ্জন মিশ্রিত পূর্ব্বক কবল-গ্রহণে প্রয়োগ করিবে। প্রিয়ঙ্গু ত্রিফলা ও মুস্তা লেপনে প্রয়োগ করিবে, এবং যষ্টিমধু উৎপল পদ্ম ও ত্রিফলার ক্বাথ সংযোগে নস্যে প্রয়োগ করিবে। দন্ত পুপ্‌পুটক রোগে, প্রথমাবস্থায় রক্ত মোক্ষণ করিবে, পরে পঞ্চ লবণ ক্ষৌদ্র সহ-যোগে প্রতিসারণে প্রয়োগ করিবে। শিরোবিরেচন নস্য ও স্নিগ্ধ ভোজনও ইহাতে হিতকর। দন্তবেষ্ট রোগে ব্রণ সমস্ত গালিত করিয়া, রোধ্র পত্তঙ্গ (রক্তচন্দন) যষ্টিমধু ও লাক্ষা ইহাদিগের চূর্ণ মধু ঘৃত ও

(১) ওষ্ঠ ফুলিয়া ও পাকিয়া উঠা ওষ্ঠ প্রকোপ বলা যায়।

শর্করা সংযোগে যজ্ঞডুম্বুরের ক্বাথ গণ্ডুষে প্রয়োগ করিবে। এবং কাকোল্যাদি গণস্থ দ্রব্য, ঘৃত ও দুগ্ধে সিদ্ধ করিয়া নস্যে প্রয়োগ করিবে। শৌষির রোগে রক্ত মোক্ষণ করিয়ারোধ্র মুস্তা রসাঞ্জন মধু সংযোগে লেপে প্রয়োগ করিবে। যজ্ঞডুম্বুরের ক্বাথ গণ্ডূষে প্রয়োগ করিবে এবং সারিবা (শ্যামালতা) উৎপল যষ্টিমধু সাবরলোধ ও অগুরু চন্দন এই সকল সহ দশ গুণ দুগ্ধে ঘৃত পাক করিয়া নস্যে প্রয়োগ করিবে। পরিদর রোগে, শীতাদ রোগের ন্যায় প্রতিকার করিবে। দন্ত উপকুশ রোগে বমন বিরেচন ও শিরোবিরেচন প্রয়োগ করিয়া কাকডুম্বুরে বা গোজিয়া পত্রে শোণিত বিস্রাবিত করিবে। পরে লবণ ও ত্রিকটু মধু সংযোগে প্রয়োগ করিয়া প্রতিসারিত করিবে। পিপ্‌পলী সর্ষপ শুণ্ঠী ও নিচুল ফল এই সকল সহযোগে জল সিদ্ধ করিয়া ঈষদুষ্ণ থাকিতে গণ্ডূষে (কুলকুচা) প্রয়োগ করিবে। জীবক সহযোগে ঘৃত পাক করিয়া কবল ও নস্য প্রয়োগ করাও হিতকর। দন্ত-বৈদর্ভ রোগে শস্ত্রের দ্বারা দন্তমূল সংশোধিত করিয়া (১) ক্ষার প্রয়োগ পূর্ব্বক শীতল ক্রিয়া করিবে। অধিক দন্ত জন্মিলে (২) তাহাকে উদ্ধৃত করিয়া অগ্নি প্রয়োগ করিবে, এবং কৃমিদন্ত অধিকারের অপরাপর প্রতিকার করিবে। দন্তমূলে অধিমাংস রোগ জন্মিলে,তাহা ছেদন করিয়া বচ গজপিপ্‌পলী পাঠা সর্জিকা (সোহাগা) ও যবক্ষার, ইহাদিগের চূর্ণ মধু সহযোগে প্রয়োগ করিবে। মধু সহযোগে পিপ্পলীর ক্বাথ কবলে প্রয়োগ করিবে। পটোল ত্রিফলা ও নিম্ব ইহাদিগের কষায় দন্তমূল ধাবনে প্রয়োগ করা, এবং শিরোবিরেচন ধূম ও বিরেচনে প্রয়োগ করা হিতকর।

অতঃপর দন্তমূলে নাড়ী রোগ (নালী) জন্মিলে তাহার প্রতিকার বলা যাইতেছে। যে দন্তমূলে নালী জন্মে সেই দন্ত তুলিয়া ফেলিবে।

(১) দন্তমূল হইতে রক্ত-পূয়াদি নির্গত করাই সংশোধন করা।

(২) ইহাকে সচরাচর জ্ঞানদন্ত বলে।

শস্ত্রের দ্বারা মাংস ছেদন করিয়া ক্ষার বা অগ্নির দ্বারা শোধন করিবে। নালীরোগে দন্ত উদ্ধৃত করা না হইলে হনু দেশস্থ অস্থি ভেদ করিয়া নালী জন্মে। অতএব নালী রোগে দন্ত বা ভগ্ন অস্থি সমূলে উদ্ধৃত করিবে।

যে দন্তমূলের বন্ধন স্থির থাকে তাহাতে দন্তশূল জন্মিলে উদ্ধৃত করা কর্ত্তব্য নহে। তাহা উৎপাটন করিলে অতিশয় রক্তস্রাব হয়। ও তজ্জন্য অন্ধতা বা অর্দ্দিত নামক বায়ু রোগ প্রভৃতি ঘোরতর রোগ জন্মে। জাতিপুষ্পের বৃক্ষ মদন স্বাদু কণ্টক ও খদির, দন্ত চলিত হইলে ইহাদিগের ক্বাথে দন্তমূল ধাবন করিবে। দন্তমূলে নালী জন্মিলে নালী পথ ছেদন করিবে, ও জাতি মদন কটুক স্বাদুকণ্টক খদির যষ্টিমধু রোধ্র মঞ্জিষ্ঠা ও খদির ইহাদিগের কষায়ে তৈল পাক করিয়া শোধনার্থ প্রয়োগ করিবে।

অতঃপর দন্তরোগের প্রতিকার বলা যাইতেছে। দন্ত-হর্ষ রোগে স্নেহ (ঘৃত বা তৈল) বা ত্রৈবৃত ঘৃত বা বাতঘ্ন দ্রব্যের ক্বাথ কবল-গ্রহণে প্রয়োগ করিবে। স্নেহ দ্রব্যের ধূম বা নস্য অথবা স্নিগ্ধ দ্রব্য ভোজনও হিতকর। মাংসরস যবাগু দুগ্ধ সন্তানিকা ঘৃত শিরোবস্তি ও বাতঘ্ন অন্যান্য প্রতিকারও হিতকর। দন্ত শর্করা রোগে দন্ত-মূল আহত না হয় এ রূপে শস্ত্রপাত করিয়া শর্করা উদ্ধার করিবে। পরে মধু সংযোগে লাক্ষ চূর্ণ প্রতিসারণে প্রয়োগ করিবে। দন্ত-হর্ষ রোগে যে সকল প্রতীকার করিতে হয় তাহা সমস্ত এস্থলেও প্রয়োজ্য। কাপালিকা রোগ অতিশয় কষ্ট-সাধ্য হইলেও পূর্ব্বোক্ত প্রতিকার হিতকর। কৃমি-দন্ত রোগে দন্ত চলিত না হইলে স্বেদ প্রয়োগ করিয়া স্রাব (রস রক্তাদি) করাইবে। বাতঘ্ন অবপীড়ন ও স্নেহ গণ্ডূষ, এবং ভদ্র দার্ব্বাদি গণস্থ দ্রব্য ও বর্ষাভূ এই দুইটীর লেপ, বিধান করিবে। চলিত দন্ত উদ্ধৃত করিয়া দন্ত-মূলের গহ্বর ক্ষার বা অগ্নির দ্বারা দগ্ধ করিবে। তদনন্তর বিদারী যষ্টিমধু শৃঙ্গাটক ও কেশুর এই সকল সহযোগে, দশ গুণ দুগ্ধে তৈল পাক করিয়া নস্যে প্রয়োগ

করিবে। হনুমোক্ষ রোগে অর্দ্দিত নামক বায়ু রোগের ন্যায় প্রতীকার করিবে। ফলাম্ল সেবন, শীতল জলে দন্ত ধাবন, এবং অতিশয় কঠিন দ্রব্য ভোজন, দন্ত-রোগী পরিত্যাগ করিবে। যে সকল দন্তরোগ সাধ্য তাহাদিগের চিকিৎসা বলা হইল।

অতঃপর জিহ্বাগত রোগের চিকিৎসা বলা যাইতেছে। বায়ু-জন্য কণ্টক-রোগে, বায়ু-জন্য ওষ্ঠ প্রকোপ রোগে যে সকল প্রতীকার বলা হইয়াছে সেই সমস্ত প্রতীকার কর্ত্তব্য। পিত্ত-জন্য কণ্টক রোগে বিঘর্ষণ পূর্ব্বক দুষ্ট শোণিত নিঃসারণ করিবে, এবং প্রতিসারণে গণ্ডূষে ও নস্যে মধুর দ্রব্য প্রয়োগ করিবে। কফ-জন্য কণ্টক রোগে লেখন কার্য্য করিবে; তাহাতে রক্ত নিঃসৃত হইলে মধু সংযোগে প্রতিসারণ প্রয়োগ করিবে। শ্বেতসর্ষপ ও সৈন্ধব যোগে কবলগ্রহ প্রয়োগ করিবে। এবং পটোল নিম্ব ও বার্ত্তাকু ইহাদিগের যূষ ক্ষার সংযোগে ভোজনে প্রয়োগ করিবে। উপজিহ্বিকা রোগে লেখন করিয়া ক্ষারের দ্বারা প্রতিসারিত করিবে, এবং শিরো-বিরেচন কবলগ্রহ ও ধূম প্রয়োগ করিবে।

অতঃপর তালুগত রোগের প্রতীকার বলা যাইতেছে। গলশুণ্ডিকা রোগে বৃদ্ধাঙ্গুলি ও দ্বিতীয় অঙ্গুলি একত্র সংলগ্ন করিয়া গলশুণ্ডিকা আকর্ষণ পূর্ব্বক জিহ্বার উপরে রাখিয়া মণ্ডলাগ্র শস্ত্রের দ্বারা ছেদন করিবে। তাহার অল্পাংশ বা সমুদায় আকর্ষণ বা ছেদন করিবে না। একাংশ অবশিষ্ট রাখিয়া তিন অংশ ছেদন করিবে। অত্যর্থ ছেদন করিলে ছেদ-জন্য মৃত্যু হইতে পারে। হীনচ্ছেদ হইলে শোফ লালাস্রাব নিদ্রা ভ্রম ও তমোদৃষ্টি, এই সকল উপদ্রব জন্মে। অতএব দৃষ্টকর্ম্মা (১) ও চিকিৎসা বিশারদ বৈদ্য গলশুণ্ডী রোগে ছেদন

(১) যে ব্যক্তি গুরুর নিকট প্রত্যক্ষে শস্ত্র কার্য্য দেখিয়া অস্ত্র চিকিৎসা অভ্যাস করিয়াছে তাহাকে দৃষ্টকর্ম্মা বলে। শস্ত্র চিকিৎসার স্থলেই বৈদ্যের দৃষ্টকর্ম্মা হওয়া প্রয়োজন বলিয়া অনেক স্থানে উল্লিখিত হইয়াছে।

করিয়া পশ্চাদুক্ত প্রক্রিয়া করিবে। মরিচ অতিবিষা পাঠা বচ কুষ্ঠ ও কুটন্নট (শোনাবৃক্ষ), এই সকলের ক্বাথ বা চূর্ণ মধু ও সৈন্ধব লবণ যোগে প্রতিসারণে প্রয়োগ করিবে। বচ অতিবিষা পাঠা রাস্না কটুকী ও নিম্ব এই সকলের ক্বাথ কবলগ্রহে প্রয়োজ্য। ইঙ্গুদি দন্তী সরল কাষ্ঠ দেবদারু ও অপামার্গ ইহাদিগকে পিষিয়া বর্ত্তি নির্ম্মাণ পূর্ব্বক ধূম প্রয়োগ করিবে। সেই ধূম প্রাতঃ ও সায়াহ্ন উভয় কালে পান করিবে। ক্ষারযুক্ত মুদ্গ যূষ সহ ভোজন করিবে। তুণ্ডিকেরী অধ্রুষ কূর্ম্ম সঙ্ঘাত ও তালু পুপ্‌পুট, এই সকল রোগে রোগানুসারে শস্ত্রকার্য্য করিবে, কিন্তু অপরাপর বিষয়ে পূর্ব্বোক্ত প্রণালী অবলম্বন করিবে। তালুপাক রোগে পিত্তনাশক ক্রিয়া কর্ত্তব্য। তালু-শোফে স্নেহ স্বেদ ও বায়ু শান্তিকর ক্রিয়া কর্ত্তব্য।

অতঃপর কণ্ঠ-গত রোগের প্রতীকার বলা যাইতেছে। রোহিণী-রোগ সাধ্য হইলে রক্ত-মোক্ষণ বমন ধূমপান ও নস্য হিতকর। বাতিক জন্য রোহিণী রোগে রক্ত মোক্ষণ পূর্ব্বক লবণের দ্বারা প্রতিসারিত করিবে। ঈষদুষ্ণ স্নেহের গণ্ডূষ সর্ব্বদা গ্রহণ করিবে। পিত্ত-জন্য রোহিণী রোগে রক্তচন্দন মধু ও কুষ্মাণ্ড প্রতিসারণে, এবং দ্রাক্ষা ও পরুষক একত্র যোগে ক্বাথ, কবলগ্রহে প্রয়োগ করিবে। শ্লেষ্মা-জন্য রোহিণী রোগে আগার ধূম ও কটুকী প্রতিসারণে, ও শ্বেতা (অপরাজিতা) বিড়ঙ্গ ও দন্তী একত্র যোগে তৈল পাক করিয়া সৈন্ধব যোগে নস্যে ও গণ্ডূষে প্রয়োগ করিবে। রক্ত-জন্য রোহিণী রোগে পিত্ত-জন্য রোহিণী রোগের প্রতিকার করিবে। কণ্ঠশালুক রোগে স্রাবিত করিয়া পূর্ব্বোক্ত তুণ্ডিকেরী রোগের ন্যায় প্রতিকার করিবে, এবং স্নিগ্ধ যবান্ন এক সন্ধ্যা অল্প পরিমাণে ভোজন করিবে। অধিজিহ্বিকা রোগে উপজিহ্বিকার ন্যায় চিকিৎসা করিবে। একবৃন্দ রোগে স্রাবিত করিয়া সংশোধন করিবে। গিলায়ু রোগে শস্ত্র কর্ম্মের দ্বারা চিকিৎসা করিবে। গল বিদ্রধি

রোগে, মর্ম্ম স্থান ভিন্ন অন্যস্থানে জন্মিয়া পাকিয়া উঠিলে ভেদ কার্য্য করিবে। বায়ু-জন্য সর্ব্বসরা রোগ হইলে লবণ চূর্ণের দ্বারা প্রতি-সারিত করিবে, এবং বাতঘ্ন দ্রব্য সহযোগে তৈল পাক করিয়া কবল ও নস্যে প্রয়োগ করিবে। তদনন্তর সেই সকল বাতঘ্ন দ্রব্যের ধূম প্রয়োগ করিবে।

শাল পিয়াল এরণ্ড, ইহাদিগের কাষ্ঠ, ইঙ্গুদী ও মৌল্ ফলের মজ্জা, গুগ্গুল, ধ্যামকতৃণ জটামাংসী, তগর পাতুকা সর্জ্জরস শৈলেয় মধুচ্ছিষ্ট, এই সমস্ত একত্র যোগে চূর্ণ করিয়া স্নেহ সহ আলোড়ন পূর্ব্বক, অথবা টুণ্টুক বৃন্ত (আকনাদি পত্র) মধুসংযোগ পূর্ব্বক সর্ব্বসরা রোগে স্নেহ-ধূম প্রয়োগ করিবে। ইহাতে শ্লেষ্মা ও বায়ু এবং মুখ রোগের শান্তি হয়। পিত্ত জন্য সর্ব্বসরা রোগে রোগীর দেহ সংশোধন করিয়া পিত্ত শান্তিকর মধুর শীতল কার্য্য করিবে। ইহাতেও প্রতিসারণ গণ্ডূষ ধূম ও সংশোধন প্রয়োগ করিবে। শ্লেষ্মাজন্য সর্ব্বসরা রোগে কফনাশক বিধি অবলম্বন করিবে। অতিবিষা পাঠা মুস্তা দেবদারু কটুকী ও কুটজ ফল, এই সকলের চূর্ণ একত্র করিয়া ধরণ (২৪ রতি) পরিমাণে গোমূত্র সহযোগে পান করিবে। এই যোগের দ্বারা সকল প্রকার কফ-জন্য রোগের শান্তি হয়। ক্ষীর ইক্ষুরস গোমূত্র দধিমস্তু, অম্ল ও কাঞ্জিক, তৈল ও ঘৃত, মুখরোগের দোষানুসারে এই সকলের কবলগ্রহ প্রয়োগ করিবে। সাধ্য মুখজাত রোগের প্রতীকার বলা হইল। মুখ-রোগের মধ্যে যে সকল অসাধ্য তাহা বলা যাইতেছে। মাংস, রক্ত ও ত্রিদোষ জন্য ওষ্ঠ প্রকোপ রোগ পরিত্যাগ করিবে। দন্তমূলে সন্নিপাত জন্য নালী ও শুষির রোগ বর্জ্জনীয়। দন্তরোগের মধ্যে শ্যাব, দালন ও ভঞ্জন রোগ বর্জ্জনীয়। জিহ্বাগত অলাশ রোগ ও তালুগত অর্ব্বুদ রোগ বর্জ্জনীয়। স্বরঘ্ন বলয় বৃন্দ বলাস বিদা-রিকা গলৌঘ মাংসতান শতঘ্নী ও রোহিণী, এই নয়টী রোগ অসাধ্য

বলিয়া কীৰ্ত্তিত হইয়াছে। এই সকল রোগে প্রত্যাখ্যান পূর্ব্বক চিকিৎসা করিবে।

ত্রয়োবিংশতি অধ্যায়।

শোফের চিকিৎসা।

লক্ষণ ও প্রতীকার ভেদে শোফ ছয় প্রকার। এবং সর্ব্বসরা শোফ পঞ্চ প্রকার, যথা—বাত-জন্য পিত্ত-জন্য শ্লেষ্মা-জন্য সন্নিপাত-জন্য ও বিষ-জন্য। অত্যন্ত আহার করিয়া পথশ্রমকারীর, শাক পিষ্টান্ন ও লবণ এই সকল দ্রব্য অতিমাত্র ভোজন কারীর অথবা দুগ্ধ অম্লরস অগ্নি-পক্ক-মৃত্তিকাখণ্ড বা মৃত্তিকানির্ম্মিত-কট শর্করা অনুপদেশ জাত মাংস, এই সকল ভোজন জন্য অজীর্ণ রোগীর, অথবা গ্রাম্যধর্ম্ম বা বিরুদ্ধ আহার সেবনশীল ব্যক্তির, অথবা হস্তী অশ্ব রথ প্রভৃতি যানে গমনের দ্বারা যাহার শরীর ক্ষুব্ধ হইয়া দোষ ও ধাতু সমস্ত দূষিত হয় সেই সকল ব্যক্তির, শরীরে শ্বযথু জন্মে।

তাহার মধ্যে বায়ু-জন্য শ্বযথু অরুণ বা কৃষ্ণ বর্ণ বিশিষ্ট ও কোমল হয়, এবং তোদ (টনটনানি) ও বেদনা প্রভৃতি কখন থাকে ও কখন থাকে না।

পিত্ত-জন্য শ্বযথু পীত বা রক্ত বর্ণ বিশিষ্ট ও শীঘ্র প্রসারণশীল হয়, এবং দাহ চোষ প্রভৃতি যাতনা বিশেষ তাহাতে জন্মে।

শ্লেষ্মা-জন্য শ্বযথু পাণ্ডুবর্ণ বা শুক্লবর্ণ স্নিগ্ধ কঠিন, শীতল ও অল্পে অল্পে বৃদ্ধি হয়, এবং তাহাতে কণ্ডূ প্রভৃতি যাতনা জন্মে।

সন্নিপাত-জন্য শ্বযথু হইলে সকল প্রকার বর্ণ ও সকল প্রকার বেদনা বিশিষ্ট হয়।

বিষ-জন্য ব্রণ এই সকল কারণে জন্মে,—গরল সংযোগে, বা দূষিত জল সেবনে, বা দূষিত জলে অবগাহন প্রযুক্ত, অথবা বিষাক্ত

লেপন দ্রব্য, চূর্ণ দ্রব্য, বা বিষাক্ত জন্তুর মূত্র পুরীষ বা শুক্র, সংস্পর্শ জন্য, বা বিষাক্ত তৃণ কাষ্ঠাদি সংস্পর্শ জন্য, মৃদু শীঘ্র উত্থানশীল জলপূর্ণ প্রসারণশীল ও দাহ পাক বিশিষ্ট শ্বযথু জন্মে।

দোষ সমস্ত, আমাশয়ে স্থিত হইলে দেহের ঊর্দ্ধ ভাগে শ্বয়থু জন্মায়, পক্বাশয়ে স্থিত হইলে দেহের মধ্যভাগে ও অধোভাগে শ্বয়থু জন্মায়, এবং সর্ব্ব দেহগত হইলে সর্ব্ব শরীর গত সর্ব্বসরা নামক রোগ জন্মায়। শরীরের মধ্য দেশস্থ ও সর্ব্ব শরীর গত শ্বয়থু অতিশয় কষ্টকর। অঙ্গের কোন ভাগে শোফ জন্মিয়া ঊর্দ্ধে প্রসারিত হইতে থাকিলে ও শ্বাস পিপাসা দৌর্ব্বল্য জ্বর বমন অরুচি হিক্কা অতিসার কাস ও ফুলা, এই সকল উপদ্রব জন্মিয়া শরীর ক্ষয় হইলে, তাহার সামান্য ও বিশেষ প্রতীকার বলা যাইতেছে।

সকল প্রকার শোফে অম্ল লবণ দধি গুড় বসা দুগ্ধ তৈল ঘৃত প্রভৃতি গুরুপাক দ্রব্য পরিত্যাগ করিবে।

তাহার মধ্যে বায়ু-জন্য শ্বযথু রোগে, ত্রৈবৃত বা এরণ্ড তৈল এক মাস বা অর্দ্ধ মাস কাল পান করাইবে। পিত্ত-জন্য শোফে, ন্যগ্রোধাদি সহযোগে, ও শ্লেষ্মা-জন্য শোফে আরগ্বধাদি সহযোগে, ঘৃত পাক করিয়া পান করাইবে। সন্নিপাত জন্য শোফে স্নুহীক্ষীর এক পাত্র এবং অম্লরস দ্বাদশ পাত্র সহযোগে ঘৃত পাক করিয়া দন্তীচূর্ণ প্রক্ষেপ করিবে। সেই ঘৃত পান করাইবে। বিষ-জন্য শোফের প্রতীকার কল্পস্থানে বলা হইয়াছে।

অতঃপর সামান্য চিকিৎসা বলা যাইতেছে। তিল্বক-ঘৃত-চতুর্থী প্রভৃতি উদর রোগে যে সকল ঘৃত বলা হইয়াছে তাহা সেবন করিলে শ্বযথু আরোগ্য হয়। মূত্র বা বর্ত্তিক্রিয়া প্রয়োগ করিবে। অথবা অহরহ মধু সহযোগে নবায়স সেবন করিবে। অথবা বিড়ঙ্গ অতিবিষা কুটজ ফল ভদ্রদারু শুণ্ঠী মরিচ একত্র চূর্ণ ২৪ রতি পরিমাণে উষ্ণোদকের সহিত, অথবা ত্রিকটু ক্ষার ও লৌহ-চূর্ণ ত্রিফলার কাথ সহযোগে

বা তুল্য পরিমাণে গুড় ও হরীতকী সেবন করিবে। অথবা দেবদারু ও শুণ্ঠী মূত্র সহযোগে সেবন করিবে। অথবা গুড় ও শৃঙ্গবের সমভাগে পুনর্ণবার কষায় অনুপানে সেবন করিবে। অথবা শুণ্ঠীচূর্ণ পুনর্ণবার মূলের কল্কের সহিত দুগ্ধ অনুপানে অহরহ একমাস কাল সেবন করিবে। ত্রিকটু ও পুনর্ণবা সহযোগে ঘৃত পাক করিয়া সেই ঘৃত যোগে মুদ্গ ভোজন করিবে। পিপ্পলীমূল চব্য চিত্রক ময়ূর (রুদ্র জটা) পুনর্ণবা এই সকল একত্র যোগে দুগ্ধ পাক করিয়া পান করিবে। অথবা শুণ্ঠী ও মুরঙ্গী মূল সংযোগে বা ত্রিকটু এরণ্ডমূল ও শ্যামালতা মূল সংযোগে, বা পুনর্ণবা শুণ্ঠী সহা ও দেবদারু সহযোগে দুগ্ধ পাক করিয়া পান করিবে। অলাবু ও বিভীতক ফলের কল্ক তণ্ডুলোদক সহ সেবন করিবে।

ক্ষার পিপ্পলী মরিচ ও শৃঙ্গবের এই সকল সহযোগে লবণ বর্জ্জিত ও অল্প-স্নেহ যুক্ত মুদ্গযূষ পাক করিয়া তৎসহযোগে অন্ন ভোজন করিবে। অথবা যবান্ন বা গোধূমান্ন ভোজন করিবে। বৃক্ষক (কুটজ) অর্ক নক্তমাল নিম্ব ও পুনর্ণবা একত্র যোগে ক্বাথ প্রস্তুত করিয়া পরিষেচনে প্রয়োগ করিবে। সর্ষপ সৌর্ব্বচল সৈন্ধব ও শাঙ্গষ্ট ইহাদিগের একত্র যোগে লেপ প্রয়োগ করিবে। দোষ অনুসারে তীক্ষ্ণ বা মৃদু বিরেচন বমন আস্থাপন প্রভৃতি প্রক্রিয়া করিবে। শোফে উপদ্রব না থাকিলে স্নেহ-স্বেদ ও উপনাহ স্বেদ প্রয়োগ এবং শিরা বিদ্ধ করিয়া রক্ত-মোক্ষণ করিবে।

পিষ্টান্ন মদ্য, সকল প্রকার লবণ, স্নিগ্ধ দ্রব্য, দিবানিদ্রা, মাংসবর্জ্জিত আহার, স্ত্রী সহবাস, ঘৃত তৈল দুগ্ধ ও গুরুপাক দ্রব্য, শোফের প্রতিবিধানেচ্ছু ব্যক্তি এই সকল পরিত্যাগ করিবে।

চতুর্ব্বিংশতি অধ্যায়।

স্বাস্থ্য রক্ষার প্রণালী।

স্বাস্থ্য ও আরোগ্য অভিলাষী ব্যক্তি প্রতিদিন প্রাতঃকালে গাত্রো-খান করিয়া যাহা কিছু অনুষ্ঠান করিবে তাহা সমস্ত বলা যাইতেছে। প্রাতঃকালে গাত্রোত্থান করিয়া প্রথমতঃ দ্বাদশাঙ্গুল পরিমিত দীর্ঘ এবং কনিষ্ঠাঙ্গুলি সদৃশ পরিণাহ বিশিষ্ট দন্ত কাষ্ঠিকা আহরণ করিবে। তাহা ঋজু অগ্রথিত অক্ষত, অযুগ্ম গ্রন্থিযুক্ত, এবং প্রশস্ত-ভূমি-জাত হইবে। ঋতু ও শরীরের দোষ অনুসারে বৃক্ষের রস ও বীর্য্য বিবেচনা করিবে (১)। কষায় মধুর তিক্ত ও কটু এই চারি প্রকার রসের মধ্যে কোন প্রকার রসবিশিষ্ট বৃক্ষের কাষ্ঠিকা গ্রহণ করিবে। তিক্তের মধ্যে নিম্ব শ্রেষ্ঠ, কষায়ের মধ্যে খদির, মধুর মধ্যে মৌল এবং কটু রসের মধ্যে করঞ্জ। মধু ত্রিকটু ত্রিফলা ও গজ-পিপ্‌পলী, তৈল সৈন্ধব যোগে ইহাদিগের চূর্ণের দ্বারা দন্ত নিত্য মার্জ্জিত করিবে। কোমল কূর্চ্চকের দ্বারা উক্ত দন্ত শোধন চূর্ণ সহযোগে এক একটী করিয়া দন্ত ঘর্ষণ করিবে। এরূপে ঘর্ষণ করিবে যেন দন্তমূলের মাংস ক্ষত না হয়। ইহাতে মুখের নির্ম্মলতা, অন্নে রুচি ও মনের প্রফুল্লতা জন্মায়। গল রোগে তালুরোগে ওষ্ঠরোগে ও জিহ্বা রোগে দন্তকাষ্ঠী ব্যবহার করিবে না। মুখপাক রোগে, শ্বাস কাস হিক্কা বা বমন হইলে, দুর্ব্বল জীর্ণান্ন মূর্চ্ছা রোগ বা মদ-পীড়িত হইলে, শিরো-রোগান্বিত তৃষ্ণান্বিত শ্রান্ত বা পানক্লান্ত হইলে অর্দ্দিত রোগ কর্ণশূল বা দন্ত রোগ হইলে, জিহ্বা নির্লেখন হিতকর। রৌপ্য বা সুবর্ণ নির্ম্মিত, অথবা বৃক্ষ ত্বক্ নির্ম্মিত মৃদু কোমল ও দশাঙ্গুল পরিমিত নির্লেখীন জিহ্বা মল কর্ষণার্থ

---

(১) শ্লেষ্মা প্রকৃতি হইলে কটুরস বিশিষ্ট বৃক্ষের, পিত্ত প্রকৃতি হইলে মধুর রস বিশিষ্ট বৃক্ষের এবং বায়ু প্রকৃতি হইলে কষায় রস বিশিষ্ট বৃক্ষের দন্ত কাষ্টিকা ব্যবহার্য্য। রুগ্ন অবস্থাতেও এরূপ দোষ অনুসারে দন্ত কাষ্টিকা ব্যবহার করা গ্রন্থকারের অভিপ্রায়।

প্রশস্ত। মুখের বৈরস্য দৌর্গন্ধ শোফ ও জড়তা নাশের জন্য দন্ত দৃঢ়করণ জন্য ও মুখের রুচিকরণ জন্য, স্নেহ গণ্ডূষ গ্রহণ করিবে। (সর্ষপ তৈলের কুলকুচা করিবে)। যজ্ঞডুম্বুরের সহিত তাহার ক্ষীর মিশ্রিত করিয়া তদ্দ্বারা, অথবা আমলকীর কাথের দ্বারা মুখ প্রক্ষালন করিবে, এবং নেত্রে শীতল জল প্রদান করিবে। ইহাতে নীলিকা রোগ মুখশোষ পিড়কা ও ব্যঙ্গ ও রক্তপিত্ত জন্য রোগ আরোগ্য হয়।

অঞ্জনের মধ্যে সিন্ধু সম্ভূত বিশুদ্ধ স্রোত অঞ্জন শ্রেষ্ঠ। ইহাতে চক্ষের দৃঢ় লঘু ও সচ্ছন্দ দৃষ্টি জন্মে। অঞ্জন সহযোগে নয়নের দাহ কণ্ডু ও মল নাশ হয়, ক্লেদ ও বেদনার শান্তি হয়, দৃষ্টি শক্তি বৃদ্ধি হয়, বায়ু ও রৌদ্র সহ্য হয়, এবং কোন প্রকার নেত্র রোগ জন্মে না অতএব অঞ্জন প্রয়োগ করা কর্ত্তব্য। ভোজনের পর স্নানের পর শ্রান্ত হইলে বমন বা যানারোহণ করিলে, রাত্রি জাগরণ করিলে অথবা জ্বর হইলে অঞ্জন প্রয়োগ কর্ত্তব্য নহে।

কর্পূর জাতিফল লবঙ্গ কুটজ ও পূগফল চূর্ণ, এই সকল সমেত তাম্বুল পত্র সেবন করিবে। ইহাতে মুখের নির্ম্মলতা সুগন্ধি কান্তি ও শোভা সম্পাদিত হয়। এবং হনু দন্ত স্বর ও জিহ্বেন্দ্রিয় সংশোধিত হয়। ইহা লালাস্রাবের শান্তিকর, রুচিকর ও রোগ নাশক। নিদ্রান্তে ভোজনান্তে স্নানান্তে ইহা সেবন করা কর্ত্তব্য। রক্তপিত্তে ক্ষতক্ষীণ তৃষ্ণা ও মূর্চ্ছা রোগে, রুক্ষ ও দুর্ব্বল অবস্থায় বা মুখশোষ রোগে, ইহা সেবন করা বিধেয় নহে।

মস্তকে তৈল প্রভৃতি অভ্যঙ্গ প্রয়োগ করিলে শিরোগত রোগের শান্তি হয়, মস্তকের কেশ কোমল দীর্ঘ বহুল স্নিগ্ধ ও কৃষ্ণ বর্ণ হয়, এবং সকল ইন্দ্রিয় তৃপ্ত হয়। যষ্টিমধু শুক্ল-ভূমি-কুষ্মাণ্ড-বৃক্ষ সরল-কাষ্ঠ দেবদারু ক্ষুদ্র পঞ্চ মূল সমভাগে আহরণ করিয়া তাহাদিগের কল্কে ও কষায়ে চক্র তৈল পাক করিবে। শীতল হইলে এই তৈল মস্তকে

প্রয়োগ করিবে। ইহা কেশ প্রসাধক এবং মস্তকের জন্তু (উকুন) ও মল নাশক। ইহাতে হনুস্তম্ভ মন্যাস্তম্ভ শিরঃশূল নাশ হয়, ও কর্ণ-পূরণ করিলে কর্ণ শূল আরোগ্য হয়। এই অভ্যঙ্গে শরীরের কোমলতা সম্পাদিত হয়, সকল ধাতুর পুষ্টি হয় এবং শরীরের স্নিগ্ধতা বর্ণ ও বল জন্মায়। এই তৈল পরিষেচনে শ্রম নাশ হয়, ভগ্নসন্ধি আরোগ্য হয়, এবং ক্ষত অগ্নিদগ্ধ অভিহিত ও বিঘৃষ্ট স্থানের বেদনা নিবৃত্ত হয়। যেমন মূলে জল সেচন করিলে তরু বৃদ্ধি পায়, সেই রূপ স্নেহ মর্দ্দন করিয়া জল সেচন করিলে শরীরের ধাতু সমস্ত বৃদ্ধি পায়। স্নেহ মর্দ্দন পূর্ব্বক অবগাহন করিলে, শিরামুখ রোমকূপ ও ধমনীমুখের দ্বারা দেহে প্রবিষ্ট হইয়া বল বর্দ্ধন করে। তাহার মধ্যে প্রকৃতি সাত্ম্য ঋতু দেশ দোষ ও বিকার, এই সমস্ত পর্য্যালোচনা করিয়া তৈল বা ঘৃত অভ্যঙ্গ ও পরিষেচনে প্রয়োগ করিবে। আম দোষে, তরুণ জ্বরে অজীর্ণ রোগে বিরেচনান্তে, বমনান্তে, নিরূঢ় বস্তি প্রয়োগের পর, অভ্যঙ্গ প্রয়োগ করিবে না। পূর্ব্বোক্ত দুইটী অবস্থায় প্রয়োগ করিলে রোগ অসাধ্য হইয়া উঠে, এবং অবশিষ্ট সকল অবস্থায় প্রয়োগ করিলে অগ্নিমান্দ্য হয়।

ব্যায়াম কার্য্যের দ্বারা অতি ভোজন জন্য রোগ জন্মে না ও শরীরের সচ্ছন্দতা জন্মে। ব্যায়াম করিলে দেহে সুখ অনুভূত হয়, স্নিগ্ধ হয়, সর্ব্ব-দেহ সমভাবে বৃদ্ধি পায় ও কান্তি বৃদ্ধি হয়, এবং দীপ্তাগ্নি নিরালস্য হর্ষতা লঘুতা নির্ম্মলতা ও শ্রম ক্লম পিপাসা শীত উষ্ণ এই সকল ক্লেশের সহিষ্ণুতা, শরীরের এই গুণ গুলি জন্মে। ব্যায়ামের দ্বারা আরোগ্য লাভ হয়, এবং দেহের স্থূলতা অপকর্ষনের পক্ষে ব্যায়ামের সদৃশ আর কিছুই নাই। ব্যায়ামশীল ব্যক্তিকে শত্রু সমস্ত ভয় করে, এবং জরা তাহাকে সহসা আক্রমণ করিতে পারে না। ইহার দ্বারা শরীরের মাংস দৃঢ় হয় এবং শরীরে রোগ জন্মে না। বয়স রূপ বা গুণ না থাকিলেও ইহার দ্বারা বিরুদ্ধ ভোজন নিত্য নির্দ্দোষে পরিপাক পায়। আত্ম হিতাভিলাষী ব্যক্তি

সর্ব্ব কালেই ব্যায়াম্ অভ্যাস করিবে। বলবান্ ও স্নিগ্ধ-ভোজন-শীল ব্যক্তির পক্ষে শীত কালে ও বসন্ত কালে ইহা নিতান্ত কর্ত্তব্য। বলের অর্দ্ধমাত্রা পরিমাণে ব্যায়াম কর্ত্তব্য, ইহার অন্যথা হইলে শরীর নাশ পায়। হৃদয়স্থ বায়ু মুখে আসিতে আরম্ভ করিলেই (হাঁপাইতে আরম্ভ করিলে) বলের অর্দ্ধ পরিমাণ ব্যায়াম করা হইল জানিবে। বয়স বল শরীর দেশ কাল ও ভক্ষ্য-দ্রব্য এই সকল বিবেচনা করিয়া ব্যায়াম করিবে, তাহা না করিলে রোগ জন্মে। রক্ত-পিত্ত রোগী কৃশ শোষ-রোগী শ্বাস কাস ও ক্ষত রোগী, ইহাদিগের পক্ষে ব্যায়াম কর্ত্তব্য নহে। আহারান্তে বা স্ত্রী সহগমে ক্ষীণ হইলে ও ভ্রমার্ত্ত হইলে ব্যায়াম করিবে না।

উদ্বর্ত্তন (অঙ্গলেপ) বায়ু-শান্তিকর কফ-মেদের সাম্যকর অঙ্গের স্থিরতা সম্পাদক ও ত্বকের প্রসাদক। উদ্ঘর্ষণ ও উৎসাদনের দ্বারা সিরামুখ পরিষ্কৃত হয় ত্বকস্থ অগ্নি (উষ্ণতা) উত্তেজিত হয়। উৎ-সাদনের [মার্জ্জন] দ্বারা বিশেষতঃ স্ত্রীলোকদিগের শরীরে কান্তি বৃদ্ধি হয়, এবং শরীরের প্রহর্ষণ সৌভাগ্য ও লঘুতা প্রভৃতি গুণ জন্মে। উদ্ঘর্ষণ দ্বারা কণ্ডূ কোঠ ও বায়ুর শান্তি হয়, উরু দ্বয়ের স্থৈর্যতা ও লঘুতা জন্মে এবং স্তম্ভ ও মল রোগ নাশ হয়, ত্বকস্থ অগ্নি উত্তেজিত হয় এবং শিরামুখ হইতে উষ্ণতা নিঃসৃত হয়। নিদ্রা,—দাহ ও শ্রমের শান্তিকর এবং স্বেদ কণ্ডু ও তৃষ্ণা নাশক। স্নান করিলে, রুচি জন্মে, মল নাশ হয়, সকল ইন্দ্রিয় বিশোধিত হয়, মনের প্রফুল্লতা জন্মে, পুরুষত্ব বৃদ্ধি হয়, রক্ত প্রসন্ন হয়। এবং শীতল জলে মস্তক নিমজ্জিত করিয়া স্নান করিলে দৃষ্টি প্রসন্ন হয়। বায়ুর প্রকোপ, ব্যাধির বলাবল বিবেচনা করিয়া উষ্ণোদকে মস্তক নিমজ্জিত করিয়া স্নান করিবে। শীত কালে অতিশয় শীতল জলে স্নান করিলে শ্লেষ্মা ও বায়ু কুপিত হয়। উষ্ণ কালে উষ্ণোদকে স্নান করিলে পিত্ত শোণিত কুপিত হয়। অতিশয় জ্বর কর্ণশূল ও বায়ু-জন্য রোগে, ও আধ্মান অরুচি অজীর্ণ

রোগে এবং আহারান্তে, স্নান করা গর্হিত। অঙ্গে অনুলেপ প্রয়োগ করা, সৌভাগ্যকর বর্ণকর প্রীতি ওজ ও বলের বর্দ্ধন কর, স্বেদ দৌর্গন্ধ বিবর্ণ ও শ্রমের নাশক। যে সকল অবস্থায় স্নান নিষেধ সেই সকল অবস্থায় অনুলেপনও নিষিদ্ধ।

অঙ্গে রত্ন ধারণ করা রক্ষোঘ্ন, ওজ বর্দ্ধনকর, সৌভাগ্যকর শোভাকর ও প্রীতি-বর্দ্ধন-কর। মুখে আলেপন প্রয়োগ করিলে দৃষ্টি দৃঢ় হয়, গণ্ড দ্বয় ও মুখ পীন হয়, ব্যঙ্গ ও পিড়কা জন্মে না, ও মুখের কান্তি বৃদ্ধি হয়। নেত্রে অঞ্জন প্রয়োগ করিলে পক্ষ্ম বৃদ্ধি হয়, নেত্র মণ্ডল নির্ম্মল কান্তি যুক্ত ও উজ্জ্বল হয়, এবং তারক মণ্ডল নির্ম্মল হয়। দেবতা অতিথি ও বিপ্রের পূজা করিলে, যশঃ পুণ্য আয়ুঃ ধন ধান্য ও গোত্র বৃদ্ধি হয়। আহার,—প্রীতিকর বলকর দেহ-পোষক এবং আয়ু তেজ উৎসাহ স্মৃতি ওজ ও অগ্নির বর্দ্ধনকর। পাদ প্রক্ষালনের দ্বারা পাদের মলিনতা নাশ হয়, শ্রম দূর হয়, দৃষ্টি প্রসন্ন হয়, শরীরের তেজ বৃদ্ধি হয় ও মনের প্রফুল্লতা জন্মে। পাদে অভ্যঙ্গ প্রয়োগ করিলে, নিদ্রা হয়, দেহের সুখ বোধ হয়, দৃষ্টি প্রসন্ন হয়, শ্রম ও সুপ্তি নাশ হয় এবং পায়ের ত্বক কোমল হয়। পাদুকা ধারণ করা, পাদরোগের শান্তিকর, বৃষ্য রক্ষোঘ্ন প্রীতিকর ভ্রমনের সুখকর এবং ওজ বর্দ্ধনকর। পাদুকা ধারণ না করিয়া গমন করা জীবনের পক্ষে হিতকর নহে, ও দৃষ্টির উপঘাত জনক। শরীরের কেশ নখ ও রোম অপমার্জ্জিত করিলে পাপের উপশম হয়, মনে হর্ষ জন্মে, ভাগ্য প্রসন্ন হয়, ও উৎসাহ বৃদ্ধি হয়। মস্তকে উষ্ণীষ্ ধারণ করিলে, মস্তকে আঘাত লাগে না, বর্ণ তেজ ও বল বৃদ্ধি হয়, কেশ বৃদ্ধি হয়, এবং বায়ু রৌদ্র ও ধূলি নিবারিত হয়। ছত্র ধারণ,—বর্ষা/বায়ু ধূলি ঘর্ম্ম হিম প্রভৃতির নিবারক, বর্ণ ও দৃষ্টির প্রসন্নকর, ওজ-বর্দ্ধন কর, এবং মঙ্গলকর। দণ্ডধারণ,—কুক্কুর সর্প ও শৃঙ্গী প্রভৃতির নাশক, শ্রমের লাঘবকর ও পাদ স্খলিত হওয়ার নিবারক; ইহা স্থবিরের পক্ষে প্রশস্ত। ইহাতে

সত্ব উৎসাহ বল স্থৈর্য্য ধৈর্য্য ও বীর্য্য বর্দ্ধিত হয়, মন দৃঢ় ও নির্ভয় হয়। পথভ্রমণ না করিলে, বর্ণের উজ্জ্বলতা কফ ও স্থূলতা বৃদ্ধি হয়, ও শরীর কোমল হয়। পথ ভ্রমণ করিলে বর্ণ কফ স্থূলতা ও কোমলতা নাশ হয়। অতিশয় পথ শ্রমে বিপরীত গুণ হয়, শরীর জীর্ণ হয়, ও দুর্ব্বল হয়। পাদ সঞ্চারণ দেহের পীড়াকর নহে, অথচ আয়ু বল মেধা অগ্নি ও সকল ইন্দ্রিয়ের শক্তি বৃদ্ধি হয়। সচ্ছন্দশয়ন ও উপবেশনে, শ্রম ও বায়ুর শান্তি হয়, শরীরের পুষ্টি হয়, নিদ্রা হয় ও মনের ধারণাশক্তি বৃদ্ধি হয়। বালব্যজন-সম্ভূত বায়ু, ওজস্কর, মক্ষিকাদির নিবারক, এবং শোষ দাহ শ্রম স্বেদ ও মূর্চ্ছা নাশক। সংবাহন (গা টেপা), প্রীতিকর, নিদ্রাকর, বৃষ্য কফ বাত ও শ্রমের শান্তিকর, এবং মাংস রক্ত ও ত্বকের প্রসাদনকর। প্রবাহিত বায়ু,—রুক্ষ বিবর্ণকর, স্তব্ধকর দাহকর ও পরিপাক শক্তির হানিকর, এবং স্বেদ মূর্চ্ছা ও পিপাশার নাশক। অপ্রবাহিত বায়ুতে ইহার বিপরীত গুণ জন্মে (১) গ্রীষ্ম ও শরৎ কালে মন্দ প্রবাহিত বায়ু সেবন করিবে। আয়ুষ্মান ব্যক্তির পক্ষে আরোগ্যের নিমিত্ত বায়ুশূন্য স্থান প্রশস্ত। সূর্য্যাতপ সেবনে পিত্ত তৃষ্ণা অগ্নি স্বেদ মূর্চ্ছা দাহ ভ্রম জন্মে, রক্ত কুপিত হয়, এবং শরীর বিবর্ণ হয়। ছায়াতে অর্থাৎ আতপ হীন স্থানে এই সকল দোষের শান্তি হয়। অগ্নি সেবনের দ্বারা বায়ু কফ স্তব্ধভাব শীত ও কম্প নাশ হয়, আমরোগ ও নেত্রের অভিষ্যন্দ রোগ জন্মে, পরিপাক হয় ও রক্তপিত্ত দূষিত হয়। নিদ্রা উপযুক্ত কালে নিসেবিতা হইলে, শরীরের পুষ্টি বর্ণ বল উৎসাহ ও অগ্নির দীপ্তি জন্মায়, এবং সকল ধাতু সমভাবে থাকে।

নীচ নখ রোম ধারণ করিবে, পবিত্র শুক্ল বস্ত্র পরিধান করিবে, এবং লঘু উষ্ণীষ ছত্র পাদুকা ও দণ্ড ধারণ করিবে। অভিভাষিত

---

(১) প্রবাহিত বায়ু শরীরে লাগাইলে যে সকল ফল হয় অপ্রবাহিত বায়ু লাগাইলে অর্থাৎ নির্ব্বাত স্থানে তাহার বিপরীত ফল হয়।

হইলে হিত পরিমিত ও মধুর বাক্যে বন্ধুর ন্যায় সম্ভাষণ করিবে। গুরু ও বৃদ্ধ গণের অনুমোদিত স্থানে সহায় সম্পন্ন হইয়া বিচরণ করিবে। রাত্রিকালে বা কেশ অস্থি কণ্টক অশ্ম তুষ ভস্ম কপাল বা অঙ্গার বিকীর্ণ অপবিত্র স্থানে, বলিভূমিতে, বিষম স্থানে পর্ব্বতে বা চত্বপথে বিচরণ করিবে না। রাজার প্রতি দ্বেষবাক্য পরুষ পৈশুন্য বা মিথ্যা ব্যবহার করিবে না। রাজদ্বেষী উন্মত্ত পতিত ক্ষুদ্র নীচাচারী ব্যক্তির উপাসনা করিবে না।

বৃক্ষ পর্ব্বত প্রতাম বিষম স্থান বল্মীক, দুষ্ট বাজি বা কুঞ্জর, এই সকল আরোহণ করিবে না। পূর্ণ নদী সমুদ্র অবিদিত-তল কূপে অবতরণ করিবে না। জন সমাজ হইতে ভিন্ন শূন্যগৃহ, শ্মশান বিজন অরণ্য, অগ্নিসংক্রান্ত স্থানে, ব্যাল ভুজঙ্গ কীট কলহ শস্ত্র-সন্নিপাত ও শৃঙ্গী, ইহাদিগের নিকট গমন করিবে না। অগ্নি গো গুরু ব্রাহ্মণ ও দম্পতী, ইহাদিগের মধ্যে গমন করিবে না। দেবতা গো ব্রাহ্মণ চৈত্য ধ্বজরোগী পতিত ও পাপকারী, ইহাদিগের ছায়া সংস্পর্শ করিবে না। অস্ত গনোদ্যত আদিত্য দর্শন করিবে না। শবের অনুগমন করিবে না। গাভী-বৎসকে মাতৃদুগ্ধ পান করিতে দেখিলে, অথবা গাভীকে ক্ষেত্রে বিচরণ করিতে দেখিলে, অন্য কাহাকেও বলিবে না। উল্কাপাত হইলে বা ইন্দ্রধনু হইলে কাহাকেও বলিবে না। মুখের দ্বারা অগ্নি ধমন করিবে না। হস্ত পাদের দ্বারা জল বা ভূমি তাড়ন করিবে না।

বেগ ধারণ করিবে না। গ্রাম নগর দেবয়াতন শ্মশান চত্বপথ বা জলাশয়ে, পথের সন্নিকটে প্রকাশ্য স্থানে, অথবা বায়ু অগ্নি জল চন্দ্র সূর্য্য গো গুরুতর ব্যক্তি, ইহাদিগের প্রতিমুখে, বিষ্ঠা মূত্র প্রভৃতি পরিত্যাগ করিবে না। ভূমি বিলেখন কর্ত্তব্য নহে। সভামধ্যে অসম্বৃত মুখে জৃম্ভ উদ্গার শ্বাস ক্ষবথু পরিত্যাগ কর্ত্তব্য নহে। গুরু জনের সমক্ষে খট্টোপরি অবষ্টব্ধভাবে উপবেশন বা পাদ প্রসারণাদি

কর্ত্তব্য নহে। গাত্র নখ বা মুখ বাদন করিবে না, কাষ্ঠ লোষ্ট্র তৃণ প্রভৃতি অভিঘাত বা ভেদ করিবে না। প্রত্যভিমুখ প্রবাহিত বায়ু বা সূর্য্যাতপ সেবন করিবে না, ভুক্ত মাত্রেই অগ্নি সেবন বা উৎকট ভাবে উপবেশন অল্পায়ত কষ্টাসনে উপবেশন করিবে না। বিপরীত ভাবে গ্রীবা ধারণ করিবে না। শরীর বিপরীত ভাবে রাখিয়া কোন কার্য্য বা ভোজন করিবে না। বিস্তীর্ণ ভাবে দৃষ্টিপাত করিবে না, বিশেষতঃ জ্যোতিঃ সূর্য্যমণ্ডল বা সূক্ষ্ম সচল ভ্রান্তিজনক পদার্থে দৃষ্টি স্থির করিবে না। মস্তকে ভার বহন করিবে না। স্বপ্ন জাগরণ শয়ন আসন পাদচারণ যান বাহন প্রধাবন বনলঙ্ঘন প্লাবন সন্তরণ হাস্য কথন ব্যায়াম প্রভৃতি অতিরিক্ত পরিমাণে সেবন করিবে না। অহিতকর হইলে বিহিত বিষয় হইতেও ক্রমশঃ বিরত হওয়া কর্ত্তব্য, এবং হিতকর হইলে অবিহিত বিষয়ও ক্রমশ সেবন করা কর্ত্তব্য, এককালীন কর্ত্তব্য নহে।

পশ্চিম দিকে মস্তক রাখিয়া শয়ন করিবে না ভিন্ন পাত্রে বা অঞ্জলি পুটে জলপান করিবে না। উপযুক্ত কালে হিতকর পরিমিত স্নিগ্ধ মধুরপ্রায় ও বৈদ্য-অনুমোদিত দ্রব্য আহার করিবে। গ্রাম্য গণতার স্থলে, গনিকাগারে, শত্রু শঠ বা পতিত ব্যক্তির গৃহে ভোজন পরিত্যাগ করিবে। ভোজনাবশেষ দ্রব্য, বা অনিষ্ট রূপ রস গন্ধ স্পর্শ শব্দের অভিলাষে অথবা অনিষ্টকর দ্রব্য বা মক্ষিকা সর্পাদি উপহত দ্রব্য পুনঃ পুনঃ প্রদত্ত হইলেও পরিত্যাগ করিবে। হস্ত পাদ প্রক্ষালন না করিয়া ভোজন করিবে না। মূত্র বা পুরীষের বেগে পীড়িত হইলে, বা উভয় সন্ধ্যা কালে বা নিরাশ্রয়ে থাকিয়া বা ভোজনের কাল অতীত করিয়া, অথবা মাত্রা হীন করিয়া, ভোজন করিবে না, অথবা উদ্ধৃত-স্নেহ দ্রব্য (১) ভোজন করিবে না। জলে আত্ম প্রতিবিম্ব দেখিবে না, অথবা মগ্ন হইয়া জলে প্রবেশ করিবে না। রাত্রি কালে

(১) যাহার ঘৃত বা তৈলবৎ পদার্থ স্বতন্ত্র করা হয়।

দধি ভোজন করিবে না, বা ঘৃত শর্করা হীন অথবা দুগ্ধ যূষ হীন, ভোজন করিবে না, বা মধু হীন, উষ্ণবীর্য্য দ্রব্য বা আমলকী ব্যতি-রেকে ভোজন করিবে না। ইহার অন্যথা হইলে কুষ্ঠ বিসর্প প্রভৃতি জন্মে। অতিরিক্ত দ্যূতক্রীড়া বা মদ্য সেবন করিবেনা, প্রতিভূ বা সাক্ষ্য স্থলে উপস্থিত হইবে না, গোষ্ঠী (সঙ্গীত সভা) বা বাদিত্র প্রভৃতিতে আশক্ত হইবেনা। অন্যের পরিত্যক্ত মাল্য ছত্র পাদুকা আভরণ ও বস্ত্র ব্যবহার করিবেনা। ব্রাহ্মণ অগ্নি ও গাভী ইহাদিগকে উচ্ছিষ্ট স্পর্শ করাইবেনা, সদ্বৃত্তশালী ব্যক্তিরই সুখলাভ হইয়া থাকে। আরোগ্য আয়ু বা অর্থ অসদ্ব্যক্তির কখনই লাভ হয়না। যে যে ঋতুতে যে যে দোষ কুপিত হয় অভিজ্ঞ ব্যক্তি সেই সেই দোষ নাশক রস সেবন বিধান করিবে। বর্ষাকালে জল পান করিবে না, শরৎ কালে পরিমিত মাত্রায় পান করিবে। যদি একান্ত বর্ষাকালে পান করিতে হয় তবে বর্ষার আরম্ভ হইতে চারিমাস কাল অল্প পান করিবে। উষ্ণ কালে বসন্তে, এবং গ্রীষ্ম বা হেমন্তে যথেচ্ছা শীতল জল পান করিবে। হেমন্তে ও বসন্তে সীধু অরিষ্ট পান করিবে। গ্রীষ্ম কালে অগ্নিপক্ক জল শীতল করিয়া পান করিবে, এবং প্রাবৃট কালে রস পান করিবে। এই রূপ নিয়মে স্বাস্থ্য রক্ষা হয়, ইহার অন্যথা হইলে আহারাদি ও দোষানুসারে অবস্থা ঘটে। স্নেহ দ্রব্য সৈন্ধব চূর্ণ একত্র পান করিবে, ইহাতে অগ্নি বৃদ্ধি হয়। বেগ ধারণ করিবে না। প্রাবৃট শরৎ ও বসন্ত কালে স্নেহাদি সেবন করিবে, ইহাতে অগ্নি বৃদ্ধি হয় ও রোগের (ঋতু জন্য) শমতা হয়। কফে বমন, পিত্তে বিরেচন বাতে বস্তিকার্য্য প্রশস্ত। ব্যায়ামের দ্বারা সর্ব্ব কালে এই তিন দোষের শান্তি হয়। বিরুদ্ধ আহার করিলেও ব্যায়ামশীল ব্যক্তির দোষ কুপিত হয় না। বমন বিরেচন আহার শোধন প্রভৃতি কার্য্য তন্মনা হইয়া সম্পন্ন করিবে। রোগ ভয় হেতু প্রাজ্ঞ ব্যক্তি দৈহিক বা মানসিক পীড়া অভিলাষ করিবেনা। অতিশয় স্ত্রী সেবন হইতে

আত্মাকে রক্ষা করিবে। ইহার দ্বারা শূল, ও কাস, জ্বর শ্বাস, পাণ্ডু, ক্ষয় আক্ষেপক প্রভৃতি রোগ জন্মে, আয়ুষ্মান বর্ণ ও বল বিশিষ্ট ব্যক্তি, স্থির ও উপচিত মাংস বিশিষ্ট ব্যক্তি, স্ত্রী সেবনে নিয়মিত আচারী হইবে। তিন দিবস অন্তর স্ত্রী গমন করিবে, ঋতু কালে এক পক্ষ অন্তর গমন করিবে। রজস্বলা অকামা মলিনা অপ্রিয়া বর্ণশ্রেষ্ঠা বয়োজ্যেষ্ঠা ব্যাধি-পীড়িতা হীনাঙ্গী গর্ভিণী দ্বেষ্যা (যাহাকে দ্বেষ করা যায়) যোনি দোষ বিশিষ্টা, স্বগোত্রা গুরুপত্নী প্রব্রজিতা ও অগম্যা, এই সকল স্ত্রীতে গমন করিবে না। সন্ধ্যাকালে প্রভাত কালে অর্দ্ধ রাত্রে মধ্যদিনে, লজ্জাবহ দেশে, প্রকাশ্য বা অপবিত্র স্থানে, অথবা ক্ষুধিত ব্যাধিত বা ক্ষুব্ধচিত্ত অবস্থায় বায়ু বিষ্ঠা বা মূত্রের বেগ উপস্থিত হইলে, পিপাসু হইলে বা দুর্ব্বল থাকিলে স্ত্রীগমন করিবেনা। তির্যক যোনি বা অন্য যোনি বা দুষ্ট যোনীতে গমন করা বলবান ব্যক্তিও পরিত্যাগ করিবে। উত্তান ভাবে শয়ন করিয়া রেত ত্যাগ করিবে না। রজস্বলা স্ত্রীলোকে গমন করিলে তেজের হানি সুতরাং অধর্ম্ম হয়। গুরুপত্নী সগোত্রা ও বৃদ্ধা স্ত্রীলোকে গমন করিলে, অথবা পর্ব্বদিনে বা সন্ধ্যাকালে গমন করিলে আয়ু ক্ষয় হয়। গর্ভিণী স্ত্রীতে গমনে গর্ভপীড়া হয়। হীনাঙ্গী মলিনা দ্বেষ্যা অকামা বা বন্ধ্যা স্ত্রীলোকে গমন করিলে, অথবা প্রকাশ্য বা অপবিত্র দেশে গমন করিলে, শুক্র ও মনের ক্ষয় হয়। ক্ষুধিত ক্ষুব্ধচিত্ত বা তৃষিত বা দুর্ব্বল অবস্থায় অথবা মধ্যাহ্ন কালে গমন করিলে শুক্র বা বায়ুর প্রকোপ হয়। অতি প্রসঙ্গে শোষ ও শুক্রক্ষয় রোগ জন্মে। ব্যাধিত অবস্থায় গমন করিলে প্লীহা, মূর্চ্ছা বা মৃত্যু পর্য্যন্ত ঘটে। প্রত্যূষে বা অর্দ্ধরাত্রে গমন করিলে বাতপিত্ত কুপিত হয়। অন্য যোনি বা দুষ্ট যোনিতে গমন করিলে, উপদংশ রোগ জন্মে, বায়ু কুপিত হয়, ও শুক্র ক্ষয় হয়। উত্তান অবস্থায় থাকিয়া বা বিষ্ঠা মূত্রের বেগ ধারণ করিয়া স্ত্রী গমন করিলে, অথবা শুক্র বেগ ধারণ করিলে শুক্রাশ্মরী

জন্মে। অতএব ইহ পরলোকের মঙ্গলের কারণ এই সকল পরিত্যাগ করিবে। মোহ প্রযুক্ত শুক্রবেগ উপস্থিত হইলে কখন ধারণ করিবে না। অল্প বয়স্কা ও রূপ গুণ সম্পন্না লজ্জাশীলা ও তুল্যগুণ সম্পন্না, পরস্পর আশক্ত ও আশক্তা হৃষ্টা ও অলঙ্কৃতা এই রূপ প্রমদাতে বাজীকরণের ঔষধ সেবনে বৃংহিত হইয়া গমন করিবে। সুরত ক্লান্তির অপনোদন জন্য শর্করা-যুক্ত দুগ্ধপান, স্নান, বায়ু সেবন ও নিদ্রা বিধেয়।

পঞ্চবিংশতি অধ্যায়।

অথ মিশ্র চিকিৎসা।

পালী রোগে স্রাব করা কর্ত্তব্য ইহা পূর্ব্বে বলা হইয়াছে। এক্ষণে তাহার বিশেষ বলা যাইতেছে। পরিপোট, উৎপাত, উন্মন্থ, দুঃখবর্দ্ধন ও পরিলেহী, কর্ণপালীতে এই পঞ্চ বিধ রোগ জন্মে। সৌকুমার্য্য প্রযুক্ত অধিক দিন পরিত্যক্ত হইলে রোগ সহসা বৃদ্ধি হয়। কর্ণ-পালীতে বেদনা বিশিষ্ট কৃষ্ণারুণবর্ণ পরিপোটন যুক্ত শোফ জন্মে, ইহাকে পরিপোটক কহে। এই রোগ বায়ুজন্য। গুরুভার বিশিষ্ট কর্ণাভরণের তাড়নের ও ঘর্ষণের দ্বারা রক্ত-জন্য বা রক্তপিত্ত জন্য যে দাহ পাক ও বেদনা বিশিষ্ট শ্যাববর্ণ শোফ জন্মে তাহাকে উৎপাত কহে। বল পূর্ব্বক কর্ণপালী বাড়াইলে পালিতে বায়ু কুপিত হয়, তাহাতে কফ সংযোজিত হইয়া বাতশ্লেষ্মারু বর্ণ ও বেদনা বিশিষ্ট শোফ জন্মে। এই রোগ কণ্ডূ বিশিষ্ট ও কফবাত-জন্য। ইহাকে উন্মন্থ কহে। কর্ণপালী বাড়াইলে কণ্ডূ দাহ বেদনা বিশিষ্ট শোফ জন্মিয়া পাকিয়া উঠে। এই রোগ ত্বকস্থ, ইহাকে দুঃখবর্দ্ধন কহে। কফরক্ত ও কৃমি কর্ত্তৃক কর্ণপালীতে সর্ষপাকার পিড়কা জন্মিয়া স্রাবিত হয়,

ও তাহাতে কণ্ডূ দাহ ও বেদনা জন্মে। এই রোগ কফরক্ত ও ক্রমি জন্য জন্মিয়া ক্রমশঃ প্রসারিত হইয়া কর্ণশস্কুলী সমেত পালী লেহন করে, এই জন্য ইহাকে পরিলেহী বলে। এই কয়েকটী কর্ণপালী রোগ অতি ভয়ানক। প্রতীকার না করিলে মিথ্যা আহারশীল ও বিহারশীল ব্যক্তির এই রোগে পালী বিনষ্ট হয়। অতএব স্নেহাদির অভ্যঙ্গ পরিষেচন প্রদেহ ও রক্ত মোক্ষণ দ্বারা এই সকল রোগের শীঘ্র প্রতীকার কর্ত্তব্য।

সামান্যতঃ এই সকল রোগের অভ্যঞ্জন বলা যাইতেছে। অপামার্গ যষ্টিমধু সৈন্ধব দেবদারু অশ্বগন্ধা মূলক বীজ ও সোমরাজ বীজ, এই সকল উত্তম রূপে পিষিয়া, তৎসহযোগে ঘৃত তৈল বসা মজ্জ ও মধুচ্ছিষ্ট, সকল একত্র করিয়া দুগ্ধ সহ পাক করিবে। পরিপোটক রোগে এই তৈল প্রদেহে প্রয়োগ করিবে। মঞ্জিষ্ঠা তিল যষ্টিমধু শ্যামালতা উৎপল পদ্মকাষ্ঠ রোধ্র কদম্ব বলা (শ্বেত বেড়েলা) জম্বু আম্রপল্লব এই সকল ও ধান্যাম্ল একত্রযোগে তৈল পাক করিবে। ইহাতে উৎপাত নামক রোগ নাশ হয়। তালপত্রী (তালমূলী) অশ্বগন্ধা অর্ক বাকুচী ফল (সোমরাজ) সৈন্ধব সরলা (শুক্ল তেউড়ি) লাঙ্গলী (কাঁচড়া) এবং কর্কট ও গোধার বসা এই সকল একত্র যোগে তৈল পাক করিবে। সেই তৈল উন্মন্থ নামক পালী রোগের পক্ষে হিতকর। অশ্মন্তক (অম্লকুচ) জম্বু আম্র, ইহাদিগের পত্রের কাথ সেচন করিবে। পালীতে তৈল প্রয়োগ করিয়া, পুণ্ড্র বৃক্ষ, যষ্টিমধু মঞ্জিষ্ঠা হরিদ্রা দারুহরিদ্রা এই সকলের চূর্ণ তাহাতে লেপন করিবে। পরিলেহী রোগে, গোময় পিণ্ডের স্বেদ প্রদান পূর্ব্বক লাক্ষা ও বিড়ঙ্গের কল্কে তৈল পাক করিয়া প্রদেহে প্রয়োগ করিবে। অথবা বিড়ঙ্গ ত্রিবৃৎ শ্যামালতা অর্ক, একত্র পিষিয়া তৎসহযোগে তৈল পাক করিবে। অথবা করঞ্জ ইঙ্গুদীবীজ কুটজ বা আরগ্বধ (সোঁদাল) পিষিয়া তৈল পাক করিবে। অথবা এই সমস্ত এবং মরিচ নিম্বপত্র

ও মধুচ্ছিষ্ট, এই সকল সহযোগে তৈল পাক করিয়া অভ্যঙ্গে প্রয়োগ করিবে।

কর্ণপালী ব্যাধিযুক্ত হইয়া ক্ষীণ ও কঠিন হইলে, তাহার পুষ্টি ও কোমলতার জন্য অভ্যঙ্গ হিতকর। লোপাক সজল দেশজাত পশুর মজ্জা বসা তৈল ও নূতন ঘৃত এই সকল একত্র করিয়া দশগুণ দুগ্ধে ও পরে লাক্ষা রসে পাক করিয়া, তাহাতে মধুরগণস্থ দ্রব্য (কাকোল্যাদি) অপামার্গ ও অশ্বগন্ধা চূর্ণ করিয়া প্রক্ষেপ করিবে। পরে বস্ত্রপূত পূর্ব্বক মুখ আবরণ করিয়া রাখিবে। এই তৈলের দ্বারা অভ্যক্ত হইলে পালী বৃদ্ধি পায়, কোমল হয়, পুষ্ট হয়, এবং ভূষণ ধারণে সমর্থ হয়।

ভৃঙ্গরাজের রস ও ত্রিফলার রসে তৈল পাক করিয়া তাহাতে নীলী বৃক্ষের পত্র, ভৃঙ্গরাজ অর্জ্জুন বৃক্ষের ত্বক্ পিণ্ডীতক (ময়না) কৃষ্ণলৌহের চূর্ণ আম্রবীজ ও আম্র পুষ্প হরীতকী বিভীতকী ও আমলকী ইহাদিগের চূর্ণ একত্র করিয়া তৎপারমাণে পদ্ম মূল সংলগ্ন পঙ্ক, এই সমস্ত তাহাতে প্রক্ষেপ করিবে। পাক শেষ প্রায় হইলে পরীক্ষার্থ তাহাতে বলাকার (বালি হাস) পক্ষ নিক্ষেপ করিলে যখন ভ্রমরের ন্যায় নীল বর্ণ হইবে তখন লৌহ কলসে এক মাস কাল রাখিবে। এই অভ্যঙ্গে কেশ পক্ক হওয়া নিবারণ হয়।

সৈরীয় (ঝাঁটী) অর্জ্জুন বৃক্ষ কাশ্মরী পুষ্প (গাম্ভারি ফুল) তিলপুষ্প, ভৃঙ্গরাজের বীজ, ও আম্রবীজ পুনর্ণবা কণ্টকারী কাসীস (পুষ্প) কর্দ্দম (কাদা) মদন ফলের বীজের সার ত্রিফলা লৌহচূর্ণ রসাঞ্জন যষ্টিমধু শ্বেতোৎপল ও রক্তোৎপল মোদয়ন্তী (কাঠ মল্লিকা) এই সকল একত্র জম্বীর সারোদকে পিষিয়া সপ্তপ্রস্থ সারোদকে সমালোড়িত করিয়া দশদিন কাল লৌহ পাত্রে আবৃত করিয়া রাখিবে। পরে সেই সকল সহযোগে বিভীতকের তৈল পাক করিয়া নূতন লৌহ কলসে রাখিবে। এই তৈল নস্যে ও অভ্যঙ্গে (মস্তকে) প্রয়োগ

করিবে, অথবা তৎসমকালে মাষ ও কৃষরা এক মাস কাল ভক্ষণ করিবে। এই তৈল প্রয়োগে ঘণ কুঞ্চিতাগ্র ও ভ্রমরের ন্যায় কৃষ্ণ বর্ণ কেশ জন্মে, শরীর সহসা রোগ গ্রস্ত হয় না, ইন্দ্রিয় সমস্ত সতেজ হয়, এবং মুখ বলি বর্জ্জিত হয়।

লাক্ষা রোধ্র হরিদ্রা দারুহরিদ্রা মনঃশিলা হরিতাল কুষ্ঠ নাগ (শিশে) গিরিমৃত্তিকা মঞ্জিষ্ঠা উগ্রা (যমানী) সৌরাষ্ট্র মৃত্তিকা, যষ্টীমধু গোরচনা রসাঞ্জন, স্বর্ণবর্ণ ও সুপক্ক বটপত্র কৃষ্ণচন্দন পদ্মকাষ্ঠ পদ্মকেশর রক্ত চন্দন শ্বেত চন্দন পারদ কঙ্গু ও কাকোল্যাদিগণ, এই সমস্ত দুগ্ধে পিষিয়া মেদ মজ্জা সিক্থ ঘৃত দুগ্ধ ও সকল প্রকার ক্ষীরী বৃক্ষের কাথ একত্র পাক করিবে। অভ্যঙ্গ স্বরূপে মুখে মাখিবার পক্ষে এই ঘৃত প্রধান। মুখে ব্যঙ্গ নীলিকা স্ফোটিকা প্রভৃতি যে সকল রোগ জন্মে, সেই সমস্ত রোগ ইহার দ্বারা নাশ হয়। ইহাতে গণ্ডদ্বয় পীন হয়, মুখ বলি রহিত ও পদ্মের ন্যায় প্রফুল্ল হয়। ইহা রাজা এবং যোষিৎ দিগের নিত্য সেবনীয়। এই ঘৃত কুষ্ঠঘ্ন, এবং পাদে বৈপাদিকা রোগ জন্মিলেও ইহা বিধেয়। হরীতকী চূর্ণ নিম্বপত্র চূতবৃক্ষের ত্বক দাড়িম্বের পুষ্প বৃন্ত ও পত্র এবং মদয়ন্তিকা, এই সকল একত্র করিয়া অঙ্গে লেপ দিলে মনুষ্য দেবতুল্য হয়।

ষড় বিংশতি অধ্যায়।

ক্ষীণ শরীর সবল করণার্থ বাজীকরণ প্রণালী।

নীরোগ দেহে যুবা বয়সে বাজীকরণ ঔষধ সেবন করিলে সকল ঋতুতেই অহরহ ব্যবায় প্রবৃত্তি নিবারিত হয় না। বালত্ব অভিলাষিণী নিয়ত মন্মথ-প্রবৃত্তি তৃপ্তিকারিণী বয়োজেষ্ঠা রমণী দিগের পক্ষে, অত্যর্থ যোষিৎ প্রসঙ্গ প্রযুক্ত ক্ষীণ-দেহ, ক্লীব, অথবা অল্প রেত বিশিষ্ট

ব্যক্তি গণের পক্ষে অথবা রূপ যৌবন শালী ধনবান বিলাসী ব্যক্তি গণের পক্ষে বাজীকরণ যোগ হিতকর। ইহা যথা বিধি ক্রমে সেবন করিলে পুরুষ অশ্বের ন্যায় বলবান্ হয় ও তদ্দ্বারা নারী তৃপ্ত হয়, এই কারণে ইহাকে বাজীকরণ কহে। বিবিধ প্রকার পান ভোজন, শ্রুতি তৃপ্তিকারিণী বাক্য, ত্বচ্-সুখ-বিধায়ী স্পর্শ, ইন্দুরূপ ভূষণ-ধারিণী যামিনী, নবযৌবন সম্পন্না কামিনী, শ্রুতি মনোহারী সংগীত, তাম্বুল মদিরা মাল্য ও চিত্ত প্রফুল্লতা, এই সকলের দ্বারা বাজীকরণ কার্য্য সাধিত হয়। ছয়টী কারণে ক্লীবত্ব জন্মে যথা,—১ম রিরংসু ব্যক্তির মনে অপ্রিয় ভাব উদয় হওয়া প্রযুক্ত, অথবা অপ্রিয় স্ত্রী সংপ্রয়োগ বশতঃ, মনঃক্ষুণ্ণ হইলে ক্লীবত্ব ঘটে। ইহাকে মানসিক ক্লীবত্ব বলে।

২য়। কটু অম্ল উষ্ণ ও লবণ, এই সকল রস অধিক পরিমাণে সেবন করিলে, সৌম্যধাতুর ক্ষয় হইয়া ক্লীবত্ব উৎপাদিত হয়।

৩। বাজীক্রিয়া ব্যতিরেকে অতিশয় স্ত্রী সেবন করিলে শুক্রক্ষয় জনিত ধ্বজভঙ্গ হয়।

৪র্থ। অত্যর্থ মেঢ্র রোগ জন্য বা মর্ম্মচ্ছেদ জন্য পুরুষ শক্তির ব্যাঘাত জন্মে, ইহাকে উপঘাত জন্য ক্লৈব্য রোগ বলা যায়।

৫ম। আজন্ম ক্লীব হইলে তাহাকে সহজ ক্লৈব্য রোগ বলা যায়।

৬ষ্ঠ। বলিষ্ঠ ব্যক্তির কন্দর্প বিকারে চিত্ত-বিকৃতি জন্মিলেও ব্রহ্মচর্য্য বশতঃ শুক্র রুদ্ধ থাকে, সেই স্থির-শুক্র-জন্য ক্লীবত্ব ঘটে।

এই ছয় প্রকার ক্লৈব্য রোগের মধ্যে সহজ ও মর্ম্মচ্ছেদ-জন্য ক্লৈব্যরোগ অসাধ্য। অবশিষ্ট সকল প্রকার ক্লৈব্য-রোগ যে কারণে জন্মে তাহার বিপরীত ক্রিয়ার দ্বারা তাহাদিগের প্রতীকার করা যায়। সুরত-সন্দীপনী শক্তির তারতম্য অনুসারে বাজীকরণের যোগ সমূহকে নিম্ন লিখিত তিন শ্রেণীতে বিভক্ত করা যায়।

১ম শ্রেণীস্থ যোগ গুলি যথা ঃ—তিল মাষকলাই ভুমি কুষ্মাণ্ড ও শালি তণ্ডুল, ইহাদিগের চূর্ণ বরাহের মেদ ও সৈন্ধব সংযোগে পৌণ্ড্রক

(পুড়ি) ইক্ষুরসে মর্দ্দন করিয়া গুটিকা প্রস্তুত করিবে সেই গুটিকা ঘৃতে পাক করিয়া যথাসাধ্য পরিমাণে ভোজন করিবে।

ছাগের কোষ সহযোগে দুগ্ধ পাক করিবে। সেই দুগ্ধে কৃষ্ণ তিল পুনঃ পুনর্ভাবিত করিবে। সেই তিলে পিষ্টক প্রস্তুত করিয়া শিশু-মারের বসাতে পাক করিয়া যথাসাধ্য পরিমাণে সেবন করিবে।

ছাগের কোষ, পিপ্পলী ও লবণ সংযোগে দুগ্ধ ও ঘৃতে পাক করিয়া সেবন করিবে।

গুপ্তা ফল (আলকুশী বীজ) গোক্ষুর বীজ (বৃহৎ গোক্ষুর) ও উচ্চটা (লশুন) শর্করা-যুক্ত গব্য দুগ্ধে দর্ব্বীর দ্বারা আলোড়ন পূর্ব্বক পাক করিয়া পান করিবে।

মাষকলাই, ভূমিকুষ্মাণ্ড ও উচ্চটা, দুগ্ধে পাক করিয়া ঘৃত শর্করা সংযোগে পান করিবে। এই কয়েকটী যোগ বাজীকরণের পক্ষে অতি উৎকৃষ্ট।

২য় শ্রেণীস্থ যোগ গুলি যথাঃ—পিপ্পলী মাষকলাই শালী-তণ্ডুল যব গোধূম এই সকলের চূর্ণ সমভাগে লইয়া পিষ্টক প্রস্তুত পূর্ব্বক ঘৃতে পাক করিয়া ভক্ষণ করিবে। পরে দুগ্ধ, শর্করা সংযোগে মধুর করিয়া অনুপান করিবে।

ভূমি-কুষ্মাণ্ড চূর্ণ ভূমিকুষ্মাণ্ডের রসে ভাবিত করিয়া ঘৃত ও মধু সংযোগে লেহন করিবে। তদনন্তর দুগ্ধ অনুপান করিবে।

এই রূপ আমলকী চূর্ণ আমলকীর রসে ভাবিত করিয়া শর্করা ঘৃত মধু সংযোগে লেহন পূর্ব্বক দুগ্ধ অনুপান করিবে। ইহাতে অশীতি বর্ষের বৃদ্ধও যুবার ন্যায় হৃষ্ট হয়।

ছাগের কোষ, পিপ্পলী ও লবণ সংযোগে ঘৃতে বা শিশুমারের বসাতে পাক করিয়া ভক্ষণ করিবে। ইহাতে শীঘ্র বাজীক্রিয়া সাধিত হয়।

নক্র মূষিক মণ্ডুক চটক ইহাদিগের অণ্ড ঘৃতে পাক করিয়া পাদে

অভ্যঙ্গ প্রয়োগ করিবে, তাহাতে যাবৎ ভূমি স্পর্শ না করে তাবৎ সুরত প্রবৃত্তি প্রবল থাকে। এই কয়েকটী যোগ বাজীক্রিয়ার পক্ষে মধ্যবিধ গুণশালী।

৩য় শ্রেণীস্থ যোগ গুলি যথা ;—

কুলীর কুর্ম্ম নক্র ইহাদিগের অণ্ড ভক্ষণ করিবে, বা মহিষ ঋষভ বা ছাগের শুক্র পান করিবে।

অশ্বথের ফল মূল ত্বক্ ও শুঙ্গা সহযোগে দুগ্ধ পাক করিয়া শর্করা ও মধু সংযোগে পান করিবে। ইহাতে কুলিঙ্গের ন্যায় শরীর হৃষ্ট হয়।

ভূমি কুষ্মাণ্ড মূলের কল্ক উডুম্বরের সহিত ঘৃত ও দুগ্ধে পাক করিয়া পান করিবে। ইহাতে বৃদ্ধও যুবার ন্যায় হয়।

এক পল পরিমিত মাষকলাই চূর্ণ ঘৃত মধু সংযোগে লেহন করিয়া দুগ্ধ অনুপান করিবে।

গোধূম আত্মগুপ্ত ফলের সহিত দুগ্ধে পাক করিবে। শীতল হইলে ঘৃত যোগে ভক্ষণ করিয়া, দুগ্ধ অনুপান করিবে।

আত্মগুপ্ত ও ইক্ষুরকের ফলের চূর্ণ ধারোষ্ণ দুগ্ধের সহিত শর্করা সংযোগে পান করিলে বল ক্ষয় হয় না।

উচ্চটা চূর্ণ দুগ্ধ যোগে, শতমূলী ও উচ্চটা মূল দুগ্ধ যোগে অথবা আত্মগুপ্ত ফল সংযোগে মাষকলাই সূপ প্রস্তুত করিয়া পান করিবে। এই কয়েকটী সামান্যতঃ বাজীকরণ জন্য ব্যবহার্য্য।

যে বরাহের বৎস বৃদ্ধ হইয়াছে তাহার দুগ্ধ, বা মাষ কলাইয়ের পত্র-ভোজী গোরুর দুগ্ধ বাজীকরণের পক্ষে প্রশস্ত। সকল প্রকার দুগ্ধ মাংস কাকোল্যাদি গণ বাজীকরণের পক্ষে প্রশস্ত। এই সকল যোগ বিশুদ্ধ (নীরোগ) দেহে সেবন করা কর্ত্তব্য।

সপ্তবিংশ অধ্যায়।

সর্ব্বোপঘাত শমনীয় রসায়ন।

স্নিগ্ধ বিশুদ্ধ দেহ ব্যক্তির পক্ষে যুবা বা মধ্যবয়সে রসায়ন ব্যবহার কর্ত্তব্য। অবিশুদ্ধ দেহ অর্থাৎ রুগ্ন ব্যক্তির পক্ষে বিধেয় নহে। মলিন বস্ত্রে রঙ্গ যোগের ন্যায় তাহাতে কোন ফল দর্শে না। দোষজ বা মানসিক যে সকল উপঘাত উপস্থিত হয় তাহার নিবৃত্তির উপায় উপদেশ করা যাইতেছে। শীতল জল, দুগ্ধ, মধু ও ঘৃত ইহাদিগের মধ্যে একটী দুইটী তিনটী বা সমস্তই পূর্ব্ব বয়সে (পঞ্চাশ বৎসরের পূর্ব্ব) পান করিয়া বয়ঃস্থাপন করিবে।

বিড়ঙ্গ রসায়ন।

বিড়ঙ্গ-তণ্ডুল চূর্ণ, যষ্টিমধু ও শীতল জল সংযোগে যথাসাধ্য পরিমাণে সেবন করিয়া শীতল জল অনুপান করিবে। এইরূপ একমাস কাল অহরহ সেবন করিবে অথবা উক্ত চূর্ণ মধু মিশ্রিত করিয়া ভল্লাতক-ক্বাথ সংযোগে অথবা মধু ও দ্রাক্ষা ক্বাথ সংযোগে বা মধু ও আমলকীরস সংযোগে, বা গুড়ুচি ক্বাথ সহযোগে, সেবন করিবে। বিড়ঙ্গ তণ্ডুল চূর্ণ এই পাঁচ প্রকারে প্রয়োগ করা যায়। ঔষধ জীর্ণ হইলে মুদ্গ ও আমলকীযূষ লবণ-বর্জ্জন পূর্ব্বক অল্প স্নেহে প্রস্তুত করিয়া তৎসহযোগে ঘৃত যুক্ত অন্ন ভোজন করিবে। ইহাতে সকল প্রকার অর্শ বিনষ্ট হয়, কৃমি নাশ হয়, গ্রহণ ও ধারণাশক্তি জন্মে। এই রূপ মাসে মাসে সেবন করিবে।

বিড়ঙ্গ কল্প।

এক দ্রোণ পরিমিত বিড়ঙ্গের তণ্ডুল, পিষ্টক পাকের ন্যায় সিদ্ধ করিবে। পাক সিদ্ধ হইলে ক্বাথ পরিত্যাগ পূর্ব্বক প্রস্তরে পিষিয়া, লৌহ নির্ম্মিত দৃঢ় কুম্ভে প্রচুর পরিমাণে মধু ও জলসহ রাখিয়া বর্ষা চারি মাস ভস্মরাশীর মধ্যে স্থাপন করিবে। বর্ষা

গতে কুম্ভ উদ্ধৃত করিবে। শরীর শোধিত করিয়া প্রতি দিন প্রাতঃকালে যথাসাধ্য পরিমাণে ভোজন করিবে ও পাংশু শয্যায় শয়ন করিবে। একমাস পরে সর্ব্ব শরীর হইতে কৃমী নিঃসৃত হইতে থাকিবে। সেই সকল কৃমীকে অণুতৈলে অভ্যক্ত করিয়া বংশবিদল (বাঁশের চিমটে) দ্বারা শরীর হইতে তুলিয়া ফেলিবে। দ্বিতীয় মাসে পিপীলিকা, তৃতীয় মাসে যুকা সমস্ত নির্গত হয় তাহাদিগকেও সেই রূপে বাহির করিবে। চতুর্থ মাসে দন্ত, নখ, রোম সমস্ত শীর্ণ হয়। পঞ্চম মাসে সেই সকল পুনর্ব্বার প্রশস্ত গুণ ও লক্ষণবিশিষ্ট হইয়া জন্মে। শরীর অমানুষ-লক্ষণ-যুক্ত ও সূর্য্য তুল্য তেজঃপুঞ্জ হয়। দূরশ্রবণ ও দূরদর্শন শক্তি জন্মে। মনে রজস্তম গুণ তিরোহিত হইয়া সত্বগুণ প্রবল হয়। শ্রুতি-নিগাদী (শ্রুতিধর) অপূর্ব্বোৎপাদী (১) হস্তীর ন্যায় বলবান, অশ্বতুল্য বেগবান, প্রত্যাবর্ত্তিত যৌবন ও অষ্টশত বর্ষ আয়ুবিশিষ্ট, এই সকল গুণ জন্মে। এ অবস্থায় অভ্যঙ্গার্থে অণু তৈল, বিলেপনার্থে অজকর্ণ কষায়, স্নানার্থে সৌশীর বা কূপোদক, অনুলেপনার্থে চন্দন, ব্যবহার্য্য এবং ভল্লাতকের বিধানুসারে আহার পরিহার কর্ত্তব্য। নিষ্কুলীকৃত কাশ্মর্য্য ফলেরও কল্প এই রূপ, তবে শয়ন ও ভোজনের নিয়ম পূর্ব্ববৎ নহে। পক্ক দুগ্ধ সহযোগে ভোজন কর্ত্তব্য ইহার ফলও পূর্ব্বের ন্যায়। শোণিত-পিত্ত জন্য বিকারে এই সকল কল্প প্রয়োজ্য।

বলা-কল্প।

আশ্রম গৃহমধ্যে অবস্থিত হইয়া, অর্দ্ধ পল বা এক পল পরিমাণ বলামূল দুগ্ধে আলোড়িত করিয়া পান করিবে। জীর্ণ হইলে দুগ্ধ সহযোগে ঘৃতান্ন ভোজন করিবে। এই প্রকারে দ্বাদশ দিবস সেবনে দ্বাদশ বর্ষকাল বয়ঃস্থাপিত হয়। এই প্রকারে এক শত দিবস সেবন করিলে এক শত বর্ষকাল বয়ঃস্থাপিত হয়।

(১) নূতন বিষয়ের উদ্ভাবক।

এই রূপে বলা নাগবলা (গোরক্ষ চাকুলে) ভূমিকুষ্মাণ্ড ও শতাবরী এই সকলের চূর্ণ ঐ নিয়মে সেবন করিবে বিশেষতঃ অতিবলার ক্বাথ সহযোগে নাগবলার চূর্ণ; বা মধু সহযোগে বিদারী চূর্ণ, বা দুগ্ধ সহযোগে শতমূলীর চূর্ণ পূর্ব্বোক্ত নিয়মানুসারে সেবন করিলেও পূর্ব্বের ন্যায় ফল হয়। এই সকল ঔষধ বলকামী বা শোণিত বমনকারী বা শোণিত বিরেচনশীল রোগীর পক্ষে প্রশস্ত।

বরাহ কল্প।

বরাক্রান্ত মূলের এক তুলা পরিমাণে চূর্ণ সংগ্রহ করিবে। সেই চূর্ণ প্রতিদিন যথাসাধ্য পরিমাণে মধুসংযোগে দুগ্ধে আলোড়িত করিয়া পান করিবে। জীর্ণ হইলে দুগ্ধ ও ঘৃত সহযোগে অন্ন ভোজন করিবে। ইহাতে পূর্ব্বের ন্যায় আহার আচারের নিয়ম অবলম্বন করিবে। ইহাতে এক শত বৎসর আয়ু হয় এবং স্ত্রী সমাগমে ক্ষীণ হয় না। এই চূর্ণ দুগ্ধ সহযোগে পাক করিয়া শীতল হইলে মন্থন করিয়া ঘৃত মধু সংযোগে ভোজন করিবে। জীর্ণ হইলে দুগ্ধ ও ঘৃত যোগে অন্ন ভোজন করিবে। এই প্রকারে এক মাস কাল সেবন করিলে এক শত বর্ষ আয়ু হয়।

দৃষ্টিকামী (দর্শন শক্তি বর্দ্ধনাভিলাষী) ও প্রাণকামী (জীবিতাভিলাষী) ব্যক্তি মাতুলুঙ্গসার ও অগ্নিমন্থের মূল একত্র ক্বাথ প্রস্তুত করিয়া তাহাতে একপ্রস্থ মাসকলাই পাক করিবে। পাক সিদ্ধ হইলে চিত্রক মূলের এক অক্ষ পরিমিত কল্ক তাহাতে প্রদান করিবে। তদনন্তর চতুর্থ ভাগ আমলকী রস সহ পাক করিয়া অবতারিত করিবে। পরিপাক হইলে লবণ বর্জ্জিয়া মুদ্গ ও আমলক যূষ সহযোগে ঘৃতযুক্ত অন্ন অথবা দুগ্ধ সহযোগে অন্ন ভোজন করিবে। মাস ত্রয় এই নিয়ম অবলম্বন করিলে সুপর্ণের ন্যায় দৃষ্টি হয় ও স্ত্রী সমাগমে শরীর ক্ষীণ হয় না এবং শত বর্ষ আয়ু হয়। বণফল দুগ্ধে সিদ্ধ করিয়া দুগ্ধ সহযোগে ভক্ষণ করিলে শরীর শীর্ণ হয় না।

অষ্টবিংশ অধ্যায়।

মেধা ও আয়ুষ্কামীয় রসায়ন।

শ্বেতাবল্‌গুঞ্জ (১) ফল আতপে শুষ্ক করিয়া সূক্ষ্ম চূর্ণ করিবে। সেই চূর্ণ গুড় সহ আলোড়িত করিয়া স্নেহ কুম্ভে নিহিত পূর্ব্বক সপ্ত-রাত্র কাল ধান্যরাশির মধ্যে স্থাপন করিবে। পরে উদ্ধৃত করিয়া প্রতিদিন সূর্য্যোদয় কালে পিণ্ড প্রস্তুত পূর্ব্বক উষ্ণোদক অনুপানে যথাসাধ্য পরিমাণে সেবন করা কর্ত্তব্য। ঔষধ পরিপাক হইলে ভল্লাতকের বিধানানুসারে অপরাহ্ন কালে শীতল জলে গাত্রে পরিষিক্ত করিয়া, শালী বা ষষ্টিধ্যান্যের অন্ন, দুগ্ধ শর্করা ও মধু সহযোগে ভোজন করিবে। ছয় মাস কাল এই নিয়ম অবলম্বন করিলে বিগত পাপ হইয়া বলবর্ণ-বিশিষ্ট শ্রুতিনিগাদী স্মৃতিমান্ অরোগী ও শতবর্ষ আয়ু-বিশিষ্ট হইবে। কুষ্ঠ-রোগী পাণ্ডু-রোগী উদর রোগী, প্রাতঃকালে সূর্য্যের রক্তিমাবর্ণ দূর হইলে, এই ঔষধে অর্দ্ধপলিক পরিমাণ পিণ্ড প্রস্তুত পূর্ব্বক কৃষ্ণ-বর্ণ গোরুর দুগ্ধের সহিত আলোড়িত করিয়া পান করিবে। জীর্ণ হইলে অপরাহ্ন কালে লবণ বর্জ্জিত আমলক-যূষ সহযোগে ঘৃত-যুক্ত অন্ন ভোজন করিবে। এক মাস কাল এই নিয়ম অবলম্বন করিলে মেধাবী ও অরোগী হয় এবং এক শত বর্ষ আয়ু হয়। চিত্রক মূল সেবনেরও এই রূপ নিয়ম, তবে বিশেষ এই যে হরিদ্রা ও চিত্রক মূলের দ্বিপলিক পর্য্যন্ত পরিমাণে পিণ্ড সেবন করিবে। অপরাপর নিয়ম পূর্ব্বের ন্যায়।

প্রথমতঃ অন্ন পরিত্যাগ পূর্ব্বক মণ্ডুকপর্ণীর রস, যে পরিমাণে পরিপাক করিতে পারিবে সেই পরিমাণে, গ্রহণ করিয়া দুগ্ধসহ আলোড়ন পূর্ব্বক পান করিবে; অথবা দুগ্ধ অনুপান করিবে। জীর্ণ

(১) শ্বেতবর্ণ সোনরাজ।

হইলে, যবান্ন দুগ্ধ সহযোগে বা তিল সংযোগে ভক্ষণ করিবে ও দুগ্ধ অনুপান করিবে। তাহা জীর্ণ হইলে পর, ঘৃত যুক্ত অন্ন ভোজন করিবে। তিন মাস কাল এই নিয়ম পালন করিলে ব্রহ্মতেজ-বিশিষ্ট ও শ্রুতিনিগাদী এবং শতবর্ষ আয়ু হয়।

প্রথমতঃ অন্ন পরিত্যাগ পূর্ব্বক ব্রাহ্মীরস যথাসাধ্য পরিমাণে পান করিবে। জীর্ণ হইলে লবণ বর্জ্জিত যবের মণ্ড পান করিবে। দুগ্ধ পানশীল ব্যক্তি দুগ্ধ সহযোগে উক্ত যবাগু পান করিবে। এই নিয়ম সপ্তরাত্র পালন করিলে ব্রহ্ম তেজ-বিশিষ্ট ও মেধাবী হয়। দ্বিতীয় সপ্ত রাত্র এই নিয়ম পালন করিলে অভিলষিত গ্রন্থে ব্যুৎপত্তি জন্মে, ও নষ্ট স্মৃতি পুনরুদ্ভাবিতা হয়। তৃতীয় সপ্তরাত্র এই নিয়ম পালন করিলে দুই বার উচ্চারণে এক শত কথা পর্য্যন্ত স্মরণের আয়ত্ত হয়। এই রূপে একবিংশতি রাত্র নিয়ম পালন করিলে অলক্ষ্মী দূর হয়, বাগ্‌দেবী মূর্ত্তিমতী হইয়া ইহার শরীরে প্রবেশ করে, সকল শ্রুতি উপস্থিত হয়, স্বয়ং শ্রুতিধর হয় এবং পঞ্চশতবর্ষ আয়ু হয়। ব্রাহ্মীরস দুই প্রস্থ, ঘৃত এক প্রস্থ, বিড়ঙ্গ তণ্ডুল কুড়ব পরিমিত, বচ দুই পল, ত্রিবৃৎ দুই পল, হরিতকী, আমলকী বিভীতকী প্রত্যেকে দ্বাদশ পল, এই সকলের চূর্ণ ও উপর্য্যুক্ত রস ও ঘৃত একত্র পাক করিয়া কলস মধ্যে মুখরুদ্ধ করিয়া রাখিবে। তদনন্তর পূর্ব্বোক্ত বিধানানুসারে যথাসাধ্য পরিমাণে সেবন করিবে জীর্ণ হইলে দুগ্ধ সহযোগে ঘৃত যুক্ত ভোজন করিবে। ইহার দ্বারা শরীরের উর্দ্ধ অধঃ ও তির্য্যক ভাগে কৃমি নিঃসৃত হয়। ইহাতে অলক্ষ্মী দূর হয়, পুষ্করবর্ণ, স্থির যৌবন ও শ্রুতি নিগাদী হয়, এবং তিনশত বর্ষ আয়ু হয়। কুষ্ঠ বিষমজ্বর অপস্মার উন্মাদ বিষ ভূতগ্রহ ও মহাব্যাধি এই সকল রোগে এই রসায়ন প্রযোজ্য।

হৈমবতীবচ আমলকীর পরিমাণে পিণ্ডিত করিয়া দুগ্ধ সহ আলো-ড়ন পূর্ব্বক পান করিবে। জীর্ণ হইলে দুগ্ধ সহযোগে ঘৃতযুক্ত অন্ন

ভোজন করিবে। দ্বাদশ রাত্র সেবন করিলে ইহার দ্বারা স্মৃতিশক্তি প্রকাশ হয়, কোন বিষয় দুই বার অভ্যাস করিলে আয়ত্ত হয়, এবং তিন বার অভ্যাস করিলে শতবাক্য আয়ত্ত হয়। অষ্টচত্বারিংশৎ দিবস সেবন করিলে সকল পাপ হইতে মুক্ত হয়, গরুড়ের ন্যায় দৃষ্টি হয়, এবং শতবর্ষ আয়ু হয়। অন্য প্রকার বচ হইলে তাহার দুই পল লইয়া ক্বাথ প্রস্তুত করিবে। সেই ক্বাথ দুগ্ধ সহ পান করিবে। ভোজনাদির নিয়ম ও ফল পূর্ব্বের ন্যায়।

বচা ঘৃত।

দ্রোণ পরিমিত ঘৃত বচ সহযোগে একশত বার পাক করিয়া সেবন করিলে পঞ্চশত বৎসর আয়ু বৃদ্ধি হয়। গলগণ্ড অপচী শ্লীপদ ও স্বরভঙ্গ এই সকল রোগ ইহাতে আরোগ্য হয়।

অতঃপর আয়ুবৃদ্ধির উপায় বলা যাইতেছে।

বিল্বপুষ্পে সহস্রবার হবণ করিয়া, সুবর্ণ সহ ঘৃত মধু সংযোগে প্রতিদিন মন্ত্রপূত পূর্ব্বক লেহন করিবে।

যৌবন কালে এক বৎসর কাল রসায়নের নিয়ম পালন করিবে।

প্রাতঃকালে স্নান করিয়া বিল্বমূলের ত্বক্ ও ক্বাথ দুগ্ধ সহ সেবন করিবে। চিত্তের সংযম করিয়া এই নিয়ম অবলম্বন করিলে দশ সহস্র বৎসর আয়ু হয়।

হবনান্তর মৃণালের ক্বাথ মধু ও লাজ সংযোগে সেবন করিবে। চিত্তের সংযম করিয়া এই নিয়ম অবলম্বন করিলে শত সহস্র বৎসর আয়ু হয়।

সুবর্ণ পদ্মবীজ মধু লাজ ও প্রিয়ঙ্গু একত্র করিয়া গব্য দুগ্ধ সহ পান করিলে অলক্ষ্মী দূর হয়।

নীলোৎপল দলের ক্বাথ সুবর্ণ ও তিল, পক্ক গব্য দুগ্ধের সহিত পান করিলে অলক্ষ্মী নাশ হয়। গব্য দুগ্ধ সুবর্ণ মধুচ্ছিষ্ট ও মাক্ষিক, শত সহস্রবার হবন করিয়া এই সকল একত্র পান করিবে।

ষচাম্বত (পূর্ব্ব অধ্যায় দ্রষ্টব্য) সুবর্ণ ও বিল্বচূর্ণ একত্র সেবন করিলে মেধা আয়ু আরোগ্য পুষ্টি ও সৌভাগ্য বৃদ্ধি হয়।

তুলা পরিমিত বাসা-মূলের কাথ প্রস্তুত করিয়া তৈল পাক করিবে। সহস্র বার হবন করিয়া সেই তৈল সেবন করিলে মেধা ও আয়ু বৃদ্ধি হয়।

মধু আমলক চূর্ণ ও সুবর্ণ এই তিন একত্র প্রাশ প্রস্তুত করিয়া সেবন করিলে আয়ু বৃদ্ধি হয়।

মধু ও সুবর্ণ যোগে শতাবরী-ঘৃত যথাসাধ্য পরিমাণে সেবন করিলে ভূপতিও বশীভূত হয়।

পদ্ম ও নীলোৎপলের ক্বাথে ও যষ্টিমধুর চূর্ণ সহযোগে ঘৃত পাক করিয়া সুবর্ণ সংযোগে সেবন করিবে, এবং ঐ সকল দ্রব্য সহযোগে দুগ্ধ পাক করিয়া পান করিবে। এই সকল ঔষধের দ্বারা শ্রী ও সৌভাগ্য বৃদ্ধি হয়, হস্তির ন্যায় বল হয় ও মনুষ্য দেবতুল্য হয়। সর্ব্বদা অধ্যয়ন, তত্ত্বিষয়ের বাদানুবাদ ও অন্যান্য শাস্ত্রের আলোচনা এবং তত্ত্বিষয়ের আচার্য্যের সেবা, ইহাতে বুদ্ধি ও মেধা বৃদ্ধি হয়। জীর্ণ হইলে ভোজন, বেগ ধারণ না করা, ব্রহ্মচর্য্য অহিংসা ও দুঃসাহসিক কার্য্য পরিত্যাগ, এই সকলের দ্বারা আয়ু বৃদ্ধি হয়।

একোনত্রিংশ অধ্যায়।

স্বাভাবিক ব্যাধি প্রতিষেধনীয় রসায়ন।

পূর্ব্বকালে ব্রহ্মাদি দেবতাগণ জরা মৃত্যু নাশের জন্য সোম নামক অমৃতের সৃষ্টি করিয়াছিলেন। তাহার সেবনের নিয়ম বলা যাইতেছে।

এক মাত্র ভগবান্ সোম, স্থান নাম আকৃতি ও বীর্য্য ভেদে চতুর্ব্বিংশতি প্রকার। সেই চতুর্ব্বিংশতি প্রকার সোম যথা,—

অংশুমান্, ভুঞ্জমান্, চন্দ্রমা, রজতপ্রভ, দূর্ব্বাসীম, কনীয়ান, শ্বেতাক্ষ, কনকপ্রভ, প্রতানবান্, তালবৃন্ত, করবীর, অংশবান, স্বয়ম্প্রভ, মহাসোম, গরুড়াহৃত, গায়ত্রা, স্ত্রৈষ্টুভ, পাঙ্ক্ত, জাগত শাঙ্কর অগ্নিষ্টোম রৈবত ত্রিপদীযুক্তা গায়ত্রী এবং উড়ুপতি। এই সকল প্রকার সোম বেদোক্ত নামে খ্যাত। ইহাদিগের উপাসনার নিয়ম একই প্রকার এবং গুণও তুল্য।

উহাদিগের মধ্যে কোন প্রকার সোম সেবন করিতে হইলে সকল প্রকার উপকরণ ও পরিচারক বিশিষ্ট ও তিনটী আবরণে আবৃত একটী আশ্রমগৃহ নির্ম্মান করাইবে। শরীর সংশোধিত করিয়া প্রশস্ত দিনে ও শুভ ক্ষণে অংশুমন্ত গ্রহণ করিয়া, আশ্রম গৃহের অভ্যন্তরে প্রবেশ পূর্ব্বক যজ্ঞকল্পে অভিষেচন ও হবন করিবে। পরে কৃতমঙ্গল হইয়া সেই সোমকন্দ সুবর্ণ সূচীর দ্বারা বিদারণ পূর্ব্বক সুবর্ণ পাত্রে অঞ্জলি পরিমিত তাহার ক্ষীর গ্রহণ করিবে। সেই ক্ষীর আস্বাদন না করিয়া এক কালে পান করিবে। আচমনানন্তর অবশিষ্ট যাহা থাকিবে জলে নিমজ্জিত করিবে। তদনন্তর যমনিয়মের দ্বারা মন ও বাক্য সংযত করিয় আশ্রমের অভ্যন্তরে সুহৃদ্গণ বেষ্টিত হইয়া বিহার করিবে। রসায়ন পানান্তর বায়ুশূন্য স্থানে তন্মনা ও পবিত্র ভাবে সঞ্চরণ করিবে, নিদ্রা যাইবে না।

সোম রসায়ন সায়ংকালে সেবন করিলে কুশ শয্যার উপরি কৃষ্ণা-জিন বিস্তীর্ণ করিয়া, তাহাতে শয়ীত ও সুহৃদ্গণ কর্ত্তৃক বেষ্টিত থাকিবে।

তৃষিত হইলে পরিমিত মাত্রায় শীতল জল পান করিবে। তদনন্তর প্রাতঃকালে গাত্রোত্থান পূর্ব্বক শান্তি, শ্রবণ করিয়া, কৃত মঙ্গল হইয়া এবং গো স্পর্শ করিয়া আসীন হইবে।

সোম জীর্ণ হইলে বমন হইতে আরম্ভ হয়। শোণিতাক্ত কৃমি মিশ্রিত বমন হইলে সায়ংকালে পাক করা শীতল দুগ্ধ পান করিবে।

তৃতীয় দিবসে কৃমি মিশ্রিত বিরেচন হয়। তদ্দ্বারা অনিষ্ট গ্রহণ বা ভোজন জন্য দোষ হইতে মুক্ত হইয়া শরীর বিশোধিত হয়। তদনন্তর সায়ং কালে স্নান করিয়া পূর্ব্বের ন্যায় দুগ্ধ পান করিবে, এবং শয্যাতে পট্টবস্ত্র বিস্তীর্ণ করিয়া শয়ন করিবে। তদনন্তর চতুর্থ দিবসে শ্বয়থু জন্মে। তদনন্তর সর্ব্বাঙ্গ হইতে কৃমি নির্গত হয়। সেই দিবস পাংশু বিকীর্ণ শয্যাতে শয়ান থাকিবে। পরে সায়ংকালে পূর্ব্বের ন্যায় দুগ্ধ পান করিবে। পঞ্চম ও ষষ্ঠ দিবসেও এই নিয়ম, তবে ভেদ এই যে পূর্ব্ব-মত দুগ্ধ দুই সন্ধ্যা পান করিবে। সপ্তম দিবসে দেহ মাংসহীন ত্বক্ ও অস্থি সার হইয়া কেবল মাত্র জীবিত থাকে। ঐ দিবসে ঈষদুষ্ণ দুগ্ধ দেহে পরিষেচন, তিল যষ্টিমধু ও চন্দন একত্র অনুলেপন ও দুগ্ধ পান করিবে। অষ্টম দিবসে প্রাতঃকালে দুগ্ধ পরিষেচন, চন্দন লেপন ও দুগ্ধ পান করিয়া পাংশু শয্যা পরিত্যাগ পূর্ব্বক পট্টবস্ত্র-বিস্তৃত শয্যাতে শয়ন করিবে। তদনন্তর মাংস বর্দ্ধন হইতে থাকে, ও দন্ত নখ রোম পতিত হয়। নবম দিবস হইতে অভ্যঙ্গে অনুতৈল ও পরিষেচনে সোমবল্ক (শ্বেত খদির) ব্যবহার করিবে। দ্বাদশ দিবস পর্য্যন্ত এই নিয়ম পালন করিবে। ইহাতে ত্বকের স্থিরতা হয়। ত্রয়োদশ দিবস হইতে ষোড়শ দিবস পর্য্যন্ত কেবল মাত্র সোমবল্কের কষায় পরিষেচনে ব্যবহার করিবে। তদনন্তর সপ্তদশ অষ্টাদশ দিবসে বৈদূর্য্য স্ফটিক তুল্য দৃঢ় দন্ত সমস্ত জন্মে। তদনন্তর পঞ্চবিংশতি দিবস পর্য্যন্ত শালিতণ্ডুল সংযোগে, দুগ্ধে যবাগু পাক করিয়া সেবন করিবে। পঞ্চবিংশতি দিবসের পর প্রাতর্ ও সায়ং কালে শালি তণ্ডুলের কোমল অন্ন দুগ্ধ সহযোগে ভোজন করিবে। তদনন্তর রক্তবর্ণ দৃঢ় নখ ও স্নিগ্ধ লক্ষণ সম্পন্ন কেশ জন্মে, এবং ত্বক্ নীলোৎপলের ন্যায় আভা বিশিষ্ট হয়। এক মাস পরে কেশ মুণ্ডন করিয়া বেনামূল চন্দন ও কৃষ্ণ তিল লেপন করিবে ও দুগ্ধে স্নান করিবে। তদনন্তর সপ্তরাত্রের পর ভ্রমরের ন্যায় স্নিগ্ধ কৃষ্ণবর্ণ কুঞ্চিত কেশ জন্মে। তাহার ত্রিরাত্র

পরে আশ্রমের প্রথম আবরণ হইতে বাহির হইয়া মুহূর্ত্ত মাত্র অবস্থিতি করিয়া পুনর্ব্বার প্রবেশ করিবে। তদনন্তর বলাতৈল অভ্যঙ্গার্থে পিষ্ট যব উদ্বর্ত্তনার্থে, ঈষদুষ্ণ দুগ্ধ পরিষেচনার্থে, সালবৃক্ষের কষায় উৎসাদনার্থে, সৌশীর বা কূপোদক স্নানার্থ, চন্দন অনুলেপার্থে, আমলক রস মিশ্রিত যূষ বা সূপ, এবং দুগ্ধ ও যষ্টিমধু সহযোগে কৃষ্ণতিল সিদ্ধ অবচারনার্থে প্রেয়োজ্য। এই নিয়মে দশ রাত্র কাল যাপন করিয়া পরে এই নিয়মেই আর দশরাত্র কাল আশ্রমের দ্বিতীয় পরিসরে অবস্থিতি করিবে। পরে তৃতীয় পরিসরে আর দশ রাত্র কাল মনঃস্থির পূর্ব্বক অবস্থিতি করিবে। কিঞ্চিৎ আতপ ও বায়ু সেবন করিয়া পুনর্ব্বার গৃহে প্রবেশ করিবে। দর্পণে আত্ম দশন করিবে না। পরে আর দশরাত্র ক্রোধাদি পরিত্যাগ করিয়া সকল প্রকার আহার করিবে। বল্লী প্রতান ও ক্ষুপ (ক্ষুদ্রবৃক্ষ) এই সকল আকারের সোম বিশেষতঃ ভক্ষিতব্য। তাহাদিগের সেবনের পরিমাণ সার্দ্ধ তিন মুষ্টি। অংশুমান্ সৌবর্ণ পাত্রে, এবং চন্দ্রমা রজত পাত্রে অভিষেচন পূর্ব্বক সেবন করিবে। ইহাতে অষ্টৈশ্বর্য্য ও ঈশানত্ব প্রাপ্ত হয়। অবশিষ্ট সকল প্রকার সোম তাম্র পাত্রে বা মৃন্ময় পাত্রে ভোজন করিবে। শূদ্র ব্যতীত অন্য তিন বর্ণ সোম পান করিতে পারে। সোম পান করিয়া চতুর্থ মাসে পৌর্ণমাসী তিথিতে পবিত্র দেশে ব্রাহ্মণ সমূহের অর্চ্চনা করিয়া আশ্রম গৃহ হইতে নির্গত হইবে।

ঔষধ সমূহের পতি সোম সেবিত হইলে নূতন দেহ হইয়া দশ সহস্র বর্ষ জীবিত থাকে। অগ্নি জল বিষ শস্ত্র বা কিছুতেই তাহার আয়ুঃক্ষয় করিতে সমর্থ হয় না। সহস্র কুঞ্জরের বল দেহে জন্মে। গতি অপ্রতিহত হয়, এমন কি ক্ষীরোদ সাগর ইন্দ্রালয় ও উত্তর কুরু পর্য্যন্ত ও গমন করিতে পারে। কন্দর্পের ন্যায় রূপ ও চন্দ্রের ন্যায় কান্তি ধারণ করে, এবং তাহার দর্শনে জন গণের মন আহ্লাদিত হয়। সাঙ্গোপাঙ্গ বিশিষ্ট নিখিল বেদ তাহার আয়ত্ত হয়, এবং

সেই ব্যক্তি দেবতার ন্যায় অমোঘ-সংকল্প হইয়া অখিল জগতে বিচরণ করে।

সকল প্রকার সোমেরই পঞ্চদশ পত্র। সেই পত্র গুলি শুক্লপক্ষে জন্মে এবং কৃষ্ণ পক্ষে পতিত হয়। শুক্ল পক্ষের প্রতিদিন এক একটী করিয়া পত্র জন্মিয়া পৌর্ণমাসির দিনে পঞ্চদশ সম্পূর্ণ হয়। কৃষ্ণ পক্ষের প্রতিপদ হইতে প্রতিদিন একএকটী করিয়া পত্র শীর্ণ হইয়া কৃষ্ণ পক্ষের শেষে কেবল লতা মাত্র অবশেষে থাকে।

অংশুমান্—ঘৃত গন্ধ বিশিষ্ট, রজত প্রভ—কন্দবিশিষ্ট, সেই কন্দের আকার কদলীর ন্যায়। ভুঞ্জবান্—লশুনের ন্যায় পত্র বিশিষ্ট, চন্দ্রমা কনকের আভা বিশিষ্ট, সর্ব্বদা জলে জন্মে। গরুড়াহৃত ও শ্বেতাক্ষ—উভয়েই দেখিতে সর্পনির্মোক তুল্য বৃক্ষাগ্রে লম্বিত হইয়া থাকে। অন্য সকল প্রকার সোম বিচিত্র বর্ণের মণ্ডলের দ্বারা চিত্রিত। সকল প্রকার সোমের পঞ্চদশ পত্র ও ক্ষীর কন্দ লতা ও বিবিধ প্রকার পত্র বিশিষ্ট।

হিমালয় সহ্য মহেন্দ্র মলয় শ্রীপর্ব্বত দেবগিরি দেবসহ পারিপাত্র বিন্ধ্য, এই সকল পর্ব্বতে ও দেবসুন্দ নামক হ্রদে, বিতস্তা নদীর উত্তরে যে পর্ব্বত আছে সেই পর্ব্বতে, এই সকল স্থানে সোম পাওয়া যায়। চন্দ্রমা নামক সোম সিন্ধু নামক মহানদে হঠবৎ ভাসিয়া থাকে, সে স্থানে ভুঞ্জবান ও অংশুমানও পাওয়া যাইতে পারে। কাশ্মীরে ক্ষুদ্র মানস নামে যে দিব্য সরোবর আছে তাহাতে গায়ত্র্য ত্রৈষ্টুভ, পাংক্ত জাগত ও শাঙ্কর এবং অন্যান্য সোমও পাওয়া যায়। অধার্ম্মিক কৃতঘ্ন বৈদ্যদ্বেষী বা ব্রাহ্মণ দ্বেষী সেই সকল লোকসোম দেখিতে পায় না।

ত্রিংশত্তম অধ্যায়।

নিবৃত্ত সন্তাপীয় রসায়ন।

দেবতাগণ যেমন সন্তাপ শূন্য হইয়া স্বর্গে বিচরণ করেন এই সকল ঔষধ (রাসায়নিক) প্রাপ্ত হইলে মানব গণও সেই রূপ পৃথিবীতে বিচরণ করিতে পারে।

নিম্ন লিখিত সাতটী ব্যক্তির রসায়ন সেবন ঘটে না। যথা,— অনাত্মবান্ দরিদ্র প্রমাদী ক্রিড়াশক্ত পাপকারী ও ভেষজাপমানী। ইহাদিগের রসায়ন সেবন না ঘটিবার পক্ষে কারণ যথা,—অজ্ঞানতা অনারম্ভ, অস্থির চিত্ততা, দরিদ্রতা অনায়ত্ততা অধার্ম্মিকতা ও ঔষধের অপ্রাপ্তি।

রসায়নিক ঔষধ সমস্ত যথা,—শ্বেতকাপোতী, কৃষ্ণকাপোতী, গোনসী বারাহী কন্যা ছত্রা অতিছত্রা করেণু অজা চক্রকা আদিত্য-পর্ণিনী ব্রহ্মসুবর্চ্চলা শ্রাবণী মহাশ্রাবণী গোলোমী অজলোমী মহা-বেগবতী, এই অষ্টাদশ সোমতুল্য বীর্য্য বিশিষ্ট মহৌষধ বলিয়া খ্যাত। সোমের ন্যায় তাহাদিগের সকল ক্রিয়াও স্তুতি-শাস্ত্রে অভিহিত হইয়াছে। আশ্রমে প্রবিষ্ট হইয়া ক্ষীরবতী ঔষধ সকলের ক্ষীর কুড়ব পরিমাণে এককালে পান করিবে। যে সমস্ত ঔষধ ক্ষীরহীন মূল বিশিষ্ট, তাহাদিগের প্রদেশীনি প্রমাণ তিনটী কাণ্ড ভক্ষণ করিবে। শ্বেত কাপোতীর মূল ও পত্র সমেত ভক্ষণ করিবে। গোলসী অজগরী কৃষ্ণ কপাতী ইহাদিগকে খণ্ড খণ্ড করিয়া সনখ-মুষ্টি (১) পরিমাণে গ্রহণ করিয়া দুগ্ধে সিদ্ধ করিবে (২)। পরে দুগ্ধ স্রাবিত করিয়া লইয়া এক কালে পান করিবে। চক্রকার দুগ্ধ একবার মাত্র পান করিবে। ব্রহ্মসুবর্চ্চল সপ্ত রাত্র সেবন করিবে।

---

(১) অঙ্গুলি প্রসারিত রাখিয়া মুষ্টি বন্ধন (মুটো) করিয়া তাহাতে যত ধরে।
(২) সিদ্ধ করিবার প্রণালী পরে স্নেহ পাক বিধি অধ্যায়ে কষায় কল্প দেখ।

এই সকল ঔষধ সেবন করিলে শরীর যুবার ন্যায়, সিংহ বিক্রান্ত ও মনোহর হয়, শ্রুতি-নিগাদী হয় এবং দ্বিসহস্র বৎসর আয়ু হয়। আভরণ কুণ্ডল কিরীট মাল্য চন্দন ও বস্ত্র ধারণ পূর্ব্বক জলদ-সঞ্চরণ-পথাতীত নভস্থলে অমোঘ সঙ্কল্প হইয়া বিচরণ করে। নভোমণ্ডলের যে পথে জল-বিলম্বিত জলদমালা ও পক্ষী সমস্ত বিচরণ করে, ওষধি-সিদ্ধ বা সোম-সিদ্ধ ব্যক্তিরও সেই পথে গতি হয়।

অতঃপর সকল ঔষধের বিজ্ঞানের পক্ষে ভিন্ন ভিন্ন লক্ষণ বলা যাইতেছে। কপিল বর্ণের বিচিত্র মণ্ডলবিশিষ্ট, পঞ্চপত্র বিশিষ্ট সর্পাকার ও পঞ্চ অরত্নি (১) প্রমাণ পর্য্যন্ত দীর্ঘ হয়, ইহাকে অজগরী বলা যায়। নিষ্পত্র, কনকের ন্যায় আভা-বিশিষ্ট, দুই অঙ্গুল পরিমিত মূল-বিশিষ্ট সর্পের ন্যায় আকার, ও অন্তভাগ লোহিত বর্ণ, ইহাকে শ্বেতকপোতী বলে। দ্বিপত্রী, মূলজাতা, অরুণবর্ণা, কৃষ্ণবর্ণ মণ্ডল-বিশিষ্টা, দুই অরত্নি প্রমাণ দীর্ঘা, ও গোনসের (মণ্ডলী বেড়া সাপ) ন্যায় আকৃতি, ইহাকে গোনসী বলে। সক্ষীরা রোম-যুক্তা মৃদ্বী ও ইক্ষুরসের ন্যায় রস-বিশিষ্টা, ইহাকে কৃষ্ণকাপোতী বলে। এক পত্রা মহাবীর্য্যা অঞ্জনপ্রভা কন্দজাতা এবং শ্বেত কাপোতীতে সংস্থিত, ছত্রা ও অতিছত্রা উভয়েরই এই লক্ষণ। ইহাদিগের দ্বারা জরা মৃত্যু নিবারিত হয়। ময়ূরের লোমের ন্যায় মনোহর দ্বাদশটী পত্র-বিশিষ্ট, কন্দজাত, ও স্বর্ণবর্ণ ক্ষীর-বিশিষ্ট, ইহাকে কন্যা নামা মহৌষধি বলে। দ্বিপত্রী, হস্তিকর্ণ পলাশের ন্যায় পত্র, প্রচুর ক্ষীর-বিশিষ্ট, ও গজাকৃতি কন্দ, ইহাকে করেণু বলে। অজার স্তনের ন্যায় কন্দ, সক্ষীরা, চন্দ্র ও শঙ্খের ন্যায় শ্বেত অথচ পাণ্ডুর, এবং হ্রস্ব বৃক্ষের আকার, ইহাকে অজা নামক ওষধি বলে। শ্বেতবর্ণ বিচিত্র পুষ্প বিশিষ্ট, কাকাদনীর ন্যায় ক্ষুদ্র বৃক্ষ, ইহাকে চক্রকা বলে; ইহার দ্বারা জরা মৃত্যু নাশ হয়। আদিত্য-পর্ণিনী,—মূল বিশিষ্টা, কোমল রক্তবর্ণ পঞ্চপত্র-

---

(১) কূর্পর হইতে কণিষ্ঠাঙ্গুলির মূল পর্য্যন্ত হস্তকে অরত্নি প্রমাণ বলে।

বিশিষ্ঠা ও সর্ব্বদা সূর্য্যের অনুবর্ত্তিনী (১)। কনকের আভা-বিশিষ্ট, সক্ষীর ও দেখিতে পদ্মিনীর ন্যায়, এবং বর্ষার অপগমে জন্মিয়া চতুর্দ্দিকে প্রসারিত হয়, ইহাকে ব্রহ্মসুর্চ্চলা কহে। অরত্নি প্রমাণ বৃক্ষ, দ্বি-অঙ্গুল পরিমিত পত্র, নীলোৎপল সদৃশ পুষ্প এবং অঞ্জন সন্নিভ ফল, ইহাকে শ্রাবণী বলে। এই সকল লক্ষণ বিশিষ্ট, অধিকন্তু কনকবর্ণ ক্ষীর-বিশিষ্ট ও পাণ্ডুবর্ণ, ইহাকে মহাশ্রাবণী বলে। গোলোমী অজলোমী রোম-বিশিষ্ট ও কন্দ সম্ভূত। বেগবতী,—মূলজাত, হংসপদী লতার ন্যায় বিচ্ছিন্ন পত্র-বিশিষ্ট, অথবা সর্ব্বতোভাবে শঙ্খ-পুষ্পীর তুল্য অতিশয় বেগ-বিশিষ্ট ও সর্প নির্ম্মোক সদৃশ, বর্ষার অন্তে জন্মে।

পূর্ব্বোক্ত ওষধি সমূহের মধ্যে প্রথম যে সপ্ত প্রকার ওষধির উল্লেখ হইয়াছে তাহাদিগের উদ্ধার করিবার মন্ত্র বলা যাইতেছে। যথা,—মহেন্দ্র রামকৃষ্ণানাং ব্রাহ্মণানাং গবামপি। তপসা তেজসা বাপি প্রশাম্যধ্বং শিবায় বৈ। এই মন্ত্রের দ্বারা সকল ওষধিই উদ্ধৃত কালে অভিমন্ত্রিত করিবে। শ্রদ্ধাহীন অলস কৃতঘ্ন ও পাপকারী ইহারা সোম অথবা সোমতুল্য ওষধি প্রাপ্ত হইতে পারে না। দেবতারা পানাবশেষ অমৃত সোমে অথবা সোম তুল্য ওষধিতে ও ওষধির অধিপতি চন্দ্রে নিহিত করিয়াছেন।

দেবাসুন্দ নামক হ্রদে ও সিন্ধু নামক মহানদে, বর্ষার অন্তে ও মধ্যে ব্রহ্মসুবর্চ্চলা নামক ওষধি পাওয়া যায়। উক্ত দুই প্রদেশে আদিত্যপর্ণিনীও হেমন্তের শেষে, এবং গোনসী বর্ষার প্রারম্ভে পাওয়া যায়। কাশ্মীর প্রদেশে ক্ষুদ্র মানস নামক দিব্য সরোবরে কণ্টু কন্যা ছত্রা অতিছত্রা গোলোমী আজলমী ও মহাস্রাবনী প্রাপ্ত হওয়া যায়। তথায় বসন্ত কালে কৃষ্ণবর্ণ নামে গোনসীও দৃশ্য হয়। কৌশিকী নদীর পারে পূর্ব্ব দিকে তিন যোজন ভূমি বল্মীকে ব্যাপ্ত।

(১) যে দিকে যখন সূর্য্য থাকেন তখন সেই দিকে নত থাকা।

সেই বল্মীকের উপরিভাগে শ্বেতকাপোতী জন্মে। মলয় ও নলসেতু নামক পর্ব্বতে বেগবতী নামক ওষধি জন্মে। কার্ত্তিকী পৌর্ণমাসিতে উপবাস করিয়া তাহা ভক্ষণ করিবে। যাহার মেঘমণ্ডলভেদী শৃঙ্গে দেবতারা বিচরণ করেন, যাহা সিদ্ধগণ ঋষিগণ ও দেবগণ কর্ত্তৃক সেবিত বিখ্যাত তীর্থ সমূহে ব্যাপ্ত, যাহার ভীষণ গুহা সমস্ত সিংহ কর্ত্তৃক নিনাদিত, করিকুলালোড়িত সলিলা স্রোতস্বতী যাহার চতুর্দ্দিকে প্রবাহিত হইতেছে, এবং বিবিধ ধাতুরোগে যাহার সর্ব্বত্র শোভিত সেই সোমগিরি ও অর্ব্বুদ গিরিতে সকল প্রকার ওষধি প্রাপ্ত হওয়া যায়।

নদী পর্ব্বত সরোবর পবিত্র-অরণ্য ও আশ্রম সর্ব্বত্রই ওষধি অনুসন্ধান কর্ত্তব্য। এই বসুন্ধরা সর্ব্বত্রই রত্ন ধারণ করেন।

একত্রিংশত্তম অধ্যায়।

স্নেহপাক বিধি ও স্নেহোপযোগী চিকিৎসা।

পুরুষ স্নেহসার, প্রাণও স্নেহ-ভূয়িষ্ঠ সুতরাং স্নেহ-সাধ্য। অতএব পান অনুবাসন মস্তিষ্ক শিরোবস্তি উত্তরবস্তি নস্য কর্ণ-পূরণ দেহে অভ্যঙ্গ ও ভোজন এই সকল বিষয়ে প্রয়োজ্য।

স্নেহের উৎপত্তি দুই প্রকার,—স্থাবর ও জঙ্গম। স্থাবরের মধ্যে তিল তৈল ও জঙ্গমের মধ্যে গব্য ঘৃত প্রশস্ত।

অতঃপর স্থাবর স্নেহের প্রয়োজন ও বিধান বলা যাইতেছে।

লোধ্র এরণ্ড কোশাম্র (কেওড়া) দন্তী দ্রবন্তী (মূষিকপর্ণী) সপ্তলা (নবমালিকা) শঙ্খিনী (চোঁচ খড়িকা) পলাশ বিষাণিকা (গাড়র শিঙে) গবাক্ষী [রাখালশশা] কম্পিল্লক (কমলা গুড়ি) সম্পাক [সোঁদাল] নীলিনী [কৃষ্ণ ত্রিবৃৎ] এই সকলের স্নেহ

বিরেচনে প্রয়োজ্য। জীমূতক (মুস্তা) কুটজ কৃতবেধন (কোশাতকী বা ঝিঙ্গে) ইক্ষাকু (তিতলাউ) ধামার্গব (পীত ঘোষা ফল) মদন, ইহাদিগের স্নেহ বমনে প্রয়োজ্য। বিড়ঙ্গ খরমঞ্জরী (অপামার্গ) মধুশিগ্রু সূর্য্যবল্লী (হুঁড়হুড়ে) পীলু শ্বেত সর্ষপ ও জ্যোতিষ্মতী (লতা ফটকিরি) ইহাদিগের স্নেহ শিরোবিরেচনে প্রয়োজ্য।

করঞ্জ পূতিক কৃতমাল (সোঁদাল) মাতুলঙ্গ ইঙ্গুদী কিরাততিক্ত (চিরতা), ইহাদিগের তৈল দুষ্টব্রণে প্রয়োজ্য। তুবরক [অরহর] কপিথ কম্পিল্লক ভল্লাতক ও পটোল, ইহাদিগের স্নেহ মহাব্যাধিতে প্রয়োজ্য। ত্রপুস (শসা) এর্ব্বারক (কর্কটী) তুম্বী কুষ্মাণ্ড, ইহাদিগের স্নেহ মূত্র রোধে প্রয়োজ্য কপোতবঙ্কা (ব্রাহ্মী) অবল্গুজ (সোমরাজ) হরীতকী, ইহাদিগের স্নেহ শর্করাশ্মরী রোগে প্রয়োজ্য। কুসুম্ভ সর্ষপ অতসী পিচুমর্দ্দ (নিম্ব) অতিমুক্তক ভাণ্ডী কটুতুম্বী (তিত লাউ) কটভী (নফটকী) ইহাদিগের স্নেহ প্রমেহ রোগে প্রয়োজ্য।

তাল নারিকেল পনস মোচ (মোচা) পিয়াল বিল্ব মধুক (মৌল) শ্লেষ্মাতক আম্রাতক, এই সকল ফলের স্নেহ পিত্ত-সংসৃষ্ট বায়ু রোগে প্রয়োজ্য। বিভীতক ভল্লাতক পিণ্ডীতক (ময়না) ইহাদিগের স্নেহ কৃষ্ণীকরণে (১) প্রয়োজ্য। শ্রবণ কঙ্গুক (কাঙ্গনীদানা) চূণ্টুক ইহাদিগের স্নেহ পাণ্ডুকরণে প্রয়োজ্য। শিংশপা ও অগুরুকাষ্ঠের তৈল দদ্রু কুষ্ঠ ও কিটিম রোগে প্রয়োজ্য। সকল স্নেহই বায়ু শান্তিকর। তৈল গুণ সংক্ষেপতঃ বলা হইল।

তদনন্তর কষায় সংযোগে স্নেহ পাকের ক্রম বলা যাইতেছে।

কেহ কেহ বলেন যাহার কাষ্ঠে তৈল প্রস্তুত করিতে হইবে তাহার ত্বক পত্র মূল একত্র লইয়া চতুর্গুণ জলে পাক করিবে।

(১) ক্ষত স্থান কালবর্ণ করিবার জন্য প্রয়োগ হয়।

জলের চতুর্থাংশ থাকিতে সেই ক্বাথ গ্রহণ করিবে (১)। চয় প্রসৃত (২) তৈল, তাহার চতুর্গুণ পূর্ব্বোক্ত ক্বাথ ও তাহাতে চারি অক্ষ পরিমিত (৩) কল্ক দ্রব্য। এই এক প্রকার স্নেহ পাকের বিধি। কিন্তু ইহা শাস্ত্রাসিদ্ধ প্রযুক্ত সঙ্গত নহে।

অতঃপর পলকুড়বাদির মান বলা যাইতেছে।

দ্বাদশ ১২ ধান্য এক ১ মাসা মধ্যমা বা সুবর্ণ মাসা
ষোড়শ ১৬ মাষাতে এক ১ সুবর্ণ
একবিংশতি ২১ মাষাতে এক ১ ধরণ
সার্দ্ধতিন ৩॥ ধরণে এক ১ কর্ষ
৪ কর্ষে এক ১ পল
৪ পলে এক ১ কুড়ব
৪ কুড়বে এক ১ প্রস্থ
৪ প্রস্থে এক ১ আঢ়ক
৪ আঢ়কে এক ১ দ্রোণ
১০০ পলে এক ১ তুলা
২০ তুলায় এক ১ ভার

এই পরিমাণ শুষ্ক দ্রব্যের পক্ষে, আর্দ্র বা দ্রব দ্রব্য হইলে ইহার দ্বিগুণ লইতে হইবে।

পূর্ব্বোক্ত কোন প্রকার পরিমাণানুসারে ত্বক পত্র ও মূল সমেত ক্বাথ্য দ্রব্য লইয়া খণ্ড খণ্ড করিয়া ছেদন করিবে। পরে পুনর্ব্বার তাহাদিগকে ক্ষুদ্র ক্ষুদ্র খণ্ড করিয়া কুট্টিত করিয়া সেই দ্রব্য অষ্ট গুণ বা ষোড়শ গুণ জলে অভিষেচন পূর্ব্বক স্থালীতে পাক করিবে।

---

(১) যথা /১ এক শের ক্বাথ্য দ্রব্য, চারি শের জলে পাক করিবে। /১ শের জল থাকিতে পাক সিদ্ধ হইবে।

(২) "প্রসৃতি" ১৬ তোলা। (৩) "অক্ষ" দুই তোলা।

*সুশ্রুত মতের ঔষধে এই পরিমাণ ব্যবহার্য্য।

জলের চতুর্থ অংশ অবশিষ্ট থাকিতে ক্বাথ পাক সিদ্ধ (১)। স্নেহের (ঘৃত তৈলের) চতুর্গুণ ক্বাথ ও চতুর্থাংশ কল্ক একত্র পাক করিবে। এই স্নেহ পাকের বিধি।

অথবা ক্বাথ্য দ্রব্যের ত্বক পত্র ও মূল সমেত এক তুলা পরিমাণ এক দ্রোণ পরিমিত জলে পাক করিবে। চতুর্থাংশ থাকিতে ক্বাথ পাক সিদ্ধ হইবে। এক কুড়ব পরিমিত স্নেহে চতুর্গুণ ক্বাথ ও এক পল পরিমিত কল্ক দ্রব্য পাক করিবে। ইহাও এক প্রকার স্নেহ পাকের ক্রম।

যে স্থলে স্নেহ ঔষধ বা জলের পরিমাণের উল্লেখ না থাকে সেই স্থলেই পূর্ব্বোক্ত বিধি অবলম্বন করিবে। যে স্থলে কোন ঔষধের পাকার্থ কোন প্রকার দ্রব দ্রব্যের উল্লেখ না থাকে সে স্থলে জলই ব্যবহার্য্য। কল্ক বা ক্বাথের নির্দ্দিষ্ট না থাকিলে সেই রোগের শমনীয় গণস্থ দ্রব্য কল্ক ও ক্বাথে প্রয়োগ করিবে (২)।

অতঃপর স্নেহপাকের ক্রম বলা যাইতেছে।

স্নেহপাক তিন প্রকার যথা,—মৃদু মধ্যম ও খর। কল্ক দ্রব্যে ও স্নেহে মিশ্রিত না হইয়া থাকিয়া, অর্থাৎ কল্ক নীরস হইয়া স্নেহ হইতে ভিন্ন হইয়া পড়িলে মৃদু পাক বলা যায়। কল্ক দ্রব্য নীরস, মধুচ্ছিষ্টের ন্যায় নির্ম্মল ও বিলেপী (চটচটে) হইলে মধ্যম পাক বলা যায়। কৃষ্ণবর্ণ অবসন্ন (ফেনা রহিত) ঈষৎ নির্ম্মল ও চিক্কণ হইলে খর পাক বলা যায়। ইহার অধিক পাক হইলে দগ্ধ-স্নেহ বলা যায়। পানে ও অভ্যবহারে মৃদু পাক সেব্য, নস্য ও অভ্যঙ্গে মধ্যম পাক ব্যবহার্য্য, এবং বস্তি ও কর্ণ পূরণে খরপাক প্রযোজ্য।

---

(১) কোন প্রকার ক্বাথ পাক করিতে হইলে এই নিয়মে করিতে হইবে। তাহা তৈলে দেওয়া হউক বা অন্য কোন রূপে ব্যবহৃত হউক।

কোন প্রকার তৈলে ক্বাথ বা কল্ক যাহাই দিতে হউক এই নিয়মে দিতে হইবে।

(২) যথা,—বায়ু-জন্য রোগ হইলে বাত শান্তিকর গণস্থ দ্রব্য সমূহের কল্ক ও ক্বাথ ব্যবহার্য্য।

শব্দ রহিত ও ফেনা নিঃশেষ হইলে এবং গন্ধ বর্ণ ও রসের আবির্ভাব হইলে পাক সিদ্ধ বলিয়া জানিবে। ঘৃতের পাকও এইরূপ জানিবে। তবে তৈলের পাক সিদ্ধের কালে অতি মাত্র ফেনা প্রাদুর্ভাব হয়। অবশিষ্ট সকল লক্ষণ ঘৃতের ন্যায়।

অতঃপর স্নেহ পানের ক্রম বলা যাইতেছে।

উদয়গিরি-শিখর-সংস্থিত সবিতৃদেব প্রতপ্ত কনক-নিকর সদৃশ পীত ও লোহিত বর্ণ ধারণ করিলে, লঘুকোষ্ঠ (যাহার কোষ্ঠ শুদ্ধি না থাকে) রোগীকে কৃত মঙ্গল ও স্বস্তি বাচন পূর্ব্বক যথা সাধ্য পরিমাণে তৈল বা ঘৃত পান করাইবে। অনন্তর উষ্ণোদকে আঁচমন করিয়া পাদুকা ধারণ পূর্ব্বক বিচরণ করিবে।

রুক্ষ ক্ষত বিষ-জন্য ও বাতপিত্ত বিকারে, এবং মেধা ও স্মৃতি হীন হইলে ঘৃত পান প্রশস্ত। কৃমি রোগে, কোষ্ঠাশ্রিত বায়ু রোগে, কফ ও মেদের বৃদ্ধি রোগে, তৈল পানাভ্যাসী তৈল পান করিবে। শরীরের দৃঢ়তার জন্যও তৈল পান করিবে। ব্যায়ামকর্ষিত, শুষ্করেতঃ রক্তজন্য মহাব্যাধি বিশিষ্ট, অতিশয় অগ্নি বিশিষ্ট, ও বাত প্রকৃতি, এই সকল ব্যক্তির পক্ষে বসা প্রশস্ত। ক্রূরাশয়, ক্লেশসহ বাতরোগী দীপ্তাগ্নি, ব্যক্তি, ইহাদিগের পক্ষে মজ্জা, অথবা ঔষধ-যুক্ত ঘৃত ব্যবহার্য্য। পৈত্তিকে কেবল ঘৃত, বাতিকে লবণ যুক্ত ঘৃত, এবং কফে ত্রিকটু ও ক্ষার সংযোগে ঘৃত সেবন বা প্রয়োগ করিবে। দোষের ন্যূনাধিক্য ও পরস্পরের সংমিলন বিবেচনা করিয়া, ত্রিষষ্ঠি প্রকার রসের মধ্যে কোন এক প্রকার বা দুই তিন প্রকার রস সংযোগে স্নেহ বিধান করিবে।

অতিশয় উষ্ণ বা অতিশয় শীতল কালে স্নেহ-পানশীল ব্যক্তি নির্ম্মল স্নেহ পান করিবে। শীত কাল হইলে অথবা বাতশ্লেষ্মার আধিক্য হইলে দিবাভাগে স্নেহ পান করিবে। উষ্ণ কাল হইলে বা বাতপিত্তের আধিক্য হইলে রাত্রিকালে স্নেহ পান করিবে। বাতপিত্তের

আধিক্যে উষ্ণ কালে স্নেহ পান করা তৃষ্ণা মূর্চ্ছা ও উন্মাদকর, এবং শীত কালে বাতশ্লেষ্মা রোগীর পক্ষে স্নেহ পান করা গৌরব অরুচি ও শূল-জনক। এইরূপ অবৈধ স্নেহ পান জন্য উল্লিখিত উপদ্রব সকলের শান্তি না হইলে উষ্ণোদক পান করিয়া বমন করিবে। অথবা শীতল প্রদেহ মস্তকে প্রয়োগ করিবে, বা শীতল জলে অবগাহন করিবে। স্নেহের যে মাত্রা দিবার চতুর্থ ভাগে পরিপাক হয়, তাহা অগ্নির দীপ্তি-কর এবং অল্প দোষে প্রশস্ত, যে মাত্রা অর্দ্ধ দিবসে জীর্ণ হয়, তাহা তেজস্কর ও পুষ্টিকর এবং মধ্যদোষে প্রশস্ত, যে মাত্রা দিবসের তৃতীয় ভাগে জীর্ণ হয় তাহা স্নেহনীয় ও বহু দোষের পক্ষে প্রশস্ত, ও যে মাত্রা সমস্ত দিবসে পরিপাক হয় গ্লানি মূর্চ্ছা বা উন্মত্ততা ব্যতীত অপর সকল রোগে ইহা প্রশস্ত। যে মাত্রা দূষিত না হইয়া (১) অহো-রাত্রের মধ্যে পরিপাক পায়, তাহাতে কুষ্ঠ বিষ উন্মাদ ও অপস্মার নাশ হয়। রোগী যে পরিমাণে পরিপাক করিতে পারিবে, প্রথমতঃ সেই পরিমাণ স্নেহ পান করাইবে। অত্যন্ত অধিক পরিমাণে স্নেহ পান করিলে প্রাণ সংশয় হয়। মিথ্যাচার প্রযুক্ত বা পরিমাণের বাহুল্য প্রযুক্ত স্নেহ পরিপাক না হইলে, অথবা অত্যন্ত বিষ্টব্ধ থাকিয়া জীর্ণ হইতে থাকিলে, উষ্ণোদক পান করিয়া বমন করিবে। পরিপাক হইল কি না এরূপ সংশয়ের স্থলে উষ্ণ জল পান করিবে, তাহাতে উদ্গার সংশোধিত হয়, এবং অন্নে রুচি জন্মে। পরিপাক কালে যদি তৃষ্ণা দাহ ভ্রম অবসাদ অরতি ও ক্লান্তি এই সকল উপদ্রব জন্মে তবে উষ্ণ জল পরিষেচন করিবে। স্নেহ জীর্ণ হইলে, অল্প তণ্ডুল-বিশিষ্ট উষ্ণ যবাগু প্রচুর পরিমাণে পান করিবে। অথবা সুগন্ধ-যুক্ত স্নেহ-বর্জ্জিত বা অত্যল্প স্নেহ-বিশিষ্ট সূপ বা যূষ সেবন করিবে, অথবা কেবল যবাগু পান করিবে। এই রূপে সপ্তরাত্র সেবন করিলে স্নেহ অভ্যস্ত হয়। সুকুমার কৃশ বৃদ্ধ শিশু স্নেহ-দ্বেষী বা তৃষ্ণার্ত্ত ব্যক্তিকে উষ্ণকালে

(১) অন্নরসে পরিণত না হইয়া।

অন্নের সহিত পান করাইবে। পিপ্‌পলী গজ-পিপ্‌পলী লবণ স্নেহ ও দধিমস্তক একত্র পান করাকে সদ্যস্নেহন (১) বলা যায়। মাংস ভর্জ্জন করিলে যে রস নিঃসৃত হইবে, সেই রসে পিষ্ট-যবের যূপ প্রস্তুত করিবে, মধু সংযোগে সেই যূপ পান করিলে সদ্য স্নেহন হয়। পিষ্ট-যব অল্প তণ্ডুল ও ঘৃত সহ সিদ্ধ করিয়া ঈষদুষ্ণ থাকিতে পান করিবে, ইহাতে সদ্যস্নেহন হয়। ঘৃতভাণ্ডে শর্করা চূর্ণ রাখিয়া তাহাতে গব্য-দুগ্ধ দোহন করিয়া পান করিবে ইহাতে রুক্ষ শরীরে সদ্য স্নেহন কার্য্য সম্পাদিত হয়। যব কোল কুলথ দধি সুরা ও ঘৃত প্রত্যেক সমভাগ ও দুগ্ধ দুই ভাগ (২) একত্র পাক করিলে ঘৃত অবশিষ্ট থাকিবে। সেই ঘৃত পাক করিলে সদ্য স্নেহন হয়। রাজা বা রাজসদৃশ ব্যক্তির পক্ষে এই ঘৃত সেবনীয়। বলহীন, বৃদ্ধ, মন্দাগ্নি-বিশিষ্ট ব্যক্তি বা স্ত্রীলোকের পক্ষে এবং অল্প দোষ-বিশিষ্ট রোগে পূর্ব্বোক্ত স্নেহন কার্য্য প্রয়োজ্য। অজীর্ণ রোগে, উদর-রোগে, এবং জ্বর-রোগে অরোচক উন্মাদ রোগে ও বমন রোগে, এবং দুর্ব্বল, স্থূল, পিপাসার্ত্ত শ্রান্ত ও মদ্য পানে ক্লান্ত ব্যক্তির পক্ষে, স্নেহন কার্য্য পরিত্যাগ করা কর্ত্তব্য। বস্তি-ক্রিয়া প্রয়োগ করিলে, বিরেচন বা বমন করাইলে, এবং অকালে বা মেঘাচ্ছন্ন দিবসে স্নেহ পান কর্ত্তব্য নহে। অকালে (৩) স্ত্রীলোক প্রসব করিলে স্নেহ পান পরিত্যাগ করিবে। প্রসবান্তে গর্ভাশয়ে রক্ত ক্লেদ বা মল অবশিষ্ট থাকিলে রুক্ষ পাঁচন ব্যবহার্য্য। এমত স্থলে দশরাত্রের পর স্নেহ ব্যবহার করিবে। পুরীষ গ্রন্থি-যুক্ত হইলে, শরীর রুক্ষ হইলে, কষ্টে অন্ন পরিপাক হইলে বিবর্ণ ও দুর্ব্বল হইলে রুক্ষ বলা যায়। গ্লানি, অঙ্গের অবসাদন, অধোভাগে স্নেহ নিঃসরণ, এবং স্নেহ

(১) অতিশয় রুক্ষ শরীর স্নিগ্ধ করাকে স্নেহন বলা যায়।

(২) অর্থাৎ অন্যান্য দ্রব্য প্রত্যেকে /১ এক শের লইতে হইলে দুগ্ধ /২ দুই সের লইতে হইবে।

(৩) যে কালে স্নেহ পান নিষিদ্ধ।

দ্বেষ, শরীর সম্যক স্নিগ্ধ হইলে এই সকল লক্ষণ হয়। অন্নে অরুচি, মুখস্রাব, মলদ্বারে দাহ, মলবেগ ও পুরীষের অতিশয় প্রবৃত্তি, শরীর হঠাৎ অতিশয় স্নিগ্ধ হইলে এই সকল লক্ষণ ঘটে। রুক্ষ হইলে স্নেহের দ্বারা স্নিগ্ধ করিবে, এবং স্নিগ্ধ হইলে শ্যামাক ও কোরদূষক ধান্যের অন্ন, তক্র পিণ্যাক (পিষ্ট সর্ষপ) ও শক্তুর দ্বারা রুক্ষ করিবে (১)।

অগ্নির দীপ্তি, কোষ্ঠের বিশুদ্ধতা, সকল ধাতুর পুষ্টি দেহের বল ও বর্ণ, ইন্দ্রিয়ের দ্রাঢ্যতা, সহসা জরাগ্রস্ত না হওয়া ও শত বৎসর আয়ু হওয়া, স্নেহোপযোগী পুরুষের এই সকল লক্ষণ জন্মে। রোগ প্রযুক্ত কৃশীভূত ব্যক্তির অগ্নিমান্দ্য হয়, এবং বলবান ব্যক্তিরও আহারের দোষে অগ্নিমান্দ্য হয়, এই দুই সহসা আরোগ্য হয় না। ইহাদিগের পক্ষে স্নেহই হিতকর।

দ্বাত্রিংশদ্ অধ্যায়।

স্বেদ প্রয়োগের প্রণালী।

স্বেদ চারি প্রকার যথা,—তাপস্বেদ উষ্ণস্বেদ উপনাহস্বেদ ও দ্রবস্বেদ। ইহাদিগের মধ্যে কোন এক প্রকার স্বেদের বিধান থাকিলে, সে স্থলে অন্য প্রকার স্বেদ নিষিদ্ধ বলিয়া জানিবে।

তাপস্বেদ। হস্ত কাংশ কন্দ কপাল-খণ্ড বালুকা বা বস্ত্র ইহাদিগের কোন একটী উত্তপ্ত করিয়া, তদ্দ্বারা তাপনীয় স্থানে তাপ প্রয়োগ করিবে। অথবা রোগীকে শয়ন করাইয়া তাহার অঙ্গে খদিরাঙ্গারের তাপ প্রয়োগ করিবে।

উষ্ণস্বেদ। কপাল-খণ্ড, পাষাণ ইষ্টক বা লৌহপিণ্ড অগ্নিবর্ণ করিয়া জল বা অম্ল দ্রব্য অভিষেচন করিবে। পরে অঙ্গের যে স্থানে

---

(১) ইহাতে বিবেচনা হয় যে শরীর হঠাৎ স্নিগ্ধ হইলেই সদ্য আমাশয় জন্মে। তাহাতে রুক্ষ কার্য্য বিধেয়।

তাপ দিতে হইবে তাহা আর্দ্র অলক্তকে বেষ্টিত করিয়া, তাহার উপরি সেই স্বেদ প্রয়োগ করিবে। মাংসরস দুগ্ধ দধি ধান্যাম্ল বা বাতনাশক দ্রব্যের বা পত্রভঙ্গের ক্বাথ (১) সহ কুম্ভী উত্তপ্ত করিয়া বস্ত্রে আবরণ পূর্ব্বক স্বেদ প্রয়োগ করিবে। অথবা কলসী মধ্যে স্বেদনীয় দ্রব্য স্থাপন করিয়া তাহার মুখ-রুদ্ধ করিয়া অধোমুখে রাখিবে। সেই কলসীর পার্শ্বে ছিদ্র করিয়া, হস্তী-শুণ্ডাকার নল তাহাতে প্রবিষ্ট করিয়া, তদ্দ্বারা স্বেদ প্রয়োগ করিবে।

বাত রোগীকে স্বেদ দিতে হইলে, তৈলাদির (২) দ্বারা শরীর অভ্যক্ত-করিয়া ও গুরুতর আবরণে দেহ আবৃত করিয়া সচ্ছন্দ ভাবে উপবেশন করাইবে। তদনন্তর হস্তি-শুণ্ডাকৃতি নলের দ্বারা স্বেদ প্রয়োগ করিবে। নলের পরিমাণ অর্দ্ধ ব্যাম, ত্রিবঙ্ক ও আকার হস্তীর শুণ্ডের ন্যায়। সূক্ষ্ম-কাষ্ঠ-নির্ম্মিত বা হস্তি-শুণ্ডাকৃতি নলই স্বেদে প্রশস্ত। অথবা রোগীর শরীরের দৈর্ঘ পরিমিত ভূমি খদির-কাষ্ঠে দগ্ধ করিয়া, দুগ্ধ ধান্যাম্ল ও জলে অভিষিক্ত করিয়া ও তাহা পত্রভঙ্গের দ্বারা আচ্ছাদিত করিয়া তদুপরি রোগীকে শয়ন করাইয়া স্বেদ দিবে। অথবা শিলা-খণ্ড পূর্ব্ববৎ খদির কাষ্ঠের অঙ্গার উত্তপ্ত করিয়া, ভস্ম অপসরণ পূর্ব্বক রোগীকে তদুপরি শয়ন করাইয়া স্বেদ দিবে। অথবা পূর্ব্বের ন্যায় গুরুভার বস্ত্রের দ্বারা কুটী বা চতুর্দ্বার বিশিষ্ট আবরণী (৩) নির্ম্মাণ করিয়া রোগীকে তাহার মধ্যে বসাইবে। তাহার চতুর্দ্দিকে অগ্নি রাখিয়া স্বেদ প্রয়োগ করিবে।

অথবা ধান্য উপস্বিন্ন করিয়া (ভাপাইয়া) (৪), কিলিঞ্জে অথবা

---

(১) কুঙ্কুম মৃগনাভি চন্দন প্রভৃতি একত্র করিয়া পত্রভঙ্গ বলা যায়। ইহা পূর্ব্বে গণ্ডদেশে চিত্রিত করণে ব্যবহার হইত।

(২) রোগের অধিকারে যে রূপ ঘৃত তৈলাদি বিহিত হইয়াছে তাহাই স্থলে ব্যবহার্য্য।

(৩) মোটা কাপড়ের ঘেরা বা ক্ষুদ্র গৃহ।

(৪) ধান্য জলে সিদ্ধ করাকে ভাপান বলে।

সেই মত অন্য কোন শয্যায় রোগীকে শয়ন করাইয়া তদ্দ্বারা স্বেদ প্রয়োগ করিবে। এই রূপে পাংশু গোময় তূষ বুস বা পললের দ্বারা স্বেদ প্রয়োগ করিবে।

উপনাহ স্বেদ। বাতনাশক ঔষধের মূল অম্লরসে পিষিয়া কল্ক প্রস্তুত করিবে। তাহতে প্রচুর লবণ ও ঘৃতাদি সংযোগে স্নিগ্ধ করিয়া সুখোষ্ণ থাকিতে স্বেদনীয় স্থানে প্রয়োগ করিবে। এই প্রকার কাকোল্যাদি গণ বা সুরসাদিগণ বা তিল অতসী বা সর্ষপের কল্ক, কৃশরা পায়স বেসবার বা শালণ সূক্ষ্ম বস্ত্রে বন্ধন করিয়া স্বেদ প্রয়োগ করিবে।

দ্রবস্বেদ। বায়ু শান্তিকর ঔষধের ঈষদুষ্ণ কাথে কটাহ বা দ্রোণী পূর্ণ করিয়া, তন্মধ্যে রোগীকে অবগাহন করাইয়া স্বেদ দিবে। এই রূপ দুগ্ধ মাংসরস যূষ তৈল ধান্যাম্ল ঘৃত বসা মূত্র প্রভৃতিতে অবগাহন করাইয়া ঈষদুষ্ণ কাথ (বাতাঘ্নদ্রব্যের) পরিষেচন করিবে।

এই চতুর্ব্বিধ স্বেদের মধ্যে তাপস্বেদ ও উষ্ণস্বেদ বিশেষতঃ শ্লেষ্মাঘ্ন, ও উপনাহ স্বেদ বাতঘ্ন। বায়ু বা শ্লেষ্মার সহিত পিত্ত সংসৃষ্ট হইলে, বায়ু-শূন্য স্থানে বা আতপে গুরুভাব-বিশিষ্ট আবরণে আবৃত করণের দ্বারা, অথবা যুক্ত পথশ্রম ব্যায়াম ভারবহন বা ক্রোধোৎপাদনের দ্বারা স্বেদ নিঃসারিত করিবে।

পূর্ব্বোক্ত চতুর্ব্বিধ স্বেদ দুই প্রকারে প্রয়োগ করা যায়, সর্ব্বাঙ্গে ও দেহের কোন অঙ্গে। যে সকল রোগীকে নস্য বস্তি অথবা শোধনী প্রয়োগ করা হায়, তাহাদিগকে পূর্ব্বে স্বেদ প্রয়োগ করিবে। দেহ হইতে শল্য আহরণ করিলে বা অনুপদ্রব মূঢ়গর্ভ নির্গত হইলে, অথবা কালে সুপ্রসূতা হইলে পশ্চাতে স্বেদ প্রয়োগ করিবে (১)।

(১) স্ফোটকাদি হইতে পূযাদি নিঃসরণ বা দেহ হইতে কণ্টকাদি উদ্ধৃত হইলে স্বেদ প্রয়োগ করিবে। এবং গর্ভস্রাব বা সুপ্রসূতা হইলে দুষ্ট শোণিত বদ্ধ থাকা জন্য যন্ত্রণা হইলে পক্বাশয়ের উপরি স্বেদ বিধেয় সর্ব্বাঙ্গে উষ্ণ জলও সূতিকাবস্থার প্রথমে পরিষেচন করিবে গর্ভ ব্যাকরণ অধিকার দ্রষ্টব্য।

ভগন্দর অশ্মরী ও অর্শ রোগে শস্ত্রপাতের পূর্ব্বে ও পরে স্বেদ প্রয়োগ করিবে। অপরাপর যে সকল রোগে যে রূপ স্বেদ প্রয়োগ করিতে হয় তাহা সেই সকল রোগের অধিকারে বলা হইয়াছে।

দেহ অভ্যক্ত বা স্নিগ্ধ না করিয়া কোন মতেই স্বেদ প্রয়োগ করা কর্ত্তব্য নহে। অগ্নির দীপ্তি, কোমলতা, ত্বকের প্রসন্নতা, অন্নে রুচি, শ্রোতপথের (শরীরের দ্বার), নির্ম্মলতা, তন্দ্রানাশ, স্তব্ধ-সন্ধির সচলতা, স্বেদ প্রায়াগে এই সকল ফল হয়। স্নেহ-জন্য ক্লেদ, ধাতু সংস্থিত সকল দোষ, অথবা স্বস্থানে-স্থিত অথবা মার্গে লীন যে সকল দোষ, সম্যক স্বেদ প্রয়োগের দ্বারা সেই সকল দোষ দ্রব হইয়া কোষ্ঠদেশে গমন করে। স্বেদের আস্রাব, ব্যাধির হানি, দেহের লঘুতা, শীতল দ্রব্যের অভিলাষ ও দেহের কোমলতা, সম্যক পরিমাণে স্বেদ প্রযুক্ত হইলে এই সকল লক্ষণ হয়। মিথ্যা স্বেদ প্রয়োগ করিলে (১) ইহার বিপরীত ফল হয়। অতিরিক্ত স্বেদ প্রয়োগ করিলে সন্ধিপীড়া বিদাহ, স্ফোটৎপত্তি, পিত্ত-রক্তের প্রকোপ, মূর্চ্ছা ভ্রান্তি দাহ তৃষ্ণা ও ক্লান্তি, এই সকল লক্ষণ ঘটে। ইহাতে শীঘ্রই শীতল ক্রিয়া কর্ত্তব্য। পাণ্ডু মেহ পিত্তরক্ত ক্ষয় অজীর্ণ উদর-রোগ বিষ-রোগ তৃষ্ণা বমন বা অতিসার এই সকল রোগে, অথবা ক্ষীণ গর্ভিণী বা পীত-মদ্য ব্যক্তিকে স্বেদ প্রয়োগ করিবে না। স্বেদ প্রয়োগ করিলে দেহ নাশ হয় অথবা রোগ অসাধ্য হয়। ইহাদিগের মধ্যে কোন রোগ স্বেদ সাধ্য হইলে, হৃদয়ে মুষ্ক ও চক্ষু ভিন্ন সর্ব্বাঙ্গে মৃদু স্বেদ প্রয়োগ করিবে। যে কোন প্রকার স্বেদ প্রয়োগ করিতে হউক, ভুক্ত দ্রব্য পরিপাক হইলে পর বায়ু শূন্য স্থান প্রয়োগ করিবে, এবং তৎকালে শীতল বস্ত্রের (আর্দ্র) দ্বারা চক্ষুদ্বয় আচ্ছাদিত রাখিবে, ও বক্ষঃ স্থানে মুহুর্মুহু শীতল স্পর্শ করাইবে। স্বেদ প্রয়োগ কালে স্বেদনীয় স্থানে স্নেহ অভ্যক্ত করিবে। সম্যক রূপে স্বেদ প্রয়োগ করা

নিষ্প্রয়োজনে স্বেদ প্রয়োগ করিলে।

হইলে ও তদ্দ্বারা শরীর কোমল হইলে, উষ্ণোদকে অল্পে অল্পে স্নান করা কর্ত্তব্য। স্বেদ প্রয়োগ করা হইলে দেহ অভ্যক্ত করিয়া ও আবৃত করিয়া নির্বাত স্থানে থাকিবে, এবং অনভিষ্যন্দি দ্রব্য ভোজন করিবে। অবস্থানুসারে প্রয়োজন হইলে অন্য প্রকার আহারের ব্যবস্থা করা যাইতে পারে।

ত্রয়স্ত্রিংশদধ্যায়।

বমন বিরেচন সাধ্য উপদ্রবের চিকিৎসা।

দেহস্থ বায়ু পিত্ত কফ এই তিন দোষের কোন একটি দোষ অধিকতর পরিমাণে ক্ষয় হইলে তাহার বৃদ্ধি করা, কোন দোষ কুপিত হইলে তাহার সাম্য করা, বৃদ্ধি হইলে নির্হরণ করা এবং তাহাদিগের সকলকে সমান ভাবে রক্ষা করাই চিকিৎসার উদ্দেশ্য। দোষ নির্হরণ করিতে হইলে বমন বিরেচনই প্রধান উপায়। অতএব তাহাদিগের প্রয়োগের বিধি বলা যাইতেছে।

রোগীর দেহ স্নিগ্ধ করিয়া স্বেদ প্রয়োগ পূর্ব্বক অভিষ্যন্দি আহার প্রদান করিবে (১)। তাহাতে দেহস্থ সকল বদ্ধ দোষ শিথিল হয়। অনন্তর কোন প্রকার জঘণ্য দ্রব্য সেবন করিতেছি জ্ঞান করিয়া বমনের ঔষধ সেবন করিবে। তীক্ষ্ণাগ্নি, বলবান, বহু-দোষ-বিশিষ্ট এবং মহাব্যাধি পীড়িত, এই সকল ব্যক্তির পক্ষে বমন প্রশস্ত। বিবিধ প্রকার কোমল আহার-জনিত দোষে ক্লিষ্ট হইলে, দেহ স্নিগ্ধ করিয়া স্বেদ প্রয়োগ পূর্ব্বক বমনের ঔষধ সেবন করাইবে। স্নেহ ও স্বেদ প্রয়োগের পর দিবসে প্রাতঃকালে সূর্য্যোদয়ের পর বমন দ্রব্যের কষায় কল্ক বা চূর্ণ স্নেহের সহিত পান করাইয়া বমন

---

(১) অভিষ্যন্দী আহার দ্রব্য গুণে দ্রষ্টব্য

করাইবে। কোষ্ঠবিশেষে (১) দুর্গন্ধ ঘৃণা-জনক ও কুদৃশ্য বমন দ্রব্য বিধান করিবে। বিরেচনে ইহার বিপরীত নিয়ম অর্থাৎ ঘৃণা জন্মান বিধেয় নহে।

সুকুমার কৃশ বালক বৃদ্ধ ও ভীরু, ইহাদিগের বমনসাধ্য রোগে দুগ্ধ দধি তক্র বা যবাগু আকণ্ঠ পান করাইবে। তদনন্তর ঔষধ সেবন করাইয়া অগ্নি-তপ্ত হস্তের দ্বারা তাহার শরীর তাপিত করিয়া মুহূর্ত্ত কাল অপেক্ষা করিবে। অনন্তর শরীরে ঘর্ম্ম হইতে থাকিলে শরীর শিথিল হইয়া সমস্ত দোষ স্বস্ব স্থান হইতে প্রচলিত হইয়া কুক্ষি দেশে গমন করিতেছে জানিবে। পরে বমনের ইচ্ছা জন্মিলে ভূমিতে জানুমাত্রাসনে উপবেশন করিবে। অপরে তাহার ললাট পৃষ্ঠ পার্শ্ব ও কণ্ঠ ধরিয়া থাকিবে। পরে অঙ্গুলি এরণ্ড বা উৎপল নাল, ইহাদিগের মধ্যে কোন একটী কণ্ঠপর্য্যন্ত প্রবিষ্ট করিয়া নিঃশেষে বমন করাইবে, যাবৎ পর্য্যন্ত সম্যক বান্তের লক্ষণ না জন্মে।

কফপ্রসেক হৃদয়ের অবিশুদ্ধতা ও কণ্ডু, বমন সম্যক না হইলে এই সকল লক্ষণ ঘটে। পিত্তের অতিযোগ সংজ্ঞা-হীনতা হৃদয় ও কণ্ঠ-দেশের পীড়া, অতিশয় বমনে এই সকল উপদ্রব ঘটে। কফের অনুগত হইয়া পিত্ত নিঃসৃত হইলে, হৃদয় কণ্ঠ ও শিরোদেশ বিশুদ্ধ হইলে, এবং দেহ লঘু হইলে ও তাহাতে কফের সংস্রব থাকিলে, সম্যক্ রূপে বমন হইয়াছে জানিবে।

সম্যক্ রূপে বমন হইলে, স্নেহন বিরেচন শমনীয় বা ধূম ইহাদিগের মধ্যে কোন একটী যথাসাধ্য পরিমাণে পান করাইয়া, যে রূপ আহারে থাকিতে হইবে তাহার উপদেশ দিবে।

তদনন্তর অপরাহ্ন কালে শুচি ও শুদ্ধ-দেহ হইয়া উষ্ণ জল গাত্রে পরিষেচন পূর্ব্বক কুলথ মুদ্গ বা আঢ়কি, জাঙ্গল পশুমাংসের যূষ

(১) শারীর স্থানে হৃদয়কেও কোষ্ঠ বলে। এ স্থলে তাহাই অভিপ্রেত। হৃৎকোষ্ঠস্থিত দোষ বিবেচনা করিয়া সামান্য বা গুরুতর বমন প্রয়োগ করা গ্রন্থকারের উদ্দেশ্য।

বা রস সহ ভোজন করিবে। কাস উপলেপ (কণ্ঠে শ্লেষ্মা সঞ্চয়) স্বর-ভেদ নিদ্রা তন্দ্রা আস্য-দৌর্গন্ধ, বিষের উপদ্রব, কফ প্রসেক ও গ্রহণী দোষ বমন-শীল ব্যক্তির এ সকল রোগ বা উপদ্রব জন্মে না। যেমন তরু ছিন্ন হইলে পুষ্প ফল ও অঙ্কুর সমস্ত সহসা নাশ হয়, শোধনের দ্বারা শ্লেষ্মা নিঃসৃত হইলেও শ্লেষ্মা-জন্য বিকার সমস্তও সেই রূপে সাম্য হয়। তিমিররোগে, উর্দ্ধগত বায়ু, গুল্ম, উদর প্লীহা ও কৃমি রোগ হইলে, অতিবৃদ্ধ, মূত্র রোগে, অথবা শ্রমার্ত্ত স্থূল ক্ষত ক্ষীণ বা কৃশ হইলে, বা কেবল মাত্র বায়ু-জন্য রোগ হইলে, স্বরোপঘাত, অধ্যয়ন-প্রসক্ত, কষ্টে বমন-শীল, তৃষ্ণার্ত্ত ও বালক হইলে, কিম্বা উর্দ্ধগত রক্তপিত্ত রোগ বা উদাবর্ত্ত রোগ হইলে, বা ক্ষুধিত অতিরুক্ষ বা গর্ভিণী হইলে বা নিরূঢ় বস্তি প্রযুক্ত হইলে, বমন বিধেয় নহে। অবম্য রোগে বা অবস্থায় বমন করান কর্ত্তব্য নহে, তাহা হইলে রোগ কষ্টসাধ্য বা অসাধ্য হইয়া পড়ে। তবে অজীর্ণ-জন্য পীড়া বা বিষ-জন্য উপদ্রব বা কফ জন্য উন্নন হইলে মধু সংযুক্ত জলের দ্বারা বমন করান যায়।

বিষ-রোগ শোষ-রোগ স্তন্য-দোষ বিষমাগ্নি মন্দাগ্নি উন্মাদ অপস্মার শ্লীপদ অর্ব্বুদ পাদাবদারিকা মেদ মেহ জ্বর অরুচি অপচি আমাতিসার হৃদ্রোগ চিত্ত-বিভ্রম বিসর্প বিদ্রধি অজীর্ণ মুখপ্রসেক হৃল্লাস শ্বাস কাশ পীনস, পূতিনস (নাসিকা মধ্যে দুর্গন্ধ), কণ্ঠ ওষ্ঠ মুখ পাক, কর্ণস্রাব অধিজিহ্বিকা উপজিহ্বিকা গলশুণ্ডিকা অধঃশোণিত-পিত্ত, কফ-জন্য বিকার এবং কফ-জন্য সকল প্রকার ব্যাধিতে, বমন প্রশস্ত।

বিরেচন প্রয়োগ বিধি। স্নেহ স্বেদ ও বমন প্রয়োগ পূর্ব্বক বিরেচন বিধান করিবে। পরদিন রোগীকে বিগত শ্লেষ্মা দেখিলে বিরেচন সেবন করাইয়া ফলাম্ল বা উষ্ণোদক অনুপান করাইবে। কোষ্ঠ তিন প্রকার, মৃদু ক্রূর ও মধ্য। পিত্ত বাহুল্য হইলে মৃদু কোষ্ঠ

হয়, তাহাতে দুগ্ধ সহযোগে বিরেচন করাইবে, বাত-শ্লেষ্মার আধিক্যে কোষ্ঠ ক্রূর হয়, এবং সকল সমভাবে থাকিলে কোষ্ঠ মধ্যম হয় (১)।

মৃদু-কোষ্ঠে ঔষধের মৃদু মাত্রা, ক্রূর-কোষ্ঠে তীক্ষ্ণ মাত্রা, এবং মধ্য-কোষ্ঠে মধ্য মাত্রা প্রয়োগ করিবে। বিরেচন প্রযুক্ত হইলে তন্মনা হইয়া থাকিবে, বেগ ধারণ করিবে না, বায়ু-শূন্য স্থানে শয়ন করিয়া থাকিবে এবং শীতল জল বা বায়ু স্পর্শ বা সেবন করিবে না। বমন প্রয়োগে যেমন লালা ঔষধ কফ পিত্ত ও বায়ু ক্রমশঃ নির্গত হয়, বিরেচন প্রয়োগেও সেই রূপ মূত্র পুরীষ পিত্ত ঔষধ কফ ক্রমশঃ নির্গত হয়।

দুর্ব্বিরক্ত হইলে অর্থাৎ বিরেচনে কোষ্ঠ বিশুদ্ধ না হইলে কফ-পিত্তেরকোপ, দাহ, অরুচি, দেহের গৌরব, অগ্নিমান্দ্য হৃদয় ও কুক্ষি দেশের অশুদ্ধি কণ্ডূ ও মল মূত্রের রোধ, এই সকল উপদ্রব ঘটে। অতিশয় বিরক্ত হইলে মূর্চ্ছা গুদভ্রংশ, কফের অতিযোগ, শূল, এই সকল উপদ্রব জন্মে। সকল দোষ কফ সংযুক্ত হইয়া নিঃশেষে নির্গত হইলে, নাভির লঘুত্ব, মনের তুষ্টি, এবং বায়ুর অনুলোম হইলে সম্যক বিরিক্ত হইয়াছে বলিয়া জানিবে। বিরেচন প্রয়োগে মন্দাগ্নি হইলে, অথবা সম্যক বিরেচন ও দেহের ক্ষীণ বোধ না হইলে, সে দিবস রোগীকে পেয় দ্রব্য দিবে না। সু বিরেচিত ক্ষীণ ও তৃষ্ণার্ত্ত হইলে অশীতল লঘু পেয় দ্রব্য অল্প পরিমাণে সেবন করিবে। বিরেচন প্রয়োগশীল ব্যক্তির বুদ্ধির প্রসন্নতা বল ইন্দ্রিয় ও ধাতুর স্থিরতা অগ্নির দীপ্তি ও বিলম্বে শরীরের জরাপ্রাপ্তি, এই সকল ফল হয়। জলাশয়ের জল অপনীত হইলে যেমন জলচর সমস্ত নাশ পায়, তদ্রূপ পিত্ত প্রকৃতি ব্যক্তির পিত্ত অপনীত হইলেও পিত্ত-জন্য বিকার সমস্ত

(১) কোষ্ঠদেশ হইতে মৃদু ভাবে মল সঞ্চালিত হইলে মৃদু কোষ্ঠ, সরল ভাবে সঞ্চালিত হইলে মধ্যম, এবং কষ্টে কোষ্ঠ সঞ্চালিত হইলে ক্রূর কোষ্ঠ বলা যায়।

নাশ পায়। মন্দাগ্নি-স্নিগ্ধ (১) অতি-বালক অতি-বৃদ্ধ অতি-স্থূল ক্ষত ক্ষীণ ভয়-তাপিত শ্রান্ত তৃষ্ণার্ত্ত গর্ভিনী, অধোগত রক্ত-পিত্ত, মদাত্যয়ী (মদ্যপানে মত্ত) নব-জ্বরী নব-প্রসূতা ও শল্য-পীড়িত, এই সকল ব্যক্তি বা রোগীকে বিরেচন প্রয়োগ করিবে না। ভুক্ত অন্ন পরিপাক না হইলেও বিরেচন প্রয়োগ কর্ত্তব্য নহে। অতিশয় পিত্ত-পীড়িত দেহ হইলে মন্দ-বীর্য্য বিশিষ্ট বিরেচক ঔষধ প্রয়োগ কর্ত্তব্য নহে, তাহাতে শরীর নাশ হয়।

জ্বর গরল অরুচি অর্শঃ অর্ব্বুদ উদর-রোগ গ্রন্থি-রোগ বিদ্রধি পাণ্ডু অপস্মার হৃদ্রোগ বাতরক্ত ভগন্দর বমনরোগ বিসর্প গুল্ম, পক্বাশয় গত-রোগ, বিবন্ধ বিসূচিকা অলস (ক্ষুদ্র রোগ) মূত্রাঘাত কুষ্ঠ বিস্ফোটক প্রমেহ আনাহ প্লীহা শোফ বৃদ্ধি শস্ত্রক্ষত ক্ষার-দগ্ধ অগ্নি-দগ্ধ দুষ্ট ব্রণ অক্ষিপাক তিমির রোগ অভিষ্যন্দ (নেত্ররোগ) শিরো-রোগ কর্ণ-রোগ নাশা-রোগ মুখ-রোগ গুদ-রোগ মেঢ্র-রোগ, দাহ, ঊর্দ্ধগত রক্ত-পিত্ত, কৃমি-রোগ, কোষ্ঠগত-রোগ, পিত্ত স্থান-জাত-বিকার, বা অন্য সকল পিত্ত-জন্য রোগে বিরেচন প্রয়োজ্য।

সারকতা সূক্ষ্মতা তীক্ষ্ণতা উষ্ণতা ও বিকাশিতা প্রযুক্ত বমন ও বিরেচনের দ্বারা প্রকৃতিগত বা অন্য প্রকার সকল দোষ অপহৃত হয়। বিরেচন দ্রব্য স্বয়ং পরিপাক হইয়া সকল দোষ সমেত অধোগমন করে। গুণ বাহুল্য (২) প্রযুক্ত পরিপাক না হইলে, ঊর্দ্ধগতি হইয়া বমন হয়। মৃদু কোষ্ঠ ও দীপ্তাগ্নি ব্যক্তির পক্ষে অতি তীক্ষ্ণ বিরেচন প্রয়োজ্য। দোষ অতি বেগে ধাবমান হইলে তাহা এক কালে নির্গত করা কর্ত্তব্য নহে। প্রাতঃকালে বিরেচক ঔষধ পান করিলে, ভুক্ত দ্রব্য যে সময়ের মধ্যে জীর্ণ হইতে পারে, যদি সেই সময়ের মধ্যে পরিপাক হয় এবং সমস্ত দোষ নিঃসারিত করে, তবে সেই বিরেচক

[১] অতি স্নিগ্ধ লক্ষণ পূর্ব্বে স্নেহপাক অধ্যায়ে বলা হইয়াছে।

[২] বিরেচন দ্রব্য অতিশয় তেজস্কর হইলে।

প্রয়োগই প্রশস্ত। দুর্ব্বল রোগীর দোষ পুনঃ পুনঃ অল্পে অল্পে নির্গত করিবে। দোষ অধিক হইলে নির্গত করিবে এবং অল্প হইলে শমনী ঔষধের দ্বারা শাম্য করিবে। রোগী বলবান হউক বা দুর্ব্বল হউক দোষ পাক পাইয়া যদি চালিত হয়, তবে তাহা অবশ্যই নির্গত করিবে। চালিত দোষ নির্গত না করিলে অতিশয় ক্লেশকর হয়। মন্দাগ্নি বা ক্রুর-কোষ্ঠ হইলে ক্ষীর লবণ ও ঘৃত সংযোগে বিরেচন প্রয়োগ করিবে। স্নিগ্ধ বা স্বিন্ন শরীরে ঔষধ প্রযুক্ত হইলে দোষ সমস্ত শিথিল হইয়া পড়ে। তৈল ভাণ্ডে যেমন জল সংলগ্ন হয় না, সেই রূপ স্নিগ্ধ শরীরের স্রোত-পথে দোষ বিলীন হইয়া থাকিতে পারে না। অতিশয় স্নেহ পান করিলে স্নেহ বিরেচন প্রয়োগ করিবে না, তাহা হইলে বিরেচন কর্তৃক প্রচলিত দোষ সমস্ত পুনর্ব্বার স্রোত-পথে সংশ্লিষ্ট হয়। বিষ অভিঘাত পিড়কা শোফ পাণ্ডু ও বিসর্প এই সকল রোগে অতিশয় স্নেহ বিরেচন কর্ত্তব্য। কুষ্ঠ ও প্রমেহ রোগে স্নেহাভ্যাসী ব্যক্তির শরীর অগ্রে রুক্ষ করিয়া পুনর্ব্বার স্নিগ্ধ করিয়া শোধন করিবে। তাহাতে বলবান দোষও দেহ হইতে হৃত হয়। যে ব্যক্তি পূর্ব্বে কখন ঔষধ পান করে নাই তাহাকে মৃদু ঔষধ সেবন করাইবে। পরে কোষ্ঠের অবস্থা বিবেচনা করিয়া পুনর্ব্বার শোধনী প্রয়োগ করিবে। এরূপ স্থলে অল্প মাত্রায় ঔষধ প্রয়োগ করিলে সুখকর ও মহা গুণকর হয়। অল্প অস্বাস্থ্যেও ঔষধ সেবন কর্ত্তব্য। স্নেহ ও স্বেদের দ্বারা সকল দোষ শিথিল হইলে সংশোধন পান করা কর্ত্তব্য। স্নেহ ও স্বেদ কর্তৃক কোষ্ঠ-দেশ হইতে দোষ চলিত হইলে অনায়াসে নির্গত হয়।

এ স্থলে কোষ্ঠ শব্দে হৃদয় আমাশয় পক্কাশয় মলাশয়। আর্য্যমতে দোষ অর্থাৎ বায়ু পিত্ত কফ আহারাদির দ্বারাই জন্মে। জন্মিয়া তাহারা শিরাপথের দ্বারা সর্ব্ব দেহে সঞ্চালিত হয়। সূত্র স্থানে ও শারীর স্থানে এই অভিপ্রায় অধিকাংশ প্রকাশিত হইয়াছে। এই সকল দোষ আমাশয়ে পক্কাশয়ে অন্ত্র মধ্যে সংশ্লিষ্ট সঞ্চিত বর্দ্ধিত বা কুপিত হইয়া থাকিলে বমন বিরেচনাদির দ্বারা তাহার

চতুস্ত্রিংশদ অধ্যায়।

বমন-বিরেচনের ব্যাপদের চিকিৎসা।

বৈদ্য ও রোগীর অজ্ঞতা বশতঃ বমন বিরেচনের পঞ্চদশ প্রকার ব্যাপৎ ঘটে। তাহার মধ্যে বমনের অধোগতি ও বিরেচনের উর্দ্ধগতি উভয়ের এই দুই ব্যাপৎ পরস্পর পৃথক্। অপর সকল ব্যাপৎ উভয়ের তুল্য। সাবশেষৌষধত্ব, জীর্ণৌষধত্ব, হীনদোষাপহরণ, অধিক দোষাপহরণ বাত-শূল, অযোগ, অতিযোগ, জীবাদান, আধ্মান, পরিকর্ত্তিকা পরিস্রাব, প্রবাহিকা হৃদয়োপসরণ ও বিবন্ধ।

ক্ষুধার্ত্ত, অতি তীক্ষ্ণাগ্নি-বিশিষ্ট, মৃদু কোষ্ঠ, ও দুর্ব্বল ব্যক্তির সেবিত বমন দ্রব্য দেহ মধ্যে কিছুক্ষণ থাকিলে গুণ সামান্য প্রযুক্ত অধোগত হয়। অভীষ্ট ফলের অপ্রাপ্তি হেতু এবং দোষের ঔৎকর্ষ হেতু রোগীকে স্নিগ্ধ করিয়া পুনর্ব্বার তীক্ষ্ণতর বমন প্রয়োগ করিবে। আকৃষ্ট শ্লেষ্মাকর্ত্তৃক হৃদাশয় অপরিশুদ্ধ থাকিলে, অথবা ভুক্ত অন্নের অবশিষ্ট কিয়দংশ পরিপাক হইতে থাকিলে, যদি বিরেচন ঔষধ সেবন করা যায়, কিম্বা অপ্রিয় ঔষধ অধিক পরিমাণে সেবন করা যায়, তাহাতে ঔষধের উর্দ্ধগতি হইয়া বমন হয়। সে স্থলে অশুদ্ধ আশয়-স্থিত শ্লেষ্মা সমস্ত শীঘ্র বমন করাইয়া পুনর্ব্বার তীক্ষ্ণতর বিরেচন প্রয়োগ করিবে। ভুক্তান্নের অবশিষ্ট থাকিলে, আমের ন্যায় প্রতিকার করিবে। এবং অপ্রিয় ঔষধ অধিক পরিমাণ প্রয়োগের স্থলে পুনর্ব্বার প্রিয় ঔষধ পরিমিত মাত্রায় সেবন করাইবে। দ্বিতীয় বার ঔষধ উর্দ্ধগত হইলে আর তৃতীয় বার পান করাইবে না। তদনন্তর ইহাকে মধু ঘৃত ও ফাণিত যুক্ত লেহনীয় ঔষধের দ্বারা বিরেচন করাইবে।

সংশোধন হয়। দোষ পরস্পর মিলিত হইয়া বা ভিন্ন থাকিয়া সিরা-পথে সর্ব্ব দেহে ধাবিত হইতে থাকিলে শমনীর প্রয়োজন করে?

সাবশেষৌষধ। অল্পমাত্র ঔষধ যদি দোষ-কর্তৃক বিগ্রথিত হইয়া দেহ-মধ্যে অবস্থিত হয়, ও তদ্দ্বারা অধোভাগ বা ঊর্দ্ধভাগের দোষ নির্গত না হয়, তবে তাহাতে তৃষ্ণা, পার্শ্ব-শূল, বমন মূর্চ্ছা পর্ব্ব-ভেদ হৃল্লাস, অরতি অবিশুদ্ধউদ্গার, এই সকল উপদ্রব জন্মে। এ রূপ স্থলে শীঘ্র উষ্ণ জলের দ্বারা বমন করাইবে। অল্প মাত্র ঔষধ দেহ মধ্যে অবশিষ্ট থাকিলে, দোষ অতি বেগে ও প্রবল ভাবে দেহ মধ্যে প্রসারিত হইতে থাকিলে, অথবা সম্যক রূপে বিরেচিত না হইলে, পূর্ব্বোক্ত প্রকারে বমন করাইবে।

জীর্ণৌষধ। ক্রূর কোষ্ঠ বা অতি তীক্ষ্ণাগ্নি বিশিষ্ট ব্যক্তির অল্প মাত্র বা অল্প গুণ-বিশিষ্ট ঔষধ পরিপাক পাইয়া সমুচিত কালে দোষ সমস্ত নির্গত হয় না, তৎপ্রযুক্ত ব্যাধি ও বলহানি জন্মে। এ রূপ স্থলে অধিক পরিমাণে তীক্ষ্ণতর ঔষধ প্রয়োগ করিবে। স্নেহ ও স্বেদ প্রয়োগ না করিয়া অল্পগুণ বিশিষ্ট ঔষধ সেবন করাইলে অল্প দোষের নাশ হয়।

হীনদোষাপহরণ। বমন কার্য্যে দোষের অবশিষ্ট দেহ মধ্যে থাকিলে হৃদয়ের অবিশুদ্ধতা, গৌরব উৎক্লেশ (গা বমি বমি) ও ব্যাধি বৃদ্ধি হয়। সে স্থলে বিবেচনা মত ঔষধ সেবন করাইয়া দৃঢ়তর বমন করাইবে। বিরেচন কার্য্যেও দোষের অবশিষ্ট থাকিলে গুদ পরিকর্ত্তন, আধ্মান, শিরো-গৌরব, বায়ু-রোধ ও ব্যাধি বৃদ্ধি হয়। তাহাকে পুনর্ব্বার স্নেহ ও স্বেদ প্রয়োগ করিয়া দৃঢ়তর বিরেচন করাইবে।

বাতশূল। ব্রহ্মচর্য্য (স্ত্রী-সমাগম বর্জ্জন) ব্যতিরেকে স্বেদ বা স্নেহ প্রয়োগ না করিয়া রুক্ষ ঔষধ সেবন করিলে বায়ু কুপিত হয়। সেই কুপিত বায়ু কর্ত্তৃক পার্শ্ব পৃষ্ঠ কটি মন্যা ও মর্ম্ম স্থানে শূল জন্মে এবং মূর্চ্ছা ভ্রম ও সংজ্ঞা নাশ হয়। তৎকালে রোগীকে ঘৃতাভ্যক্ত করিয়া স্বিন্ন ধান্যের দ্বারা স্বেদ প্রয়োগ করিবে। যষ্টিমধু সহযোগে তৈল পাক করিয়া অনুবাসনে প্রয়োগ করিবে।

অযোগ। স্নেহ ও স্বেদ প্রয়োগ না করিয়া অল্প পরিমাণে অথবা অল্প গুণ বিশিষ্ট ঔষধ পান করিলে, ঊর্দ্ধ বা অধোভাগে নির্গত না হইয়া সমস্ত দোষ উৎক্লিষ্ট হয়, ও তজ্জন্য আধ্মান হৃদ্‌গ্রহ তৃষ্ণা মূর্চ্ছা ও দাহ জন্মে। এ স্থলে মদন ফল ও লবণাম্বু যোগে বমন করাইবে এবং কষায়ের দ্বারা বিরেচন করাইবে। যাহার অতি কষ্টে বমন হয় বা সম্যক্ বমন না হয়, তাহার দোষ সমস্ত উৎক্লিষ্ট হইয়া সকল শরীরে ব্যাপ্ত হয়, তজ্জন্ত কণ্ডূ শ্বয়থু কুষ্ঠ পিড়কা জ্বর অঙ্গমর্দ্দ ও তোদ এই সকল উপদ্রব জন্মে। সেই সমস্ত দোষ মহৌষধের (শুণ্ঠীর) দ্বারা সাম্য হয়। স্নেহ ও স্বেদ প্রয়োগ না করিয়া মৃদু বিরেচিত হইলে নাভির অধোভাগে উদর স্তব্ধ ও পূর্ণ থাকিয়া বায়ু ও পুরীষের রোধ শূল কণ্ডূ ও মণ্ডল (আমবাতের ন্যায় চাকা চাকা দাগ) জন্মায়। সে স্থলে স্নেহন ও আস্থাপন (১) কার্য্য করিয়া পুনর্ব্বার তীক্ষ্ণতর বিরেচন করাইবে। তাহাতে সম্যক রূপে দোষ নির্গত বা সংশোধিত না হইলে, বিরেচনের উত্তেজনার জন্য উষ্ণ জল পান করাইবে এবং অগ্নি-তাপিত হস্তের দ্বারা পার্শ্ব ও উদরে স্বেদ প্রয়োগ করিবে। তাহাতে সমস্ত দোষ বিরেচিত হইবে। বহু-দোষ বিশিষ্ট ব্যক্তির যদি অল্প বিরেচন হয় বা ঔষধ জীর্ণ হয়, তাহার বল বিবেচনা করিয়া পুনর্ব্বার বিরেচনের মাত্রা পান করাইবে। তাহাতেও সম্যক বিরেচন না হইলে দশ রাত্রের পর স্নেহ ও স্বেদ প্রয়োগ করিয়া পুনর্ব্বার বিরেচন করাইবে। দুর্ব্বিরেচ্য ব্যক্তিকে আস্থাপন ও স্নেহন কার্য্য করিয়া পুনর্ব্বার বিরেচন করাইবে।

অতিযোগ। স্ত্রীলোক রাজসভাস্থিত বণিক্‌গণ এবং শ্রোত্রিয়গণ লজ্জা ভয় ও লোভ প্রযুক্ত বেগ ধারণ করিয়া থাকে। সুতরাং ইহাদিগের শরীরে বায়ুর বাহুল্য হওয়া প্রযুক্ত সহজে বিরেচন হয় না।

---

(১) স্নেহ পাক প্রয়োগ বিধি অধ্যায়ে স্নেহন কার্য্য [illegible] বস্তি অধ্যায়ে আস্থাপন কার্য্য দেখ।

অতএব তাহাদিগকে অতিরিক্ত পরিমাণে স্নেহ ও স্বেদ প্রয়োগ করিয়া অতিরিক্ত পরিমাণে সংশোধন প্রয়োগ করিলে, অথবা মৃদু কোষ্ঠ ব্যক্তিকে অতিশয় তীক্ষ্ণ ঔষধ সেবন করাইলে অতিযোগ নামক উপদ্রব উপস্থিত হয়।

বমনের অতিযোগে পিত্তের অতিশয় প্রবৃত্তি, বলের শিথিলতা, বায়ুর প্রকোপ ও প্রাবল্য, এই সকল উপদ্রব উপস্থিত হয়। এ স্থলে রোগীকে ঘৃতাভ্যক্ত করিয়া শীতল জলে অবগাহন করাইবে এবং উপদ্রব অনুসারে শর্করা ও মধু সংযোগে ঔষধ লেহন করাইবে। বিরেচনের অতিযোগে কফের অতিশয় প্রবৃত্তি ও পরিশেষে সরক্ত বিরেচন হয়। ইহাতেও বলের শৈথিল্য ও বায়ুর প্রকোপ ও প্রাবল্য হয়। ইহাতে শীতল জল পরিষেচন ও তাহাতে অবগাহন করাইবে ও মধু মিশ্রিত শীতল তণ্ডুলোদক পান করাইয়া বমন করাইবে। এ স্থলে পিচ্ছলবস্তি প্রয়োগ করিবে, ক্ষীরসর্পির দ্বারা অনুবাসিত করিবে, প্রিয়ঙ্গ্বাদিগণ তণ্ডুলোদক সহ পানার্থ প্রদান করিবে, এবং দুগ্ধ বা মাংস রস সহযোগে ভোজন করাইবে।

বমনের অতিযোগ বৃদ্ধি হইলে শোণিত ষ্ঠীবন বা শোণিত বমন হয়, এবং জিহ্বা নিঃসরণ, চক্ষুদ্বয়ের ব্যাবৃতি (বিকৃতি), হনুদ্বয়ের সংহতি (চুয়াল ধরা), তৃষ্ণা হিক্কা জর এবং অচৈতন্য, এই সকল উপদ্রব ঘটে। এ স্থলে ছাগের রক্ত, চন্দন বেণামূল অঞ্জন ও লাজ চূর্ণ, শর্করা ও জল সংযোগে মন্থ প্রস্তুত করিয়া পান করাইবে। ঘৃত মধু ও শর্করা যোগে কুটজ রস অথবা বটাদিগণের (শমনীয় বর্গের) শুঙ্গা প্রভৃতির কাথ মধু সংযোগে, অথবা দুগ্ধ বা জাঙ্গল রস সহযোগে অন্য প্রকার মলসংগ্রাহী ঔষধ পান করাইবে। অতিশয় শোণিত নিঃসরণের প্রণালীতে চিকিৎসা করিবে।

জিহ্বা নির্গত হইলে ত্রিকটু ও লবণ-চূর্ণ দ্বারা ঘর্ষণ করিয়া অথবা তিল দ্রাক্ষা লেপন করিয়া প্রবেশ করাইবে। পরে অম্ল-রস আস্বাদন

করাইবে। চক্ষুদ্বয় ব্যাবৃত্ত হইলে ঘৃতাভ্যক্ত করিয়া পীড়িত করিবে (চাপিয়া বসাইবে)। হনু সংহত হইলে বাতশ্লেষ্মা নাশক নস্ত ও স্বেদ বিধান করিবে। তৃষ্ণা প্রভৃতি উপদ্রব যথাদোষানুসারে প্রতিকার করিবে। অচৈতন্যে বেণু ও বীণা-গীতের শব্দ শ্রবণ করাইবে।

জীবাদান। বিরেচনের অতিযোগে প্রথমতঃ শ্লেষ্ম সহ জল পরে মাংস ধোত জলের ন্যায় জল, পরে জীব-শোণিত পরে গুদস্থান (১) পর্য্যন্ত নির্গত হয়, এবং কম্প ও বমন হয়। এরূপ স্থলে অধোভাগে রক্ত নিঃসৃত হইলে যে রূপ বিধান কর্ত্তব্য তাহাই অবলম্বন করিবে। গুদ নিঃসৃত হইলে ঘৃতে অভ্যক্ত ও স্বেদ প্রয়োগ করিয়া অন্তরে প্রবিষ্ট করাইবে অথবা ক্ষুদ্র রোগের অধ্যায়ে বর্ণিত প্রণালী অনুসারে চিকিৎসা করিবে। কম্প হইলে বাত ব্যাধির প্রণালীতে চিকিৎসা করিবে। জিহ্বা নিঃসরণ হইলে তাহার প্রতীকার বলা হইয়াছে। জীব-শোণিত অতিশয় নির্গত হইতে থাকিলে কাশ্মরীফল বদরী ও দুর্ব্বার সার (ডাঁটা) সহযোগে দুগ্ধ পাক করিয়া শীতল হইলে ঘৃত-মণ্ড ও অঞ্জন যোগে আস্থাপন করিবে। ন্যগ্রোধাদিগণের কাথ, দুগ্ধ, ইক্ষুরস ও ঘৃত এই সকল শোণিত সংসৃষ্ট করিয়া বস্তিতে প্রয়োগ করিবে। ঊর্দ্ধ-শোণিত নিঃসরণের স্থলে রক্তপিত্ত ও রক্তাতিসারের ন্যায় প্রতীকার করিবে। ন্যগ্রোধাদিগণের ক্বাথ পানে ও ভোজনে প্রয়োগ করিবে। যে শোণিত নির্গত হয় তাহা জীব-শোণিত কি রক্তপিত্ত ইহা জানিবার জন্য, তাহাতে কার্পাস-বস্ত্র রঞ্জিত করিয়া উষ্ণ জলে প্রক্ষালিত করিলেও যদি রঞ্জিত থাকে তবে জীব-শোণিত বলিয়া জানিবে। অথবা সেই শোণিত অন্নে মাখাইয়া কুক্কুরকে দিলে যদি ভক্ষণ করে তবে তাহাকে জীব শোণিত বলিয়া জানিবে।

আধ্মান। বহু দোষ বিশিষ্ট, রুক্ষ ও বায়ু-প্রবল-কোষ্ঠ বিশিষ্ট ব্যক্তির ভুক্ত অন্ন পরিপাক হইবার কিছু অবশিষ্ট থাকিতে অনুষ্ণ স্নেহ-বর্জ্জিত

(১) যাহাকে গোগোল বলে।

ঔষধ পান করা হইলে উদরের আধ্মান জন্মে। তাহাতে বাত মূত্র ও পুরীষ রুদ্ধ হইয়া উদর স্ফীত হয়, পার্শ্ব ভঙ্গ হয়, গুদ ও বস্তি দেশে বেদনা বা অন্য যাতনা জন্মে ও অন্নে অরুচি হয়। তাহাকে আধ্মান কহে। এ স্থানে স্বেদ, আনাহ-বর্ত্তি দীপন (১) ও বস্তি ক্রিয়া কর্ত্তব্য।

পরিকর্ত্তিকা। ক্ষীণ শরীর, অতি মৃদু-কোষ্ঠ, বা মন্দাগ্নি বা রুক্ষ প্রকৃতি ব্যক্তি কর্ত্তৃক অতিশয় লবণ-যুক্ত বা অতি রুক্ষ ঔষধ সেবিত হইলে পিত্ত ও বায়ু দূষিত হইয়া পরিকর্ত্তিকা নামক ব্যাধি জন্মে। ইহাতে গুদ নাভি মেঢ্র বস্তি ও মস্তকে পরিকর্ত্তনের ন্যায় যাতনা জন্মে, বায়ু-রোধ ও অন্নে অরুচি হয়। এ স্থলে যষ্টিমধু কৃষ্ণতিলের কল্ক মধু ও ঘৃত যোগে পিচ্ছলবস্তি প্রয়োগ করিবে, শীতল জল পরিষেচন করিবে, এবং দুগ্ধ সহযোগে ভোজন করাইয়া, ঘৃতমণ্ড বা যষ্টিমধু সহযোগে তৈল পাক করিয়া অনুবাসিত করিবে।

পরিস্রাব। ক্রূরকোষ্ঠ বা অতিশয় দোষ-বিশিষ্ট ব্যক্তিকে মৃদু বিরেচক ঔষধ সেবন করাইলে সমস্ত দোষ উৎক্লিষ্ট হইয়া নিঃশেষে নির্গত হয় না। তাহাতে সেই সমস্ত দোষ অল্পে অল্পে স্রাবিত হইতে থাকে। ইহাতে দৌর্ব্বল্য, উদরের বিষ্টব্ধ ভাব, অরুচি শরীরের অবসন্নতা ও বেদনা জন্মে। ইহাতে পিত্ত ও শ্লেষ্মা স্রাব হয় বলিয়া ইহাকে পরিস্রাবী বলে। এ স্থলে অজকর্ণ ধব তিনিশ ও পলাশ ইহাদিগের কাথে মধু সংযোগ পূর্ব্বক আস্থাপন করিবে। দোষের শান্তি হইলে স্নেহন কার্য্য করিয়া পুনর্ব্বার সংশোধন করিবে। অতিশয় রুক্ষ বা অতিশয় স্নিগ্ধ ঔষধ প্রয়োগ করিলে বায়ু ও পুরীষ উর্দ্ধগত হয় তজ্জন্য অথবা রোগের ব্যাঘাত জন্য প্রবাহিকা জন্মে। বায়ু সহযোগে দাহ ও শূল শুক্রপিচ্ছিল শ্বেত কৃষ্ণ ও রক্তবর্ণ আস্রাব হয় ও তাহাতে কফের সংশ্রব থাকে পরিস্রাবের ন্যায় প্রতিকার করিবে।

---

(১) উদর রোগের অধ্যায়ে দ্রষ্টব্য।

হৃদয়োপসারণ। ঔষধ জন্য বমন বিরেচনের বেগ অজ্ঞতা প্রযুক্ত দমন করিলে সমস্ত দোষ হৃদয়ে সঞ্চিত হয়। তাহাতে প্রধান মর্ম্ম সন্তাপিত হইয়া বেদনায় অত্যর্থ পীড্যমান হয়, দন্ত সমস্ত কিট্‌কিট্ করে, নেত্র ঊর্দ্ধগত হয়, দন্তের দ্বারা জিহ্বা নিপীড়িত করে এবং অচেতন হইয়া থাকে। অনভিজ্ঞ বৈদ্য এই রোগীকে পরিত্যাগ করে। তাহার শরীর অভ্যক্ত (ঘৃতে বা তৈলে) করিয়া ও ধান্য স্বেদে (১) স্বেদ প্রয়োগ করিয়া, এবং যষ্টিমধু সহযোগে তৈল পাক করিয়া অনুবাসনে প্রয়োগ করিবে। তীক্ষ্ণ শিরো-বিরেচনও এস্থলে বিধেয়। তদনন্তর যষ্টিমধু মিশ্রিত তণ্ডুলোদক পান করাইয়া বমন করাইবে, এবং যে রূপ দোষের প্রাবল্য থাকিবে তদুপযুক্ত ঔষধের দ্বারা বস্তি ক্রিয়া করাইবে।

বিবন্ধ। ঊর্দ্ধ বা অধোভাগে দোষের প্রবৃত্তি হইলে (২) যদি শীতল স্থানে অবস্থান, অথবা শীতল জল বা শীতল বায়ু সেবন করে তবে তাহার সমস্ত দোষ স্রোতপথে অবলীন থাকিয়া ঘনীভূত হয়, তাহাতে বাত মূত্র ও পুরীষ রুদ্ধ হইয়া আটোপ দাহজ্বর ও তীব্র বেদনা জন্মে। এ স্থলে সত্বরে বমন করাইয়া প্রকৃত রোগের ন্যায় চিকিৎসা করিবে (৩)। অধোভাগের দোষ-নাশক (সূত্র স্থান শমনী বর্গে) ঔষধ সৈন্ধব অম্ল ও মূত্র সংযোগে বিরেচনার্থ পান করাইবে। দোষ অনুসারে আস্থাপন ও অনুবাসন প্রয়োগ করিবে, আহারের সম্বন্ধে বিবেচনা করিয়া বিধান করিবে, এবং ঊর্দ্ধ ও অধোভাগের উপদ্রবের দোষানুসারে প্রতীকার করিবে।

বিরেচনে যাহাতে গুদ পরিকর্ত্তিকা জন্মে, বমনের স্থলে তাহাতে

(১) ধান্য সিদ্ধ করিলে যে বাষ্প উদ্গত হয় তদ্দ্বারা স্বেদ দিবে।

(২) বমন বিরেচন হইতে থাকিলে।

(৩) অর্থাৎ দোষ-জন্য জ্বর প্রভৃতি রোগ উপস্থিত হইলে যে রূপ-চিকিৎসা কর্ত্তব্য সেই রূপে চিকিৎসা করিবে। কারণ বমন বা বিরেচনের দ্বারা দোষ সমস্ত সঞ্চালিত হইয়া শীতল সংস্পর্শে রুদ্ধ হইলে কুপিত হইয়া প্রকৃত রোগ জন্মে।

কণ্ঠ খনন হয়। অধোভাগে যাহাকে পরিস্রবণ বলে, বমনের স্থলে তাহাকে শ্লেষ্মাপ্রসেক বলা যায়। যে উপদ্রব অধোভাগে হইলে প্রবাহিকা বলা যায় উর্দ্ধগতির স্থলে তাহাকে শুষ্ক উদ্গার বলা যায়। পূর্ব্বোক্ত পঞ্চদশ প্রকার ব্যাপৎ বিরেচকের অতিযোগে দুর্য্যোগে এবং অযোগে জন্মে।

পঞ্চত্রিংশৎ অধ্যায়।

নেত্রবস্তির পরিমাণ ও তাহার চিকিৎসা *।

সকল প্রকার স্নৈহিক ক্রিয়ার মধ্যে পণ্ডিতেরা বস্তি ক্রিয়াকে প্রধান বলেন। ইহার দ্বারা নানাবিধ দ্রব্য সংযোগে দোষের সংশোধন সংশমন ও সংগ্রহ হয়। ইহার দ্বারা ক্ষীণ শুক্রের স্থলে বাজীকার্য্য সম্পন্ন হয়, কৃশ শরীর পুষ্ট হয়, স্থূল শরীর কৃশ হয়, দৃষ্টি প্রসন্ন হয়, শরীর জরাগ্রস্ত বা কেশ পক্ক হওয়া নিবারিত হয়, ও বয়ঃস্থাপন হয়। ইহা সর্ব্বদা সম্যক রূপে প্রযুক্ত হইলে, শরীর বৃদ্ধি

* নেত্র শব্দে নল ও বস্তি শব্দে মূত্রাশয়। নল ধাতু মণি অর্থাৎ পোকরাজ প্রভৃতি স্বচ্ছ প্রস্তর ও কাষ্ঠাদির দ্বারা নির্ম্মিত হয়। মহিষ বরাহ বা ছাগাদির মূত্রাশয় সেই নলের মূলে যথা-লিখিতক্রমে বদ্ধ করিবে। বয়সের ন্যূনাধিক্য ও শরীরের আকারের তারতম্য অনুসারে নলের দৈর্ঘ্য ও স্থূলতার তারতম্য হইয়া থাকে। যেই বস্তি মধ্যে তৈল বা ঔষধের ক্বাথ পূর্ণ করিয়া পিচকারীর ন্যায় পায়ু মধ্যে প্রয়োগ করা যায়। ইহাকে বস্তি যন্ত্র বলে। এক্ষণে যে প্রণালীতে পিচকারীর দ্বারা বিরেচন কার্য্য সাধিত হয়, পূর্ব্বে আর্য্যদিগের প্রাদুর্ভাব কালে বস্তি-যন্ত্রের দ্বারা সেই প্রণালীতে বিরেচন কার্য্য হইত। এই রূপ বিরেচন কার্য্যকে বস্তিকার্য্য বলে। বস্তিকার্য্য দুই প্রকারে সাধিত হয়, আস্থাপন বা নিরূঢ় বস্তি, অপর অনুবাসন বা স্নেহবস্তি। তৈলাদি বর্জ্জিত রুক্ষ ঔষধের ক্বাথ বস্তিকার্য্যে প্রযুক্ত হইলে আস্থাপন বা নিরূঢ় বস্তি বলে, এবং স্নেহ বা স্নেহ সহযোগে ক্বাথ প্রয়োগ করা হইলে স্নেহ বস্তি বা অনুবাসন কহে। পরে তিন অধ্যায়ে ইহার বিশেষ বিবরণ পাওয়া যাইবে।

পায়, বর্ণ ও বল জন্মে, দেহ নীরোগ ও আয়ু বৃদ্ধি হয়। জ্বর অতিসার তিমির রোগে, প্রতিশ্যায় শিরোরোগে, অধিমন্থ, অর্দ্দিত আক্ষেপক ও পক্ষাঘাত নামক বায়ু-রোগে একাঙ্গ বা সর্ব্বাঙ্গ গত রোগে, আধ্মান উদর-রোগে, শর্করাশ্মরী, শূল, বৃদ্ধি, উপদংশ, আনাহ, মূত্রকৃচ্ছ্র, গুল্ম, বাত-রক্ত, বায়ু মূত্র ও পুরীষ সম্বন্ধীয় রোগে, উদাবর্ত্ত রোগে শুক্র আর্ত্তব ও স্তন্য ক্ষয়ে, হৃদ্গ্রহে, মন্যাগ্রহে অর্শ অশ্মরী ও মূঢ়-গর্ভ প্রভৃতি রোগে, বস্তি অতিশয় হিতকর। বায়ু-জন্য, পিত্ত-জন্য, কফ-জন্য রক্ত-জন্য অথবা দোষের সংসর্গ বা সন্নিপাত-জন্য রোগে বস্তি হিতকর।

রোগীর বয়স এক বৎসর হইলে, নেত্রের (নলের) পরিমাণ ষড়ঙ্গুল, অষ্ট বর্ষ হইলে অষ্টাঙ্গুল, এবং ষোড়শ বর্ষ হইলে দ্বাদশাঙ্গুল, এবং প্রত্যেকের পরিণাহ ক্রমান্বয়ে কনিষ্ঠিকা অনামিকা ও মধ্যমাঙ্গুলির ন্যায় হওয়া উচিত। ইহাদিগের প্রত্যেকের ক্রমান্বয়ে সার্দ্ধ একাঙ্গুল, দুই অঙ্গুলি, এবং সার্দ্ধ তৃতীয়াঙ্গুল, পরিমাণে বস্তি মুখে সন্নিবিষ্ট থাকিবে। এবং প্রত্যেকের প্রবেশের মুখ, [যে মুখ মল দ্বারে প্রবিষ্ট হইবে] ক্রমান্বয়ে কঙ্ক শ্যেন বা ময়ূরের পুচ্ছের মধ্যস্থিত নাড়ীর [১] ন্যায় স্থূল হইবে। যে দ্রব্যের সহযোগে আস্থাপন ক্রিয়া সম্পাদিত হয় তাহার পরিমাণ পূর্ব্বোক্ত বয়সানুসারে ক্রমান্বয়ে রোগীর হস্তের দুই অঞ্জলি, চারি অঞ্জলি, এবং অষ্ট অঞ্জলি হওয়া কর্ত্তব্য। উত্তরোত্তর যত বয়স বৃদ্ধি হইবে তদনুসারে নেত্র ও বস্তির পরিমাণ শরীর ও বল বিবেচনা করিয়া বৃদ্ধি করা কর্ত্তব্য।

বয়স পঞ্চবিংশতির উর্দ্ধ হইলে, দ্বাদশ অঙ্গুল দীর্ঘ, মূলের পরিণাহ বৃদ্ধাঙ্গুষ্ঠের উদরের ন্যায়, এবং অগ্রভাগের পরিণাহ কণিষ্ঠাঙ্গুলির উদরের ন্যায়। দৈর্ঘ্যের মধ্যে তিন অঙ্গুল পরিমাণে বস্তিতে সন্নিবিষ্ট থাকিবে। গৃধ্র পত্রের নাড়ীর ন্যায় (২) অগ্রভাগ এবং কুলের অস্থি

(১) পালকে পেন কলমের মুখের মত যে নল থাকে।

(২) গৃধিনীর পালকের নলের মত।

বা কলাইয়ের পরিমিত তাহার ছিদ্রপথ। বস্তি বন্ধনের জন্য সকল প্রকার নেত্রের মূলে দুইটী কর্ণিকা বা কাণি থাকিবে। এ স্থলে আস্থাপনের দ্রব্যের পরিমাণও রোগীর স্বীয় হস্তের দ্বাদশ অঞ্জলি। সপ্ততি বৎসরের পর নেত্র ও আস্থাপন দ্রব্যের পরিমাণ ষোড়শ বর্ষের ন্যায়।

সুবর্ণ রজত তাম্র গজদন্ত শৃঙ্গ মণি (১) বা তরুসার, এই সকলের দ্বারা নেত্র নির্ম্মাণ করিবে। ইহা নির্ম্মল, দৃঢ়, গো-পুচ্ছের ন্যায় আকার বিশিষ্ট ও গুটিকার ন্যায় মুখ হইবে।

পূর্ণ-বয়স্ক গো, মহিষ বরাহ অজা বা মেষের মুত্রাশয় নেত্রের মূলে সংলগ্ন করিবে। সেই মুত্রাশয় কোমল দৃঢ় ও উপযুক্ত পরিমাণ বিশিষ্ট হইবে। সেই রূপ বস্তি অভাবে চর্ম্ম বা সূক্ষ্ম তন্তু নির্ম্মিত বস্তি উত্তম রূপে মার্জ্জিত করিয়া ব্যবহার করিবে। বস্তি পুনঃ পুনঃ স্নেহ মর্দ্দিত করিয়া নেত্র মূলে বক্রভাবে সংলগ্ন করিবে, ও তাহার মুখ বিবৃত হইবে।

বস্তি দুই প্রকার—নৈরুহিক ও স্নৈহিক। আস্থাপন ও নিরূঢ় বস্তির অর্থ সমান। ইহার বিকল্পে মাধুতৈলিক ব্যবহার্য্য। যাপন যুক্তরথ ও সিদ্ধবস্তি এই গুলি আস্থাপন শব্দের একপর্য্যায়স্থ শব্দ। দোষ হরণ করা প্রযুক্ত অথবা শরীরের রোগ হরণ করা প্রযুক্ত ইহাকে নিরূঢ় কহে, এবং আয়ুস্থাপন বা বয়ঃস্থাপন করে বলিয়া ইহাকে আস্থাপন কহে। মধুতৈলিকের প্রণালী নিরূঢ়োপক্রম চিকিৎসায় (৩৮ অধ্যায়ে) বলা যাইবে।

যে স্থলে যে পরিমাণে স্নেহ স্নেহবস্তিতে বিহিত হয়, তাহার চতুর্থাংশ পরিত্যাগ করিয়া অনুবাসনে প্রয়োগ করিবে। অনুদিবস (প্রতি দিবস) প্রয়োগ করিলেও দোষ জন্মায় না এ কারণ ইহাকে অনুবাসন কহে। অনুবাসনের বিকল্পে স্নেহবস্তিও প্রয়োগ

(১) কাচ তুল্য প্রস্তর যথা, পোকরাজ চুনি হীরক প্রভৃতি।

করা যায়। কিন্তু তাহাতে অনুবাসনে যে পরিমাণে স্নেহ বিহিত হয় তাহার চতুর্থাংশ পরিত্যাগ করিয়া এই রূপ বস্তি-ক্রিয়াতে প্রয়োগ করিবে, অথবা অবস্থানুসারে উপযুক্ত পরিমাণ স্নেহ প্রয়োগ করিবে।

নিরূঢ় বস্তির দ্বারা শরীরের শোধন লেখন স্নেহন ও বৃংহন কার্য্য সাধিত হয়। ইহা দ্বারা দেহের শিরাপথ সমস্ত শোধিত হইলে তন্মধ্যে সম্যক রূপে স্নেহ প্রবেশ করে। যেমন নলের মধ্যে কোন প্রকার মল সঞ্চিত থাকিলে জলের দ্বারা তাহা প্রবাহিত হয়, সেই রূপ অনুবাসনের দ্বারা দেহের সকল দোষ অপগত হয় এবং জীবনী শক্তি বৃদ্ধি হয়। অনুবাসনের দ্বারা দেহ সংশোধিত হইলে বস্তি-ক্রিয়া প্রয়োগ করিবে।

উন্মাদ ভয় শোক পিপাসা অরুচি অজীর্ণ পাণ্ডু ভ্রম মদ মূর্চ্ছা বমন কুষ্ঠ মেহ উদররোগ স্থূলতা শ্বাস কাস কণ্ঠশোষ শোফ ক্ষত ক্ষীণ এই সকল রোগে, অথবা তিন চারি মাস গর্ভিণী হইলে, বা মন্দাগ্নি-বিশিষ্ট, অসহনশীল, বালক বৃদ্ধ কিম্বা বাত রোগ ভিন্ন অন্য রোগে ক্ষীণ হইলে, অনুবাসন বা আস্থাপন কার্য্য প্রয়োজ্য নহে। উদর-রোগ প্রমেহ-রোগ বা কুষ্ঠ-রোগ হইলে, অথবা স্থূল শরীর হইলে, আস্থাপন অবশ্যই প্রয়োগ করা যায় তবে অনুবাসন কদাচ প্রয়োগ করা যায় না। এ সকল অবস্থায় অনুবাসন প্রয়োগ করিলে রোগ অসাধ্য হইয়া উঠে। অসাধ্য হইলেও যদি পুনঃ পুনঃ প্রয়োগ করা হয় তাহাতে দেহের শিথিলতা জন্মায়।

বস্তি সম্যক্ রূপে প্রয়োগ করা হইলে বস্তি কর্ত্তৃক প্রযোজিত ঔষধ পক্কাশয়ে শ্রোনিদেশে ও নাভির অধোভাগে থাকে। বৃক্ষ মূলে যেমন জল সেচন করিলে তাহার বীর্য্য সমস্ত বৃক্ষে সঞ্চরণ করে, সেই রূপ পক্কাশয় হইতে তাহাদের বীর্য্য আপনা হইতেই সর্ব্ব-দেহে সঞ্চরণ করে। মল-যুক্ত দেহে বস্তি প্রয়োগ করিলে অপান বায়ু কর্ত্তৃক তাহার তেজ প্রতিহত হয়। বস্তি কার্য্যের দ্বারা আপাদ মস্তক-স্থিত

সমস্ত দোষ আকৃষ্ট হয়। সূর্য্য যে রূপ আকাশে থাকিয়া পৃথিবীস্থ রস আকর্ষণ করেন, যথাবিধি-ক্রমে প্রয়োগ করা হইলে বস্তি প্রযুক্ত ঔষধও সেই রূপ পক্কাশয়ে থাকিয়া স্বীয় বীর্য্যের দ্বারা কটি পৃষ্ঠ ও সকল কোষ্ঠ স্থান-স্থিত সমস্ত সঞ্চিত দোষ সমূলে হরণ করে। তিন দোষের প্রকোপের কারণ বায়ু, সুতরাং তাহার অতিশয় বৃদ্ধি হইলেই শরীর নাশ হয়। বস্তিক্রিয়া ব্যতিরেকে সেই বায়ুর বেগ আর কিছুতেই শাম্য হয় না। বস্তি সম্যক রূপে প্রয়োজিত হইলে শরীরের পুষ্টি বর্ণ বর্ল আরোগ্য ও আয়ু বৃদ্ধি হয়।

অতঃপর নেত্রবস্তি প্রয়োগে যে সকল ব্যাপৎ ঘটে তাহা বলা যাইতেছে।

বিবর্ত্তিত হওয়া, পার্শ্বে পিড়ন করা, উর্দ্ধক্ষিপ্ত হওয়া, অধঃক্ষিপ্ত হওয়া, ও তির্য্যক ভাবে ক্ষিপ্ত হওয়া, নেত্র চলিত (১) হইলে প্রধানতঃ এই ছয় প্রকার দোষ ঘটে। অতি স্থূল কর্কশ অবনত সূক্ষ্ম (সরু) ও ভিন্ন হওয়া, কানি ছোট বা বড় হওয়া, ছিদ্র সূক্ষ্ম বা বৃহৎ হওয়া এবং আকার অতি দীর্ঘ বা হ্রস্ব হওয়া, নেত্রের এই একাদশ প্রকার দোষ ঘটে। অতিশয় কোমল অল্প ছিদ্রিত বা বিস্তীর্ণ হওয়া অথবা ভাল রূপে বদ্ধ না হওয়া, বস্তিতে এই পঞ্চ প্রকার দোষ ঘটে। যে রূপ বেগে বস্তির দ্বারা ঔষধ দ্রব্য প্রয়োগ করা যায় তাহার তারতম্যে এই চারি প্রকার দোষ ঘটে যথা,—অতিশয় পীড়িত হওয়া অল্প পীড়িত হওয়া, ভূয়োভূয়ো পীড়িত হওয়া, এবং কালাতিক্রম করিয়া পীড়িত হওয়া। অপক্ক থাকা, মাত্রা হীন বা অধিক হওয়া, অতিশয় শীতল অতিশয় উষ্ণ থাকা, অতিশয় তীক্ষ্ণ, অতিশয় মৃদু, অতিশয় স্নিগ্ধ, অতিশয় রুক্ষ, অতিশয় সান্দ্র বা অতিশয় দ্রব হওয়া, ঔষধ দ্রব্যের এই একাদশ প্রকার দোষ।

মস্তক নত বা উচ্চ করিয়া শয়ন করা, অথবা বক্রভাবে, উত্তান ভাবে

(১) বস্তি প্রয়োগের কালে নল সরিয়া যায়।

সঙ্কুচিত ভাবে বা দক্ষিণ পার্শ্বে শয়ন করা বস্তিপ্রয়োগ কালে এই সপ্ত প্রকার শয়ন দোষ ঘটে। এই চতুশ্চত্বারিংশৎ প্রকার ব্যাপৎ বৈদ্যের অনভিজ্ঞতা প্রযুক্ত ঘটে। রোগীর অনভিজ্ঞতা প্রযুক্ত যে কয়েক প্রকার দোষ ঘটে তাহা আতুরোপদ্রব চিকিৎসায় পরে বলা যাইবে।

অষ্টপ্রকার কারণে স্নেহ প্রতিহত হইয়া দেহ হইতে প্রত্যাগত হয় না। যথা বায়ু পিত্ত বা কফ কর্ত্তৃক বা ভুক্ত দ্রব্য কর্ত্তৃক অভিভূত হওয়া প্রযুক্ত, মলের সহিত মিশ্রিত হওয়া প্রযুক্ত, দেহ মধ্যে দূরে প্রবিষ্ট হওয়া প্রযুক্ত অথবা অনুষ্ণ আহারী ব্যক্তিকে স্বেদ প্রয়োগ না করা প্রযুক্ত বা অভ্যুক্ত বা অল্পাহার প্রযুক্ত অনুবাসন বা আস্থাপনের ঔষধ দেহ হইতে নির্গত হয় না। এই কয়েকটী বৈদ্য ও রোগীর উভয়ের অজ্ঞতা প্রযুক্ত ঘটে। আস্থাপন বা অনুবাসন উভয়েরই অযোগে (১) আধ্মান পরিকর্ত্তিকা, পরিস্রাব প্রবাহিকা হৃদয়োপসরণ অঙ্গগ্রহ অতিযোগ ও জীবাদান এই নয় প্রকার উপদ্রব বৈদ্যের অনভিজ্ঞতা প্রযুক্ত ঘটিয়া থাকে। সংক্ষেপতঃ এই যে ষট্ সপ্ততি প্রকার ব্যাপদের বিষয় বলা হইল ইহাদিগের চিকিৎসা অতঃপর বলা যাইতেছে।

ষট্ ত্রিংশৎ অধ্যায়।

নেত্রবস্তি ব্যাপৎ চিকিৎসা।

প্রয়োগ কালে নেত্র বিচলিত বা বিবর্ত্তিত হইলে, পায়ু মধ্যে, ক্ষত হইয়া রক্ত নির্গত হয় ও বেদনা জন্মে। সে স্থলে সদ্য ক্ষতের ন্যায় প্রতিকার করিবে। নেত্র অতিশয় উৎক্ষিপ্ত বা অধঃক্ষিপ্ত হইলে পায়ু মধ্যে বেদনা জন্মে, সে স্থলে পিত্তঘ্ন কার্য্য ও স্নেহ সেচন করিবে। নেত্র পায়ুমধ্যে প্রয়োগ কালে তির্য্যগ ভাবে বা পার্শ্ব ভাগে প্রযুক্ত

(১) অযোগ প্রভৃতি উপদ্রবের বিষয় পূর্ব্ব অধ্যায়ে বলা হইয়াছে।

হইলে মুখ আবৃত থাকা বশতঃ ঔষধ-দ্রব্য সম্যক্ প্রবিষ্ট হয় না, অতএব নেত্রের মুখ সরলভাবে রাখিবে। নেত্র অতিশয় স্থূল, কর্কশ বা অবনতমুখ হইলে, পায়ু-মধ্যে ক্ষত হইয়া রক্ত-নিঃসরণ হয় ও বেদনা জন্মে, সে স্থলে পূর্ব্ববৎ ক্রিয়া করিবে। নেত্রের কর্ণিকা বস্তি-মুখের সন্নিকৃষ্ট থাকিলে বা নেত্র ভিন্ন হইলে প্রয়োগ বিফল হয়। নেত্রের কর্ণিকা বড় হইলে গুদ-মর্ম্ম আহত হইয়া রক্ত নির্গত হয়, সে স্থলে পিত্তঘ্ন কার্য্য ও পিচ্ছিল বস্তি প্রয়োগ করিবে। নেত্র হ্রস্ব বা ছিদ্র-পথ সূক্ষ্ম হইলে বস্তি-কার্য্য ক্লেশকর হয় ও ঔষধ-দ্রব্য পায়ু-মধ্যে প্রবিষ্ট না হইয়া প্রত্যাগত হয়, তাহাতে বস্তি-কার্য্যের ব্যাঘাত জন্য রোগ জন্মে। নেত্র দীর্ঘ বা ছিদ্রপথ মহান্ হইলে অতিশয় অবপীড়নের ন্যায় যাতনা হয় (১)। নলের মূলে বস্তি উত্তমরূপে বদ্ধ না হইলে যে দোষ ঘটে, বস্তি বিদীর্ণ বা বহল হইলেও সেই সকল দোষ ঘটে। বস্তি ক্ষুদ্র হইলে বা দ্রব্য অল্প হইলে, গুণও অল্প হয়। বস্তি উত্তমরূপে বদ্ধ না হইলে বা ভিন্ন হইলে, ভিন্ন নেত্রের (২) ন্যায় বিফল হয়। বস্তি অতিশয় পীড়াকর হইলে (৩) আমাশয় জন্মায়। পরে বায়ু কর্ত্তৃক চালিত হইয়া নাসিকা ও মুখ হইতে নির্গত হয়। তাহাতে শীঘ্র গলা পীড়ন ও অবধূনন কর্ত্তব্য এবং তীক্ষ্ণ বিরেচন, বা শিরো-বিরেচন ও শীতল সেক প্রয়োজ্য। অল্প বেগে বস্তি প্রয়োগ করিলে আভ্যন্তরিক বায়ু পীড়িত হইয়া আধ্মান ও উগ্র বেদনা জন্মায়। এ স্থলে উপদ্রব অনুসারে চিকিৎসা করিবে। কাল অতিক্রম করিয়া প্রয়োগ করিলে

(১) ইহাতে অধিক পরিমাণ দ্রব্য বেগে নির্গত হওয়াতে যাতনাপ্রযুক্ত পীড়া জন্মে।

(২) ভিন্ন শব্দে ফাটা বা ছিদ্র-যুক্ত বুঝায়।

(৩) এ স্থলে অতিশয় বেগে বস্তি প্রযুক্ত হওয়াই গ্রন্থকারের অভিপ্রায় বোধ হয়।

রোগ-বৃদ্ধি হয়, তাহাতে পুনর্ব্বার ব্যাধি-বলনাশক দ্রব্যের বস্তি প্রয়োগ করিবে। স্নেহ অপক্ক হইলে পায়ু-নালীর উপদেহ (চট্‌চটে ভাব) ও শোফ জন্মায়। এস্থলে সংশোধন বস্তি ও বিরেচন হিতকর। মাত্রাহীন হইলে কোনপ্রকার বস্তিই কার্য্যকর হয় না। মাত্রা অতিরিক্ত হইলে আনাহ, ক্লান্তি ও অতিসার জন্মে। অতি উষ্ণ বা তীক্ষ্ণ হইলে, মূর্চ্ছা দাহ ও অতিসার জন্মে এবং পিত্ত বৃদ্ধি হয়। মৃদু বা শীতল হইলে বায়ুরোধ হয় ও আধ্মান জন্মে; পূর্ব্বোক্ত মাত্রা-হীন প্রভৃতির স্থলে বিপরীত-ক্রিয়া হিতকর (১)। বস্তি গাঢ় হইলে পাতলা করা, ও পাতলা হইলে গাঢ় করা উচিত। বস্তি অতিশয় স্নিগ্ধ হইলে জাড্য-দোষ জন্মে, ও রুক্ষ হইলে স্তম্ভ ও আধ্মান জন্মে, ও এরূপ স্থলে রুক্ষ হইলে স্নিগ্ধ ও স্নিগ্ধ হইলে রুক্ষ কার্য্য করিবে। রোগীকে অবশীর্ষভাবে রাখিয়া বস্তি প্রয়োগ করিলে অতি-পীড়িতের ন্যায় সকল পীড়া জন্মে, তাহাতে তদনুসারে ক্রিয়া করিবে। প্রয়োগ-কালে রোগী উন্নতমস্তক থাকিলে মেহন উন্নত হয়। সে স্থলে স্বেদ প্রয়োগ করিয়া উত্তরবস্তি প্রয়োগ হিতকর। বক্রভাবে থাকিলে বস্তি পক্কাশয়ে প্রবিষ্ট না হইয়া অন্য দিকে যায়। তাহাতে বায়ু কর্ত্তৃক হৃদয় ও গুদ-দেশে (মলাশয়ের মুখে) অথবা কোষ্ঠ-দেশে পীড়া জন্মে। রোগী উত্তানভাবে থাকিলে বস্তিপথ অবরোধ থাকা প্রযুক্ত অন্তরে ঔষধ প্রবিষ্ট হয় না, তাহাতে অভ্যন্তরে বায়ু কুপিত হইয়া রোগী নিমীলিত-নেত্র ও ভ্রান্ত হয়। দেহ ও উরুদ্বয় সঙ্কুচিতভাবে রাখিয়া প্রয়োগ করিলে, বায়ুকর্ত্তৃক প্রতিহত হইয়া বস্তি দ্রব্য দেহ হইতে প্রত্যাগত হয়। উপবিষ্টভাবে রাখিয়া বস্তি প্রয়োগ করিলে দ্রব্য সমস্ত শীঘ্রই অধোভাগে নির্গত হইয়া যায়। তাহাতে আশয় সমস্ত তাপিত হয় না, সুতরাং কোন ফল দর্শে না। বস্তি পুনঃ পুনঃ প্রযুক্ত হইলে পক্কাশয়ে প্রবেশ করে না। বস্তি-

(১) মাত্রা-হীন হইলে অধিক করা, শীতল হইলে উষ্ণ করা ইত্যাদি।

প্রয়োগ-কালে রোগীকে দক্ষিণ পার্শ্বে রাখিয়া বাম পার্শ্ব হইতে প্রয়োগ করাই প্রশস্ত। বস্তি-প্রয়োগের পর বায়ু কুপিত হইলে অবস্থানুসারে চিকিৎসা করিবে।

অতঃপর স্নেহবস্তির ব্যাপৎ ও চিকিৎসা বলা যাইতেছে। প্রয়োজ্য দ্রব্য অনুষ্ণ, অল্পৌষধবিশিষ্ট ও মাত্রাহীন হইলে বস্তি-প্রয়োগ বিফল হয়, তাহাতে বিষ্টম্ভ, আধ্মান ও শূল উপদ্রব ঘটিলে অযোগ বলা যায়। এস্থলে তীক্ষ্ণ বস্তি ও তীক্ষ্ণ বিরেচন প্রয়োগ করিবে। ভুক্ত দ্রব্য পরিপাকের কিছু অপেক্ষা থাকিলে, ভোজন করিলে, অথবা অধিক পরিমাণে দোষ থাকিলে, যদি বস্তি প্রয়োগ করা যায়, অতিশয় ভোজনের পর যদি অধিক পরিমাণে ঈষদুষ্ণ বস্তি প্রয়োগ করা যায়, লবণ ও স্নেহ সংযোগে অনুষ্ণ অবস্থায়, বা অতিরিক্ত মাত্রায় প্রয়োগ করা যায়, বা পুনঃ পুনঃ প্রয়োগ করা যায়, অথবা অধিক পুরীষ থাকিলে যদি প্রয়োগ করা যায়, তাহাতে শীঘ্র আধ্মান এবং হৃদয় কটি পার্শ্ব ও পৃষ্ঠ দেশে দারুণ শূল জন্মায়। সে স্থলে তীক্ষ্ণতর অনুবাসন ও বস্তি হিতকর। অতি তীক্ষ্ণ ও উষ্ণ লবণের দ্বারা রুক্ষবস্তি প্রয়োগ করিলে পিত্ত-সমেত বায়ু কুপিত হইয়া পরিকর্ত্তিকা নামক ব্যাধি জন্মায়। তাহাতে নাভি বস্তি ও গুদদেশ যেন ছেদন করিতেছে এরূপ যাতনা জন্মে। এ স্থলে পিচ্ছাবস্তি ও মধুর-দ্রব্য-সংযোগে পাক করা স্নেহ প্রয়োগ করা হিতকর। অতি তীক্ষ্ণ অম্ল-যুক্ত লবণের বস্তি প্রয়োগ করিলে পরিস্রাব নামক ব্যাধি জন্মে, তাহাতে দেহ দুর্ব্বল ও অবসন্ন হয়, এবং পিত্ত-স্রাব ও গুদদেশে দাহ জন্মে। ইহাতে পিচ্ছাবস্তি ও ক্ষীর ঘৃতের বস্তি প্রয়োগ করিবে। অতিশয় তীক্ষ্ণ আস্থাপন ও অনুবাসন প্রয়োগে প্রবাহিকা জন্মে, তাহাতে দাহ ও শূল সহকারে কষ্টে বিরেচন বা রক্ত সহ বিরেচন হয়। ইহাতে পিচ্ছাবস্তি-প্রয়োগ, দুগ্ধ সহ ভোজন, এবং ঘৃত ও জীবক (অভাবে অশ্বগন্ধা) সহ পাক করা তৈল অনুবাসনে প্রয়োগ করিবে। অতি-

শয় তীক্ষ্ণ নিরূঢ় বস্তি, বা বায়ু-সংযুক্ত রোগে অনুবাসন প্রয়োগ করিলে হৃদয়োপসরণ নামক ব্যাধি জন্মে। তাহাতে তজ্জন্য সমস্ত যাতনা, অঙ্গ-পীড়া (গায়ের কামড়ানি) মদ মূর্চ্ছা ও অঙ্গ-গৌরব, এই সকল উপদ্রব ঘটে। ইহাতে সকলপ্রকার দোষের হরণ করে, সংশোধনের এরূপ বস্তি প্রয়োগ করিবে। রুক্ষ বহুবাত-বিশিষ্ট ও অপ্রশস্তভাবে অবস্থিত ব্যক্তিকে রুক্ষ মৃদু ও অল্পৌষধ-বিশিষ্ট বস্তি প্রয়োগ করিলে অঙ্গগ্রহ অঙ্গের অবসাদ, স্তম্ভ জৃম্ভন উদ্বেষ্টন ও পর্ব্ব-ভেদ, এই সকল উপদ্রব ঘটে। এস্থলে স্বেদ, অভ্যঙ্গ ও বস্তি প্রয়োগ হিতকর। প্রয়োজ্য দ্রব্য অতিশয় উষ্ণ তীক্ষ্ণ বা পরিমাণে অধিক হইলে অথবা অতিশয় স্বেদ-প্রয়োগের পর বস্তি-প্রয়োগ বা অল্প দোষে বস্তি প্রয়োগ করিলে, অতিযোগ নামক উপদ্রব জন্মে। বিরেচনের অতি-যোগে যেরূপ চিকিৎসা, এ স্থলেও সেইরূপ চিকিৎসা কর্ত্তব্য। এস্থলে শীতল পিচ্ছাবস্তি প্রয়োগও সুখকর। জীবাদান নামক উপ-দ্রবে অর্থাৎ শোণিত নির্গত হইতে থাকিলে, বমন বিরেচনের স্থলে যেরূপ চিকিৎসা বলা হইয়াছে এ স্থলেও সেইরূপ করিবে, এবং শোণিত-যুক্ত পিচ্ছাবস্তিও এ স্থলে প্রয়োগ করিবে। এই নয়প্রকার উপদ্রব নিরূঢ় ও স্নেহবস্তি উভয়েতেই ঘটে, এবং উভয় স্থলেই এক-প্রকার চিকিৎসা। বস্তি-ক্রিয়ার সমস্ত ব্যাপৎ লক্ষণ ও চিকিৎসা সমস্ত বলা হইল। যাহাতে এ সকল ব্যাপৎ না ঘটে, অভিজ্ঞ বৈদ্যের তাহাই কর্ত্তব্য। বমনের এক পক্ষ পরে বিরেচন প্রয়োগ করিবে, এবং বিরেচনের সপ্ত রাত্র পরে অনুবাসন বা আস্থাপন প্রয়োগ করিবে।

সপ্তত্রিংশ অধ্যায়।

অনুবাসন ও আস্থাপন।

বিরেচন প্রয়োগের সপ্ত রাত্রের পর দেহে বল জন্মিলে অনুবাসন-যোগ্য রোগীকে অনুবাসন প্রয়োগ করিবে। বয়স অনুসারে নিরূঢ়

বস্তিতে ঔষধের যে পরিমাণ নিরূপিত হইয়াছে, তাহার চতুর্থাংশ বর্জ্জনপূর্ব্বক স্নেহ-বস্তিতে প্রয়োগ করিবে। বায়ু পুরীষ ও মূত্র দেহ হইতে নির্গত হইলে বস্তি বিধান করিবে। এই সকলের দ্বারা স্নেহ প্রতিহত হইয়া অন্তরে প্রবেশ করে না। অসংশোধিত দেহে স্নেহবস্তি প্রয়োগ করিবে না। সংশোধিত দেহে স্নেহবস্তি প্রযুক্ত হইলে তাহার বীর্য্য দেহে প্রবেশ করে।

অতঃপর তৈল-পাকের ক্রম বলা যাইতেছে। সকল তৈল পানে অনুবাসনে ও নস্যে প্রয়োগ করিলে বহুবিধ রোগ আরোগ্য হয়। শঠী পুষ্কর (পদ্ম-মূল) পিপ্পলী ময়না-ফল দেবদারু শতমূলী কুষ্ঠ যষ্টিমধু বচ বিল্ব চিত্রক, এই সকল একত্র পিষিয়া তৈল পাক করিবে। ইহাতে পিষ্ট-দ্রব্যের চতুর্গুণ তৈল, তৈলের দ্বিগুণ দুগ্ধ ও দুগ্ধের দ্বিগুণ জল বিধেয়। এই তৈল বস্তিক্রিয়াতে প্রয়োগ করিলে মূঢ় বাতের অনুলোম, অর্শ, গ্রহণী-দোষ, আনাহ, বিষম-জ্বর, এবং কটি পৃষ্ঠ ঊরু ও কোষ্ঠ-স্থানে আশ্রিত বাত-রোগ আরোগ্য হয়।

বচ পদ্মমূল কুষ্ঠ এলাইচ মদন-ফল দেবদারু সৈন্ধব লবণ কাকোলী ক্ষীরকাকোলী যষ্টিমধু মেদ মহামেদ রাজবৃক্ষ পাঠা জীবক জীবন্তী ভার্গী চন্দন কট্‌ফল সরল-কাষ্ঠ অগুরু বিল্ব বালা অশ্বগন্ধা বিড়ঙ্গ আরগ্বধ শ্যামা ত্রিবৃৎ পিপ্পল ও ঋদ্ধি এই সকলের কল্ক দুগ্ধ ও পঞ্চমূলীর রস সহ তৈল পাক করিবে (১)। এই তৈলের স্নেহ-বস্তি প্রয়োগ করা গুল্ম আনাহ অগ্নিমান্দ্য অর্শ গ্রহণী মূত্ররোধ এবং বায়ু-রোগে প্রশস্ত।

চিত্রক আতইচ পাঠা দন্তী বিল্ব বচ সরল কাষ্ঠ অংশুমতী রাস্না নীলিনী চতুরঙ্গুল চই যমানী কাকোলী মেদ মহামেদ দেবদারু জীবক ঋষভক পুনর্নবা অজগন্ধা শতমূলী রেণুকা অশ্বগন্ধা মঞ্জিষ্ঠা

(১) স্নেহপাকের বিধানানুসারে তৈল পাক করিবে। যে স্থলে দ্রব্যের পরিমাণ না থাকে, সে স্থলে স্নেহপাকের বিধান অবলম্বন করিবে।

শঠী কুষ্ঠ, ইহাদিগের কল্ক ও দুগ্ধ সহ তৈল পাক করিবে। এই তৈল বায়ু-জন্য রোগে হিতকর। গৃধ্রসী খঞ্জ কুব্জ আঢ্যবাত মূত্রকৃচ্ছ্র ও উদাবর্ত্ত রোগে এবং মন্দাগ্নি ও দুর্ব্বলের পক্ষে ইহা বস্তিকার্য্যে প্রশস্ত।

ভূনিম্ব এরণ্ড পুনর্নবা রাস্না দশমূল সহা ভার্গী দেবদারু বলা বাসক রোহিষ যড়্গ্রন্থা (শটী) গোরক্ষচাকুলে মূর্ব্বা অশ্বগন্ধা গুলঞ্চ সহচর হরিদ্রা আতইচ কাকনাসা ভূমিকুষ্মাণ্ড যব মাষকলাই তিসী কোল ও কুলথ, এই সকলের ক্বাথ, দুগ্ধ ও দুগ্ধের চতুর্গুণ তৈল স্নেহ-পাকের বিধানে পাক করিবে। পরে তাহাতে জীবনীয়-গণের চূর্ণ প্রক্ষেপ (১) করিবে। উরুদ্বয় বায়ু-জন্য সংহত হইলে, ত্রিক পার্শ্ব অংশ মন্যা শিরোগত বায়ু-বিকারে এই তৈলের বস্তি প্রয়োগ করিবে।

জীবন্তী অতিবলা মেদ কাকোলী ক্ষীরকাকোলী জীবক ঋষভক অতিবিষা কৃষ্ণা (কটুকী) কাকনাসা (কেয়োঠ্যাড়া) বচ দেবদারু রাস্না মদন-ফল যষ্টিমধু সরলা (শ্বেত তৃবৃৎ) ভীরু (শতমূলী) চন্দন স্বয়ংগুপ্ত (আলকুশী-বীজ) শঠী শৃঙ্গী পৃশ্নিপর্ণী শ্যামালতা ইহাদিগের কল্ক, ঘৃত তৈল ও ঘৃত-তৈল একত্র যোগে যত, তাহার অষ্টগুণ দুগ্ধ পাক করিবে (২)। এই তৈল অনুবাসনে প্রয়োগ করিলে শুক্র অগ্নি ও বল বৃদ্ধি হয়, বাত-পিত্ত নাশ হয়, এবং গুল্ম ও আনাহের অত্যর্থ শান্তি হয়। ইহা নস্যে ও পানে প্রযুক্ত হইলে স্কন্ধ-সন্ধির উপরিজাত রোগ সমস্ত আরোগ্য হয়।

যষ্টিমধু বেণামূল দ্রাক্ষা কটুকী উৎপল চন্দন শ্যামালতা পদ্মকাষ্ঠ মুস্তা কুটজ অতিবিষা ও বালা এই সকলের কল্ক, ঘৃত ও তাহার

(১) অষ্টবর্গশ্চ পার্ণিন্যো জীবন্তী মধুকণ্ডুলা। জীবনীয়গণপ্রোক্তা জীবনীয়গণস্তথা॥

(২) যথা,—তৈল ও ঘৃত প্রত্যেকে অর্দ্ধ শের করিয়া এক শের, কল্ক-দ্রব্যের সমষ্টি এক পোয়া, ও স্নেহের চতুর্গুণ অর্থাৎ চারি শের দুগ্ধ।

চতুর্থাংশ তৈল এবং ঘৃত-তৈলের একত্র যোগে পরিমাণে যত, তাহার অষ্টগুণ দুগ্ধ পাক করিবে। এই তৈল ন্যগ্রোধাদি-গণের ক্বাথ সহযোগে বস্তিকার্য্যে প্রয়োগ করিবে। ইহাতে দাহ অসৃগ্দর বিসর্প বাতরক্ত বিদ্রধি পিত্তরক্ত জ্বর প্রভৃতি পিত্ত-জন্য রোগ সমস্ত নষ্ট হয়।

মৃণাল উৎপল শালুক নীলোৎপল রক্তোৎপল চন্দন রক্তচন্দন ভূনিম্ব পদ্মবীজ কেসুর পটোল কটুক রক্ত গুঞ্জা পর্পট বাসক নাগ-কেশর. ইহাদিগের কল্ক তৃণ মূলের রস ও দ্বিগুণ (তৈলের) দুগ্ধ, এই সকল সহ তৈল পাক করিয়া বস্তিকার্য্যে নস্যে অভ্যঙ্গে ও পানে প্রয়োগ করিলে বহুবিধ পিত্ত-জন্য রোগের শান্তি হয়।

ত্রিফলা অতিবিষা মূর্ব্বা ত্রিবৃৎ চিত্রক বাসক নিম্ব আরগ্বধ ষড়্গ্রন্থ (ডহরকরঞ্জ) সপ্তপর্ণ হরিদ্রা দারুহরিদ্রা গুড়ূচী কুটজ কটুকী কুষ্ঠ সর্ষপ নাগর (শুণ্ঠী), এই সকলের কল্ক সহ ও সুরসাদিগণের রসে আপ্লুত করিয়া তৈল পাক করিবে। এই তৈল-পান অভ্যঙ্গ গণ্ডূষ নস্য ও বস্তি-কার্য্যে প্রয়োগ করিলে স্থূলতা আলস্য কণ্ডূ প্রভৃতি কফ-জন্য রোগ সমস্ত নাশ হয়।

পাঠা অজমোদা শার্ঙ্গষ্টা পিপ্পলী গজপিপ্পলী শুণ্ঠী শ্বেত-ত্রিবৃৎ অগুরু কৃষ্ণ-চন্দন ভার্গী চব্য দেবদারু মরিচ এলাইচ হরীতকী কটুকা পিপ্পলী-মূল কট্ফল, এই সকলের কল্ক এবং বল্লী ও কণ্টক-(১) মূলের দ্বিগুণ ক্বাথ, এই সকলের সহ সর্ষপ বা এরণ্ড তৈল পাক করিবে। এই তৈল অনুবাসনে প্রয়োগ করিলে সকলপ্রকার কফ-জন্য রোগের শান্তি হয়।

বিড়ঙ্গ উদীচ্য-সিন্ধুজ. শঠী কুড় দেবদারু মেদ মহামেদ যষ্টিমধু শ্যামালতা নিচুল শুণ্ঠী শতমূলী নীলিনী রাস্না কদলী বাসক রেণুকা বিল্ব অজমোদা পিপ্পলী দন্তী চব্য রাজবৃক্ষ, এই সকলের কল্ক সহ

(১) সূত্রস্থানে গণ-বর্ণনা দ্রষ্টব্য।

মুষ্কাদিগণের সায় তৈল বা এরণ্ড তৈল পাক করিয়া অনুবাসন প্রয়োগ করিলে প্লীহা উদাবর্ত্ত বাতরক্ত গুল্ম আনাহ ও কফ-জন্য রোগে প্রমেহ শর্করাশ্মরী ও অর্শ আরোগ্য হয়। দেহ সংশোধিত না হইলেও অর্থাৎ অগ্রে বমন বিরেচন প্রয়োগ না করিয়াও সকল কালেই এই তৈলের অনুবাসন প্রয়োগ করা যায়। রুক্ষ অতিশয় বায়ু-বিশিষ্ট দেহ হইলে, দুই তিনবার অনুবাসন প্রয়োগ করিয়া শরীর স্নিগ্ধ হইলে নিরূঢ় বস্তি প্রয়োগ করিবে। দেহ স্নিগ্ধ না হইলেও অতিপীড়িতের স্থলে উক্ত তৈল-সহযোগে গাঢ় করিয়া নিরূঢ় বস্তি প্রয়োগ করিবে।

রাত্রিকালে বস্তি প্রয়োগ করিবে না, তাহাতে দোষ উৎক্লিষ্ট হইয়া স্নেহ-বীর্য্য সহযোগে আধ্মান গৌরব ও জ্বর জন্মায়। দোষ বা অন্ন-রস অগ্নি-স্থানে গত হইলে দেহের স্রোতমুখ বিবৃত হইয়া তাহাতে স্নেহ-বীর্য্য গমন করে। পিত্তের আধিক্য, কফের ক্ষয়, বা বাতরোগে রুক্ষ হইলে অথবা উষ্ণ কাল হইলে রাত্রিকালে অনুবাসন বা আস্থা-পন প্রয়োগ করিবে। উষ্ণকালে বা পিত্তাধিক্যে দিবাভাগে প্রয়োগ করিলে দাহ প্রভৃতি উপদ্রব জন্মে। অতএব এ স্থলে সন্ধ্যাকালে প্রয়োগ করিবে। স্নেহ-পান অধ্যায়ে যে সকল দোষ উল্লিখিত হইয়াছে তাহা পরিত্যাগ করিতে হইলে শীত ও বসন্ত কালে দিবাভাগে, এবং গ্রীষ্ম প্রাবৃট্ ও শরৎকালে দিনান্তে স্নেহ প্রয়োগ কর্ত্তব্য। বায়ুর আধিক্যের স্থলে অহোরাত্রের মধ্যে যে কোন সময়ে প্রয়োগ করা যায়। রোগের তীব্র অবস্থায় জীর্ণান্ন ব্যক্তিকে ভোজন করাইয়া অনুবাসন প্রয়োগ করিবে। অভুক্ত ব্যক্তিকে কদাচ স্নেহ প্রয়োগ করিবে না, তাহাতে কোষ্ঠ-দেশ শূন্য ও বিশুদ্ধ থাকা প্রযুক্ত স্নেহ ঊর্দ্ধে গমন করে। আর্দ্রপাণি ব্যক্তির পক্ষেও ভোজনান্তে অনুবাসন-প্রয়োগ বিধেয়। অন্ন বিদগ্ধ হইলে স্নেহ-প্রয়োগের দ্বারা জ্বর হয়। অতিশয় স্নেহ-যুক্ত অন্ন ভোজন করাইয়া অনুবাসন প্রয়োগ করিবে

না। ভোজন ও অনুবাসন দুইপ্রকার স্নেহ প্রয়োগ করা হইলে মদ ও মূর্চ্ছা জন্মায়। রুক্ষ অন্ন ভোজন করিলে বল ও বর্ণ নাশ হয়। অতএব যুক্ত-মত স্নেহ ভোজন করাইয়া ব্যাধি অনুসারে যূষ ক্ষীর বা মাংস রস সহ অনুবাসন প্রয়োগ করিবে। বস্তি-ক্রিয়াতে প্রয়োজ্য ঔষধের যেরূপ পরিমাণ বলা হইয়াছে, স্নেহবস্তিতে তাহার চতুর্থাংশ ন্যূন পরিমাণে ব্যবহার করিবে। অনুবাসন প্রয়োগ করিতে হইলে, প্রথমতঃ অভ্যঙ্গ ও উষ্ণ জলে স্বেদ প্রয়োগ করিয়া যথাশাস্ত্র ভোজন ও চংক্রমণ করিবে। তদনন্তর পুরীষ ও মূত্র পরিত্যাগ করাইয়া স্নেহবস্তি প্রয়োগ করিবে। প্রয়োগের বিধান পর অধ্যায়ে নিরূঢ়োপক্রমে বলা যাইবে। তদনুসারে স্নেহবস্তি প্রয়োজিত হইলে বাক্‌শত-কালমাত্র উত্থান-ভাবে থাকিবে। সর্ব্ব দেহ প্রসারিত হইলে স্নেহবীর্য্য দেহে সঞ্চারণ করে। প্রয়োজিত স্নেহ শরীরের অধোভাগ হইতে ঊর্দ্ধে তাড়িত করিবার নিমিত্ত উত্থান-ভাবে থাকিয়া তিনবার নিতম্বদ্বয় উৎক্ষেপণ করিবে। এইরূপে বস্তি প্রণিহিত হইলে বিস্তীর্ণ শয্যায় স্থিরভাবে শয়ান থাকিবে, অধিক বাক্য কহিবে না। শতমূলীর রস ও সৈন্ধব চূর্ণ সহযোগে ঈষদুষ্ণ করিয়া স্নেহবস্তি প্রয়োগ করিলে সহসা সচ্ছন্দে নির্গত হয়। অতিশয় উষ্ণতা বা তীক্ষ্ণতা প্রযুক্ত বায়ু-কর্ত্তৃক পীড়িত হইয়া, অনুবাসিত স্নেহ এককালে বায়ু সহকারে নির্গত হয়, অথবা পরিমাণের আধিক্য প্রযুক্ত বা গুরুত্বপ্রযুক্ত নির্গত হইলে, পুনর্ব্বার অল্প পরিমাণে স্নেহের বস্তি প্রয়োগ করিবে। কারণ দেহ-মধ্যে না থাকিলে কখন দেহ স্নিগ্ধ করিতে পারে না। হীন মাত্রায় অনুবাসিত হইলে দাহ ক্লম ও প্রবাহ জন্মায়। বস্তি প্রয়োগ করিলে দাহ প্রভৃতি যাতনা ব্যতিরেকে যাহার পুরীষ ও বায়ু সহযোগে স্নেহ পুনর্ব্বার দেহ হইতে শীঘ্র নির্গত হয়, তাহাকেই সম্যক্ অনুবাসিত বলা যায়। স্নেহ প্রত্যাগত হইলে পর যদি ভুক্ত অন্ন পরিপাক হইয়া ক্ষুধার উদ্রেক হয়, তবে লঘু অন্ন সেবন করিবে। পরদিন প্রাতঃকালে

ধান্যক শুণ্ঠী সহযোগে পাক করা উষ্ণ জল পান করিবে, তাহাতে অগ্নির দীপ্তি হয় ও অন্নে রুচি জন্মে। এই বিধান অনুসারে ছয় সাত আট বা নয় বার স্নেহবস্তি প্রয়োগ করিবে ও তাহার মধ্যে মধ্যে অর্থাৎ প্রতিবার প্রয়োগের পর ও দ্বিতীয়বার প্রয়োগের পূর্ব্বে নিরূঢ় বস্তি প্রয়োগ করিবে। প্রথম বস্তির দ্বারা বস্তি ও বঙ্ক্ষণ দেশ স্নিগ্ধ হয়। দ্বিতীয় বস্তির দ্বারা উর্দ্ধগত বায়ুর শান্তি হয়। তৃতীয় বস্তির দ্বারা বল ও বর্ণ জন্মে। চতুর্থ বস্তির দ্বারা রস, পঞ্চম বস্তির দ্বারা রক্ত, ষষ্ঠ বস্তির দ্বারা মাংস, সপ্তম বস্তির দ্বারা মেদ, অষ্টম বস্তির দ্বারা অস্থি ও নবম বস্তির দ্বারা মজ্জা নির্দ্দোষ হয়। এইরূপে অষ্টাদশ বস্তি প্রয়োগ করিলে শুক্রগত সমস্ত দোষের শান্তি হয়। এইরূপে অষ্টাদশবার করিয়া বস্তি-প্রয়োগ করিলে হস্তি-তুল্য বলশালী, অশ্ব-তুল্য বেগবান্, দেব-তুল্য বিগতপাপ, শ্রুতিধর ও সহস্র বৎসর আয়ু-বিশিষ্ট হয়। স্নেহবস্তি বা নিরূঢ় বস্তি ইহাদিগের কোন একটী অধিকতর অভ্যাস করিবে না। স্নেহবস্তির আধিক্যে অগ্নিমান্দ্য ও কফের উৎক্লেশ, এবং নিরূঢ় বস্তির দ্বারা বায়ু-বৃদ্ধি হয়। অতএব স্নেহবস্তি প্রয়োগের পর নিরূঢ় বস্তি এবং নিরূঢ় বস্তি প্রয়োগের পর স্নেহবস্তি প্রয়োগ করিবে। ইহাতে পিত্ত বা কফের উৎক্লেশ এবং বায়ু-জন্য কোন বেগ জন্মে না। রুক্ষ ও অত্যর্থ-বায়ু-বিশিষ্ট হইলে প্রতিদিন স্নেহবস্তি প্রয়োগ করা যায়, অন্য স্থলে অগ্নিমান্দ্যের আশঙ্কাপ্রযুক্ত তিন দিন অন্তর প্রয়োগ করা কর্ত্তব্য। রুক্ষদেহে অল্প পরিমাণে স্নেহবস্তি সকল কালেই প্রয়োগ করা যায়।

অতঃপর স্নেহ-বস্তি-ব্যাপৎ বলা যাইতেছে। যদি কোষ্ঠ-দেশে বায়ু প্রভৃতি সমস্ত দোষ বলবান্ থাকে; ও তাহাতে অল্প-বীর্য্য-বিশিষ্ট স্নেহ-জন্য পৃথগ্বিধ উপদ্রব জন্মায়, তাহা নিবৃত্তি পায় না। স্নেহ কোষ্ঠ-মধ্যে বায়ু জন্য অভিভূত থাকিলে মুখে কষায় রস হয়, ও জৃম্ভণ বেপথু ও বিষমজ্বর প্রভৃতি বায়ু-জন্য রোগ জন্মায়। পিত্ত কর্ত্তৃক

অভিভূত থাকিলে মুখ কটু হয়, এবং দাহ তৃষ্ণা জ্বর ও ঘর্ম্ম হয়, এবং নেত্র মূত্র ও অঙ্গ পীতবর্ণ হয়। শ্লেষ্মা কর্ত্তৃক অভিভূত হইলে লালা-স্রাব মুখের মধুরতা, গৌরব বমন, কষ্টে উচ্ছ্বাস, শীতজ্বর ও অরুচি, এই সকল উপদ্রব জন্মে। স্নেহ পূর্ব্বোক্তরূপে কোনপ্রকারে দোষাভিভূত হইলে, দোষ অনুসারে শমনীয়-দ্রব্যের বস্তি প্রয়োগ করিবে। অতি-শয় ভোজন করা প্রযুক্ত ভুক্ত দ্রব্য কর্ত্তৃক অভিভূত হইয়া যদি দেহ হইতে স্নেহ নির্গত না হয়, তবে আমাশয়ের গুরুত্ব, শূল, বায়ুর রোধ, হৃৎপীড়া, মুখের বৈরস্য, শ্বাস মূর্চ্ছা ভ্রম ও অরুচি, এই সকল উপদ্রব জন্মে। এ স্থলে উপবাস ও তদনন্তর অগ্নির দীপ্তিকর বিধান অবলম্বন করিবে। অসংশোধিত দেহে স্নেহ মলের সহিত মিশ্রিত হওয়াতে যদি নির্গত না হয়, তবে অঙ্গসাদ আধ্মান শূল শ্বাস ও পক্কাশয়ের গুরুত্ব, এই সকল উপদ্রব জন্মে। ইহাতে নিরূঢ় বস্তি প্রয়োগ করিবে। এবং অতিশয় তীক্ষ্ণ ঔষধ সহ স্নেহ পাক করিয়া অনুবাসনে প্রয়োগ করিবে। সংশোধিত দেহে বস্তিকর্ত্তৃক স্নেহ দেহ মধ্যে দূরে নিঃক্ষিপ্ত হইলে, গাত্রে স্নেহ দৃষ্ট হয়, এবং সকল ইন্দ্রিয়ের উপলেপ ও অবসাদন হয়, মুখে স্নেহ-গন্ধ ও কাস শ্বাস অরুচি প্রভৃতি উপদ্রব জন্মে। সে স্থলে অতিপীড়িতের ন্যায় আস্থাপন প্রয়োগ কর্ত্তব্য। স্বেদ প্রয়োগ বা দেহ সংশোধন না করিয়া অল্প-পরিমাণ স্নেহবস্তি প্রয়োগ করিলে, অথবা স্নেহ শীতল বা মৃদু-গুণ-বিশিষ্ট হইলে, দেহ হইতে প্রত্যাগত হয় না, তদ্দ্বারা মন্দ প্রবাহ জন্মে, এবং বিবন্ধ গৌরব আধ্মান ও পক্কাশয়ে শূল, এই সকল উপদ্রব ঘটে। এ স্থলে শীঘ্র আস্থাপন ও পরে অনুবাসন প্রয়োগ করিবে। অল্প-ভোজন-শীল ব্যক্তিকে অল্প-পরিমাণ বা মন্দ-গুণ-বিশিষ্ট স্নেহ প্রয়োগ করিলে, সে স্নেহ পুনর্ব্বার নিঃসৃত হয় না, তাহাতে ক্লান্তি ও উৎক্লেশ জন্মে ও দেহের স্ফূর্ত্তি থাকে না। তাহাতে শোধনীয় দ্রব্যের কাথে আস্থাপন, ও সেই কাথে স্নেহ পাক করিয়া অনুবাসন প্রয়োগ করিবে। বস্তি প্রযুক্ত

হইলে পর যদি সমস্ত দিবা-রাত্রি গতে স্নেহ পুনর্ব্বার নির্গত হয় ও তদ্দ্বারা কোন ক্লেশ না জন্মে, সেই বস্তিপ্রয়োগই অতিশয় গুণকারী। স্নেহ যদি নির্গত না হইয়া জীর্ণ হইয়া যায়, তাহাতে অতি অল্প ফল দর্শে। স্নেহবস্তি প্রযুক্ত হইয়া যদি সেই স্নেহ পুনর্ব্বার নির্গত না হয়, সমস্তই বা তাহার কিয়দংশ রুদ্ধ থাকে ও তাহাতে কোন উপদ্রব না জন্মে, তবে তাহা রুক্ষ-অন্ত্র রুদ্ধ থাকা জানিবে, তাহাতে কোন প্রতিকার আবশ্যক করে না। দিবা-রাত্রের মধ্যে স্নেহ প্রত্যাগত না হইলে সংশোধন প্রয়োগ করিবে, আর দ্বিতীয় বার স্নেহ প্রয়োগ বিধেয় নহে।

অতঃপর উত্তর বস্তির বিধান বলা যাইতেছে। রোগীর অঙ্গুলির চতুর্দ্দশাঙ্গুলি-পরিমিত দীর্ঘ, মালতী-পুষ্পের বৃন্তের ন্যায় অগ্রভাগ, এবং সর্ষপ-নির্গম-যোগ্য ছিদ্র, উত্তর-বস্তি-প্রয়োগে এইরূপ নল ব্যবহার করিবে। কেহ কেহ মেঢ্র-নলের অসমতুল্য-পরিমিত নলই প্রশস্ত বলেন। উত্তরস্থিতে স্নেহের পরিমাণ এক কুঞ্চ। রোগী পঞ্চবিংশতি বৎসরের ন্যূন হইলে বিবেচনা-সঙ্গত স্নেহ-মাত্রা প্রয়োগ করিবে। স্ত্রীলোকদিগের অপত্যপথের চারি অঙ্গুল অন্তরে মূত্রনালী। তাহার ছিদ্র-পরিমাণ মুদ্গ-তুল্য ও দশাঙ্গুল দীর্ঘ। উত্তর-বস্তি প্রয়োগ করিতে হইলে অপত্য-পথে চারি অঙ্গুল ও মূত্রনালী মধ্যে দুই অঙ্গুল, অল্প বয়স্কা কন্যা হইলে এক অঙ্গুল নল প্রবিষ্ট করিবে। এ স্থলে রোগীর স্বীয় অঙ্গুলির পরিমাণই গ্রাহ্য। হস্ত অঞ্জলি-বদ্ধ করিলে অঙ্গুলির মূল পর্য্যন্ত যত স্নেহ ধরে সেই পরিমাণ স্নেহ এ স্থলে ব্যবহার্য্য। ঔরভ্র বা শূকরের বস্তিই এ স্থলে প্রয়োজ্য, অভাবে পক্ষীদিগের গলদেশের চর্ম্ম, তদভাবে হরিণের পায়ের চর্ম্ম বা অন্য কোনপ্রকার কোমল চর্ম্ম ব্যবহার্য্য। রোগীকে প্রথমতঃ স্নিগ্ধ ও স্বেদ প্রয়োগ করিয়া ঘৃত দুগ্ধ সহ যথাশক্তি অনুসারে যবাগু পান করাইবে। অনন্তর জানু পরিমিত স্থানে পৃষ্ঠ দেশ রাখিয়া

(অর্থাৎ উপবিষ্ট-ভাবে) এবং বস্তি ও মূর্দ্ধি দেশ উষ্ণ তৈলে অভ্যক্ত করিয়া মেঢ্র নলে প্রহৃষ্ট করিবে (১)। তদনন্তর মেঢ্র-মধ্যে অগ্রে শলাকার দ্বারা অন্বেষণ করিয়া পরে ঘৃতাভ্যক্ত শলাকা ছয় অঙ্গুল পরিমাণে অল্প অল্প প্রবিষ্ট করিবে। বস্তি প্রয়োগ করিয়া পুনর্ব্বার নেত্র অল্প অল্প নির্গত করিবে। স্নেহ প্রত্যাগত হইলে অপরাহ্ণ-কালে দুগ্ধ যূষ বা মাংস-রস সহযোগে পরিমিত মাত্রায় ভোজন করাইবে। এই নিয়ম অনুসারে তিন কি চারি বার বস্তি প্রয়োগ করিবে। স্ত্রীলোকদিগকে প্রয়োগ করিতে হইলে উত্তানভাবে শয়ান করাইয়া ও জানুদ্বয় ঊর্দ্ধ ভাবে রাখিয়া প্রয়োগ করিবে। গর্ভাশয় বিশোধনের জন্য ত্রিকর্ণিক-বিশিষ্ট নেত্রের দ্বারা যোনিমধ্যে দ্বিগুণ-পরিমিত স্নেহের বস্তি প্রয়োগ করিবে। উত্তর বস্তি প্রয়োগ করিলে স্নেহ যদি প্রত্যাগত না হয়, তবে শোধনীয়-গণ-সংযোগে পুনর্ব্বার বস্তি প্রয়োগ করিবে, অথবা গুদমধ্যে শোধনী-যুক্ত বস্তি প্রয়োগ করিবে, বা বস্তিদ্বারে এষণী প্রবিষ্ট করিবে, কিম্বা মুষ্টির দ্বারা নাভির অধোভাগে বলপূর্ব্বক পীড়িত করিবে। অথবা আরগ্বধের পত্র নিগুণ্ডী-রস গোমূত্রে পিষিয়া সৈন্ধব সহযোগে বর্ত্তি নির্ম্মাণ করিবে। বর্ত্তি-প্রযুক্ত স্নেহ নির্গত করিবার কারণ এলাইচ বা সর্ষপাকার বর্ত্তি শলাকার দ্বারা প্রয়োগ করিবে। গৃহ-ধূম বৃহতী পিপ্পলী ও সৈন্ধব ও শুণ্ঠী, শুক্ত গোমূত্র ও সুরা সহ পেষণ করিয়া বর্ত্তি নির্ম্মাণপূর্ব্বক পূর্ব্বোক্ত নিয়মে প্রয়োগ করিবে। বস্তি-দেশে দাহ জন্মিলে মধু ও শর্করা শীতল মধূদক সহযোগে, ও ক্ষীর-বৃক্ষের ক্বাথ শীতল দুগ্ধ সহযোগে বস্তি প্রয়োগ করিবে।

দূষিত শুক্র বা শোণিত, মূত্রাঘাত, অন্য কোন মূত্র-দোষ যোনিরোগ শুক্রোৎসেক শর্করাশ্মরী বস্তি-শূল বঙ্ক্ষণ-শূল ও মেঢ্র-শূল, এই সমস্ত রোগ, এবং মেহরোগ ভিন্ন অন্যান্য ঘোরতর বস্তি-জাত রোগ

(১) মেঢ্র নলে দৃঢ় ও ঋজুভূত হইলে হৃষ্ট বলা যায়।

উত্তর বস্তির দ্বারা আরোগ্য হয়। সম্যক্ প্রয়োজিত হইলে অথবা ব্যাপদ্ ঘটিলে স্নেহ-বস্তির ন্যায় সকল লক্ষণ উত্তর-বস্তি-প্রয়োগেও ঘটে।

অষ্টাত্রিংশ অধ্যায়।

নিরূঢ়-বস্তি-প্রয়োগ।

অনুবাসন-প্রয়োগের পর আস্থাপন প্রয়োগ করিবে। অভ্যঙ্গ ও স্বেদ প্রয়োগ করিয়া পুরীষ মূত্র ও বায়ুর বেগ পরিত্যাগপূর্ব্বক মধ্যাহ্ন-কালে পবিত্র গৃহে, বিস্তীর্ণ ও উপধান-রহিত এবং শ্রোণি-দেশ উত্তম-রূপে বিন্যস্ত হয় এরূপ শয্যায় বাম পার্শ্বে শয়ন করিবে। রোগী ভুক্ত দ্রব্য পরিপাকের পর দক্ষিণ শক্তি আকুঞ্চিত ও বাম শক্তি প্রসারিত করিয়া, প্রফুল্ল-মনে বাক্য সংযত করিয়া থাকিবে। তদনন্তর বাম পাদের উপরিভাগে নেত্র স্থাপন করিয়া দক্ষিণ পাদের অঙ্গুষ্ঠ ও দ্বিতীয় অঙ্গুলির দ্বারা নেত্রের কর্ণিকা চাপিয়া রাখিবে, এবং বাম হস্তের কনিষ্ঠা ও অনামিকা নামক অঙ্গুলিদ্বয়ের দ্বারা বস্তির মুখের অর্দ্ধভাগ সঙ্কুচিত করিয়া মধ্যম প্রদেশিনী ও অঙ্গুষ্ঠ নামক অঙ্গুলিত্রয়ের দ্বারা অপর অর্দ্ধ মুখ বিবৃত করিয়া বস্তিমধ্যে ঔষধ পূরণ করিবে। ঔষধ পূরণ করিতে বস্তি অধিক আয়ত বা সঙ্কুচিত হইয়া না যায়, তাহার মধ্যে বুদ্বুদ না জন্মে, অথবা বায়ু না থাকে। এইরূপে বস্তি-মধ্যে ঔষধ পূরিত হইলে, যে পর্য্যন্ত ঔষধ পূর্ণ হইবে তাহার অন্তভাগ সূত্রের দুই তিন বেষ্টনীর দ্বারা বন্ধন করিবে। অনন্তর দক্ষিণ হস্ত উত্তোলিত করিয়া বস্তি ধারণ করিবে এবং বাম হস্তের মধ্যমাঙ্গুলি ও প্রদেশিনীর দ্বারা নেত্র ধারণ করিয়া বৃদ্ধাঙ্গুষ্ঠের দ্বারা তাহার ঘৃতাক্ত মুখ আচ্ছাদনপূর্ব্বক ঘৃতাক্ত মল-দ্বার মধ্যে প্রবিষ্ট করিবে। পৃষ্ঠ-বংশের সমরেখা পর্য্যন্ত দূরে নেত্রের কর্ণিকা পর্য্যন্ত সঞ্চালিত

করিয়া রোগীকে স্থিরভাবে গ্রহণ করিতে কহিবে। বাম হস্তে বস্তি ধারণ করিয়া দক্ষিণ হস্তে প্রয়োগ করিবে। প্রয়োগ এক-কালে করিবে, তাহাতে দ্রুত বা বিলম্ব না হয়। তদনন্তর বস্তি অপনীত করিয়া ত্রিংশৎ মাত্রা (১) কাল উপেক্ষা করিয়া রোগীকে উঠিতে কহিবে। ঔষধ-দ্রব্য প্রত্যাগত হইবার কারণ রোগীকে উৎকট-ভাবে বসাইবে। নিরূঢ় দ্রব্য প্রত্যাগমনের কাল এক মুহূর্ত্ত।

এই নিয়ম অনুসারে দুই তিন বা চারি বার বস্তি-প্রয়োগে সম্যক্ নিরূঢ়-লক্ষণ হইলে (২) বস্তি-প্রয়োগে নিবৃত্ত হইবে। নিরূঢ়-লক্ষণের বরং হীন হওয়া ভাল। বিশেষতঃ সুকুমার ব্যক্তির পক্ষে হীন ক্রমই হিতকর। বস্তি-প্রয়োগে যাহার অল্প বেগে মল বায়ু নির্গত না হয়, তাহাকে দুর্নিরূঢ় বলিয়া জানিবে। তাহার মূত্ররোগ অরুচি ও জড়তা দোষ জন্মে। অতি-বিরেচনের যে সকল লক্ষণ বলা হইয়াছে সে সকল অতি-বিরেচনের স্থলেও ঘটে। যাহার পুরীষ পিত্ত কফ ও বায়ু ক্রমান্বয়ে নির্গত হইয়া দেহ লঘু হয়, তাহাকে সুনিরূঢ় বলিয়া জানিবে। সুনিরূঢ় হইলে স্নান ও ভোজন করাইবে। পিত্ত শ্লেষ্মা বা বায়ু-জন্য রোগে যথাক্রমে ক্ষীর যূষ বা মাংস-রস সহযোগে ভোজন করাইবে। অথবা সকলপ্রকার দোষেই মাংস-রস সহযোগে ভোজন করাইবে। দোষ অগ্নি অনুসারে তিন ভাগ হীন, অর্দ্ধ-ভাগ-হীন, চতুর্থাংশ-হীন, পরিমাণে ভোজন করিবে। তদনন্তর দোষানুসারে স্নেহ-বস্তি প্রয়োগ করিবে। আস্থাপন ও স্নেহ-বস্তি সম্যক্‌রূপে প্রয়োজিত হইলে মনের তুষ্টি, দেহের স্নিগ্ধতা ও ব্যাধির নিগ্রহ এই সকল লক্ষণ জন্মে। যে দিবস আস্থাপন প্রয়োগ করা যায়, সে দিবস বায়ু কর্ত্তৃক অতিশয় অনিষ্টের সম্ভাবনা, অতএব রোগীকে সে দিবস

(১) "ত্রিংশৎ মাত্রা" ত্রিংশদ্বাক্য কহিতে যে বিলম্ব হয়।

(২) বস্তি-প্রয়োগের হীন লক্ষণ ও অতিক্রমের লক্ষণ পঞ্চত্রিংশৎ অধ্যায় দ্রষ্টব্য দ্রব্য।

মাংস-রস সহ অন্ন ভোজন করাইবে, ও অনুবাসন প্রয়োগ করিবে। তদনন্তর অগ্নির দীপ্তি ও বায়ুর গতি বিবেচনা করিয়া কোষ্ঠ দেশ অন্নের দ্বারা উপস্তব্ধ থাকিলে স্নেহ-বস্তি প্রয়োগ করিবে। মুহূর্ত্ত-মধ্যে নিরূহের দ্রব্য প্রত্যাগত না হইলে, ক্ষার মূত্র বা অম্ল সংযুক্ত তীক্ষ্ণ নিরূহের দ্বারা শোধন করিবে। নিরূহের দ্রব্য অধিক কাল দেহ-মধ্যে বদ্ধ থাকিলে বায়ু কুপিত হইয়া বিষ্টম্ভ শূল অরতি জ্বর আনাহ ও মৃত্যুও ঘটে। ভোজনান্তে আস্থাপন প্রয়োগ বিধেয় নহে, তাহাতে বিসূচিকা বা দারুণ বমন রোগ জন্মায় এবং সকল দোষ কুপিত হয়। অতএব অভুক্ত অবস্থায় আস্থাপন-প্রয়োগ কর্ত্তব্য। জীর্ণান্ন ব্যক্তির আশয়ে দোষ সমস্ত প্রকাশিত-ভাবে অবস্থিতি করে, ভোজনের দ্বারা প্রপীড়িত না হইলে তাহারা সহজেই নিঃশোষিত হয়। আস্থাপন কর্ত্তৃক ভুক্ত দ্রব্য আশয়-মধ্যে ইতস্ততঃ বিক্ষিপ্ত হইলে অগ্নির দ্বারা উত্তম পরিপাক হয় না। অতএব অভুক্ত অবস্থাতেই আস্থাপন দেওয়া কর্ত্তব্য। অবস্থা বিবেচনা করিয়া নিরূহের ক্রম নিরূপণ করিয়া প্রয়োগ করিবে। দেহ হইতে মল অপকর্ষিত হইলে দোষ বলবান্ থাকিতে পারে না।

দুগ্ধ অম্লরস ও মূত্র স্নেহ কাথ রস লবণ ফল মধু শতমূলী সর্ষপ বচ এলাইচ ত্রিকটু রাস্না সরল দেবদারু হরিদ্রা যষ্টিমধু হিঙ্গু কুষ্ঠ শোধনী-বর্গ-স্থিত দ্রব্য-সমূহ কটুকী শর্করা মুস্তা বেণামূল চন্দন শঠী মঞ্জিষ্ঠা মদনফল চণ্ডা ত্রায়মাণা (বন-ভাতুলিয়া) রসাঞ্জন, বিল্ব-ফলের সার যমানী প্রিয়ঙ্গু, কুটজ ফল, কাকোলী ক্ষীরকাকোলী, জীবক ঋষভক, মেদ মহামেদ ঋদ্ধি বৃদ্ধি ও মধুলিকা, এই বর্গের মধ্যে যে যে দ্রব্য পাওয়া যায়, নিরূহে প্রয়োগ করিবে। স্ব স্ব অবস্থায় নিরূহে যে পরিমাণ কাথ প্রয়োগ করিবে তাহার পঞ্চভাগ স্নেহ, পিত্তে ষষ্ঠ ভাগ এবং কফে অষ্টম ভাগ স্নেহ, একত্র করিয়া প্রয়োগ করিবে। সান্নি-পাতিক কল্কের অষ্টম ভাগ স্নেহ ও সেই পরিমাণ লবণও প্রয়োজ্য।

মধু গোমূত্র ফল দুগ্ধ অম্ল মাংস-রস ইহাদিগের মধ্যে কোন একটী নিরূঢ় প্রয়োগে যুক্তি অনুসারে কল্পনা করিবে। এবং কল্ক স্নেহ ও কষায়ের উল্লেখ না থাকিলে যুক্তির দ্বারা কোন একটীকে গ্রহণ করিয়া পূর্ব্বোক্ত মধু মূত্রাদির সহিত সংযোগ করিয়া প্রয়োগ করিবে। অক্ষ (২ তোলা) পরিমাণ সৈন্ধব দুই প্রসৃতি মধুর সহিত পাত্রে মন্থন করিবে। পরে ক্রমে ক্রমে তাহাতে স্নেহ সংযোগ করিয়া মন্থন করিবে। সম্যক্‌রূপে মথিত হইলে তাহাতে ফলকল্ক প্রদান করিবে। তদনন্তর অবস্থানুসারে যে সকল দ্রব্য বিহিত, তাহার নিরূপিত ভাগে গ্রহণপূর্ব্বক সূক্ষ্মরূপে পিষিয়া গভীর পাত্রে সকল একত্র মিশ্রিত করিয়া লৌহ-দর্ব্বীর দ্বারা মন্থন করিবে। অধিক তরল বা অধিক গাঢ় না হয়। তাহাতে দোষানুসারে কষায় রস ক্ষীর অম্ল এবং মূত্র, এই পাঁচটীর পাঁচ প্রসৃতি দিবে।

অতঃপর দ্বাদশ প্রসৃতি পরিমিত বস্তির বিধি বলা যাইতেছে। অক্ষ-পরিমিত সৈন্ধব, দুই প্রসৃতি মধু, একত্র মথিয়া তিন প্রসৃতি স্নেহ তাহাতে দিয়া পুনর্ব্বার মন্থন করিবে। সকল মিশ্রিত হইলে এক প্রসৃতি কল্ক এবং চারি প্রসৃতি কষায় এবং অবশেষে প্রক্ষেপ-দ্রব্য দুই প্রসৃতি দিবে। এইরূপে বস্তি-দ্রব্য দ্বাদশ প্রসৃতি পরিমাণে কল্পনা করিবে। পূর্ণ মাত্রায় এই পরিমাণ। মাত্রা কম হইলে সেই অনুসারে প্রসৃতিও কম হইবে। এইরূপে সৈন্ধব হইতে দ্রব দ্রব্য পর্য্যন্ত দ্রব্য সহযোগে নিরূঢ় বস্তি কল্পনা করিতে হইলে তাহাদিগের পরিমাণ বয়স অনুসারে কল্পনা করিতে হইবে।

অনন্তর বস্তি-বিভাগ বলা যাইতেছে। দোষ অনুসারে প্রযুক্ত হইলে ইহাতে নানাবিধ রোগের শান্তি হয়। আরগ্বধ এরণ্ড পুনর্নবা অশ্বগন্ধা হরিদ্রা তেজপত্র পঞ্চমূলী বলা রাস্না গুলঞ্চ দেবদারু, ইহাদিগের চতুর্থাংশ অবশিষ্ট ক্বাথে, এই অধ্যায়ে পূর্ব্বোল্লিখিত মদন হইতে কুটজ পর্য্যন্ত আটটী দ্রব্য সংযোগ করিবে। তদনন্তর পিপ্পলী

মুথা মৌরি সৈন্ধব গুলঞ্চ প্রিয়ঙ্গু যষ্টিমধু রসাঞ্জন বচ এই সকলের কল্ক ও মধু প্রভৃতি সংযোগ করিয়া ঈষদুষ্ণ থাকিতে আস্থাপনে প্রয়োগ করিবে। ইহাতে পৃষ্ঠ উরু ও ত্রিকদেশের বেদনা, অশ্মরী, পুরীষ, মূত্র ও বায়ুর অবরোধ গ্রহণী, বায়ু-জন্য অর্শরোগের শান্তি হয় এবং রক্ত মাংস ও বল বৃদ্ধি হয়।

গুড়ুচী ত্রিফলা রাস্না দশমূল এবং বলা ইহাদিগের কাথ, এবং প্রিয়ঙ্গু রসাঞ্জন সৈন্ধব শোল্‌ফা বচ পিপ্‌পলী যমানী কুষ্ঠ বিল্বপেশী একত্র চূর্ণ দুই তোলা, মদন-ফল-চূর্ণ চারি তোলা, গুড় মধু তৈল ঘৃত দুগ্ধ শুক্ত কাঞ্জিক দধিমস্তু একত্র আলোড়িত করিয়া মূত্রযোগে আস্থাপনে প্রয়োগ করিবে। ইহার দ্বারা তেজ বর্ণ বল উৎসাহ বীর্য্য অগ্নি ও প্রাণ বৃদ্ধি হয়, সকলপ্রকার বায়ু-জন্য রোগের শান্তি হয় এবং বয়ঃ-স্থাপন হয়।

কুশাদি পঞ্চমূল ত্রিফলা উৎপল বাসক শ্যামালতা বেণামূল মঞ্জিষ্ঠা রাস্না রেণুক পরূষক, এই সকল দ্রব্য পালিকা-পরিমাণে গ্রহণ করিয়া কাথ প্রস্তুত করিবে। শৃঙ্গাটক আত্মগুপ্ত গজপিপ্‌পলী নাগকেশর অগুরু রক্তচন্দন ভূমিকুষ্মাণ্ড শোল্‌ফা মঞ্জিষ্ঠা শ্যামা ইন্দ্রযব সৈন্ধব পদ্মকাষ্ঠ, পূর্ব্বোক্ত কাথ-যোগে এই সকল দ্রব্যের কল্ক প্রস্তুতপূর্ব্বক মধু দুগ্ধ ও ঘৃত আপ্লুত করিয়া অম্লরস-বর্জ্জিত দ্রব্য সহ শীতল অবস্থায় আস্থাপনে প্রয়োগ করিবে। ইহাতে দাহ অসৃগদর পিত্তরক্ত পিত্ত-জন্য গুল্ম ও জ্বর আরোগ্য হয়।

লোধ রক্তচন্দন মঞ্জিষ্ঠা রাস্না অনন্তমূল বলা ঋদ্ধি শারিবা বাসক কাশ্মর্য্য মেদ মহামেদ যষ্টিমধু পদ্মকাষ্ঠ শালপানি বিল্ব গণিরিকা সোনা পারুল গাম্ভারী ও তৃণ-পঞ্চমূল, ইহাদিগের তিন কর্ষ পরিমিত কাথ সহ জীবক ঋষভক কাকোলী ক্ষীরকাকোলী ঋদ্ধি যষ্টিমধু উৎপল প্রপৌ-গুরীক জীবন্তী মেদ রেণুক পরূষক শোল্‌ফা সৈন্ধব গুলঞ্চ শতমূলী বেণামূল পদ্মকাষ্ঠ কসেরু ও শর্করা, এই সকল দ্রব্য পিষিয়া ঘৃত মধু ও

দুগ্ধের দ্বারা আপ্লুত করিবে। অম্লরস ব্যতীত অন্য শীতল দ্রব-দ্রব্য-যোগে তরল করিয়া বস্তি প্রয়োগ করিবে। এই বস্তির দ্বারা গুল্ম অসৃগ্দর হৃদ্রোগ পাণ্ডুরোগ বিষমজ্বর রক্তপিত্ত অতিসার অরুচি ও পিত্ত-জন্য অন্যান্য রোগ আরোগ্য হয়।

ভদ্রা নিম্ব কুলত্থ অর্ক কোশাতকী অমৃতা দেবদারু শ্যামালতা বৃহতী পাঠা মূর্ব্বা আরগ্বধ কুটজ-বীজ, এই সকল দ্রব্যের কাথ সহ বলা, মদন-ফল, সর্ষপ, সৈন্ধব, দেবদারু, কুষ্ঠ এলাইচ পিপ্‌পলী শুণ্ঠী ও বিল্ব, এই সকল দ্রব্যের কল্ক প্রস্তুত করিবে। কটুতৈল মধু, ক্ষার, মূত্র তৈলাম্বু যোগে সেই কল্কে আস্থাপন প্রয়োগ করিবে। ইহার দ্বারা কামলা পাণ্ডু মেহ মেদজন্য রোগ অগ্নিমান্দ্য কফরোগ অরুচি গলগণ্ড গরল শ্লীপদ উদর-রোগ সত্বরে আরোগ্য হয়।

দশমূলী হরিদ্রা বিল্ব পটোল ত্রিফলা দেবদারু, ইহাদিগের কাথ প্রস্তুত করিবে। মুস্তা সৈন্ধব দেবদারু পাঠা পিপ্‌পলী পূর্ব্বোক্ত কাথের যোগে এই সকল দ্রব্যের কল্ক প্রস্তুত করিবে। সেই কল্ক তৈল ক্ষার ও মূত্রে আপ্লুত করিয়া মূত্র ও অম্ল-ফলের রস সংযোগপূর্ব্বক আস্থাপনে প্রয়োগ করিলে, কফ-জন্য রোগ পাণ্ডু উন্মাদ আলস্য মূত্ররোগ বায়ুরোগ কৃমি-জন্য আটোপ অপচী শ্লেষ্মজন্য গুল্ম ও কৃমি-বিকার আরোগ্য হয়।

দশমূল বলা মূর্ব্বা যব কোল কুলত্থ বিল্ব ভূনিম্ব, ইহাদিগের একপল-পরিমিত কাথের সহিত মদনফল যষ্টিমধু দেবদারু সর্ষপ পিপ্‌পলীর মূল সৈন্ধব যমানী শঠী শোল্‌ফা কুড়চি, ইহাদিগের কল্ক প্রস্তুতপূর্ব্বক মধু ইক্ষুরস দুগ্ধ গোমূত্র ঘৃত তৈল ও মাংস-রসে আপ্লুত করিয়া সংসৃষ্ট-দোষ-জন্য রোগে আস্থাপন প্রয়োগ করিবে। ইহাতে গৃধ্রসী নামক বায়ুরোগ শর্করাশ্মরী অষ্ঠীলা তূণী ও গুল্মরোগ আরোগ্য হয়।

রাস্না আরগ্বধ পুনর্নবা কটুকী বেণামূল মুস্তা ত্রায়মাণা (বন-ভাদ্লিয়া) গুলঞ্চ রক্তা শঙ্খমূল বিভীতক, এই সকল দ্রব্য পালিকা-পরিমাণে

লইয়া ক্বাথ প্রস্তুত করিবে। মদন-ফল যষ্টিমধু শোল্‌ফা সৈন্ধব ইন্দ্রযব প্রিয়ঙ্গু রসাঞ্জন, পূর্ব্বোক্ত ক্বাথ-যোগে এই সকল দ্রব্যের কল্ক, মাংসরস মধু দ্রাক্ষা ও সৌবীর যোগে ঈষদুষ্ণ থাকিতে, বস্তিতে প্রয়োগ করিলে মাংস শুক্র বল ও আয়ু বৃদ্ধি হয়, অগ্নির সংস্কার হয়, ঐ সকল ধাতুগত রোগ আরোগ্য হয়, এবং গুল্ম অসৃগ্দর বিসর্প মূত্রকৃচ্ছ্র ক্ষতক্ষয় বিষমজ্বর অর্শ গ্রহণী বাতকুণ্ডলী-রোগ, জানু জঙ্ঘা শিরো বস্তি এই সকল স্থানে বায়ু-রুদ্ধ রোগ, উদাবর্ত্ত ও অন্যান্য বায়ুরোগ, বাতরক্ত শর্করাশ্মরী অষ্ঠিলা কুক্ষিশূল উদররোগ অরুচি রক্তপিত্ত কফজন্য রোগ উন্মাদ প্রমেহ আধ্মান ও হৃদ্‌গ্রহ, এই সকল রোগ আরোগ্য হয়।

বায়ু কুপিত হইলে বাতঘ্ন ওষধির ক্বাথ সৈন্ধব তৃবৃৎ ও অম্লরসযোগে বস্তি প্রয়োগ করিবে। পিত্ত-কুপিতের স্থলে ন্যগ্রোধাদিগণের ক্বাথ কাকোল্যাদি-যোগে শর্করা-সংযুক্ত করিয়া বস্তি প্রয়োগ করিবে। কফ কুপিত হইলে আরগ্বধাদির ক্বাথ পিপ্‌পল্যাদির যোগে মধু ও গোমূত্র সহ বস্তি প্রয়োগ করিবে। শোণিত কুপিত হইলে শর্করা ইক্ষুরস দুগ্ধ ঘৃত যোগে ক্ষার-বৃক্ষের প্রচুর পরিমাণ শীতল ক্বাথ-সহ বস্তি প্রয়োগ করিবে।

শোধনী-বস্তি।—শোধনী দ্রব্যের ক্বাথে ঐ সকল দ্রব্যেরই কল্ক প্রস্তুত করিয়া স্নেহ ও সৈন্ধব যোগে দর্ব্বীর দ্বারা মন্থনপূর্ব্বক প্রয়োগ করিবে।

লেখনী-বস্তি।—ত্রিফলার ক্বাথ গোমূত্র মধু ও ক্ষার যোগে উষকাদিগণের কল্ক বস্তি-কার্য্যে প্রয়োগ করিবে। ইহাকে লেখনী-বস্তি বলে।

বৃংহণ-বস্তি।—বৃংহণ-দ্রব্যের ক্বাথ মধুর-গণস্থ দ্রব্যের কল্ক (সূত্রস্থান, রস-বিজ্ঞান) প্রস্তুত করিয়া ঘৃত ও মাংস-রস-যোগে বস্তি প্রয়োগ করিবে।

বাজীকরণ-বস্তি।—চটকাণ্ড অঞ্চটার ক্বাথ-যোগে আত্মগুপ্ত-ফলের কল্ক প্রস্তুত করিয়া দুগ্ধ ও শর্করা-যোগে প্রয়োগ করিবে।

পিচ্ছিল-বস্তি।—আরগ্বধ শেলুশাল্মলী ও ধম্বন, ইহাদিগের অঙ্কুর দুগ্ধে পাক করিয়া মধু অস্র (শোণিত) যোগে প্রয়োগ করিবে। অথবা বরাহ মহিষ, ঔরভ্র বিড়াল এণ বা কুক্কুট ইহাদিগের কেবলমাত্র সদ্যোজাত অসৃক্ বা অণ্ড বস্তি-কার্য্যে প্রয়োগ করিবে।

গ্রাহী বা সংগ্রাহক বস্তি।—প্রিয়ঙ্গ্বাদি-গণের ক্বাথ সহ অম্বষ্ঠাদি-গণের কল্ক, ঘৃত মধু যোগে প্রয়োগ করিবে।

এই সকলপ্রকারের স্নেহ-বস্তি প্রয়োগ করিতে হইলে, এই সকল যোগের প্রত্যেক দ্রব্যের সহিত অথবা দ্রব্যসমষ্টির সহিত স্নেহ পাক করিয়া প্রয়োগ করিবে।

বৃদ্ধ্যাদিগের বস্তি প্রয়োগ করিতে হইলে শতপাকে প্রস্তুত করা বলা-তৈল অথবা ত্রৈবৃৎ প্রয়োগ করিবে।

অধিক বলবানের পক্ষে তীক্ষ্ণ, মধ্য-বিধ বল-বিশিষ্ট ব্যক্তির পক্ষে মধ্য-বিধ-বীর্য্য এবং দুর্ব্বলের পক্ষে মৃদু বস্তি প্রয়োজ্য। এইরূপে কাল, রোগ ও রোগীর বল, দোষ, বিকার ও দ্রব্যের বল বিবেচনা করিয়া বস্তি প্রয়োগ করিবে। আদৌ উৎক্লেশন, মধ্যে দোষহর ও শেষে সংশমনী-বস্তি প্রয়োগ করিবে। এরণ্ড-বীজ যষ্টি-মধু পিপ্পলী সৈন্ধব বচ হবুষা কুটজ, ইহাদিগের কল্ক বস্তিতে প্রয়োগ করা উৎ-ক্লেশন বলা যায়। শতমূলী যষ্টিমধু কুটজ-বীজ ও কুটজ, কাঞ্জি ও গোমূত্র যোগে ইহাদিগের বস্তিকে দোষহর বস্তি বলে। প্রিয়ঙ্গু যষ্টিমধু মুস্তা রসাঞ্জন, দুগ্ধসহ ইহাদিগের বস্তিকে শমনী-বস্তি বলা যায়।

মাধুতৈলিক।—রাজা বা রাজসদৃশ ব্যক্তিদিগের স্ত্রীলোক সুকুমার শিশু বা স্থবিরদিগের দোষ-হরণের জন্য এবং বল বর্ণের জন্য মাধুতৈলিকের প্রণালী সংক্ষেপতঃ বলা যাইতেছে। ইহাতে যান স্ত্রী ভোজন পান কোন বিষয়ের নিয়ম প্রয়োজন করে না, যথেষ্ট ফলও দৃষ্ট হয়, এবং কোনপ্রকার ব্যাপদের সম্ভাবনা নাই। নিরূঢ়-প্রয়োগাভিলাষী ব্যক্তি যখন ইচ্ছা তখনই ইহা প্রয়োগ করিতে

পারেন। মধু ও তৈল সমভাগ, এরণ্ড মূলের ক্বাথ এই উভয়ের সমান, শোল্‌ফার ক্বাথ তাহার অর্দ্ধেক সৈন্ধব, একত্র করিয়া দর্ব্বীর দ্বারা আলোড়িত করিয়া ঈষদুষ্ণ থাকিতে প্রয়োগ করিবে। ইহাকে মাধুতৈলিক বলে।

যুক্তরথ।—বচ যষ্টিমধু তৈল ক্বাথ সরস সৈন্ধব পিপ্‌পলী কুটজ এই সকল একত্র যোগে বস্তিকে যুক্তরথ বলে।

দোষহর বস্তি।—দেবদারু হরিদ্রা রাস্না শোল্‌ফা বচ মধু হিঙ্গু ও সৈন্ধব। এই সকল যোগে বস্তিকে দোষহর বস্তি বলে।

সিদ্ধবস্তি।—পঞ্চমূলীর কষায় তৈল পিপ্‌পলী মধু শোল্‌ফা ও সৈন্ধব যোগে বস্তি প্রয়োগ করিবে। যব কোল কুলত্থের ক্বাথ পিপ্‌পলী মধু সৈন্ধব ও যষ্টিমধু সহযোগে বস্তি প্রয়োগ করিবে। ইহাকে সিদ্ধবস্তি বলে।

মুস্তাদি বস্তি।—মুস্তা পাঠা গুলঞ্চ বলা রাস্না পুনর্নবা মঞ্জিষ্ঠা আরগ্বধ বেণামূল বনভাদ্‌লে গোক্ষুর, স্বল্পপঞ্চমূল, ও মদনাষ্টক (১) এই সকলের প্রত্যেকে পালি-পরিমাণে গ্রহণপূর্ব্বক আঢ়ক পরিমাণ জলে ক্বাথ প্রস্তুত করিবে, চতুর্থাংশ থাকিতে এক প্রস্থ দুগ্ধ সহ পুনর্ব্বার পাক করিবে। পাকে দুগ্ধ অবশেষ হইলে পরিস্রুত করিয়া লইয়া সেই ক্বাথ সহ শতমূলী যষ্টিমধু প্রিয়ঙ্গু কুড়চি রসাঞ্জন ও সৈন্ধব প্রত্যেকের এক কর্ষ পরিমিত গ্রহণ করিয়া কল্ক প্রস্তুত করিবে। এই বস্তি-প্রয়োগে বাতরক্ত মেহ শোফ অর্শঃ গুল্ম মূত্রকৃচ্ছ্র বিসর্প জ্বর মলভঙ্গ ও রক্তপিত্ত আরোগ্য হয়, ইহা বলকর সঞ্জীবনী তেজস্কর দৃষ্টির হিতকর শূলনাশক। সকল আস্থাপনের শ্রেষ্ঠ, ইহাকে মুস্তাদি বস্তি বলে।

রোগজ্ঞ বৈদ্য রোগ ও দ্রব্যের গুণ বিবেচনা করিয়া এই বস্তি-

(১) এই অধ্যায়ের পূর্ব্বোল্লিখিত মদন-ফল হইতে কুটজ পর্য্যন্ত আটটী দ্রব্য।

প্রণালীর বীজ অনুসারে অন্য শত শতপ্রকার বস্তি-প্রণালীর উদ্ভাবন করিবে। অজীর্ণে বস্তি প্রয়োগ করিবে না। বস্তি প্রয়োগ করিলে দিবা-নিদ্রা পরিত্যাগ করিবে, ও আহার আচার-বিষয়ে যুক্তিমত সমাচরণ করিবে। মধু ও তৈলের ভাগই অধিক বলিয়া মাধু-তৈলিক বলে। প্রয়োগ করা হইলেও যানে আরোহণ করার ব্যাঘাত জন্মে না এই জন্য যুক্তরথ নাম দেওয়া হয়। বল বর্ণ বৃদ্ধি হয়, এবং ইহার প্রয়োগে শত শত ব্যাধির চিকিৎসায় সিদ্ধি লাভ হয়, এই জন্য সিদ্ধ-বস্তি বলে। যে সকল ব্যক্তি সুখী, অল্প-দোষ বিশিষ্ট, নিত্য স্নিগ্ধ বা মৃদু-কোষ্ঠ, তাহাদিগের পক্ষে মাধু-তৈলিক বিধেয়। মৃদু, পাদহীন হইলেও কোন বিঘ্ন ঘটে না, অধিক নিয়ম পালনের প্রয়োজন হয় না, এবং একটীমাত্র বস্তি প্রয়োগে ফল হয়; এইজন্য সিদ্ধ-বস্তিতে কোনপ্রকার যন্ত্রণা নাই।

একোনচত্বারিংশ অধ্যায়।

আতুরোপদ্রব-চিকিৎসা।

স্নেহ পান বমন বিরেচন রক্তমোক্ষণ নিরূঢ়-বস্তি-প্রয়োগ এই সকলের দ্বারা দেহের অগ্নি মন্দ হয়। অত্যর্থ গুরুপাক আহারের দ্বারা তাহার শান্তি হয়। অল্প অগ্নি যেরূপ বহুল-পরিমাণ বৃহৎ বৃহৎ কাষ্ঠের দ্বারা আচ্ছাদিত হইলে নির্ব্বাপিত হয়, সেইরূপ পূর্ব্বোক্ত কারণ ভিন্ন অন্য কারণে অগ্নি অল্প হইলে গুরুপাক দ্রব্য আহারের দ্বারা নির্ব্বাপিত হয়। অতএব সে স্থলে অল্প-পরিমাণে লঘু অন্ন ভোজন করিবে। যে পরিমাণে শরীর সংশোধিত হইবে, তদনুসারে আহার করিবে। এস্থলে প্রস্থ, অর্দ্ধাঢ়ক ও আঢ়ক, আহারের এই তিন পরিমাণ। তাহার মধ্যে প্রস্থ-পরিমাণ নিকৃষ্ট, অর্দ্ধাঢ়ক মধ্যম

ও আঢ়ক উত্তম। স্বল্পতণ্ডুলা যবাগূ সেবন করিতে হইলে, নিকৃষ্ট মাত্রায় এক প্রস্থ পরিস্রুত সহ, মধ্যম মাত্রায় (অর্দ্ধাঢ়কে) দুই প্রস্থ সহ, এবং আঢ়কের স্থলে তিন প্রস্থ সহ সেবন করিবে। বিলেপী সেবন করিতে হইলে, যে অন্ন রোগীর বৈধ হয়, তাহার চতুর্থাংশ লইয়া পাক করিবে। অপিচ্ছিল ক্লিন্ন সিক্থ-প্রয়োগের স্থলে স্নেহ ও লবণ বর্জ্জিত স্বচ্ছ মুদ্গ-যূষ সহ সেবন করিবে। যে স্থলে সুস্নিগ্ধ অন্নের বিধি আছে, সেই স্থলে অন্ততঃ দুইভাগ অর্থাৎ অর্দ্ধ-মাত্রায় ভোজন করাইবে। মৃদু অন্নের ব্যবস্থা থাকিলে, ঘৃতমণ্ড সহযোগে বিহিত সুস্বাদু অন্ন তিন অংশ পরিমাণে লাব বা হরিণাদির মাংসের রস সহযোগে ভোজন করাইবে। হীন মধ্যম ও উত্তম বিরেচনের স্থলে (১) পূর্ব্বোক্ত-মতে এক দুই ও তিন গুণ আহারের নিয়ম জানিবে। কফ পিত্তের আধিক্য, নিত্য মদ্য-পান, এবং হীন-মাত্রায় সংশোধন, এই সকল স্থলে পেয় দ্রব্য সেবন করিলে অভিষ্যন্দ রোগ জন্মে, অতএব সে স্থলে তর্পণাদি-ক্রম হিতকর। বেদনা অনিয়ম শোক প্রভৃতি বিবিধ কারণে উপবাস ঘটে। বিরেচন-প্রয়োগের পর আহারাদির যেরূপ নিয়ম অবলম্বন করিতে হয়, উপবাসের পরও সেইরূপ নিয়ম অনুসরণ করিবে। বিরেচনের স্থলে আহার সম্বন্ধে আঢ়ক অর্দ্ধাঢ়ক ও প্রস্থ পরিমাণ বলা হইয়াছে। অগ্নি বৃদ্ধি হইলে, আহারের দ্বারা দোষের প্রকোপ নষ্ট হয়, এজন্য প্রথমতঃ স্বাদু তিক্ত, তদনন্তর স্নিগ্ধ অম্ল লবণ ও কটু, তদনন্তর মধুরাম্ল ও লবণ, পরে স্বাদু ও তিক্ত, এইরূপে রুক্ষ ও স্নিগ্ধ রস পর্য্যায়ক্রমে আহার করিবে। কেবলমাত্র স্নেহপান বা বমনের পর সপ্তরাত্র লঘু ভোজন করিবে। সিরা বিদ্ধ বা শোধনী প্রযুক্ত হইলে, যাবৎ বলবান্ না হয়, তাবৎ বা এক মাস কাল নিয়ম পালন কর্ত্তব্য। এক দিবসে

(১) অর্থাৎ বিরেচন দ্বারা যে পরিমাণ নির্গত হইবে, তদনুসারে বিরেচনের উত্তমাধমতা নির্দ্দিষ্ট হয়।

দুইবার বস্তি প্রয়োগ অকর্ত্তব্য। ব্রণ-পীড়িত স্নিগ্ধ বা সংশোধিত ব্যক্তির অথবা চক্ষু-রোগার্ত্ত বা জ্বর. বা অতিসার রোগীর ক্রোধ উপস্থিত হইলে পিত্ত কুপিত হইয়া পিত্ত-জন্য সকল উপদ্রব জন্মায়। পরিশ্রম বা শোকের দ্বারা চিত্ত বিভ্রম জন্মে, এবং মৈথুন বা উপগমনের দ্বারা আক্ষেপক পক্ষাঘাত অঙ্গগ্রহ, গুহ্যদেশে শ্বয়থু, এবং রক্ত-মিশ্রিত-শুক্র-নিঃসরণ প্রভৃতি ঘোরতর ব্যাধি জন্মে। এই সকল অহিতাচার স্বপ্নে ঘটিলে কফজন্য রোগ এবং প্লীহোদর প্রতিশ্যায় পাণ্ডু শ্বয়থু জ্বর মোহ অঙ্গ-সদন অজীর্ণ অরুচি তমোভিভূততা এবং নিদ্রানাশ, এই সকল উপদ্রব জন্মে। উচ্চৈস্বরে সম্ভাষণ করিলে বায়ু কর্ত্তৃক মস্তকে বেদনা জন্মে, আন্ধ্য জাড্য অজিঘ্রতা বাধির্য্য মূকতা হনুমোক্ষ. অধিমন্থ অর্দ্দিত নেত্রস্তম্ভ তৃষ্ণা কাস ও নিদ্রানাশ প্রভৃতি বায়ুজন্য সকল উপদ্রব জন্মে। যানে গমনের দ্বারা বমি মূর্চ্ছা ভ্রম ক্লান্তি অঙ্গগ্রহ ও ইন্দ্রিয় বিভ্রম প্রভৃতি উপদ্রব জন্মে।

অত্যর্থ স্থিরাসন বা অত্যর্থ স্থানের দ্বারা শ্রোণিদেশে বেদনা জন্মে। অতিশয় ভ্রমণের দ্বারা জঙ্ঘাদ্বয়ে বেদনা সক্থিশোষ শোফ অথবা পাদ-হর্ষ রোগ জন্মে। শীতল জল অত্যর্থ সেবন করিলে বায়ু বৃদ্ধি হয়, তজ্জন্য অঙ্গমর্দ্দ বিষ্টম্ভ শূল আধ্মান ও কম্প হয়। অতিশয় বায়ু ও আতপ সেবন করিলে অঙ্গ বিবর্ণ হয় ও জ্বর হয়। বিরুদ্ধ ভোজনের দ্বারা মৃত্যু বা ব্যাধির ঘোরতর বৃদ্ধি হয়। অসাত্ম্য ভোজনের দ্বারা বলবর্ণের হানি হয়। অনিয়মিতাচারী ব্যক্তি পশুর ন্যায় অপরিমিত ভোজন করে, তদ্দ্বারা সকল ব্যাধির মূল অজীর্ণ রোগ জন্মে। এই সকল ব্যাপদের স্থলে ব্যাপদের কারণ জানিয়া তাহার হেতু বিপর্য্যয়ের দ্বারা চিকিৎসা করিবে।

বান্ত ও বিরিক্ত ব্যক্তিকে, হরিণ এণ লাব শশ ময়ূর তিত্তিরি এই সকল মাংসের রস সংযোগে যষ্টি ধান্যের অন্ন অথবা পুরাতন শালী

অন্ন সেবন করাইবে। লঘু মুদ্গ যূষও (ঘৃত ও লবণ বর্জ্জিত) ইহা-দিগের পক্ষে বিধেয়।

চত্বারিংশত্তম অধ্যায়।

ধূম নস্য ও কবলগ্রহের প্রণালী।

ধূম পঞ্চ প্রকার যথা,—প্রায়োগিক স্নেহন বৈরেচন কাসঘ্ন ও বামনীয়।

কুষ্ঠ ও তগর বর্জ্জন পূর্ব্বক এলাদিগণস্থ অপর সমস্ত দ্রব্য নির্ম্মল রূপে পিষিয়া কল্ক প্রস্তুত করিবে। দ্বাদশাঙ্গুল পরিমিত শরকাণ্ডের অষ্টাঙ্গুল ক্ষৌম বস্ত্রে বেষ্টন করিয়া তদুপরি উক্ত কল্কের লেপ দিবে। এই বর্ত্তি সহকারে ধূম প্রয়োগ করাকে প্রায়োগিক বলে।

তৈলাক্ত ফলের সার, মধূচ্ছিষ্ট সর্জ্জরস গুগ্‌গুল প্রভৃতির সহিত ঘৃত বা তৈল মিশ্রিত করিয়া বর্ত্তি নির্ম্মাণ পূর্ব্বক ধূম প্রয়োগ করাকে স্নেহন বলে।

শিরোবিরেচন দ্রব্যের বর্ত্তি নির্ম্মাণ পূর্ব্বক ধূম প্রয়োগ করাকে বৈরেচন বলে।

বৃহতী কণ্টকারী ত্রিকটু কাসমর্দ্দ হিঙ্গু ইঙ্গুদী-ত্বক মনঃশিলা গুলঞ্চ কর্কট-শৃঙ্গী প্রভৃতি কাসঘ্ন দ্রব্যের বর্ত্তি নির্ম্মাণ পূর্ব্বক ধূম-প্রয়োগ কাসঘ্ন।

স্নায়ু চর্ম্ম খুর শৃঙ্গ কর্কটাস্থি শুষ্কমৎস্য বল্লূর কৃমি এই সকলের দ্বারা ধূম প্রয়োগ করা বামনীয়।

বস্তি প্রয়োগের নল যে দ্রব্যে প্রস্তুত হয়, ধূম প্রয়োগের নলও সেই দ্রব্যে প্রস্তুত হয়। ধূম প্রয়োগের নলের অগ্রভাগের পরিণাহ কনি-ষ্ঠাঙ্গুলির ন্যায়, মূলের পরিণাহ বৃদ্ধাঙ্গুষ্ঠের ন্যায়, এবং স্রোতপথ কলায়

পরিমিত। ধূম প্রয়োগার্থ বর্ত্তি প্রবিষ্ট করিবার জন্য নলের ছিদ্রের দীর্ঘতা, প্রায়োগিকে অষ্ট চত্তারিংশৎ, স্নেহনে দ্বাত্রিংশৎ, বৈরেচনে চতুর্ব্বিংশতি এবং কাসঘ্ন ও বামনীয়ে ষোড়শ অঙ্গুলি। শেষোক্ত দুই প্রকার নলের ছিদ্র কুলের অস্থির ন্যায়। ব্রণ ধূপনার্থ নলের পরিনাহ কলায়ের ন্যায়, ও ছিদ্র পথ কুলথ পরিমিত। ধূম সেবন কালে সচ্ছন্দ ভাবে প্রফুল্ল চিত্তে উপবিষ্ট হইবে। দৃষ্টি অধোভাগে নিক্ষিপ্ত, ও চিত্ত স্থির হইবে। স্নেহাক্ত বর্ত্তির অগ্রভাগ প্রদীপ্ত করিয়া নলের ছিদ্র-মধ্যে বিন্যস্ত করিয়া ধূম পান করিবে। প্রথমতঃ মুখের দ্বারা, পরে নাসিকা দ্বারা পান করিবে। মুখ বা নাসিকা যাহার দ্বারা ধূম পান করা যায় তাহার দ্বারাই নির্গত করা কর্ত্তব্য। মুখের দ্বারা গ্রহণ করিয়া নাসিকা দ্বারা নির্গত করা কর্ত্তব্য নহে। এরূপ প্রতি-লোম ক্রিয়া কর্ত্তৃক দৃষ্টির ব্যাঘাত হয়। বিশেষতঃ প্রায়োগিকে নাসিকার দ্বারা, স্নেহনে মুখ ও নাসিকা উভয়ের দ্বারা, বৈরেচনে কেবল নাসিকার দ্বারা, এবং অপর দুই প্রকার কেবল মুখের দ্বারা, পান করিবে। প্রয়োগিকে ছায়া-শুষ্ক বর্ত্তী অঙ্গারে দীপ্ত করিয়া ধূম পান করিবে। স্নেহন ও বৈরেচনেও এই নিয়ম। অঙ্গার নির্ধূম হইলে তাহাতে ধূমের দ্রব্য নিক্ষেপ পূর্ব্বক অন্য শরাব আচ্ছাদিত করিবে। সেই আচ্ছাদনের সরাবে ছিদ্র করিবে। সেই ছিদ্রে নলের মুখ সংযোজিত করিয়া কাসঘ্ন ও বামনীয় ধূম পান করিবে। যাবৎ দেহ নির্দ্দোষ না হয় তাবৎ ধূম পান কর্ত্তব্য।

শোক, শ্রম, ভয়, ক্রোধ, উষ্ণতা বিষ, রক্তপিত্ত, মদ, মূর্চ্ছা দাহ, পিপাসা, পাণ্ডুরোগ, তালুশোষ, বমন, মস্তকে অভিঘাত, উদ্গার, উপ-বাস, তিমির রোগ, প্রমেহ, উদরাধ্মান, ঊর্দ্ধবাত, বালক, বৃদ্ধ, দুর্ব্বল, বিরিক্ত, আস্থাপিত, জাগরিত, গর্ভিণী, রুক্ষ, ক্ষীণ, উরঃক্ষত, এই সকল রোগ বা অবস্থা হইলে, মধু, ঘৃত, দধি, দুগ্ধ, মৎস্য, মদ্য, বা যবের মণ্ড পান করিলে, অথবা দেহে অল্প কফ থাকিলে, ধূম সেবন কর্ত্তব্য নহে।

ধূম অকালে পান করিলে, ভ্রম, মূর্চ্ছা, শিরোরোগ, চক্ষু কর্ণ নাসিকা জিহ্বার অতিশয় উপঘাত হয়। প্রথমোক্ত তিন প্রকার ধূম নিম্ন লিখিত দ্বাদশ কালে সেবন করা বিধেয়। সেই দ্বাদশ কাল যথা ;— ক্ষুত, দন্ত প্রক্ষালন, নস্য স্নান ভোজন, দিবা-নিদ্রা, মৈথুন, বমন, মূত্র পুরীষ ত্যাগ, ক্রোধ ও শস্ত্র কর্ম্ম। তাহার মধ্যে মূত্র পুরীষ ত্যাগ, ক্ষবথু, ক্রোধ ও মৈথুন এই সকলের অন্তে স্নৈহিক ধূম প্রয়োজ্য। স্নান, বমন, ও দিবা-স্বপ্নের অন্তে বৈরেচন ধূম প্রয়োজ্য। দন্ত প্রক্ষালন, নস্য প্রয়োগ, স্নান, ভোজন, ও শস্ত্র কর্ম্মের অন্তে প্রায়োগিক ধূম বিধেয়। স্নেহধূম, স্নেহ ও উপলেপ প্রযুক্ত বায়ুর শান্তি করে। বৈরেচন ধূম রুক্ষতা, তীক্ষ্ণতা, ও উষ্ণতা প্রযুক্ত শ্লেষ্মা উৎক্লিষ্ট করিয়া নির্গত করে। প্রায়োগিক ধূম পূর্ব্ব দুই প্রকার কারণের দ্বারা শ্লেষ্মা উৎক্লিষ্ট করিয়া নির্গত করে।

ধূম পানের দ্বারা ইন্দ্রিয়, বাক্য মনঃ প্রসন্ন হয়। কেশ ও শ্মশ্রু দৃঢ় হয়, মুখ সুগন্ধি ও পরিষ্কার হয়। কাশ, শ্বাস, অরুচি, মুখের উপলেপ, স্বরভঙ্গ, মুখের আস্রাব, বমন-ইচ্ছা, তন্দ্রা, নিদ্রা, হনুস্তম্ভ, মন্যাস্তম্ভ, শিরোরোগ, কর্ণশূল, চক্ষুশূল, ও বাতশ্লেষ্মা জন্য মুখরোগ, ধূম পান করিলে ঘটে না।

ধূমপানে যোগ ও অতিযোগের ফল জানা কর্ত্তব্য। উপর্যুক্ত পরিমাণে প্রয়োগ করা হইলে রোগের শান্তি হয়। পরিমাণ অতিরিক্ত হইলে রোগের অশান্তি, তালুশোষ গল-শোষ, দাহ, পিপাসা, মূর্চ্ছা, ভ্রম, মদ, কর্ণরোগ, দৃষ্টিহানি, নাসিকারোগ ও দৌর্ব্বল্য, এই সকল উপদ্রব ঘটে।

প্রায়োগিকে মুখ ও নাসিকা দ্বারা পর্য্যায়ক্রমে তিন তিন বার করিয়া অথবা তিন চারিবার করিয়া ধূমপান করিবে। স্নৈহিকে যাবৎ অশ্রু প্রবৃত্তি না হয় তাবৎ ধূম পান করিবে। বৈরেচনিকে যাবৎ দোষ দৃষ্ট না হয়। তিল-তণ্ডুল ও যবের মণ্ড পানান্তে বামনীয়

ধূম পান করিবে। কাসঘ্ন ধূম গ্রাসের সহিত পান করিবে। ব্রণে ধূম প্রয়োগ করিতে হইলে শরাবে ছিদ্র করিয়া তাহাতে নল সংযোগ পূর্ব্বক প্রয়োগ করিবে। ধূমের দ্বারা ব্রণের বেদনা শান্তি নির্ম্মলতা, ও আস্রাব শান্তি সম্পাদিত হয়। ধূমের বিধি সংক্ষেপে বলা হইল, এক্ষণে নস্যের বিধি বলা যাইতেছে।

ঔষধ অথবা ঔষধ-সহযোগে পাক করা ঘৃতাদি নাসিকা দ্বারা প্রয়োগ করিবে। ইহাকেই নস্য বলা যায়। নস্য দুই প্রকার;—শিরোবিরেচন ও স্নেহন। এই দুই প্রকার পুনর্ব্বার পঞ্চ প্রকারে বিভক্ত করা যায়। যথা;—নস্য, শিরোবিরেচন, প্রতিমর্শ, অবপীড়, ও প্রধমন। ইহাদিগের মধ্যে নস্য ও শিরোবিরেচন প্রধান। নস্যের বিকল্প প্রতিমর্শ, এবং শিরবিরেচনের বিকল্প অবপীড় ও প্রধমন, ইহাদিগের মধ্যে শূন্য-শির ব্যক্তিদিগের (যাহাদিগের মাথা খালি খালি বোধ হয়) মস্তিষ্ক স্নিগ্ধ করণার্থ, গ্রীবা, স্কন্ধ, ও বক্ষঃস্থলের বল জননার্থ এবং দৃষ্টি প্রসাদনার্থ স্নেহ প্রযোজ্য। এই স্থলেই নস্য শব্দের সহিত ইহার ভেদ লক্ষিত হয়। মস্তক বায়ুজন্য অভিভূত হইলে, দন্ত কেশ ও শ্মশ্রু প্রপাতে, দারুণ কর্ণশূলে ও কর্ণক্ষেড়ে, তিমির রোগ স্বর ভঙ্গ, নাসারোগ, মুখশোষ, অববাহুক (বায়ুরোগ) অকালজাত বলি পলিত, দারুণ বাত পৈত্তিক রোগ, ও মুখরোগ ইত্যাদি রোগে বায়ুপিত্ত-নাশক দ্রব্য-সহ স্নেহ পাক করিয়া প্রয়োগ করিবে।

তালু, কণ্ঠ ও মস্তক শ্লেষ্মা কর্ত্তৃক অভিব্যাপ্ত হইলে, অরুচি শির-গৌরব শূল, পীনস, অর্দ্ধাবভেদক, ক্রিমি, প্রতিশ্যায়, অপস্মার ও গন্ধ জ্ঞান না হওয়া, এই সকল রোগে এবং স্কন্ধ সন্ধির উর্দ্ধগত অন্য প্রকার কফ-জন্য বিকারে, শিরোবিরেচক দ্রব্য অথবা তৎসহযোগে পাক করা স্নেহ প্রযোজ্য। এই দুই প্রকার নস্য শ্লেষ্ম-রোগীকে ভোজনের পূর্ব্বে, পিত্ত-রোগীকে মধ্যাহ্নে এবং বায়ুরোগীকে অপরাহ্নে প্রয়োগ করিবে। স্নেহ-নস্য প্রয়োগের প্রণালী—দন্ত কাষ্ঠ বা ধূম

পানের দ্বারা গলনলী প্রভৃতি বিশোধিত হইলে, পানিতাপের দ্বারা গলদেশ, কপোলদেশ ও ললাটদেশ স্নিগ্ধ ও মৃদ্বীভূত হইলে, বায়ু আতপ ও রজোহীন গৃহে রোগীকে উত্তান ভাবে শয়ন করাইবে। তাহার হস্ত পদ প্রসারিত থাকিবে, মস্তক কিঞ্চিৎ বিলম্বিত ভাবে থাকিবে এবং চক্ষু বস্ত্রে আচ্ছাদিত থাকিবে। বাম হস্তের প্রদেশিনীর দ্বারা নাসাগ্র কিঞ্চিৎ উন্নমিত করিয়া ধরিবে। পরে দক্ষিণ হস্ত দ্বারা নাসিকার বিশুদ্ধ স্রোত মধ্যে নিরবচ্ছিন্ন ভাবে স্নেহ পাতিত করিবে। পাতিত করিবার কালে চক্ষু পর্য্যন্ত না যায় এরূপ সাবধান হওয়া কর্ত্তব্য। প্রয়োজ্য স্নেহ, রজত, সুবর্ণ, তাম্র, মৃৎপাত্র বা শুক্তি পাত্রে রাখিয়া অন্য কোন উষ্ণদ্রব্য সহযোগে অনুতাপন পূর্ব্বক শুক্তি বা তুলা সহযোগে ঈষদুষ্ণ থাকিতে অদ্রুত ভাবে ধারাক্রমে পাতিত করা কর্ত্তব্য। স্নেহাবসেচন করিলে শিরঃকম্প ক্রোধ, ভাষণ, ক্ষবথু বা হাস্য করিবে না। ইহার পরিমাণ প্রদেশিনীর পর্ব্বদ্বয়ে নিঃসৃত অষ্ট বিন্দু প্রথম মাত্রা, শুক্তি পরিমাণ দ্বিতীয় মাত্রা, এবং করতল পরিমিত তৃতীয় মাত্রা। রোগীর বল অনুসারে এই সকল মাত্রা প্রয়োগ করিবে। স্নেহ-নস্য গলাধঃকরণ হওয়া কোন মতে বিধেয় নহে। প্রয়োজিত স্নেহ শৃঙ্গাটকে প্লাবিত করিয়া যখন মুখমধ্য হইতে নির্গত হয়, তখন তাহাকে আর ধারণ না করিয়া নিষ্ঠীবন করিবে। তাহা না করিলে কফ উৎক্লিষ্ট হয়। এই রূপে স্নেহ প্রয়োগ করা হইলে গল কপোল প্রভৃতি স্থানে স্বেদ প্রয়োগ করিয়া ধূম পান করিবে এবং অভিষ্যন্দি দ্রব্য ভোজন করিবে। তদনন্তর রোগীকে আচারাদি উপদেশ দেওয়া বৈদ্যের কর্ত্তব্য। রজো, ধূম, স্নেহ, আতপ, মদ্য বা অন্য দ্রব্য পান, শিরঃস্নান যানে গমন ও ক্রোধ প্রভৃতি পরিত্যাগ করিবে।

শিরোবিরেচনের যোগ ও অতিযোগের ফল বলা যাইতেছে। উপযুক্ত পরিমাণে সেবিত হইলে মস্তকের লঘুতা, সচ্ছন্দে নিদ্রা ও

প্রবোধ, বিকারের শান্তি, ইন্দ্রিয়গণের শুদ্ধি এবং মনের সুখ, এই সকল লক্ষণ ঘটে। অধিক পরিমাণে সেবিত হইলে কফ প্রসেক, মস্তকের গুরুতা, এবং ইন্দ্রিয় বিভ্রম জন্মে। মূর্দ্ধিদেশ অতি স্নিগ্ধ হইলে রুক্ষ ক্রিয়া কর্ত্তব্য। হীন পরিমাণে সেবিত হইলে ইন্দ্রিয়ের বৈগুণ্য, রুক্ষতা ও রোগের অশান্তি এই সকল লক্ষণ ঘটে। এস্থলে পুনর্ব্বার নস্য প্রয়োগ করিবে। শিরোবিরেচনার্থ স্নেহের পরিমাণ রোগীর বল অনুসারে চারি ছয় বা অষ্ট বিন্দু নির্দ্দিষ্ট হইয়াছে।

শাস্ত্রজ্ঞ পণ্ডিতগণের দ্বারা নস্য প্রয়োগেরও শুদ্ধ হীন ও অতি-যোগ, এই ত্রিবিধ লক্ষণ বলা হইয়াছে। উপযুক্ত রূপে সংশোধিত হইলে মস্তকের লঘুতা, স্রোতপথের শুদ্ধি, ব্যাধিজয়, মন ও ইন্দ্রিয়ের প্রসন্নতা, শিরঃ শুদ্ধির এই সকল লক্ষণ ঘটে। মূর্দ্ধিদেশ হীনরূপে শোধিত হইলে কণ্ডু উপদেহ (মুখের চট্ চটে) শুষ্কতা ও স্রোতপথে কফের সংস্রব, এই সকল লক্ষণ ঘটে। অতিশোধিত হইলে মস্তু-লুঙ্গ ক্ষরণ, বায়ুবৃদ্ধি, ইন্দ্রিয়-বিভ্রম, মস্তকের শূন্যতা, মূর্দ্ধিদেশ-গাঢ় বিরেচিত হইলে এই সকল লক্ষণ ঘটে। হীন ও অতি শুদ্ধির স্থলে কফবাত নাশক প্রক্রিয়া করিবে। মস্তক সম্যক্ বিশোধিত হইলে মস্তকে ঘৃত সেচন করিবে। বায়ু-কর্তৃক দেহ অত্যন্ত অভিভূত হইলে একদিন, দুই দিন, সপ্তাহ বা পুনঃ পুনঃ একবিংশতি দিন, অথবা যাবৎ কর্ত্তব্য বোধ হয় তাবৎ কাল, অথবা দিবসে দুই বার নস্য প্রয়োগ করিবে।

শিরোবিরেচনের ন্যায় অবপীড়ও, অভিষ্যন্দ রোগে ও সর্পদংশন জন্য অচৈতন্যে প্রয়োজ্য। শিরোবিরেচক দ্রব্যের মধ্যে কোন দ্রব্য পিষিয়া চূর্ণ করিবে। চিত্তবিকার কৃমি ও বিষাভিপন্ন রোগীর নাসারন্ধ্রে নলের দ্বারা সেই চূর্ণ প্রয়োগ করিবে। ক্ষীণ ব্যক্তির রক্তপিত্ত রোগে, শর্করা ইক্ষুরস দুগ্ধ ঘৃত মাংসরস ইহাদিগের মধ্যে কোন একটীর নস্য প্রয়োগ করিবে। কৃশ দুর্ব্বল ভীরু সুকুমার ও

স্ত্রীলোক দিগের শিরঃ শুদ্ধির জন্য ঔষধের কল্ক সহযোগে পক্ক স্নেহ প্রয়োগ করিবে।

ভুক্ত অপতর্পিত, অত্যর্থ তরুণ প্রতিশ্যায়ী, গর্ভিণী পীত-স্নেহ পীতোদক পীতমদ্য অজীর্ণী দত্তবস্তি ক্রুদ্ধ বিষার্ত্ত তৃষিত শোকাভিভূত শ্রান্ত বালক বৃদ্ধ বেগাবরোধিত শিরঃস্নানাভিলাষী, এই সকল ব্যক্তিকে নস্য প্রয়োগ করিবে। স্ত্রীলোক অনার্ত্তবা বা দিন মেঘাচ্ছন্ন হইলে নস্য বা ধূম প্রয়োগ করিবে না।

নস্য বা ধূম হীনমাত্রা, অতি মাত্রা, শীতল উষ্ণ বা সহসা প্রদত্ত হইলে, বা প্রয়োগকালে মস্তক অতি বিলম্বিত থাকিলে বা বিচলিত হইলে অথবা নিষিদ্ধভাবে বা অবস্থায় প্রয়োজিত হইলে ব্যাপদ ঘটে। তৃষ্ণা ও উদ্গারাদি, দোষ-নিমিত্ত বা ক্ষীণতা-জন্য, উভয় কারণেই ঘটে।

শিরোবিরেচনে দুই প্রকার ব্যাপৎ ঘটে। দোষের উৎক্লেশ জন্য এবং ক্ষীণতা জন্য। উৎক্লেশ জন্য হইলে শমন শোধনীর দ্বারা এবং ক্ষয়-জন্য হইলে বৃংহনীয় দ্রব্যের দ্বারা প্রতিবিধান করিবে।

প্রতিমর্শ চতুর্দ্দশ কালে প্রয়োজ্য যথা—প্রাতঃকালে নিদ্রাভঙ্গের পর, দন্ত ধাবনের পর, গৃহ হইতে নির্গত কালে, পুরীষ মূত্র ত্যাগের পর, কবল গ্রহণ ও অঞ্জন প্রয়োগের পর, ব্যায়াম, ব্যবায় বা পথ-ভ্রমণের পর, অভুক্তকালে বমনান্তে ও দিবা নিদ্রার পর, এবং সায়ংকালে। নিদ্রা-ভঙ্গে সেবন করিলে, রাত্রিকালে নাসারন্ধ্রে সঞ্চিত মল পরিষ্কৃত হয় ও মনঃ প্রফুল্ল হয়। দন্ত প্রক্ষালনের পর সেবন করিলে দন্ত দৃঢ় হয় ও মুখে সুগন্ধ হয়। গৃহ হইতে নির্গত কালে সেবন করিলে রজো ধূম প্রভৃতি নাসারন্ধ্রে প্রবিষ্ট হয় না। মলমূত্র সেবনের পর সেবন করিলে দৃষ্টির গুরুত্ব অপনীত হয়। অভুক্তকালে সেবন করিলে স্রোত-পথের বিশুদ্ধি ও লঘুতা হয়। বমনান্তে সেবন করিলে স্রোত-পথ-সংলগ্ন শ্লেষ্মা সমস্ত পরিষ্কৃত হইয়া অন্নে রুচি জন্মে, দিবা নিদ্রার

পর সেবন করিলে নিদ্রা জন্য গুরুত্ব ও মল নাশ হয় ও চিত্তের একাগ্রতা জন্মে। সায়ংকালে সেবন করিলে সুখে নিদ্রা ও প্রবুদ্ধ হয়।

ঈষৎ উচ্ছিঙ্ঘিত (টানিয়া লওয়া) নস্যে স্নেহ প্রয়োগ করিলে যদি মুখ পর্য্যন্ত প্রসরণ করে, তাহাকে প্রতিমর্শ কহে। ইহাতে কেবল মাত্র পরিমাণের ভেদ। নস্য সেবনের দ্বারা স্কন্ধ-সন্ধির ঊর্দ্ধগত রোগের শান্তি হয়, ইন্দ্রিয় নির্ম্মল হয়, মুখ সুগন্ধি হয়, হনু দন্ত শিরো গ্রীবা ত্রিক বাহু ও বক্ষের বল হয়, এবং বলি পলিত খালিত্য (টাক) ও ব্যঙ্গ এই সকল জন্মে না। নস্যের পক্ষে, কফে তৈল, বায়ু জন্য রোগে বসা, পিত্তে ঘৃত এবং বায়ু-যুক্ত পিত্তে মজ্জা, প্রয়োজ্য।

অতঃপর কবল-গ্রহের (কুল কুচা) নিয়ম বলা যাইতেছে। কবল গ্রহ চারি প্রকার যথা, স্নেহী প্রসাদি শোধী ও রোপণী। স্নেহ-যুক্ত এবং উষ্ণ হইলে স্নেহী বলা যায়, ইহা বাতে প্রশস্ত। মধুর ও শীতল হইলে প্রসাদনী বলা যায়, ইহা পিত্তে প্রশস্ত। কটু অম্ল ও লবণ যুক্ত রুক্ষ উষ্ণ হইলে শোধনী বলা যায়, ইহা কফে হিতকর। কষায় তিক্ত মধুর কটু ও উষ্ণ, মুখের অভ্যন্তরস্থ ব্রণ শোধনের পক্ষে হিতকর।

এই চারি প্রকার কবলের বিশেষ বলা যাইতেছে। ত্রিকটু বচ সর্ষপ হরীতকী ইহাদিগের কল্ক, তৈল শুক্ত সুরা গোমূত্র ক্ষার ও মধু ইহাদিগের কোন একটীর সহিত আলোড়িত করিয়া লবণ সংযোগ পূর্ব্বক তপ্ত করিবে। পরে গল কপোল ও ললাট দেশে স্বেদ প্রয়োগে মৃদিত করিয়া উক্ত দ্রব্যের কবল ধারণ করাইবে।

পেয় দ্রব্যের যে মাত্রা মুখ মধ্যে সঞ্চালন করিতে পারা যায় তাহাকে কবল বলে। যে মাত্রা সঞ্চালন করিতে পারা না যায় তাহাকে গণ্ডুষ বলে। অনন্য চিত্তে ও উন্নত দেহে তাবৎ কাল গণ্ডুষ ধারণ কর্ত্তব্য

যাবৎ পর্য্যন্ত নাসিকা রন্ধ্র ও নয়ন পরিপ্লাবিত না হয়। একটী কবল পরিত্যাগ করিয়া পুনর্ব্বার গ্রহণ করিবে। এইরূপে স্নেহ দুগ্ধ মধু মাংসরস মূত্র অম্লরস কাথ ও উষ্ণোদক, এই সকল সহযোগে কবল প্রয়োগ করিলে দোষের শান্তি হয়। ব্যাধির উপশম, মনের তুষ্টি, মুখের নির্ম্মলতা ও লঘুতা এবং ইন্দ্রিয়ের প্রসন্নতা, কবলের দ্বারা মুখ সংশোধিত হইলে এই সকল লক্ষণ হয়। সম্যক শোধিত না হইলে জড়তা কফের উৎক্লেশ ও রসজ্ঞানের হানি হয়। কবলের অতিযোগে মুখপাক শোষ তৃষ্ণা অরুচি ও ক্লান্তি জন্মে। শোধনীয় দ্রব্যের গণ অনুসারে এইরূপ ফল হইয়া থাকে।

তিল নীলোৎপল ঘৃত শর্করা দুগ্ধ ও মধু একত্র যোগে গণ্ডুষ ধারণ করিলে মুখ-দগ্ধ-জন্য দাহের শান্তি হয়। কবলের এই বিধি। মুখ রোগে প্রতিসারণ প্রয়োগ করিতে হইলে যুক্তি অনুসারে দ্রব্য গ্রহণ করিবে। তাহার কল্ক রসক্রিয়া ক্ষৌদ্র ও চূর্ণ অঙ্গুলির অগ্রভাগের দ্বারা প্রয়োগ করিবে। কবলে যে সকল রোগের শান্তি হয় ইহাতেও সেই সকল রোগের শান্তি হয়। ইহাতে দোষ নাশক ও অনভিষ্যন্দি দ্রব্য আহার করিবে।

সুশ্রুত।

উত্তর তন্ত্র।

প্রথম অধ্যায়।

নেত্ররোগের বিবরণ।

যে উত্তরতন্ত্রের কথা পূর্ব্বোক্ত একশত বিংশ অধ্যায়ে পুনঃ পুনঃ বলা হইয়াছে, সেই উত্তরতন্ত্র এক্ষণে বলা যাইতেছে। বিবিধ প্রকার রোগের বিবরণ, শালাক্য শাস্ত্রোক্ত সমুদায় রোগের বিবরণ, শিশুদিগের পীড়ার হেতুর বিবরণ, কায়চিকিৎসা প্রভৃতি ছয়খণ্ডে মহর্ষিদিগের দ্বারা যে সকল উপসর্গ ও রোগের বিষয় বর্ণন করা হইয়াছে তাহাদিগের বিবরণ, আগন্তু রোগের বিবরণ, ত্রিষষ্টি প্রকার রসসংসর্গ, স্বস্থবৃত্ত শাস্ত্রের যুক্তার্থ, সমুদায় দোষ ভেদের বিবরণ এবং রোগের চিকিৎসার জন্য বিবিধ উপায়, ইহাতে কথিত হইয়াছে। এই সাগর সদৃশ অগাধ উত্তরতন্ত্র খণ্ডের প্রথমে শিরোগত রোগ সকলের সংখ্যা লক্ষণ ও সাধ্যাসাধ্যতা বর্ণন করা যাইতেছে।

স্বীয় বৃদ্ধাঙ্গুষ্ঠের উদরদেশের পরিমাণ দুই অঙ্গুলি নেত্র-বুদ্‌বুদের বিস্তার। সর্ব্বতোভাবে ইহার পরিমাণ সার্দ্ধ দুই অঙ্গুলি। ইহার আকার গোস্তনের ন্যায় সুবৃত্ত এবং সকল ভূতের গুণ হইতে উৎপন্ন। নেত্র বুদ্‌বুদের মাংস ক্ষিতি হইতে, রক্ত অগ্নি হইতে, কৃষ্ণভাগ বায়ু হইতে, শ্বেতভাগ জল হইতে এবং অশ্রুমার্গ আকাশ হইতে সমুদ্ভূত

হয়। নেত্রের তৃতীয়াংশ কৃষ্ণমণ্ডল এবং দৃষ্টিস্থান কৃষ্ণ-মণ্ডলের সপ্তমাংশ বলিয়া দৃষ্টিবিশারদ পণ্ডিতেরা বর্ণন করিয়াছেন। নেত্রদ্বয়ের মণ্ডল পাঁচটী, সন্ধি ছয়টী ও পটল পাঁচটী। মণ্ডল পাঁচটী যথা, পক্ষ্মমণ্ডল, বর্ত্মমণ্ডল, শ্বেতমণ্ডল, কৃষ্ণমণ্ডল ও দৃষ্টিমণ্ডল। ইহাদিগের প্রত্যেকে যথাক্রমে পরেরটী পূর্ব্বটীর মধ্যগত। সন্ধি ছয়টী যথা,— পক্ষ্ম ও বর্ত্মমধ্যগত সন্ধি, বর্ত্ম ও শুক্লের মধ্যগত সন্ধি, শুক্ল ও কৃষ্ণের মধ্যগত সন্ধি, কৃষ্ণমণ্ডল ও দৃষ্টিমণ্ডলের মধ্যগত সন্ধি, কনীনিকাগত সন্ধি, এবং অপাঙ্গগত সন্ধি। পটল পাঁচটী যথা,—বাহ্য অথবা প্রথম পটল তেজ-জলাশ্রিত, দ্বিতীয় মাংসাশ্রিত, তৃতীয় মেদ আশ্রিত, চতুর্থ অস্থি আশ্রিত, পঞ্চম দৃষ্টিমণ্ডলাশ্রিত। ঊর্দ্ধগত শিরানুসারী দোষ সমূহের দ্বারা নেত্র ভাগে দারুণ রোগ সমস্ত জন্মে। আবিলতা সংরম্ভ (কট্‌কটানি) অশ্রুপতন গুরুত্ব দাহ রাগ (রক্তবর্ণ) প্রভৃতি উপদ্রব ঘটিলে, অথবা নেত্রের বর্ত্মকোষে শূকপূর্ণের ন্যায় অর্থাৎ যেন কাঁটা ফুটিয়া রহিয়াছে এরূপ যাতনা বোধ হইলে, কিম্বা নেত্রের প্রকৃত রূপ বা পূর্ব্বোক্ত রূপে ক্রিয়াশক্তির ব্যাঘাত ঘটিলে, নেত্র দোষাধিষ্ঠিত বলিয়া জানিবে। নেত্র রোগের সম্ভব মাত্রই দোষ অনুসারে চিকিৎসা করিবে, তাহা না করিলে রোগ বলবান্ হয়।

উষ্ণাভিতাপ, জলপ্রবেশ, দূরদর্শন, স্বপ্ন-বিপর্য্যয় অর্থাৎ দিবাভাগে নিদ্রা ও রাত্রিকালে জাগরণ, স্থিরদৃষ্টি, রোদন, শোক, কোপ, ক্লেশ, অভিঘাত, অতিমৈথুন, শুক্ত, কাঞ্জী, অম্ল কুলত্থ ও মাসকলাই সেবন, বেগধারণ অথবা স্বেদ রজো বা ধূম সেবন, বা বমনের ব্যাঘাত বা অতিযোগ, বাষ্পবেগ ধারণ, অথবা সূক্ষ্ম পদার্থ নিরীক্ষণ এই সকল কারণে দোষ কুপিত হইয়া নেত্ররোগ জন্মায়। নেত্ররোগ ষট্‌সপ্ততি (৭৬) প্রকার—বায়ুজন্য দশবিধ, পিত্তজন্য দশবিধ, কফজন্য ত্রয়োদশ রক্তজন্য ষোড়ষ, সন্নিপাত-জন্য পঞ্চবিংশতি ও বাহ্য রোগ দুই প্রকার। তাহার মধ্যে হতাধিমন্থ, নিমেষ দৃষ্টিগতরোগ, গম্ভীরিকা এবং বাত-হত-

বর্ত্ম, বায়ু-জন্য চক্ষু রোগের মধ্যে এই গুলি অসাধ্য, বায়ু-জন্য কাচরোগ যাপ্য, এবং অন্যতোবাত শুষ্কাক্ষিপাক অধিমন্থ অভিষ্যন্দ এবং মারুত পর্য্যায় এই গুলি সাধ্য। পিত্তজন্য রোগের মধ্যে হ্রস্বজাত্য জলস্রাব পরিম্লায়ী এবং নীলিরোগ অসাধ্য,এবং কাচরোগ অভিষ্যন্দ অধিমন্থ অম্লাধ্যুষিত-দৃষ্টি শুক্তিকা পিত্ত-বিদগ্ধ-দৃষ্টি পোথকী এবং লগণ, এই গুলি যাপ্য। কফ-জন্য নেত্ররোগের মধ্যে স্রাব-রোগ অসাধ্য, কাচরোগ যাপ্য। অভিষ্যন্দ অধিমন্থ বলাসগ্রথিত শ্লেষ্মবিদগ্ধ-দৃষ্টি পোথকী লগণ কৃমিগ্রন্থি ক্লিন্নবর্ত্ম শুক্লার্শ্ম পিষ্টকা এবং শ্লেষ্মাপনাহ, শ্লেষ্মজন্য রোগের এইগুলি সাধ্য। রক্তজন্য নেত্ররোগের মধ্যে রক্তস্রাব অজকা শোণিতার্শ অবলম্বিত এবং শুক্ররোগ অসাধ্য, রক্তজন্য কাচরোগ যাপ্য, এবং মন্থ অভিষ্যন্দ ক্লিষ্টবর্ত্ম হর্ষোৎপাত সিরাজ অঞ্জন সিরাজাল পর্ব্বণী অব্রণ শুক্র শোণিতার্শ্ম অর্জ্জুন, এই গুলি সাধ্য। পূয় স্রাব নাকুলান্ধ্য অক্ষিপাক অলজী এই রোগগুলি সর্ব্বদোষ-জন্য অতএব অসাধ্য। সন্নিপাত-জন্য কাচরোগ ও পক্ষ্মকোপ রোগ যাপ্য। বর্ত্মাববন্ধ্য পিড়কা প্রস্তার্য্যর্ম্ম মাংসার্ম্ম স্নায়র্ম্ম উৎসঙ্গিনী পূয়ালস অর্ব্বুদ শ্যাব-বর্ত্ম কর্দ্দমবর্ত্ম অর্শবর্ত্ম শুক্রার্শ শর্করাবর্ত্ম সশোফ ও অশোফ দুই প্রকার পাকরোগ, বহলবর্ত্ম অক্লিন্নবর্ত্ম কুম্ভীকা বিষবর্ত্ম এই গুলি আরোগ্য হয়। দুই প্রকার বাহ্যরোগ (সনিমিত্ত ও অনিমিত্ত) অসাধ্য।

পূর্ব্বোক্ত ছেয়াত্তর প্রকার নেত্ররোগের মধ্যে নয়টী সন্ধিগত একবিংশতিটী বর্ত্মগত, একাদশটী শুক্লভাগস্থিত, চারিটী কৃষ্ণভাগ-শ্রিত, সর্ব্বত্র-গত সত্তরটী, দৃষ্টিগত বারটী এবং বাহ্যরোগ দুইটী। ইহাদিগের লক্ষণ পরে বলা যাইতেছে।

দ্বিতীয় অধ্যায়।

নেত্রের সন্ধিগত রোগের বিবরণ।

সন্ধিগত রোগ নয় প্রকার,—পূয়ালস, উপনাহ, পূয়াস্রাব, শ্লেষ্মাস্রাব, রক্তাস্রাব, পিত্তাস্রাব, পর্ব্বণিকা, অলজী এবং কৃমিগ্রন্থি। নেত্রের সন্ধিস্থানে পক্ক শোফ জন্মিয়া তাহা হইতে পূতিগন্ধ বিশিষ্ট পূয় নির্গত হইলে তাহাকে পূয়ালস কহে। দৃষ্টি সন্ধিস্থানে কণ্ডূযুক্ত ও বেদনাহীন মহৎগ্রন্থি জন্মিয়া থাকিলে উপনাহ বলে। দোষ সমস্ত অশ্রুমার্গের দ্বারা সন্ধিস্থানে গমন পূর্ব্বক যাতনাহীন স্রাব-রোগ জন্মায়। মতান্তরে নেত্রনাড়ীর দ্বারা সমস্ত দোষ সন্ধিস্থানে গমন পূর্ব্বক সেই সমস্ত স্রাব রোগ জন্মায়, স্রাব চারি প্রকার, তাহাদিগের লক্ষণ বলা যাইতেছে। সন্ধিস্থান পাকিয়া পূয় স্রাব হইতে থাকিলে পূয়াস্রাব বলে। স্রাব শ্বেতবর্ণ যাতনা-হীন গাঢ় পিচ্ছিল হইলে শ্লেষ্মাস্রাব কহে। অতিশয় গাঢ় না হইয়া ঈষদুষ্ণ রক্তযুক্ত স্রাব অধিক পরিমাণে নির্গত হইলে রক্তাস্রাব বলে। ইহা রক্ত-জন্য জন্মে। সন্ধি-মধ্য হইতে পীতের আভাযুক্ত নীলবর্ণ উষ্ণ জলের ন্যায় স্রাব হইলে পিত্তাস্রাব বলে। দাহ ও শূল বিশিষ্ট তাম্রবর্ণ সূক্ষ্ম গোলাকার শোফ জন্মিলে পর্ব্বণী কহে। ইহা রক্তজন্য। পূর্ব্বোক্ত লক্ষণ বিশিষ্ট শোফ সন্ধিস্থানে শুক্ল ভাগে বা কৃষ্ণ ভাগে জন্মিলে অলজী কহে। কৃমিগ্রন্থি কর্তৃক নেত্রের বর্ত্ম ও পক্ষ্মদেশে কণ্ডূযুক্ত গ্রন্থি জন্মায়। সেই সমস্ত সন্ধি-জাত কৃমি বর্ত্ম ও শুক্লের সন্ধিস্থানে বিচরণ পূর্ব্বক নয়নের অভ্যন্তর দূষিত করে।

তৃতীয় অধ্যায়।

বর্ত্মগত রোগের বিবরণ।

যৎকালে দোষ সমস্ত পৃথক্ বা মিলিত ভাবে নেত্রের বর্ত্মদেশাশ্রিত সকল শিরাতে ব্যাপ্ত হইয়া বৃদ্ধি পায় এবং সেই স্থান স্থিত রক্ত ও মাংসকে বৃদ্ধি করে, তৎকালে বর্ত্মাশ্রিত বিকার সমস্ত জন্মায়। সেই সকল বিকারের নাম উল্লেখ করা যাইতেছে। উৎসঙ্গিনী কুম্ভীকা পোথক্য বর্ত্ম-শর্করা অর্শবর্ত্ম শুষ্কার্শ অঞ্জন বহলবর্ত্ম বর্ত্মাববন্ধ ক্লিষ্ট-বর্ত্ম কর্দ্দমবর্ত্ম শ্যাববর্ত্ম ক্লিন্নবর্ত্ম অপরিক্লিন্নবর্ত্ম বাতহতবর্ত্ম অর্ব্বুদ নিমেষ শোণিতার্শ লগণ বিষবর্ত্ম এবং পক্ষ্মকোপ।

নেত্রের অধোভাগে বাহ্যপ্রদেশে অন্তর্মুখী উৎসঙ্গ বিশিষ্ট পিড়কা জন্মিলে উৎসঙ্গিনী বলে। কুম্ভীক-বীজের সদৃশ পিড়কা জন্মিয়া পক্ষ্ম ও বর্ত্মদেশ স্ফীত হইলে কুম্ভীক পিড়কা কহে। কণ্ডু স্রাব ও বেদনা বিশিষ্ট গুরু রক্তবর্ণ সদৃশ পিড়কা জন্মিলে পোথক্য বলা যায়। ক্ষুদ্র ক্ষুদ্র অথচ স্থূল বহুসংখ্যক খর পিড়কার দ্বারা ঘনীভূত রূপে বর্ত্মদেশ আবৃত হইলে বর্ত্মশর্করা কহে। বর্ত্মদেশে খর স্তব্ধ কঠিন দীর্ঘ অঙ্কুরের ন্যায় জন্মিলে শুষ্কার্শ বলে। দাহ তোদ ও অল্প বেদনা বিশিষ্ট তাম্রবর্ণ কোমল সূক্ষ্ম পিড়কা বর্ত্মদেশে জন্মিলে, অঞ্জন কহে। বর্ত্মদেশের যে রূপ বর্ণ সেই রূপ বর্ণ বিশিষ্ট পিড়কা বর্ত্মের চতুস্পার্শ্বে সমান ভাবে জন্মিলে বহলবর্ত্ম বলে। কণ্ডূ ও অল্প বেদনা বিশিষ্ট শোফ বর্ত্মদেশে জন্মিলে ও তৎপ্রযুক্ত সমভাবে নেত্র নিমীলন করিতে না পারিলে বর্ত্মাববন্ধক বলে। সমস্ত বর্ত্ম প্রদেশ কোমল অল্প বেদনা বিশিষ্ট হইলে তাম্রবর্ণ ও অকস্মাৎ রক্তবর্ণ হইলে ক্লিষ্টবর্ত্ম বলে। ক্লিষ্টবর্ত্ম রোগে পিত্ত সহকারে শোণিত দগ্ধ হইয়া ক্লিন্ন হইলে বর্ত্মকর্দ্দম বলে। বর্ত্ম-দেশের বাহ্য ও অন্তরে শ্যাববর্ণ ফুলা বেদনা দাহ কণ্ডূ ও ক্লেদ বিশিষ্ট শ্যাববর্ত্ম বলে। বহির্ভাগে বেদনা হীন ফুলা ও অন্তরে ক্লেদ জন্মিয়া

স্রাব হইতে থাকিলে এবং অত্যর্থ কণ্ডূ ও তোদ বিশিষ্ট হইলে ক্লিন্ন-বর্ত্ম বলে। বর্ত্মদেশ না পাকিয়া পুনঃ পুনঃ ধৌত করিলেও সম্বদ্ধিত হয় অর্থাৎ যোড়া লাগিয়া যায় তাহাকে অক্লিন্ন বর্ত্ম বলে। বর্ত্মসন্ধি শিথিল হইয়া পক্ষ্ম নিমীলন করিতে না পারিলে তাহাতে বেদনা থাকুক বা না থাকুক তাহাকে বাতহতবর্ত্ম বলে। বর্ত্মদেশের অন্তরে সরক্ত বেদনাহীন বিষম গ্রন্থি লম্বিত ভাবে জন্মিলে অর্ব্বুদ বলে। বর্ত্ম-স্থিত নিমেষ সম্পাদিনী শিরা সমূহের মধ্যে বায়ু প্রবিষ্ট হইয়া বর্ত্ম অতিক্রম করিয়া সঞ্চালন করিলে নিমেষ রোগ কহে। বর্ত্মদেশ-জাত কোমল মাংসের অঙ্কুর পুনঃ পুনঃ ছিন্ন হইয়া বৃদ্ধি পাইলে, এবং তাহাতে দাহ কণ্ডূ ও বেদনা থাকিলে অর্শোবর্ত্ম কহে। এই রোগ শোণিত জন্য। বর্ত্মদেশে বেদনাহীন পিচ্ছিল কণ্ডূ যুক্ত কুল-পরিমাণ স্থূল গ্রন্থি জন্মিয়া না পাকিয়া কঠিন হইয়া থাকিলে লগণ-রোগ কহে। বর্ত্মদেশ ফুলিয়া উঠিয়া জলপূর্ণ মৃণালের ছিদ্রের ন্যায় সূক্ষ্ম সূক্ষ্ম বহু-সংখ্যক ছিদ্র বিশিষ্ট হইলে বিষবর্ত্ম বলে। দোষ সমস্ত পক্ষ্মাশয়ে সঞ্চিত হইলে পক্ষ্ম সমস্ত তীক্ষ্ণাগ্র ও খর হয় ও তৎ কর্ত্তৃক নেত্রে পীড়া বোধ হয়। সেই সকল পক্ষ্ম উৎপাটন করিলে শান্তি লাভ হয়। ইহাকে পক্ষ্মকোপ কহে। এই রোগে নেত্রে বায়ু আতপ বা অগ্নি তাপ সহ্য হয় না।

চতুর্থ অধ্যায়।

শুক্ল মণ্ডলগত রোগের বিজ্ঞান।

প্রস্তার্য্যর্ম্ম শুক্লার্ম্ম রক্তার্ম্ম অধিমাংসার্ম্ম স্নাযর্ম্ম শুক্তিকাচ অর্জ্জুন পিষ্টক শিরাজাল পিড়কা এবং বলাস, নেত্রের শুক্লভাগে এই একাদশ প্রকার রোগ জন্মে। শুক্ল ভাগে বিস্তীর্ণ পাতলা নীলযুক্ত রক্তের ন্যায় গ্রন্থি জন্মিলে প্রস্তারি বলা যায়। কোমল শ্বেতবর্ণ গ্রন্থি সমস্ত

শুক্ল ভাগ ব্যাপিয়া অল্পে অল্পে বৃদ্ধি পাইলে শুক্লার্শ্ম বলে। শুক্ল ভাগে পদ্মাকারে মাংস বৃদ্ধি হইলে লোহিতার্শ্ম বলে। কোমল বিস্তীর্ণ বহল যকৃতের ন্যায় বর্ণ অথবা শ্যাব-বর্ণ-বিশিষ্ট মাংস জন্মিলে অধি-মাংসজার্শ্ম বলে। শুক্ল ভাগে খর পাণ্ডুবর্ণ মাংস জন্মিয়া বৃদ্ধি পাইলে স্নায়্বর্শ্ম বলে। শুক্ল ভাগে শ্যাববর্ণ মাংসাকার বিন্দু সমস্ত অথবা শুক্তির ন্যায় জন্মিলে শুক্তি বলে। শুক্লদেশে শশ জন্তুর রক্তের ন্যায় একটী মাত্র বিন্দু জন্মিলে অর্জ্জুন বলে। উৎসন্ন জলের ন্যায় শুক্ল ও পিষ্ট গোলাকার বিন্দু জন্মিলে পিষ্টক কহে। রক্তবর্ণ কঠিন ও মহান্ শিরা সমস্ত জালের ন্যায় বিস্তীর্ণ হইলে জাল কহে। শুক্ল ভাগ শিরায় আবৃত হইয়া কৃষ্ণ ভাগের সীমা পর্য্যন্ত সেই সকল শিরাতে শ্বেত বর্ণ পিড়কা জন্মিলে পিড়কা বলে। শ্বেত ভাগ কাংস্য বর্ণ শিরার দ্বারা অথবা বিন্দুর দ্বারা আবৃত হইলে বলাস গ্রন্থি বলে।

পঞ্চম অধ্যায়।

কৃষ্ণ মণ্ডলগত রোগের বিজ্ঞান।

সব্রণ-শুক্র অব্রণ-শুক্র পাকাত্যয় এবং অজকা, কৃষ্ণ-মণ্ডলে এই চারি প্রকার বিকার জন্মে। কৃষ্ণমণ্ডলে সূচি কর্ত্তৃক বিদ্ধের ন্যায় নিমগ্নরূপ প্রতিভাত হইলে, এবং তাহা উষ্ণস্রাবশীল ও অত্যর্থ বেদনা বিশিষ্ট হইলে সব্রণ শুক্র বলে। এই রোগ যদি দৃষ্টির নিকট-বর্ত্তী স্থানে না জন্মে, অবগাঢ় ও স্রাবশীল না হয়, বেদনাহীন হয় ও যুগ্মশুক্র না হয় তবে আরোগ্য হইবার অল্প সম্ভাবনা থাকে। কৃষ্ণমণ্ডলে শ্বেতবর্ণ স্রাবশীল অল্প-বেদনা-বিশিষ্ট অশ্রুযুক্ত জলদ-খণ্ড সদৃশ শুক্র জন্মিলে অব্রণ-শুক্র কহে। অব্রণ-শুক্র গম্ভীর বহল হইলেও অল্পে অল্পে উত্থিত হইলে কষ্টসাধ্য হয় ; এবং সেই শুক্র মাংসাবৃত, সচল, সিরালগ্ন, দৃষ্টি-রোধক, দুই ত্বক্‌ভেদী, অন্তর্লোহিত, অল্পে অল্পে

উত্থিত, এবং তাহার মধ্য-ভাগ বিচ্ছিন্ন হইলে অসাধ্য বলিয়া জানিবে। কৃষ্ণমণ্ডলে মুদ্গ সদৃশ শুক্র জন্মিয়া পিড়কা ও উষ্ণ অশ্রুপাত হইলে তাহাও অসাধ্য বলা যায়। শুক্র তিত্তির-পক্ষ সদৃশ হইলেও কেহ কেহ অসাধ্য বলে। কৃষ্ণ মণ্ডল শ্বেতবর্ণে আবৃত হইলে সর্ব্ব দোষ সম্ভূত অক্ষিপাকাত্যয় বলে। এই তীব্র রোগ অক্ষিকোপ হইতে উৎপন্ন হয়। বেদনা ও রক্তবর্ণ বিশিষ্ট পিচ্ছিল অজাপুরীষের (ছাগলনাদীর) ন্যায় আকার কৃষ্ণ মণ্ডল ভেদ করিয়া জন্মিলে অজকা বলা যায়।

ষষ্ঠ অধ্যায়।

নেত্রের সর্ব্বস্থানগত রোগের বিজ্ঞান।

অভিষ্যন্দ রোগ চারি প্রকার, অধিমন্থ রোগ চারি প্রকার, শোফযুক্ত পাক, শোফহীন পাক; হতাধিমন্থ, অনিল পর্য্যায়, শুষ্কাক্ষিপাক, অন্য-তোবাত, অম্লাধ্যুষিতা-দৃষ্টি সিরোৎপাত এবং সিরাহর্ষ, এই সকল প্রকার নেত্ররোগ প্রায় অভিষ্যন্দ-জন্য জন্মে। অতএব অভিষ্যন্দ রোগ জন্মিবামাত্রই তাহার প্রতিকার করা কর্ত্তব্য।

বায়ু-জন্য অভিষ্যন্দ রোগ জন্মিলে রোমহর্ষ নেত্রের স্তব্ধ ভাব সঙ্ঘর্ষ (কুট্‌কুটুনি) পরুষভাব শুষ্কভাব ও তাহা হইতে শীতল অশ্রুপাত এবং শিরোদেশে অভিতাপ, এই সকল লক্ষণ জন্মে। পিত্ত কর্ত্তৃক অভিষ্যন্দ রোগ জন্মিলে নেত্রে দাহ পাক, শীতপ্রিয়তা (শীতল স্পর্শে অভিলাষ), ধূম ও বাষ্পের উদ্গম, উষ্ণ অশ্রুপাত, এই সকল লক্ষণ জন্মে এবং নেত্র পীতবর্ণ হয়। কফ জন্য অভিষ্যন্দ রোগ জন্মিলে, নেত্রে উষ্ণ স্পর্শে অভিলাষ গুরুতা শোফ কণ্ডু, পক্ষ্মসংলগ্ন, শীতলতা এবং মুহুর্মুহু পিচ্ছিল স্রাব, এই সকল লক্ষণ ঘটে। রক্ত জন্য অভিষ্যন্দ রোগ জন্মিলে, নেত্র রক্তবর্ণ হয় ও রক্তবর্ণ আজী সমস্ত তাহাতে দৃষ্ট হয়, নেত্রের শ্বেত-

ভাগ পর্য্যন্ত অত্যন্ত রক্তবর্ণ হয় ও তাহা হইতে তাম্রবর্ণ অশ্রুপতন হয় এবং পিত্ত জন্য সকল লক্ষণ তাহাতে জন্মে।

অভিষ্যন্দ রোগের প্রতিকার না করিলে ক্রমশঃ বৃদ্ধি হইয়া অধিমন্থ রোগ জন্মে। অধিমন্থ রোগে নয়নে তীব্র বেদনা জন্মে এবং নেত্র উৎপাটিত বা মথিত হওয়ার ন্যায় যাতনা জন্মিয়া শিরোদেশের অর্দ্ধভাগ পর্য্যন্ত ব্যাপ্ত হয়। বায়ু-জন্য অধিমন্থ রোগে নেত্রে উৎপাটিত ও মথিতের ন্যায় যাতনা হয় ও তাহাতে সঙ্ঘর্ষ তোদ ভেদ সংরম্ভ আবিলতা আকুঞ্চন আস্ফোটন আধ্মান কম্প এবং ব্যথা এই সকল উপদ্রব জন্মিয়া শিরোদেশের অর্দ্ধভাগ পর্য্যন্ত ব্যাপ্ত হয়। পিত্ত জন্য অধিমন্থ রোগে, নেত্র রক্তবর্ণ আজীতে পরিপূর্ণ, স্রাববিশিষ্ট, অগ্নি বা ক্ষার কর্ত্তৃক দগ্ধের ন্যায় যাতনা বিশিষ্ট হয়, ফুলিয়া ও পাকিয়া উঠে, শরীরে স্বেদ নির্গম হয়, দৃষ্টি পীতবর্ণ হয়, এবং মূর্চ্ছা ও শিরোদেশে দাহ জন্মে। শ্লেষ্ম-জন্য অধিমন্থ রোগে শোফ অল্প সংরম্ভ শ্রাব কণ্ডু শৈত্য গৌরব পিচ্ছিলতা এবং নেত্র হর্ষ, নেত্রে এই সকল উপদ্রব জন্মে, দৃষ্টি আবিল হয়, সকল পদার্থ পাংশু পূর্ণের ন্যায় দেখে, নাসিকায় আধ্মান ও মস্তকে যাতনা হয়। রক্তজন্য অভিষ্যন্দ রোগে নেত্র রক্তাস্রাব ও তোদ বিশিষ্ট হয়, চতুর্দ্দিক্ অগ্নি সদৃশ বোধ হয় এবং সমস্ত কৃষ্ণমণ্ডল রক্তমগ্ন বলিয়া বোধ হয়, এবং স্পর্শ সহ্য হয় না। অধিমন্থ রোগ শ্লেষ্ম জন্য হইলে সপ্তরাত্রে, রক্তজন্য হইলে পঞ্চরাত্রে, বায়ুজন্য হইলে ষড়্-রাত্রে এবং পিত্তজন্য হইলে মিথ্যাচার প্রযুক্ত সদ্যই দৃষ্টি নাশ হয়।

কণ্ডু উপদেহ (পাতা যোড়া লাগা) অশ্রুপাত, পক্ব-উড়ুম্বরের ন্যায় আকার, দাহ, সংহর্ষ, তাম্রবর্ণ, তোদ, গৌরব, শোফ, মুহুর্ম্মুহুঃ উষ্ণ শীতল ও পিচ্ছিল আস্রাব সংরম্ভ ও পাকিয়া উঠা, সশোফ নেত্রপাকের এই সকল লক্ষণ। অশোফ নেত্রপাকে শোফ ব্যতীত অপর সকল লক্ষণ দৃষ্ট হয়। নেত্রের আভ্যন্তরিক শিরাতে বায়ু স্থিত হইয়া দৃষ্টিকে প্রতিক্ষেপণ পূর্ব্বক হতাধিমন্থ নামক অসাধ্য রোগ জন্মায়। কুপিত

বায়ু পক্ষ্মদ্বয় ও ভ্রুদ্বয় আশ্রয় করিয়া সঞ্চরণ পূর্ব্বক কখন বা ভ্রুমধ্যে কখন বা পক্ষ্ম মধ্যে বেদনা জন্মায়, তাহাকে বাত পর্য্যায় বলে। নেত্র-বর্ত্ম কঠিন ও রুক্ষ হইলে অথবা দৃষ্টি আবিল হইলে এবং নেত্র উন্মীলন করিতে অত্যন্ত কষ্টবোধ হইলে শুষ্কাক্ষিপাক বলা যায়। অবটু কর্ণ হনু মন্যা ও শিরোদেশে বায়ু অবস্থান পূর্ব্বক ভ্রু ও নেত্রে বেদনা জন্মাইলে অন্যতোবাত বলে। অম্ল বা বিদাহী দ্রব্যভোজন করিলে নেত্র অত্যন্ত ফুলিয়া উঠে ও নীল আভাযুক্ত রক্তবর্ণ হয়, ইহাকে অম্লাধ্যুষিত দৃষ্টি বলে। বেদনা থাকুক বা না থাকুক সমস্ত চক্ষু রক্ত বর্ণ হইলে শিরোৎপাত রোগ বলে। মহান্ শিরোৎপাত রোগ উপেক্ষিত হইলে শিরাহর্ষ রোগ জন্মে। এইরূপ নেত্র হইতে তাম্রবর্ণ আস্রাব হয় ও রোগী দেখিতে পায় না।

সপ্তম অধ্যায়।

দৃষ্টিগত রোগের বিবরণ।

দৃষ্টি বিশারদ পণ্ডিতেরা বলেন যে মানবের দৃষ্টি পঞ্চভূতের গুণ হইতে সমুদ্ভূত, বাহ্যপটলে অব্যয় তেজ কর্ত্তৃক আবৃত, শীতল প্রকৃতি বিশিষ্ট, খদ্যোতের বিস্ফুলিঙ্গ দ্বয়ে নির্ম্মিত, এবং মসূরদল পরিমাণে বিবরাকৃতি। সেই দৃষ্টিগত দ্বাদশ প্রকার রোগ এবং পটলের অভ্যন্তরস্থ তিমির রোগের লক্ষণ বলা যাইতেছে।

দোষ বিগুণ হইয়া শিরা সমূহের অভ্যন্তরে গমন পূর্ব্বক দৃষ্টির প্রথম পটলে অবস্থিতি করিলে সকল রূপ অব্যক্ত ভাবে দৃষ্ট হয়। বিগু-ণিত দোষ দ্বিতীয় পটলে অবস্থিতি করিলে দৃষ্টি বিহ্বল হয়, এবং সর্ব্বত্র মক্ষিকা মশক কেশজাল মণ্ডল পতাকা মরীচি ও কুণ্ডল সমূহ দৃষ্ট হয়, অথবা জলমগ্ন বা বৃষ্টি হইতেছে বলিয়া জ্ঞান হয়, কিম্বা মেঘাচ্ছন্ন বা তিমিরাচ্ছন্নের ন্যায় দেখায়। দৃষ্টির ভ্রান্তি বশতঃ দূরস্থিত বস্তু নিকটে ও নিকটস্থিত বস্তু দূরে জ্ঞান হয়, এবং যত্ন করিলেও সূচীপার্শ্ব দৃষ্ট হয়

না। দোষ তৃতীয় পটলে অবস্থিতি করিলে বৃহদাকারও বস্ত্রাচ্ছন্নের ন্যায় দৃষ্টি হয়, কর্ণ নাসিকা ও চক্ষুঃ. বিশিষ্ট আকৃতি সমস্ত বিপরীত ভাবে দেখায়। দোষ বলবান্ হইয়া দৃষ্টির অধোভাগে স্থিত হইলে সমীপস্থ দ্রব্য, উর্দ্ধভাগে স্থিত হইলে দূরস্থ দ্রব্য এবং পার্শ্বভাগে স্থিত হইলে পার্শ্বস্থ দ্রব্য দৃষ্ট হয় না। দোষ দৃষ্টির সর্ব্বত্র ব্যাপ্ত হইলে সমস্তই সঙ্কুলিতের ন্যায় দেখায়। দৃষ্টির মধ্যগত হইলে একটী আকৃতির দ্বিধা জ্ঞান হয়। দৃষ্টির দুইস্থানে দোষ অবস্থিত হইলে এক আকৃতি ত্রিধা এবং অনবস্থিত ভাবে থাকিলে বহুধা জ্ঞান হয়।

দোষ চতুর্থ পটলে অবস্থিতি করিলে তিমির রোগ জন্মে। ইহাতে এককালে দৃষ্টি রোধ করিলে লিঙ্গনাশ কহে। তিমির রোগ অতিশয় গভীর না হইলে চন্দ্র সূর্য্য বিদ্যুৎ ও নক্ষত্র-বিশিষ্ট আকাশ দেখিতে পায়, এবং নির্ম্মল তেজঃ ও জ্যোতিঃ পদার্থ দৃষ্ট হয়। লিঙ্গনাশ রোগের এই অবস্থাকে নীলিকা-কাচ বলা যায়।

এই লিঙ্গনাশ রোগ বায়ু কর্ত্তৃক জন্মিলে সকল পদার্থ অরুণ বর্ণ সচল ও আবিল দেখায়। পিত্ত কর্ত্তৃক জন্মিলে আদিত্য খদ্যোত ইন্দ্রধনু তড়িৎ ও ময়ুর পুচ্ছের ন্যায় বিচিত্র বর্ণ অথবা নীল কৃষ্ণবর্ণ দৃষ্ট হয়। অথবা শ্বেত চামর বা শ্বেতবর্ণ মেঘের ন্যায় অত্যর্থ স্থূল অথবা মেঘশূন্য সময়ে মেঘাচ্ছন্নের ন্যায় দৃষ্ট হয়, অথবা সমস্ত জলপ্লাবিতের ন্যায় দেখায়। রক্ত-কর্ত্তৃক জন্মিলে সমস্ত রক্তবর্ণ ও অন্ধকারময় দেখায়। কফ-জন্য এই রোগ জন্মিলে সমস্তই শ্বেত-বর্ণ ও স্নিগ্ধ (তৈলাক্তের ন্যায়) দেখায়। সন্নিপাত কর্ত্তৃক হইলে সকল পদার্থ হরিত শ্যাব কৃষ্ণ ধূম্র প্রভৃতি বিচিত্র বর্ণ বিশিষ্ট ও বিপ্লুতের ন্যায় দেখায়। সকল পদার্থই দ্বিধা বা বহুধা দৃষ্ট হয় অথবা হ্রস্ব ও দীর্ঘ দ্বিত্ব ভাবে দেখায়, অথবা জ্যোতিঃ দৃষ্ট হয়। পিত্ত কর্ত্তৃক পরিম্লায়ি রোগ উদ্ভূত হয়, দিক্ সমস্ত উদ্যত সূর্য্যের ন্যায় বা খদ্যোতপূর্ণ বৃক্ষ সমূহে সমাকীর্ণের ন্যায় দেখায়।

অতঃপর লিঙ্গনাশ রোগের ষড়্‌বিধ বর্ণ বলা যাইতেছে। বায়ু কর্ত্তৃক দৃষ্টিমণ্ডল রক্তবর্ণ হয়, পিত্ত কর্ত্তৃক পরিম্লায়ি রোগ অথবা নীলবর্ণ হয়, শ্লেষ্ম কর্ত্তৃক শ্বেতরর্ণ, শোণিত কর্ত্তৃক রক্তবর্ণ এবং সন্নিপাত কর্ত্তৃক বিচিত্র বর্ণ হয়। পরিম্লায়ি রোগে দৃষ্টিমণ্ডলে রক্ত জন্য অরুণবর্ণ মণ্ডলাকার স্থূল কাচ জন্মে, অথবা সমস্ত মণ্ডল ঈষৎ নীলবর্ণ হয়। এই রোগে কথন কথন আপনা হইতে দোষ ক্ষয় হইয়া দৃষ্ট শক্তি প্রকাশ পায়।

দৃষ্টি আশ্রিত ছয় প্রকার লিঙ্গনাশ রোগ ও তাহাদিগের ছয় প্রকার বর্ণের বিষয় বলা হইল। এতদ্ব্যতীত পিত্ত-বিদগ্ধ দৃষ্টি, কফ-বিদগ্ধ দৃষ্টি, নক্তান্ধতা, ধূমদর্শী, হ্রস্ব-জাত্য, নকুলান্ধতা এবং গম্ভীরক, এই সপ্ত প্রকার রোগ দৃষ্টি স্থানে হয়। দৃষ্টিস্থানে দুষ্টপিত্ত আশ্রয় করিলে ঐ স্থান পীতবর্ণ হয়, এবং সকল পদার্থ পীতবর্ণ দেখায়, ইহাকে পিত্ত-বিদগ্ধ দৃষ্টি বলে। দোষ তৃতীয় পটলে আশ্রয় করিলে রোগী দিবাভাগে দেখিতে পায় না, রাত্রিকালে দেখিতে পায়। দৃষ্টি শ্লেষ্ম কর্ত্তৃক বিদগ্ধ হইলে সকল পদার্থ শ্বেতবর্ণ দেখায়। তিন পটলেই অল্প দোষ অবস্থিতি করিলে সহসা নক্তান্ধতা জন্মে। ইহাতে দিবাভাগে সূর্য্য কিরণে কফের অল্পতা বশতঃ দৃষ্টি শক্তি প্রকাশ পায়। শোক জ্বর পরিশ্রম ও মস্তকের অভিতাপ দ্বারা দৃষ্টি অভিহত হইলে সকল পদার্থই ধূম্রবর্ণ দৃষ্ট হয়, ইহাকে ধূমদর্শী বলে। দিবাভাগে ক্ষুদ্র পদার্থ অতি কষ্টে দেখিতে পায়, রাত্রিকালে শৈত্যগুণের দ্বারা পিত্তের অল্পতা প্রযুক্ত সেই সকল পদার্থ দেখিতে পায়। ইহাকে হ্রস্বজাত্য কহে। যে রোগে দৃষ্টি দোষাভিভূত হইলে নকুলের দৃষ্টির ন্যায় তাহাতে বিদ্যুতের আভা প্রকাশ পায়, এবং দিবাভাগে বিচিত্র বর্ণ দেখিতে পায়, তাহাকে নকুলান্ধ বলে। বায়ু কর্ত্তৃক দৃষ্টি স্থান বিরূপ হইলে ও তাহার অভ্যন্তর ভাগ সঙ্কুচিত হইলে গম্ভীরিকা রোগ বলে। এই রোগ দৃষ্টিস্থানে অতিশয় গভীর ভাবে প্রকাশিত হয়।

এই সকল রোগ ব্যতীত দৃষ্টি স্থানে সনিমিত্ত ও অনিমিত্ত নামক দুই প্রকার বাহ্য রোগ হয়। ইহার মধ্যে মস্তকের অভিতাপ জন্য দৃষ্টি হত হইলে সনিমিত্ত বলা যায়। এই রোগ অভিষ্যন্দ নিদর্শনের দ্বারা জানা যায়। দেবতা ঋষি গন্ধর্ব্ব মহোরগগণ বা জ্যোতিঃ পদার্থের বা দীপ্তিমান্ পদার্থের সন্দর্শনে দৃষ্টি হত হইলে অনিমিত্ত লিঙ্গনাশ বলা যায়। এই রোগে দৃষ্টি স্পষ্ট বিমল বৈদূর্য্য মণির ন্যায় দেখায়। দৃষ্টি অভিঘাত-জন্য হত হইলে বিদীর্ণ অবসন্ন বা হীন হওয়া দেখায়। ষট্‌সপ্ততি প্রকার নয়ন রোগ বলা হইল; এক্ষণে তাহাদিগের চিকিৎসা বলা যাইতেছে।

অষ্টম অধ্যায়।

নেত্র রোগের চিকিৎসা বিভাগ।

যে ষট্ সপ্ততি প্রকার নেত্র রোগের নাম ও লক্ষণ বলা হইল, তাহাদিগের চিকিৎসা এক্ষণে সংক্ষেপতঃ বলা যাইতেছে। পূর্ব্বোক্ত প্রকার রোগ সমূহের মধ্যে ছেদন-সাধ্য একাদশ, লেখন-সাধ্য নয়টী, ভেদন-সাধ্য পাঁচটী বেধন-সাধ্য পঞ্চদশ, শস্ত্রকৃত্য দ্বাদশ, যাপ্যরোগ সাতটী, এবং অসাধ্য পঞ্চদশ। এতদ্ভিন্ন দুই প্রকার আগন্তুক রোগ আরোগ্য না হইতে পারে অথবা যাপ্য থাকিতে পারে।

অর্শোবর্ত্ম, শুষ্কার্শ, অর্ব্বুদ, পিড়কা, সিরাজাত রোগ, পঞ্চবিধ অর্ম্ম এবং পর্ব্বণিকা এই একাদশ রোগ ছেদ্য। উৎসঙ্গিনী, বহল-বর্ত্ম, কর্দ্দমবর্ত্ম শ্যাববর্ত্ম, বদ্ধবর্ত্ম, ক্লিষ্টবর্ত্ম, পোথকী, কুম্ভিকিনী, এবং শর্করাবর্ত্ম, এই নয়টী লেখন-সাধ্য। শ্লেষ্মোপনাহ, লগণ, বিষবর্ত্ম, ক্রিমিগ্রন্থি এবং অঞ্জন রোগ এই পাঁচটী ভেদ্য। সিরোৎপাত, শিরাহর্ষ, অশোফ-পাক, সশোফ পাক, অন্যতো-বাত, পূয়ালস, অনিল-বিপর্য্যয়, চারি প্রকার অভিষ্যন্দ এবং চারি প্রকার অধিমন্থ, এই

পঞ্চদশ প্রকার শিরাবেধন-সাধ্য। শুষ্কাক্ষিপাক কফ-বিদগ্ধ-দৃষ্টি, পিত্ত-বিদগ্ধ-দৃষ্টি,অম্লাধ্যুষিত-দৃষ্টি, শুক্ররোগ, অর্জ্জুন, পিষ্টক, অক্লিন্নবর্ত্ম ধূমদর্শী. শুক্তি, প্রক্লিন্ন-বর্ত্ম, বলাস, এই দ্বাদশটী শস্ত্রকৃত্য। দুই প্রকার আগন্তু রোগে দৃষ্টি দূষিতা হইলে শস্ত্রপাত কর্ত্তব্য নহে। দৃষ্টি-গত রোগের বিবরণে যে ছয় প্রকার কাচ রোগ বর্ণিত হইয়াছে সেই ছয় রোগ এবং পক্ষ্মকোপ, এই সপ্ত প্রকার রোগ যাপ্য। বায়ু-জন্য চারি প্রকার, পিত্তজন্য দুই প্রকার, কফ জন্য এক প্রকার, রক্ত-জন্য চারি প্রকার, এবং বাহ্য-কারণ-জনিত অর্থাৎ অভিঘাত-জন্য দুই প্রকার, এই পঞ্চদশ প্রকার রোগ অসাধ্য।

নবম অধ্যায়।

বায়ু-জন্য অভিষ্যন্দ রোগের চিকিৎসা।

বায়ু-জন্য অভিষ্যন্দ বা অধিমন্থ রোগ হইলে পুরাণ ঘৃতের দ্বারা স্নিগ্ধ করিবে। যথাবিধি ক্রমে স্বেদ প্রয়োগ এবং শিরা বেধন পূর্ব্বক রক্তমোক্ষণ করিবে। বস্তি প্রয়োগ করিবে। সম্যক্ রূপে স্নেহ কর্তৃক বিরেচিত হইলে, তর্পণ পুটপাক ধূম আশ্চ্যোতন নস্য স্নেহ-পরিষেচন, শিরোবিরেচন, জলচর বা জলীয় দেশ-চর বাতঘ্ন পশুর মাংস অথবা অম্ল ক্বাথের পরিষেচন এই সকল প্রয়োগ করিবে। ঘৃত বসা মেদ মজ্জা একত্র উষ্ণ করিয়া প্রয়োগ করিবে এবং এই প্রকার স্নেহে পীতবর্ণ বস্ত্র সিক্ত করিয়া ধারণ করিবে। দুগ্ধ বেসবার শাল্বন ও পায়সের উপনাহ-স্বেদও (স্বেদাবচারণীয় অধ্যায়ে দ্রষ্টব্য) প্রয়োজ্য। ত্রিফলার ক্বাথ সংযোগে ঘৃত পাক করিয়া অথবা কেবল মাত্র পুরাতন ঘৃত, অথবা বাতঘ্ন ঔষধ সংযোগে দুগ্ধ বা কাকোল্যাদি গণ সংযোগে দুগ্ধ পাক করিয়া আহারের পূর্ব্বে সেবন করিবে। তৈল ব্যতিরেকে অপর স্নেহ বাতঘ্ন ঔষধ সংযোগে পাক করিয়া তর্পণে প্রয়োগ কর্ত্তব্য।

স্নেহ-কল্পিত পুটপাক ধূম ও নস্যও প্রয়োজ্য। স্থিরা দুগ্ধ ও মধুর দ্রব্যের ক্বাথে তৈল পাক করিয়া নস্য প্রয়োগ করিবে। এরণ্ডের পত্র মূল ও ত্বক্ এবং কণ্টকারীর মূল সহযোগে অজা-দুগ্ধ (কেবলমাত্র অজাদুগ্ধ) পাক করিয়া ঈষদুষ্ণ থাকিতে পরিবেচনে ব্যবহার করিবে। সৈন্ধব বালা যষ্টিমধু পিপ্পলী এই সকল সংযোগে অর্দ্ধোদক-মিশ্রিত দুগ্ধ সেকে এবং আশ্চ্যোতনে প্রয়োগ করিবে। বালা চক্রমর্দ্দ মঞ্জিষ্ঠা উডুম্বর-ত্বক্ এই সকল সহযোগে অর্দ্ধোদক-মিশ্রিত ছাগী-দুগ্ধ অথবা কেবলমাত্র ছাগী-দুগ্ধ পাক করিয়া, নেত্র-শূলে আশ্চ্যোতন প্রয়োগ করিবে। যষ্টিমধু হরিদ্রা হরীতকী এবং দেবদারু একত্র ছাগী-দুগ্ধে পিষিয়া অঞ্জনে প্রয়োগ করা অভিষ্যন্দ রোগের পক্ষে অতিশয় প্রশস্ত। গিরি-মৃত্তিকা সৈন্ধব কৃষ্ণা (নীলাঞ্জন) এবং শুণ্ঠী, এই চারি দ্রব্য উত্তরোত্তর দ্বিগুণ পরিমাণে লইয়া জলে পিষিয়া গুটিকা প্রস্তুতপূর্ব্বক অঞ্জনে প্রয়োগ করিবে। বায়ু-জন্য রোগে স্নেহ-কল্পিত অঞ্জন হিতকর, যথাবিধি-ক্রমে তাহা বলা যাইতেছে। অগ্রে দুগ্ধ সহযোগে, পরে শুলঞ্চ কপিত্থ বৃহৎ পঞ্চমূল এবং ক্ষুদ্র আমলকীর রস সংযোগে ঘৃত পাক করিয়া বায়ুজন্য সকলপ্রকার নেত্র-রোগে পান করিবে। ভোজনের পূর্ব্বে ঘৃত পান করা বা ভোজন-কালে দুগ্ধ পান করা কর্ত্তব্য। অথবা পত্তুর আর্ত্তগল চিতে এবং মেষশৃঙ্গী দুগ্ধ সহযোগে অথবা ক্ষীরতর্ব্বাদিগণ সহযোগে ঘৃত পাক করিয়া সেবন করিবে। সৈন্ধব দেবদারু ও শুণ্ঠী টাবা লেবুর রসে ঘৃত পাক করিয়া সেবন করিবে। শুষ্কাক্ষিপাক-রোগে শেষোক্ত কয়েকটী দ্রব্য স্তন্যদুগ্ধ ও জল সংযোগে অঞ্জন প্রস্তুত করিয়া প্রয়োগ করিবে, এবং শেষোক্ত ঘৃতও তর্পণে প্রশস্ত। জীবনীয় ঘৃতের নস্য এবং সৈন্ধব-সংযুক্ত শীতল দুগ্ধ পরিবেচনে হিতকর। হরিদ্রা ও দেবদারু সহযোগে ঘৃত পাক করিয়া সৈন্ধব সংযোগপূর্ব্বক প্রয়োজ্য। রসাঞ্জন ও শুণ্ঠী স্তন্যদুগ্ধে ঘর্ষণ করিয়া ঘৃত সংযোগে প্রয়োজ্য।

জলচর বা সজল দেশচর পশু বা পক্ষীর বসা সৈন্ধব ও কিঞ্চিৎ শুণ্ঠী মিশ্রিত করিয়া শুষ্কাক্ষিপাক-রোগে অঞ্জনে প্রয়োজ্য। বায়ুজন্য যে কোন দৃষ্টিনাশক রোগ জন্মে, এই সকল মূল ঔষধ বিবেচনা করিয়া দ্রব্য সংযোজনাপূর্ব্বক চিকিৎসা করিবে।

দশম অধ্যায়।

পিত্তজন্য অভিষ্যন্দ রোগের চিকিৎসা।

পিত্তজন্য অভিষ্যন্দ এবং অধিমন্থ রোগে রক্তস্রাব ও বিরেচক প্রয়োজ্য। পিত্তজন্য বিসর্প রোগের অধিকারে যে সকল দ্রব্য উল্লিখিত হইয়াছে, এস্থলে সেই সকল দ্রব্য পরিষেচন আলেপন নস্য ও অঞ্জনে ব্যবহার্য্য। গুন্দ্রা (প্রিয়ঙ্গু) শালি শৈবল শৈলজ দারু-হরিদ্রা এলাইচ (বড়) উৎপল লোধ অভ্র পদ্মপত্র শর্করা কুশ ইক্ষু তাল বেতস পদ্মকাষ্ঠ দ্রাক্ষা মধু চন্দন যষ্টিমধু হরিদ্রা এবং অনন্তমূল এই সকল দ্রব্য সমস্ত বা যতদূর পাওয়া যায় তাহার দ্বারা ঘৃত বা ছাগীদুগ্ধ পাক করিয়া তর্পণ পরিষেচন ও নস্যে প্রয়োগ করিবে। এই রোগে সকল প্রকার পিত্তনাশক ক্রিয়া, তিন দিন অন্তর ক্ষীর-সর্পির* নস্য, শল্লকী বা মধু শর্করা সংযোগে পলাশ বা শোণিতের অঞ্জন এবং মধু শর্করা সংযোগে পালিন্দা বা যষ্টিমধুর রসক্রিয়া প্রশস্ত। তুথা সমুদ্রফেনা উৎপল বিড়ঙ্গ এলাইচ ধাত্রী-বীজের রস অথবা তালীশ এলাইচ শৈলজ বেণামূল এবং শঙ্খ এই সকল দ্রব্য স্তন্যদুগ্ধে পিষিয়া অথবা ইহাদিগের চূর্ণ বা রস স্তন্যদুগ্ধ ও ধাতকী-রস সংযোগে অঞ্জনে প্রয়োগ করিবে। স্তন্যদুগ্ধে স্বর্ণ, মধুতে কিংশুক পুষ্প, অথবা লোধ দ্রাক্ষা শর্করা এবং উৎপল স্তন্যদুগ্ধে, বা যষ্টিমধু এবং বট দুগ্ধে, বা

* চতুর্গুণ বা ষোড়শগুণ দুগ্ধে পাক করা ঘৃত।

সমুদ্রফেণা চন্দন এবং যজ্ঞডুম্বুর-রসে কিংবা কেবলমাত্র স্বর্ণমাক্ষিক স্তন্যদুগ্ধে ঘর্ষণ বা পেষণ করিয়া অঞ্জনে প্রয়োগ করিবে। যষ্টিমধু লোধ দ্রাক্ষা শর্করা এবং উৎপল এই দ্রব্যগুলি স্তন্যদুগ্ধে কিছুক্ষণ স্থাপনপূর্ব্বক ক্ষৌমবস্ত্রে বদ্ধ করিয়া আশ্চ্যোতনে প্রয়োগ করিবে। যষ্টিমধু ও লোধ ঘৃতে ঘর্ষণ করিয়া, অথবা দ্রাক্ষা আমলকী এবং হরীতকী বা কেবল কটফল জলে মিশ্রিত করিয়া অঞ্জনে প্রয়োগ করিবে। শিরা-বেধন ব্যতিরেকে এই অধ্যায়ের লিখিত সমস্ত কার্য্য অম্লাধ্যুষিত এবং শুক্তি রোগে প্রয়োজ্য। ত্রিফলা অথবা লোধ্র সংযোগে পাক করা ঘৃত বা কেবলমাত্র পুরাতন ঘৃত পানে ব্যবহার্য্য। শুক্তি-রোগে (দোষ নেত্রের অধোভাগে স্থিত) শীঘ্র শীতল দ্রব্যের অঞ্জন প্রয়োগ করিবে। বৈদূর্য্য স্ফাটিক বৈক্রম মৌক্তিক শাঙ্খ্য রাজত বা সৌবর্ণ অঞ্জনই বিধেয়। শুক্তি রোগে পূর্ব্বোক্ত সকল দ্রব্যের সূক্ষ্ম চূর্ণ মধু শর্করা যোগে অঞ্জনে প্রয়োগ করিবে। ধূমদর্শী রোগে ঐ সকল দ্রব্যে ঘৃত পাক করিয়া প্রয়োগ করিবে এবং অবশেষে রক্তপিত্তের পিত্তজন্য বিসর্প রোগে যে সকল বিধান আছে, তাহাও এস্থলে প্রয়োজ্য।

একাদশ অধ্যায়।

শ্লেষ্মজন্য অভিষ্যন্দ রোগের চিকিৎসা।

কফজন্য অভিষ্যন্দ এবং অধিমন্থ রোগ হইয়া বৃদ্ধি হইলে শিরা-মোক্ষণ করিবে। এই রোগে স্বেদ অবপীড়ন অঞ্জন ধূম পরিষেচন প্রলেপ কবলগ্রহ আশ্চ্যোতন এবং পুটপাক ইত্যাদি রুক্ষভাবে প্রয়োগ করা কর্ত্তব্য, পরে তিন দিন অন্তর উপবাস এবং প্রাতঃকালে তিক্ত ঘৃত সেবন ও যাহাতে শ্লেষ্মা বৃদ্ধি না হয় এরূপ অন্নপানই প্রশস্ত। মুথা, গিরিমৃত্তিকা, তুলসী, বিল্ব, পত্তুর (রক্তচন্দন) পিলু অর্ক কপিথ এবং

বিজয়া এই সকলের স্বেদ বা অনুলেপন প্রয়োজ্য। বর্হিষ্ঠ (গ্রন্থিপর্ণী) কুষ্ঠ দেবদারু সৈন্ধব হিঙ্গু ত্রিফলা যষ্টিমধু পুণ্ডরবৃক্ষ তুম্বক তাম্র এবং রসাঞ্জন এই সকল দ্রব্যে অঞ্জন ও বর্ত্তি প্রস্তুত করিবে। হরীতকী হরিদ্রা যষ্টিমধু রসাঞ্জন ত্রিকটু ত্রিফলা এবং হরিদ্রা, সকল সমভাগে, অথবা গ্রন্থিপর্ণী কুষ্ঠ দেবদারু শঙ্খ পাঠা ত্রিকটু মনঃশিলা, অথবা, জাতীকুসুম করঞ্জ শোভাঞ্জন বা অহার ফল বা পুষ্প বৃহতী ও কণ্টকারী এই সকল একত্র সমভাগে, কিংবা রসাঞ্জন চন্দন সৈন্ধব মনঃশিলা হরিতাল এবং লশুন সমভাগে, একত্র বর্ত্তি নির্ম্মাণপূর্ব্বক বিশুদ্ধ দেহে (বিরেচনকর্ত্তৃক) অঞ্জন প্রয়োগ করিবে।

বলাস গ্রথিত রোগে বিরেচন প্রয়োগপূর্ব্বক এই সকল অঞ্জন ব্যবহার করিবে। নীল, যব, মদন বৃক্ষের শুষ্ককাষ্ঠ, বাবুই অর্ক কপিত্থ বিল্ব নির্গুণ্ডী (ইঙ্গুর) এবং জাতীপুষ্প, এই সকলের ক্ষার সৈন্ধব এবং গোরোচনা একত্র পাক করিয়া বলাস গ্রথিত রোগে লোহ-শলাকার দ্বারা অঞ্জন প্রয়োগ করিবে। পূর্ব্বোক্ত সকল দ্রব্যের মধ্যে নীল ও যব দুগ্ধে ভিজাইয়া শুষ্ক করিয়া লইবে।

পিষ্টক রোগে তুলসী বিল্ব রক্তচন্দন পিলু অর্ক কপিত্থ বিজয়া শুণ্ঠী পিপ্‌পলী মুথা শ্বেতমরিচ এবং সৈন্ধব একত্র সমভাগে মাতুলুঙ্গ রসে পিষিয়া অঞ্জন প্রয়োগ করিবে।

প্রক্লিন্নবর্ত্ম রোগে বৃহতী ফল এবং পক্ব পিপ্‌পলী একত্র কল্ক করিয়া স্রোতাঞ্জন-সংযোগে সপ্তরাত্র রাখিবে। পরে তাহাতে হরীতকী বার্ত্তাকু শিগ্রু নিসিন্ধা পটোল চিরাতা আমলকী হিরেকস সৈন্ধব রসাঞ্জন জাতীপুষ্প মধু সংযোগে ঘর্ষণ করিয়া অঞ্জনে প্রয়োগ করিবে।

কণ্ডূ রোগে সৈন্ধবলবণ শ্বেতমরিচ, এবং মনঃশিলা একত্র সমভাগে মাতুলুঙ্গ-রসে পিষিয়া অঞ্জন প্রয়োগ করিবে।

শৃঙ্গবের দেবদারু মুথা সৈন্ধব এবং জাতীপুষ্প সুরাতে পিষিয়া অঞ্জন প্রয়োগ করিলে শোফের শান্তি হয়।

দ্বাদশ অধ্যায়।

রক্ত-জন্য অভিষ্যন্দ রোগের চিকিৎসা।

রক্ত-জন্য অভিষ্যন্দ অধিমন্থ সিরোৎপাত এবং সিরাহর্ষ এই চারি রোগ একই প্রণালীতে চিকিৎসা করিবে। এই সকল রোগের কুম্ভস্থ ঘৃতের দ্বারা স্নিগ্ধ করিয়া রসক্রিয়া সিরামোক্ষণ বিরেচন এবং শিরো-বিরেচন প্রয়োগ করিবে। ঘৃত এবং শর্করা যোগে বিরেচক দ্রব্যের ক্বাথ সেবন করিয়া দোষ অনুসারে প্রমেহ পরিষেচন নস্য ধূম আশ্চ্যো-তন অঞ্জন তর্পণ স্নিগ্ধক্রিয়া এবং পুটপাক যোগ প্রয়োগ করিবে।

নীলোৎপল বেণামূল রক্তচন্দন যষ্টিমধু মুথা লোধ পদ্মকাষ্ঠ এবং হরিদ্রা, নেত্রের চতুর্দ্দিকে এই সকল দ্রব্যের প্রলেপ প্রয়োগ করিবে। এই রোগে বলবতী যাতনা হইলে মৃদুস্বেদ এবং জলৌকা-পাতন বিধেয়। অধিক পরিমাণে ঘৃত পান করিলেও যন্ত্রণার শান্তি হয়। পিত্তজন্য অভিষ্যন্দ রোগের চিকিৎসাও এস্থলে প্রয়োজ্য। কেশুর ও যষ্টিমধুর চূর্ণ বস্ত্রগালিত করিয়া বর্ষার জলের সহিত আশ্চ্যো-তনে প্রয়োগ করিবে। রক্তলোধ অর্জ্জুন শ্রীপর্ণী (কটফল) ধাতকী আমলা বিল্ব, অথবা বৃহতী ও কণ্টকারীর পুষ্প, বিল্বপত্র এবং মঞ্জিষ্ঠা, মধু বা ইক্ষুরসে পিষিয়া রক্তাভিষ্যন্দ রোগে অঞ্জন প্রয়োগ করিবে। চন্দন কুমুদ তেজপত্র শিলাজতু কুঙ্কুম লৌহচূর্ণ তাম্রচূর্ণ এবং তুথ একত্র নিম্ব-নির্য্যাস-সহযোগে অঞ্জন প্রয়োজ্য। অথবা রাঙ্‌ এবং কাংস্যমল পুষ্প-রসে পিষিয়া অঞ্জন প্রয়োগ করিবে। অঞ্জনের নিমিত্ত স্থূল বর্ত্তি প্রশস্ত।

শিরোৎপাত-রোগে ঘৃত এবং মধু অঞ্জনে প্রয়োজ্য। সৈন্ধব এবং কাসীস স্তন্য-দুগ্ধে ঘর্ষণ করিয়া অঞ্জনে প্রয়োজ্য। শঙ্খ মনঃশিলা তুথ দারুহরিদ্রা এবং সৈন্ধব মধুযোগে অঞ্জনে প্রয়োজ্য। মুথা মরিচ এবং

স্বর্ণমাক্ষিক শিরীষ পুষ্পের রস সহযোগে, অথবা গিরিমৃত্তিকা ও মধু সংযোগে অঞ্জনে প্রয়োগ করিবে।

সিরাহর্ষ রোগে ফাণিত এবং মধু সংযোগে অঞ্জন প্রয়োজ্য। মধু সংযোগে রসাঞ্জন বা অম্লবেতস স্তন্য সংযোগে অথবা সৈন্ধব সংযোগে ফাণিত অঞ্জনে প্রযোজ্য।

অর্জ্জুন রোগ শান্তির জন্য পিত্তশান্তির প্রণালী অশেষরূপে প্রযোজ্য। ইক্ষুরস, মধু, চিনি, স্তন্যদুগ্ধ দারুহরিদ্রা যষ্টিমধু এবং সৈন্ধব এই সকল যোগে পরিষেচন ও অঞ্জন এবং অম্লরস সহযোগে আশ্চ্যোতন প্রযোজ্য। বীজপূর (টাবালেবু) কুল অথবা দাড়িম এই সকলের মধ্যে একটী দুইটী বা তিনটীরই রস সংযোগ করিবে। স্ফটিক প্রবাল শঙ্খ যষ্টিমধু এবং মধু, অথবা সমুদ্রফেণা শঙ্খ মধু এবং চিনি এই দুই যোগ অর্জ্জুন রোগে বিধেয়। সৈন্ধব মধু ও কতক ফল অথবা মধু সংযোগে রসাঞ্জন, বা মধু সংযোগে হিরেকস অঞ্জনে প্রয়োজ্য।

লৌহ-চূর্ণ, সকলপ্রকার ধাতু, লবণ, সকলপ্রকার রত্ন দন্ত এবং শৃঙ্গ, এইগুলি নেত্র-রোগের পক্ষে অবসাদনকর। কুক্কুটাণ্ডের খোলা লশুন ত্রিকটু করঙ্গবীজ এলাইচ এই সকল দ্রব্যের অঞ্জন লেখনকর। পুটপাকযোগ এবং রক্তস্রাব সম্পাদিত হইলে, এবং বিবিধপ্রকার অভিষ্যন্দনাশক যোগ প্রযুক্ত হইলে নিম্নলিখিত যোগের দ্বারা অব্রণ শুক্রের প্রতীকার করিবে। শুক্র রোগ উত্তানই হউক বা অবগাঢ় হউক, কর্কশ হউক বা সব্রণ হউক, শিরীষ-বীজ মরিচ পিপ্পলী সৈন্ধব একত্র যোগে অথবা কেবলমাত্র সৈন্ধবের দ্বারা ঘর্ষণ করিবে। অথবা তাম্রচূর্ণ শঙ্খ মনঃশিলা মরিচ এবং সৈন্ধব এই কতিপয় দ্রব্য অন্তভাগ হইতে ক্রমান্বয়ে দ্বিগুণিত করিয়া লইয়া একত্র অঞ্জনে প্রয়োগ করিবে। শঙ্খ, কুলের আঁটি, কতক ফল, দ্রাক্ষা, যষ্টিমধু এবং স্বর্ণমাক্ষিক, অথবা মধু, হস্তিদন্ত, সমুদ্রফেণা, শিরীষ-পুষ্প এই দুইটী যোগ শুক্র রোগে অঞ্জনে প্রযোজ্য। অথবা বলাস রোগে যে সকল ক্ষার ব্যবহার্য্য

তাহাও এস্থলে অঞ্জনে বিধেয়। অথবা নিস্তুষ ভর্জ্জিত মুদ্গ এবং শঙ্খ মধু ও চিনি যোগে বা মধু-যোগে মউলের সার বা বিভীতকের আঁটির মজ্জা মধু-যোগে অঞ্জনে প্রযোজ্য। শঙ্খ শুক্তি মধু দ্রাক্ষা মৌল এবং কতক একত্র অঞ্জনে প্রযোজ্য। শূল-যুক্ত দ্বিত্বক্-গত শুক্র রোগ হইলে বাতঘ্ন তর্পণ হিতকর, বংশলোচন অরুষ্কর তাল এবং নারিকেল দগ্ধ করিয়া বিস্রাবিত করিবে, তাহাতে করভের অস্থি-চূর্ণ ভাবিত করিবে, এইরূপ বহুবিধ অঞ্জন শুক্র রোগের বিবর্ণতানাশক।

অজকা রোগে সূচির দ্বারা পার্শ্ব বিদ্ধ করিয়া অন্তরস্থ জল স্রাবিত করিবে, পরে ঘৃত-সংযুক্ত গোমাংস-চূর্ণ দ্বারা সেইটী পূর্ণ করিবে। অজকা রোগ বর্ত্মমুখ পর্য্যন্ত প্রসারিত হইলে বিবিধপ্রকারে অবলেখন কর্ত্তব্য।

সশোফ বা অশোফ পাক রোগ হইলে স্নেহ-স্বেদ প্রয়োগ করিয়া শিরা বিদ্ধ করিবে। অনন্তর পরিষেচন আশ্চ্যোতন এবং পুটপাক যোগ প্রয়োগ করিবে। দেহের উর্দ্ধাধোভাগ শোধন করিয়া পশ্চাল্লিখিত অঞ্জন প্রয়োগ করিবে। মৈরেয় সুরা বা দধি, বা প্রচুর পরিমাণে দধি সংযোগে ঘৃত, বা তাম্রপাত্রস্থিত মাংস, ঘৃত সৈন্ধব যোগে কাংস্য-মলের সহিত, অথবা সৈন্ধব যোগে স্তন্য, বা মৌল বৃক্ষের সার এবং গিরিমৃত্তিকা সমভাগে লইয়া মধু সংযোগে, কিংবা স্তন্য যোগে ঘৃত সৈন্ধব এবং তাম্র, অথবা দাড়িম অশ্মন্তক (আমলকুচা) এবং কুল এই সকল অম্ল সৈন্ধব যোগে, অঞ্জনে প্রয়োগ করিবে। পাক রোগে রসক্রিয়া কর্ত্তব্য, এবং সৈন্ধব সংযোগে মাংস ও নাগর ঘৃতে স্থাপন করিয়া স্তন্য সংযোগে অঞ্জনে প্রয়োগ করিবে। জাতী-পুষ্প, সৈন্ধব শৃঙ্গবের পিপ্পলী-বীজ বিড়ঙ্গসার একত্র পিষিয়া মধুযোগে অঞ্জনে প্রয়োজ্য।

পূয়ালস রোগে শোণিত-মোক্ষণ এবং উপনাহ স্বেদ হিতকর। নেত্র-পাক-নাশক বহুবিধ যোগ এস্থলেও বিধান করিবে। হিরেকস

সৈন্ধব এবং আর্দ্রক অঞ্জনে প্রয়োজ্য। এই কয়েকটী দ্রব্য মধু-সংযোগে ভক্ষণও কর্ত্তব্য।

প্রক্লিন্নবর্ত্ম রোগে স্নেহাদির দ্বারা দোষ নিঃসারিত করিয়া দোষ অনুসারে তর্পণ পরিষেচন অঞ্জন আশ্চ্যোতন নস্য ধূম প্রয়োগ করিবে। মুথা হরিদ্রা যষ্টিমধু প্রিয়ঙ্গু শ্বেতসর্ষপ লোধ উৎপল শ্যামালতা এই সকলের চূর্ণ আশ্চ্যোতনে ও অঞ্জনে প্রয়োজ্য। রসাঞ্জন মধু তেজপত্র আমলকী একত্র করিয়া আশ্চ্যোতনে ও অঞ্জনে প্রয়োগ করিবে। বংশমূল বা ত্রিফলার কাথ বা পলাশ-পুষ্প বা খরমঞ্জরী পুষ্পের কাথ রসক্রিয়াতে প্রয়োজ্য। তাম্র ও কপাল খণ্ডে বর্ত্তী নির্ম্মাণ পূর্ব্বক অঞ্জন বিধান কর্ত্তব্য। কাংস্যমল তন্তুর সহিত দগ্ধ করিয়া ছাগী-দুগ্ধ সহ অঞ্জনে প্রয়োগ করিবে, এবং তাহাতে মরিচ ও তাম্র চূর্ণ সংযোগ করিয়া ভক্ষণ কর্ত্তব্য।

অক্লিন্নবর্ত্ম রোগে সমুদ্রফেণা সৈন্ধব শঙ্খ মুদ্গ শ্বেতমরিচ এই সকলের চূর্ণ অঞ্জনে প্রয়োজ্য। ইহাতে কণ্ডু শান্তি হয়।

প্রক্লিন্নবর্ত্ম রোগেও দোষানুসারে অক্লিন্নবর্ত্মের যোগও প্রয়োজ্য। এবং তাম্রঘটে কজ্জল প্রস্তুত করিয়া তুত্থক রসাঞ্জন ও ঘৃত যোগে প্রয়োগ করিবে।

ত্রয়োদশ অধ্যায়।

লেখ্য রোগের প্রক্রিয়া।

নয়প্রকার যে লেখ্য রোগ বলা হইয়াছে, সামান্যতঃ তাহার চিকিৎসা-বিধি বলা যাইতেছে। রোগীকে স্নিগ্ধ এবং বমন বিরেচন প্রয়োগ করিয়া, বায়ু ও আতপ শূন্য স্থানে গৃহে বসাইয়া, সুখোদকে বস্ত্র তপ্ত করিয়া, বর্ত্মদেশে স্বেদ প্রয়োগ করিবে। স্বেদ-প্রয়োগ-কালে বর্ত্মদেশ বস্ত্রের দ্বারা আবৃত করিয়া বৃদ্ধাঙ্গুষ্ঠ ও তর্জ্জনীর দ্বারা

বক্রভাবে ধরিবে অর্থাৎ দুই অঙ্গুলির দ্বারা চক্ষের দুই পাত টানিয়া রাখিবে, তাহাতে বর্ত্ম বিচলিত বা প্রশস্ত হয় না। তদনন্তর লেখনীয় স্থান শস্ত্রের দ্বারা অঙ্কিত করিয়া বস্ত্রের দ্বারা মার্জ্জনপূর্ব্বক শস্ত্র বা পত্রের দ্বারা লেখন-কার্য্য সম্পাদন করিবে। লেখন-ক্রিয়ার পর তাহাতে রক্ত থাকিলে স্বেদ প্রয়োগ করিবে। পারে মনঃশিলা কাসীস ত্রিকটু রসাঞ্জন সৈন্ধব মাক্ষিক সূক্ষ্মরূপে চূর্ণ করিয়া প্রতিসারণে প্রয়োগ করিবে। পরে প্রক্ষালন ও তাহাতে ঘৃত সেচন করিয়া ব্রণের ন্যায় আচরণ করিবে। স্বেদ অবপীড়ন প্রভৃতি তিন দিন অন্তর প্রয়োগ করিবে। লেখন-ক্রিয়ার এই সংক্ষেপ বিধি। রক্তের আস্রাব রহিত হইলে, কণ্ডূ ও শোফ না থাকিলে, লিখিত স্থান নখের ন্যায় সমতল হইলে, সম্যক্ লিখিত হইয়াছে জানিবে। লেখন-ক্রিয়ার পর চক্ষু রক্তবর্ণ হইলে, শোফ পরিস্রাব বা তিমির রোগ হইলে, পীড়া শান্তি না হইলে, বর্ত্মদেশ শ্যাববর্ণ গুরু স্তব্ধ কণ্ডূ হর্ষ ও উপদেহ-বিশিষ্ট (চটচটে) হইলে, ও নেত্রপাক হইলে, দুর্লিখিত হইয়াছে বলিয়া জানিবে। বেদনা ও অতিশয় স্রাব-বিশিষ্ট হইলে অতিস্রাবিত বলিয়া জানিবে। এরূপ স্থলে স্নেহ স্বেদ প্রভৃতি হিতকর এবং বায়ুশান্তিকর বিধি প্রয়োজ্য।

বর্ত্মাবরত্ম ক্লিষ্ট-বর্ত্ম বহলবর্ত্ম পোথকী শ্যাববর্ত্ম এবং কর্দ্দমবর্ত্ম রোগে আচ্ছাদিত রাখিয়া (অপর ভাগ) সমভাগে লেখন করিবে। কুম্ভীকিনী শর্করা এবং উৎসঙ্গিনী রোগে আগে শস্ত্রের দ্বারা কর্ত্তন করিয়া পরে লেখন করিবে। বর্ত্মদেশে কঠিন পীড়কা হইলে বা হ্রস্বজাত্য বা তাম্রা রোগ হইলে, অগ্রে ভেদ করিয়া পরে লেখন করিবে। বাহ্যবর্ত্মে (চক্ষুর পাতার উপরিভাগে) অল্প-বেদনা-বিশিষ্ট পিড়কা জন্মিলে) স্বেদ আলেপন ও শোধনের দ্বারা উপশম করিবে।

চতুর্দ্দশ অধ্যায়।

ভেদ্য রোগের প্রক্রিয়া।

বিসগ্রন্থি রোগে গ্রন্থি নিরাশ্রয়ভাবে পাকিয়া উঠিলে ইহার ছিদ্র সমস্ত ভেদ করিয়া সৈন্ধবের দ্বারা অবচূর্ণিত করিবে। কাসীস মাগধী-পুষ্প (যুঁই ফুল) মনঃশিলা এলাইচ ঘৃত মধু সংযোগে প্রয়োগ করিয়া সম্যক্‌রূপে বন্ধন করিবে।

লগণ রোগে ভেদ করিয়া গোরোচনা ক্ষারতুত্থক (তুঁতে) পিপ্‌পলী ইহাদিগের কোন একটী মধুযোগে প্রতিসারণে প্রয়োগ করিবে।

অঞ্জন রোগে স্বেদ প্রয়োগ করিবে, পরে ভেদ করিয়া নিষ্পীড়ন করিবে। তদনন্তর মনঃশিলা এলাইচ সৈন্ধব ও মধুযোগে প্রতিসারণ করিবে। অথবা ভেদ করিয়া রসাঞ্জন ও মধুযোগে প্রতিসারণপূর্ব্বক দীপশিখাজাত উষ্ণ অঞ্জন প্রয়োগ করিবে।

কৃমি-গ্রন্থি-রোগে প্রথমতঃ সম্যক্ স্বেদ প্রয়োগ করিবে। পরে ত্রিফলা তুত্থ কাসীস ও সৈন্ধব যোগে প্রতিসারণপূর্ব্বক রসক্রিয়া করিবে।

কফজন্য উপনাহ রোগে ভেদ করিয়া এবং মণ্ডলাগ্র শস্ত্রের দ্বারা লেখনপূর্ব্বক নেত্রের চতুর্দ্দিক্ পিপ্‌পলী মধু ও সৈন্ধব যোগে প্রচ্ছাদিত করিবে।

এই পঞ্চ ভেদ্য রোগে স্নেহ ও পত্রভঙ্গের দ্বারা স্বেদ প্রয়োগ করিবে। ব্রণ পাকিয়া উঠা পর্য্যন্ত যেরূপ প্রতীকার বিধান হইয়াছে এই পঞ্চ রোগের প্রথমাবস্থায় তাহাই প্রয়োজ্য। পাকিয়া উঠিলে সকল ঋতুতেই স্নেহ প্রয়োগপূর্ব্বক পূর্ব্বোক্ত বিধি অনুসারে কার্য্য করিয়া পশ্চাৎ ব্রণ রোপণ করিবে।

পঞ্চদশ অধ্যায়।

ছেদ্য রোগের প্রক্রিয়া।

অর্ম্ম রোগ বলির ন্যায় হইলে রোগীকে স্নিগ্ধ করিবে এবং ভোজন করাইবে। পরে উপবেশন করাইয়া নেত্রে লবণ চূর্ণ প্রয়োগ করিয়া রক্তবর্ণ করিবে। রক্তবর্ণ হইলে স্বেদ প্রয়োগ করিয়া ঘট্টিত করিবে (রগড়াইবে)। পরে স্বীয় অপাঙ্গ অভিমুখে দৃষ্টি করাইয়া পূর্ব্বোক্ত বলিতে বড়িশ লাগাইয়া মুচুণ্ডীর দ্বারা ধরিয়া রাখিবে। অথবা এই-রূপ করিয়া ও পুনর্ব্বার সূচীসূত্রের দ্বারা বিদ্ধ করিয়া রাখিবে। এরূপ অবস্থায় নেত্র সহসা উন্নমিত করা কর্ত্তব্য নহে। শস্ত্রপাতের আশঙ্কায় চক্ষুর দুই পাত দৃঢ়রূপে টানিয়া রাখিবে। পরে পূর্ব্বোক্ত তিন উপায়ের দ্বারা বাল শিথিল হইয়া বিলক্ষণ লম্বিত হইলে তীক্ষ্ণ মণ্ডলাগ্র শস্ত্রের দ্বারা লেখন করিবে। বলিটীর শুক্লভাগস্থ মূল পরে কৃষ্ণভাগস্থ ক্রমশঃ লেখন করিয়া কনীনিকার উপান্তে লইয়া যাইবে। পরে মাংসের চতুর্থভাগ রাখিয়া ছেদন করিবে। তাহাতে চক্ষুর কোনপ্রকার বিপদের সম্ভাবনা থাকে না। পূর্ব্বোক্ত উপান্তভাগ অতিক্রম করিয়া কনীনিকাতে আঘাত লাগিলে রক্ত নিঃসরণ হয় এবং নালী রোগ জন্মে। ছেদ অল্প হইলে পুনর্ব্বার শীঘ্র বৃদ্ধি হয়। অর্ম্ম রোগ জালের ন্যায় উন্মার্জ্জন করিবে। তাহাতে শিথিল হইয়া লম্বিত হইলে চক্ষুর পাতা এবং শুক্লভাগের মধ্যে সেই জাল বক্রমুখ শস্ত্রের দ্বারা ছেদন করিবে। পরে যবশূক ত্রিকটু এবং সৈন্ধবচূর্ণের দ্বারা প্রতিসারণ করিবে। প্রতিসারিত হইলে স্বেদ প্রয়োগপূর্ব্বক বন্ধন করিবে। দেশ ঋতুর বল এবং কাল (দিবা ও রাত্রি) বিবেচনা করিয়া স্নেহ প্রয়োগ করিবে এবং ব্রণের প্রণালী-ক্রমে চিকিৎসা করিবে। তিন দিন অন্তর বন্ধন মোচন করিয়া করস্বেদ (অগ্নিতে হস্ত তপ্ত করিয়া) প্রদান পূর্ব্বক শোধন প্রয়োগ করিবে। চক্ষুতে

যাতনা থাকিলে করঞ্জবীজ আমলকী এবং যষ্টিমধু সহ পাক করা দুগ্ধ প্রাতঃ ও সায়ংকালে মধু সংযোগে আশ্চ্যোতনে প্রয়োগ করিবে। যষ্টিমধু উৎপল কিঞ্জল্ক সংযোগে এবং দূর্ব্বা দুগ্ধে পিষিয়া ঘৃত শীতল প্রলেপ মূর্দ্ধ-দেশে-প্রয়োগ করা হিতকর। অর্ম্ম রোগ ছেদন করিলে পর যাহা কিছু অবশিষ্ট থাকে, তাহা লেখ্য অঞ্জনের দ্বারা ক্ষয় করিবে।

অর্ম্ম রোগ দধির ন্যায় শ্বেত অথবা নীল বা রক্ত কিংবা ধূসর বর্ণ হইলে শুক্র রোগের প্রণালীক্রমে তাহার চিকিৎসা করিবে। অর্ম্ম চর্ম্মের ন্যায় অথবা বহল হইলে এবং স্নায়ু ও মাংসে আবৃত হইলে অথবা কৃষ্ণমণ্ডলে অর্ম্ম রোগ হইলে ছেদন-ক্রিয়া কর্ত্তব্য। অর্ম্ম রোগ ছেদন করিলে, চক্ষু বিশুদ্ধ-বর্ণ বিশিষ্ট অক্লিষ্ট এবং যাতনাশূন্য হয়।

সিরা জাল রোগে, সিরা কঠিন হইলে বড়িশ সংলগ্নপূর্ব্বক লম্বিত করিয়া মণ্ডলাগ্র শস্ত্রের দ্বারা লেখন করিবে। সিরা-জাত পিড়কা রোগ ঔষধে আরোগ্য না হইলে, অর্ম্ম রোগের ন্যায় মণ্ডলাগ্র শস্ত্রের দ্বারা সেই সকল পিড়কা ছেদন করা কর্ত্তব্য। সিরাজাল এবং সিরা-জাত পিড়কা রোগে উপর্য্যুক্ত প্রতিসারণ এবং দোষানুসারে লেখন-দ্রব্য প্রয়োগ করা বিধেয়।

পর্ব্বণিকা রোগে সন্ধিস্থানে স্বেদ প্রয়োগ করিয়া শোফের একাংশ পরিত্যাগ করিয়া পূর্ব্বোক্ত-মতে তিন অংশ অন্তরে বড়িশ সংলগ্ন করিবে। পূর্ব্ববৎ লম্বিত হইলে একাংশ রাখিয়া তিন অংশ ছেদন করিবে। তদনন্তর সেই একাংশের অর্দ্ধেক ছেদন করিবে। ইহার অন্যথা হইলে অশ্রুনাড়ী জন্মে অর্থাৎ নিরন্তর অশ্রুপাত হয়। পরে মধু ও সৈন্ধব একত্র যোগে প্রতিসারিত করিবে। শোফের অবশিষ্টাংশে লেখনীয় দ্রব্যের চূর্ণ প্রয়োগ করিবে। শঙ্খ সমুদ্র ফেণ মঞ্জিষ্ঠ ঝিনুক স্ফটিক পদ্মরাগ (চূর্ণ) প্রবাল অশ্মন্তক বৈদূর্য্য উৎপল মুক্তা এবং লৌহ ও তাম্র চূর্ণ সমভাগে একত্র পিষিয়া স্রোতাঞ্জন সহ-

যোগে মেষ শৃঙ্গ মধ্যে স্থাপন করিয়া প্রাতঃকাল ও সায়ংকালে নেত্রে প্রয়োগ করিবে *। ইহাতে সকল অর্ম্ম রোগ পিড়কা সিরাজাল, নেত্রের সকল প্রকার অর্শোরোগ শুষ্কার্শ এবং অর্ব্বুদ রোগের শান্তি হয়।

বর্ত্মের অভ্যন্তরে রোগ জন্মিলে অগ্রে স্বেদ প্রয়োগ করিবে পরে বর্ত্ম বক্রভাবে ধরিয়া সূচীর দ্বারা তাহা উৎক্ষেপণ পূর্ব্বক মণ্ডলাগ্র শস্ত্রের দ্বারা মূলে ছেদন করিবে। তদনন্তর সৈন্ধব হিরেকস এবং লৌহচূর্ণ দ্বারা প্রতিসারিত করিবে। রক্ত নিঃসরণ হইতে থাকিলে শলাকার দ্বারা দগ্ধ করিবে। রোগের শেষ থাকিলে ক্ষারের দ্বারা লেখন কার্য্য করিবে। তীক্ষ্ণ বমন বিরেচন প্রয়োগ করিবে, এবং দোষানুসারে অভিষ্যন্দ রোগের বিধান সমস্ত অবলম্বন করিবে।

ষোড়শ অধ্যায়।

পক্ষ্মকোপের প্রতিকার।

পক্ষ্মপ্রকোপ বর্ত্মগত রোগ। ইহা যাপ্য বলিয়া কথিত হইয়াছে। এই রোগে রোগীকে স্নিগ্ধ করনান্তর উপবেশন করাইয়া বর্ত্মের (চক্ষুর পাতার) উপরি ভাগে, ভ্রূর অধোভাগে দুই অংশ পরিত্যাগ করিয়া অবশিষ্ট তৃতীয়াংশ অর্থাৎ কনীনিকা ও অপাঙ্গের সমভূমি স্থান, ছেদন করিবে। শস্ত্রের দ্বারা যবের আকারে ছেদন করিয়া ছিন্ন অংশের দুই মুখ চুলের দ্বারা সীবন করিবে। তদনন্তর ঘৃত মধু প্রয়োগ করিয়া ব্রণের ন্যায় আচরণ করিবে। সীবনের পর ললাট দেশে পট্ট বন্ধন করিয়া রাখিবে, ছিন্ন মুখ পরস্পর সংলগ্ন হইলে

* লেখনীয় অঞ্জন প্রয়োগের অভিপ্রায় এই যে নেত্রে শোফ ও বলি প্রভৃতির যাহা অবশিষ্ট থাকে তাহা ক্রমশঃ ক্ষয় হইয়া যায়। অতএব পীড়িত স্থানে প্রয়োগ কর্ত্তব্য।

সেই চুল অপসারিত করিবে। ইহাতে যদি রোগের শান্তি না হয়, তবে চক্ষুর পাতা বক্রভাবে ধারণ করিয়া দোষোৎস্পৃষ্ট স্থান ছেদন পূর্ব্বক অগ্নি বা ক্ষারের দ্বারা প্রতিসারিত করিবে। অথবা বড়িশ প্রভৃতি তিন উপায়ের দ্বারা পূর্ব্বোক্ত মতে পক্ষ্মমালা গ্রহণ পূর্ব্বক হরীতকী অথবা তুবরকের (সৌরাষ্ট্র মৃত্তিকা) চূর্ণের দ্বারা প্রতিসারিত করিবে। এই কয় প্রকার যোগ এবং বিরেচন আশ্চ্যোতন নস্য ধুম আলেপ অঞ্জন স্নেহ এবং রসক্রিয়া পক্ষ্মকোপ রোগে প্রশস্ত।

সপ্তদশ অধ্যায়।

দৃষ্টিগত রোগের প্রতীকার।

দৃষ্টিগত রোগের মধ্যে তিনটী সাধ্য, তিনটী অসাধ্য এবং ছয়টী যাপ্য। ইহাদিগের মধ্যে ধূমদর্শীর প্রতিকার বলা হইয়াছে (শ্লেষ্মা-ভিষ্যন্দ প্রক্রিয়ার শেষ ভাগে দ্রষ্টব্য) পিত্তবিদগ্ধ এবং শ্লেষ্ম-বিদগ্ধ দৃষ্টির স্থলে, শস্ত্রপাত ব্যতিরেকে নস্য পরিষেচন অঞ্জন আলেপন পুট-পাক এবং তর্পণের দ্বারা শ্লেষ্মা ও পিত্তনাশক বিধান অবলম্বন করিবে। দৃষ্টি, পিত্ত-বিদগ্ধ হইলে ত্রিফলা সহযোগে ঘৃত, শ্লেষ্ম-বিদগ্ধের স্থলে ত্রিবৃৎ সংযোগে ঘৃত এবং উভয় স্থলেই পুরাতন ঘৃত অথবা তিল্বক (লোধ বিশেষ) সহযোগে ঘৃত পাক করিয়া পান করাইবে। গৈরিক (গিরিমৃত্তিকা) সৈন্ধবমসী (সৌরাষ্ট্রমৃৎ) গোদন্তা, মরিচ, অথবা গোমাংস, মরিচ শিরীষবীজ এবং মনঃশিলা, অথবা কপিত্থের বৃন্ত এবং আত্মগুপ্তবীজ, এই কয়েকটী যোগ মধু সংযোগে উভয় স্থলেই অঞ্জনে প্রয়োজ্য। কুব্জক (পুষ্পবৃক্ষ বিশেষ) অশোক শাল আম্র প্রিয়ঙ্গু পদ্ম রক্তোৎপল রেণুকা মরিচ হরীতকী আমলকী এই সকলের চূর্ণ ঘৃত ও মধু সংযোগে বংশনাড়ী মধ্যে (বাঁশের চোঙ্গাতে) রাখিয়া পিত্ত শ্লেষ্মা

রোগে অঞ্জনে প্রয়োগ করিবে। অথবা আম্রপুষ্প জম্বুপুষ্প এবং রেণুকা আম্র এবং জম্বুর পিষিয়া. অঞ্জনে প্রয়োগ করিবে। পদ্ম রক্তোৎপল পদ্মকেশর গৈরিক এই সকল গোময়রসে পিষিয়া শোষণ পূর্ব্বক চূর্ণ করিবে। ইহাকে গুড়িকাঞ্জন বলে। ইহা দিবান্ধ রাত্র্যন্ধ উভয় স্থলেই হিতকর।

পিত্তোপহত দৃষ্টির স্থলে, রসাঞ্জন রস মধু তালীশ স্বর্ণ এবং গৈরিক গোময় রস যোগে অঞ্জনে প্রয়োগ করিবে। অথবা আসন বৃক্ষ স্রোতোঞ্জন কূর্ম্মপিত্ত বা রোহিত-পিত্তরসে ভাবিত করিয়া অঞ্জনে প্রয়োগ করিবে, ইহাকে চূর্ণাঞ্জন বলে। গাম্ভারীপুষ্প যষ্টিমধু দারু-হরিদ্রা লোধ এবং রসাঞ্জন মধু সংযোগে এই অঞ্জন হিতকর।

স্রোতোহঞ্জন সৈন্ধব মরিচ রেণুকা ছাগমূত্রে পিষিয়া বর্ত্তী নির্ম্মাণ করিবে। এই অঞ্জনে রাত্র্যন্ধতা আরোগ্যহয়।

শ্লেষ্মোপহত দৃষ্টির স্থলে, রক্তচন্দন মরিচ শুণ্ঠী মৌল তালীশপত্র হরিদ্রা দারুহরিদ্রা মুথা গোময়রসে পিষিয়া বর্ত্তি নির্ম্মাণ পূর্ব্বক ছায়াশুষ্ক করিবে। অথবা মনঃশিলা হরীতকী ত্রিকটু বেড়েলা রক্ত-চন্দন এবং সমুদ্রফেণা ছাগীদুগ্ধে পিষিয়া বর্ত্তি নির্ম্মাণ করিবে। গোরোচনা মদিরা গোময় আমলকীর রসে বা অন্য কোন প্রকার ক্ষুদ্রাঞ্জন যকৃৎরসে বা ত্রিফলার রসে পাক করিয়া অঞ্জনে প্রয়োগ করিবে। গোমূত্র ঘৃত সমুদ্রফেণা পিপ্পলী মধু এবং কট্‌ফল সৈন্ধবের যোগে বাঁশের গহ্বর মধ্যে স্থাপন করিয়া পরে অঞ্জনে প্রয়োগ করিবে। ছাগলের বসা ও পিত্ত এবং ছাগলের ঘৃত, পিপ্পলী সৈন্ধব আমলকীর রসে পাক করিয়া মধু সংযোগে খদিরের কোষে রাখিবে। এইরূপ ক্ষুদ্রাঞ্জন হিতকর। বেণুকা পিপ্পলী ছাগলের যকৃৎ অস্থি এবং বসা ও এলাইচ গোময়রস সংযোগে অঞ্জন প্রস্তুত করিয়া প্রয়োগ করিবে।

রাত্র্যন্ধের স্থলে গোধার যকৃৎ অর্দ্ধ পাটিত করিয়া তাহাতে পিপ্পলী পূর্ণ করিয়া অগ্নিতে পাক করিবে। ইহা অঞ্জনে প্রয়োজ্য। ছাগলের

যকৃৎ পিপ্পলী সহ অগ্নিতে পাক করিবে। ইহার দ্বারা একবার মাত্র অঞ্জন প্রয়োগ করিলে রাত্র্যন্ধতা আরোগ্য হয়। ছাগলের প্লীহা এবং যকৃৎ উভয় মাংস ঘৃত তৈল সংযোগে পাক করিয়া ভোজন করিবে। পূর্ব্বোক্ত যকৃৎ ও প্লীহা তৈল সংযোগে অঞ্জনে প্রয়োগ করিবে।

দিবান্ধের স্থলে, নদীজ (অর্জ্জুনবৃক্ষ) শিম্বী (সীম) কটুকী মনঃশিলা হরিদ্রা দারু-হরিদ্রা ও রক্তচন্দন যকৃতের রস সহযোগে অথবা গুটিকা প্রস্তুত করিয়া অঞ্জনে প্রয়োগ করিবে।

ছয় প্রকার যাপ্য রোগের স্থলে পুনঃ পুনঃ শিরা মোক্ষণ করিবে, এবং পুরাণ ঘৃত যোগে বিরেচন দ্রব্যের দ্বারা বিরেচনও করাইবে। বায়ু জন্য রোগে দুগ্ধ সহ এরণ্ড তৈল, এবং ত্রিফলা সংযোগে ঘৃত শোধনে প্রয়োজ্য। বিশেষতঃ রক্তজন্য বা পিত্তজন্য রোগের স্থলে ত্রিফলা সংযোগে ঘৃত অতি প্রশস্ত। কফজন্য রোগে ত্রিবৃতের বিরেচন এবং ত্রিদোষ জন্য রোগে ত্রিবৃৎ সংযোগে পাক করা তৈল বিধেয়।

তিমির রোগে লৌহপাত্রস্থিত পুরাতন ঘৃত হিতকর। ত্রিফলা সংযোগে বা মেষশৃঙ্গ সংযোগে বা মেষশৃঙ্গ সংযোগে পাক করা ঘৃতও হিতকর। পিত্তজন্য তিমির রোগে প্রচুর পরিমাণে ঘৃত সংযোগে ত্রিফলা চূর্ণ, বায়ু জন্য তিমির রোগে তৈল সংযোগে ত্রিফলা চূর্ণ এবং কফ জন্য তিমির রোগে প্রচুর পরিমাণে মধু সংযোগে ত্রিফলা -চূর্ণ অবলেহন করিবে। গোময়ের ক্বাথ এবং লবণ সংযোগে উত্তম রূপে পাক করা তৈলও তিমির রোগে হিতকর। পিত্ত জন্য তিমির রোগে ছাগ বা মেষের ঘৃত কাকোল্যাদি গণ সহযোগে পাক করিয়া সেবন করিবে। বাতরক্ত জন্য তিমির রোগে কাকোল্যাদি গণ যোগে পাক করা তৈল বা অণুতৈল প্রয়োজ্য। মৃণালি লতা অশ্বগন্ধা পীতবেড়েলা হরিদ্রাযোগে তৈল পাক করিয়া নস্যে প্রয়োগ করিবে। দুগ্ধ মন্থন করিয়া (দধি নহে) যে ঘৃত জন্মে সেই ঘৃত এবং জলজাত বা জলীয় দেশ জাত পশুর মাংস সংস্কারজাত ঘৃত

সৈন্ধব লবণ ও গৃধ্র ও হরিণের মাংস যোগে পাক করিয়া ঘৃত মধু যোগে পুটপাকে প্রয়োগ করিবে। গৃধ্র সর্প ও কুক্কুটের বসা যষ্টিমধু যোগে অঞ্জনে প্রয়োগ করিবে। তিমির রোগে চক্ষু রক্তবর্ণ হইলে, স্রোতোঞ্জন মাংসরস দুগ্ধ ও ঘৃতে ক্রমান্বয়ে ভাবিত করিয়া কৃষ্ণ সর্পের মুখে স্থাপন পূর্ব্বক কুশে জড়াইয়া একমাস কাল রাখিবে। পরে মালতী পুষ্পের ক্ষার ও সৈন্ধব যোগে তাহা ব্যবহার করিবে।

কাচ রোগে পূর্ব্বোক্ত অঞ্জন তিন দিবস গব্য দুগ্ধে ভাবিত করিয়া অঞ্জনে প্রয়োগ করিবে। পিত্তজন্য রোগে, দুগ্ধ জাত ঘৃত কাকোল্যাদি প্রভৃতি মধুর গণ যোগে পাক করিয়া নস্য ও তর্পণে প্রয়োগ এবং জাঙ্গল পশুর মাংসসহ পাক করিয়া পুটপাকে প্রয়োগ হিতকর। রসাঞ্জন চিনী মধু এবং মনঃশিলা যষ্টিমধু এই ক্ষুদ্রাঞ্জনও প্রয়োজ্য। রসাঞ্জন স্বর্ণমাক্ষিক সমভাগ চূর্ণ করিয়া অঞ্জনে প্রয়োজ্য। লোধ ও গন্ধোদকে ভাবিত রসাঞ্জন অঞ্জনে প্রয়োগ করা হিতকর। শ্লেষ্মা জন্য কাচ রোগে তুথক মেষশৃঙ্গ এবং রসাঞ্জন সমভাগে অঞ্জনে প্রয়োগ করা হিতকর। পলাশ রোহিত (বৃক্ষ) এবং মৌলের রস মধু এবং মদ্যের অগ্রভাগসহ, বেণামূল লোধ্র ত্রিফলা ও প্রিয়ঙ্গু পাক করিয়া নস্যে প্রয়োগ করিলে কফ জন্য রোগের শান্তি হয়। বনস্পতি (যাহার ফুল না হইয়া ফল জন্মে) ক্বাথ এবং বেণামূল ও হরিদ্রার চূর্ণ সহযোগে ঘৃত পাক করিয়া তর্পণে প্রয়োগ করিবে। পিপ্পলী স্বর্ণমাক্ষিক ও সৈন্ধব মাংসরস যোগে পুটপাকে প্রয়োজ্য। মনঃশিলা ত্রিকটু সৈন্ধব স্বর্ণমাক্ষীক শঙ্খ হিরেকস, রসাঞ্জন একত্র যোগে রসক্রিয়া করিবে। হিরেকস রসাঞ্জন হরীতকী গুড় ও শুণ্ঠী একত্র যোগে অঞ্জন প্রস্তুত পূর্ব্বক নিশাচরের অস্থি মধ্যে রাখিয়া স্থির-জল মধ্যে এক মাস কাল স্থাপন করিবে। সেই অঞ্জন মেষশৃঙ্গীর পুষ্প ও মধু যোগে সকল প্রকার নেত্র রোগে প্রয়োজ্য।

পরিম্লায়ী রোগে পিত্তজন্য বা রক্তজন্য রোগের বিধি অনুসারে

চিকিৎসা করিবে, অথবা দোষ অনুসারে অভিষ্যন্দ রোগের চিকিৎসা প্রণালীও এস্থলে বিধেয়। কল্পস্থানে যে সকল অঞ্জন বলা হইয়াছে তাহাও এস্থলে প্রয়োজ্য।

তিমির রোগে পুরাতন ঘৃত ত্রিফলা শতমূলী পটোল মুদ্গ আমলক এবং যব, কিম্বা কেবল শতমূলীর পায়স অথবা তাহাতে আমলকী সংযোগ পূর্ব্বক সেবন করিবে। অথবা প্রচুর পরিমাণে ঘৃত ও ত্রিফলার কাথ সহযোগে যবান্ন সেবন করিবে। জীবন্তী সুনিষণ্ণক (সুশুনী) তণ্ডুলীয়ক (চাপানোটে) বাস্তক চিল্লী মূলক (হিংচে) পোতিকা, এই সকল শাক এবং পশু পক্ষীর মাংস দৃষ্টির পক্ষে হিতকর। পটোল কর্কোটক কারবেল্ল তর্কারি করীর শিগ্রু এবং আর্ত্তগল, ইহাদিগের শাকও ঘৃতে ভর্জন করিয়া সেবন করিবে। তিমির রোগে চক্ষু রক্তবর্ণ হইলে শিরামোক্ষণ করিবে না, তাহাতে দোষ উৎপীড়িত হইয়া দৃষ্টি নাশ করে। তিমির রোগে দোষ প্রথম পটলে আশ্রয় করিলে এবং চক্ষু রক্তবর্ণ না হইলে সহজে আরোগ্য হয়, দ্বিতীয় পটলে আশ্রয় করিলে এবং চক্ষু রক্তবর্ণ হইলে কষ্টে আরোগ্য হয়, এবং তৃতীয় পটলে আশ্রয় করিলে যাপ্য থাকে। এই রোগে চক্ষু রক্তবর্ণ হইলে যাপ্য রাখিবার জন্য যথাবিধি ক্রিয়া করিবে, এবং জলৌকা প্রয়োগ করিবে।

শ্লেষ্মা-জন্য লিঙ্গনাশ রোগের চিকিৎসা বলা যাইতেছে। দৃষ্টি মধ্যে দোষ জন্য অর্দ্ধচন্দ্র বা জলবিন্দু বা মুক্তার ন্যায় আকার, অচল, বিষম অথবা সূক্ষ্ম, বহুপ্রভা-বিশিষ্ট অথবা কেবল রেখা বিশিষ্ট, বেদনা বিশিষ্ট বা কেবল রক্তবর্ণ লক্ষিত হইলে, অতিশয় উষ্ণ বা অতিশয় শীতল না হয় এরূপ কালে রোগীকে প্রথমতঃ স্নেহ ও স্বেদ প্রয়োগ করাইবে। পরে যন্ত্র প্রয়োগ পূর্ব্বক ও উপবেশন করাইয়া আপনার নাশা দৃষ্টি করাইবে। অনন্তর কৃষ্ণমণ্ডল এবং অপাঙ্গ হইতে শুক্ল ভাগ মুক্ত করিয়া নয়ন উন্মীলন পূর্ব্বক শিরাজাল মোচন করিবে।

পরে অধো বা উর্দ্ধভাগ পরিত্যাগ করিয়া পার্শ্বস্থ দৈবকৃত ছিদ্রে, অঙ্গুষ্ঠ প্রভৃতি অঙ্গুলিত্রয়ের দ্বারা যবমুখী শলাকা ধারণ পূর্ব্বক বিশ্বস্তভাবে প্রবিষ্ট করিবে। দক্ষিণ চক্ষে বিদ্ধ করিতে হইলে বাম হস্তে এবং বাম চক্ষু বিদ্ধ করিতে হইলে দক্ষিণ হস্তে শলাকা ধারণ করিবে। বারি-বিন্দু নিঃসরণ এবং শব্দ হওয়া সম্যক বিদ্ধের লক্ষণ। বিদ্ধ হওয়া মাত্রই স্তনদুগ্ধ সেচন করিবে। নেত্র মণ্ডলে দোষ সচল হউক বা অচল হউক বাহ্যদেশ হইতে তাহাতে স্বেদ প্রয়োগ করিবে। পরে নেত্রপার্শ্বে শলাকা স্থাপন পূর্ব্বক বায়ুনাশক লেপ প্রয়োগ করিবে। পরে শলাকার অগ্রভাগের দ্বারা দৃষ্টি মণ্ডলে লেখন করিবে। পূর্ব্বোক্ত রূপে নেত্র পার্শ্বে স্থাপিত শলাকা রুদ্ধ রাখিয়া নাসারন্ধ্র উচ্ছিঙ্ঘন (নস্যের ন্যায় টানিয়া লওয়া) পূর্ব্বক দৃষ্টিমণ্ডল গত কফ নাশ করিবে। দৃষ্টিমণ্ডল যখন ঘর্ম্মবিন্দুর কিরণের ন্যায় দীপ্তি পায়, তখন ইহাকে সম্যক্ লিখিত হইয়াছে বলিয়া জানিবে। অনন্তর রূপ দৃষ্ট হইলে নেত্র পার্শ্বস্থ শলাকা অপনীত করিবে, এবং নেত্র ঘৃতে অভ্যক্ত করিয়া বস্ত্র পাট করিয়া বন্ধন করিবে।

তদনন্তর অক্লেশকর গৃহে উত্তান ভাবে শয়ান হইবে। তৎকালে উদ্গার কাশ হাঁচি ষ্ঠীবন জৃম্ভন প্রভৃতি উর্দ্ধগত কার্য্য কিছুই করিবে না। স্নেহপীতের ন্যায় আচরণ করিবে। তিন দিন অন্তর বায়ুশান্তিকর কষায়ের দ্বারা ধৌত করিবে। তিন দিনের পর স্বেদ প্রয়োগ করিবে এইরূপ নিয়ম দশ দিন পালন করিলে দৃষ্টি প্রসন্ন হয়। এই অবস্থায় লঘু অন্ন পরিমিত মাত্রায় ভোজন করিবে। শিরাব্যাধ অধ্যায়ে যে সকল ব্যক্তি বর্জিত হইয়াছে নীলিকা রোগ হইলে তাহাদিগের শিরাবিদ্ধ করা কর্ত্তব্য নহে তাহা হইলে শিরা সঞ্চালিত রক্ত কর্ত্তৃক চক্ষু পরিপূর্ণ হয়। তাহাতে স্তন্যদুগ্ধ যষ্টিমধু সংযোগে পাক করা ঘৃত সেচন হিতকর। অপাঙ্গ সন্নিহিত স্থান বিদ্ধ হইলে নেত্রে ফুলা, শূল, অশ্রু প্রবৃত্তি জন্মে এবং রক্তবর্ণ হয় তাহাতে উপনাহ স্বেদ প্রয়োগ

এবং ভ্রূমধ্যে উষ্ণঘৃত সেচন করিবে। কৃষ্ণমণ্ডল সন্নিহিত স্থান বিদ্ধ হইলে বিরেচন ঘৃত সেচন এবং রক্তমোক্ষণ বিধেয়। উপরিভাগ বিদ্ধ হইলে কষ্টদায়ক বেদনা জন্মে সে স্থলে ঈষদুষ্ণ ঘৃত সেচন প্রশস্ত। নেত্রের অধোভাগ বিদ্ধ হইলে অত্যর্থ যাতনা অশ্রুপ্রবৃত্তি জন্মে এবং রক্তবর্ণ হয় তাহাতেও পূর্ব্ববৎ প্রতিকার করিবে। নেত্র অতিশয় বিঘট্টিত হইলে রক্তবর্ণ, অশ্রুপ্রবৃত্তি, বেদনা স্তম্ভ এবং হর্ষ এই সকল উপদ্রব হয় তাহাতে স্নেহক্রিয়া স্বেদ প্রয়োগ এবং অনুবাসন হিতকর। এই রোগে দোষ নিঃশেষ প্রায় হইলেও পুনর্ব্বার নূতন দোষ উর্দ্ধগত হইয়া রক্তবর্ণ শুক্র রোগ জন্মায় তাহাতে তীব্র যাতনা ও দৃষ্টি হানি হয়, এই স্থলে মধুর দ্রব্য সংযোগে পাক করা ঘৃত সেচন কর্ত্তব্য এবং তৎসহযোগে শিরোবস্তি প্রয়োগ এবং মাংসযোগে ভোজন বিধেয়। দোষ বলবান্ হইয়া সম্পূর্ণ মেঘমণ্ডলের ন্যায় আকার হইলে শলাকার দ্বারা পরিষ্কার করিবে। মূর্দ্ধিদেশে অভিঘাত, ব্যায়াম, ব্যবায়, বমি, মূর্চ্ছা এবং রোগের অতি তরুণাবস্থায় বিদ্ধ হওয়া, এই সকল কারণে দোষ পুনর্ব্বার কুপিত হয়। শলাকা কর্কশ হইলে নেত্রে শূল জন্মে, খর হইলে দোষ বৃদ্ধি হয়, স্থূলাগ্র হইলে ব্রণবিশাল হয় এবং তীক্ষ্ণ হইলে নানা স্থান আহত হয়। বিষম হইলে নিয়ত অশ্রুপতন হয় এবং অস্থির হইলে ক্রিয়া বিফল হয়। অতএব এই সকল দোষ বর্জ্জন করিয়া শলাকা প্রস্তুত ও প্রয়োগ করিবে। শলাকা অষ্টাঙ্গুল পরিমাণে আয়ত, মধ্যদেশে বৃদ্ধাঙ্গুষ্ঠের পর্ব্বপরিমিত শাণ সূত্রে বেষ্টিত এবং দুই মুখ মুকুলের ন্যায় আকৃতি বিশিষ্ট হইবে। তাম্র, লৌহ বা স্বর্ণের দ্বারা শলাকা নির্ম্মিত হইবে। রক্তবর্ণ, ফুলা চোষ, অর্ব্বুদ, বুদ্‌বুদ, শূকরাক্ষিতা (শূকরের ন্যায় চক্ষু হওয়া) এবং অধিমন্থ প্রভৃতি অন্যান্য রোগ বেধন ক্রিয়ার দোষ জন্যই হউক অথবা অহিতাচার জন্যই হউক দোষানুসারে যথাবিধি চিকিৎসা করিবে। নেত্র বেদনা বিশিষ্ট বা রক্তবর্ণ হইলে তাহার

যোগ বলা যাইতেছে। গিরিমৃত্তিকা, শ্যামালতা, দুর্ব্বা, যবচূর্ণ, ঘৃত এবং দুগ্ধ এই সকল একত্র ঈষদুষ্ণ থাকিতে লেপে প্রয়োগ করিলে বেদনা এবং রক্তবর্ণের শান্তি হয়। অল্প ভর্জিত তিল এবং শ্বেত-সর্ষপ, টাবানেবুর রস সংযোগে ঈষদুষ্ণ থাকিতে লেপে প্রয়োগ করিলে পূর্ব্ববৎ ফল হয়। ক্ষীরকাকোলী শ্যামালতা ও তেজপত্র মঞ্জিষ্ঠা যষ্টিমধু ছাগদুগ্ধ সহযোগে এই সকল দ্রব্যের ঈষদুষ্ণ লেপও প্রয়োজ্য। অথবা দেবদারু, পদ্মকাষ্ঠ এবং শুণ্ঠী অথবা এইরূপ অন্যান্য দ্রব্যে লেপও প্রয়োজ্য। কিম্বা দ্রাক্ষা যষ্টিমধু এবং কুষ্ঠ অথবা এইরূপ অন্যান্য দ্রব্য সংযোগে সৈন্ধবসহ পক্ক দুগ্ধ রক্তবর্ণ এবং বেদনার শান্তি কারক। শতমূলী, পৃথকপর্ণী, মুথা আমলকী এবং পদ্মকাষ্ঠ এই সকল দ্রব্য এবং ছাগীদুগ্ধ সহযোগে পক্ক ঘৃত শীতল অবস্থায় প্রয়োগ করিলে নেত্রের দাহ ও শূল নিবৃত্তি হয়। বাতঘ্ন দ্রব্যের পরিমাণ চতুর্গুণ এবং চতুর্গুণ দুগ্ধ সহযোগে ঘৃত পাক করিয়া কাকল্যাদির চূর্ণ তাহাতে প্রক্ষেপ করিবে। এই ঘৃত নেত্র রোগের সকল কার্য্যে প্রয়োজ্য। এই সকল প্রতীকারেও যাতনার শান্তি না হইলে নেত্রে স্নেহ ও স্বেদ প্রয়োগ করিয়া রক্ত মোক্ষণ করিবে অথবা তাহার পর শিরা দগ্ধ করিবে।

অতঃপর দৃষ্টিপ্রসাদনের জন্য অঞ্জন বলা যাইতেছে। মেষ শৃঙ্গের পুষ্প,শিরীষপুষ্প, ধবপুষ্প, মালতীপুষ্প, মুক্তা এবং বৈদুর্য্য (চুনি) একত্র অজাদুগ্ধে পিষিয়া সপ্তাহ তাম্র পাত্রে রাখিবে, পরে বর্ত্তি প্রস্তুত করিয়া অঞ্জনে প্রয়োগ করিবে; স্রোতোঞ্জন প্রবাল সমুদ্রের ফেণা মনঃশিলা এবং মরিচ একত্র যোগে বর্ত্তি নির্ম্মাণ পূর্ব্বক অথবা পূর্ব্বের ন্যায় বর্ত্তি নির্ম্মাণ পূর্ব্বক অঞ্জনে প্রয়োগ করিবে। এই অঞ্জন দৃষ্টি-স্থিরতার পক্ষে হিতকর।

অতঃপর ক্রিয়া কল্পে বিবিধ প্রকার অঞ্জন বলা যাইতেছে সে সকলও এস্থলে প্রয়োজ্য।

অষ্টাদশ অধ্যায়।

ক্রিয়া কল্প।

সর্ব্বশাস্ত্রবিশারদ তপোদৃষ্টি উদারবুদ্ধি ধন্বন্তরি, স্বীয় শিষ্য বিশ্বামিত্রের পুত্র সুশ্রুতকে তর্পণ পুটপাক সেক আশ্চ্যোতন অঞ্জন প্রভৃতি ক্রিয়া সম্বন্ধে যেরূপ উপদেশ করিয়াছেন তাহা সংক্ষেপতঃ বলা যাইতেছে।

দেহ এবং শিরোদেশ সংশোধন পূর্ব্বক শুভদিনে পূর্ব্বাহ্নে বা অপরাহ্নে অন্ন পরিপাকের পর নেত্রে তর্পণক্রিয়া কর্ত্তব্য। বায়ু আতপ এবং রজোহীন গৃহে রোগীকে উত্তানভাবে শয়ন করাইয়া নেত্রকোষস্থ মণ্ডলদ্বয় ক্লিন্ন মাষকলাইচূর্ণের দ্বারা দৃঢ় ও যাতনাহীন করা কর্ত্তব্য। তদনন্তর ঈষদুষ্ণ জলের সহিত ঘৃতমণ্ড বিলীন করিয়া (ফেণাইয়া) তদ্দ্বারা নেত্রমণ্ডলের পক্ষ্মদ্বয় পর্য্যন্ত পূরণ করিবে। এই রূপে পূরণ করিয়া, সুস্থ অবস্থায় পঞ্চশত, কফে ছয় শত, পিত্তে অষ্টশত এবং বায়ুজন্য রোগে দশশত বাক্যপ্রয়োগের পরিমিতকাল ঐ স্নেহ নেত্রকোষ মধ্যে ধারণ করিয়া রাখিবে। কেহ কেহ বলেন নেত্ররোগের স্থানভেদে স্নেহধারণকালের পরিমাণের তারতম্য হয়। যথা,—সুস্থ অবস্থায় একশত, কফে পঞ্চশত, পিত্তে সপ্তশত ও বাতে দশশত এবং দৃষ্টিগত রোগ হইলে অষ্টশত বাক্য প্রয়োগ পরিমিত কাল, নেত্র কোষে স্নেহধারণ করিবে। তদনন্তর অপাঙ্গদেশ হইতে সেই স্নেহ স্রাবিত করিয়া যবপিষ্টের স্বেদ প্রয়োগ পূর্ব্বক নেত্রশোধন করিবে। পরে যথা দোষানুসারে ধূমপান পূর্ব্বক কফের সংশোধন করিবে। এক তিন বা পাঁচ দিন এই নিয়ম পালন করিবে। সুখে নিদ্রা এবং জাগরণ, নির্ম্মলতা, ব্যাধি-শান্তি এবং দৃষ্টির লঘুতা, নেত্র তর্পণের দ্বারা বিশোধিত হইলে এই সকল লক্ষণ হয়। গুরুত্ব, আবিলতা, অতিস্নিগ্ধতা, অশ্রুপতন, কণ্ডু এবং দোষের উৎক্লেশন, নেত্র অত্যর্থ

তর্পিত হইলে এই সকল লক্ষণ হয়। রুক্ষতা, আবিলতা, প্রচুর অশ্রু-পতন, রূপদর্শনে অসহিষ্ণুতা এবং ব্যাধি বৃদ্ধি, নেত্র হীনতর্পিত হইলে এই সকল লক্ষণ হয়। হীন তর্পণ ও অতিতর্পণের দোষবাহুল্য প্রযুক্ত ধূম নস্য অঞ্জন পরিষেচন রুক্ষ এবং স্নিগ্ধ ক্রিয়ার দ্বারা চিকিৎসা করিবে। শীর্ণপক্ষ্মতা, আবিলতা, কুটিলতা, রোগ-ক্লিষ্টতা, নেত্রের এই সকল রোগ তর্পণের দ্বারা উপশমিত হয়। যন্ত্রণার নিবৃত্তি না হইলে তর্পণ প্রয়োগ প্রশস্ত নহে। যাহাদিগের পক্ষে নস্য গর্হিত, বা যাহারা তর্পণার্হ নহে, বা স্নেহপানে অক্ষম, তাহারা পুটপাক-প্রয়োগে সমর্থ হইলে তাহাদিগের দোষ শান্তির পর নেত্রে পুটপাক-প্রয়োগ করিবে। পুটপাক তিন প্রকার,—স্নেহন, লেখনীয় এবং রোপণীয়। অতিরুক্ষের পক্ষে স্নিগ্ধ এবং স্নিগ্ধপক্ষে লেখন ক্রিয়া বিধেয়। রোপণীয় পুটপাকের দ্বারা দৃষ্টির বল জন্মে এবং পিত্ত রক্ত এবং বায়ুর শান্তি হয়। স্নেহন পুটপাক—স্নেহ বসা মজ্জা মাংস বা মেদ সংযোগে পুটপাকের দ্রব্য পাক করিয়া প্রয়োগ করিবে। ইহা দুই শত বাক্যপ্রয়োগের পরিমিত কাল নেত্রকোষে ধারণ করিবে। ইহা লেখনীয় পুটপাক—জাঙ্গলপশুর যকৃৎ ও মাংস সহযোগে কৃষ্ণ লৌহের চূর্ণ, তাম্র, শঙ্খ, বিদ্রুম, সৈন্ধব, সমুদ্র-ফেণ, হিরেকস, স্রোতোঞ্জন ও দধিমস্তু পাক করিয়া, এক শত বাক্য প্রয়োগের পরিমিত কাল নেত্রকোষে ধারণ করিবে। রোপণীয় পুটপাক—স্তনদুগ্ধ, জাঙ্গলমাংস, মধু, ঘৃত এবং তিক্ত দ্রব্য একত্র পাক করিয়া তিন শত বাক্যপ্রয়োগের পরিমিত কাল নেত্রকোষে ধারণ করিবে। রোপণ-ক্রিয়া করিতে হইলে তর্পণক্রিয়ার অন্তর্গতধূমপ্রয়োগ বর্জ্জন করিবে। রোপণক্রিয়াতে স্নেহ এবং স্বেদপ্রয়োগও কর্ত্তব্য নহে। পুটপাক ক্রিয়া একদিন দুই দিন তিন দিন অন্তর কর্ত্তব্য। নেত্র তর্পিত হইলে, বা পুটপাক প্রযুক্ত হইলে তেজঃ, বায়ু, আকাশ, প্রতিবিম্ব বা জ্যোতিঃ পদার্থ দেখিতে পায় না।

অন্যায় চিকিৎসা জন্য যে সকল উপদ্রব জন্মে, দোষানুসারে অঞ্জন, আশ্চ্যোতন এবং স্বেদ প্রয়োগের দ্বারা তাহাদিগের প্রতিকার করিবে। নেত্রের বর্ণপ্রসন্নতা, নির্ম্মলতা, বায়ু ও আতপসহিষ্ণুতা, লঘুতা, সচ্ছন্দনিদ্রা ও প্রবুদ্ধ হওয়া পুটপাকের এই সকল গুণ। পুটপাক অতিমাত্রায় সেবিত হইলে বেদনা, ফুলা পিড়কা এবং তিমির রোগ, এই সকল উপদ্রব ঘটে। হীন মাত্রায় প্রযুক্ত হইলে পাক, অশ্রুপতন, হর্ষণ এই সকল উপদ্রব ঘটে। অতঃপর পুটপাক প্রস্তুত করিবার প্রণালী বলা হইতেছে। নির্ম্মল মাংসপিণ্ড পিষিয়া দুইটী বিল্ব পরিমাণ, কল্ক দ্রব্য এক বিল্ব পরিমাণ এবং দ্রব দ্রব্য অর্দ্ধসের পরিমাণ, এই সকল একত্র আলোড়িত করিয়া, কাশ্মরী, কুমুদ, এরণ্ড, পদ্ম অথবা কদলীপত্রে বেষ্টিত করিয়া মৃত্তিকা লেপন পূর্ব্বক খদির কাষ্ঠের অঙ্গারে অবকুলিত করিবে, খদির কাষ্ঠের পরিবর্ত্তে কতক, অশ্মন্তক, এরণ্ড, পাটলা, বদর, ক্ষীরবৃক্ষ ইহাদিগের কাষ্ঠ অথবা গোময় ও ব্যবহার্য্য। অগ্নিতে সিদ্ধ হইলে উদ্ধার করিয়া নিষ্পীড়ন পূর্ব্বক ইহার রস গ্রহণ করিবে অনন্তর রোগিকে উত্তান ভাবে শয়ান রাখিয়া কনীনিকার উপরি তর্পণের বিধিক্রমে সেই রস সেচন করিবে। রক্ত ও পিত্তের স্থলে শীতল রস এবং বায়ু কফের স্থলে ঈষদুষ্ণ রস সেচনীয়। অতিশয় উষ্ণ বা তীক্ষ্ণ হইলে দাহ ও পাক এই দুই উপদ্রব ঘটে। তর্পণ ও পুটপাক শীতল অবস্থায় আপ্লুত ভাবে প্রয়োগ করিলে অশ্রুস্তম্ভ, বেদনা ও হর্ষ (কুট্‌কুটনী) জন্মে। অতি মাত্রায় সেবিত হইলে সঙ্কোচ ও স্ফুরণ উপদ্রব জন্মে। হীনমাত্রায় প্রযুক্ত হইলে দোষ সমস্ত উৎক্লিষ্ট হয়। সমভাবে প্রযুক্ত হইলে দাহ, শোফ, বেদনা, হর্ষ, আশ্রাব কণ্ডু এবং নেত্রের দূষিত রক্তরাজি নষ্ট হয়। অতএব এই সকল দোষ পরিহারের নিমিত্ত যথাবিধি প্রয়োগ করা কর্ত্তব্য। কু-চিকিৎসা জন্য উপদ্রব জন্মিলে দোষানুসারে নস্য ধূম ও অঞ্জনের দ্বারা প্রতিকার করিবে।

তর্পণ ও পুটপাকের আদ্যন্তে বস্ত্রখণ্ড সহযোগে উষ্ণোদকের স্বেদ বিধেয়। শ্লেষ্মার প্রকোপ থাকিলে ধূম প্রয়োগ করিবে। দোষানুসারে প্রযুক্ত হইলে, আশ্চ্যোতনের দ্বারা অনতিপ্রবল নেত্ররাগ (রক্তবর্ণতা) এবং সেকের দ্বারা বলবত্তর নেত্ররাগের আরোগ্য হয়। আশ্চোতনের প্রণালীতে লেখন-ক্রিয়া করিতে হইলে সপ্ত বা অষ্টবিন্দু, স্নিগ্ধ ক্রিয়াতে দশবিন্দু এবং রোপণ ক্রিয়াতে দ্বাদশ বিন্দু প্রয়োগ করিবে। স্নেহ সেকের দ্বিগুণ কাল পুটপাক ধারণ করিবে। প্রয়োগ-যাতনার শান্তি হইইলে যথাবিধি আহার করিবে। পূর্ব্বাহ্ণ অপরাহ্ণ মধ্যাহ্ণ অথবা উভয়কালে পুটপাক প্রয়োগ করিবে। স্নেহ সেকের অতিযোগ ও হীনযোগের ফল তর্পণোক্ত যোগাযোগের ন্যায়। শিরোবস্তি প্রভৃতি যে সমস্ত মূর্দ্ধতৈলিকার প্রয়োগ বলা হইয়াছে তদ্দ্বারা শিরঃসম্ভূত রোগ আরোগ্য হয় এবং অত্যর্থ উপকার হয় (*)। দেহ সংশোধিত হইলে রোগ অনুসারে ভোজন করাইবে। সায়ংকালে ঋজুভাবে উপবেশন করাইয়া, পাক করা তৈল বস্তিকোশ (ছাগাদির) পূরণ করিয়া, মস্তকে স্থাপন পূর্ব্বক দৃঢ়বন্ধন করিবে। সেই তৈলপূর্ণ বস্তি, তর্পণ ক্রিয়ার দশগুণ কাল, মস্তকে সংযতভাবে ধারণ করিবে। সংশোধিত দেহে কেবলমাত্র নেত্রমণ্ডলে দোষপ্রকাশ পাইলে, লেখনী রোপণী ও প্রসাদনী অঞ্জন প্রয়োগ করিবে; মধুর রস ব্যতিরেকে অপর পঞ্চ প্রকার রস দোষানুসারে পঞ্চবিধ লেখন-ক্রিয়াতে প্রয়োগ করিবে †। ইহার দ্বারা নেত্রবর্ত্ম, শিরাকোষ,

(*) অভ্যঙ্গ পরিষেকশ্চ পিচুবস্তিরিতি ক্রমাৎ।
মূর্দ্ধতৈলচতুরা স্যাৎ বলবত্তদ্‌যথোত্তরম্ ॥

তৈলের অভ্যঙ্গ (মর্দ্দন) পরিষেচন, তৈলসিক্ত তুলা, বা তৈল–পূর্ণ-বস্তি মস্তকে ধারণ, মূর্দ্ধ তৈল, এই চারি প্রকার।

(†) বাতজন্য রোগে কষায় অম্লক্ষার, পিত্তজন্যে কষায় তিক্ত এবং শ্লেষ্মজন্যে কষায় তিক্ত ক্ষার প্রয়োজ্য। বর্ত্তি, অঞ্জন, তর্পণ, পুটপাক ও আশ্চ্যোতন এই পঞ্চবিধ লেখন।

স্রোতঃ এবং শৃঙ্গাটকস্থিত শ্লেষ্মা সমস্ত মুখ নাসিকা ও নেত্র পথ দ্বারা স্রাবিত হয়। স্নেহ সংযোগে কষায় ও তিক্তরস রোপণের পক্ষে প্রশস্ত। মধুর ও স্নেহ সংযুক্ত অঞ্জন দৃষ্টির প্রসাদনকর এবং নেত্রের স্নেহনকার্য্যে হিতকর। অঞ্জন প্রভৃতি ক্রিয়া দোষানুসারে প্রয়োগ করিবে। প্রয়োগের কাল প্রাতঃ সায়াহ্ণ ও রাত্রি। অঞ্জন তিন প্রকার,—গুটীকা, রস এবং চূর্ণ। ইহারা যথাক্রমে উত্তরোত্তর শ্রেষ্ঠ। বর্ত্তির পরিমাণ, লেখন ক্রিয়াতে কলাইয়ের তুল্য, প্রসাদন ক্রিয়াতে অর্দ্ধ কলাই তুল্য এবং রোপণ ক্রিয়াতে দুই কলাই তুল্য। রসাঞ্জন প্রয়োগ করিতে হইলে পিষ্টবর্ত্তি যত রসাঞ্জনও সেই পরিমাণ তাহাতে সংযোজ্য। চূর্ণ প্রয়োগ করিতে হইলে, লেখন ক্রিয়াতে দ্বিশলাকা রোপণ ক্রিয়াতে তিন শলাকা এবং অঞ্জন ও স্নেহন ক্রিয়াতে চারি শলাকা পরিমাণে প্রয়োজ্য। লৌহ কাংস্য বৈদূর্য্য বা তাম্র নির্ম্মিত শলাকা লেখনক্রিয়াতে, এবং সুবর্ণ রজত বা শৃঙ্গ-নির্ম্মিত শলাকা রোপণ ও স্নেহণক্রিয়াতে প্রয়োজ্য। শলাকার মুখ মুকুলের ন্যায়, পরিধি কলায়-পরিমিত, দৈর্ঘ্য অষ্টাঙ্গুল, মধ্যভাগ ক্ষীণ এবং ধারণসুলভ হওয়া উচিত। বামহস্তের দ্বারা নেত্রদেশ বক্রভাবে ধারণ করিয়া দক্ষিণহস্তে শলাকাধারণপূর্ব্বক অঞ্জনপ্রয়োগ করিবে। অথবা অপাঙ্গদেশে পুনঃ পুনঃ গতাগতের দ্বারা অঞ্জন-প্রয়োগ করিবে। বর্ত্মদেশে উপলেপি (লেপবৎ) অঞ্জনপ্রয়োগ করিতে হইলে অঙ্গুলির দ্বারা প্রয়োগ কর্ত্তব্য। পীড়ার্ত্ত হইলেও অঞ্জনপ্রয়োগে অত্যন্ত রঞ্জিত করিবে না অথবা দোষের প্রাবল্য না থাকিলেও নেত্রে ধৌতকার্য্য করিবে না। তাহাতে দোষ পুনর্ব্বার উদ্রিক্ত হইয়া দৃষ্টির বলক্ষয় করে। দোষ ও অশ্রুপতন নিবৃত্ত হইলে এবং জলমধ্যে নেত্র উন্মীলন করিয়া দেখিতে পাইলে নেত্র-প্রক্ষালন করিয়া দোষানুসারে প্রত্যঞ্জন প্রয়োগ করিবে। শ্রম, উদাবর্ত্ত রোগ, রোদন, মদ্যপান, ক্রোধ, ভয়, জ্বর, বেগাঘাত

(মূত্রপূরীষাদি রোধ) এবং শিরোরোগ, এই সকল রোগে বা অবস্থায় অঞ্জন প্রয়োগ কর্ত্তব্য নহে। অঞ্জন, নিদ্রানাশে প্রয়োগ করিলে, রাগ, বেদনা, তিমির, অশ্রুপতন, শূল, সংরম্ভ, সংভ্রম নেত্রে এই সকল উপদ্রব জন্মে; প্রবাত (মেঘ ও বায়ু প্রবাহিত) কালে প্রয়োগ করিলে দৃষ্টি শক্তির হানি হয়; রজো বা ধূমক্লিষ্ট নেত্রে প্রয়োগ করিলে, অধিমন্থ-জন্য রাগ ও আস্রাব জন্মে; নস্য প্রয়োগের পর হইলে নেত্রে সংরম্ভ ও শূল জন্মে; শিরোরোগে প্রয়োগ করিলে শিরোরোগ বৃদ্ধি হয়। মস্তক নিমজ্জিত বা জলসিক্ত করিয়া স্নান করিলে বা অতিশয় শীত হইলে, অথবা সূর্য্যোদয় না হইলে, দোষের স্থিরতা হেতু অঞ্জনপ্রয়োগ বিফল হয় এবং দোষ উৎক্লিষ্ট হয়। অজীর্ণ রোগে প্রয়োগ করিলেও, দোষের মার্গ অবরোধ থাকা হেতু বিফল হয়। দোষের প্রবলতার প্রারম্ভে অঞ্জনপ্রয়োগ করিলে সেই সকল দোষজন্য উপদ্রব জন্মে। অতএব এই সকল দোষ পরিহার পূর্ব্বক অঞ্জনপ্রয়োগ করিবে। বিশেষতঃ লেখনক্রিয়ার স্থলে এই সকল কাল লক্ষ্য করা নিতান্ত কর্ত্তব্য। পূর্ব্বোক্ত সকল ব্যাপদ উপস্থিত হইলে, দোষ অনুসারে সেক আশ্চ্যোতন লেপন ধূম কবল এবং নস্য এই সকলের দ্বারা প্রতীকার করিবে। শুভ্র, লঘু, আস্রাব-শূন্য, দর্শন-ক্ষম নির্ম্মল এবং নিরুপদ্রব হইলে, নেত্র দোষহীন বলিয়া জানা যায়। নেত্র হইতে অতিশয় শ্রাব করান হইলে, নেত্র কুটিল কুঠিন দুর্ব্বর্ণ শিথিল অতিশয় রুক্ষ এবং ক্ষরণশীল হয়। ইহাতে বায়ুশান্তিকর তর্পণক্রিয়া বিধেয়। অল্পশ্রাব করান হইলে দোষ উগ্রতর হইয়া উঠে। তাহাতে ধূম নস্য এবং অঞ্জনের দ্বারা দোষের অবসেচন করা হিতকর। স্নেহ, বর্ণ ও বলযুক্ত হওয়া এবং দৃষ্টিপ্রসন্ন ও দোষবর্জ্জিত হওয়া প্রসাদনী ক্রিয়া সম্যক্ প্রযুক্ত হইলে এই সকল ফল হয়। কিন্তু হীনাতিরেক ভাবে প্রযুক্ত তর্পণক্রিয়ার হীনাতিরেকের ন্যায় ফল হয়। ইহাতে দোষনাশক মৃদু অথচ রুক্ষ ঔষধ

প্রশস্ত। রোপণক্রিয়ার আতিশয্যের লক্ষণ ও প্রতিকার প্রসাদন ক্রিয়ার ন্যায়। স্নেহ ও রোপণ ক্রিয়া হীন মাত্রায় প্রযুক্ত হইলে কোন ফল দর্শে না। চিকিৎসার অঙ্কুরের স্বরূপ এই সকল নিয়ম দ্বারা সহস্র প্রকারে পুটপাক প্রভৃতি ক্রিয়া কল্পনা করিবে।

অতঃপর রাজ-ব্যবহার অঞ্জন বলা যাইতেচেছে। নীলোৎপল সদৃশ রসাঞ্জন অষ্টভাগ, উড়ুম্বর, স্বর্ণ, রজত প্রত্যেকে একাদশ ভাগ, মৃত্তিকার মূষাতে নিহিত করিয়া আচ্ছাদিত করিবে। পরে খদির অশ্মন্তক বা গোময়ের অগ্নিতে স্থাপন পূর্ব্বক ধমন করিবে। পরে রক্তবর্ণ হইলে গোময়রস, মূত্র, দধি, ঘৃত, মধু, তৈল, মদ্য, বসা, মজ্জা সর্ব্বগন্ধোদক শীতল দ্রাক্ষারস, ইক্ষুরস, ত্রিফলার রস, সারিবাদি গণের এবং উৎপলাদি গণের কাথ পৃথক পৃথক রূপে তাহাতে সেচন করিবে, অর্থাৎ এক এক বার অগ্নিতে স্থাপন পূর্ব্বক ধমন করিয়া এক একটী দ্রব সেচন করিবে। অনন্তর বর্ষার জল পায় এরূপ ভাবে শূন্যে সপ্তাহ কাল রাখিবে। পরে শুষ্ক হইলে মুক্তা, স্ফটিক, প্রবাল ও রক্তচন্দন এই সকলের সহিত একত্র চূর্ণ করিবে। এই চূর্ণাঞ্জন দন্ত, স্ফটিক, প্রবাল, শৃঙ্গ, শঙ্খ, প্রস্তর, স্বর্ণ বা রূপার পাত্রে রাখিয়া সহস্রপাক (তৈলের) ন্যায় পূজা করিবে। ইহা দ্বারা নেত্র অঞ্জিত হইলে রাজা সর্ব্বজনের প্রিয় ও অজেয় হয়েন এবং দৃষ্টিরোগবর্জ্জিত হয়েন।

কুষ্ঠ, চন্দন, এলাইচ, তেজপত্র, যষ্টিমধু, রসাঞ্জন, মেষশৃঙ্গীপুষ্প, চক্রমর্দ্দ, সপ্তরত্ন, উৎপল, বৃহতী, কণ্টকারী, পদ্মকেশর, নাগকেশর, বেণামূল, পিপ্পলী, তুথ, কুক্কুটাণ্ডেরখোলা, দারুহরিদ্রা, হরীতকী, গোরোচনা, মরিচ, বিভীতকী-মজ্জা, গৃহগোধিকা, এই সকল দ্রব্য পূর্ব্বোক্ত প্রণালী ক্রমে সূক্ষ্মচূর্ণ করিয়া পূর্ব্ববৎ পাত্রে স্থাপন করিবে। ইহাকে ভদ্রোদয় অঞ্জন বলে।

চক্রমর্দ্দ, মরিচ, জটামাংসী, শৈলজ, সকল তুল্যাংশ, এই সকলের

সমষ্টির তুল্য মনঃশিলা এবং তুল্য তেজপত্র এই সকল দ্রব্য সমষ্টির দ্বিগুণ রসাঞ্জন, এবং রসাঞ্জনের তুল্যাংশ যষ্টিমধু,এই সকল দ্রব্যে পূর্ব্ববৎ চূর্ণ অঞ্জন প্রস্তুত করিবে।

মনঃশিলা, দেবদারু, হরিদ্রা, দারুহরিদ্রা, ত্রিফলা, ত্রিকটু, লাক্ষা, লশুন, মঞ্জিষ্ঠা, সৈন্ধব, এলাইচ, লোধ, সাবরলোধ, লৌহচূর্ণ, তাম্রচূর্ণ, রক্তচন্দন, কুক্কুটাণ্ডের খোলা, মধু ও দুগ্ধ যোগে পিষিয়া গুটিকা প্রস্তুত করিবে। তিমির শুক্লার্ম্ম ও রক্তরাজি এই সকল রোগ এই অঞ্জনের দ্বারা উপশমিত হয়। কাংস্য পাত্রের কজ্জল যষ্টিমধু সৈন্ধব এরণ্ডমূল প্রত্যেকে সমভাগ, বৃহতী দুই ভাগ, ছাগীদুগ্ধে পিষিয়া তাম্র পাত্রে লেপ দিবে। এইরূপ সপ্তবার লেপ দিয়া ছায়া শুষ্ক করতঃ বর্ত্তি নির্ম্মাণ করিবে। ইহার দ্বারা বেদনার শান্তি হয়।

হরীতকী, তুত্থক, যষ্টিমধু প্রত্যেকে সমভাগ, মরিচ ষোড়শ ভাগ শীতল জলে পিষিয়া বর্ত্তি নির্ম্মাণ করিবে। ইহা সকল প্রকার বিকারে প্রয়োজ্য। পিণ্ডাঞ্জন সমস্ত রসক্রিয়াবিধানে প্রয়োগ করিবে।

একোনবিংশতি অধ্যায়।

নয়নাভিঘাত প্রতিষেধ।

নেত্রে বিবিধ প্রকারে আঘাত পাইবার সম্ভাবনা। আহত হইলে নেত্রে সংরম্ভ রক্তবর্ণতা ও তুমুল বেদনা জন্মে। ইহাতে নস্য প্রলেপ পরিষেচন তর্পণ রক্তপিত্ত জন্য প্রতিকার সমস্ত এবং দৃষ্টি প্রসাদ ক্রিয়া প্রয়োজ্য। এই সকল স্নিগ্ধ শীতল এবং মধুর দ্রব্যের দ্বারা কর্ত্তব্য। স্বেদ অগ্নি ধূম ভয় শোক বা পীড়ার দ্বারা অভিহত হইলেও এইরূপ প্রতিকার কর্ত্তব্য। নেত্র অভিহত হইবামাত্র এই সকল প্রতীকার কর্ত্তব্য, কিন্তু তদ্দ্বারা অভিষ্যন্দ রোগ জন্মিলে দোষানুসারে

চিকিৎসা করিবে। নয়ন ঈষৎ অভ্যাহত হইলে বাষ্প এবং স্বেদের দ্বারা তৎক্ষণাৎ আরোগ্য হয়। নেত্রপটোল একটী ক্ষত হইলে অনায়াসসাধ্য হয়, দুইটী কষ্ট-সাধ্য হয়, এবং তিনটী ক্ষত হইলে আরোগ্য হয় না। নয়ন পিচ্চিত অবসন্ন শিথিল এবং স্থানচ্যুত বা দৃষ্টিহত হইলে চিকিৎসার দ্বারা যাপ্য হইয়া থাকে। বিস্তীর্ণদৃষ্টি অল্প-রাগবিশিষ্ট অথবা ভ্রমদৃষ্টি হইলে আরোগ্য হয়।

প্রাণের উপরোধ বমন ক্ষবথু ও কণ্ঠরোধের দ্বারা অবসন্ন অর্থাৎ অন্তঃ প্রবিষ্ট নেত্র উন্নমিত হয়। নেত্র বহির্ভাগে বিলম্বিত হইলে (ঝুলিয়া পড়িলে) উচ্ছিঙ্ঘন (শ্বাস টানিয়া লওয়া) এবং মস্তকে জল সেচন কর্ত্তব্য। প্রসূতির স্তনদুগ্ধ কুপিত হইলে, বালকদিগের নেত্রবর্ত্মে সন্নিপাত জন্য কুকূনক নামক রোগ জন্মে। এই রোগে তাহারা নেত্র নাসা ও ললাট দেশ সর্ব্বদা মর্দ্দন করে, সূর্য্যকিরণ সহিতে পারে না, এবং অতিশয় আস্রাব হয়। এস্থলে শীঘ্র লেখনকার্য্যের দ্বারা রক্তমোক্ষণ করিবে এবং ক্ষৌদ্রযুক্ত কটু (কটুকী) দ্বারা প্রতিসারিত করিবে। শিশুর ন্যায় প্রসূতিরও প্রতীকার করিবে। আপাঙের ফল মধু ও সৈন্ধব যোগে জল পান করাইয়া, অথবা পিপ্পলী লবণ মধু সংযোগে জল পান করাইয়া বমন করাইবে। কিন্তু বমন হইতে থাকিলে আর বমন করাইবার যত্ন করাইবে না। বালক দুগ্ধান্নভোজী হইলে বচ্ সেবন করাইবে পরে পত্রসংযোগে জম্বু আম্র ও আমলকী ফল যোগে ইন্দ্রযব শরীরের ঊর্দ্ধ দেশে প্রয়োগ করিবে। ধৌত করণার্থ কষায় অবসেচন করিবে। গুলঞ্চ বা ত্রিফলা সংযোগে ঘৃতপাক করিয়া আশ্চ্যোতনে প্রয়োগ করিবে। মনঃশিলা, মরিচ, শঙ্খ, রসাঞ্জন, সৈন্ধব, গুড় ও মধু একত্র যোগে অঞ্জনে প্রয়োগ করিবে। অথবা ইক্ষুরস বা মধুযোগে তাম্র চূর্ণ অথবা দগ্ধ কৃষ্ণলৌহ ঘৃত, দুগ্ধ, মধুযোগে অথবা ত্রিকটু, পলাণ্ডু যষ্টিমধু, সৈন্ধব, লাক্ষা ও গৈরিক মৃত্তিকা একত্র যোগে গুটীকাঞ্জন প্রস্তুত করিয়া প্রয়োগ করিবে।

নিম্বপত্র যষ্টিমধু, দারুহরিদ্রা, তাম্রচূর্ণ ও লোধ এই সকল তুল্যাংশে লইয়া অঞ্জন প্রস্তুত করিবে। স্রোতোঞ্জন শঙ্খ দধি, সৈন্ধব, সকলের অর্দ্ধেক শুক্ত এই সকল রসাঞ্জন সহ ভাবিত করিয়া বালকের চক্ষুঃরোগে প্রয়োগ করিবে এবং কফজন্য স্যন্দ রোগের বিধি অবলম্বন করিবে।

চিকিৎসাশাস্ত্র সমুদ্রের ন্যায় গভীর। অযুত সহস্র শ্লোক দ্বারা শেষ করা যায় না। তর্কশাস্ত্রের তাৎপর্য্য গ্রহণে অসমর্থ, অল্পবুদ্ধি ব্যক্তি ইহার তাৎপর্য্য গ্রহণ করিতে পারে না। চিকিৎসার বীজ স্বরূপ এই স্থলে বহুবিধ গূঢ় মর্ম্ম নিহিত হইয়াছে। কুশল বৈদ্য দ্বারা তাহা বহুবিধ চিকিৎসায় অঙ্কুরিত হয়।

বিংশতিতম অধ্যায়।

কর্ণরোগ।

কর্ণরোগ অষ্টাবিংশতি প্রকার। যথা,—কর্ণশূল, প্রণাদ, বাধির্য্য, ক্ষ্বেড়, কর্ণস্রাব, কর্ণকণ্ডু, কর্ণগূথ, কৃমিকর্ণ, প্রতীনাহ, দুই প্রকার বিদ্রধি, কর্ণপাক, পূতিকর্ণ, চারি প্রকার অর্শঃ, সপ্তপ্রকার অর্ব্বুদ এবং চারি প্রকার শোফ।

শ্রোত্রগত বায়ু বিকৃত হইয়া এবং অন্যান্য দোষের দ্বারা আবৃত কর্ণের অভ্যন্তরে চতুর্দ্দিকে অত্যর্থ শূল জন্মায় তাহাকে কর্ণশূল বলে। বিকৃত বায়ু বিমার্গ শিরাপথ হইতে সমাগত হইয়া শব্দবহা শিরামধ্যে অবস্থিত হইলে বিবিধ প্রকার শব্দ শুনিতে পায় ইহাকে প্রণাদ কহে। বিকৃত বায়ু কফের অনুগত হইয়া শব্দবহা শিরামধ্যে অবস্থিত হইলে যদি প্রতীকার করা না হয় তবে বাধির্য্য (বধিরতা) রোগ জন্মে। শ্রম, ক্ষয় এবং রুক্ষ বা কষায় দ্রব্য ভোজনের দ্বারা বায়ু

বিকৃত হইয়া শব্দপথে অবস্থিত হইলে, অথবা শিরোবিরেচনের পর শীতল সেবন করিলে কর্ণক্ষ্বেড় জন্মে। মস্তকে অভিঘাত বা জলে নিমজ্জিত হইলে অথবা কর্ণের অভ্যন্তরে বিদ্রধি জন্মিয়া পাকিয়া উঠিলে, কর্ণরন্ধ্র বায়ু কর্তৃক আবৃত হইয়া তাহা হইতে পূয়স্রাব হয়, ইহাকে কর্ণস্রাব কহে। কর্ণরন্ধ্রে কফ সঞ্চিত হইয়া পিত্ত কর্তৃক তাহা শুষ্ক হইলে কর্ণপূয় (কাণের খইল) রোগ জন্মে। কর্ণপূয় দ্রব হইয়া ঘ্রাণরন্ধ্রে প্রবিষ্ট হইলে অতিশয় মস্তকের অভিতাপ জন্মে, ইহাকে কর্ণ-প্রতিনাহ বলে। কর্ণরন্ধ্রে কোন প্রকার কীট জন্মিলে অথবা মক্ষিকাদি অপত্য সৃজন করিলে তদ্দ্বারা শ্রবণশক্তি রোধ হয়, ইহাকে কৃমিকর্ণ বলে। কর্ণরন্ধ্রে ক্ষত জন্য অভিঘাত-জন্য অথবা স্বভাবতঃ দোষ জন্য বিদ্রধি জন্মে তাহাতে তোদ উষ্ণতা দাহ ও চোষ উপদ্রব হয় এবং তাহাতে রক্ত পীত বা অরুণ বর্ণ রক্তস্রাব হয়। তাহাতে পিত্তপ্রকোপ-জন্য পাকিয়া উঠিলে কর্ণে কোথকর ও ক্লেদকর কর্ণপাক রোগ জন্মে। কর্ণরন্ধ্রস্থ কফ পিত্ততেজে দ্রব হইলে ঘনপূতিগন্ধযুক্ত পূয স্রাবিত হয় ইহাতে বেদনা থাকে, কোন স্থলে না থাকে, ইহাকে পূতিকর্ণ বলে। অর্শঃ ও অর্ব্বুদের লক্ষণ পূর্ব্বে বলাহইয়াছে, তদনুসারে এস্থলেও চিকিৎসা করিবে।

একবিংশ অধ্যায়।

কর্ণরোগের চিকিৎসা।

কর্ণরোগে সামান্যতঃ ঘৃতপান, রসায়ন ক্রিয়া, শ্রমবর্জ্জন মস্তক নিমজ্জিত করিয়া স্নান না করা, ব্রহ্মচর্য্য অবলম্বন এবং চঞ্চলতারহিত হওয়া কর্ত্তব্য। কর্ণশূল, প্রণাদ, বাধির্য্য এবং কর্ণক্ষ্বেড়, এই চারি প্রকার রোগের একই চিকিৎসা অগ্রে স্নেহ বিরেচন এবং স্নেহক্রিয়া প্রয়োগ পূর্ব্বক বায়ুশান্তিকর স্বেদনীয় দ্রব্যের দ্বারা নাড়ীস্বেদ এবং

পিণ্ডস্বেদ প্রয়োগ করিবে। বিল্ব, এরণ্ডমূল, অর্ক, পুনর্ণবা দধির সর শিগ্রু, অজগন্ধা, অশ্বগন্ধা, জয়ন্তীবৃক্ষ; যব এবং বেণু, কাঞ্জী সহযোগে এই সকল দ্রব্যের নাড়ীস্বেদ প্রয়োগ করিলে কফ বাত জন্য কর্ণশূল আরোগ্য হয়। মৎস্য কুক্কুট ও সাবমাংসের পিণ্ড বা দুগ্ধের স্বেদ প্রয়োগ করিলে কর্ণশূল আরোগ্য হয়। অশ্বত্থপত্র বা ছাতিম পত্রের খল প্রস্তুত পূর্ব্বক তৈল এবং দধিমস্তু পূর্ণ করিয়া অঙ্গারে তপ্ত করিবে। তাহা হইতে তৈল নিঃস্থত হইয়া কর্ণরন্ধ্রে প্রবিষ্ট হইলে তৎক্ষণাৎ বেদনার শান্তি হয়। ঘৃত সংযোগে পট্টবস্ত্র গুগ্‌গুলু এবং অগুরু একত্র ধূপ প্রস্তুত পূর্ব্বক কর্ণে প্রয়োগ করিবে। রাত্রিকালে অন্ন ভোজন না করিয়া ঘৃত পান পূর্ব্বক দুগ্ধ পান করিবে। শতপাক বলাতৈল, নস্যে, মস্তকে পরিষেচনে এবং ভোজনে প্রয়োজ্য। ছাগী-দুগ্ধে কণ্টকারী পাক করিবে। পরে সেই দুগ্ধে কুক্কুটবসা পাক করিবে। ইহা কর্ণ পূরণে প্রশস্ত। নটেশাকের মূল, অক্ষোটের ফল, অহিংস্রা গাবের মূল, সরল কাষ্ঠ, দেবদারু, লশুন, শুণ্ঠি, বংশনীল এই সকলের কল্ক এবং অম্লরসসহযোগে চতুর্ব্বিধ স্নেহ. (ঘৃত তৈল বসা মজ্জ) একত্র পাক করিবে। ইহা কর্ণপূরণে প্রয়োগ করিলে বেদনার শান্তি হয়। লশুন, আর্দ্রক, শিগ্রু, মুরঙ্গী, হিংচা এবং কদলী ইহাদিগের রস ঈষদুষ্ণ করিয়া কর্ণপূরণে প্রয়োগ করিলে, অথবা আর্দ্রকের রস, মধু, সৈন্ধব ও তৈলযোগে ঈষদুষ্ণ করিয়া কর্ণে প্রয়োগ করিলে বেদনার শান্তি হয়। বংশের নীল, ছাগ ও মেষের মূত্র সংযোগে পাক করা ঘৃত, অথবা বৃহৎ পঞ্চমূলের অষ্টাদশাঙ্গুল পরিমিত কাণ্ড (ডাঁটা) তৈলশিক্ত করিয়া পট্টসূত্রে বন্ধন পূর্ব্বক প্রজ্বালিত করিলে যে তৈল নিঃসৃত হয় সেই দীপিকা নামক তৈল কর্ণে পূরণ করিলে তৎক্ষণাৎ বেদনায় শান্তি হয়। দেবদারু কুষ্ঠ এবং সরল কাষ্ঠেও এরূপ দীপিকা তৈল প্রস্তুত হয়। আকন্দের অঙ্কুর অম্লে পিষিয়া ও তাহাতে তৈল সেচন করিয়া লবণ সংযোগ করিবে। পরে মনসাপত্রে আবৃত করিয়া অগ্নিতে

দগ্ধ করতঃ নিস্পীড়ন পূর্ব্বক রস নির্গত করিবে, সেই রস ঈষৎ কর্ণে পূরণ করিলে, অথবা কপিত্থ, মাতুলুঙ্গ এবং আর্দ্রকের রস ঈষদুষ্ণ করিয়া কর্ণে পূরণ করিলে, অথবা চুক্রশাকের (টক পালং) রস ঈষদুষ্ণ করিয়া কর্ণে পূরণ করিলে, কর্ণশূল নিবৃত্ত হয়। সমুদ্রফেণার চূর্ণের দ্বারা যুক্তি অনুসারে অবচূর্ণিত করিলে অথবা অষ্টমূত্র বা কোন প্রকার মূত্র ঈষদুষ্ণ করিয়া কর্ণে পূরণ করিলে শূলের নিবৃত্তি হয়। মূত্র অম্ল এবং বাতঘ্ন দ্রব্যের ক্বাথে চতুর্ব্বিধ স্নেহ পাক করিয়া কর্ণে পূরণ করিলে কর্ণশূলের শান্তি হয়

কর্ণরোগে পিত্ত সংযোগ থাকিলে পিত্তঘ্ন দ্রব্য সহযোগে পূর্ব্বোক্ত রূপে স্বেদ কর্ণ পূরণ প্রভৃতি প্রয়োগ করিবে। কাকোল্যাদিগণের প্রথমোক্ত দশটী দ্রব্যে পাক করা দুগ্ধ অথবা তিক্ত-ঘৃত হিতকর। কফ যুক্ত পিত্তের স্থলে ক্ষীরবৃক্ষের অঙ্কুর, যষ্টিমধু, রক্তচন্দন, ইহাদিগের কল্ক ও ক্বাথ এবং শর্করা ও ময়ূলের রস সংযোগে ইঙ্গুদী বা সর্ষপতৈল পাক করিয়া কর্ণপূরণে প্রয়োগ করা হিতকর। কর্ণ-পূরণ তিক্ত ঔষধের যুষ ও স্বেদ প্রয়োগ করিলে কফের শান্তি হয়। সুরসাদিগণ অথবা বৃহৎ পঞ্চমূলী সংযোগে পাক করা তৈল, অথবা মাতুলুঙ্গের রস, শুক্ত, বা লশুন বা আর্দ্রকের রস, কিম্বা ইহাদিগের কোন রসের সহিত পাক করা তৈল কর্ণপূরণে প্রয়োগ করিবে। এ স্থলে তীক্ষ্ণ শিরোবিরেচন এবং কবলগ্রহও প্রশস্ত। শোণিত-জন্য কর্ণশূলের স্থলে পিত্ত-শান্তিকর প্রক্রিয়া সকল প্রয়োজ্য।

কর্ণশূল প্রণাদ বাধির্য্য এবং ক্ষ্বেড় এই চারি প্রকার রোগের সামান্যতঃ সকল বিধি বলা হইল, এক্ষণে বাধির্য্য রোগের কর্ণপূরণ বিধি বিশেষ করিয়া বলা যাইতেছে। পূর্ব্বোক্ত বিল্ব এরণ্ড প্রভৃতি গোমূত্রে পিষিয়া সেই কল্ক জল এবং দুগ্ধ সহযোগে তৈল পাক করিয়া কর্ণপূরণে প্রয়োগ করিবে। কিম্বা ছাগী দুগ্ধে তৈল পাক করিয়া পরে শর্করা যষ্টিমধু এবং বিম্বীফল যোগে পাক করতঃ কর্ণে পূরণ

করিবে। অথবা বিল্ব প্রভৃতির ক্বাথে তৈল পাক করিয়া শীতল হইলে ছাঁকিয়া লইবে। সেই তৈল পুনর্ব্বার দশগুণ দুগ্ধ এবং শর্করা, যষ্টিমধু ও রক্তচন্দন সহযোগে পাক করিবে। এই তৈল বিল্বাদির ক্বাথে গাঢ় হইবে। ইহা বাধির্য্য রোগে কর্ণপূরণে হিতকর। প্রতিশ্যায় রোগে যে সকল বিধি বলা হইবে এবং বাতব্যাধিতে যাহা কিছু বলা হইয়াছে সে সকলও এ স্থলে প্রয়োগ করা প্রশস্ত।

কর্ণস্রাব পূতিকর্ণ এবং কৃমিকর্ণ রোগের সামান্য ও বিশেষ চিকিৎসা বলা যাইতেছে। শিরোবিরেচন, ধূপন, পূরণ, প্রমার্জ্জন এবং ধাবন, অবস্থা বিবেচনা করিয়া এই সকল ক্রিয়া করিবে। সুরসাদিগণের ক্বাথে কর্ণ প্রক্ষালন করিয়া সুরসাদিগণের চূর্ণের দ্বারা কর্ণ পূরণ করিবে। পঞ্চ কষায়ের চূর্ণ কপিত্থের রস ও মধু সংযোগে কর্ণস্রাব রোগে কর্ণপূরণে প্রয়োগ করা প্রশস্ত। সালের ত্বক্ (ধুনার সঙ্গে যে ত্বক থাকে) চূর্ণ, কার্পাসী ফলের রসে ও মধু সহযোগে অথবা লাক্ষা ও সর্জ্জরস চূর্ণ সেবন স্নুহী (মনসা) জম্বু ও আম্র, ইহাদিগের অঙ্কুর সহযোগে; অথবা কুলীর ক্ষৌদ্র (মধুমক্ষিকা) এবং মণ্ডুকী সহযোগে পাক করা তৈল কর্ণপূরণে প্রশস্ত। তিন্দুক (গাব) হরীতকী, লোধ, মঞ্জিষ্ঠা, আমলকী এবং মধু কপিত্থরস যোগে কর্ণ পূরণে প্রশস্ত। আম্র কপিত্থ মধুক (মৌল) ধব এবং শাল, ইহাদিগের রস অথবা রসে পাক করা তৈল কর্ণপূরণে প্রশস্ত। প্রিয়ঙ্গু, যষ্টিমধু, যূথিকা (যুঁইফুল) ধাতকীপুষ্প, অর্কপুষ্প, মঞ্জিষ্ঠা, লোধ, লাক্ষা এই সকল দ্রব্য যোগে অথবা কপিত্থ-রস-যোগে তৈল পাক করিয়া কর্ণপূরণে প্রয়োগ করিবে। রসাঞ্জন নারীদুগ্ধে ঘর্ষণ করিয়া মধু সহযোগে বহুকালব্যাপী আস্রাবও পূতিকর্ণ রোগ আরোগ্য করে। নিসিন্দার রসে পাক করা তৈল অথবা মধু সংযোগে নিসিন্দের রস গৃহধূম ও গুড় একত্রে কর্ণে পূরণ করা পূতিকর্ণ

রোগের শান্তিকর। কৃমিকর্ণের স্থলে কৃমিনাশক ঔষধ প্রয়োগ করিবে। ইহাতে বার্ত্তাকুর ধূম এবং সর্ষপতৈল হিতকর। গোমূত্র যোগে হরিতাল প্রয়োগ করিলে কৃমি নাশ হয়। গুগ্‌গুলের ধূপ প্রয়োগ করিলে কর্ণের দুর্গন্ধ দূর হয়। কর্ণক্ষ্বেড়রোগে বমন ধূম পান কবলগ্রহণ এবং সর্ষপতৈলে কর্ণপূরণ বিধেয়। কর্ণে বিদ্রধি হইলে বিদ্রধির বিধানুসারে চিকিৎসা করিবে। কর্ণে তৈল পূরণ করিয়া স্বেদ প্রয়োগ করিবে, তাহাতে যে মল জন্মিবে তাহা শলাকার দ্বারা বাহির করিবে।

কর্ণকণ্ডুরোগে নাড়ীস্বেদ, বমন, ধূমপান, শিরোবিরেচন প্রভৃতি বিবিধ প্রকার শ্লেষ্মানাশক বিধি প্রয়োগ করিবে। কর্ণ-প্রতিনাহ রোগে স্নেহ স্বেদ ও নাড়ীস্বেদ প্রয়োগ করিবে। তদনন্তর শিরোবিরেচন পূর্ব্বক দোষানুসারে চিকিৎসা করিবে। কর্ণপাক রোগে পিত্তজন্য বিসর্প রোগের প্রতীকার করিবে। কর্ণছিদ্রে কীট বা মলাদি থাকিলে শৃঙ্গ বা শলাকার দ্বারা অপহৃত করিবে। অবশিষ্ট কয়েক প্রকার কর্ণ রোগের চিকিৎসা পূর্ব্বে বলা হইয়াছে।

দ্বাবিংশতি অধ্যায়।

নাসাগত রোগের বিবরণ।

নাসাগত রোগ একত্রিশ প্রকার;—অপীনস, পূতিনস, নাসাপাক, শোণিতপিত্ত, পূয়-শোণিত, ক্ষবথু, ভ্রংশথু, দীপ্ত, নাসানাহ, পরিস্রাব, নাসাশোষ, চারি প্রকার অর্শ, চারি প্রকার শোফ, সপ্ত প্রকার অর্ব্বুদ এবং পঞ্চ প্রকার প্রতিশ্যায়। নাসারন্ধ্র রোধ, ধূপন, (ভিতরে ধপ ধপ করা), পুনঃ পুনঃ পচন, ক্লেদজনন এবং গন্ধরসের অনুপলব্ধি, অপীনস রোগের এই সকল লক্ষণ। ইহা বাত-শ্লেষ্ম-জন্য

প্রতিশ্যায়ের সহিত সমানলক্ষণবিশিষ্ট। গলদেশ এবং তালুমূলে দোষ বিদগ্ধ হইয়া মুখ এবং নাসিকা হইতে দুর্গন্ধযুক্ত বায়ু নির্গত হইলে পূতিনস রোগ বলা যায়। নাসাগত রক্ত কর্ত্তৃক মর্ম্মস্থানে বলবান্ পাক জন্মিলে নাসাপাক বলা যায়। ইহাতে ক্লেদ এবং কোথ (ক্ষত হওয়া) দৃষ্ট হয়। দ্বিবিধ হেতুজাত এবং দ্বিমার্গগত চতুর্ব্বিধ রক্তপিত্তের বিষয় পরে বলা যাইবে। দোষ (পিত্ত, শোণিত এবং শ্লেষ্মা) বিদগ্ধ হওয়া অথবা ললাটদেশ আহত হওয়া প্রযুক্ত নাসিকা হইতে রক্তমিশ্রিত পূয নির্গত হইলে, তাহাকে পূযরক্ত রোগ কহে। নাসারন্ধ্রে মর্ম্মস্থানদূষিত হইয়া নাসারন্ধ্র হইতে কফযুক্ত বায়ু শব্দ সহকারে নির্গত হইলে ক্ষবথু রোগ বলে। তীক্ষ্ণ শিরোবিরেচন প্রয়োগ বা কটু দ্রব্যের অতিশয় আঘ্রাণ বা সূর্য্য নিরীক্ষণ অথবা সূত্রাদির দ্বারা তরুণাস্থি নামক মর্ম্ম উদ্ঘাটিত হইলে ক্ষবথু (হাঁচি) হয়। তাহাতে পিত্ততাপ মূর্দ্ধি-সঞ্চিত গাঢ় বিদগ্ধ লবণরসবিশিষ্ট কফ মূর্দ্ধিদেশ হইতে ভ্রষ্ট হইয়া নাসারন্ধ্রের দ্বারা নির্গত হয়, তাহাকে প্রভ্রংশথু রোগ বলে। নাসারন্ধ্র হইতে ধূমের ন্যায় বায়ু নির্গত হয় এবং নাসারন্ধ্র প্রদীপ্তের ন্যায় জ্বালা করে, ইহাকে দীপ্তরোগ বলে। উদান বায়ু যখন কফ কর্ত্তৃক আবৃত হওয়া প্রযুক্ত স্বীয় মার্গে বিকৃত হইয়া ঘ্রাণ-পথ আবৃত করে, তখন তাহাকে নাসাপ্রতীনাহ রোগ বলা যায়। নাসিকা হইতে অজস্র বিশেষতঃ রাত্রিকালে যদি নির্ম্মল জলের ন্যায় আস্রাব হইতে থাকে, তাহাকে নাসা পরিস্রাব বলে। ঘ্রাণরন্ধ্র-স্থিত শ্লেষ্মা, বাতপিত্ত-কর্ত্তৃক শুষ্ক হইয়া গাঢ় হওয়া প্রযুক্ত কষ্টে শ্বাসক্রিয়া হইলে নাসাপরিশোষ বলে। প্রত্যেক দোষ জন্য বা ত্রিদোষের সন্নিপাত জন্য যে সকল প্রকার অর্শঃ রোগ, শোফ, সন্নিপাত-জন্য অর্ব্বুদ রোগ এবং পঞ্চবিধ প্রতিশ্যায় পরে বলা যাইবে। শোফ-বিজ্ঞানে নাসারন্ধ্র-স্থিত শোফের বিষয় এবং নিদান স্থানে নাসিকা-গত অর্শের বিষয় যেরূপ বলা হইয়াছে তাহাও এস্থলে বিভাবনীয়।

ত্রয়োবিংশ অধ্যায়।

নাসাগত রোগের চিকিৎসা।

পূতনস্য রোগে নাড়ীস্বেদ, স্নেহস্বেদ, বমন এবং স্রংসন প্রয়োজ্য। তীক্ষ্ণ রস যোগে লঘু অন্ন, অল্প পরিমাণে ভোজন, উষ্ণোদক পান এবং উপযুক্ত কালে ধূমপান কর্ত্তব্য। হিঙ্গু, ত্রিকটু, ইন্দ্রযব, শিবাটী লাক্ষা, কুঙ্কুম, কটফল, বচ, কুষ্ঠ, সূক্ষ্ম এলাইচ, বিড়ঙ্গ এবং করঞ্জ এই সকল দ্রব্য গোমূত্র যোগে সর্ষপতৈল পাক করিয়া নস্যে প্রয়োগ করিবে।

নাসাপাক রোগে নাসিকার বাহ্যে এবং অভ্যন্তরে পিত্তনাশক বিধান কর্ত্তব্য। রক্তমোক্ষণ পূর্ব্বক ক্ষীরবৃক্ষের ত্বক্ ঘৃত সংযোগে পরিষেচন ও লেপে প্রয়োজ্য। ঊর্দ্ধগত রক্তপিত্তের চিকিৎসা পরে বলা যাইবে। পূয়রক্ত রোগে নাড়ীব্রণের ন্যায় চিকিৎসা করিবে। বমন করাইয়া অবপীড়ন, তীক্ষ্ণ দ্রব্যের ধূম এবং শোধনী দ্রব্য চূর্ণের নস্য প্রয়োগ করিবে। ক্ষবথু রোগে শিরোবিরেচনীয় দ্রব্যের চূর্ণ নলের দ্বারা প্রয়োগ করিবে। ভ্রংশথু রোগে মূর্দ্ধদেশে স্বেদ প্রয়োগ, এবং স্নিগ্ধধূম প্রভৃতি অন্যান্য বায়ুরোগের হিতকর বিধি প্রয়োগ করিবে। দীপ্ত রোগে পিত্ত জন্য রোগের প্রতীকারের বিধি অনুসারে ক্রিয়া করিবে এবং স্বাদু ও শীতল প্রযোগ করিবে। নাসানাহ রোগে স্নেহ পানই প্রধান, স্নিগ্ধধূম এবং শিরোবিরেচনও প্রয়োগ কর্ত্তব্য। বলাতৈল এবং অন্যান্য বায়ু নাশক দ্রব্যও এ স্থলে বিধেয়। নাসাস্রাব রোগে তীক্ষ্ণ অবপীড়ন নাসারন্ধ্রে নলের দ্বারা প্রয়োগ করিবে এবং দেবদারু ও চিত্রক সহযোগে মাংস ও ঘৃতের ধূম প্রয়োগ করিবে। নাসাশোষ রোগে ক্ষীরঘৃত এবং অণুতৈল নস্যে প্রয়োগ করাই সর্ব্বোৎকৃষ্ট। ঘৃত পান, মাংসরস সহযোগে ভোজন স্নেহস্বেদ এবং

স্নৈহিক ধূমও প্রয়োজ্য। অবশিষ্ট সকল নাশাগত রোগ যথাবিধি চিকিৎসা করিবে।

চতুর্ব্বিংশ অধ্যায়।

প্রতিশ্যায় রোগের চিকিৎসা।

নারী প্রসঙ্গ, মস্তকে কোন প্রকারে তাপ লাগা, ধূম বা রজোদ্বারা উপহত হওয়া, শীতল সেবন, অতিশয় ক্রোধ এবং মূত্র পুরীষের বেগ ধারণ, এই সকল কারণে সদ্যই প্রতিশ্যায় রোগ জন্মে।

বায়ু প্রভৃতি সমস্ত দোষ এবং শোণিত পৃথক্ রূপেই হউক অথবা একত্রই হউক মূর্দ্ধদেশে বর্দ্ধিত হইয়া বিবিধ প্রকোপণের কারণের দ্বারা কুপিত হইয়া কালক্রমে প্রতিশ্যায় রোগ জন্মায়।

প্রতিশ্যায়ের পূর্ব্বরূপে মস্তকের ভার, ক্ষবথুপ্রবৃত্তি, অঙ্গমর্দ্দ (গায়ের কামড়ানী) এবং লোমহর্ষণ প্রভৃতি অনেক প্রকার উপদ্রব জন্মে।

প্রতিশ্যায় রোগ বায়ুজন্য হইলে, নাসারন্ধ্র স্তব্ধ অবরুদ্ধ এবং অল্পস্রাববিশিষ্ট হয়, গল, তালু ও ওষ্ঠ শুষ্ক হয়, শঙ্খদ্বয় তোদ-বিশিষ্ট হয় অর্থাৎ দুই রগ টন্ টন্ করে এবং স্বর উপহত হয়। পিত্তজন্য হইলে, নাসিকা হইতে ঈষৎ পীতবর্ণ উষ্ণ আস্রাব হয়, গাত্র সন্তপ্ত হয় এবং রোগী কৃশ পাণ্ডুবর্ণ ও তৃষ্ণার্ত্ত হয় এবং ধূমসংযুক্ত অগ্নির ন্যায় বমন করে। * কফ জন্য হইলে, নাসিকা হইতে শুক্লবর্ণ শীতল কফ মুহুর্মুহুঃ স্রাবিত হয়, নেত্রদ্বয় শুক্লবর্ণ হয় ও ফুলিয়া উঠে, মস্তক ও মুখ ভার বোধ হয় এবং মস্তক, গলদেশ, ওষ্ঠ এবং তালুদেশ কণ্ডুয়ন করে (সড়্ সড়্ করে)।—ত্রিদোষ-জন্য হইলে, রোগ পুনঃ

---

* অন্যান্য গ্রন্থে নাসিকা হইতে সধূম অগ্নির ন্যায় নির্গত হওয়া উল্লিখিত আছে।

পুনঃ জন্মিয়া পক্ক হউক বা না হউক পুনঃ পুনঃ আপনা হইতে নিবৃত্তি পায় এবং অপীনস্ রোগের সকল লক্ষণ ইহাতে প্রকাশ পায়।—রক্ত জন্য হইলে, রক্তস্রাব হয়, চক্ষু তাম্রবর্ণ ও বক্ষঃস্থলে আহত হওনের ন্যায় বেদনা হয়, নিশ্বাসে ও মুখে দুর্গন্ধ হয় এবং গন্ধজ্ঞান হয় না।

প্রতিশ্যায় রোগে শ্বেতবর্ণ স্নিগ্ধ সূক্ষ্মাকৃতি কৃমি সমস্ত জন্মে। তাহা হইলে মূর্দ্ধস্থিত কৃমি-জন্য বিকারের লক্ষণ ইহাতে প্রকাশ পায়। নাশারন্ধ্র মুহুর্মুহু ক্লেদযুক্ত হইলে এবং শুষ্ক হইলে, নিশ্বাস প্রশ্বাসে দুর্গন্ধ হইলে, এবং গন্ধ জ্ঞান না হইলে, দুষ্ট প্রতিশ্যায় বলিয়া জানিবে; ইহা অতি কষ্টসাধ্য। প্রতীকার না করিলে সকল প্রকার প্রতিশ্যায় রোগ হইতেই দুষ্ট পীনস, বধিরতা, অন্ধতা, অজিঘ্রতা (ঘ্রাণ শক্তি না থাকা) ঘোরতর নেত্ররোগ, কাশ, অগ্নিমান্দ্য, শোফ বৃদ্ধি-রোগ এবং পীনস-রোগ জন্মে।

সদ্যোজাত বা অভিনব প্রতিশ্যায় ব্যতীত সকল প্রকার প্রতিশ্যায় রোগে ঘৃত পান, বিবিধ প্রকার স্বেদ ও বমন, এবং অধিক দিনের হইলে অবপীড়ন প্রয়োগ কর্ত্তব্য। প্রতিশ্যায় পাকিয়া না উঠিলে তাহা পাকাইবার জন্য স্বেদ প্রয়োগ, হিম না হয় এরূপ দ্রব্য অম্ল সহযোগে ভোজন অথবা দুগ্ধ এবং আর্দ্রক, ইক্ষুবিকার (গুড় প্রভৃতি) যোগে সেবন কর্ত্তব্য। পাকিয়া ঘন এবং অবলম্বিত ভাব হইলে শিরোবিরেচনের দ্বারা নির্গত করিবে। দোষ ও অবস্থা বিবেচনা করিয়া বিরেচন আস্থাপন ধূমপান ও কবলগ্রহ প্রয়োজ্য। প্রতিশ্যায় রোগে বায়ু শূন্য স্থানে শয়ন উপবেশন অঙ্গচালনাদি ক্রিয়া, মূর্দ্ধদেশে গুরু এবং উষ্ণ বস্ত্র বন্ধন, ধূম সহযোগে তীক্ষ্ণ শিরোবিরেচন, রুক্ষ পলান্ন এবং বিজয়া (সিদ্ধি) সেবন কর্ত্তব্য। শীতল জল পান, স্ত্রীসঙ্গ, শিশিরে অবগাহন, চিন্তা, অতিশয় রুক্ষ অন্নসেবন, বেগ ধারণ, এবং নূতন মদ্য, পীনস রোগী এই সকল বর্জ্জন করিবে। বমন, অঙ্গের অবসাদ, জ্বরগৌরব, অরুচি, অরতি এবং অতিসার, এই সকল

উপদ্রবে লঙ্ঘন, পাচন, অগ্নিদীপন প্রভৃতি ক্রিয়ার দ্বারা চিকিৎসা করিবে। অথবা বাতশ্লেষ্ম জন্য পীনস রোগী বয়ঃস্থ হইলে অধিক পরিমাণে দ্রবদ্রব্য সহকারে বমন করাইবে। উপদ্রব সমস্ত ঔষধ এবং আহারের নিয়মের দ্বারা দোষানুসারে প্রতিকার করিবে।

প্রতিশ্যায় বাতিক জন্য হইলে, বিদার্য্যাদিগণ সংযোগে ঘৃত পাক করিয়া তাহাতে পঞ্চ লবণ মিশ্রিত করিবে। সেই ঘৃত নস্য পান ধূম প্রভৃতি ক্রিয়াতে প্রয়োগ করিবে।

পিত্ত বা রক্ত জন্য হইলে, কাকোল্যাদিগণ যোগে ঘৃত পাক করিয়া সেবন করিবে। শীতল পরিষেচন ও প্রদেহ প্রয়োগ করিবে। সর্জ্জরস, রক্তচন্দন, প্রিয়ঙ্গু, মধু, শর্করা, দ্রাক্ষা, মৌরী, গাম্ভারী, যষ্টিমধু এই সকল দ্রব্য কবলে (কুলকুচা) এবং মধুরগণ বিরেচন যোগে প্রয়োজ্য। এবং ধববৃক্ষের ত্বক্, ত্রিফলা, শ্যামালতা, লোধ, যষ্টিমধু এবং গাম্ভারী এই সকল দ্রব্যের কল্ক এবং দশগুণ দুগ্ধ সহযোগে পাক করা তৈল উপযুক্ত কালে অর্থাৎ পক্কাবস্থায় নস্যে প্রয়োগ করিবে।

কফ-জন্য হইলে, অগ্রে তিল ও ম সকলাই যোগে পাক করা ঘৃতের দ্বারা স্নিগ্ধ করিয়া যবাগু সংযোগে বমন করাইবে। পরে কফনাশক বিধি অববম্বন করিবে। শ্বেত ও পীত বেড়েলা, বৃহতী, কণ্টকারী, বিড়ঙ্গ, মনসা, শ্বেতামূল, শ্যামালতা ভদ্রা পুনর্ণবা এই সকল দ্রব্য যোগে পাক করা তৈল নস্যে প্রয়োগ করিবে। দেবদারু, আপাঙ্, সরল কাষ্ঠ, দন্তী এবং ইঙ্গুদী এই সকল একত্র বর্ত্তি নির্ম্মাণ পূর্ব্বক ধূম প্রয়োগ করিবে।

সন্নিপাত-জন্য হইলে কটু, তিক্ত, ঘৃত, তীক্ষ্ণ. ধূম এবং কটু ঔষধ প্রয়োজ্য। রসাঞ্জন, আতইচ, মুথা এবং দেবদারু একত্র যোগে তৈল পাক করিয়া নস্যে প্রয়োগ করিবে। মুথা, গজপিপ্পলী, আকনাদী, কটফল, কটুকী, বচ, সর্ষপ, পিপ্পলী-মূল পিপ্পলী, সৈন্ধব, চিতে, তুথ, করঞ্জ-বীজ, লবণ, দেবদারু এই সকল যোগে কষায়

প্রস্তুত করিয়া কবলে এবং তৈল পাক করিয়া শিরোবিরেচনে প্রয়োজ্য।

অর্দ্ধ-ভাগ-জল-সংযুক্ত দুগ্ধে মৃগ, পক্ষির মাংস এবং জলজাত বাতঘ্ন ঔষধির পুষ্প পাক করিবে। জল মরিয়া দুগ্ধাবশেষ থাকিতে নামাইবে। শীতল হইলে তাহাতে ঘৃত উৎপাদন করিবে। সেই ঘৃতে সর্ব্বগন্ধা, অনন্তমূল, শর্করা, যষ্টিমধু ও চন্দনের (রক্ত) চূর্ণ বা কল্ক প্রক্ষেপ করিয়া পুনর্ব্বার দশগুণ দুগ্ধে পাক করিবে। ইহা নস্যে প্রয়োগ করিলে সকল প্রকার প্রতিশ্যায় আরোগ্য হয়।

প্রতিশ্যায় রোগেরই দোষানুসারে দ্রব্যসহযোগে তৈল পাক করিয়া প্রয়োগ করিবে। কৃমিজন্য রোগে মূত্র ও পিত্তসহযোগে সকল প্রক্রিয়া করিবে এবং যাপনের জন্য কৃমিঘ্ন ঔষধ প্রয়োগ করিবে।

পঞ্চবিংশ অধ্যায়।

শিরোরোগের বিবরণ।

শিরোরোগ একাদশ প্রকার। বাত, পিত্ত, কফ, ত্রিদোষ, রক্ত, ক্ষয় এবং কৃমি, এই সপ্ত কারণে সপ্ত প্রকার এবং সূর্য্যাবর্ত্ত, অনন্তবাত, অর্দ্ধাবভেদক এবং শঙ্খক, এই চারি প্রকার।

নিমিত্ত (জ্বরাদি) ব্যতিরেকে রাত্রিযোগে অত্যর্থ শিরঃপীড়া জন্মিলে, এবং বন্ধন বা উপতাপের দ্বারা তাহার উপশম বোধ হইলে, বায়ুজন্য শিরঃপীড়া বলা যায়। মস্তক তপ্তাঙ্গার-নিচিতের ন্যায় উষ্ণ এবং নাসিকা ধূমবিশিষ্ট হইলে, এবং রাত্রিকালে বা শৈত্যপ্রয়োগে যাতনার বিশেষ হ্রাস হইলে, পিত্তজন্য শিরঃপীড়া বলা যায়। মস্তক ও গলদেশ কফ কর্ত্তৃক উপদিগ্ধ, স্তব্ধ, ভারী এবং হিম হইলে চক্ষু এবং মুখ স্ফীত হইলে, কফজন্য শিরঃপীড়া বলা যায়। ত্রিদোষ জন্য

শিরঃপীড়া হইলে সকল দোষের লক্ষণই প্রকাশ পায়। রক্ত জন্য হইলে পিত্ত জন্য শিরঃপীড়ার সকল লক্ষণ হয়, এমন কি মস্তক স্পর্শসহ হয়; মস্তকের অভ্যন্তরস্থ বসা এবং শ্লেষ্মা ক্ষয় হইলে ক্ষয় জন্য শিরঃপীড়া বলা যায়; ইহাতে মস্তকের অভিতাপ, অতিশয় উগ্র বেদনা জন্মে; স্বেদ, বমন, ধূম প্রয়োগ, নস্য বা রক্তমোক্ষণের দ্বারা ইহা বৃদ্ধি হয়। মস্তকের তোদ (টন্‌টনানি) এবং অভ্যন্তরে যেন কিছু কামড়াইতেছে এই রূপ অত্যর্থ যাতনা এবং নাসিকা হইতে সরক্ত জল নির্গত হইলে কৃমি জন্য শিরঃপীড়া বলে। সূর্য্যোদয় কালে চক্ষু ও ভ্রূদেশে মন্দ মন্দ বেদনা আরম্ভ হইয়া ক্রমশঃ সূর্য্যের উচ্চতার সহিত যাতনার অত্যন্ত বৃদ্ধি হয় এবং সূর্য্য পশ্চিমপথাবলম্বী হইলে ক্রমশঃ অস্তগমনের সহিত যাতনার হ্রাস হইতে থাকে ইহাকে সূর্য্যাবর্ত্ত রোগ কহে ইহা ত্রিদোষ জন্য রোগ, কখন বা শৈত্য ক্রিয়াতে কখন বা উষ্ণ ক্রিয়াতে সুখলাভ হয়। বায়ু পিত্ত কফ তিনই দূষিত হইয়া ঘাড়ের দুই পার্শ্বে পীড়া এবং ঘাড়ে তীব্র বেদনা জন্মায়, বিশেষতঃ চক্ষু, ভ্রূ এবং শঙ্খদেশে প্রায় যাতনা থাকে, এবং গণ্ডদ্বয়ের পার্শ্বে কম্প, হনুগ্রহ এবং নেত্ররোগ জন্মায়। ইহাকে অনন্তবাত বলে। মস্তকের অর্দ্ধভাগ তোদ, ভেদ ও শূল কর্ত্তৃক পীড়িত হইয়া জ্ঞানহীন প্রায় করে। ইহা এক পক্ষ দশ বা দ্বাদশ দিবস অন্তর অথবা অকস্মাৎ উদয় হয়। ইহাকে অর্দ্ধভেদ কহে। শঙ্খদেশ (দুই কর্ণের নিকটের ললাটের অস্থিখণ্ডদ্বয়) আশ্রিত বায়ু বেগবান হইয়া কফ পিত্ত ও রক্ত সহযোগে মূর্দ্ধদেশে বিশেষতঃ শঙ্খদ্বয়ে তীব্র বেদনা জন্মায়। এই সুকষ্টকর রোগকে পুরাণ মহর্ষিরা শঙ্খক রোগ বলিয়া উল্লেখ করিয়াছেন। ইহা মৃত্যুকল্প এবং দুর্নিবার।

ষড়্‌বিংশ অধ্যায়।

শিরোরোগের চিকিৎসা।

বায়ু জন্য শিরোরোগে বাতব্যাধির সকল বিধান অবলম্বন করিবে এবং সকল প্রক্রিয়াতে দুগ্ধ ঘৃত বা তৈল অনুপান করিবে। রাত্রি-কালে মুদ্গ কুলত্থ বা মাসকলাই অথবা কটু ও উষ্ণ দ্রব্য ঘৃত সংযোগে অনুষ্ণ অবস্থায় (অথচ শীতল না হয়) সেবন করিয়া দুগ্ধ অনুপান করিবে। তৈল বা বাতঘ্ন দ্রব্যের কল্ক দুগ্ধ সহযোগে পান করিবে। বাতঘ্ন দ্রব্যের ক্বাথ * বা দুগ্ধ ঈষদুষ্ণ থাকিতে সেক প্রয়োগ করিবে। বাতঘ্ন দ্রব্যের কল্ক দুগ্ধসহ পায়সের ন্যায় পাক করিয়া মস্তকে লেপ দিবে। মৎস্য মাংস, বা সৈন্ধবযুক্ত কৃশরা, অথবা চন্দন উৎপল কুষ্ঠ ও ছোট এলাইচ একত্র কুট্টিত করিয়া স্বেদে প্রয়োগ করিবে। স্নিগ্ধ ক্রিয়া করিয়া কর্কটরসে পাক করা তৈল নস্যে প্রয়োগ করিবে। অর্দ্ধেক জলসংযুক্ত দুগ্ধের সহিত বরুণাদিগণের চূর্ণ পাক করিবে। পরে জল মরিয়া দুগ্ধ শেষ থাকিতে নামাইবে। শীতল হইলে মন্থন পূর্ব্বক নবনীত গ্রহণ করিবে। সেই ঘৃত কুলেখাড়ার সহিত পাক করিয়া নস্যে প্রয়োগ করিবে। পূর্ব্বোক্ত দুগ্ধ ঘৃত ও শর্করা যোগে পান করিবে। এই ঘৃত সংযোগে যথাকালে স্নৈহিক ধূম প্রয়োগ করিবে। পান অভ্যঞ্জন নস্য বস্তিক্রিয়া এবং সেচনে ত্রৈবৃত ঘৃত এবং বলা তৈল প্রয়োজ্য। এই রোগে ঘৃত সংযুক্ত মাংস রস বা সুসংস্কৃত দুগ্ধযোগে ভোজন করা বিধেয়।

পিত্তরক্ত-জন্য শিরোরোগে মস্তকে ঘৃতযুক্ত শীতল আলেপন ও পরিষেচন প্রয়োগ করিবে। দুগ্ধ, ইক্ষুরস, ধান্যাম্ল, দধিমস্তু, মধু, শর্করা, জল, নল, বেতস, কহ্লার (শালুক), চন্দন, পদ্ম, শঙ্খ, শৈবল, যষ্টিমধু, মুথা, রক্তোৎপল এই সকল দ্রব্য এবং পিত্তজন্য

---

* বাতঘ্ন দ্রব্য সূত্রস্থানের গণবর্ণনায় দ্রষ্টব্য।

বিসর্পরোগোক্ত সকল দ্রব্য ঘৃতযোগে শিরোলেপে প্রয়োজ্য। মধুরগণস্থ দ্রব্য আলেপনে ও নস্য কর্ম্মে প্রয়োজ্য। এবং তৎসহযোগে আস্থাপন বিরেচন পথ্য এবং স্নেহবস্তি বিধেয়। নস্যে ক্ষীরসর্পি বা বসা, উৎপলাদিগণ যোগে পাক করা দুগ্ধ আস্থাপনে, ঘৃত ও মাংসরস যোগে অনুবাসন ও ভোজন, মধুর দ্রব্য যোগে শর্করা সংযুক্ত ক্ষীরসর্পি স্নেহনে, এবং রক্ত-পিত্তনাশক অন্যান্য বিধি ও হিতকর।

কফ জন্য শিরোরোগে কফ নাশক প্রক্রিয়া করিবে। তীক্ষ্ণ শিরোবিরেচন বমন, গণ্ডূষ ধারণ, কর্ত্তব্য। নির্ম্মল ঘৃত পানে সর্ব্বদা স্বেদে প্রয়োজ্য। মৌল কাষ্ঠের সার সংযোগে স্নিগ্ধ শিরোবিরেচন প্রয়োগ করিবে। ইঙ্গুদী ত্বক্ এবং মেষশৃঙ্গী যোগে বর্ত্তি নির্ম্মাণ পূর্ব্বক ধূম পান করিবে। কটফল চূর্ণের ঘ্রাণ এবং কফনাশক কবল গ্রহণ করিবে। শরল কাষ্ঠ, কুষ্ঠ, আর্দ্রক এবং রোহড়াবৃক্ষ, ক্ষার ও ও সৈন্ধব যোগে এই সকল দ্রব্যের ঈষদুষ্ণ প্রলেপ বিধেয়। ত্রিকটু এবং ক্ষার যোগে যব ও ষাট ধান্যের অন্ন, মুগ্দ পটোল ও কুলত্থের রস যোগে ভোজন কর্ত্তব্য।

ত্রিদোষ জন্য শিরোরোগে ত্রিদোষ নাশক বিধি অবলম্বন কর্ত্তব্য। ঘৃত বিশেষতঃ পুরাণ ঘৃত পান করিবে।

ক্ষীণতা জন্য শিরোরোগ হইলে পুষ্টিকর কার্য্য কর্ত্তব্য। বাতঘ্ন মধুর দ্রব্যযোগে পাক করা ঘৃত পানে ও নস্যে সেবনীয়। ক্ষয় ও কার্শতা নাশক ঘৃত এস্থলে অত্যর্থ হিতকর।

কৃমি জন্য শিরঃপীড়া হইলে শোণিতের নস্য প্রয়োগ করিবে। শোণিতগন্ধে কৃমি সমস্ত উন্মত্ত হইয়া নাসাপথে সমাগত হইলে তাহাদিগকে নির্হরণ করিবে। তদনন্তর কাংস্যনীল (কাঁসার কলঙ্ক) সংযোগে সজিনা বীজের চূর্ণ অথবা মূত্র-পিষ্ট কৃমিঘ্ন দ্রব্য অবপীড়নে প্রয়োগ করিবে। পূতি মৎস্যযোগে কৃমিঘ্ন ধূম প্রয়োগ করিবে। কৃমিনাশক বিবিধ প্রকার পান ভোজন কর্ত্তব্য। সূর্য্যাবর্ত্ত রোগে

নস্য কর্ম্মাদি ঔষধ প্রয়োজ্য। এবং মাংস রস সহ ভোজন এবং দুগ্ধ ও অন্ন যোগে ঘৃত সেবনীয়।

অর্দ্ধভেদক রোগে কোন পার্শ্বের শঙ্খ আক্রান্ত হইলে, শিরীষ, মূলক (হিংচি) এবং ত্রিফলা, বা বংশ মূলক কর্পূর, বা বচ এবং ছোট এলাইচ অথবা মধু সংযোগে মৌল, কিম্বা মধু বা চন্দন সহাযাগে মনঃশিলা, অবপীড়নে প্রয়োজ্য। তদনন্তর মধুর রস যোগে ঘৃতের নস্য বিধেয়। পদ্ম রক্তোৎপল কুষ্ঠ যষ্টিমধু আম্ররসে পিষিয়া ঘৃত তৈল যোগে লেপ প্রয়োগ করিবে। এই সকল বিধান কফ জন্য শিরো-রোগেও প্রয়োজ্য।

অনন্তবাত রোগে সূর্য্যাবর্ত্তের ন্যায় প্রতীকার করিবে। সিরা-বিদ্ধ করা কর্ত্তব্য এবং মধু দধিমস্ত সংযাব (ঘৃত ক্ষীর চিনি গোধূম একত্র জাত খাদ্য) এবং ঘৃতপূর প্রভৃতি ভোজনে প্রয়োজ্য।

শঙ্খক রোগে ক্ষীর সর্পি নস্য ও পানে প্রয়োজ্য। মাংসরস যোগে স্নিগ্ধ অন্ন আহার কর্ত্তব্য। শতমূলী, কৃষ্ণ তিল, যষ্টিমধু, নীলোৎপল, দূর্ব্বা, পুনর্ণবা, একত্র লেপ প্রয়োজ্য। অথবা গন্ধনাকুলী বা পালিন্দী অম্লরসে পিষিয়া লেপ ব্যবহার্য্য। শীতল পরিষেচন ও প্রদেহ বিধেয়। সূর্য্যাবর্ত্ত নাশক অবপীড়নও এ স্থলে প্রয়োজ্য। কেবল কৃমি জন্য রোগনাশক অবপীড়ন অবৈধ। মধু তৈল সংযোগে তীক্ষ্ণ শিরোবিরেচন প্রয়োজ্য। তদনন্তর সর্ষপ তৈল যোগে নস্য প্রয়োজ্য। ইহাতেও শান্তি না হইলে স্নেহ ও স্বেদ প্রয়োগ করিয়া সিরা মোক্ষণ করিবে।

ষট্‌সপ্ততি প্রকার নেত্ররোগ, অষ্টাবিংশ প্রকার কর্ণরোগ একত্রিংশ প্রকার নাসা রোগ, এবং একাদশ প্রকার শিরো রোগ ইহাদিগের লক্ষণ ও চিকিৎসা এবং সপ্তষষ্ঠ প্রকার মুখ রোগ চিকিৎসা এই শালাক্য তন্ত্রে কথিত হইয়াছে।

সপ্তবিংশ অধ্যায়।

নবগ্রহের আকৃতি-জ্ঞান।

হে সুশ্রুত, অতঃপর বালকদিগের গ্রহ সমূহের বিজ্ঞান, উৎপত্তি, কারণ ও চিকিৎসা বলা যাইতেছে, একাগ্রচিত্তে শ্রবণ কর। স্কন্দগ্রহ স্কন্দাপস্মার শকুনী রেবতী পূতনা অন্ধপূতনা শীতপূতনা মুখমণ্ডিকা নৈগমেষ বা পিতৃগ্রহ।

পূর্ব্বে শারীর স্থানে ধাত্রী এবং মাতার সম্বন্ধে যে রূপ নিয়ম বিহিত হইয়াছে তদনুসারে অহিতাচার বা অশৌচাচার করিলে অথবা মঙ্গলাচার না করিলে, অথবা বালক ভীত হৃষ্ট বা তর্জ্জিত হইলে কিম্বা রোদন করিলে ঐ সকল গ্রহ তাহার শরীরে আশ্রয় করে। বালকের দেহে গ্রহের লক্ষণ প্রকাশ পাইলে শান্তনা বাক্য প্রয়োগ করা কর্ত্তব্য।

নেত্রদ্বয় স্ফীত, দেহে শোণিত-গন্ধ স্তনে দ্বেষ; মুখ বক্র, নেত্রের একটী পক্ষ্ম স্থির, উদ্বিগ্নতা, চক্ষুর্ব্বয়ের ভাব, অল্প অল্প রোদন করা, হস্তের অঙ্গুলি সমূহ দৃঢ় মুষ্টি করণ এবং মলের গাঢ়তা, স্কন্দ গ্রহার্ত্ত হইলে, এই সকল লক্ষণ হয়।

কখন সচেতন, কখন অচেতন, সংরব্ধ, হস্ত পদ কম্পন, মল মূত্র নিঃসরণ, শব্দ সহকারে জৃম্ভণ এবং মুখে ফেণার উদ্গম, স্কন্দাপস্মার গ্রহ কর্ত্তৃক পীড়িত হইলে এই সকল লক্ষণ হয়।

অঙ্গের শিথিলতা, ভয়ে চমকিয়া উঠা, গাত্রে পক্ষি-গন্ধ ও স্রাববিশিষ্ট ব্রণের দ্বারা এবং দাহ-পাক-বিশিষ্ট স্ফোটের দ্বারা সর্ব্বাঙ্গ পীড়িত, শকুনী-গ্রহ কর্ত্তৃক পীড়িত হইলে এই সকল লক্ষণ হয়।

মুখ রক্তবর্ণ মল হরিত বর্ণ, দেহ অতিশয় পাণ্ডু বা শ্যাববর্ণ, জ্বর, মুখ পাক ও বেদনা কর্ত্তৃক পীড়িত, সর্ব্বাঙ্গ বেদনাবিশিষ্ট এবং বালক সর্ব্বদা নাসা ও কর্ণ মর্দ্দন করে, রেবতী-গ্রহপীড়িত হইলে এই সকল লক্ষণ হয়।

সর্ব্বাঙ্গ শিথিল, দিবাভাগে এবং রাত্রি কালে স্বচ্ছন্দে নিদ্রা না হওয়া, তরল-মল-নিঃসরণ, দেহে কাক তুল্য গন্ধ, বমন, লোম-হর্ষণ এবং তৃষ্ণা, কুমার পূতনাগ্রহপীড়িত হইলে এই সকল লক্ষণ হয়।

স্তনেদ্বেষ, অতিসার, কাস, হিক্কা, বমন, জ্বর, সতত বিবর্ণ, শোণিত গন্ধ, অন্ধপূতনা-গ্রহ-কর্ত্তৃক পীড়িত হইলে এই সকল লক্ষণ হয়।

উদ্বিগ্ন (ভয়ে চমকিয়া উঠা) অতিশয় কম্পিত, রোদন শীল, অবসন্ন ভাবে নিদ্রা, অন্ত্রকুজন (গলদেশে অব্যক্ত শব্দ), অঙ্গের শৈথিল্য, (ভৃশ নিঃশরণশীল,) অতিসার শীত-পূতনা-গ্রহের এই সকল লক্ষণ।

অঙ্গ ম্লান, হস্ত পাদ এবং বদন রক্তবর্ণ, বহুভোজী, উদর সিরা কর্ত্তৃক আবৃত, উদ্বেগ এবং দেহে মূত্রগন্ধ, শিশু মুখমণ্ডিকা নামক গ্রহ কর্ত্তৃক পীড়িত হইলে এই সকল লক্ষণ হয়।

ফেণ-বমন, দেহের মধ্যভাগ বিনমিত, উদ্বেগ, বিলাপ, ঊর্দ্ধদৃষ্টি, জ্বর, দেহে বসা-গন্ধ এবং অচেতন, কুমার নৈগমেষ নামক গ্রহ কর্ত্তৃক পীড়িত হইলে, এই সকল লক্ষণ হয়।

কুমার স্তব্ধভাবাপন্ন, স্তনদ্বেষী ও পুনঃ পুনঃ মুহ্যমান (স্বাভাবিক জ্ঞানের অভাব) হইলে এবং রোগের সম্পূর্ণ লক্ষণ প্রকাশ পাইলে শীঘ্রই প্রাণত্যাগ করে। এরূপ না হইলে রোগ সাধ্য হয় এবং রোগোৎপত্তির অনতিবিলম্বেই চিকিৎসা করিবে। শিশুকে পবিত্র গৃহে রাখিয়া তাহার অঙ্গে পুরাণ ঘৃত অভ্যক্ত করিবে। গৃহমধ্যে সর্ষপ বিকীর্ণ করিবে এবং তৈল-যোগে দীপ প্রজ্বলিত করিবে। রোগির নিকট সর্ব্বগন্ধা ওষধী-বীজ এবং গন্ধমাল্য সহযোগে অগ্নিতে ঘৃত হবন করিবে। হোমমন্ত্র যথা—

"অগ্নয়ে কৃত্তিকাভ্যশ্চ স্বাহা স্বাহেতি সংস্মরন্

নমঃস্কন্দায় দেবায় গ্রহাধিপতয়ে নমঃ।

শিরসা ত্বাভিবন্দেহং প্রতিগৃহ্ণীষ্ব মে বলিং।
নিরুজো নির্ব্বিকারশ্চ শিশুর্মে জায়তাং ধ্রুবং॥

অষ্টাবিংশ অধ্যায়।

স্কন্দগ্রহ চিকিৎসা।

স্কন্দগ্রহ পীড়িত কুমারের পক্ষে, বাতঘ্ন বৃক্ষের ক্বাথ পরিষেচনে, সেই সকল বৃক্ষের মূলের ক্বাথ সহযোগে পাক করা এবং সর্ব্বগন্ধা সুরামণ্ড এবং কৈটর্য্য এই সকল দ্রব্যে প্রক্ষেপযুক্ত তৈল অভ্যঞ্জনে প্রশস্ত। দেবদারু, রাস্না, মধুরবৃক্ষ এই সকলের ক্বাথ ও দুগ্ধ সহযোগে ঘৃত পাক করিয়া পান করাইবে। সর্ষপ সর্প-নির্ম্মোক বচ কাকাদনী ঘৃত এবং উষ্ট্র, ছাগ, মেষ অথবা গাভীর রোম ধূমে প্রয়োগ করিবে। সোমলতা ইন্দ্রবল্লী শমী এবং বিল্বকণ্টক এবং মৃগাদনীর মূল গ্রথিত করিয়া অঙ্গে ধারণ করিবে। নিশাকালে স্নান করিয়া চত্বরে স্কন্দ-গ্রহের পূজা করিবে। রক্ত মাল্য, রক্ত পতাকা, গন্ধ, বিবিধ প্রকার ভক্ষ্য, ঘণ্টা, নাদ, নূতন শালী তণ্ডুল, যব ও কুক্কুট সহযোগে বলি, গায়ত্রি সহযোগে অভিমন্ত্রিত জল এবং প্রজ্জ্বলিত অগ্নিতে আহুতি পূজার এই গুলি প্রয়োজন।

অতঃপর রক্ষামন্ত্র বলা যাইতেছে। প্রতিদিন এই মন্ত্র পাঠ পূর্ব্বক বালকের রক্ষা কার্য্য কর্ত্তব্য।

তপসাং তেজসাঞ্চৈব যশসাং বপুষাং তথা।
নিধনং যোঽব্যয়ো দেবঃ স তে স্কন্দঃ প্রসীদতু॥
গ্রহসেনাপতির্দেবো দেবসেনাপতির্বিভুঃ।
দেবসেনারিপুহরঃ পাতুঃ ত্বাং ভগবান্ গুহঃ॥
দেবদেবস্য মহতঃ পাবকস্য চ যঃ সুতঃ।
গঙ্গোমাকৃত্তিকানাঞ্চ স তে শর্ম্ম প্রযচ্ছতু॥

রক্তমাল্যাম্বরঃ শ্রীমান্ রক্তচন্দনভূষিতঃ।
রক্তদিব্য-বপুর্দেবঃ পাতু ত্বাং ক্রৌঞ্চসূদনঃ॥

একোনত্রিংশত্তম অধ্যায়।

স্কন্দাপস্মার রোগের চিকিৎসা।

বিল্ব, শিরীশ, গোলোমী এবং সুরসাদিগণের ক্বাথ পরিষেচনে, সর্ব্বগন্ধা সহযোগে তৈল পাক করিয়া অভ্যঞ্জনে ক্ষীরবৃক্ষের এবং কাকোল্যাদিগণের ক্বাথ সহযোগে পাক করা ঘৃত বা দুগ্ধ পানে এবং বচ ও হিঙ্গু যোগে আলেপন ইহাতে প্রয়োজ্য। গৃধ্র ও উলূকের পুরীষ, কেশ, হস্তির নখ, ঘৃত এবং বৃষের লোম ধূপনে প্রয়োগ করিবে। অনন্তা বিম্বী এবং মর্কটী কুক্কুটি এই সকল অঙ্গে ধারণ করিবে। স্নানান্তর চতুষ্পথে স্কন্দাপস্মার গ্রহের পূজা করিয়া পক্ক ও অপক্ক মাংস, প্রসন্ন রুধির, দুগ্ধ, ভূতান্ন নিবেদন করিবে। মন্ত্র যথা,—

স্কন্দাপস্মারসংজ্ঞো যঃ স্কন্দস্য দয়িতঃ সখা।
বিশাখসংজ্ঞশ্চ শিশোঃ শিবোঽস্তু বিকৃতাননঃ॥

ত্রিংশত্তম অধ্যায়।

শকুনী গ্রহের চিকিৎসা।

শকুনীগ্রহ জন্য রোগে বেতস, আম্র, কপিত্থ ইহাদিগের ক্বাথ পরিষেচনে, কষায় ও মধুরগণস্থ দ্রব্য সহ পাক করা তৈল অভ্যঞ্জনে, যষ্টিমধু, বেণামূল, বালা, শ্যামালতা, উৎপল, পদ্মকাষ্ঠ, লোধ, প্রিয়ঙ্গু, মঞ্জিষ্ঠা, শৈলজ ইহাদিগের প্রদেহ প্রয়োগ করিবে। ব্রণ রোগের বিহিত চূর্ণ, ত্রিবিধপ্রকার পথ্য এবং ব্রণাধিকারোক্ত-উল্লিখিত ধূপন এ স্থলে প্রয়োজ্য। শতমূলী, মৃগাদনী, এর্ব্বারু, নাগদন্তী, নিদিগ্ধিকা, লক্ষ্মণা, সহদেবা বৃহতী এই সকল অঙ্গে ধারণ করিবে।

তিল, তণ্ডুল, মাল্য, হরিতাল, মনঃশিলা এই সকল বলি নিবেদন পূর্ব্বক নিকুঞ্জ মধ্যে একাগ্রচিত্তে শকুনী গ্রহের পূজা করত শিশুকে যথা বিধানে স্নান করাইবে। স্কন্দগ্রহ রোগের ঘৃত এ স্থলে প্রয়োজ্য। বিহিত পুষ্পের দ্বারা বিবিধ প্রকার পূজা করিবে।

অন্তরীক্ষচরা দেবী সর্ব্বালঙ্কারভূষিতা।
অধোমুখী তীক্ষ্ণতুণ্ডা শকুনী তে প্রসীদতু॥
দুর্দ্দর্শনা মহাকায়া পিঙ্গাক্ষী ভৈরবস্বরা।
লম্বোদরী শঙ্কুকর্ণী শকুনী তে প্রসীদতু॥

একত্রিংশত্তম অধ্যায়।

রেবতী গ্রহের চিকিৎসা।

অশ্বগন্ধা, অজশৃঙ্গী, শ্যামলতা, পুনর্নবা মুগানি, মাসানি, ভূমিকুষ্মাণ্ড ইহাদিগের ক্বাথ সেচনে, যব, অশ্বকর্ণ, অর্জ্জুন, ধাতকী, তিন্দুক এবং কুষ্ঠ বা সর্জ্জরস সহযোগে পাক করা তৈল অভ্যঙ্গে, কাকোল্যাদিগণ যোগে পাক করা ঘৃত পানে, কুলথ শঙ্খচূর্ণ এবং সর্ব্বগন্ধ প্রদেহে এবং গৃধ্র উলূকের পুরীষ, যব ঘৃত ইহাদিগের ধূপ প্রাতঃ ও সায়াহ্নে প্রয়োগ করিবে।

শুক্লবর্ণ মনোহর লাজ, দুগ্ধ, শালি-অন্ন গোতীর্থে (গোয়াল ঘরে) এই সকল নিবেদন পূর্ব্বক পূজা করিবে এবং নদীসঙ্গমে ধাত্রী ও কুমারকে স্নান করাইবে। স্তুতিমন্ত্র যথা,—

নানাবস্ত্রধরা দেবী চিত্রমাল্যানুলেপনা।
চলৎকুণ্ডলিনী শ্যামা রেবতী তে প্রসীদতু॥
লম্বা কালা বিনতা চৈথৈব বহুপুত্রিকা।
রেবতী সততং মাতা সা তে দেবী প্রসীদতু॥

দ্বাত্রিংশত্তম অধ্যায়।

পূতনাগ্রহের চিকিৎসা।

কপোতবঙ্কা, অরলুক বরুণ পরিভদ্রক (পালিদা) আস্ফোতা (কাষ্ঠমল্লিকা), ইহাদিগের কাথ পরিষেচনে, বচ হরিতকী গোলমী হরিতাল মনঃশিলা কুষ্ঠ এবং সর্জ্জরস এই সকল সহযোগে পাক করা তৈল অভ্যঙ্গে, তুগাক্ষীর মধুরক কুষ্ঠ তালিশ খদির চন্দন ইহাদিগের সহ পাক করা ঘৃত, বচ, কুষ্ঠ, হিঙ্গু, গিরিকদম্ব, এলাইচ হরেণু এই সকলের ধূম প্রয়োগ করিবে। গন্ধনাকুলী, কুম্ভীকা (পানা) কুলের আটির মজ্জা, কর্কটের অস্থি ও ঘৃত ইহাদিগের ধূপ প্রয়োগ করিবে। কাকাদনী (গুড়কামাই) চিত্রফলা বিম্বী এবং গুঞ্জা এই সকল অঙ্গে ধারণ করিবে।

মৎস্য, অন্ন, কৃশরা, মাংস এই সকল দ্রব্য শরাবে রাখিয়া শরাব আচ্ছাদন পূর্ব্বক শূন্য গৃহে নিবেদন করিয়া উপহার সহ পূজা করিবে। এবং উচ্ছিষ্ট জলে স্নান করাইবে। স্তুতি মন্ত্র যথা,—

মলিনাম্বরসংবৃতা মলিনা রুক্ষমূর্দ্ধজা।
শূন্যাগারাশ্রিতা দেবী দারকং পাতু পূতনা॥
দুর্দর্শনা সুদুর্গন্ধা করালা মেঘকালিকা।
ভিন্নাগারাশ্রয়া দেবী দারকং পাতু পূতনা॥

ত্রয়স্ত্রিংশত্তম অধ্যায়।

অন্ধপূতনা গ্রহের চিকিৎসা।

তিক্তক বৃক্ষের পত্রের কাথ অবসেচনে, সুরা, কাঞ্জী, কুষ্ঠ, হরিতাল, মনঃশিলা, ধূনা এই সকল যোগে পাক করা তৈল অভ্যঙ্গে, পিপ্পলী-মূল, মধুরবর্গ, মধু, শালপানি এবং বৃহতী এই সকল যোগে পাক

করা-ঘৃত পানে, অঙ্গে সর্ব্ব-গন্ধার প্রদেহ এবং চক্ষুতে শীতল প্রদেহ, বিধেয়। কুক্কুট-পুরীষ, কেশ, চর্ম্ম, সর্পনির্ম্মোক এবং জীর্ণ বস্ত্রখণ্ড ধূমে প্রয়োগ করিবে। কুক্কটী, মর্কটী, শিম্বী, অনন্তা এই সকল অঙ্গে ধারণ করিবে। আম ও পক্ক মাংস এবং শোণিত চতুষ্পথে গ্রহ-দেবীকে নিবেদন পূর্ব্বক গৃহ মধ্যে শিশুকে সর্ব্বগন্ধাদির জলে স্নান করাইয়া দিবে। গ্রহস্তুতিমন্ত্র যথা,—

করালা পিঙ্গলা মুণ্ডা কষায়াম্বরবাসিনী।
দেবী বালমিমং প্রীতা সংরক্ষত্বন্ধপূতনা॥

চতুস্ত্রিংশত্তম অধ্যায়।

শীতপূতনা গ্রহের চিকিৎসা।

কপিত্থ, সুবহা, বিম্বীফল, বিল্ব, প্রচীবল, নন্দী, ভল্লাতক, পরি-ষেচনে, ছাগমূত্র, গোমূত্র, মুথা, দেবদারু, কুষ্ঠ, সর্ব্বগন্ধা একত্র যোগে তৈল পাক করিয়া অভ্যঙ্গে, রোহিনী, ধুনা, খদির, পলাশ, অর্জ্জুনত্বক্ এই সকলের ক্বাথ ও দুগ্ধ সহ তৈল পাক করিয়া অভ্যঙ্গে, গৃধ্র উলূকের পুরীষ, অজগন্ধা, সর্প-নির্ম্মোক, নিম্বপত্র, যষ্টিমধু, এই গুলি ধূমপানার্থে প্রয়োজ্য। লম্বা, গুঞ্জা, এবং কাকাদনী, অঙ্গে ধারণ করিবে। মুদ্গ সহযোগে অন্ন পাক করিয়া তদ্দ্বারা নদীতে শীতপূতনার তর্পণ করিবে। মদ্য এবং রুধির দেবীকে উপহার প্রদান করিবে, এবং জলাশয়ের প্রান্তে বালককে স্নান করাইবে। স্তুতিমন্ত্র যথা,—

মুদ্গৌদনাশনা দেবী সুরাশোণিতপায়িনী।
জলাশয়ালয়া দেবি পাতু ত্বাং শীতপূতনা॥

পঞ্চত্রিংশত্তম অধ্যায়।

মুখমণ্ডিকা চিকিৎসা।

কপিত্থ, বিল্ব, তর্কারী, বাংশী, এরণ্ডপত্র, কুবেরাক্ষী ইহাদিগের ক্বাথ পরিষেচনে, ভৃঙ্গরাজ, অজগন্ধা, হরিগন্ধা ইহাদিগের রসে তৈল ও বসা পাক করিয়া অভ্যঞ্জনে, মৌরী, দুগ্ধ, তুগাক্ষীর, অঙ্গনা, মধুর, স্বল্প পঞ্চমূল, এই সকল যোগে পাক করা ঘৃত পানে, বচ, ধূনা, কুষ্ঠ, ঘৃত ধূপনে, এবং চাস চীরল্লি ও সর্প ইহাদের জিহ্বা অঙ্গে ধারণে প্রয়োজ্য। বর্ণক, চূর্ণক, মাল্য, অঞ্জন, পারদ, মনঃশিলা এই সকল এবং পায়স ও পুরোডাস গোষ্ঠ মধ্যে বলি প্রদান করিবে, এবং মন্ত্রপূত জলে শিশুকে স্নান করাইবে। মন্ত্র যথা,—

অলঙ্কৃতা রূপবতী সুভগা কামরূপিণী।
গোষ্ঠমধ্যালয়রতা পাতু ত্বাং মুখমণ্ডিকা॥

ষট্‌ত্রিংশত্তম অধ্যায়।

নৈগমেষ রোগের চিকিৎসা।

বিল্ব, অগ্নিমন্থ, নাটাকরঞ্জ ইহাদিগের ক্বাথ এবং সুরা, কাঞ্জী ও ধান্যাম্ল পরিষেচনে, প্রিয়ঙ্গু, সরলকাষ্ঠ, অনন্তমূল, শোল্‌ফা, কুটন্নট, গোমূত্র, দধিমস্ত ও অম্লকাঞ্জী এই সকল যোগে তৈল পাক করিয়া অভ্যঙ্গে, দশমূলের ক্বাথ, দুগ্ধ, মধুর গণ, এবং খর্জ্জুরমস্তক এই সকল যোগে পাক করা ঘৃত পানে, হরীতকী, জটিলা এবং বচ অঙ্গে ধারণে এবং স্কন্দাপস্মাররোগোক্ত লেপ উৎসাদনে প্রয়োজ্য। শ্বেতসর্ষপ, বচ, হিঙ্গু, কুষ্ঠ, ভল্লাতক, অজমোদা এই সকলের ধূপ প্রয়োজ্য। নিশাকালে জন সমূহ নিদ্রিত হইলে মর্কট উলূক এবং গৃধ্রের পুরীষ নির্ম্মিত ধূপ, তিল, তণ্ডুল, মাল্য এবং বিবিধ প্রকার ভক্ষ্য দ্রব্য মেষ-

গ্রহকে বৃক্ষমূলে নিবেদন করিবে। বটবৃক্ষ তলে শিশুকে স্নান করাইবে। ষষ্ঠী তিথিতে সেই বৃক্ষের তলায় মেষদেবতাকে বলি নিবেদন করিবে। স্নানমন্ত্র যথা,—

অজাননশ্চলাক্ষিভ্রূঃ কামরূপী মহাযশাঃ।
বালং পালয়িতা দেবো নৈগমেষোঽভিরক্ষতু॥

সপ্তত্রিংশত্তম অধ্যায়।

গ্রহোৎপত্তির বিবরণ।

স্কন্দ প্রভৃতি পূর্ব্বোক্ত নয়টী বালগ্রহ শ্রীমন্ত এবং দিব্য-দেহ-বিশিষ্ট তাহাদিগের কেহ বা নারী, কেহ বা পুরুষ। শরবনস্থিত সদ্যোজাত কার্ত্তিকেয়ের রক্ষার জন্য কৃত্তিকা, অগ্নি এবং মহাদেব কর্ত্তৃক স্বীয় তেজের দ্বারা তাহারা সৃষ্ট হয়। নানারূপ স্ত্রীদেহ বিশিষ্ট যে সকল গ্রহের বিষয় বলা হইয়াছে তাহারা গঙ্গা, উমা এবং কৃত্তিকার রজোভাগ হইতে উৎপন্ন। নৈগমেষগ্রহ পার্ব্বতী কর্ত্তৃক সৃষ্ট মেষাননবিশিষ্ট। স্কন্দাপস্মার নামক গ্রহ, অগ্নিসম-দ্যুতি-বিশিষ্ট স্কন্দগ্রহের সখা ইহাকে বিশাখও বলে। ভগবান্ ত্রিপুরারি কর্ত্তৃক স্কন্দগ্রহের সৃষ্টি। এই গ্রহের অপর একটী নাম কুমার। রুদ্র ও অগ্নি হইতে সম্ভূত বাললীলাধারী স্বয়ং কার্ত্তিকেয় এরূপ মিথ্যাচারে প্রবৃত্ত হয়েন না কোন কোন অপণ্ডিত ব্যক্তি স্কন্দগ্রহকে কুমার কার্ত্তিকেয় বলিয়া বিবেচনা করেন। স্কন্দদেব দেবতাদিগের সেনাপতিত্বে বৃত হইলে, দীপ্ত শক্তিধারী গ্রহ সমস্ত তাহার নিকট উপস্থিত হইয়া অঞ্জলিপুটে কহিল, হে দেব! আমাদিগের বৃত্তি বিধান করুন। স্কন্দদেব এই সকল গ্রহকে মহাদেবের নিকট প্রেরণ করিলেন। ভগবান্ মহাদেব সেই গ্রহদিগকে কহিলেন, তির্য্যক্-যোনি মানুষ ও দেবতা জগতের

এই ত্রিবিধ সৃষ্টি পরস্পর উপকারের দ্বারা স্থিত হইতেছে। দেবতারা শীত গ্রীষ্ম বর্ষা ও বায়ুর দ্বারা মনুষ্যও তির্য্যক্-জাতির প্রীতি সাধন করিতেছেন, এবং মনুষ্যেরা যজ্ঞ, হোম প্রভৃতির দ্বারা দেবতাদিগের প্রীতি সাধন করে। বৃত্তকার্য্য এই রূপে বিভক্ত হইয়াছে আর কিছুই অবশিষ্ট নাই। অতএব তোমাদিগের বৃত্তি বালকে অবধারিত হইল। যে কুলে দেবতা, পিতৃগণ, ব্রাহ্মণ, সাধু ও অতিথির পরিচর্য্যা না হয় এবং যাহারা শৌচাচারে বিরত পরপাকজীবী, যাহারা ভগ্ন কাংস্য-পাত্রে ভোজন করে, তাহাদিগের গৃহস্থিত বালকদিগকে তোমরা নিশঙ্কচিত্তে আক্রমণ করিবে। এই তোমাদিগের বিপুল বৃত্তি ইহাতেই তোমরা পূজা প্রাপ্ত হইবে। এইরূপে গ্রহ সকল উৎপন্ন হইয়া বালকদিগকে আক্রমণ করে। বালক গ্রহকর্তৃক আক্রান্ত হইলে চিকিৎসার অসাধ্য হয়। স্কন্দগ্রহ কর্তৃক আক্রান্ত হইলে নিশ্চয় শীঘ্র বৈকল্য বা মৃত্যু হয়। সকল গ্রহ অপেক্ষা স্কন্দগ্রহ অতিশয় উগ্র। গ্রহের সকল লক্ষণ প্রকাশ পাইলে রোগ অসাধ্য হয়।

অষ্টত্রিংশত্তম অধ্যায়।

যোনিরোগের চিকিৎসা।

প্রবৃদ্ধপুংযন্ত্রবিশিষ্ট পুরুষের সহবাসে রুক্ষ দুর্ব্বল বালিকার বায়ু কুপিত হয়। তদ্দ্বারা যোনি দূষিত হইয়া যোনিরোগ জন্মে। তিন দোষের স্ব স্ব লক্ষণানুসারে বিংশতি প্রকার যৌনি-রোগ জন্মে। স্ত্রীলোকদিগের মিথ্যাচারদূষিত আর্ত্তব, বীজ-দোষ, এবং দৈব হেতু সেই সকল রোগ জন্মে। বিংশতি প্রকার যোনি রোগ যথা,—

উদাবর্ত্তা, বন্ধ্যা, বিপ্লুতা, পরিপ্লুতা, বাতলা, বাতোত্থা, পিত্তোত্থা, রুধিরক্ষরা, বামিনী, স্রংসিনী, পুত্রঘ্নী, পিত্তলা, অত্যানন্দা, কর্ণিনী, চরণা, শ্লেষ্মিকা, ষণ্ডী, ফলিনী, মহতী, সূচীবক্ত্রা।

উদাবর্ত্তারোগে ফেনাযুক্ত রজঃ কষ্টে নিঃসৃত হয়। বন্ধ্যারোগে আর্ত্তবনাশ হয়। বিপ্লুতারোগে যোনিদেশ নিত্য বেদনা যুক্ত হয়। পরিপ্লুতারোগে মৈথুনে বেদনা জন্মে। বাতলা-যোনি কর্কশ স্তব্ধ, শূল ও তোদ বিশিষ্ট। এই চারিটী বায়ু জন্য বেদনা। দাহ সহযোগে রজো নিঃসরণ হইলে লোহিতক্ষরা বলে। রজোযুক্ত বীজ বায়ুসহ উদ্গিরণ করিলে বামিনী বলে। যোনি স্পন্দিত হইলে এবং কষ্টে প্রসব করিলে প্রস্রংসিনী বলে। মধ্যে রক্ত সহযোগে গর্ভপাত হইলে পুত্রঘ্নী বলা যায়। অত্যর্থ দাহ পাক ও জ্বর বিশিষ্ট হইলে পিত্তলা যোনি বলে। এই চারিটি পিত্তলক্ষণ বিশিষ্ট।

অত্যানন্দা যোনি হইলে মৈথুনে নারীর তৃপ্তি হয় না। কর্ণিনী-যোনি হইলে যোনি-মধ্যে শ্লেষ্মরক্ত-জন্য কর্ণিকা সমস্ত জন্মে। তাহাতে মৈথুনের পূর্ব্বেই পুরুষের অপেক্ষা অধিক রজো নিঃসরণ হয়। অতিশয় মৈথুন প্রযুক্ত গর্ভে বীজ থাকে না। শ্লেষ্মলা-যোনি পিচ্ছিল, কণ্ডূযুক্ত ও শীতল হয়। এই চারি প্রকার যোনি শ্লেষ্মার লক্ষণবিশিষ্ট।

আর্ত্তব ও স্তনরহিতা হইলে এবং মৈথুনে খরস্পর্শা হইলে ষণ্ডী বলা যায়। বৃহৎ মেঢ্র বিশিষ্ট পুরুষ কর্ত্তৃক গৃহীত হইলে তরুণীর যোনি ফলিনী হয়। যোনিদেশ অতিশয় বিবৃত হইলে মহতী এবং অতিশয় সংবৃত হইলে সূচীবক্ত্রা বলা যায়। এই চারি প্রকার যোনিরোগ ত্রিদোষজাত ইহারা অসাধ্য। এক দোষ জাত সকল সাধ্যরোগের স্নেহ প্রভৃতি চিকিৎসার ক্রম বলা যাইতেছে।

মৈথুনে অল্পস্পর্শা, স্তব্ধা, কর্কশা ও শীতলা যোনি-উত্তর বস্তি বিশেষ রূপে বিধেয়। মধুর ঔষধ ও বেশবার সহযোগে কুম্ভী স্বেদ, যোনিদেশে প্রয়োগ করিবে। তৈল সহযোগে তুলা সর্ব্বদাই যোনি মধ্যে প্রবিষ্ট পূর্ব্বক ধারণ করিবে। যোনি মধ্যে ধাবন ও পূরণ এবং পথ্যের নিয়মও কর্ত্তব্য। ওষ চোষ যুক্ত হইলে শীতল ক্রিয়া কর্ত্তব্য।

দুর্গন্ধ ও পিচ্ছিলযোনি হইলে পঞ্চকষায়ের চূর্ণ প্রয়োগ করিবে ও রাজ বৃক্ষাদির কষায়ে পূরণ ও ধারণ করিবে। পূযস্রাবিনী যোনি মধ্যে গোমূত্র ও লবণ যোগে শোধন দ্রব্যের পিণ্ড পূরণ করিবে। কণ্ডুযুক্তা অল্পস্পর্শা যোনি হইলে বৃহতীফল, হরিদ্রা ও দারু হরিদ্রার কল্ক পূরণ ও ধূপনে প্রয়োগ করিবে। প্রস্রংসিনী যোনিতে দুগ্ধপক্ক শোধন দ্রব্যের বর্ত্তি প্রবিষ্ট করিয়া বেশবারের দ্বারা আচ্ছাদন পূর্ব্বক বন্ধন করিবে। দোষানুসারে দ্রব্যের সুরা অরিষ্ট ও আসব প্রয়োগ করিবে। প্রতিদিন প্রাতঃকালে রশুনের রস সেবন করিবে। দুগ্ধ ও মাংসরস আহারে প্রয়োজ্য। শুক্রদোষ ও আর্ত্তবদোষ স্তনরোগ ক্লৈব্যরোগ মূঢ়গর্ব্ভের বিধি ও গর্ব্ভিনীর সকল প্রকার রোগের চিকিৎসা বলা হইয়াছে। সেই সমস্ত প্রক্রিয়া যোনিরোগেও প্রয়োগ করিবে।

ইতি উত্তরতন্ত্রে কৌমারভৃত্যতন্ত্র সমাপ্ত।

একোনচত্বারিংশত্তম অধ্যায়।

অথ জ্বর রোগ।

যিনি পূর্ব্বজন্মে সমুদ্র মন্থনকালে জল হইতে অমৃত উদ্ধার করেন, যাঁহার দ্বারা ইন্দ্র প্রভৃতি দেবতারা অমরত্ব প্রাপ্ত হয়েন, সেই ধন্বন্তরি-দেবকে সুশ্রুত প্রভৃতি শিষ্যেরা জিজ্ঞাসা করিলেন। হে ভিষগ্বর, ব্রণের সকল উপদ্রব কহিলেন, এক্ষণে ব্রণ-রোগির যে সমস্ত ঘটে তাহা আমাদিগকে সংক্ষেপতঃ ও সবিস্তরে উপদেশ করুন। উপদ্রব-বিশিষ্ট ব্রণ কষ্টে আরোগ্য হয়, এবং বল মাংস ও ধাতুক্ষয় হওয়া প্রযুক্ত ব্রণরোগির উপদ্রবও কষ্টসাধ্য। অতএব সমগ্র কায় চিকিৎসা বিষয়ে মহর্ষিগণ দৃষ্ট সেই সকল উপদ্রব ও তাহাদিগের চিকিৎসা আমাদিগকে উপদেশ করুন। তাহাদিগের সেই বাক্য শ্রবণ করিয়া

ধন্বন্তরি কহিতে লাগিলেন। প্রথমতঃ জ্বররোগের বিষয় কহিতেছি, ইহা সকল রোগের রাজা, রুদ্র-কোপানল সম্ভূত এবং সর্ব্বলোক-প্রতাপন বাত্তিক পৈত্তিক প্রভৃতি নামে ইহারা খ্যাত। প্রাণীগণের জন্ম ও মৃত্যুকালে প্রায়ই শরীরে প্রবেশ করে বলিয়া ইহাকে সকল রোগের রাজা বলা যায়। দেবতা ও মনুষ্য ব্যতিরেকে ইহা কেহই সহ্য করিতে পারে না। মানবগণ কর্ম্ম ফলের দ্বারা দেবত্ব লাভ করে। এবং কর্ম্মফল ক্ষয় হইলে পুনর্ব্বার স্বর্গচ্যুত হইয়া মানব জন্ম গ্রহণ করে। অতএব দেহে দেবভাগ থাকা প্রযুক্ত মানবগণ জ্বরের প্রতাপ সহ্য করিতে পারে। অপরাপর তির্য্যক্‌যোনিজাত প্রাণীগণ ইহার দ্বারা বিপন্ন হয়।

স্বেদের অবরোধ, গাত্রের উত্তাপ এবং সকল অঙ্গের জড়তা বা বেদনা, এই গুলি সমস্ত এককালে ঘটিলেই জ্বর বলাযায়। বায়ু, পিত্ত, শ্লেষ্মা, ইহাদিগের এক একটী পৃথক্ ভাবে কিম্বা দুইটী বা তিনটী একত্রীভাবে দূষিত হইলে, অথবা আগন্তু কারণে, অষ্টবিধ জ্বর জন্মায়* এই অষ্টপ্রকার জ্বর বিবিধ কারণে উৎপন্ন হইয়া থাকে। দোষ সকল স্ব স্ব কালে ও স্বীয় স্বীয় প্রকোপন হেতু দ্বারা কুপিত † হইয়া সমস্ত

* বাত্তিক, পৈত্তিক, শ্লৈষ্মিক, বাতপৈত্তিক, বাতশ্লৈষ্মিক, পিত্তশ্লৈষ্মিক, সান্নিপাতিক এবং আগন্তু এই অষ্টবিধ জ্বর।

† যথা প্রাতঃকাল, বায়ু এবং শ্লেষ্মার, মধ্যাহ্ন, পিত্তের এবং অপরাহ্ন, বায়ুর প্রকোপের কাল। যে দোষ জন্য জ্বর হয় সেই দোষের প্রকোপকালে জ্বরের উদয় হয়। বায়ু-জন্য জ্বর প্রাতঃকালে বা সায়ংকালে, পিত্ত-জন্য জ্বর মধ্যাহ্নে বা অর্দ্ধরাত্রে, কফ-জন্য জ্বর অপরাহ্নে বা শেষরাত্রে উদিত হয়। দ্বন্দ্বজ অর্থাৎ দুই দোষ-জন্য জ্বর হইলে উভয় কালের মধ্যবর্ত্তী কালে অথবা যে দোষ প্রবল সেই দোষের প্রকোপ কালে উদিত হইয়া উভয় দোষের কাল ব্যাপিয়া ভোগ করে। ত্রিদোষ জন্য হইলে যে দোষ বলবান্, সেই দোষের প্রকোপ কালে উদিত হইয়া যে দোষ সর্ব্বাপেক্ষা সেই দোষের কালে মগ্ন হয়, কিন্তু নাড়ীতে সম্যক্ রূপ বিরাম হয় না। যে দোষ জন্য জ্বর হউক, রাত্রিকালে উদয় হইলে তাহাতে শ্লেষ্মার সংস্রব থাকা ও দিবাভাগে হইলে পিত্তের সংস্রব থাকা অনুমান করা যায়।

দেহে ব্যাপ্ত হইয়া জ্বর উৎপাদন করে। দোষ স্ব স্ব হেতুর দ্বারা কুপিত হইয়া আমাশয়ে গমন পূর্ব্বক স্বীয় উষ্ণতা সহযোগে রসধাতুকে আশ্রয় করে। সেই কুপিত দোষ ও রসের দ্বারা স্বেদ ও রসবাহিনী শিরার পথ সমস্ত রুদ্ধ হইলে জঠরানল মন্দীভূত হয়। দোষের প্রকোপ কালে পাকস্থলী হইতে সেই অগ্নি বহির্ভাগে নিঃসৃত হইয়া সমস্ত শরীরে ব্যাপ্ত হইলে জ্বরের উদয় হয়। জ্বর জন্মিয়া ক্রমশঃ বৃদ্ধি এবং ত্বক্ মূত্র পুরীষাদি দোষানুসারে বিবর্ণ হয়।

মিথ্যা আহার বিহার বা স্নেহাদি ক্রিয়ার দ্বারা, অভিঘাত দ্বারা বা অন্য রোগোৎপত্তি হেতু, বা শরীরে ব্রণাদি পাক কালে, অথবা শ্রম ক্ষয় অজীর্ণতা বা কোন প্রকার বিষের দ্বারা, অথবা অভ্যস্ত আহারাদির বা ঋতুর বিপর্য্যয়ের দ্বারা, ওষধি বা পুষ্প গন্ধের দ্বারা, শোক, নক্ষত্রপীড়া, অভিচার (অন্যের দ্বারা প্রযুক্ত মরণাদির মন্ত্র) বা অভিশাপ হেতু, অথবা কাল্পনিক শঙ্কা হেতু, এবং মৃতবৎসা বা জীবিতবৎসা স্ত্রীলোকদিগের স্তন্যাবতরণকালে অহিতাচার হেতু, ধাতু কুপিত হইলে জ্বর হয়। সেই উদ্‌ভ্রান্ত বিপথগামী বেগবান্ দোষের দ্বারা অভ্যন্তরস্থ জঠরাগ্নি বিক্ষিপ্ত হইয়া বহির্ভাগে শরীরে ব্যাপ্ত হয় এবং পাকস্থলীস্থিত রস রুদ্ধ হইলে সর্ব্বদেহ উষ্ণ হয় এবং সর্ব্বশরীরে এক কালে ঘর্ম্ম হয় না।

শ্রান্তি, অরতি (কার্য্যে অপ্রবৃত্তি), বিবর্ণতা, মুখের বৈরস্য, নয়নপ্লব (চক্ষু ছল ছল করা), শীত, বায়ু, ও রৌদ্রে মুহুর্মুহুঃ ইচ্ছার পরিবর্ত্তন, জৃম্ভ, অঙ্গমর্দ্দ (গাত্রের কামড়ানি), গুরুতা, রোমহর্ষ, অরুচি, তমোদৃষ্টি, এবং অপ্রফুল্লতা ও শীতানুভব, জ্বরের অব্যবহিত পূর্ব্বে সামান্যতঃ এই সকল লক্ষণ হয়। বিশেষতঃ বায়ুজন্য জ্বরে অতিশয় জৃম্ভণ (হাইতোলা), পিত্ত-জন্য জ্বরে নেত্রদাহ, এবং কফ-জন্য জ্বরে অন্নে অরুচি হয়। ত্রিদোষ-জন্য জ্বরে সকল লক্ষণ এবং দ্বন্দজ জ্বরে দুই দোষের লক্ষণ দৃষ্ট হয়।

কম্প, বেগের বৈষম্য, * কণ্ঠ ওষ্ঠ ও মুখশোষ, নিদ্রানাশ, ক্ষবথু (হাঁচি) গাত্রের স্তব্ধভাব ও রুক্ষতা, মস্তক হৃদয় ও গাত্রে বেদনা † মুখের বৈরস্য, মলের অবরোধ, জৃম্ভণ, আধ্মান এবং শূল, বায়ু জন্য জ্বরের এই সকল উপদ্রব ‡।

তীক্ষ্ণবেগ, অতিসার, নিদ্রার অল্পতা, বমি, কণ্ঠ ওষ্ঠ মুখ ও নাসিকার পাক, স্বেদ, প্রলাপ, মূর্চ্ছা, দাহ, মত্ততা, মুখের কটুতা, পুরীষ, মূত্র ও নেত্রের পীততা এবং ভ্রম, পিত্ত জন্য জ্বরের এই সকল লক্ষণ।

দেহের গৌরব, শীত, বমনেচ্ছা, রোমহর্ষ, অতিনিদ্রা, স্রোতোরোধ, অল্পবেদনা, মুখ ও নাসিকার স্রাব, আস্যের মধুরতা, গাত্রের অল্প উষ্ণতা, বমন, অঙ্গের অবসাদ, অবিপাকতা, প্রতিশ্যায়, অরুচি, কাশ এবং নেত্রের শুক্লতা, কফ জন্য জ্বরের এই সকল লক্ষণ §।

* শরীরের উষ্ণতাদি জ্বরের উপদ্রবের বৈষম্য। অথবা নাড়ীতে বেগের বৈষম্য অর্থাৎ নাড়ীর বেগ কখন বলবান হয়, কখন অল্প হয়।

† গাত্রে বেদনা বলিয়া মস্তক ও হৃদয় বিশেষ করিয়া উল্লিখিত হওয়াতে ঐ সকল স্থানে বিশেষ বেদনা বুঝিতে হইবে।

‡ চরক মতে বাত জ্বরের লক্ষণ দুই একটী অধিক দেখা যায়। যথা,— "ভবন্তি বিবিধা বাতবেদনাঃ স্বাদস্থুপ্ততা।
পিণ্ডিকোদ্বেষ্টনং কর্ণস্বনো বক্ত্রকষায়তা।
গাত্রসাদো হনুস্তম্ভো বিশ্লেষঃ সন্ধিজানুনোঃ।
শুষ্ককাশো শ্বাস লোম-দন্ত-হর্ষঃ শ্রমভ্রমৌ।
—অরুণং মূত্রনেত্রাদি তৃট্ প্রলাপোষ্ণগাত্রতা।"

গিলিতে গল মধ্যে পুটুলির ন্যায় বোধ হওয়া, নেত্র মূত্রাদি রক্তবর্ণ হওয়া এবং দন্তের শব্দ অর্থাৎ দন্ত কিড়মিড়ি এই কয়েকটী লক্ষণ সুশ্রুতে দেখা যায় না।

§ গ্রন্থান্তরে কফ জন্য জ্বরেরও লক্ষণের কিঞ্চিৎ ভেদ আছে। "স্তৈমিত্যং স্তিমিতো বেগঃ" অর্থাৎ শরীর আর্দ্র বস্ত্রাবৃতের ন্যায় এবং মন্দ বেগ। এ স্থলে মন্দ বেগ বলাতে নাড়ীর বেগই স্পষ্ট উপলব্ধি হইতেছে। কারণ নাড়ীপরীক্ষামতে কফান্মন্দগতিজ্ঞেয়া" এই বচনে কফ জন্য নাড়ীর গতি স্বভাবতই মন্দ হয় বলিয়া স্পষ্ট জানা যাইতেছে।

নিদ্রানাশ, ভ্রম, শ্বাস, তন্দ্রা, অঙ্গের সুপ্তি, অরুচি, তৃষ্ণা, মোহ, মদ, স্তম্ভ, দাহ, শীত, হৃদয়ে ব্যথা, অধিক কালে দোষের পরিপাক, উন্মাদ, দন্তস্যাববর্ণ জিহ্বা খরস্পর্শ ও কৃষ্ণবর্ণ, সন্ধিদেশে ও মস্তকে বেদনা, নেত্র বক্র এবং আবিল, কর্ণে বেদনা ও শব্দ শ্রবণ, প্রলাপ মুখ নাসিকা প্রভৃতি স্রোত পথের পাক, কূজন (কোঁথ পাড়া), অচৈতন্য, স্বেদ মূত্র ও পুরীষের অধিক কালে অল্প পরিমাণে নিঃসরণ, ত্রিদোষ জন্য এই সকল লক্ষণ হয়।

বিশেষতঃ অনতি উষ্ণ বা অনতি শীতল গাত্র, অল্পসংজ্ঞা, ভ্রান্ত-দৃষ্টি, স্বরভঙ্গ, জিহ্বা খরস্পর্শ, কণ্ঠ-শুষ্ক, পুরীষ, মূত্র, ও স্বেদের রাহিত্য হৃদয় সরক্ত ও নিস্তেজ *, অন্নে অরুচি, শরীর প্রভাহীন, শ্বাস ও প্রলাপ যুক্ত। এইরূপ হইলে অভিন্যাস অথবা কেহ কেহ হতৌজস নামক সান্নিপাতিক † রোগ বলে। সন্নিপাতিক রোগ অতিশয় কষ্ট-

* হৃদয় সরক্ত বলাতে রক্তষ্ঠীবন বুঝায়। অন্যান্য গ্রন্থে রক্তষ্ঠীবন সান্নিপাতিকের লক্ষণের মধ্যে উল্লিখিত হইয়াছে। কিন্তু হৃদয় নিস্তেজ অর্থাৎ বুক যেন ভাঙ্গিয়া পড়ে, তেজ থাকে না, রক্তষ্ঠীবন হইলে প্রায়ই এরূপ ঘটে। অন্যান্য গ্রন্থে অভিন্যাস সান্নিপাতিকে রক্তষ্ঠীবন স্পষ্টই বর্ণিত হইয়াছে।

† চরকের মতে সন্নিপাত ত্রয়োদশ প্রকার। এক দোষের আধিক্যে তিন প্রকার যথা,—বাতোল্বণ, পিত্তোল্বণ, কফোল্বণ। দুই দোষের আধিক্যেও তিন প্রকার যথা,—বাতপিত্তোল্বণ, বাতশ্লেষ্মোল্বণ, পিত্তশ্লেষ্মোল্বণ। তিন দোষের হীনতা, মধ্যতা এবং আধিক্য ভেদে ছয় প্রকার যথা,—অধিক্‌বাত, মধ্যপিত্ত, হীন-কফ, অধিক-বাত, হীন-পিত্ত, মধ্য-কফ, এইরূপ ছয় প্রকার, এবং তিন দোষেরই সমভাবে উল্বণ এক প্রকার। এই ত্রয়োদশ প্রকার। ইহাদিগের নাম যথা,—বিস্ফারক, আশুকারী, কম্পন, শীঘ্রকারী, ভল্লু, কূটপাকল, সংমোহক, পাকল, যাম্য ক্রকচ, কর্কটক, এবং বৈদারক। ইহাদিগের লক্ষণ যথা,—

১। শ্বাস কাশ ভ্রম মূর্চ্ছা প্রলাপ মোহ কম্প পার্শ্ব-বেদনা জৃম্ভণ মুখের কষা-য়ত্ব, এই গুলি বাতোল্বণের লক্ষণ। ইহার নাম বিস্ফারক।

২। অতিসার, ভ্রম, মূর্চ্ছা, মুখপাক, গাত্রে রক্তবর্ণ বিন্দু, অত্যর্থ দাহ, এই গুলি পিত্তোল্বণের লক্ষণ ইহার নাম আশুকারী।

৩। দেহ ও বাক্যের জড়তা, রাত্রে ঘোর নিদ্রা, নেত্রদ্বয় স্তব্ধ, আস্যের মধুরতা এই গুলি কফোল্বণের লক্ষণ। ইহার নাম কম্পন।

সাধ্য বা অসাধ্য, অভিন্যাস রোগে নিদ্রা, ক্ষীণতা, ওজোহানি, ও গাত্র সংন্যস্ত (নিস্পন্দ) হইলে সংন্যাস নামক সান্নিপাতিক রোগ

৪। সন্নিপাতে বাতপিত্ত অধিক হইলে জ্বর মদ তৃষ্ণা মুখশোষ প্রমীলক আধ্মান অরুচি তন্দ্রা কাশ শ্বাস ভ্রম শ্রান্তি, এই লক্ষণ গুলি হয়। ইহার নাম বক্র।

৫। সন্নিপাতে বাতশ্লেষ্মার আধিক্য থাকিলে, শীতজ্বর, ক্ষুধা ও তৃষ্ণার অভাব, পার্শ্ব-বেদনা, শূল, স্বেদের অভাব, তন্দ্রা, শ্বাস এই সকল উপদ্রব হয়। এই সন্নিপাতের নাম শীত্রকারী—রোগ অসাধ্য।

৬। পিত্তশ্লেষ্মার আধিক্য থাকিলে, অন্তর্দাহ, বহিঃশীত, তৃষ্ণা, দক্ষিণ পার্শ্বে যন্ত্রণা, হৃদয় মস্তক ও গলদেশে বেদনা, কষ্টে পিত্তশ্লেষ্মাযুক্ত ষ্ঠীবন, শরীরে ফোট (চাকা চাকা দাগ), মলভঙ্গ, শ্বাস, হিক্কা ও প্রমীলক, এই সকল লক্ষণ হয়। ইহার নাম ভল্লু।

৭। বাত-পিত্ত-শ্লেষ্মা ত্রিদোষের আধিক্য থাকিলে, তিন দোষেরই লক্ষণ দৃশ্য হয়। নেত্র স্তব্ধ, অঙ্গস্তব্ধ রোগির কেবল উচ্ছাস মাত্র থাকে। এই রোগে তিন দিনের মধ্যে রোগির মৃত্যু হয়। ইহার নাম কুটপাকল।

৮। সন্নিপাত রোগে অধিকবায়ু-মধ্যপিত্ত-হীনকফ হইলে, প্রলাপ, আয়াস, সংমোহ, মূর্চ্ছা, কম্প, অরতি, ভ্রম, এবং অঙ্গের অভিঘাত, এই সকল লক্ষণ হয়। ইহার নাম সংমোহক।

৯। মধ্যবাত-অধিক-পিত্ত-হীনকফ হইলে, মোহ প্রলাপ মূর্চ্ছা মন্যাস্তম্ভ শিরোগ্রহ (মাথা ধরা) কাশ শ্বাস ভ্রম তন্দ্রা সংজ্ঞানাশ, হৃদয়ে বেদনা, কর্ণ নাসিকা প্রভৃতি হইতে রক্তনিঃসরণ, নেত্রদ্বয় সম্যক্ রক্তবর্ণ এবং স্তব্ধ। ইহাকে পাকল নামক সন্নিপাত বলে।

১০। হীনবাত-অধিকপিত্ত-মধ্যকফ হইলে, হৃদয়ে দাহ যকৃৎ প্লীহা ও ফুস্ফুসের অত্যর্থ পাক, উর্দ্ধাধোভাগে পূয শোনিতের নিঃসরণ, দন্ত শীর্ণ এবং মৃত্যু, এই সকল লক্ষণ হয়। ইহাকে যাম্য নামক সন্নিপাত বলে।

১১। অধিক-বাত-হীনপিত্ত-মধ্যকফ হইলে প্রলাপ আয়াস সংমোহ কম্প মূর্চ্ছা অরতি ভ্রম এবং মন্যাস্তম্ভ উপদ্রবে মৃত্যু, এই সকল লক্ষণ হয়। ইহার নাম ক্রকচ।

১২। মধ্যবাত-হীনপিত্ত-অধিককফ হইলে, এক প্রকার অন্তর্দাহ হয় তাহা রোগী বলিতে পারে না, মুখ মণ্ডল রক্তবর্ণ হয়, পিত্ত কর্ত্তৃক শ্লেষ্মা আকৃষ্ট হইয়া হৃদয় হইতে নিঃসৃত হয় না, পার্শ্বদেশে বাণবিদ্ধের ন্যায় ও হৃদয়দেশে খনিতের ন্যায় যাতনা হয়, প্রমীলক শ্বাস হিক্কা দিন দিন বৃদ্ধি হয়, জিহ্বা দগ্ধ ও খরস্পর্শ, গলদেশ কণ্টক-বিদ্ধের ন্যায়, অজ্ঞাত ভাবে মল মূত্রের নিঃসরণ, কপোতের ন্যায়

বলে। পিত্ত ও বায়ুর বৃদ্ধি জন্য ওজঃ ধাতুর বিস্রংসা ঘটিলে গাত্রস্তম্ভ ও শীতের দ্বারা রোগী অচেতন হয়, জাগ্রত থাকিলেও তন্দ্রা ও প্রলাপ বিশিষ্ট, অঙ্গ লোমাঞ্চিত, শিথিল, অল্পতাপ, ও বেদনা বিশিষ্ট হয়। এইটী ওজ ধাতুর নিরোধ জন্য ঘটে। এই অবস্থায় সপ্তম দশম বা দ্বাদশ দিবসে রোগ বৃদ্ধি হয়। তাহাতে এককালে রোগের শান্তি অথবা রোগির মৃত্যু হয়। দুই দোষ বৃদ্ধি হইয়া যে জ্বর হয় তাহার নাম দ্বন্দজ। দ্বন্দজ তিন প্রকার যথা,—বাতপিত্ত, বাতশ্লেষ্ম এবং পিত্তশ্লেষ্ম। জৃম্ভ, আধ্মান, মত্ততা, কম্প, সন্ধিস্থানে বেদনা, দেহের কার্শতা, তৃষ্ণা, প্রলাপ এবং দেহের অভিতাপ, এই গুলি বাতপৈত্তিক জ্বরের লক্ষণ।

শূল, কাশ, কফ, বমন, শীত, কম্প, পীনস * দেহের গৌরব, অরুচি, বিষ্টম্ভ, এই গুলি বাতশ্লেষ্মার লক্ষণ।

শীত, দাহ, অরুচি, স্তম্ভ, স্বেদ, মোহ, মত্ততা, ভ্রম, কাশ, অঙ্গের অবসাদ, বমনেচ্ছা, এই গুলি পিত্তশ্লেষ্মার লক্ষণ।

জ্বর-মুক্ত, কৃশ, মিথ্যা-আহার-বিহারী ব্যক্তির অল্পাবশিষ্ট, দোষ বায়ু-কর্তৃক বৃদ্ধি পাইয়া, পাঁচটী কফ স্থানের দোষ অনুসারে পাঁচ

কূজন, অত্যর্থ শ্লেষ্মপূর্ণ, বক্ত্র, ওষ্ঠ ও তালু শুষ্ক, অতিশয় তন্দ্রা ও নিদ্রা, অগ্নি থাকে নাও থাকে। শরীর প্রভা-হীন, অরতি, বিপরীত ইচ্ছা, বহু আয়াসে অল্প রক্তষ্ঠীবন, এই সকল লক্ষণ হয়। এই রোগের নাম কর্কটক, ইহা অতি কঠিন।

১৩। হীনবাত-মধ্যপিত্ত-অধিককফ হইলে, অল্প শূল, কটিদেশে তোদ, দাহ, ভ্রম, অতিশয় ক্লান্তি; শিরোমন্যা (মাথা যেন কেহ টেনে রেখেছে), বস্তিমন্যা (তলপেট টেনে থাকা), হৃদয়ে ও বাগিন্দ্রিয়ে বেদনা, প্রমীলক, শ্বাস কাশ হিক্কা জড়তা সংজ্ঞাহীনতা, এই সকল লক্ষণ হয়। ইহার নাম বৈদারিক। এই রোগ উৎপন্ন হইবামাত্রই চিকিৎসা করিবে না। কারণ সহসা নিবৃত্ত হইলে কর্ণমূলে দারুণ পিড়িকা জন্মে ও কষ্টে আরোগ্য হয়। এ অবস্থা ঘটিলে তিন দিনের পর ঔষধ প্রয়োগ করা বিফল। এতদ্ভিন্ন এই ত্রয়োদশ সন্নিপাতের বিবিধ নাম ও লক্ষণ দেখা যায়। কিন্তু এ লক্ষণগুলি নিশ্চয় হয় বলিয়া কথিত হইয়াছে।

* এস্থলে পীনস অর্থে প্রতিশ্যায় বুঝিতে হইবে।

প্রকার জ্বর উৎপাদন করে। পঞ্চ প্রকার জ্বর যথা—সতত, অন্যেদ্যুঃ, তৃতীয়ক, চাতুর্থক এবং প্রলেপক, * দিবা রাত্রির মধ্যে দোষসমস্ত দেহের এক স্থান হইতে অন্য স্থানে গমন পূর্ব্বক অবশেষে আমাশয় আশ্রয় করিয়া জ্বর প্রকোপ করে † তাহার মধ্যে প্রলেপক জ্বর ধাতু শোষণ করে। যাহার শরীর শুষ্ক হইতে থাকে তাহার পক্ষে এই রোগ প্রাণনাশক। ইহার চিকিৎসা অতিশয় কষ্টসাধ্য। দোষ দুই তিন বা চারিটি কফস্থান আশ্রয় করিয়া বিপর্য্যয় নামক ‡ কষ্টসাধ্য বিষমজ্বর উৎপাদন করে। কেহ কেহ বলেন বিষমজ্বর স্বভাবতই হইয়া থাকে। কিন্তু স্বভাবতই হউক বা অপর কারণই হউক,

---

* আমাশয়, হৃদয়, কণ্ঠ, শিরঃ, এবং সন্ধিস্থান, এই পাঁচটী কফের স্থান। দোষের দুইটি প্রকোপ কাল, দিবাভাগে একটী এবং রাত্রি কালে একটী। ইহার মধ্যে একটী প্রকোপের কালে দোষ হৃদয়ে লীন থাকিয়া অপর প্রকোপ কালে জ্বর প্রকাশ করে। ইহাকে অন্যেদ্যুষ্ক জ্বর বলে। এই জ্বর প্রত্যহ দিবা ভাগে প্রকাশ পাইয়া রাত্রি কালে অথবা রাত্রিকালে প্রকাশ পাইয়া দিবা ভাগে মগ্ন হয়। পুনর্ব্বার সেই কালে দোষ হৃদয়ে লীন থাকে। দোষ কণ্ঠে স্থিত হইলে জ্বর দিবস হৃদয়ে স্থিত হইয়া তৃতীয় দিবসে আমাশয় আচ্ছাদন করিয়া জ্বর উৎপাদন করে, ইহাকে তৃতীয়ক জ্বর কহে। এই জ্বর এক দিন অন্তর হয়। দোষ শিরঃস্থিত হইলে দ্বিতীয় দিবসে কণ্ঠে, তৃতীয় দিবসে হৃদয়ে এবং চতুর্থ দিবসে আমাশয় দূষিত করিয়া জ্বর উৎপাদন করে। এই জ্বর দুই তিন অন্তর হয়, ইহাকে চাতুর্থক জ্বর বলে।

† দোষ যে স্থানে বা যে ধাতুতে লীন থাকুক আমাশয় আশ্রয় না করিলে জ্বর উৎপাদন করিতে পারে না। স্থান বা ধাতুতে দোষ লীন থাকার ভাব এই মাত্র অনুমান হয় যে জ্বর মগ্ন হইলে সেই স্থান বা ধাতু দূষিত হইয়া থাকে। নব জ্বরে এই অনুমান সিদ্ধ।

‡ বিপর্য্যয় যথা,—চাতুর্থক জ্বরে এক দিন জ্বর হইয়া দুই দিন মগ্ন থাকে; বিপর্য্যয়ে এক দিন মগ্ন থাকিয়া দুই দিন জ্বর থাকে।

"অস্থিমজ্জগতো দোষশ্চতুর্থকবিপর্য্যয়।
স মধ্যে জ্বরয়ত্যহ্নী আদ্যন্তে চ বিমুঞ্চতি॥

সততক জ্বর দিবা রাত্রির মধ্যে দুইবার প্রকাশ পায় ও দুইবার মগ্ন হয়। কিন্তু সততক-বিপর্য্যয়ে অহোরাত্রই জ্বরভোগ হয়।

আগন্তুক কোন প্রকার কারণেই বিষমজ্বরের অনুবন্ধ হয় *। তৃতীয়ক ও চাতুর্থক জ্বরে বায়ুর আধিক্য এবং ঔৎপাতিক ও মদ্য-সম্ভূত জ্বর পিত্ত-জন্য হইয়া থাকে। প্রলেপক জ্বর বাতশ্লেষ্মা-জন্য, তাহার মধ্যে শ্লেষ্মার প্রাধান্য। মূর্চ্ছা অনুবন্ধ হইয়া যে সকল বিষমজ্বরের উদয় হয়, তাহারা প্রায়ই দ্বিদোষ-জন্য।

জ্বরের প্রথমে বায়ু ও শ্লেষ্মা কর্তৃক শীত জন্মায়, তহাদিগের বেগের শান্তি হইলে জ্বরের অন্তে-পিত্ত কর্তৃক দাহ জন্মে †। কোন জ্বরের প্রথমেই পিত্ত-কর্তৃক দাহ জন্মে, বায়ু ও শ্লেষ্মা কর্তৃক অন্তে শীত হয়। এই দুইটী জ্বর দ্বন্দ্বজ কারণে উৎপত্তি হয়। এই দুয়ের মধ্যে দাহ পূর্ব্বক জ্বর অতিশয় কষ্টসাধ্য। অভিঘাত বা কাম ক্রোধাদি জন্য মানস-সম্ভূত জ্বরও, দিবা রাত্রির মধ্যে যে ছয়টি দোষের কাল বলা হইয়াছে সেই সকল দোষের কালে উদয় হয়। সেই জ্বর দেহ হইতে পরিত্যাগ হয় না এবং গ্লানি গৌরব ও কার্শতাও নিবৃত্ত হয় না, এ কারণ ইহাকেও বিষমজ্বর বলে। বেগের শান্তি হইলে জ্বর পরিত্যাগ হইয়াছে বলিয়া জ্ঞান হয়। কিন্তু ধাত্বন্তরে লীন থাকে বলিয়া সূক্ষ্মতা প্রযুক্ত উপলব্ধি হয় না। অল্প অগ্নি যে রূপ পুনর্ব্বার প্রজ্বলিত হইতে পারে, সেই রূপ জ্বর-মুক্ত ব্যক্তিরও দেহস্থ অল্প দোষ অহিতাচারের দ্বারা বৃদ্ধি হইয়া কোন একটী ধাতুকে আশ্রয় করিয়া বিষমজ্বর উৎপাদন করে ‡।

---

* ভয় শোক ক্রোধ বা আঘাত প্রভৃতি কোন প্রকার বাহ্য কারণে সঞ্চিত দোষ কুপিত হইয়া বিষম জ্বরের আরম্ভ হয়।

† অন্তে দাহ ও অন্তে শীত এই দুইটীর ভাব কোন কোন টীকাকার এরূপ লিখিয়াছেন যে দেহের অন্ত ভাগ অর্থাৎ হস্ত ও পদে দাহ বা শত উপলব্ধ হয়। কিন্তু কম্পের পর সর্ব্ব দেহের দাহ, ও দাহপূর্ব্ব জ্বরের দাহের পর বিলক্ষণ কম্প হইতে দেখা গিয়াছে। আর আদৌ" শব্দ থাকাত "অন্ত" এই শব্দে শেষ বুঝানই সম্ভাবনা।

‡ জ্বরোৎসৃষ্ট না হইলেও প্রথম হইতেও বিষমজ্বর হইয়া থাকে।

সন্তত জ্বর * রস-রক্ত-গত, অন্যেদ্যুঃ মাংস-গত, তৃতীয়ক জ্বর মেদগত, এবং চাতুর্থক জ্বর মজ্জাগত ও অস্থিগত। এই জ্বর অতি ভয়ানক। ভূতাভিশঙ্গ-জন্য জ্বরকেও কেহ কেহ বিষমজ্বর বলেন। সাত দিন, দশ দিন, বা দ্বাদশ দিন ব্যপিয়া যে জ্বরের ভোগ হয় তাহাকে সন্তত জ্বর বলে। সততক-জ্বর দিবা রাত্রের মধ্যে দুই বার উদয় হয়। অন্যেদ্যুঃ প্রতিদিন একবার, তৃতীয়ক জ্বর প্রতি তৃতীয় দিবসে, এবং চাতুর্থক জ্বর প্রতি চতুর্থ দিবসে উদয় হয়। যে রূপ বায়ুর বেগে জল. চালিত হইয়া সাগরকুল আচ্ছাদিত করে, এবং বেগের নিবৃত্তি হইলে পুনর্ব্বার সেই জল সাগর-গর্ভে শান্ত ভাব প্রাপ্ত হয়, সেই রূপ দোষবেগের উদয় কালে জ্বর প্রকাশ পায়, এবং বেগের নিবৃত্তি হইলে জ্বর দেহ মধ্যে শান্ত ভাবে থাকে। কিম্বা দোষের পরিপাক হইয়া এক কালে জ্বর ত্যাগ হয়। বিবিধ প্রকার অভিঘাতের † দ্বারা যে জ্বর হয়, দোষের প্রকোপ অনুসারে তাহাকে জ্ঞান করিতে হইবে, বিষজন্য জ্বর হইলে মুখ শ্যাববর্ণ, দাহ, অতিসার, হৃদ্‌গ্রহ, অন্নে অরুচি, পিপাসা, তোদ, মূর্চ্ছা ও বলক্ষয় হইয়া থাকে। ওষধী-গন্ধ-জ্বর হইলে মূর্চ্ছা শিরোবেদনা ও ক্ষবথু হয়। কাম-জন্য জ্বর হইলে চিত্ত ভ্রংশ, তন্দ্রা, আলস্য, অন্নে অরুচি, হৃদয়ে বেদনা এবং শরীর শীঘ্র শুষ্ক হয়। ভয় ও শোক জন্য জ্বরে প্রলাপ, কোপ-জন্য জ্বরে কম্প, অভিচার ও অভিশাপ জন্য জ্বর কর্ত্তৃক মোহ এবং তৃষ্ণা, ভূতাভিষঙ্গ জ্বরে উদ্বেগ, হাস্য, কম্প ও রোদন, এই সকল উপদ্রব দৃষ্ট হয়। শ্রম, ক্ষয় ও অভিঘাত জন্য বায়ু কুপিত হইয়া সমস্ত দেহ আশ্রয় পূর্ব্বক জ্বর উৎপাদন করে। অপর কোন প্রকার

* সন্তত জ্বর নবজ্বরেরই ন্যায় দীর্ঘকাল স্থায়ী। ইহাকে কেহ কেহ বিষম-জ্বরের মধ্যে গণ্য করেন না।

† শরীরে আঘাত প্রভৃতি বাহ্য কারণে যে সকল জ্বর হয় তাহাকে অভিঘাত-জন্য বলে। ইহাতে প্রায় বাতপিত্তেরই প্রাবল্য থাকে।

রোগ বা আগন্তু কারণে জ্বর উৎপন্ন হইলে তাহাতেও দোষের লক্ষণ সকল প্রকাশ পায় * ।

অন্তর্দাহ, তৃষ্ণা, মলমূত্রের রোধ, শ্বাস, কাশ, ইন্দ্রিয় ও শরীর প্রভা-হীন ও ক্ষীণ, অদম্য উপদ্রব নাড়ী গম্ভীর ও তীক্ষ্ণ বেগ বিশিষ্ট, এই সকল লক্ষণ উপস্থিত হইলে গম্ভীর জ্বর হইলে রোগীকে পরিত্যাগ করিবে।

দোষ, হীন মধ্য বা অধিক পরিমাণে থাকিলে জ্বরবেগও যথাক্রমে তিন দিন, সাত দিন, বা দ্বাদশ দিন, তীব্রভাবে থাকে। এই ত্রিবিধ দোষ উত্তরোত্তর কষ্ট- সাধ্য। জ্বরের বিষয় বলা হইল এক্ষণে তাহার চিকিৎসা বলা যাইতেছে।

জ্বর রোগের চিকিৎসা।

জ্বরের পূর্ব্বরূপ প্রকাশ † পাইলে বায়ুজন্য হইলে স্বচ্ছ ঘৃত পান, পিত্তজন্য হইলে বিরেচন এবং কফ জন্য হইলে মৃদু বমন বিধেয়। দ্বিদোষ-জন্য জ্বর হইলে স্নিগ্ধক্রিয়া বা বমন, বিরেচন প্রয়োজ্য নহে, লঙ্ঘন কর্ত্তব্য ‡ । বহ্নিধূমের ন্যায় জ্বরের পূর্ব্বরূপ ও সংপ্রাপ্তি ভিন্ন

* যে কোন প্রকার জ্বর হউক, বাত পিত্ত, শ্লেষ্মার একটী বা দুইটী দোষের লক্ষণ তাহাতে অবশ্যই প্রকাশ পাইবে।

† বায়ুজন্য জ্বরের পূর্ব্বরূপ—অতিশয় জৃম্ভণ, পিত্তজন্য জ্বরে নেত্রদাহ এবং কফজন্য জ্বরে অন্নে অরুচি।

‡ "শরীরলাঘবকরং যদ্‌দ্রব্যং কর্ম্ম বা পুনঃ। তৎ লঙ্ঘন মিতি জ্ঞেয়" মিতি। ইহার দ্বারা যাহাতে শরীর লাঘব হয় তাহাকেই লঙ্ঘন বুঝায়। অতএব কেবল অনশনই লঙ্ঘন নহে। উপবাস, নির্ব্বাত স্থানে বাস, বমন, বিরেচন প্রভৃতিও ইহাতে বুঝায়। তবে স্নেহ-বস্তি পুষ্টিকর বলিয়া লঙ্ঘনের মধ্যে গণ্য নহে। নির্ব্বাত স্থানে বাস করিবার বিধি দেখা যায়—"সামান্যতো জ্বরী পূর্ব্বং নির্ব্বাতে নিলয়ে বসেৎ" ইতি। প্রয়োজন হইলে ব্যজন-বায়ু সেবন করা যাইতে পারে। তাহাতে তালবৃন্তের ব্যজনই প্রশস্ত। গাত্রে গুরু, উষ্ণ বস্ত্র আবৃত করিবার ব্যবস্থা দেখা যায়, যথা—"নবজ্বরী ভবেদ্‌যত্নাদ্গাঢ়কম্বলনাবৃতঃ" ইতি। পিত্ত ও কফের স্থলেই অধিক লঙ্ঘন সহ্য হয়, বায়ুর স্থলে অধিক সহ্য হয় না। আমের পরিপাকের পর লঙ্ঘন বৈধ নহে।

ভিন্ন রূপে প্রতীয়মান হয়। জ্বরের লক্ষণ স্পষ্ট প্রকাশ হইলে লঙ্ঘন একান্তই হিতকর। দোষ আমাশয়ে স্থিত হইলে ও বমনের ইচ্ছা থাকিলে বমন করা সর্ব্বাপেক্ষা শ্রেয়স্কর। অল্প মাত্র দোষও যাবৎ বদ্ধ থাকে তাবৎ অনশন কর্ত্তব্য। অল্প দোষের পরিপাক হইলে বিবেচনা পূর্ব্বক লঘু আহার করিবে। বায়ু জন্য, ক্ষয় জন্য, মানসিক এবং দ্বিব্রণীয় জ্বরে লঙ্ঘন কর্ত্তব্য নহে। দোষের পরিপাক ও অগ্নির দীপ্তি যাবৎ না হয় তাবৎ লঙ্ঘন কর্ত্তব্য, তাহাতে দোষের পরিপাক, জ্বরের শান্তি অন্নে অভিলাষ ও রুচি এবং দেহের লাঘব হয়। মূত্র ও পুরীষের সরলতা, ক্ষুৎপিপাসার অসহিষ্ণুতা, ইন্দ্রিয় ও মনের প্রসন্নতা ও দেহের ক্ষীণতা, এই সম্যক্ লঙ্ঘনের লক্ষণ। বলক্ষয়, তৃষ্ণা, শোষ, তন্দ্রা, নিদ্রা, ভ্রম, ক্লান্তি এবং শ্বাস এই গুলি অতিরিক্ত লঙ্ঘনের ফল।

উষ্ণোদক * দীপ্তিকর, কফ-বিশ্লেষকর, এবং বাত পিত্তের অনুলোমকর। কফ-বাত-জন্য জ্বরে উষ্ণোদক হিতকর ওপিপাসাশান্তিকর। ইহাতে দোষ ও স্রোত পথ সকল সরল হয়। এই জ্বরে শীতল জল পান করিলে শৈত্যের দ্বারা জ্বর বৃদ্ধি পায়। পিত্ত, মদ্য বা বিষ-জন্য জ্বর হইলে, গাঙ্গেয়, নাগর, উশীর, পর্পট, উদীচ্য, রক্তচন্দন সহযোগে জলসিদ্ধ করিয়া শীতল হইলে পান করিবে। আহারকালে দোষের পাচক দ্রব্য সহযোগে পেয়া † প্রস্তুত করিয়া পান করিবে। ইহা দীপ্তিকর, পাচক, লঘু এবং জ্বর-নাশক। জ্বরে সপ্ত রাত্রের পর দোষের আধিক্য প্রযুক্ত লঙ্ঘন ও যবাগু আদি সেবনের দ্বারা দোষের পরিপাক না হইলে, মুখবৈরস্য, তৃষ্ণা, অরুচি ও জ্বরের শান্তিকর

---

* উষ্ণোদক এ স্থলে উষ্ণ অবস্থায় পান করা বুঝায়। জ্বরে জল পান যত অল্প করা যায় ততই ভাল।

† যাহার পেয়া প্রস্তুত করিতে হয় তাহা চতুর্দ্দশ গুণ জলে পাক করিয়া অধিক দ্রব অবস্থায় পাক সিদ্ধ হইবে।

পাচনের কষায় সেবন করিবে। বায়ুজন্য জ্বরে পঞ্চমূলীর কাথ, পিত্ত-জন্য জ্বরে মুথা কটুকী ও ইন্দ্রযবের কাথ, এবং কফজন্য জ্বরে পিপ্-পল্যাদির কাথ দোষের পরিপাক-কর।

দুই দোষজন্য জ্বরে দুই দোষনিবারক পাচন মিশ্রিত করিয়া দিবে। জলপানের পর, লঙ্ঘনের পর, ভোজনের পর, এবং শরীর জীর্ণ, ক্ষীণ বা পিপাসিত হইলে পাচন কষায় সেবন কর্ত্তব্য নহে। জ্বর মৃদু, দেহ লঘু, এবং মল সরল হইলে, দোষের পরিপাক হইয়াছে বলিয়া জানিবে এই অবস্থায় দোষ অনুসারে জ্বরঘ্ন ঔষধ প্রয়োজ্য। হৃদয়ের উদ্বেষ্টন (জড়িয়া উঠা), তন্দ্রা, লালাস্রাব, অরুচি দোষের অপ্রবৃত্তি, আলস্য মলের রোধ, মূত্রের আধিক্য, উদরের গুরুত্ব, স্বেদের অপ্রবর্ত্তন, অতিশয় নিদ্রা, গাত্রের গুরুত্ব, স্তব্ধতা, অগ্নির মান্দ্য মুখের বৈরস্য, গ্লানি, এবং জ্বরের প্রাবল্য এই সকল লক্ষণ থাকিলে দোষের অপক্ক অবস্থা বলিয়া জানিবে। জ্বরে কেহ বা সাত দিনের পর কেহ বা দশ দিনের পর ঔষধি প্রয়োগ কর্ত্তব্য বলেন। পিত্তজন্য জ্বরে অল্প দিনেও ঔষধ দেওয়া যায়। দোষের পরিপাক হইলেও অল্প দিনে ঔষধ দেওয়া যায়। অপক্ক দোষে ঔষধ প্রয়োগ করিলে পুন-র্ব্বার জ্বরপ্রকাশ হয়। এ অবস্থায় শোধন ও শমনী প্রয়োগে বিষমজ্বর উৎপাদন করে। জ্বরোৎক্লিষ্ট ব্যক্তির মল নিঃসরণ হইতে থাকিলে তাহা রোধ করিবে না, তবে অতিশয় নিঃসরণ হইতে থাকিলে অতি-সারের ন্যায় প্রতিকার করিবে। স্রোতঃ পথের বদ্ধমল সমস্ত পরিপাক পাইয়া কোষ্ঠদেশে যৎকালে সমাগত হয় * তৎকালে জ্বর অল্প দিনের

* দোষের পরিপাক হইলেই স্রোতঃ পথস্থ সকল দোষ বা মল কোষ্ঠদেশে সমাগত হয়। অতএব দোষের পরিপাকের লক্ষই মলের পরিপাকের লক্ষণ। দোষের পরিপাক হইলেই বিরেচন ব্যবস্থা। "জ্বরাদৌ লঙ্ঘনং প্রোক্তং জ্বরমধ্যে তু পাচনম্। জ্বরান্তে ভেষজং দদ্যাৎ জ্বরমুক্তে বিরেচনম্" ॥ এই সাধারণ বচনে জ্বরমুক্তে অর্থাৎ জ্বরনিবৃত্তি হইলে বিরেচন বিধেয় বলিয়া নির্দ্দেশ করিয়াছেন, ইহার যুক্তি পরে আলোচনা করা যাইবে।

হইলেও বিরেচন প্রয়োগ করা কর্ত্তব্য। কারণ পক্ক দোষ দেহে থাকিলে অতিশয় পীড়া, বিষমজ্বর এবং বলক্ষয় হয়। অতএব তৎকালে বমনাদির দ্বারা দোষের নির্হরণ কর্ত্তব্য। দোষের নির্হরণ কার্য্যে ক্রমান্বয়ে বমন. আস্থাপন, বিরেচন এবং শিরোবিরেচন পর পর প্রয়োগ করিবে। রোগী বলবান্ হইলে শ্লেষ্মজ্বরে ক্রমে ক্রমে বমন প্রয়োগ করিবে। পিত্তাধিক্য জ্বরে মলাশয় শিথিল থাকিলে বিরেচন, বায়ুজন্য যন্ত্রণাবিশিষ্ট ও উদাবর্ত্ত রোগ বিশিষ্টজ্বরে নিরূঢ় বস্তি, এবং কটি ও পৃষ্ঠ-দেশে বেদনা থাকিলে, দীপ্তাগ্নিবিশিষ্ট রোগীর পক্ষে অনুবাসন বিধেয়। কফ-কর্ত্তৃক অভিভূত হইলে, শিরোবিরেচন কর্ত্তব্য, তাহাতে মস্তকের ভার ও যন্ত্রণা দূর হয় এবং ইন্দ্রিয়. প্রতিবোধিত হয়। দুর্ব্বল রোগীর উদর আধ্মাত হইয়া যন্ত্রণা যুক্ত হইলে, দেবদারু, বচ, কুষ্ঠ, শোল্‌ফা, হিঙ্গু ও সৈন্ধব প্রলেপে প্রয়োগ কর্ত্তব্য, এবং বায়ুর ঊর্দ্ধগতি থাকিলে ঐ সকল দ্রব্য অম্লরসে পেষণ করিয়া ঈষদুষ্ণ প্রয়োগ করিবে। মূত্র পুরীষ রুদ্ধ থাকিলে, পিপ্পলী মূল, যমানী এবং চব্য যোগে বর্ত্তি নির্ম্মাণ পূর্ব্বক মলদ্বারে প্রয়োগ করিবে অথবা যবাগু বা অন্যপ্রকার বায়ুর অনুলোমকর পেয়া পান করাইবে। ঊর্দ্ধ অধো সংশোধিত হইলেও যদি জ্বরের শান্তি না হয়, তবে সেই অবশিষ্ট দোষ, শরীর রুক্ষ হইলে, ঘৃত পানের দ্বারা শমতা প্রাপ্ত হয়, এবং শরীর কৃশ হইলে, অল্প দোষ শমনী প্রয়োগে শাম্য লাভ করে।

অত্যাহার জন্য জ্বরে সকল রোগীর উপবাস বিধেয়, কিন্তু অগ্নি মন্দ হইয়া তৃষ্ণার্ত্ত হইলে ক্লিন্ন যবাগু * পান-বিধেয়। মদ্যপায়ী, তৃষ্ণা-বমন-দাহ-ঘর্ম্মার্ত্ত হইলে জল ও মধু সংযোগে প্রচুর পরিমাণে

* "ক্লিন্ন যবাগু" যবতণ্ডুল ছয় গুণ জলে পাক করিয়া জল হইতে পৃথক্ করিয়া জ্বর যুক্ত রোগীকে দিবে; যবাগুর মণ্ড অন্যত্র ঘন হওয়াই ব্যবস্থা। "যবাগু ষড়্ গুণে তোয়ে সংসিদ্ধা ঘনশিক্‌থকা। পৃথক্ দ্রব্যৈস্তু বিরলৈঃ সংযুক্তা জ্বরিণে হিতা"।

লাজ-মণ্ড পান করাইবে, তাহা জীর্ণ হইলে মাংস-যূষ ও অন্ন ভোজন করাইবে। উপবাস ও শ্রম জন্য বাতাধিক্য জ্বর হইলে দীপ্তাগ্নি ব্যক্তিকে মাংস রস ও অন্ন বিধেয়। কফ-জন্য রোগে মুদ্গ-যূষ ও অন্ন এবং পিত্তজ্বরে শীতল মুদ্গ-যূষ ও অন্ন, শর্করা যোগে ভোজন কর্ত্তব্য। বাতপৈত্তিক জ্বরে দাড়িম বা আমলকী যোগে মুদ্গ-যূস, বাতশ্লেষ্ম জ্বরে হ্রস্ব-মূলকের যূষ এবং পিত্তশ্লেষ্মা জ্বরে পটোল ও নিম্বযূষ অন্নের সহিত বিধেয়। দাহ, বমন ও তৃষ্ণাযুক্ত এবং ক্ষীণ রোগীকে অন্নাহার না করাইয়া মধু ও শর্করা যোগে প্রচুর পরিমাণে লাজমণ্ড পান করাইবে। পিত্ত-শ্লেষ্মা জ্বরে অথবা গ্রীষ্ম কালে রক্তপিত্ত রোগ হইলেও ঐ রূপ 'ব্যবস্থা। নিত্য মদ্যপায়ীর পক্ষে যবাগু হিতকর নহে, অম্ল-যুক্ত বা অম্লহীন মাংসযূষ বা রস বিধেয়। মন্দাগ্নি হইলে যবান্ন যোগে পুরাতন মদ্য হিতকর। কফ-জন্য অরুচি হইলে ত্রিকটু সংযোগে তক্র বিধেয়। কৃশ, অল্পদোষ-বিশিষ্ট, ক্ষীণ, জীর্ণ জ্বরপীড়িত রোগীর পক্ষে, অথবা বাত-পিত্ত-জ্বরে, দোষ বদ্ধ থাকিলে বা দেহ রুক্ষ হইলে এবং পিপাসা বা দাহ থাকিলে দুগ্ধপান স্বাস্থ্যকর হয়। সকল জ্বরেই সপ্ত দিবস অল্প ভোজন করিবে। যাবৎ জ্বর-বেগের হ্রাস না হয় তাবৎ প্রচুর ভোজন করিলে জ্বর-বেগ বৃদ্ধি হয়। তরুণ জ্বরে দুগ্ধপান অতি অবৈধ *।

জ্বর রোগে অরুচি হইলেও হিতকর পথ্য ভোজন করিবে। আহারের কালে অর্থাৎ ক্ষুধার উদ্রেক হইলে অনাহারে শরীর ক্ষয় হয় বা মৃত্যু হয়। জ্বরে গুরুপাক বা অভিষ্যন্দী দ্রব্য অথবা অকালে কদাচ আহার করিবে না। তাহা হিতকর, আয়ুষ্কর বা সুখকর নহে। ক্ষীণ ব্যক্তি অধিককাল স্থায়ী সততক বা

* ক্ষীণ শরীরে বাত-পিত্ত জন্য জ্বর হইলে ও অগ্নির দীপ্তি থাকিলে দুগ্ধ দেওয়া

বিষম-জ্বর হইলে প্রচুর পরিমাণে লঘুদ্রব্য-ভোজন * হিতকর। মুদ্গ, মসূর, চণক, কুলত্থ, জ্বর রোগে এই সকলের যূষ আহারার্থ ব্যবহার্য্য। লাব, কপিঞ্জল, (পক্ষি বিশেষ) এণ, পৃষত, শরভ, কালপুচ্ছ, কুরঙ্গ, মৃগমাতৃক (ইহারা হরিণজাতীয়) এবং শশ (খরগোস) মাংসাশীর পক্ষে এই সকলের মাস ব্যবস্থা। সারস, ক্রৌঞ্চ, ময়ূর, কুক্কুট ও তিত্তির, ইহাদিগের মাংস গুরুপাক এবং উষ্ণ বলিয়া কোন কোন চিকিৎসক জ্বররোগে প্রশস্ত জ্ঞান করেন না। জ্বরে বায়ুর প্রকোপ হইলে ইহাদিগের মাংস উপযুক্ত কালে ও পরিমাণে আহার করা প্রশস্ত। শরীরে জলসেচন, অবগাহন, স্নেহ-সেবন, সংশোধন, † স্নান, অভ্যঙ্গ, দিবা-নিদ্রা শীতল-সেবন, ব্যায়াম এবং স্ত্রী-সংসর্গ, জ্বর-মুক্ত ব্যক্তির পক্ষে সবল না হওয়া পর্য্যন্ত এগুলি অকর্ত্তব্য। জ্বর-মুক্তির পর দুর্ব্বল থাকিলে এই সকল অহিতাচারের দ্বারা পুনর্ব্বার জ্বর প্রকাশ পাইয়া অগ্নি যেরূপ শুষ্ক বৃক্ষকে দগ্ধ করে তদ্রূপ শরীর দগ্ধ করে, অতএব জ্বর ত্যাগ হইলেও এই সকল পরিহার্য্য। দোষ ও বল যাবৎ স্বাভাবিক অবস্থা ‡ প্রাপ্ত না হয় তাবৎ এই নিয়ম পালন করিবে। জ্বরে অল্পমাত্র অপচেষ্টার $ দ্বারা প্রমেহ জন্মে, অতএব নিয়মিত আহার দেওয়া ও মল মূত্র সরল রাখা কর্ত্তব্য। জ্বরের শান্তি হইলেও যদি অরুচি, দেহের অবসাদ, অঙ্গ ও মলের বৈবর্ণ থাকে তবে অনুবন্ধের আশঙ্কায় শোধনী প্রয়োগ

---

* দুগ্ধ বা মাংস রস এ স্থলে অতি উত্তম পথ্য।

† জর হইতে মুক্ত হইয়া শরীরে অন্য কোন গ্লানি না থাকিলে বিরেচন প্রয়োগ করিবে না। কেবল মাত্র দুর্ব্বল থাকিলে আহারাদির নিয়মের দ্বারা সবল হইবে।

‡ বায়ু পিত্ত বা শ্লেষ্মা জন্য কোন প্রকার গ্লানি যে পর্য্যন্ত থাকে সে পর্য্যন্ত দোষের স্বাভাবিক অবস্থা বলা যায় না।

$ যে কোন কার্য্যের দ্বারা মনের শান্তি ভঙ্গ হয় তাহাই এস্থলে অপচেষ্টা বলা বলা যায়।

করিবে। জ্বর-কর্শিত ব্যক্তিকে এক কালে প্রচুর পরিমাণে আহার দিবে না, তদ্দ্বারা অগ্নি দূষিত হইয়া পুনর্ব্বার জ্বর হয়। সকল প্রকার জ্বরই হেতু বিপর্য্যয়ের * দ্বারা চিকিৎসা করিবে। শ্রম, ক্ষয় ও অভিঘাত-জন্য জ্বরে মূল ব্যাধির চিকিৎসা করিবে। স্তন্য অবতরণ কালে মৃতবৎসাদিগের যে জ্বর হয় তাহা দোষ অনুসারে চিকিৎসা করিবে।

অতঃপর সকল প্রকার জ্বরের সংশমনী কষায় † বলা যাইতেছে। বায়ু-জন্য জ্বরে পিপ্পলী, শ্যামালতা, দ্রাক্ষা, শোল্‌ফা, হরেণু; এই সকল দ্রব্যের একত্র যোগে ক্বাথ গুড় সংযোগে পান করিবে। অথবা গুলঞ্চের ক্বাথ শীতল করিয়া পান করিবে। বেড়েলা, কুশ ও শ্বদংষ্ট্রার (গোক্ষুরী) ক্বাথ পাদাবশেষ থাকিতে শর্করা ও ঘৃত সংযোগে পান করিবে। শতপুষ্পা (শোল্‌ফা) বচ, কুড়, দেবদারু, হরেণু, ধন্যে, বেণামূল, মুথা, এই সকলের একত্র যোগে ক্বাথ মধুশর্করা সহ সেব্য। দ্রাক্ষা, গুলঞ্চ, গাম্ভার, ত্রায়মাণা, শ্যামালতা এই সকলের ক্বাথ গুড় সংযোগে সেব্য। অথবা গুলঞ্চ ও শতমূলীর রস গুড় সংযোগে সেব্য। অবস্থা বিশেষে ঘৃত মর্দ্দন, স্বেদ আলেপন প্রয়োজ্য ‡।

পিত্তজন্য জ্বরে শ্রীপর্ণী (গাম্ভারি), রক্তচন্দন, বেণামূল, পরূষক এবং মৌলপুষ্প ইহাদিগের ক্বাথ শর্করা-যোগে মধুর করিয়া পান করিবে। অনন্তমূলের ক্বাথ শর্করা-যোগে পান করিবে। যষ্টিমধু, রক্তোৎপল,

---

* উষ্ণ জন্য হইলে শীতল, শীতল জন্য হইলে উষ্ণ, ক্ষয় জন্য হইলে পোষণকর এবং কোন ধাতুর বা দোষের আধিক্য জন্য হইলে তাহার ক্ষয় ইহাদিগকেই হেতু বিপর্য্যয় বলা যায়।

† ইহাকে পাচন বলা যায়।

‡ জ্বরের আমাবস্থা পরিপাক হইলে যদি বায়ুজন্য উপদ্রব থাকে, যদি অপর কোন দোষের সংস্রব না থাকে কেবল বাতজন্য জ্বর হয়, যদি জীর্ণ জ্বর বায়ুজন্য হয় অর্থাৎ জ্বর প্রাতঃকালে আরম্ভ হইয়া মধ্যাহ্ন কালে মগ্ন হয় তবে ঘৃতমর্দ্দন বিধেয়। যদি সন্ধ্যাকালে আরম্ভ হইয়া দুই প্রহরের মধ্যে মগ্ন হয় তাহাতে গব্যঘৃতপান কর্ত্তব্য।

পদ্মকাষ্ঠ, পদ্ম, ইহাদিগের শীতল ক্বাথ শর্করা যোগে পেয়। গুলঞ্চ, পদ্মকাষ্ঠ, রোধ্র, শ্যামালতা, উৎপল ইহাদিগের শীতল ক্বাথ শর্করা যোগে পান করিবে। দ্রাক্ষা, আরগ্বধ (শোঁদাল), গাম্ভারি ইহাদিগের ক্বাথ শর্করা যোগে পান করিবে। মধুর ও তিক্ত শীতল ক্বাথ শর্করা যোগে পান করিলে প্রবল দাহ ও তৃষ্ণার শান্তি হয়। শীতল জল মধু সংযোগে আকণ্ঠ পান করিয়া বমন করিলে তৃষ্ণার শান্তি হয়। যজ্ঞডুম্বুর ও চন্দন দুগ্ধের সহিত পাক করিবে। সেই শীতল ক্বাথ পান করিলে অন্তর্দাহের শান্তি হয়। অথবা অন্য প্রকার শীতল ক্বাথ জলে আলোড়িত ও নিশা-পর্য্যুষিত করিয়া মধু-সংযোগে পান করিলে জ্বরদাহের নিবৃত্তি হয়। জিহ্বা, তালু, গলদেশ ও ক্লোম শুষ্ক হইলে পদ্মকাষ্ঠ, যষ্টিমধু, দ্রাক্ষা, উৎপল, রক্তোৎপল, ভৃষ্টযব, বেণামূল, মঞ্জিষ্ঠা, গাম্ভার ফল ইহাদিগের একত্র যোগে কল্ক মূর্দ্ধদেশে লেপ দিবে। মুখবৈরস্যে মাতুলুঙ্গের (টাবা লেবুর) কেশর, মধু, সৈন্ধব সংযোগে অথবা শর্করা যোগে দাড়িম্বের কল্ক বা দ্রাক্ষা ও খর্জ্জুরের কল্ক, অথবা ইহাদিগের ক্বাথ বা রসের গণ্ডূষ মুখ মধ্যে ধারণ করিবে।

কফ জন্য জ্বরে ছাতিম, গুলঞ্চ, নিম্ব, স্ফূর্জক ইহাদিগের ক্বাথ মধু সংযোগে অথবা ত্রিকটু, নাগকেশর, হরিদ্রা, কটুকী, ইন্দ্রযব ইহাদিগের ক্বাথ, অথবা হরিদ্রা, চিত্রক, নিম্ব, বেণামূল, অতিবিষা, বচ, কুষ্ঠ, ইন্দ্রযব, মুর্ব্বা এবং পটল, ইহাদিগের ক্বাথ মধু ও মরিচ সংযোগে, সেবন করিবে। শ্যামালতা, অতিবিষা, কুষ্ঠ, পুরা, দুরালভা, মুথা, ইহাদিগের ক্বাথ অথবা মুথা, ইন্দ্রযব, ত্রিফলা, কটুকী, পরূষক ইহাদিগের ক্বাথ সেবন করিবে।

বাত-শ্লেষ্ম জন্য জ্বরে রাজবৃক্ষাদি বর্গের ক্বাথ মধু সংযোগে উপযুক্ত কালে সেবন করিলে আরোগ্য হয়। শুণ্ঠী, ধান্যক, বামনহাটী, হরীতকী, দেবদারু, বচ, শীগ্রুবীজ, মুথা, চিরতা, কটফল ইহাদিগের

একত্র যোগে ক্বাথ, মধু ও হিঙ্গু যোগে উপযুক্ত কালে সেবন করিলে শীঘ্র আরোগ্য হয়। শ্বাস, কাস, শ্লেষ্মা-উঠা, গল-গ্রহ, হিক্কা, কণ্ঠ-শোথ, হৃদিশূল ও পার্শ্বশূল, উক্ত ক্বাথ পানে এই সকল উপদ্রবেরও শান্তি হয়।

পিত্ত-শ্লেষ্ম জ্বরে এলাইচ, পটোল, ত্রিফলা, যষ্ঠিমধু, বৃষ, বাসক ইহাদিগের ক্বাথ মধুযোগে অথবা কটুকী, বিজয়া, দ্রাক্ষা, মুথা, ক্ষেত্র-পর্পটী ইহাদিগের ক্বাথ অথবা বামনহাটী, বচ, পর্পটী, ধন্যা, হিঙ্গু, হরীতকী, মুথা, দ্রাক্ষা ও নাগর ইহাদিগের ক্বাথ মধু-সংযোগে সেবন করিবে। দুই তোলা পরিমিত কটুকী শর্করা উষ্ণ-বারি সহযোগে সেবন করিলে পিত্ত-শ্লেষ্ম জন্য জ্বরের শান্তি হয়।

বাত-পিত্ত জন্য জ্বরে চিরতা, গুলঞ্চ, দ্রাক্ষা, আমলকী, শঠী ইহা-ইহাদিগের ক্বাথ গুড় সংযোগে সেবন করিবে। রাস্না, বৃষোথ, ত্রিফলা সোঁদাল ফল ইহাদিগের কষায় সেবন করিলে বাত পিত্ত জ্বরের শান্তি হয়।

ত্রিদোষ-জন্য রোগে প্রত্যেক দোষের শান্তিকর ঔষধ সকল একত্র যোগে সেবন করিবে। সকল জ্বরেরই দোষের প্রাধান্য অনুসারে চিকিৎসা করিবে। বৃশ্চিক (বিচুতি), বিল্ব, মুথা, দুগ্ধ ও জল একত্র পাক করিয়া দুগ্ধ শেষ থাকিতে পান করিলে সকল প্রকার জ্বরের শান্তি হয়। তিন ভাগ জলে এক ভাগ দুগ্ধ সহ শিরীষ বৃক্ষের সার সিদ্ধ করিয়া দুগ্ধ শেষ থাকিতে পান করিলে সকল প্রকার জ্বরের শান্তি হয়। নল ও বেতসের মূল, মূর্ব্বামূল, দেবদারু ইহাদিগের কষায় পানে জ্বরের শান্তি হয়। ত্রিদোষ জন্য জ্বরে ত্রিফলার ক্বাথ ঘৃত সংযোগে সেবনীয়। অনন্তা (অনন্ত মূল), বালক (বালা), মুথা, শুণ্ঠী, কটুকী এই সকল একত্র যোগে দুই তোলা পরিমাণে ঈষদুষ্ণ জল সহযোগে সূর্য্যোদয়ের পূর্ব্বে সেবন করিবে। ইহাতে সকল জ্বরের শান্তি হয় এবং ক্ষুধার দীপ্তি হয়। অগ্নিকর বৈরেচনিক ও

জ্বরঘ্ন, এই তিন প্রকারের মধ্যে প্রত্যেক গুণের একটী বা দুইটী করিয়া দ্রব্য ঔষধে যোজনা করিবে। ঘৃত, মধু, হরীতকী ও তৈল একত্র লেহ প্রস্তত করিয়া সেবন করিলে সকল প্রকার জ্বরের শান্তি হয়। মধু যোগে তৃবৃৎ সেবন করিলেও প্রবল জ্বরের শান্তি হয়।

বিষম জ্বরে ঊর্দ্ধ অধো ভাগ শোধন করিবে অর্থাৎ বমন বিরেচন প্রয়োগ করিবে। প্লীহোদর রোগের বিহিত ঘৃত অথবা ত্রিফলা চূর্ণ গুড় সংযোগে গাঢ় করিয়া পান করিবে। গুলঞ্চ, নিম্ব, আমলকী এই সকলের একত্র যোগে ক্বাথ মধু সহ পান করিবে। প্রতিদিন প্রাতঃকালে ঘৃত যোগে লশুন সেবনও ব্যবস্থা। মধুক (মৌল), পটোল, কটুকী, মুথা এবং হরীতকী এই পাঁচটী দ্রব্যের মধ্যে দুইটী তিনটী বা পাঁচটীই একত্র যোগে ক্বাথ প্রস্তত করিয়া পান করিবে। অথবা ঘৃত, দুগ্ধ (গব্য), চিনী মধু এবং পিপ্‌পলী একত্র যোগে যথাসাধ্য পরিমাণে সেবন করিবে। অথবা দশমূলীর ক্বাথ সহ পিপ্‌পলী সেবন করিবে, অথবা পিপ্‌পলী প্রতিদিন এক একটী বৃদ্ধি করিয়া সেবন পূর্ব্বক দুগ্ধান্ন ও মাংস-রস এবং অন্ন ভোজন করিবে। উত্তম মদ্যপান এবং কুক্কুট মাংস ভোজনও বিধেয়। কোল অগ্নিমন্থ (গনিয়ারি) এবং ত্রিফলা ইহাদিগের ক্বাথ দধিসহ ঘৃতপাক করিয়া তাহাতে তিল্বক লোধ প্রক্ষেপ করিবে; এই ঘৃতে বিষম জ্বরের শান্তি হয়।

জীর্ণ জ্বরঘ্ন ঘৃতের প্রকরণ *।

পিপ্‌পলী, আতইচ, দ্রাক্ষা, শ্যামালতা, বিল্ব, চন্দন (রক্ত), কটুকী ইন্দ্রযব, বেণামূল, সিংহী, তামলকী, মুথা, ত্রায়মাণা স্থিরা, আমলকী, শুণ্ঠী, চিত্রক এই সকল যোগে ঘৃত পাক করিয়া পান করিলে বিষমাগ্নি জীর্ণজ্বর, শিরঃশূল, গুল্ম, উদরী, হলীমক জ্বরযুক্ত ক্ষয়কাশ এবং পার্শ্বশূল শামা হয়।

* ঘৃতে কল্ক ক্বাথ প্রভৃতি পাক করিবার প্রণালী 'স্নেহপাক, অধ্যায়ে লিখিত হইয়াছে।

গুলঞ্চ, ত্রিফলা, বাসক, ত্রায়মাণা, যবাস এই সকল দ্রব্যের কাথ এবং দ্রাক্ষা, পিপ্‌পলী, মুথা, শুণ্ঠি, কুড়, চন্দন এই দ্রব্য গুলির কল্ক সহযোগে ঘৃত পাক করিয়া সেবন করিলে ক্ষয় শ্বাস কাস ও জীর্ণজ্বর আরোগ্য হয়।

কলশী, বৃহতী, দ্রাক্ষা, ত্রায়ন্তী, নিম্ব, গোক্ষুর বলা, পর্পট, মুথা, শালপর্ণী ও যবাস এই গুলির কাথে এবং দ্বিগুণ দুগ্ধে, পরে শঠী, তামলকী, ভার্গী (বামনহাটী), মেদ (অভাবে অশ্বগন্ধা), কতক এবং কুড় এই গুলির কল্কে ঘৃত পাক করিলে তদ্দ্বারা জীর্ণজ্বর, শিরঃশূল, পার্শ্বশূল, কাস এবং ক্ষয় নিবৃত্ত হয়।

পটোল, পর্পট, নিম্ব, গুলঞ্চ, ত্রিফলা, বৃষ, কটুকী, মুথা চিরতা যবাস, যষ্টিমধু, রক্তচন্দন, দারু হরিদ্রা, ইন্দ্রযব, বেণামুল, ত্রায়মাণা, পিপ্‌পলী, উৎপল, কুড়, আমলকী, ভৃঙ্গরাজ, কাকমাচী (গুড়কামাই) ভীরু এই সকলের রসে ও কাথে ঘৃত পাক করিলে তাহাতে অপচী, কুষ্ঠ, জ্বর, শুক্রার্জ্জুন (নেত্ররোগ) প্রভৃতি নয়নজাত, বদনজাত, কর্ণজাত এবং নাসিকাজাত ব্রণ আরোগ্য হয়।

বিড়ঙ্গ, ত্রিফলা, মুথা, মঞ্জিষ্ঠা, দাড়িম, উৎপল, প্রিয়ঙ্গু, এলাইচ, এলবালুক, রক্তচন্দন, দেবদারু, বর্হিষ্ট, কুষ্ঠ, হরিদ্রা, পর্ণিনী, শ্যামা-লতা, অনন্ত মূল, হরেণু, ত্রিবৃৎ, দন্তী, বচ, তালীশ, নাগকেশর এবং মালতী পুষ্প ইহাদিগের কাথ ঘৃতের দ্বিগুণ দুগ্ধ, এই সকল সহযোগে ঘৃত পাক করিবে, ইহার নাম কল্যাণ ঘৃত। ইহার দ্বারা বিষমজ্বর, শ্বাস, গুল্ম, উন্মাদ, বিষ-জন্য রোগ অলক্ষ্মী বন্ধ্যাত্ব গ্রহ ও রক্ষোদর শান্তিকর। অগ্নিমান্দ্য, নষ্ট-শুক্র, রজ-দোষ আরোগ্য হয়, দৃষ্টি প্রসন্ন, আয়ুর্বৃদ্ধি এবং রেতো-মার্গ-স্থিত যাতনার (মেহরোগ-ঘটিত) শান্তি হয়।

কপিলা গাভির ঘৃত এক প্রস্থ (চারিসের), দ্বিগুণ দুগ্ধ, পূর্ব্বোক্ত সকল দ্রব্য এবং সর্ব্বগন্ধা ও মালতী, চম্পক, অশোক, শিরীষ, নল,

পদ্ম, নাগকেশর, দাড়িম ফুল এই সকলের সহযোগে মণি-সংযুক্ত ঘৃত, রোগী ও বৈদ্যের উভয়ের পক্ষে প্রশস্ত তিথি ও নক্ষত্রে পাক করিয়া ব্রাহ্মণের দ্বারা অভিমন্ত্রিত করিবে। ইহাকে মহাকল্যাণ ঘৃত বলে। ইহার দ্বারা সকল প্রকার জ্বরের শান্তি হয়, বলি ও পলিত বর্জ্জিত হয়, দর্শন ও স্পর্শণে সর্ব্ব রোগ নষ্ট হয়। এবং ইহা অভ্যস্ত হইলে মনুষ্য তিন শত বৎসর জীবিত থাকে।

পঞ্চগব্য অর্থাৎ দধি, দুগ্ধ, ঘৃত, মূত্র এবং গোময়-রস সমভাগে একত্র পাক করিয়া, তাহাতে ত্রিফলা, চিত্রক, মুথা, হরিদ্রা, দারু-হরিদ্রা, বকুল ও বচ, বিড়ঙ্গ, ত্রিকটু, চব্য, দেবদারু, এই সকল প্রক্ষেপ করিবে, ইহাতে বিষমজ্বর আরোগ্য হয়। বলা অথবা গুলঞ্চ যোগে পঞ্চগব্য পাক করিলে জীর্ণজ্বর পাণ্ডুরোগ ও শোথ আরোগ্য হয়। এই প্রণালীক্রমে পঞ্চ আবিকের ঘৃত পাক করিবে। অথবা পঞ্চ ছাগ পঞ্চ মহিষ এবং চারিটি উষ্ট্র ইহাদিগের ঘৃত, ত্রিফলা, বেণামূল, সম্পাদক, কটুকী ও অতিবিষা এই সকল যোগে পাক করিবে।

শতমূলী, সপ্তপর্ণী, (ছাতিম), গুলঞ্চ, হরিদ্রা, দারুহরিদ্রা, চিত্রক, তৃবৃৎ, মূর্ব্বা, পটোল, নিম্ব, বালক, চিরাতা, বচ, বিশাল, পদ্ম, কুষ্ঠ, শ্যামালতা, অনন্ত-মূল, যষ্টিমধু, চই, রক্তচন্দন, দুরালভা, ক্ষেত্রপর্পটী, ত্রায়মাণা, বাসক, রাস্না, কুঙ্কুম, মঞ্জিষ্ঠা, পিপ্পলী, শুঠ, এই সকল এবং আমলকীর রস দ্বিগুণ একত্র যোগে ঘৃত পাক করিবে। পরিসর্পজ্বর, শ্বাস, গুল্ম, কুষ্ঠ, পাণ্ডু, প্লীহা, অগ্নিমান্দ্য এই সকল রোগের উপকার হয়।

পটোল, কটুকী, দারুহরিদ্রা, নিম্ব, বাসক, ত্রিফলা, দুরালভা, ক্ষেত্রপর্পটী, ত্রায়মাণা, প্রত্যেকে আট তোলা এবং দুই সের আমলকী, ৬৪ সের জলে ইহাদিগের কাথ পাক করিয়া পাদাবশেষ থাকিতে ঘৃতের সহিত পাক করিবে। এই ঘৃত কর্ত্তৃক রক্তপিত্ত, কফ, স্বেদ,

ক্লেদ, পূয়, অঙ্গশোষ, কামলা, জ্বর বীসর্প এবং গণ্ডমালা আরোগ্য হয়

পক্ব দুগ্ধ, শর্করা, পিপ্‌পলী, গজপিপ্‌পলী, মধু এবং ঘৃত একত্র মন্থন পূর্ব্বক পান করিবে। ইহাকে পঞ্চসার বলে, ইহার দ্বারা বিষমজ্বরের শান্তি হয়। ক্ষত, ক্ষীণ, ক্ষয় শ্বাস, এবং হৃদ্রোগেও প্রয়োজ্য।

লাক্ষা, শুণ্ঠী, হরিদ্রা, মূর্ব্বা, মঞ্জিষ্ঠা, স্বর্জিকা, হরীতকী, ইহাদিগের ছয় গুণ ক্বাথ সহ তৈল পাক করিবে। ইহাতে জ্বর আরোগ্য হয়।

যজ্ঞডুম্বুর, আসন, নিম্ব, জম্বু, সপ্তচ্ছদ, অর্জ্জুন, শিরীষ, খদিরকাষ্ঠ, মল্লিকা, গুলঞ্চ, বাসক, কটুকী, ক্ষেত্র-পর্পটী, বেণামূল, বচ, গজ-পিপ্‌পলী এবং মুথা এই সকলের ক্বাথে তৈল পাক করিবে। অভ্যঙ্গে জ্বরের শান্তি হয়।

যে দিন জ্বরের উদয় হইবে সেই দিন জ্বরের পূর্ব্ব নির্ব্বিষ সর্পের দ্বারা অথবা চৌর্য্যাপবাদের দ্বারা রোগীকে ভয় প্রদর্শন করিবে, এবং অনাহারে রাখিবে। অথবা অতিশয় অভিষ্যন্দী বা গুরুতর দ্রব্য আহার করাইয়া পুনঃপুনঃ বমন করাইবে। অথবা তীক্ষ্ণ মদ্য বা জ্বর-নাশক ঘৃত বা যথেষ্ট পরিমাণে পুরাণ ঘৃত পান করাইবে, কিম্বা সমধিক বিরেচন প্রয়োগ করিবে। অথবা পূর্ব্বে স্বেদ প্রয়োগ করিয়া নিরূঢ় বস্তি প্রয়োগ করিবে।

ছাগের কিম্বা মেষের চর্ম্মলোম, বচ, কুড়, পলঙ্কষা এবং নিম্ব পত্র মধুযোগে এই সকল দ্রব্যের ধূপ প্রয়োগ করিবে। কম্প থাকিলে বিড়ালের বিষ্ঠা সেই ধূপে সংযোগ করিবে। পিপ্‌পলী, সৈন্ধব, সর্ষপতৈল, নৈপালী এই সকল চক্ষে অঞ্জনে প্রয়োজ্য। উদর রোগাধিকারে এবং বিষ চিকিৎসায় অজিত নামক যে ঘৃতবলা হইয়াছে তাহাও সেবনে জ্বর শান্তি হয়।

ভূতবিদ্যা বন্ধাবেশ এবং তাড়নের দ্বারা ভূতাভিষঙ্গ জ্বরের,

বিজ্ঞানাদির দ্বারা মানসিক জ্বরের, এবং ঘৃতমর্দ্দনও রসোদনভোজ-নের দ্বারা শ্রম ও ক্ষীণতা-জন্য জ্বরের শান্তি হয়। অভিশাপ বা অভিচার জন্য জ্বর হোমাদির দ্বারা, ঔৎপাতিক বা গ্রহপীড়া জন্য জ্বর দান স্বস্ত্যয়ন ও আতিথ্য-ক্রিয়ার দ্বারা নিবৃত্ত হয়।

অভিঘাত-জন্য জ্বরে উষ্ণক্রিয়া বিধেয় নহে। মধুর স্নিগ্ধ কষায় অথবা দোষ অনুসারে অন্যবিধ ঔষধ প্রয়োগ করিবে। কোন প্রকার ঔষধের গন্ধে বা বিষ-জন্য জ্বর হইলে বিষ ও পিত্তের চিকিৎসা করিবে। সর্ব্বগন্ধার ক্বাথ ইহাতে প্রয়োজ্য। অথবা নিম্ব ও দেব-দারুর ক্বাথ বা মালতী পুষ্পের ক্বাথও সেবনীয়। বিষমজ্বরে যবান্ন সহযোগে প্রস্তুত করা আহারীয় ঘৃত এবং মদ্য হিতকর। এবং গো ও ব্রাহ্মণ ও হর গৌরীর পূজা কর্ত্তব্য।

কফ জন্য ও বায়ু জন্য জ্বরে রোগী শীত কর্তৃক পীড়িত হইলে উষ্ণবর্গের দ্বারা অঙ্গে লেপ দিবে এবং উষ্ণকার্য্যই বিধেয়। ঈষদুষ্ণ কাঞ্জী, গোমূত্র এবং শুক্ত দধিমস্তু সেচন করিবে। অথবা পলাশের কল্ক লেপন বা রাস্না বাবুইতুলসী এবং সজিনা বীজ একত্রযোগে কল্কও লেপন কর্ত্তব্য। শুক্ত সহযোগে ক্ষার ও তৈল অভ্যঙ্গে প্রয়োজ্য। এ অবস্থায় আরগ্বধাদি গণের ক্বাথ বিশেষ হিতকর। বাতঘ্ন দ্রব্যের ঈষদুষ্ণ ক্বাথে অবগাহন কর্ত্তব্য। এই সকল প্রক্রিয়া এবং সুখোষ্ণ জল-সেচন দ্বারা শীত নিবারণ ও গাত্রে কৃষ্ণাগুরু লেপন পূর্ব্বক ঊর্ণা কার্পাশ বা কৌশেয় বস্ত্র অঙ্গে আবৃত করিয়া শয়ন করাইবে। পরে রূপযৌবন-সম্পন্না পীনস্তনী প্রমদা দ্বারা গাঢ় আলিঙ্গন করাইবে। রোগীর শরীর হৃষ্ট হইলে সেই স্ত্রীকে অপনীত করিবে। বরাঙ্গিনীর সংশ্লিষ্ট আলিঙ্গনে হিমজ্বরের শান্তি হইলে হিতকর অন্ন ভোজন করাইবে।

উপদ্রবের চিকিৎসা।

দাহ কর্তৃক অভিভূত হইলে দাহশান্তিকর কার্য্য কর্ত্তব্য। মধু

ও ফাণিত যুক্ত নিম্ব পত্রের জল পান করাইয়া বমন করাইবে। শতধৌত ঘৃত মাখাইয়া কোল ও আমলকী সহ কিম্বা শূকধান্যের কাঞ্জী সহযোগে যবশক্তু লেপন করিবে অথবা কোন প্রকার পিত্ত শান্তি কর পন্না অম্লপিষ্ট করিয়া লইয়া বা পলাশ তরুর পল্লব অম্লে পেষণ পূর্ব্বক ফেণাইয়া কিম্বা বদরীপল্লব ও নিম্বপত্র ফেণাইয়া অঙ্গে প্রদেহ-প্রয়োগ বা লেপন করিলে দাহ, তৃষ্ণা ও মূর্চ্ছার শান্তি হয়।

এক পোয়া যব, চারি তোলা মঞ্জিষ্ঠা, এবং এক শত পল অম্ল, এই সকল সহযোগে এক প্রস্থ তৈল পাক করিবে। এই তৈল প্রহ্লাদ-নকর ও জ্বরদাহের শান্তিকর। অথবা ন্যগ্রোধাদিগণ বা কাকোল্যাদি গণ বা উৎপলাদিগণ পিষিয়া লেপন করিবে। কিম্বা উক্ত গণসমূহের ক্বাথ ও অম্ল সহযোগে তৈল পাক করিয়া অভ্যঙ্গে প্রয়োগ করিবে। কিম্বা ঐ ক্বাথ শীতল করিয়া দাহার্ত্ত রোগীকে তাহাতে অবগাহন করাইবে। দাহবেগের শান্তি হইলে রোগীকে উদ্ধৃত করিয়া শীতল জল সেচনে ও চন্দন লেপন পূর্ব্বক চন্দনার্দ্রপয়োধরা, কোমল-ক্ষৌম-বসন-পরিহিতা পদ্মমাল্য-বিভূষিতা বরাঙ্গিনী কামিনী কর্ত্তৃক আলিঙ্গন করাইবে। প্রহ্লাদ জন্মিলে সেই স্ত্রীকে অপনীত করিবে। তদনন্তর হিতকর অন্ন প্রদান করিবে। পিত্তজ্বরে যে সকল শমনী ও বিরেচন কথিত হইয়াছে তাহাও এস্থলে হিতকর।

মিলিত দোষ-জন্য জ্বর হইলে আদৌ পিত্তের চিকিৎসা কর্ত্তব্য। কারণ জ্বর রোগে পিত্ত অত্যন্ত দুর্নিবার। বমন, মূর্চ্ছা, পিপাসা প্রভৃতি উপদ্রব থাকিলে, জ্বরের অবিরোধে তাহাদিগের প্রতীকার করিবে। যে কারণ জন্য উপদ্রব ঘটে তাহার বৈপরীত্যের দ্বারা সেই উপদ্রবের প্রতীকার করিবে।

যষ্টিমধু, হরিদ্রা, মুথা, দাড়িম, অম্লবেতস, অঞ্জন, তিন্তিরি, তেজ-পত্র, উৎপল, গুড়ত্বক্‌, ব্যাঘ্রনখী (বৃক্ষ বিশেষের ফল) টাবা লেবুর

রস ও মধু, এই গুলি মধু ও শুক্ত যোগে মস্তকে লেপন করিলে, মস্তকের তাপ মোহ বমি হিক্কা কম্প নিবৃত্ত হয়।

মৌল, বালা, সকল প্রকার উৎপল, মৌরি, এই গুলি মধু ও ঘৃত যোগে লেহন করিলে বমি, কফ প্রসেক, রক্তপিত্ত, হিক্কা, এবং শ্বাস আরোগ্য হয়।

ভূমি কুষ্মাণ্ড, দাড়িম, লোধ, দধির সর, এবং বীজপূর (লেবু বিশেষ) একত্র করিয়া মস্তকে প্রলেপ দিলে তৃষ্ণা ও দাহের শান্তি হয়।

ত্রিফলা ও পিপ্পলী ও স্বর্ণমাক্ষিক ঘৃত ও মধু যোগে লেহন করিলে কাস ও শ্বাস উপদ্রবের শান্তি হয়।

দাড়িম শর্করা দ্রাক্ষা এবং আমলকী মুখ-বৈরস্যে ইহাদিগের কল্ক বা গণ্ডূষ ধারণ করিবে।

দুগ্ধ, ইক্ষুরস, মধু, ঘৃত, এবং তৈল, উষ্ণ বারি সংযোগে ইহাদিগের নস্য, অথবা জীবনীয় সংযোগ পাক করা ঘৃতের নস্য শূন্য-মূর্দ্ধার পক্ষে হিতকর।

ত্রিফলা শ্যামালতা ত্রিবৃৎ এবং পিপ্পলী ইহাদিগের চূর্ণ মধু ও শর্করা যোগে বিরেচনে প্রশস্ত। পিত্ত-জ্বরের পরিপাকে এবং ঊর্দ্ধগত রক্তপিত্তে ইহা প্রয়োজ্য।

কফ এবং বায়ু জন্য রোগে এইরূপ বিরেচন এবং স্নেহাভ্যঙ্গের দ্বারা শোধন করিবে*। দোষের শান্তি হইয়া রোগী শ্রামার্ত্ত থাকিলে মধু শর্করা এবং হরীতকী একত্র যোগে পান করিবে। বায়ু-জন্য জ্বরে বাতঘ্ন ও মধুর দ্রব্য যোগে নিরূঢ় বস্তি প্রয়োগ করিবে। অথবা দোষ ও বল অনুসারে অনুবাসন প্রয়োগ করিবে। পিত্তজন্য জ্বরে উৎপলাদিগণ, চন্দন ও বেণামূল, ইহাদিগের প্রচুর পরিমাণে শীতল কাথ শর্করা সহযোগে মধুর করিয়া তৎসহযোগে বস্তি প্রয়োগ করিবে।

১৩। আমাবস্থা অতীত হইলেই শোধন ও অভ্যঙ্গ প্রয়োজ্য।

যাতনা থাকিলে, আম্রাদির ত্বক্, শঙ্খ, চন্দন, উৎপল, গৈরিক, অঞ্জন, মঞ্জিষ্ঠা, মৃণাল, পদ্ম, এই সকল উত্তমরূপে পিষিয়া, দুগ্ধ, শর্করা ও মধু সহযোগে বস্তি প্রয়োগ করিবে। এই সকল দ্রব্য সিদ্ধ বস্তির প্রণালীক্রমে প্রয়োগ করিলে জ্বরদাহের শান্তি হয়। কফ-জন্য জ্বরে আরগ্বধাদির কাথ পিপ্পল্যাদিগণ ও মধু সংযোগ বস্তি প্রয়োগ করিবে। অথবা কফঘ্ন দ্রব্যের কাথ অনুবাসনে প্রয়োগ করিবে। দ্বিদোষ-জন্য বা সন্নিপাত জন্য জ্বরে দোষানুসারে দ্রব্য মিলিত করিয়া বস্তি প্রয়োগ করিবে। যে সকল স্নেহ বায়ুরোগের শান্তিকর, তৈল ব্যতিরেকে সেই সমস্তই বায়ু-জন্য জ্বরে বস্তি-কার্য্যে এবং অভ্যঙ্গে প্রয়োজ্য *। পিত্তজন্য জ্বরে মধুর ও তিক্ত দ্রব্য সহযোগে এবং শ্লেষ্ম জন্য রোগে কটু-তিক্ত দ্রব্য সহযোগে, ঘৃত পাক করিয়া বস্তি-কার্য্যে প্রয়োজ্য। পিত্তের শান্তি হইয়াও যদি অবশিষ্ট কিছু থাকে তাহাতে ত্বকস্থ জ্বর জন্মায় অর্থাৎ ত্বক্ উষ্ণ হয়। তাহাতে শীতল ইক্ষুরস বা শর্করোদক পান করিবে। এবং শালি বা ষষ্টিধান্যের অন্ন দুগ্ধ সহ ভোজন করিবে। কফ-বাত-জন্য জ্বরে স্বেদ ও অভ্যঙ্গ প্রয়োগ করিবে। দ্বাদশ দিবসের পর সকল জ্বরেই ঘৃত সেবন বিধেয়। তাহা না হইলে আশয় সমস্ত রুদ্ধ হইয়া থাকে। জ্বর ত্যাগ কালে দোষ সমস্ত ধাতু সকলকে ক্ষোভিত করে। এই নিমিত্ত রোগী ব্যাকুল ও ম্রিয়মাণ হইয়া থাকে। মস্তকের লঘুতা, স্বেদ, মুখের ঈষৎ পাণ্ডুতা, ক্ষবথু এবং অন্নে অভিলাষ, জ্বরমুক্তের এই সকল লক্ষণ। জ্বর শম্ভুর ক্রোধ হইতে সম্ভূত ভয়ানক রোগ, বল, বর্ণ এবং অগ্নির অবসাদক, সকল রোগের রাজা, সংস্পর্শে ব্যাপ্ত হয় ও কষ্টসাধ্য, এবং ইহাতে জীবনের অন্ত হইবার সম্ভাবনা, অতএব জ্বরকে প্রাণীদিগের অন্তক বলা যায়।

* বাতশ্লেষ্মা রোগে আমাবস্থার পরে অর্থাৎ ১৩,১৪. দিনে বিরেচন স্বেদাদি প্রয়োগের বায়ুর উপদ্রব সম্যক্ শান্তি না হওয়া প্রযুক্ত অভ্যঙ্গ প্রয়োগ করিয়া দেখা গিয়াছে, তাহাতে উপদ্রাবর শান্তি হইয়া শরীর সুস্থ হয়।

চত্বারিংশ অধ্যায়।

অতিসার রোগের বিবরণ।

গুরুপাক, অতি স্নিগ্ধ, রুক্ষ, উষ্ণ, দ্রব, স্থূল, অতিশীতল অথবা বিরুদ্ধ দ্রব্য আহার জন্য, অথবা অকালে ভোজন বা অজীর্ণকর বা অনভ্যস্ত দ্রব্য ভোজন জন্য, অথবা অতিশয় স্নেহপান, মিথ্যাহার, ভয়, শোক, দূষিত জল বা অতিশয় মদ্য পান জন্য, অথবা প্রকৃতি বা ঋতুর বিপর্য্যয়, জলক্রীড়া, বেগধারণ বা কৃমি দোষ জন্য অতিসার রোগ জন্মে।

দেহস্থ রস-ধাতু জঠরাগ্নি সংশমন পূর্ব্বক পুরীষের সহিত মিলিত হইয়া বায়ু কর্ত্তৃক অধোভাগে চালিত হয়। এইরূপ অধোভাগে চালিত হইয়া অতিশয় যাতনার সহিত নিঃসরণ হইয়া থাকে। পৃথক্ পৃথক্ এক একটী দোষ জন্য, বা ত্রিদোষ জন্য, শোক জন্য বা আমজন্য অতিসার রোগ এই ছয় প্রকারে জন্মে। কিন্তু ধন্বন্তরির মতে পীড়িত ব্যক্তির দোষের অবস্থা সকল কালে সমান থাকে না, সময়ে সময়ে তাহা পরিবর্ত্তিত হয়।

হৃদয়, নাভি, পায়ু, উদর ও কুক্ষিদেশে তোদ, গাত্রের অবসাদ, বায়ুর নিরোধ, মলের সরলতার অভাব, উদরের আধ্মান এবং অজীর্ণতা, এই গুলি অতিসার রোগের পূর্ব্বরূপ। অতিসার রোগ বায়ু-জন্য হইলে, শূল, মূত্ররোধ, অন্ত্রকূজন, অপান বায়ুর শিথিলতা, কটি উরু ও জঙ্ঘার অবসন্নতা, এই সকল লক্ষণ ঘটে, এবং রুক্ষ শ্যাববর্ণ ফেণাযুক্ত মল বায়ুর সহিত অল্পে অল্পে নিঃসৃত হয়। পিত্ত-জন্য হইলে দুর্গন্ধি, উষ্ণ, পীত, নীল বা, মাংস ধৌত জলের ন্যায় মল অতি তীক্ষ্ণ বেগে নিঃসৃত হয়, এবং তৃষ্ণা, মূর্চ্ছা, দাহ, স্বেদ, পাক ও জ্বর কর্ত্তৃক পীড়িত হয়। শ্লেষ্মা জন্য হইলে তন্দ্রা, নিদ্রা, গৌরব, বমনেচ্ছা, অবসাদ, মল নিঃসরণ হইলেও পুনর্ব্বার বেগের আশঙ্কা, সর্ব্বদা বেগের আশঙ্কা, শ্লেষ্মা

সহযোগে গাঢ় শুক্লবর্ণ মল নিঃসরণ, অন্নে অরুচি এবং শরীর লোমাঞ্চ এই সকল লক্ষণ হয়। ত্রিদোষ-জন্য অতিসার রোগ হইলে তন্দ্রা, মোহ, মাদকতা, মুখ-শোষ, তৃষ্ণা, নানা বর্ণের মলস্রাব প্রভৃতি সকল দোষের লক্ষণই প্রকাশ পায়। ত্রিদোষ-জন্য অতিসার রোগ কষ্টসাধ্য, বালক ও বৃদ্ধের হইলে অসাধ্য হয়। অল্পাহারী ব্যক্তির শোক-জন্য বাষ্প-বেগ পাকস্থলী বিদ্ধ করিয়া কোষ্ঠদেশে গমন পূর্ব্বক রক্ত দূষিত করে। গুঞ্জাপ্রভা সদৃশ সেই দূষিত রক্ত পুরীষমিশ্রিত ও দুর্গন্ধযুক্ত হইয়া অথবা পুরীষহীন সুতরাং গন্ধশূন্য হইয়া কোষ্ঠদেশ হইতে নিঃসৃত হয়। শোকজন্য এই রোগ দুশ্চিকিৎস্য। আমাজীর্ণ কর্ত্তৃক দোষ সমস্ত কুপিত ও চালিত হইয়া ভুক্তদ্রব্য সহকারে কোষ্ঠদেশে নীত হয় এবং কোষ্ঠদেশকে ক্ষুভিত করিয়া অতি কষ্টে নানা বর্ণের মল নিঃসরণ করে।

এই সকল দোষের সংসৃষ্টে অতিসার রোগ জন্মিয়া যাবৎ দুর্গন্ধযুক্ত পুরীষ বেগে * বিচ্ছিন্ন ভাবে নিঃসৃত হয় ও তাহা জলে নিক্ষিপ্ত হইলে মগ্ন হয়, তাবৎ তাহাকে আমাবস্থা অর্থাৎ আমাতিসার বলা যায়। এই সকল লক্ষণের বৈপরীত্যে এবং শরীর লঘু হইলে পক্কাতি-সার অর্থাৎ অতিসার রোগের পক্কাবস্থা বলা যায়।

ঘৃত, মেদ, বসা, বেসবার, জল, তৈল, দুগ্ধ, মধু, মঞ্জিষ্ঠা বা মস্ত-লুঙ্গের ন্যায় বর্ণ বিশিষ্ট, আমিস বা পূতিগন্ধ বিশিষ্ট শীতল অথবা বিচিত্র বর্ণের আঞ্জী বা বিন্দু-বিশিষ্ট পূয় বা কর্দ্দম সদৃশ এবং উষ্ণ, এই সকল লক্ষণ বিশিষ্ট হইলে, কিম্বা ক্ষীণ শরীরে অধিক উপসর্গ ঘটিলে বা মলদ্বার অসংবৃত, ক্ষীণ ও আধ্মানে উপদ্রুত হইলে রোগীর মৃত্যু হয়।

অতিসারের পক্কাবস্থায় মলের উষ্ণতা এবং পেটের কন্নুনি থাকে

* অতিসার রোগে পেটের সমধিক কুন্‌কুন্নুনি থাকাই আম অবস্থার প্রধান লক্ষণ।

না। অতিসারে আম ও পক্কাবস্থা ভেদে চিকিৎসার ভেদ হয়, এ কারণ সকল প্রকার অতিসারেই আম ও পকের লক্ষণ নির্ণয় কর্ত্তব্য। অতিসার রোগ যে কোন কারণে হউক, দোষের লক্ষণ তাহাতে অবশ্যই প্রকাশ পাইবে। স্নেহ কর্তৃক অজীর্ণতা জন্মিলে অতিশয় শূল সহকারে মুহুর্মুহুঃ নিঃসরণ হয়। বিসূচিকা, অজীর্ণতা, বিষ, অর্শ, বা ক্রিমি জন্যও অতিসার রোগ জন্মে। যে কারণে হউক দোষের লক্ষণানুসারে চিকিৎসা করিবে। অতিসারের আমাবস্থা বা পূর্ব্বরূপে লঙ্ঘন কর্ত্তব্য; তদনন্তর পাচন সংযোগে যবাগু পান হিতকর। অথবা শূল আধ্মান থাকিলে প্রথমতঃ পিপ্পলী সৈন্ধবের জল দ্বারা বমন করাইয়া লঙ্ঘন করাইবে। বমনের পর প্রায়ই লঘু ভোজন কর্ত্তব্য। তাহাতে খড়-যূষ, যবাগু, প্রভৃতি পিপ্পল্যাদিগণ সহযোগে ব্যবহার্য্য। এই সকল প্রক্রিয়ার দ্বারা আমের উপশম না হইলে হরিদ্রাদি বা বচাদি গণ প্রাতঃকালে পান করিবে। আমাতিসারে সংগ্রাহক ঔষধ অতি অবৈধ। তদ্দ্বারা প্লীহা, পাণ্ডু, আনাহ, মেহ, কুষ্ঠ, উদরী, জ্বর, শোফ, গুল্ম, গ্রহণী, অর্শ, শূল, অলসক, হৃদ্‌গ্রহ প্রভৃতি রোগ জন্মে। শূল সহকারে কষ্টে অধিক বার নিসৃত হইতে থাকিলে অথবা দোষ সঞ্চিত থাকিলে হরীতকীর বিরেচন প্রয়োজ্য। অধিক পরিমাণে তরল পুরীষ নিসৃত হইতে থাকিলে প্রথমতঃ বমন পশ্চাৎ লঙ্ঘন ও পাচন বিধেয়। অল্প অল্প মল শূল (যন্ত্রণা) সহ নিসৃত হইতে থাকিলে হরীতকী ও পিপ্পলীর ঈষদুষ্ণ কল্ক যোগে বিরেচন কর্ত্তব্য। আমাতিসারে লঙ্ঘন অথবা লঙ্ঘন ও পাচন বিধেয়। অতঃপর আমাতিসার নাশক যোগ বলা যাইতেছে।

দেবদারু, বচ, মুথা, শুণ্ঠী, আতইচ, হরীতকী। অথবা, ইন্দ্রযব, আতইচ,, হিঙ্গু, সচল লবণ, হরীতকী। অথবা, হরীতকী, ধান্যক, মুথা, বালা, বিল্ব। অথবা, মুথা, পর্পট, শুণ্ঠী, বচ, আতইচ, হরীতকী। অথবা, হরীতকী, আতইচ, হিঙ্গু, বচ, সচল। চিত্রক, পিপ্পলীমূল,

বচ, কটুকী। পাঠা, ইন্দ্রযব, হরীতকী, শুণ্ঠী। অথবা, মূর্ব্বা, পাঠা, ত্রিকটু, গজপিপ্‌লী। অথবা, শ্বেতসর্ষপ, দেবদারু, কটুকী। অথবা, এলাইচ, সাবর লোধ, কুষ্ঠ, হরিদ্রা, দারুহরিদ্রা, ইন্দ্রযব, যব। অথবা, মেষশৃঙ্গী, গুড়ত্বক্‌, এলাইচ, ইন্দ্রযব। গুলঞ্চ, অর্জ্জুনবৃক্ষ, কণ্টকারী, মুগাণি, মাসানি। এরণ্ড-ত্বক্‌, গাব, দাড়িম্ব, ইন্দ্রযব, সমী (সাঁইগাছ)। পাঠা, গজপিপ্‌পলী, ইন্দ্রযব, ময়নার ফল। পটোল, যমানী, বিম্ব, হরিদ্রা, দারুহরিদ্রা। বিড়ঙ্গ, হরীতকী, পাঠা, শুণ্ঠী, মুথা, বচ। বচ, ইন্দ্রযব, মুথা, কটুকী। হিঙ্গু, ইন্দ্রযব, বচ, বিম্ব, শলাটু শুণ্ঠী, আতইচ, মুথা, পিপ্‌পলী, গজ-পিপ্‌পলী, ইন্দ্রযব। অথবা শুণ্ঠী, আতইচ, মুথা। এই বিংশতি প্রকার যোগের মধ্যে কোন একটী যোগ ধান্যাম্ল উষ্ণোদক বা মদ্য সহযোগে পান করিলে আমাতিসারের শান্তি হয়। এই সকল যোগের ক্বাথ বা কল্ক এস্থলে ব্যবহার্য্য। আমশান্তির জন্য এই বিবিধ প্রকার যোগ বলা হইয়াছে। হরীতকী, আতইচ, হিঙ্গু, সচল লবণ, বচ, ঈষদুষ্ণোদক সংযোগে ইহাদিগের কল্ক, অথবা পটোল, যমানী, বিশ্ব, বচ, পিপ্‌পলী শুণ্ঠী, মুথা, কুষ্ঠ এবং বিড়ঙ্গ ইহাদিগের কল্ক, অথবা শুণ্ঠী ও গুলঞ্চের ক্বাথ পান করিবে। সকল প্রকার লবণ, পিপ্‌পলী, গজপিপ্‌লী, বিড়ঙ্গ, হরীতকী অথবা চিত্রক, শিরীষ, পাঠা, মহাকরঞ্জ, সকল প্রকার লবণ, সমভাগে, অথবা নাগদন্তী ও পিপ্‌পলীর কল্ক প্রত্যেকে দুই তোলা অথবা বচ ও গুলঞ্চের ডাঁটা এই পঞ্চবিধ যোগ ঈষদুষ্ণ জলের সহিত পান করিবে। বিংশতি সংখ্যক মুথা ত্রিগুণ পরিমিত জল সংযোগে দুগ্ধের সহিত পাক করিয়া দুগ্ধ শেষ থাকিতে পান করিবে। ইহাতে আম জন্য শূলের (পেটের কুনুনি) শান্তি হয়। যাহারা আমশূল নিবৃত্ত হইয়াও বায়ু সরল না হয় এবং যন্ত্রণা সহকারে অল্প অল্প নিঃসৃত হইতে থাকে; সেই মন্দাগ্নি অবস্থায় ক্ষার লবণ সহযোগে ঘৃত পান করিবে। অথবা দুগ্ধ, শুণ্ঠী ও আমরুল শাক, অম্ল দধি সহযোগে

পাক করিয়া, কিম্বা অম্ল যোগে ঘৃত গাক করিয়া সেবন করিবে। দধি সহযোগে ঘৃত পাক করিয়া, তাহাতে ত্রিকটু, আমলকী চিত্রক, পিপ্পলী-মূল, বিল্ব ও দাড়িম্বত্বকের কল্ক প্রক্ষেপ পূর্ব্বক পান করিবে। এই গুলি বাতশ্লেষ্ম-জন্য আমাতিসার রোগের প্রতীকার।

পিত্তজন্য অতীসার রোগে তীক্ষ্ণ ও উষ্ণ দ্রব্য বর্জ্জন পূর্ব্বক পূর্ব্বোক্ত সকল যোগ প্রয়োগ করা যায়। শ্বেত বেড়েলা, পীতবেড়েলা, শালপাণী, বৃহতী, গোক্ষুরী, শতমূলী ইহাদিগের শীতল কাথ মধু সংযোগে পান করিবে। অথবা মুথা, পিপ্‌পলী প্রভৃতি মৃদু অগ্নিকর ও তিক্ত দ্রব্য সহযোগে মুগ্দযূষ পাক করিয়া পান করিবে। অথবা হরিদ্রা, আতইচ, পাঠা, ইন্দ্রযব, রসাঞ্জন, অথবা রসাঞ্জন, হরিদ্রা, দারু-হরিদ্রা, কুটজ-বীজ কিম্বা আকনাদি, গুলঞ্চ, চিরাতা, কটুকী এই কয়েকটি যোগের কাথ পিত্ত-জন্য অতিসারে প্রয়োজ্য। দারু-হরিদ্রা, দুরালভা, বিল্ব, বালা, রক্তচন্দন, অথবা মুথা, ইন্দ্রযব, চিরেতা, রসাঞ্জন, বা রক্তচন্দন, লোধ, মুথা চিরেতা, দুরালাভা, অথবা, মৃণাল, চন্দন, লোধ, শুণ্ঠী, নীলোৎপল, অথবা আকনাদি, মুথা, হরিদ্রা, দারুহরিদ্রা, পিপ্‌লী, ইন্দ্রযব, অথবা কুটজ-ফল ও ত্বক্ শুণ্ঠী ঘৃত ও বচ, এই ছয়টী যোগ পিত্তাতিসারের শান্তিকর। বিল্ব, ইন্দ্রযব, মুথা, লোধ এবং আতইচ, এই যোগের দ্বারা আমযুক্ত পিত্তাতিসারের শান্তি হয়। যষ্টিমধু, উৎপল, বিল্ব, আম্র, বালা, বেণামূল, শুণ্ঠী, মধু সহযোগে ইহাদিগের কাথও প্রয়োজ্য।

অতিসার পক হইলেও যদি গ্রহণী নাড়ী শিথিল হইয়া মুহুঃমুর্হুঃ নিঃসরণ হইতে থাকে, তাহাতে স্তম্ভনকর ঔষধ হিতকর। বালা, ধাতকীপুষ্প, মঞ্জিষ্ঠা, লোধ, মুথা। অথবা শিমুল-আটা, লোধ, কুড়্চি ছাল দাড়িম ছাল অথবা আঁমের কসি, লোধ, বিল্বপেশী, প্রিয়ঙ্গু। অথবা যষ্টিমধু, শুণ্ঠী, সোঁদাল শাল। এই চারিটি যোগ পক্কাতিসারের শান্তিকর। আমাতিসারের বা পক্কাতিসারের যে সকল যোগ বলা

ও তৃষ্ণা থাকিলে দুগ্ধ পান কর্ত্তব্য। দুগ্ধ অতিসারে অমৃত তুল্য। অতিসার অধিক দিনের হইলে তিন গুণ জলের সহিত দুগ্ধ পাক করিয়া পান করিবে। অধিক দিনের রোগ হইলে অথবা দোষের কিছু অবশিষ্ট থাকিলে এই রূপ দুগ্ধ পানে তাহার শান্তি হয়। এ অবস্থায় স্নেহ, বিরেচন অথবা পিচ্ছিল বস্তিও হিতকর, অথবা পিচ্ছিল দ্রব্যের রসে ঘৃত পাক করিয়া পান কর্ত্তব্য। মলনিঃসরণের সঙ্গে পূর্ব্বে বা পরে রক্ত নিঃসরণ হইলে ক্ষীরী বৃক্ষের শুঙ্গা সহযোগে ঘৃত মধু সহ, অথবা দেবদারু, গুড়ত্বক্, পিপ্‌পলী, শুণ্ঠী, লাক্ষা ও ইন্দ্রযব, এই সকল যোগে ঘৃত পাক করিয়া অথবা মুথা ও গাম্ভারী সহযোগে পেয়া প্রভৃতি পাক করিয়া সেবন করিবে। এই পেয়া প্রভৃতি পানে ত্রিদোষ-জন্য অতীসারেরও শান্তি হয়। দেহের গৌরব অর্থাৎ ভার বোধ থাকিলে অথবা কফের আধিক্য থাকিলে বমন কর্ত্তব্য। জ্বর ও দাহে বায়ু-জন্য মলের কুপিত ভাব থাকিলে রক্ত-পিত্তের ন্যায় প্রতীকার করিবে। অতীসারের পক্বাবস্থায় দোষের বাহুল্য থাকিলে অথবা মল কুপিত থাকিলে, মূত্র শোধন, আস্থাপন ও অনুবাসন প্রয়োজ্য। প্রবাহন (কোঁথ পাড়া) কর্তৃক গুদভ্রংশ জন্মিলে, মূত্রাঘাত অর্থাৎ মূত্র কষ্টে অল্প অল্প নিঃসরণ হইতে থাকিলে এবং কটিদেশে বেদনা থাকিলে মধুরাম্ল যোগে তৈল বা ঘৃতের অনুবাসন প্রয়োজ্য। অহিতাহারী ব্যক্তির পিত্ত-কর্তৃক গুদ-পাক রোগ জন্মিলে পিত্তনাশক সেচন ও তাহারই ক্বাথে অনুবাসন বিধেয়। তাহাতে বায়ুর যোগ থাকিলে দধিমণ্ড, সুরা এবং বিল্ব সহযোগে তৈল পাক করিয়া অনুবাসনে প্রয়োগ করিবে, ও ক্ষীরুইয়ের মূল সহযোগে দুগ্ধ পাক করিয়া পান করিবে। অল্প অল্প করিয়া বহু রক্ত নিঃসরণ হইতে থাকিলে অথবা বায়ু বদ্ধ থাকিলে পিচ্ছিল বস্তি প্রয়োগ করিবে। দীর্ঘকালস্থায়ী অতিসার রোগে প্রায়ই মলদ্বারের দৌর্ব্বল্য ঘটে, তাহাতে মলদ্বারে তৈলাবচরণ কর্ত্তব্য। কপিত্থ, শাল্মলী, বামুনহাটি, বনকাপাস,

দাড়িম, পুথিকা ক্ষীরুই, শেলু, (চাল্‌তা), শণ, সুষুণিশাক, শালপানী, চাকুলে, বৃহতী, কণ্টকারী, বেড়েলা, গোক্ষুরী, বিল্ব, পাঠা, মুতা, ধন্যা, তিলকল্ক, মুদ্গাদাইল, বা মুদ্গারস অতিসার রোগে এই সকল যোগে আহার কর্ত্তব্য।

পিত্ত জন্য অতীসার রোগে পিত্ত-জনক দ্রব্য সেবন করিলে পিত্ত দূষিত হইয়া রক্তাতিসার ও জ্বর, শূল, তৃষ্ণা, দাহ, গুদপাক, প্রভৃতি উপদ্রব জন্মে। মলনিঃসরণের পূর্ব্ব বা পরে রক্ত নিঃসরণ হইলে বটাদির অর্থাৎ ন্যগ্রোধাদি গণের পল্লব ও ঘৃত যোগে দুগ্ধ পাক করিয়া শর্করা ও মধুযোগে পান করিবে, অথবা সেই দুগ্ধ মন্থন করিয়া নবনীত লেহন করিয়া তক্র অনুপান করিবে। পিয়াল, শাল্মলী, প্রক্ষ, শল্লকী, তিনিশ ইহাদিগের ত্বক্ দুগ্ধে মর্দ্দন করিয়া মধুসহ পান করিলে রক্তনিবৃত্তি হয়। মৌল ফুল, শর্করা, লোধ ক্ষীরকাকোলী, শ্যামালতা, ছাগীদুগ্ধে মধুসহ সেবন করিলে রক্তের শান্তি হয়। অথবা মঞ্জিষ্ঠা, শ্যামালতা, লোধ, শ্বেতপদ্ম, নীলপদ্ম, কুমুদ, পদ্মচারিণী ছাগীদুগ্ধ সহযোগে পান করিবে। অথবা শর্করা, উৎপল লোধ, মঞ্জিষ্ঠা, মৌলফুল তিল, কিম্বা তিল, মোচরস (সিমুল আঠা), লোধ, মধুকপুষ্প পদ্ম বা শঠী ও তিলকল্ক ছাগীদুগ্ধ ও মধু সংযোগে সেবন করিলে রক্তের নিবৃত্তি হয়। রক্ত সহযোগে জলবৎ স্রাব হইতে থাকিলে মধুযোগে তৈল পূর্ব্বে পান করিয়া ফাণিত যোগে অপক্ক বিল্ব ভোজন করিবে। কোশকার (গুটিপোকা) ঘৃতে ভর্জ্জন করিয়া লাজ চূর্ণ মধু ও শর্করা যোগে সেবন করিলে শূল সংযুক্ত রক্তাতিসার নিবৃত্ত হয়। বিল্বের মধ্যভাগ, মৌল্‌ফুল সহযোগে তণ্ডুলোদক, শর্করা ও মধু যোগে সেবন করিলে রক্ত পিত্ত-জন্য অতিসার রোগের নিবৃত্তি হয়। গুদপাকে যে সকল বিধি বলা হইয়াছে রক্তপিত্ত-জন্য অতিসারেও সে সকল প্রয়োজ্য। রোগের শান্তি না হইলে পিচ্ছিল বস্তি প্রয়োগ করিবে। দীপ্তাগ্নি ব্যক্তির অতিসারে দোষের আধিক্য

থাকিলেও মল রক্ত বর্ণ হইলে বিড়ঙ্গ ত্রিফলা ও দ্রাক্ষার ক্কাথে বিরেচন করাইবে। অথবা কেবল দুগ্ধসহ এরণ্ডের ক্কাথে বিরেচন করাইবে। বায়ু-শান্তিকর ও অগ্নির দীপ্তিকর দ্রব্য সহযোগে যবাগু প্রস্তুত করিয়া সেবন করাইবে। দীপ্তাগ্নি ব্যক্তির পুরীষ-হীন ফেণা-যুক্ত মল নিঃসরণ হইতে থাকিলে ফাণিত, শুণ্ঠী, দধি, দুগ্ধ, ঘৃত একত্র পান করা কর্ত্তব্য। অথবা গুড় ও তৈল যোগে বদর সিদ্ধ করিয়া অথবা সমভাগ বিল্ব ও শলাটু সহযোগে পিষ্টক প্রস্তুত করিয়া সেবন করিবে। পূরীষ ক্ষয় হইলে দধি সহযোগে কুলথ কলাই পাক করিয়া ভোজন করিবে। পরে শর্করাজাত সুরা অনুপান করিবে। অথবা রক্ত-যুক্ত শশ-মাংস ঘৃত ও দধির সহিত পাক করিয়া কোমল অন্নের সহিত ভোজন করিবে। মাস কলাই, যব ও কুলের ক্কাথ দধি ও দাড়িম যোগে পাক করিয়া ভোজন করিবে। বিট্‌লবণ, বিল্বপেশী, শুণ্ঠী অম্লে পেষণ করিয়া দধির সর সহযোগে ভর্জ্জিত করিয়া ভক্ষণ করা পুরীষক্ষয়ে হিতকর। পুরীষক্ষয় হইয়া অগ্নির দীপ্তি থাকিলে শূলযুক্ত অতিসার রোগে অগ্নির দীপ্তিকর ও সংগ্রাহক ঔষধ সহযোগে পাক করা ঘৃত সেবন করিবে।

অহিতাহারী ব্যক্তির বায়ু প্রবল হইয়া সঞ্চিত কফ সমস্ত অধোভাগে চালিত করে, তাহাতে মুহুর্মুহুঃ বেগ উপস্থিত হইয়া মল সহযোগে শ্লেষ্মা নিসৃত হইতে থাকে। ইহাকে প্রবাহিকা নামক অতিসার বলে। প্রবাহিকা রোগ বায়ুজন্য হইলে শূল সহকারে, পিত্তজন্য হইলে দাহ সহকারে, শ্লেষ্মজন্য হইলে কফ সহযোগে এবং শোণিত জন্য হইলে শোণিত সহযোগে নিঃসৃত হয়। অতিরিক্ত স্নেহ সেবন বা রুক্ষ জন্যও অতীসার রোগ জন্মে। ইহাদিগের লক্ষণও অতিসারের লক্ষণের ন্যায় এবং চিকিৎসা ও পক্কাপক্ক অবস্থানুসারে করা যায়। অতিসার রোগ লঙ্ঘন ও পূর্ব্বোক্ত যোগ বা পাচনের দ্বারা নিবৃত্ত না হইলে পক্ক দুগ্ধ, তৈল, তিল এবং

পিচ্ছিল বস্তির দ্বারা শান্তি হয়। প্রবাহিকা রোগে মূত্র পুরীষ বদ্ধ থাকিলে, শাল্মলীবৃন্ত, আর্দ্র কুশে বেষ্টন করিয়া পুটপাকের বিধি অনুসারে পাক করিবে, পরে তাহার রস বাহির করিয়া পাক কর। দুগ্ধ, তৈল, ঘৃত বা যষ্টিমধু কল্ক যোগে বস্তি প্রয়োগ করিবে। দশমূলীর ক্বাথ এবং দুগ্ধ মধু যোগে আস্থাপনে প্রয়োগ করিয়া তৈলের অনুবাসন প্রয়োগ করিলে প্রবাহিকা রোগের শূল নিবৃত্ত হয়। বাতঘ্ন বর্গ (ন্যগ্রোধাদিগণ) ও লবণ সহযোগে তৈল পাক করিয়া অন্ন ও পানে সেবন করিবে। লোধ, বিট্‌লবণ, বিল্ব শলাটু, কটু-তৈলের সহিত ত্রিকাল লেহন করিবে। মধু ও দধির সার যোগে ভোজন করিবে। দস্তা উত্তম রূপ তপ্ত করিয়া দুগ্ধের সহিত পাক করিবে, শীতল হইলে মধু-প্লুত করিয়া সেবন করিবে। ত্রিকটু ও ভূমিকুষ্মাণ্ড যোগে পাক করা দুগ্ধের সহযোগে ভোজন করা শূলের পক্ষে হিতকর। বায়ু শান্তিকর সংগ্রাহক এবং অগ্নিকর দ্রব্য যোগে রস প্রস্তুত করিয়া তৎসহযোগে ভোজন করিবে। বাতঘ্ন দ্রব্যের ক্বাথে ঘৃত, তৈল সংযোগে মৎস্য-রস প্রস্তুত করিয়া ভোজন করিবে।

হরিণ মেষের বা অজা মাংস বটের অঙ্কুরের সহিত পাক করিয়া ভক্ষণ করিবে। ছাগের রক্ত বা ক্বাথ, ঘৃত ও তৈল যোগে দধিতে পাক করিয়া ভোজন করিবে। অথবা অধিক পরিমাণে দধি সহযোগে কুক্কুট, লাব প্রভৃতির মাংসের যূষ প্রস্তুত করিয়া ভোজন করিবে। মাষকলাই ঘৃতমণ্ড যোগে দধিতে পাক করিয়া মরিচচূর্ণ নিঃক্ষেপ করত ভোজন করিবে। প্রবাহিকা রোগে অধিক যন্ত্রণা থাকিলে ও কষ্টে মূত্র নিঃসরণ হইলে দুগ্ধ, মধু ও ঘৃত মিশ্রিত করিয়া যষ্টীমধু ও উৎপল সহ বস্তি প্রস্তুত করিয়া প্রয়োগ করিবে। সেই বস্তির দ্বারা রক্ত দাহ ও জ্বরের শান্তি হয়। কাকোলী, ক্ষীর-কাকোলী প্রভৃতি মধুর ঔষধের ক্বাথে অনুবাসন প্রয়োগ করাও হিতকর। দিবা বা রাত্রিতে অথবা সর্ব্বদা যন্ত্রণা থাকেলে বায়ুশান্তিকর তৈল প্রয়োগ

করিবে। প্রবাহিকা রোগে বায়ুর শান্তি করিবে। তাহাতেই প্রবাহিকা রোগের শান্তি হয়।

পাঠা, যমানী, কুটজ-বীজ, শুণ্ঠী, পিপ্‌পলী একত্র পিষিয়া ঈষদুষ্ণ জল সহ সেবন কবিবে। পরে পবিত্র অম্ল দুগ্ধ বা ঘৃত যোগে ভোজন করিবে। শুণ্ঠী, ঘৃত, অপামার্গ ও তৈল একত্র পাক করিয়া লেহন করিবে। অথবা অশ্বথ, জলের পানা, দাড়িম, ইহাদিগের রস দধি, তৈল ও ঘৃত যোগে পাক করিয়া সেরন করিবে। বিল্ব যোগে যবাগু বা ধারোষ্ণ দুগ্ধ পান করাও হিতকর। অপ্রমত্ত বৈদ্য রোগীর হিতের নিমিত্ত পূর্ব্বোক্ত সমস্ত যোগও ভোজ্য করিবে। লঘু, অগ্নিকর, স্নিগ্ধ দ্রব্য সকল উদরাময়ে পথ্য। জ্বরে ও অতিসারে যবাগু সর্ব্বদা হিতকর। ইহা তৃষ্ণাশান্তিকর, লঘু, অগ্নিশান্তিকর ও বস্তিশোধনকর অতিসার রোগ রুক্ষ জন্য জন্মিলে স্নিগ্ধ ক্রিয়া এবং স্নিগ্ধ জন্য জন্মিলে রুক্ষক্রিয়া কর্ত্তব্য। ভয় জন্য বা শোক জন্য হইলে অগ্রে ভয় বা শোক শান্তি কর্ত্তব্য। বিষ, অর্শঃ বা কৃমি জন্য হইলে কারণ ও রোগ উভয়ের শান্তি হয় এরূপ প্রতীকার করিবে। বমন মূর্চ্ছা তৃষ্ণা প্রভৃতি উপদ্রব থাকিলে রোগের অবিরোধে তাহাদিগের চিকিৎসা করিবে। জ্বর ও অতিসার রোগে সকল দোষের সমভাব থাকিলে অগ্রে পিত্তের চিকিৎসা করিবে। অন্য সকল রোগে অগ্রে বায়ুর চিকিৎসা করিবে। পুরীষ নিঃসরণ না হইয়া মূত্র ও বায়ু সম্যক্ রূপে নিঃসৃত হইলে এবং কোষ্ঠদেশ লঘু ও অগ্নির দীপ্তি থাকিলেও উদরাময় থাকে। এরূপ স্থলে কেহ বা কর্ম্মজন্য কেহ বা দোষজন্য কেহ বা কর্ম্ম ও দোষ উভয় জন্য রোগ উৎপন্ন হয় ইহা বলেন। কর্ম্মজন্য রোগ বাহ্যিক কারণ ব্যতিরেকেও জন্মে। কর্ম্মক্ষয় হইলে তাহা আরোগ্য হয়। দোষজন্য রোগ দোষের ক্ষয় হইলে আরোগ্য হয়। অল্প দোষ বা বহুদোষ জন্য হইলে কর্ম্ম ও দোষ উভয় জন্য বলা যায়। সে স্থলে কর্ম্ম ও দোষের ক্ষয় হইলে রোগ শান্তি হয়।

গ্রহণী চিকিৎসা।

অগ্নিমান্দ্য প্রযুক্ত গ্রহণী দূষিত হয়। অতিসার নিবৃত্ত হইলেও অহিতভাহারী ব্যক্তির অগ্নি মন্দ হয়। অগ্নি দূষিত হইলে গ্রহণীও পুনর্ব্বার দূষিত হয়। অতএব অতিসার রোগ আরোগ্য হইলেও যাবৎ দোষের সাম্য ও দেহের স্বাভাবিক ভাব ও সরলতা না হয় তাবৎ বিরেচিতের ন্যায় আহারাদির নিয়ম পালন করিবে। পক্কাশয় ও আমাশয়ের মধ্যে পিত্তধরা নামে যে কলা আছে তাহাকেই গ্রহণী বলে। গ্রহণীর বল অগ্নি এবং অগ্নি গ্রহণীর আশ্রিত। অতএব অগ্নি দূষিত হইলে গ্রহণী দূষিত হয়। একটি বা সমস্ত দোষ বৃদ্ধি পাইয়া গ্রহণী দূষিত করে। তাহাতে অধিক আহার করিলে পরিপাক না হইয়া ভুক্ত দ্রব্য আমাবস্থাতেই নির্গত হইয়া যায়। অথবা পরিপাক পাইয়া যন্ত্রণা সহ দুর্গন্ধযুক্ত দ্রব মল কখন বা নির্গত হয় কখন বদ্ধ থাকে। ইহাকেই গ্রহণী রোগ বলে। ইহার প্রারম্ভে বিদাহ (গলা জ্বালা করা) দেহের অবসন্নতা, আলস্য, তৃষ্ণা, ক্লান্তি, বলক্ষয়, অরুচি, কাস, কর্ণক্ষেড়, অন্ত্রকূজন (পেটডাকা) এই সকল লক্ষণ হয়। রোগ জন্মিলে হস্ত পাদ স্ফীত, কৃশ, গ্রন্থিতে বেদনা ও শিথিল ভাব, তৃষ্ণা, বমন, জ্বর, অরুচি, দাহ, শুক্ত, তিক্ত ও অম্ল রসের এবং রক্ত বা ধূম গন্ধের উদ্গার, প্রসেক (মুখে জল উঠা) মুখবৈরস্য, তমক, অরুচি এই সকল লক্ষণ হয়। *গ্রহণী রোগ বায়ু-জন্য হইলে পায়ু, হৃদয়* পার্শ্ব, উদর, ও মস্তকে শূল; পিত্ত-জন্য হইলে দাহ, কফ-জন্য হইলে দেহের গুরুতা এবং সান্নিপাতিক জন্য হইলে তিন লক্ষণই প্রকাশ পায়। নখ, পুরীষ মূত্র, চক্ষু ও মুখে দোষের বর্ণ প্রকাশ পায়। হৃদ্রোগ, পাণ্ডু, উদররোগ, গুল্ম, অর্শ প্লীহা এই সকল রোগের আশঙ্কা হয়। ঊর্দ্ধাধোভাগ সংশোধন করিয়া দোষানুসারে অগ্নিকর দ্রব্য যোগে পেয়াদি প্রস্তুত করিয়া দিবে। তদনন্তর পাচন সংগ্রাহক ও

অগ্নিকর এই ত্রিবিধগণ, সুরা, অরিষ্ট, স্নেহ মূত্র বা ঈষদুষ্ণ জলের সহিত প্রাতঃকালে পান করিবে। এই সকল দ্রব্য তক্রের সহিতও পান করা যায়, অথবা কেবল তক্রপানও হিতকর। কৃমি, গুল্ম উদর রোগ বা অর্শ নাশক ঔষধও গ্রহণী রোগে প্রয়োজ্য। হিঙ্গাদি চূর্ণ বা প্লীহা-নাশক ঘৃত অথবা পিপ্‌পল্যাদি গণ আমরুলের রস সহযোগে ঘৃত পাক করিয়া সেবন করিবে। চতুর্গুণ দধিতে ঘৃত পাক করিয়া পান করিবে। গ্রহণী রোগে অগ্নিকর ঔষধ ব্যবস্থা। জ্বরাদি উপদ্রব থাকিলে দোষের স্বীয় স্বীয় চিকিৎসা প্রণালী অনুসারে অতিসারের অবিরোধে তাহাদের চিকিৎসা করিবে।

একচত্বারিংশ অধ্যায়।

শোষরোগের প্রতিকার।

শোষরোগ অন্য অনেক রোগের অনুগত অর্থাৎ অনেক রোগের অনুষঙ্গী এবং বহুবিধ রোগের পূর্ব্বরূপ। এই রোগের বিশেষ নির্ণয় করা কঠিন। ইহা অতি বলবান্ দুর্জ্জেয় ও দুর্নিবার। রসাদি ধাতু সংশোধন করে বলিয়া ইহাকে শোষরোগ বলে। সকল ক্রিয়ার ইহার দ্বারা ক্ষয় হয় বলিয়া ইহাকে ক্ষয়রোগও বলে। চন্দ্রমা রাজার এই রোগ হইয়াছিল বলিয়া ইহাকে রাজ-যক্ষ্মাও বলে। সকল দোষের বৈপরীত্য কর্ত্তৃক এই রোগ জন্মে। ইহার উপদ্রব একাদশ প্রকার। উপদ্রব ভেদে চিকিৎসার ভেদ হয় না, এবং রোগ প্রকাশ মাত্রেই সমস্ত দোষের লক্ষণ উৎপন্ন হয় একারণ শোষরোগকে সান্নিপাতিক বলিয়া বিবেচনা করা যায়। রোগের উদ্রেক মাত্রই সকল দোষের লক্ষণ প্রকাশ পায়।

ক্ষয়, বেগের প্রতিঘাত, ব্যায়াম, বিষমাশন এই সকলের দ্বারা দোষ কুপিত হইয়া দেহে ব্যাপ্ত হয়। তদ্দ্বারা রসবাহিনী শিরা

সমস্ত বদ্ধ হইয়া সকল দোষের মধ্যে কফ প্রধান হইয়া এই রোগ জন্মায়। অথবা অতিশয় স্ত্রীসংসর্গ জন্য রেতঃক্ষয় হইলে সকল ধাতু ক্ষয় পাইয়া দেহ শুষ্ক করে তাহাতে অন্নে অরুচি, জ্বর, শ্বাস, কাশ, শোণিত দর্শন, স্বরভঙ্গ এই ছয় উপদ্রব যুক্ত যক্ষ্মারোগ জন্মে। স্বরভঙ্গ, শূল, অংশ ও পার্শ্বদ্বয়ের সঙ্কোচভাব এই উপদ্রবগুলি বায়ু-জন্য। জ্বর, দাহ, অতিসার ও রক্তনির্গম এই উপদ্রবগুলি পিত্ত জন্য। এবং মস্তকের পূর্ণতা, অন্নে অরুচি কাঁশ ও গলায় একটি কিছু জড়িয়া থাকা এই গুলি কফ জন্য।

পূর্ব্বোক্ত একাদশ লক্ষণ বিশিষ্টই হউক বা ছয় লক্ষণ বিশিষ্টই হউক, অথবা কাশ, অতিসার, পার্শ্ব বেদনা, স্বরভঙ্গ, অরুচি ও জ্বর এই কয়টি লক্ষণ বিশিষ্ট হউক, কিম্বা জ্বর, কাশ ও রক্ত-নির্গম এই তিন লক্ষণ বিশিষ্টই হউক, শোষরোগীকে যশোভিলাষী বৈদ্য পরিত্যাগ করিবে। স্ত্রীসংসর্গ, শোক, স্থবিরতা, ব্যায়াম, পথশ্রম, উপবাস, ব্রণ এবং উরঃ ক্ষত, কোন কোন পণ্ডিতেরা বলেন, যে এই সকল কারণেও শোষ-রোগ জন্মে। স্ত্রীসঙ্গ-জনিত শোষরোগে দেহ পাণ্ডুবর্ণ হয়, এবং শুক্র হইতে পূর্ব্ব পূর্ব্ব ধাতু সমস্ত ক্ষয় হয়। শোক-জন্য হইলে শোচনীয় বিষয়ের ধ্যানশীলতা ও অঙ্গ শিথিল হয় এবং শুক্র ক্ষয় জন্য ব্যতিরেকে অন্য সকল লক্ষণ প্রকাশ পায়। বার্দ্ধক্য জন্য হইলে কৃশতা, মন্দ ও অল্পবুদ্ধি, বল ও ইন্দ্রিয় শক্তির অল্পতা, শ্বাস, অরুচি, ভগ্ন-কাংশ্য-পাত্রের ন্যায় স্বর, শ্লেষ্মা-হীন ষ্ঠীবন, সকল বিষয়ে অরতি, চক্ষু, মুখ ও নাসিকা হইতে সর্ব্বদা আস্রাব, দেহ শুষ্ক রুক্ষ ও মলিন হয়। পথশ্রম-জন্য হইলে অঙ্গ শিথিল, মুর্ত্তি ভ্রষ্ট ও কদাকার, অবয়ব সমস্ত প্রসুপ্ত (চিক্কণতা হীন), এবং ক্লোম গলদেশ ও মুখ শুষ্ক হয়। ব্যায়াম-জন্য হইলে এই সকল লক্ষণ সমধিক রূপে প্রকাশ পায়, এবং ক্ষত ব্যতিরেকে উরঃক্ষতের অপর সকল লক্ষণ ঘটে। ব্রণ-জন্য শোষ হইলে রক্ত-ক্ষয়, বেদনা, আহারের

যন্ত্রণা হেতু রোগ জন্মে। তাহা অত্যন্ত অসাধ্য। ব্যায়াম, ভার বহন, অধ্যয়ন, অভিঘাত বা অতিমৈথুন প্রভৃতি বক্ষের ক্রিয়ার দ্বারা বক্ষঃস্থল বিদীর্ণ হইয়া ক্ষত স্থান হইতে পূয রক্ত শ্লেষ্মা নির্গত হয়। কাশিলে পীতরক্ত, কৃষ্ণ ও অরুণ বর্ণ শোণিত বমন হয়, বক্ষঃস্থল সন্তপ্ত যন্ত্রণায় অভিভূত, মুখের শ্বাস দুর্গন্ধ বিশিষ্ট, বর্ণ ও স্বর ভিন্ন হয়। কাহার কাহার শোষ কারণ-ভেদে ভিন্ন প্রকার হয় তাহাতে সমস্ত দোষের লক্ষণ ঘটে না। সেই সকল রোগে ধাতু ক্ষয় হয় বলিয়া তাহাদিগকে ক্ষয় বলা যায়। পূর্ব্বোক্ত ধাতু ক্ষয় অনুসারে তাহার চিকিৎসা করিবে।

শ্বাস, অঙ্গের অবসাদ, কফ-সংস্রব, তালু-শোষ, বমন, অগ্নিমান্দ্য, মদ, পীনস, কাস, নিদ্রা, চক্ষুর শুক্লতা, মাংসের অভিলাষ, স্ত্রীগমনের ইচ্ছার আতিশয্য, এবং যেন কাক, শুক, শল্লকী, নীল কণ্ঠ, গৃধ্র, বানর, অথবা কৃকলাস তাহাকে বহন করিতেছে ও শুষ্ক নদী ও শুষ্ক বায়ু এবং দাবাগ্নি, দহ্যমান তরু সমস্ত স্বপ্নে দর্শন হয়।

অতিশয় আহার, শরীর ক্রমশঃ ক্ষয় হইতেছে, অতিসারে পীড়িত এবং মুষ্ক ও উদর স্ফীত এই সকল লক্ষণ ঘটিলে যক্ষ্মা-রোগীকে পরিত্যাগ করিবে। রোগী আত্মবান্ হইলে, অগ্নির দীপ্তি থাকিলে, শরীর কৃশ না হইলে এবং রোগ নূতন হইলে চিকিৎসা করিবে।

স্থিরাদি বর্গ সহযোগে ছাগী বা মেষ-ঘৃত পাক করিয়া তদ্দ্বারা রোগিকে স্নিগ্ধ করিয়া মৃদু ক্রিয়ার দ্বারা অধো ও ঊর্দ্ধভাগ শোধন করিবে এবং আস্থাপন ও শিরোবিরেচন প্রয়োগ করিবে। এই রূপে শোধিত হইলে যব, গোধূম কিম্বা শালি তণ্ডুলের অন্ন মাংস রস যোগে সেবন করাইবে এবং অগ্নির দীপ্তি হইলে উপদ্রবের শান্তি হইলে বৃংহণ কার্য্য অর্থাৎ দেহ পুষ্টি করাইবে। শোষ-রোগ স্ত্রীসংসর্গ-জনিত হইলে প্রায়ই বায়ু-জন্য সকল উপদ্রব জন্মে তাহাতে বৃংহণীয় স্নিগ্ধ ও বায়ু-শান্তিকর ক্রিয়া সকল হিতকর।

কাক, উলূক, নকুল, কিড়াল, গণ্ডূপদ, ব্যাল, বিলেশয়, মূষিক ও গৃধ্র, সৈন্ধব ও সর্ষপ তৈলযোগে এই সকলের মাংস ভর্জ্জন করিয়া ভক্ষণ করিবে। জাঙ্গল মাংস ও মুদ্গ ও আঢ়কির সূপ বা রস এবং গর্দ্দভ, হস্তী, অশ্বতর বা অশ্বের মাংস উত্তম রূপে পাক করিয়া ভোজন করিবে। মধুযুক্ত মদিরা সেবন করিবে। অর্ক, গুলঞ্চ ও ক্ষীর জলে যব ভিজাইয়া রাখিয়া তাহাতে বিবিধ প্রকার ভক্ষ্য প্রস্তুত করিয়া ভোজন করিবে। ভোজন কালে মেষী বা ছাগীর ঘৃত যবাগু সহযোগে পান করিবে। চব্য ও বিড়ঙ্গ সংযুক্ত ত্রিকটু ঘৃত মধু সহযোগে লেহন করা ক্ষয় রোগের পক্ষে হিতকর। মাংসাশী ব্যক্তি মাংস সহযোগে ঘৃত পাক করিয়া মধু ও পিপ্পলী সহ সেবন করিবে। মধু ও তৈল যোগে দ্রাক্ষা, চিনী ও পিপ্‌লীর অবলেহ প্রস্তুত করিবে। অথবা ছাগী ঘৃত ওমধু সহযোগে অশ্বগন্ধা, তিল ও মাসকলাই চূর্ণের অবলেহ প্রস্তুত করিবে। চিনী অশ্বগন্ধা ও পিপ্‌পলীচূর্ণ ঘৃত মধুযোগে লেহন করিবে। অথবা অশ্বগন্ধা যোগে দুগ্ধ পাক করিয়া পান করিবে, তাহাতে দেহের পুষ্টি হয়। অথবা সেই দুগ্ধে ঘৃত প্রস্তুত করিয়া প্রচুর পরিমাণ চিনি সহযোগে প্রাতঃকালে পান করিয়া দুগ্ধ অনুপান করিবে। অশ্বগন্ধা, যব, পুনর্ণবা ও প্রচুর পরিমাণে বাসক-মূল ত্বক্‌ ও পুষ্পে ঘৃত পাক করিয়া মধুযোগে পান করিবে। ইহাদ্বারা যক্ষ্মা রোগ প্রবল কাশ, শ্বাস ও পাণ্ডুতা নিবারিত হয়। গো, অশ্ব, হস্তী, ছাগ, মেষ ইহাদিগের পুরীষের রস, মূর্ব্বা হরিদ্রা ও খদির বৃক্ষের ক্বাথ ও দুগ্ধ এবং ঘৃত একত্র সমভাগে পাক করিয়া তাহাতে ত্রিকটু দেড় ভাগ, ত্রিফলা, অর্দ্ধ ভাগ দেবদারু, ইহাদিগের চূর্ণ ও প্রচুর পরিমাণে মধু সংযোগ করিবে। এই ঘৃত যক্ষ্মা নিবারণের পক্ষে অতি উত্তম।

দশমূলী, বরুণবৃক্ষ, করঞ্জ, ভল্লাতক, বিল্ব, পুনর্ণবা, (শ্বেত ও রক্ত) যব, কুলথ, বদর, বামুনহাটী, পাঠা, চিত্রক, ভূমিকদম্ব ইহাদিগের ক্বাথ ৬ পাত্র (পাত্র /৮ শের) ঘৃত ১ এক পাত্র ; পাক শেষ হইলে

ত্রিকটু, মনসা আটা, অভয়া চব্য, দেবদারু, সৈন্ধব লবণ প্রক্ষেপ করিবে। ইহাতে শোষ জঠর রোগ প্রমেহ এবং বায়ু রোগের শান্তি হয়।

গো, অশ্ব, মেষ, ছাগ, হস্তিনী, হরিণ, গর্দ্দভ, উষ্ট্র, ইহাদিগের ঘৃত, পুরীষ-রস, দুগ্ধ, মাসং-রস ও শোণিত একত্র পাক করিয়া, দ্রাক্ষা, অশ্বগন্ধা, পিপ্‌পলী এবং চিনি তাহাতে প্রক্ষেপ করিবে। এই ঘৃতে যক্ষ্মা রোগ শান্তি হয়।

এলাইচ, যমানী, আমলকী, বিভীতকী, হরীতকী, নিম্ব, আসন, সালসার, গায়ত্রী, বিড়ঙ্গ, ভল্লাতক, চিত্রক, বচ, ত্রিকটু, মুথা এবং আঢ়কী এই সকল দ্রব্যের দ্বিগুণ ঘৃত। এই সকল দ্রব্যের ক্বাথ পাক করিয়া তাহাতে ঘৃত পাক করিবে। অগ্নি হইতে অবতারিত করিয়া তাহাতে ৩০ পল মিছরি ও ৬ পল বংশলোচন প্রক্ষেপ করিবে।

চারি ৪ শের ঘৃত দ্বিগুণ মধু সংযোগে মন্থন পূর্ব্বক প্রতিদিন প্রাতঃকালে এক পল পরিমাণে লেহন করিয়া দুগ্ধ অনুপান করিবে। ইহা মেধা-জনক দৃষ্টিকর ও আয়ুষ্কর, এবং ইহাতে যক্ষ্মা, ভগন্দর, পাণ্ডু শ্বাস, স্বর ভেদ, হৃদ্রোগ, প্লীহা, গুল্ম, গ্রহণী রোগ অরোগ্য হয়। ইহা অতি উত্তম রসায়ন।

প্লীহোদরে যে সকল ঘৃত বিহিত হইয়াছে তাহাও এস্থলে প্রয়োজ্য। স্বর বিকৃতি প্রভৃতি উপদ্রব দোষ ও শাস্ত্রানুসারে চিকিৎসা করিবে। ছাগের পুরীষ, মূত্র, দুগ্ধ, ঘৃত, রক্ত ও মাংস সেবন করিবে এবং ছাগের সহবাস করিবে। বিধি পূর্ব্বক স্নানাদি পরিত্যাগ করিবে *। দুগ্ধ সহযোগে রসুন বা গোরক্ষ চাকুলে সেবন করিবে। অথবা মহাবাত ব্যাধির বিধি অনুসারে পিপ্পলী ভক্ষণ করিবে। অথবা শিলাজতু সেবন করিবে। শোক, স্ত্রীসঙ্গ, ঘৃণা প্রভৃতি পারত্যাগ পূর্ব্বক উদার চিত্ত হইবে। বৈদ্য ব্রাহ্মণ দেবতা গুরু প্রভৃতিকে ভক্তি করিবে। এবং ব্রাহ্মণের মুখে পবিত্র কথা শ্রবণ করিবে।

দ্বিচত্বারিংশ অধ্যায়।

গুল্মরোগের চিকিৎসা।

উপযুক্ত কারণে দোষ সকল কুপিত হইয়া কোষ্ঠদেশে আগমন পূর্ব্বক গুল্মরোগ জন্মায়। গুল্ম পঞ্চ প্রকার। উর্দ্ধে হৃদি ও অধো-ভাগে বস্তি এই উভয়ের মধ্যস্থলে হ্রাস বৃদ্ধিবিশিষ্ট সচল বা অচল গ্রন্থির আকার বৃত্ত জন্মিলে তাহাকে গুল্ম বলে। দুই পার্শ্ব, হৃদয়, নাভি ও বস্তি এই পাঁচটি গুল্মের আশ্রয় স্থান। কুপিত বায়ুই ইহার মূল কারণ বলিয়া রোগের মূল অর্থাৎ কোন্ স্থান হইতে গ্রন্থি আরব্ধ হইয়াছে তাহা জানা যায় না। এই কারণ অথবা গুল্মের ন্যায় বিশাল বলিয়া ইহাকে গুল্ম বলে। জলে বুদ্বুদ জন্মানর ন্যায় দোষ আপনাতে সঞ্চিত হয় এবং অভ্যন্তরে সরিয়া বেড়ায় অর্থাৎ বদ্ধ হইয়া থাকে না, এ কারণ গুল্ম পাকে না। পৃথক বা একত্র ভাবে দোষ বৃদ্ধি হইয়া পুরুষের চারি প্রকার ও স্ত্রীলোকের রক্ত জন্য অপর এক প্রকার গুল্ম জন্মে। গাত্রের অবসাদ, অগ্নির মান্দ্য, আটোপ, অন্ত্রকূজন, পুরীষ, মূত্র ও বায়ুর অবরোধ এবং সৌহিত্যের (শীতল সরবত) অসহিষ্ণুতা, অন্নে দ্বেষ এবং বায়ুর উর্দ্ধগতি, গুল্মরোগের এই গুলি পূর্ব্ব রূপ।

গুল্মরোগ বায়ু জন্য হইলে হৃদিশূল, কুক্ষিশূল, মুখশোষ, কণ্ঠশোষ, বায়ুর নিরোধ, বিষমাগ্নিতা এবং বায়ু জন্য অন্যান্য উপদ্রব জন্মে। পিত্ত জন্য হইলে স্বেদ, জ্বর, বিদাহ, (গলা জ্বালা করা অর্থাৎ অম্ল-ভাবে পরিণত হওয়া), দাহ, তৃষ্ণা, অঙ্গরাগ, বক্ত্রের কটুতা এবং পিত্ত জন্য অন্যান্য সকল উপদ্রব জন্মে। স্তৈমিত্য,* অন্নে অরুচি, অঙ্গের অবসাদ, বমন, লালাস্রাব, আস্যের মধুরতা এবং অন্যান্য সকল কফের লক্ষণ প্রকাশ পায়। সন্নিপাত জন্য হইলে সকল লক্ষণ প্রকাশ পায় এবং তাহা অসাধ্য।

* আর্দ্র বস্ত্রাবৃতের ন্যায় শীতলানুভবতি।

স্ত্রীলোকে নূতন প্রসূতা হইলে অথবা ঋতুকালে অপক্ক গর্ভ স্রাব হইলে যদি অহিতকর ভোজন. করে, তাহা হইলে বায়ু কর্ত্তৃক রক্ত বদ্ধ হইয়া দাহ ও যন্ত্রণা বিশিষ্ট গুল্ম জন্মে। তাহাতে পিত্তের সকল লক্ষণ প্রকাশ পায়। এই রোগে গর্ভের সকল লক্ষণ প্রকাশ পায়, কিন্তু গর্ভ স্পন্দিত হয় না ও উদর বৃদ্ধি হয় না। গর্ভকাল অতীত হইলে ইহার চিকিৎসা কর্ত্তব্য।

বায়ুজন্য গুল্মরোগে রোগীকে স্নিগ্ধ.করিয়া স্নেহ বিরেচন প্রয়োগ করিবে। তদনন্তর বস্তি প্রয়োগ অধ্যায়ে যেরূপ বিহিত হইয়াছে তদনুসারে কালে কালে নিরূঢ় বস্তি এবং অনুবাসন প্রয়োগ করিবে। পিত্তজন্য গুল্মরোগে কাকোল্যাদি সংযোগে ঘৃত পাক করিয়া তদ্দ্বারা স্নিগ্ধ করিবে। এবং মধুর দ্রব্য যোগে বিরেচন প্রয়োগ পূর্ব্বক নিরূঢ় বস্তি ও অনুবাসন প্রয়োগ করিবে। শ্লেষ্ম-জন্য গুল্মরোগে পিপ্পল্যাদি সহ ঘৃত পাক করিয়া রোগীকে স্নিগ্ধ করিবে। পরে তীক্ষ্ণ বিরেচন প্রয়োগ করিয়া শ্লেষ্মনাশক দ্রব্য সহযোগে নিরূঢ় বস্তি প্রয়োগ করিবে। সন্নিপাত জন্য গুল্মে ত্রিদোষ নাশক বিধি অবলম্বন করিবে। স্ত্রী-লোকের রক্ত জন্য গুল্ম হইলে পিত্ত জন্য গুল্মের ন্যায় চিকিৎসা করিবে বিশেষতঃ রক্ত নির্গত করিবার জন্য পলাশভস্মের ক্ষারসহ ঘৃত পাক করিয়া সেবন করাইবে। পিপ্পল্যাদি গণ সহযোগে ঘৃত পাক করিয়া তৎসহযোগে উত্তর বস্তি প্রয়োগ করিবে। উষ্ণ গণ সহযোগে রক্তস্রাব করাইবে। রক্ত অধিক স্রাব হইলে অসৃগ্দরের ন্যায় প্রতী-কার করিবে। আনূপ অর্থাৎ মহিষ-বরাহাদি, ঔদক অর্থাৎ জলচর জন্তুর মজ্জা, বসা, তৈল, ঘৃত, দধি একত্র পাক করিয়া বায়ুজন্য গুল্মে অনুবাসন প্রয়োগ করিবে। জাঙ্গল অর্থাৎ হরিণাদি একশফ জন্তু অর্থাৎ অশ্বাদির বসা ঘৃত পৈত্তিকে প্রয়োজ্য এবং কফ-জন্য গুল্মে জাঙ্গল অর্থাৎ হরিণাদির মজ্জা ও তৈল অনুবাসনে প্রয়োজ্য।

বায়ু-জন্য গুল্ম রোগে প্লীহোদরোক্ত ষড়ঙ্গ ঘৃত আমলকীর রসে

পাক করিয়া শর্করা ও সৈন্ধব যোগে সেবন করিবে। চিত্রক, ত্রিকটু, সৈন্ধব, এলাইচ, চব্য, দাড়িম, যমানী, পিপ্‌পলীমূল, কৃষ্ণজীরক, হবুষা, ধান্যক এই সকলের চূর্ণ সমভাগ, দধি, কাঞ্জী, বদর এবং মূলকের রস সহযোগে ঘৃত পাক করিয়া সেবন করিবে। ইহাতে বায়ু-জন্য গুল্ম অগ্নিমান্দ্য আটোপ ও শূল আরোগ্য হয়। হিঙ্গু, সৌবর্চ্চল, কৃষ্ণজীরক, বিট্‌লবণ, যমানী, এলাইচ, কুষ্ঠ, ত্রিকটু, কাঞ্জী, বেতসক্ষার, চিত্রক, শঠি, বচ, অজগন্ধা, এলাইচ, ও তুলসী, এই সকল এবং দধি যোগে ঘৃত পাক করিয়া সেবন করিলে শূল, আনাহ এবং গুল্ম রোগের শান্তি হয়। বিট্‌লবণ, এলাইচ, সৈন্ধব চিত্রক, ত্রিকটু, জীরক, হিঙ্গু, সৌবর্চ্চল, যবক্ষার, আম্রাতক, অম্লবেতস, এই সকল দ্রব্যের সহযোগে টাবা লেবুর রসে চতুর্গুণ দধি সংযোগে ঘৃত পাক করিবে। ইহার নাম দাধিকঘৃত। ইহার দ্বারা গুল্ম প্লীহা ও শূলের শান্তি হয়। রসুনের রস, পঞ্চমূলীর রস, এবং সুরা, কাঞ্জী, দধি মূলক রস সহযোগে ঘৃত পাক করিয়া তাহাতে ত্রিকটু, দাড়িম, আম্রাতক, যমানী, চব্য, সৈন্ধব, হিঙ্গু, অম্লবেতস, কৃষ্ণজীরক, এই কয়েকটী কল্কে পাক করিবে ইহাতে গুল্ম, গ্রহণী, অর্শঃ, শ্বাস, উন্মাদ, ক্ষয়, জ্বর, কাশ, অপস্মার, মন্দাগ্নি, প্লীহা, শূল ও বায়ু জন্য রোগ আরোগ্য হয়। দধি, সৌবীর (কাঞ্জী), ঘৃত মুদ্গ ও কুলত্থের ক্বাথ প্রত্যেক আঢ়ক পরিমিত একত্র পাক করিয়া তাহাতে সৌবর্চ্চল, সর্জিকা ক্ষার দেবদারু, সৈন্ধব প্রত্যেকে দুই পল প্রক্ষেপ করিবে। এই ঘৃতের দ্বারা বায়ুজন্য গুল্ম রোগের শান্তি হয় এবং অগ্নির দীপ্তি হয়। তৃণমূলের ক্বাথে বা ন্যগ্রোধাদিগণের ক্বাথে অথবা উৎপলাদিগণের ক্বাথে কাকোল্যাদিগণ সহযোগে ঘৃত পাক করিয়া সেবন করিলে রক্তপিত্ত জন্য গুল্ম আরোগ্য হয়। আরগ্বধাদিগণের ক্বাথে বা ক্ষার বর্গে অথবা মূত্রবর্গের ক্বাথও পিপপল্যাদিগণ ও ত্রিকটু ক্বাথ সংযোগে ঘৃত পাক করিয়া সেবনে কফ জন্য গুল্ম রোগের শান্তি হয়। সান্নিপাতিক গুল্মে দোষের

আধিক্য অনুসারে চিকিৎসা করিবে। হিঙ্গু আদি চূর্ণ বা প্লীহানাশক ঘৃত অথবা তিল্বক সর্পি সেবন করিবে।

তিল, কুলেথাড়া, পলাশ, সর্ষপ এবং যবশূক ইহাদিগের ভস্ম, প্রত্যেকে একপালি (পরিভাষা দেখ), পরিমিত গো, ছাগ, মেষ, গর্দ্দভ, হস্তী এবং মহিষীর মূত্রে লৌহ পাত্রে মৃদু অগ্নিতে পাক করিয়া কুষ্ঠ সৈন্ধব, যষ্টিমধু, শুণ্ঠি, বিড়ঙ্গ, যমানী ও করকচ লবণ ইহাদিগের চূর্ণ প্রত্যেকে দশ পল তাহাতে প্রক্ষেপ পূর্ব্বক লেহন যোগ্য করিবে। ইহা ঘৃত, দধি বা সুরার সহিত অথবা কাঞ্জী, উষ্ণোদক বা কুলথের রসের সহিত সেবনীয়। এই ক্ষারে গুল্ম ও বায়ু-জন্য বিকারের শান্তি হয়।

সাজীমাটী, কুষ্ঠ এবং কেতকীর ক্ষার অথবা শুষ্ক কেতকীর ক্ষার তৈল সংযোগে অথবা কুষ্ঠ, সাজিমাটি সৈন্ধব ঈষদুষ্ণ জলের সহিত পান করিলে বাতজন্য গুল্ম আরোগ্য হয়। এরণ্ড, পুনর্ণবা, বৃহতী, কণ্টকারী এবং বিছাতি চিত্রক, দ্রোণ (৬৪ সের) পরিমিত জলে পাক করিয়া পাদশেষ থাকিতে অবতারিত করিবে। পিপ্‌লী, চিত্রক ও মধু পূর্ব্বে কলসীতে লেপন করিয়া রাখিবে। সেই কলসে ঐ সমস্ত রাখিয়া (/৪ সের) মধু ও (/১ সের) হরীতকীচূর্ণ নিক্ষেপ করিবে। অনন্তর তূষরাশি মধ্যে দশ দিন রাখিয়া অন্ন পরিপাকের পর সেবন করিবে। এই অরিষ্টের দ্বারা গুল্ম অরুচি ও অজীর্ণ আরোগ্য হয়।

পাঠা, ত্রিবৃৎ, হরিদ্রা, ত্রিকটু, ত্রিফলা, চিতক, সৈন্ধব, হরিতকী, ইন্দ্রযব এই সকল সমভাগে চূর্ণ, তাহার সমান পুরাতন গুড় এই উভয়ের সমান হরিতকী চূর্ণ, গোমূত্রে পাক করিয়া ভক্ষণ করিবে। ইহাতে গুল্ম, প্লীহা, অগ্নিমান্দ্য, হৃদ্রোগ, গ্রহণী, পাণ্ডুরোগ, শূল অরোগ হয়।

গুল্মরোগে জলৌকা বা শিরামোক্ষণ দ্বারা রক্তমোক্ষণ কর্ত্তব্য।

ঈষদুষ্ণ জাঙ্গল রস, অধিক সৈন্ধব যোগে পান করিবে। পানীয় দ্রব্য ত্রিকটু সংযোগে সেবন করিবে। বায়ুনাশক দ্রব্যের কাথ ও কুলত্থের রস ও স্নেহ সৈন্ধব যোগে পাক করিয়া পান কর্ত্তব্য। পুরীষ ও বায়ু বদ্ধ থাকিলে আর্দ্রকযোগে দুগ্ধ পান হিতকর। কুম্ভীপিণ্ড ও ইষ্টকের স্বেদ প্রয়োগও হিতকর। গুল্মরোগ মাত্রেই বিরেচন করান কষ্টসাধ্য। অতএব অগ্রে স্বেদ প্রয়োগ পূর্ব্বক শিথিল করা কর্ত্তব্য। বিলেপন, অভ্যঙ্গ, উপনাহ ও সুখোষ্ণ শায়ন প্রভৃতি প্রয়োজ্য। উদর-রোগোক্ত ঘৃত, চূর্ণ, বর্ত্তিক্রিয়া এবং উদরাময় বিহিত লবণ এস্থলে প্রয়োজ্য, বায়ু ও পুরীষ বদ্ধ থাকিলে করকচ লবণ, আর্দ্রক, সর্ষপ এবং সমধিক পরিমাণে মরিচ একত্র যোগে বর্ত্তি নির্ম্মাণ পূর্ব্বক মলদ্বারে প্রবেশ করাইবে। দন্তী, চিতের মূল এবং অন্যান্য বাতঘ্ন দ্রব্য সহযোগে সূত্রস্থান-বিহিত অরিষ্ট সমস্ত প্রস্তুত করিবে। পূতিকরঞ্জ ও শোঁদালের অঙ্কুর ভর্জ্জিত করিয়া ভক্ষণ করিবে। বায়ুর ঊর্দ্ধগতি থাকিলে গুল্ম-রোগে নিরূঢ় বস্তি প্রয়োগ করিবে না। শুণ্ঠী সহযোগে তৃবৃৎ বা গুড় সহযোগে হরীতকী পান করিবে। গুগ্‌গুল, ত্রিবৃৎ, দন্তী, মূষাকাণী, সৈন্ধব, বচ এই সকল দ্রব্য বল অনুসারে মূত্র, দুগ্ধ, মদ্য বা দ্রাক্ষারস সহযোগে সেবন করিবে। পিলু পিষিয়া লবণযোগে সেবন করিবে। পিপ্পলী, পিপ্পলী মূল, চব্য চিত্রক ও সৈন্ধব, সুরা সহ উপযুক্ত কালে সেবন করিলে গুল্ম আরোগ্য হয়। বায়ু ও পুরীষ বদ্ধ থাকিলে দুগ্ধ সহযোগে যব অথবা প্রচুর স্নেহ ও লবণ যোগে কুলত্থ ভক্ষণ করিবে।

শূলরোগের চিকিৎসা।

গুল্মরোগে কোন কারণ বশতঃ শূল উপদ্রব জন্মে। শূল কর্ত্তৃক * খননের ন্যায় যন্ত্রণা হয় বলিয়া ইহাকে শূল কহে। ইহাতে মূত্র পুরীষের সংরোধ, কষ্টে উচ্ছাস, অঙ্গের স্থিরতা, রোমহর্ষ, অরুচি, তৃষ্ণা, দাহ, ভ্রম, অন্নের বিদগ্ধ ভাবের বৃদ্ধি (অর্থাৎ অত্যন্ত অম্ল-

* ইহাকেই সচরাচর লোকে অম্ল-শূল কহে।

ভাবাপন্ন হইয়া গলা বুক জ্বালা করা), বমন, ভুক্ত বৃদ্ধি * শরীরের জড়তা এই সকল লক্ষণ হয়। বায়ু, পিত্ত, কফ, এবং মিশ্র দোষ কর্ত্তৃক শূল উপদ্রব জন্মে। যথাক্রমে সংখ্যানুসারে তাহার চিকিৎসা বলা যাইতেছে। হরীতকী, সৈন্ধব, করকচ, বিট্, লবণ, যবক্ষার, হিঙ্গু, তম্বুর, কুড়, যমানী, হরিদ্রা, বিড়ঙ্গ এবং অম্লবেতস, ভূমি-কুষ্মাণ্ড, ত্রিফলা, শতমূলী, শৃঙ্গাটক, গুড় শর্করা, গাম্ভারি ফল, যষ্টিমধু এবং পরূষক ইহাদিগের হিম নামক কষায় †। বচ, অতি-বিষা, দেবদারু, হরীতকী, মরিচ, কুটজ, পিপ্পলীমূল, চঁই, শুণ্ঠী, যবক্ষার, চিত্রক এই তিনটী যোগ যথাক্রমে বায়ু জন্য, পিত্ত জন্য এবং কফ জন্য শূলে প্রয়োগ করিবে। দোষ বিবেচনা করিয়া এই সকল যোগ উষ্ণাম্ল কাঞ্জি দুগ্ধ ও জল সহযোগে সেবন করিবে। তদনুরূপ দ্বিদোষ জন্য হইলে দুইটী যোগ এবং ত্রিদোষ জন্য হইলে সকল দ্রব্যই মিশ্রিত করিয়া সেবন করিবে। জল সেচন, অবগাহন, প্রদেহ, অভ্যঙ্গ, ভোজন, শিশির-পূর্ণ পাত্র ধারণ, বমন, মর্দ্দন, স্বেদ, লঙ্ঘন, ক্ষপণ, স্নেহাদি সেবন বিশেষ রূপে উপদেশ করা হইতেছে। শুষ্ক মাংস, মূলক, মৎস্য, শুষ্ক শাক, বৈদল (দাইল) কোন প্রকার আলু ও মধুর ফল গুল্মরোগী ভক্ষণ করিবে না।

গুল্ম ব্যতিরেকে গুল্মস্থানে শূল জন্মিলে তাহার নিদান সংপ্রাপ্তি ও চিকিৎসা বলা যাইতেছে। বায়ু, মূত্র, পুরিষের বেগ ধারণ, অতি ভোজন, অজীর্ণজনক দ্রব্য ভোজন, পরিপাক না হইতে ভোজন, অধিক পরিশ্রম, বিরুদ্ধ অন্ন সেবন, ক্ষুধা কালে পানীয় পান, রুক্ষ দ্রব্য সেবন, পিষ্টান্ন শুষ্ক মাংস এবং এই প্রকার অন্যান্য দ্রব্য সেবন করিলে বায়ু কুপিত হইয়া কোষ্ঠদেশে শূল জন্মায়। তাহাতে

* চিকিৎসিত স্থানের ১৫২ পৃষ্ঠার টীকায় দ্রষ্টব্য।

† ভুক্ত বৃদ্ধি বলিবে যাহা ভোজন করা যায় তাহা উদরে স্ফীত হইয়া গলায় উঠা।

বেদনায় পীড়িত হইয়া মানব শ্বাস রহিত হয় যেন শঙ্কু দ্বারা বিদ্ধ করিতেছে এরূপ তীব্র যাতনা, এই সকল লক্ষণ হয়।

যে ব্যক্তির অনাহার কালে তীব্র, শূল বেদনা, গাত্র স্তব্ধ, কষ্টে শ্বাস বমন এবং বায়ু মূত্র পুরীষের কষ্টে নিঃসরণ এই সকল লক্ষণ হইলে বায়ু জন্য শূল বলা যায়।

তৃষ্ণা, দাহ, মদ, মূর্চ্ছা, তীব্র শূল, শীতল দ্রব্যে অভিলাষ, শীতল ক্রিয়াতে যাতনার শান্তি এই গুলি পিত্তজন্য শূলের লক্ষণ।

শূল কর্ত্তৃক উৎপীড্যমানে, বমনেচ্ছা, কোষ্ঠদেশের পূর্ণতা এবং দেহের গুরুতা এই গুলি শ্লেষ্মা জন্য শূলরোগের লক্ষণ।

পূর্ব্বোক্ত সকল প্রকার লক্ষণ থাকিলে সন্নিপাত জন্য বলা যায়। সন্নিপাত জন্য শূল অসাধ্য।

অতঃপর চিকিৎসা বলা যাইতেছে। শূল রোগে বায়ুই প্রধান অতএব বায়ু জন্য শূলে পায়স, কৃশরা পিণ্ড অথবা ঘৃত যুক্ত মাংসের ঈষদুষ্ণ স্বেদ প্রয়োগ করিবে। তেউড়ির শাক স্নেহ যোগে পাক করিয়া উষ্ণ থাকিতে ভোজন করিবে। করঞ্জ বৃক্ষের অঙ্কুর তৈলে ভর্জ্জিত করিয়া ভক্ষণ কর্ত্তব্য। পক্ষিমাংসের বা জাঙ্গল মাংসের কাথ ঘৃতাক্ত করিয়া ভোজন করিবে। যে কোন বিল-শায়ীর (শশ, গোধা প্রভৃতি) মাংস ভোজন করিবে। সুরা, কাঞ্জী, সুক্ত, মস্তু, তক্র (অর্দ্ধ জল বিশিষ্ট ঘোল) এবং দধি লবণ সহযোগে বায়ু জন্য শূলে সেবন করিবে। অম্লযুক্ত কুলত্থের যূষ, সৈন্ধব ও মরিচ সহ সেবন করিবে। বিড়ঙ্গ, সজিনা বীজ, কম্পিল্ল, হরীতকী, ত্রিবৃৎ অম্লবেতসশ, মহৎ শতাবরী, অশ্বকর্ণ এই গুলি সৌবর্চ্চল লবণ যোগে সেবন করিবে। মদ্য পান করিলেও বায়ুজন্য শূল শীঘ্র শাম্য হয়। বড় এলাইচ, কৃষ্ণ জীরক, চব্য, যমানী, ত্রিকটু, চিত্রক, পিপ্পলীমূল, সৈন্ধব, এই সকলের চূর্ণ দুগ্ধ সহ পান করিবে। অথবা মধ্বাসব চুক্র, সুরা বা সৌবীর যোগে *

* এই সকল অরিষ্ট আসবাদি প্রণালী বিশেষে প্রস্তুত হইয়া থাকে।

বা টাবা লেবুর রস সহ সেবন করিবে। ঐ সকল চূর্ণ ও প্রচুর পরিমাণে হিঙ্গু, বদরী যূষ সহযোগে পুনঃ পুনঃ ভাবিত করিয়া শর্করা সহ সেবন করিবে। দাড়িম কাষ্ঠ সহ ঐ সকল দ্রব্যের বর্ত্তি প্রস্তুত করিয়া প্রায়োগ করিলে বায়ুজন্য শূলের শান্তি হয়। অথবা ঐ চূর্ণ পুনর্ব্বার গুড় তৈল যোগে বা মদ্য সহ লেহণ বা পান করাইবে। ক্ষুধা জন্য শূল হইলে উষ্ণ দুগ্ধ, যবাগু অথবা স্নেহযুক্ত মাংস রস লঘু পরিমাণে পান করিবে। রুক্ষ ব্যক্তির বায়ুজন্য শূল হইলে স্নিগ্ধ ক্রিয়া বিশেষতঃ ঘৃতপক্ক দ্রব্য ভোজন করা কর্ত্তব্য। বায়ুজন্য শূলে বারুণী (তাল বা খর্জ্জুর রস জাত আসব বা তাড়ি) পানেও শান্তি হয়।

অতঃপর পিত্ত-জন্য শূলের প্রতীকার বলা যাইতেছে। শীতল জল পান পূর্ব্বক বমন করিবে। সকল প্রকার উষ্ণ দ্রব্য বর্জ্জন পূর্ব্বক শীতল সেবন করিবে। যে স্থানে বেদনা ধরে, মণি, রজত বা তাম্র পাত্র শীতল জলে পূর্ণ করিয়া, তাহার উপরি স্থাপন করিবে। গুড়, শালি অন্ন, যব, দুগ্ধ, ঘৃত পান করা, বিরেচন এবং জাঙ্গল মাংস ভোজন, এই গুলি পিত্ত জন্য শূলের পক্ষে ঔষধ। সকল প্রকার পিত্তল দ্রব্য পরিত্যাগ পূর্ব্বক পিত্তনাশক রস সেবন করিবে। পলা-শের যূষ, পরূষক, দ্রাক্ষা, খর্জ্জুর এবং জলজাত দ্রব্য শৃঙ্গাটক প্রভৃতি শর্করা যোগে পান করিবে।

শ্লেষ্মা-জন্য শূল, ভোজন মাত্রেই কুপিত হয়। সে স্থলে পিপ্‌পলী সহযোগে জল পান করিয়া বমন কর্ত্তব্য। রুক্ষ স্বেদ এবং অন্যান্য উষ্ণ ক্রিয়া বিধেয়। পিপ্‌পলী, শুণ্ঠী, পাঠা, বচ, ত্রিকটু, কটুকী, চিত্রক ইহাদিগের ক্বাথ বাবুই তুলশীর যূষ সহ পান করিবে। এরণ্ডের ফল ও মূল, গোক্ষুরীর মূল, শালপাণী, চাকুলে, বৃহতী, কণ্টকারী বেড়েলা, মুগাণি, মাসানি, কুলেখাড়ার মূল এই সকল সমভাগ, চাকুলে দুই ভাগ, ৬৪ চৌষট্টিসের জল পাক করিয়া পাদাবশেষ থাকিতে নামাইয়া যবক্ষার যোগে পান করিবে। ইহার দ্বারা বাতিক

পৈত্তিক শ্লৈষ্মিক বা সন্নিপাত-জন্য শূলেরও শান্তিহয়। পিপ্‌পলী, স্বর্জিকা ক্ষার, যব এবং চিত্রক এই সকলের ভস্ম উষ্ণবারি সহ পান করিলে শ্লেষ্ম জন্য শূলের শান্তি হয়।

কুক্ষিপার্শ্বে বায়ু রুদ্ধ হইয়া আধ্মান ও গুড়্‌গুড় শব্দ জন্মায়। তৎকর্ত্তৃক সূচীবিদ্ধের ন্যায় যাতনা হয় ও কষ্টে শ্বাস বহন করে অন্নে অভিলাষ থাকে না এবং নিদ্রা হয় না। ইহাকে পার্শ্ব শূল বলে—শ্লেষ্মা ও বায়ু-জন্য জন্মে। কুড় হিঙ্গু, সৌবর্চ্চল, বিট্‌, সৈন্ধব, ধন্যা এবং হরীতকী, ইহাদিগের চূর্ণ যবের ক্বাথ সহযোগে পান করিবে। ইহা পার্শ্ব হৃদি ও বস্তি শূলে প্রয়োজ্য। বীজপূরের (টাবা লেবু) মজ্জা দুগ্ধ সহ পাক করিয়া সেবন করিবে। প্লীহোদর বিহিত ঘৃত বা হিঙ্গু.সহযোগে ঘৃত পান করিবে। অথবা দুগ্ধ সহ এরণ্ড তৈল সেবন করিবে। অথবা মদ্য দধিমস্ত দুগ্ধ বা মাংস রস সহযোগে ভোজন করিবে।

বায়ু কুক্ষিদেশে কুপিত হইয়া জঠরাগ্নিকে আক্রমণ করিলে ভুক্ত অন্ন পরিপাক না হইয়া স্তব্ধ ভাবে থাকে। তৎকালে রোগী পুনঃ পুনঃ উচ্ছ্বাস ত্যাগ করে, শূলের যন্ত্রণায় কাতর হয় এবং শয়ন উপবেশন প্রভৃতি কিছুতেই সচ্ছন্দ লাভ করিতে পারে না। ইহাকে কুক্ষিশূল বলে, বায়ু-জন্য আম কর্ত্তৃক এই রোগ জন্মে। ইহাতে বমন ও বল অনুসারে লঙ্ঘন কর্ত্তব্য। অম্ল ও অগ্নিকর দ্রব্যের সংযোগে পাচনও প্রয়োজ্য। শুণ্ঠী, যমানী, চব্য, হিঙ্গু, সৌবর্চ্চল লবণ, বিট্‌লবণ, শ্যামালতা, এরণ্ড মূল, বৃহতী, কণ্টকারী ইহাদিগের ক্বাথ পান করিবে। বচ, সৌবর্চ্চল, হিঙ্গু, কুষ্ঠ, অতিবিষা, অভয়া (হরীতকী বিশেষ), কুটজ বীজ ইহাদিগের সেবনে শীঘ্র শূলের শান্তি হয়। দোষের বলাবল বিবেচনা করিয়া বিরেচন স্নেহবস্তি ও নিরূঢ় বস্তি প্রয়োগ করিবে। উপনাহ-স্বেদ, স্নেহস্বেদ এবং ধান্যাম্ল পরিষেচন কর্ত্তব্য।

রসকর্ত্তৃক বর্দ্ধিত বায়ু কফপিত্ত কর্ত্তৃক হৃদয় দেশে অবরুদ্ধ হইয়া শ্বাস-রোধক শূল বেদনা জন্মায়। ইহাকে হৃচ্ছূল বলে। এই রোগ রসবায়ু কর্ত্তৃক জন্মে। এস্থলে হৃদ্রোগে বিহিত প্রতিক্রিয়া সকল কর্ত্তব্য।

রুদ্ধ থাকা প্রযুক্ত বায়ু কুপিত হইয়া বস্তিদেশ আবৃত করিয়া থাকে। তদ্দ্বারা বস্তি বঙ্ক্ষণ ও নাভিদেশে শূল জন্মিয়া পুরীষ, মূত্র ও বায়ু অবরোধ করে, ইহাকে বস্তিশূল বলে। এই রোগ বায়ুজন্য। নাভিবঙ্ক্ষণ পার্শ্ব, কুক্ষি, মেঢ্র, অন্ত্রি, মর্দ্দন পূর্ব্বক মূত্র নালী আকৃষ্ট করিয়া রাখে (টানিয়া থাকে)। ইহাকে মূত্র শূল বলে। এই রোগও বায়ুজন্য। রুক্ষ আহার জন্য বায়ু কুপিত হইয়া কোষ্ঠস্থিত মল রোধ করিয়া অগ্নিমান্দ্য করে। তাহাতে সমস্ত স্রোতপথ আবৃত হইয়া তীব্র শূল জন্মে। সেই শূল দক্ষিণ কুক্ষি বা বামকুক্ষিতে হইলে তাহা শব্দ সহকারে শীঘ্র সর্ব্বত্র ব্যাপ্ত হইয়া তীব্র পিপাসা, শ্রম ও মূর্চ্ছা জন্মায়। মল মূত্র পরিত্যাগ করিলেও তাহার শান্তি হয় না। ইহাকে বিট্‌শূল বলে—অতি দারুণ ব্যাধি। ইহাতে শীঘ্র দোষ নির্হরণ কর্ত্তব্য। স্বেদ, বমন, নিরূঢ়বস্তি স্নেহবস্তি এবং কোষ্ঠশোধনকর যোগ সমস্তও প্রয়োগ করিবে। উদাবর্ত্ত বিহিত সুখসেব্য ক্রিয়া সকলও এস্থলে বিধেয়।

অগ্নিমান্দ্য হইলে যদি অধিক পরিমাণে ভোজন করা যায়, তাহা হইলে ভুক্তদ্রব্য সমস্ত বায়ুকর্ত্তৃক আবৃত হইয়া কোষ্ঠ দেশে স্থিরভাবে থাকে, এবং জীর্ণ না হইয়া তীব্র শূল জন্মায়। তাহাতে মূর্চ্ছা, আধ্মান, বিদাহ (গলা জ্বালা) এবং বিলম্বিকা উপদ্রব জন্মায়। ইহাতে রোগির বিরেচন বমন কম্প ও মেহ হইয়া থাকে। এস্থলে ক্ষারচূর্ণ এবং শূলনাশক গুটিকা প্রশস্ত। সকল প্রকার শূল রোগে গুল্ম রোগের ন্যায় প্রতীকার কর্ত্তব্য।

ত্রিচত্বারিংশ অধ্যায়।

হৃদ্রোগের চিকিৎসা।

মল মূত্রাদি বেগের ব্যাঘাত, উষ্ণ রুক্ষ অন্ন অতি মাত্রায় সেবন. বিরুদ্ধ অন্ন অধ্যশন, অজীর্ণ এবং অনভ্যস্ত দ্রব্য ভোজন এই সকলের দ্বারা দোষ সমস্ত বিগুণ হইয়া হৃদয়ে গমন পূর্ব্বক রস ধাতুকে দূষিত করে। তাহাতে হৃদয়ে অত্যন্ত পীড়া জন্মে, তাহাকে হৃদ্রোগ বলে। হৃদ্রোগ পঞ্চ প্রকার *। দোষ জন্য চারি প্রকার এবং কৃমি জন্য এক প্রকার। তাহাদিগের প্রত্যেকের লক্ষণ এবং তদনন্তর চিকিৎসা বলা যাইতেছে।

হৃদ্রোগ বায়ু জন্য হইলে হৃদয়ে বেদনা এবং হৃদয়দেশ যেন টানিয়া থাকে। ইহাতে হৃদয় দেশ যেন মথিত, বিদীর্ণ, স্ফুটিত এবং পাটিত হইতে থাকে। পিত্ত-জন্য হইলে তৃষ্ণা, দাহ, চোষ, হৃদয়ের ক্লান্তি ও জ্বালা, মূর্চ্ছা, স্বেদ ও মুখশোষ এই সকল লক্ষণ হয়। কফজন্য হইলে হৃদয়ের গুরুতা, কফস্রাব, অরুচি, স্তম্ভ, অগ্নিমান্দ্য এবং আস্যের মধুরতা এই সকল লক্ষণ হয়। কৃমিজন্য হইলে বমনেচ্ছা, ষ্ঠীবন (থুথু ফেলা), তোদ, শূল, বমন, তমোভাব, অরুচি, নেত্রদ্বয় শ্যাব বর্ণ এবং শোষ (শরীর ক্রমশঃ শুষ্ক হওয়া) এই সকল লক্ষণ হয়, এবং ভ্রম, ক্লান্তি, অঙ্গের অবসাদ ও শোষ এই সকল উপদ্রব জন্মে।

বায়ু জন্য হৃদ্রোগে রোগীকে স্নিগ্ধ করিয়া বমন করাইবে। দশ-মূলের কাথ, স্নেহ ও লবণ যোগে বমনে প্রয়োজ্য। কোন প্রকার স্নেহ সহযোগে বিরেচন করাইয়া পিপ্‌পলী, এলাইচ, বচ, হিঙ্গু, যব-ভস্ম, সৈন্ধব, সৌবর্চ্চল, শুণ্ঠী, যমানী এই সকলের চূর্ণ, ধান্যাম্ল, কুলত্থের কাথ, দধি, মদ্য বা অন্য কোন আসবাদি সহযোগে পান

* সন্নিপাত-জন্য হৃদ্রোগে সকল দোষের লক্ষণ প্রকাশ পায়। মূলে ইহার লক্ষণ উল্লেখিত হয় নাই।

করাইবে। পুরাতন শালী অন্ন, জাঙ্গল রস ও ঘৃত সহযোগে ভোজন করাইবে। বাতঘ্ন দ্রব্য সহযোগে তৈল পাক করিয়া বস্তি প্রয়োগ করিবে। গাম্ভারি ফল, যষ্টিমধু মধু, মিছরি ইহাদিগের জলে বমন করাইবে।

পিত্ত-জন্য হৃদ্রোগে মধুর দ্রব্য সহযোগে ঘৃতপাক্ক করিয়া সেবন করিবে। পিত্তজ্বরনাশক কাথ পান করিবে। ঘৃতযুক্ত প্রচুর পরিমাণে জাঙ্গল রস সহযোগে ভোজন করিয়া যষ্টিমধু সহযোগে পাক করা তৈলের দ্বারা মধু সহযোগে বস্তি প্রয়োগ করিবে। কফজন্য হৃদ্রোগে বচ ও নিম্বের কাথে বমন করাইবে। বাতজন্য হৃদ্রোগে যে চূর্ণ এবং ভোজনের প্রণালী বলা হইয়াছে তাহা এ স্থলেও প্রয়োজ্য। ধ্যান্যাম্ল প্রভৃতি বা মুস্তাদি গণের কাথ বা ত্রিফলার কাথ পান করিবে। কৃষ্ণবর্ণ তেউড়ি ঘৃত যোগে বিরেচনে প্রয়োগ করিবে। এবং বলাতৈল সহযোগে বস্তি প্রয়োগ করিবে।

ক্রিমি জন্য হৃদ্রোগে রোগিকে স্নিগ্ধ করিয়া তিন দিবস কাল মাংস পাক করিয়া তৎসহ ভোজন করাইবে। পরে বিরেচন প্রয়োগ করিবে। তদনন্তর সুগন্ধি দ্রব্য, লবণ, কৃষ্ণজীরক এবং শর্করা সহযোগে প্রচুর পরিমাণে বিড়ঙ্গ, ধান্যাম্ল যোগে পান করাইবে। এইরূপ প্রতিক্রিয়ার দ্বারা হৃদয়স্থ কৃমি সমস্ত অধোভাগে নিঃসৃত হইবে। নিঃসৃত হইলে বিড়ঙ্গ সহযোগে যবান্ন ভোজন করাইবে।

চতুশ্চত্বারিংশ অধ্যায়।

পাণ্ডুরোগের চিকিৎসা।

অতিরিক্ত স্ত্রীসংসর্গ, অম্ল, লবণ ও মদ্য সেবন, মৃত্তিকা ভক্ষণ, দিবা নিদ্রা, অতিশয় তীক্ষ্ণ দ্রব্য সেবন এই সকল কারণে রক্ত দূষিত

হইয়া ত্বক্ পাণ্ডুবর্ণ করে। পাণ্ডুরোগ চারি প্রকার, পৃথক্ পৃথক্ দোষ জন্য তিন প্রকার এবং সন্নিপাত জন্য এক প্রকার। এই সকল প্রকারেই পাণ্ডুভাবের আধিক্য বলিয়া ইহাকে পাণ্ডুরোগ বলে। ত্বকের স্ফোটন (ত্বক ফাটা ফাটা হওয়া), ষ্ঠীবন, গাত্রের অবসাদ, মৃত্তিকা ভক্ষণ, * অক্ষি গোলকের শোথ, মূত্র পুরীষের পীতবর্ণতা, অজীর্ণ, এই গুলি তাহার পূর্ব্বরূপ। পাণ্ডু কামলা, কুম্ভ কামলা এবং লাঘরক বা হলীমক, ইহারা সকলেই পাণ্ডুরোগের অন্তর্ভূত। ইহাদিগের লক্ষণ আনুপূর্ব্বিক বলা যাইতেছে।

কৃষ্ণবর্ণ চক্ষু, দেহ কৃষ্ণবর্ণ, শিরাসমূহে আকীর্ণ এবং পুরীষ, মূত্র, নখ, মুখ কৃষ্ণবর্ণ এবং অন্যান্য বায়ুজন্য উপদ্রব বায়ু জন্য পাণ্ডুরোগের এই সকল লক্ষণ। পীতবর্ণ চক্ষু, দেহ পীতবর্ণ শিরা সমূহে সমাকীর্ণ এবং পুরীষ মূত্র মুখ নখও পীতবর্ণ এবং অন্যান্য পিত্ত-জন্য উপদ্রব, এই গুলি পিত্ত-জন্য পাণ্ডু রোগের লক্ষণ। শুক্ল-বর্ণ চক্ষু দেহ শুক্লবর্ণ, শিরা সমূহে ব্যাপ্ত, পুরীষ মূত্র, নখ, মুখ শুক্লবর্ণ, এবং কফ-জন্য অন্যান্য উপদ্রব, এই গুলি কফ-জন্য পাণ্ডু রোগের লক্ষণ। সান্নিপাত জন্য পাণ্ডু রোগে সকল প্রকার লক্ষণ প্রকাশ পায়। অতঃপর কামলা রোগের লক্ষণ বলা যাইতেছে। পাণ্ডু রোগের শেষে পিত্তল অন্ন, অম্ল মদ্য প্রভৃতি পিত্তকর দ্রব্য সহসা সেবন করিলে মুখ পাণ্ডুবর্ণ হয়, বিশেষতঃ প্রথমাবস্থায় তন্দ্রা ও দুর্ব্বলতা জন্মে। তাহাতে মহান্ শোথ (ফুলা) এবং গ্রন্থি স্থানে বেদনা হইলে কুম্ভকামলা বলা যায়। তাহাতে জ্বর, অঙ্গমর্দ্দ, ভ্রম অবসাদ, তন্দ্রা এবং ক্ষয়, এই সকল লক্ষণ থাকিলে লাঘরক বলা যায়। ইহাতে বাত-পিত্তের লক্ষণ অতিশয় থাকিলে হলীমক বলা

---

* মৃত্তিকা ভক্ষণ জন্য যে পাণ্ডুরোগ জন্মে, চরকের মতে তাহার চিকিৎসার বিশেষ থাকা প্রযুক্ত তাহাকে পঞ্চম প্রকার পাণ্ডুরোগ বলে ইহার সম্প্রাপ্তি ও লক্ষণ যথা,—মৃত্তিকাদনশীলস্য কুপ্যত্যন্যতমো মলঃ।

যায়। অরুচি, পিপাসা, বমন, জ্বর, উৰ্দ্ধগত পীড়া, অগ্নিমান্দ্য, কণ্ঠগত শোথ, দুৰ্ব্বলতা, মূর্চ্ছা, ক্লান্তি, হৃদয়ের পীড়া, এই গুলি হলীমকের উপদ্রব।

পাণ্ডু রোগে দোষ বিবেচনা করিয়া ঘৃত সহযোগে উৰ্দ্ধ অধোভাগ শংশোধন করিবে। প্রচুর পরিমাণে ঘৃত মধু সহযোগে হরীতকী চূর্ণ সেবন করিবে। হরিদ্রা অথবা ত্রিফলা সহযোগে পাক করা ঘৃত অথবা তিল্বক ঘৃত পান করিবে। বিরেচক দ্রব্য ঘৃত সহ পাক করিয়া অথবা ঘৃত সহযোগে বিরেচক দ্রব্য সেবন করিবে। অৰ্দ্ধপল (৪ তোলা) তেউড়ি গোমূত্রে পাক করিয়া সৰ্ব্বদা পান অথবা হরীতকী মিশ্রিত গুড়অৰ্দ্ধ কুড়ব পরিমাণে ভক্ষণ করিবে। আরগ্বধাদির ক্বাথ পান করিবে। লৌহরজঃ, ত্রিকটু, বিড়ঙ্গ, এই সকলের চূর্ণ ঘৃত মধু যোগে অথবা ত্রিফলাযুক্ত হরিদ্রা বা শাস্ত্রবিহিত অপর যোগ ঘৃত মধু সহ সেবন করিবে। পুনঃ পুনঃ অল্প মাত্রায় দোষ নিঃসারণ করিবে। এক কালে অতিরিক্ত দোষ নিঃসারণ করিলে শরীর ক্ষীণ হয়। আমলকা রস ও ইক্ষুরসের মন্থ প্রস্তুত করিয়া মধু সংযোগে ভোজন করিবে বৃহতী, কণ্টকারী, হরিদ্রা, শুকাক্ষা (শুয়া-ঠুঁটি), দাড়িম, কাকমাচী এই সকল কল্ক ও ক্বাথ সহযোগে ঘৃত পাক করিয়া সেবন করিবে অথবা দুগ্ধ সহযোগে পিপ্পলী যথাসাধ্য পরিমাণে সেবন করিবে। অথবা যষ্টিমধুর ক্বাথ ও চূর্ণ সমভাগে মধু সহযোগে লেহন করিবে। ত্রিফলা ও লৌহচূর্ণ দীর্ঘকাল গোমূত্র যোগে সেবন করিবে। প্রবাল, মুক্তা, রসাঞ্জন, শঙ্খচূর্ণ, কাঞ্চন, গিরিমৃত্তিকা লেহন করিবে। কুড়ব পরিমাণ (অৰ্দ্ধসের ছাগবিষ্ঠা) বিটলবণ, হরিদ্রা, সৈন্ধব প্রত্যেকের চূর্ণ একপল একত্র করিয়া মধু, সহযোগে লেহন করিবে। লৌহ মণ্ডুর, চিত্রক, বিড়ঙ্গ, হরীতকী ত্রিকটু সকলে সমভাগ এবং সকলের সমান স্বর্ণমাক্ষিক গোমূত্র যোগে পাক করিয়া মধুসহ অবলেহ প্রস্তুত করিবে। বিভীতক, লৌহমল

শুণ্ঠী এবং তিল ইহাদিগের চূর্ণে প্রচুর পরিমাণে গুড় সহযোগে বটিকা প্রস্তুত করিবে। ইহা ভক্ষণ করিয়া তক্র অপুপান করিবে। ইহাতে ঘোরতর পাণ্ডুরোগ নিবৃত্ত হয়। সাজীমাটি, হিঙ্গু, চিরতা একত্র যোগে কলায় পরিমাণ বটিকা প্রস্তুত পূর্ব্বক ঈষদুষ্ণ জলের সহিত সেবন করিবে। মূর্ব্বা, হরিদ্রা, আমলকী, সপ্তাহ গোমূত্রে ভাবিত করিয়া লেহন করিবে। বেড়েলা ও চিতার মূল একত্র দুই তোলা পরিমাণে ঈষদুষ্ণ জলের সহিত অথবা সজিনা বীজ লবণ ঐরূপে সেবন করিয়া দুগ্ধ সহ ভোজন করিবে। ন্যগ্রোধাদির শীতল ক্বাথ, চিনী ও মধু সংযোগে পান করিবে। শালসাসারাদিগণের লিখিত বৃক্ষ সমূহের সারচূর্ণ ও আমলকীচূর্ণ মধুসহ, লেহন করিবে। বিড়ঙ্গ, মূথা, ত্রিফলা যমানী, পরুষক, ত্রিকটু, মুর্ব্বা লতা, ইহাদিগের চূর্ণ, গুড়শর্করা, ঘৃত, মধু পূর্ব্বোক্ত সারগণের ক্বাথে পাক করিয়া লেহ প্রস্তুত পূর্ব্বক ঘণ্টা-পারুলের পাত্রে রাখিবে। ইহার দ্বারা পাণ্ডু রোগ, কামলা ও শোথের শান্তি হয়। শর্করা সহযোগে ত্রিবৃৎ অথবা গুড় সহযোগে রাখালশশা ও শুণ্ঠী কামলা রোগে প্রয়োজ্য। কালিয়া কাষ্ঠের সহযোগে ঘৃত পাক করিয়া হরিদ্রা মিশ্রিত পূর্ব্বক সেবন করিবে। কুম্ভকামলা রোগে স্রোত-অঞ্জন অথবা শিলাজতু গোমূত্র যোগে সেবন করিবে। লৌহমল এক মাস কাল গোমূত্রে রাখিয়া সৈন্ধব সহযোগে সেবন করিবে। লৌহমল অষ্টবার বিভীতকের কাষ্ঠে দগ্ধ করিয়া নির্ব্বাপিত করিবে। পরে চূর্ণ করিয়া মধু সহযোগে লেহন করিলে কুম্ভকামলা রোগ আরোগ্য হয়। সৈন্ধব লবণ একবার অগ্নির ন্যায় তপ্ত করিয়া গোমূত্র সেচন করিবে। লৌহমল পুনঃ পুনঃ অগ্নিতে তপ্ত ও পুনঃ পুনঃ গোমূত্রে নির্ব্বাপিত করিবে। পরে ঐ উভয় দ্রব্যকে গোমূত্রে পিষিয়া উখাতে এরূপে পাক করিবে যেন দগ্ধ না হয়। শুষ্ক হইলে চূর্ণ করিয়া তক্র সহযোগে পান করিবে। ইহাতে কেবল তক্র সহ-যোগে অন্ন ভোজন করিবে। ইহার দ্বারা অগ্নির দীপ্তি ও পাণ্ডু

রোগ আরোগ্য হয়। দ্রাক্ষা, গুলঞ্চ ও আমলকীর রসে ঘৃত পাক করিয়া সেবন করিবে ইহা লাঘরক রোগে হিতকর। গুড়-জাত অরিষ্ট, মধু, শর্করা, মূত্র আসব ও ক্ষার যোগে ঔষধ, আমলকের রস সহযোগে ঘৃত যুক্ত জাঙ্গল মাংসের রস, শোকের চিকিৎসায় যে সকল যোগ বলা হইয়াছে সেই সকল যোগ, শালি অন্ন ও যব, পাণ্ডুরোগে এই সকল নিত্য সেবন করিবে। শ্বাস, অতিসার, অরুচি, কাস, বমন, শূল, জ্বর, শোফ, দাহ, অজীর্ণ, স্বরভেদ, অঙ্গের অবসাদ এই সকল উপদ্রবের যথাশাস্ত্র প্রতিকার করিবে। চতুর্দ্দিক্ উন্নত মধ্যস্থল নিম্ন অথবা চতুর্দ্দিক্ নিম্ন মধ্যস্থল উন্নত, মলদ্বারে বা মুষ্ক দেশে এরূপ শোফ হইলে এবং রোগী সংজ্ঞাহীনের ন্যায় থাকিলে অথবা জ্বর ও অতিসার থাকিলে পাণ্ডুরোগীকে পরিত্যাগ করিবে।

পঞ্চচত্বারিংশ অধ্যায়।

অথ রক্তপিত্তের চিকিৎসা।

ক্রোধ, শোক, ভয়, পরিশ্রম, বিরুদ্ধ অন্ন সেবন, কটু অম্ল, লবণ ক্ষার, তীক্ষ্ণ, উষ্ণ এবং অতি বিদাহী দ্রব্য সর্ব্বদা সেবন করিলে রস দূষিত হইয়া পিত্ত কুপিত করে। সেই কুপিত পিত্ত আপনা হইতে বিদগ্ধ হইয়া শোণিতকে বিদগ্ধ করে। তাহাতে ঊর্দ্ধ অধঃ বা দুই দিকেই রক্ত নির্গত হয়। রক্ত আমাশয়ে বিদগ্ধ হইলে ঊর্দ্ধে, পক্বাশয়ে বিদগ্ধ হইলে অধোভাগে এবং উভয় আশয় বিদগ্ধ হইলে উভয়দিকে নির্গত হয়। কেহ কেহ বলেন প্লীহা যকৃতের স্থান হইতে রক্ত নির্গত হয়। রক্তপিত্ত ঊর্দ্ধগত হইলে সাধ্য, অধোগত হইলে যাপ্য এবং উভয়দিক্ গত হইলে অসাধ্য। দেহের অবসাদ, শীতল দ্রব্যে অভিলাষ, কণ্ঠে ধূমোদ্গম, বমন, নিশ্বাসে রক্তগন্ধ এই গুলি রক্তপিত্ত

রোগের পূর্ব্ব লক্ষণ। নির্গত রক্তের লক্ষণের দ্বারা দোষের প্রবলতা জানা যায় * ।

দৌর্ব্বল্য, শ্বাস, কাস, জ্বর, বমন, মত্ততা, দেহের পাণ্ডুতা, দাহ, মূর্চ্ছা, ভোজনান্তে অম্লভাব অধৈর্য্যতা, হৃদয়ে অত্যর্থ বেদনা, তৃষ্ণা, কণ্ঠভেদ, মস্তকের তাপ, নিষ্টিবনে দুর্গন্ধ, অন্নে অরুচি, অজীর্ণ এবং স্ত্রী-সহবাসে বিরতি, এই গুলি রক্তপিত্ত রোগের উপসর্গ।

মাংস ধৌত জল বা ক্বাথ কিম্বা কর্দ্দম জল, মেদ, পূয বা রক্তের ন্যায়, অথবা যকৃৎ বা পক্ক জম্বু ফলের ন্যায় অথবা কৃষ্ণ নীল বা ইন্দ্র-ধনুর ন্যায় বর্ণ বিশিষ্ট এবং অতিশয় বেগ ও কুণপ বিশিষ্ট নির্গত হইতে থাকিলে রক্তপিত্ত রোগীকে পরিত্যাগ করিবে † ।

বলবান্ ব্যক্তির রক্তপিত্ত হইলে প্রথমেই রক্ত রোধ করা কর্ত্তব্য নহে। তদ্দ্বারা পাণ্ডু, গ্রহণী, কুষ্ঠ, প্লীহা, গুল্ম, জ্বর, প্রভৃতি রোগ জন্মে। রক্ত অধোভাগে প্রবৃত্ত হইলে বমন এবং উর্দ্ধে প্রবৃত্ত হইলে বিরেচন প্রয়োজ্য। ক্ষীণ ব্যক্তির পক্ষে বমন বিরেচন প্রশস্ত নহে; শমনী ঔষধের দ্বারা দোষের শান্তি করিবে। ক্ষীণ না হইলেও রক্তের অতিশয় প্রবৃত্তি থাকিলে লঙ্ঘন কর্ত্তব্য। লঙ্ঘনের পর অল্প তণ্ডুল বিশিষ্ট পেয়া পান কর্ত্তব্য। তর্পণ, পাচন, অবলেহন, বিবিধ প্রকার ঘৃত ইহাতে প্রয়োজ্য। দ্রাক্ষা, যষ্টিমধু, গাম্ভারী, ও চিনী সহযোগে বিরেচন এবং যষ্টিমধু ও মধু সহযোগে বমন হিতকর।

---

* রক্তপিত্ত কফ প্রবল হইলে গাঢ় পাণ্ডুবর্ণ স্নেহযুক্ত এবং পিচ্ছিল হয়। বায়ু প্রবল হইলে শ্যাবারুণ বর্ণ, ফেনাযুক্ত পাতলা এবং রুক্ষ হয়। পিত্ত প্রবল থাকিলে, কষায়াভ কৃষ্ণবর্ণ গোমূত্রের ন্যায় চিক্কণ অঙ্গার ধূম বা অঞ্জনের ন্যায় আভা বিশিষ্ট। কফ অনুগত থাকিলে রক্ত-পিত্ত উর্দ্ধগত হয়, বায়ু অনুগত থাকিলে অধোগত হয় এবং কফ বাত উভয়ত হইলে উর্দ্ধাধো উভয় দিকে প্রবর্ত্তিত হয়।

† এই লক্ষণগুলি ব্যতিরেকে অপর সকল অরিষ্ট লক্ষণ সূত্রস্থানে বলা হইয়াছে। রক্ত বমন, চক্ষু রক্তবর্ণ, উদ্গারে রক্তগন্ধ এবং দিক্ সমূহ রক্তবর্ণ দেখা, এগুলিও রক্তপিত্ত রোগির মৃত্যু লক্ষণ।

শীতল দুগ্ধ, জাঙ্গল মাংসের রস, কলায়ের যূষ, শালি ও ষাট্‌ধান্য পটোল, শেলু, (চাল্‌তা), সুনিষন্ন (সুষুনি শাক) যূথিকা (যুঁইফুল) এবং বটের অঙ্কুর সেবন করিবে। ঘৃত-সংস্কৃত শাক, শশ, পারাবত, কূর্ম্ম প্রভৃতির রস ও যবাগু, ধাত্রীফল ও দাড়িম যোগে প্রচুর পরিমাণে ঘৃতের সহিত প্রস্তুত করিয়া ভোজন করিবে। উৎপলাদিগণে দুগ্ধ পাক করিয়া তাহার সন্তিনিকা মধু-শর্করা যোগে ভোজন করিবে। হিম প্রদেহ মধু-শর্করা যোগে ঘৃত সেবনীয়। মোল, শোভাঞ্জন কোবিদার (রক্ত কাঞ্চন) এবং প্রিয়ঙ্গু এই সকলের পুষ্প চূর্ণ করিয়া মধু সহযোগে লেহন করিবে।

রক্তাতিসারে বিহিত সকল প্রকার যোগ এস্থলেও প্রয়োজ্য। শীতল জল পূর্ণ নূতন কলসে শুক্লবর্ণ ইক্ষুকাণ্ড প্রোথিত করিয়া তাহাতে উৎপল-নিক্ষেপ পূর্ব্বক রাত্রিকালে অনাবৃত স্থানে রাখিবে। প্রাতঃ-কালে তাহা স্রাবিত করিয়া মধু যোগে পান করিবে। জম্বু, আম্র ও অর্জ্জুন ত্বকের শীতল ক্বাথ বা উড়ুম্বর ফল পিষিয়া তাহার রস পান করিবে। ত্রপুসীর (সসা) মূলের কল্ক, মধু ও তণ্ডুলোদক যোগে অথবা যষ্টিমধুর কল্ক, দুই তোলা পরিমাণে সেবন করিবে। চন্দন, যষ্টিমধু, লোধ এবং এইরূপ অন্যান্য দ্রব্য একত্র সমভাগে পান করিবে। করঞ্জ বীজও এই রূপ চিনী মধু যোগে পান করিবে। ইঙ্গুদী ফলের মজ্জা যষ্টিমধু যোগে অথবা লবণ কুটজবীজ দধিমস্তু সহযোগে ঈষদুষ্ণ করিয়া পান করিবে। এই ছয়টি রক্তপিত্তের উৎকৃষ্ট যোগ তিন দিন সেবন কর্ত্তব্য। নাসিকা হইতে রক্ত স্রাব হইতে থাকিলে হরীতকীর নস্য প্রয়োগ করিবে। রক্তের অতিশয় প্রবৃত্তি থাকিলে ছাগের যকৃৎ পিত্ত-সংযোগে পাক না করিয়া আম অবস্থাতেই ভক্ষণ করিবে।

পলাশ বৃক্ষের রসে অথবা বনস্পতির রসে ঘৃত পাক করিয়া শীতল হইলে মধু সহযোগে পান করিবে। অথবা শর্করা যোগে

ক্ষীর-ঘৃত পান করিবে। দ্রাক্ষা, বেণামূল, পদ্মকাষ্ঠ এবং চিনী, প্রত্যেকের একপল লইয়া রাত্রি কালে জলে রাখিবে, প্রাতঃকালে কেবল সেই জল অথবা তাহাতে সমভাগে দুগ্ধ মিশ্রিত করিয়া পান করিবে। অশ্ব বা বৃষের পুরীষের রস মধু সংযোগে পান করিবে। অথবা বাস্তুক (বেতো শাক) বা তণ্ডুলীয়কের (নট্যাশাকের) বীজ চূর্ণ করিয়া মধুযোগে লেহন করিবে। অথবা লাজচূর্ণ বা বংশলোচন চূর্ণ, চিনী ও মধুযোগে লেহন করিবে। দ্রাক্ষা, চিনী, গুলঞ্চ, রোহিণী (হরীতকী বিশেষ) ও যষ্টিমধু ইহাদিগের হিম প্রস্তুত করিবে *। তৎসহযোগে হরীতকী কুলেখাড়া হরিদ্রা এবং ঘৃত লেহন করিবে। বালকের ক্কাথ, নীলোৎপল, মৃত্তিকা, প্রিয়ঙ্গু, সৌবীরাঞ্জন (সোরমা), পদ্মকেশর একত্র চিনী মধুযোগে লেহন করিলে রক্তের বেগ নিবৃত্ত হয়। খদির, জম্বু, অর্জ্জুন, কাঞ্চন, শিরীষ, লোধ, আশন, শাল্মলী ও শিগ্রু ইহাদিগের পুষ্প চূর্ণ করিয়া মধু সহযোগে লেহন করিবে। নীলোৎপলের ভস্ম, বালা ও করঞ্জবীজ, ঘৃত, মধুযোগে সেবন করিবে। অথবা জাম, অর্জ্জুন ও আম্র ইহাদিগের ক্কাথ পান করিবে। টাবা লেবুর মূল ও পুষ্প, তণ্ডুলোদকে পিষিয়া পান করিবে। নাসিকারন্ধ্র হইতে রক্ত নির্গত হইলে শীঘ্র শর্করাযোগে জল দুগ্ধ নাসারন্ধ্রে প্রয়োগ করিবে। দ্রাক্ষারস, শর্করাযোগে ক্ষীরঘৃত অথবা হিম ইক্ষুরস ও সকল প্রকার শীতল দ্রব্য মধুর করিয়া সেবন করিবে। বিদারিগন্ধাদি সহযোগে দুগ্ধ পাক করিয়া দ্রাক্ষা, ঘৃত, মধু ও চিনীযোগে আস্থাপন অত্যর্থ হিতকর। ঐরূপে ঘৃত পাক করিয়া অনুবাসন প্রয়োগ করাও হিতকর। প্রিয়ঙ্গু, লোধ, সৌবীরাঞ্জন, পদ্ম গুগ্‌গুলু, কালিয়াকাষ্ঠ, নখী, চন্দন, চিনী, অশ্বগন্ধা, মুথা, যষ্টিমধু, মৃণাল ও নীলোৎপল, সমভাগে পিষিয়া দুগ্ধ মধু সংযোগ পূর্ব্বক ঘৃতে আপ্লুত করিয়া ও

* হিম প্রস্তুতের প্রণালী চিকিৎসিত স্থানে বলা হইয়াছে।

শীতল জল সেচন করিয়া নিরূঢ় বস্তি প্রয়োগ করিবে। দুগ্ধান্ন ভোজন করাইয়া যষ্টিমধু সহ পাক করা ঘৃত অনুবাসনে প্রয়োগ করিবে। অধোবাহী রক্তপিত্ত এবং রক্তাতিসারে এই যোগ অতীব প্রশস্ত। অধোবাহী রক্ত নিবৃত্ত হইলে বলবান্ ব্যক্তির পক্ষে বমন কর্ত্তব্য। মূত্রনালী হইতে রক্ত প্রবৃত্ত হইলে পূর্ব্বোক্ত প্রকার যোগে উত্তর বস্তি প্রয়োগ করিবে। মলদ্বার হইতে রক্ত প্রবৃত্ত হইলে রক্তপিত্তের বিধান অবলম্বন করিবে।. স্ত্রীলোকের রক্তস্রাব * (রক্ত প্রদর) বা শস্ত্রকর্ম্মে অতিশয় রক্তস্রাব হইলে, বায়ু, পিত্ত, কফ, ও শোণিত ইহাদিগের বলাবল লক্ষণের দ্বারা বিবেচনা করিয়া চিকিৎসা করিবে। ইহাতেও পূর্ব্বোক্ত সকল বিধি প্রয়োজ্য।

---

* প্রদর রোগ যদি নিদানোক্ত লক্ষণে রক্তপিত্তের অন্তর্ভূত বলিয়া গ্রন্থকার উল্লেখ করিয়াছেন এবং বস্তুতও তাহাই সঙ্গত বোধ হয়, তথাপি অন্যান্য গ্রন্থে ইহাকে স্বতন্ত্র রোগের মধ্যে গণনা করা হইয়াছে। অতএব সেই সকল গ্রন্থ অনুসারে এ রোগের চিকিৎসা সম্বন্ধে কিছু উল্লেখ করা আবশ্যক। কফ জন্য রক্ত প্রদর রোগে পিচ্ছিল (আটাযুক্ত) পাণ্ডুবর্ণ, ধান্য ধৌত জলের ন্যায় শোণিত নির্গত হয়; পিত্ত-জন্য হইলে পীত নীল বা কৃষ্ণবর্ণ উষ্ণরক্ত দাহ প্রভৃতি পিত্তজন্য যন্ত্রণা সহকারে বেগে নিঃসৃত হয়, এবং বায়ুজন্য হইলে রুক্ষ অরুণ বর্ণ ফেনিল মাংসধৌত জলের ন্যায় শোণিত বেদনা সহকারে অল্পে অল্পে নিঃসৃত হয়।

কৃষ্ণজীরা, যষ্টিমধু, সাজীমাটী ও নীলপদ্ম প্রত্যেকে দুই মাসা, দধি ৮ তোলা এবং মধু ৮ মাসা পিষিয়া সেবন করিলে বায়ুজন্য রক্ত প্রদরের শান্তি হয়। যষ্টিমধু ও চিনী প্রত্যেকে দুই তোলা তণ্ডুলোদকে পিষিয়া পান করিবে অশোক বল্কলের কাথ শীতল দুগ্ধের সহিত পান করিবে। পবিত্র স্থানে জাত ব্যাঘ্রনখী বৃক্ষের উত্তরদিক্-স্থিত মূল, উত্তরফল্গুনী নক্ষত্রে কটিদেশে রক্ত প্রদর আরোগ্য হয় অলাবু চূর্ণ, মধু, শর্করাযোগে মোদক করিয়া সেবন করিবে। দারুহরিদ্রা রসাঞ্জন, গুলঞ্চ, বাসক, মুথা, বিল্ব, রক্তচন্দন, অর্কপুষ্প ইহাদিগের কাথ মধু সহ পান করিবে।

ষট্‌চত্বারিংশ অধ্যায়।

মূর্চ্ছারোগের চিকিৎসা।

ক্ষীণ, বহুদোষ বিশিষ্ট বিরুদ্ধ আহারশীল ব্যক্তির বেগের ব্যাঘাত বা অভিঘাত জন্য বা কেবল ক্ষীণতা-জন্যই ইন্দ্রিয়ের স্থানে বাহ্যে ও অন্তরে উগ্র দোষ প্রবিষ্ট হইলে মূর্চ্ছা হয়। হৃৎপীড়া, জৃম্ভণ, গ্লানি, সংজ্ঞা নাশ ও বলহীনতা দোষানুসারে মূর্চ্ছার এই গুলি পূর্ব্বরূপ। সংজ্ঞাবহা নাড়ী সমস্ত বায়ু প্রভৃতি দোষ কর্ত্তৃক আচ্ছাদিত হইলে তদ্দ্বারা সহসা তমঃ প্রাদুর্ভূত হইয়া সুখ ও দুঃখের অনুভূতি নাশ করে। তাহাতে সংজ্ঞাহীন হইয়া রোগী কাষ্ঠবৎ পতিত হয়। তাহাকে মোহ বা মূর্চ্ছা বলে। বাত, পিত্ত, কফ, শোণিত, মদ্য এবং বিষ, এই ছয় কারণ ভেদে, মূর্চ্ছা ছয় প্রকার। কিন্তু যে কোন কারণে মূর্চ্ছা হউক তাহাতে পিত্তের প্রাধান্য থাকে। পৃথিবী এবং জল তমোবহুল পদার্থ, শোণিত এবং ঘ্রাণশক্তি এই দুই হইতে উৎপন্ন, এ কারণ শোণিত গন্ধে মূর্চ্ছা হয়*। কেহ কেহ বলেন দ্রব্যের স্বাভাবিক গুণে রক্তজন্য মূর্চ্ছা হয়।

বিষ এবং মদ্যের তীব্রতর গুণ, তজ্জন্য ইহাদিগের দ্বারা মোহ জন্মে। অঙ্গ দৃষ্টি এবং শোণিতের স্তব্ধভাব গূঢ় উচ্ছ্বাস, মূর্চ্ছা, শয়ন করিয়া প্রলাপ কথন, মনের ভ্রান্তি এবং যাবৎ জীর্ণ না হয় তাবৎ ভূমিতে পতিত থাকা, এই গুলি মদ্য-জন্য মূর্চ্ছার লক্ষণ। কম্প, স্বপ্ন, তৃষ্ণা ও স্তম্ভ বিষজন্য মূর্চ্ছার এই গুলি সামান্য লক্ষণ। বিষ তীব্রতর হইলে লক্ষণও সেইরূপ হইয়া থাকে †।

---

* শোণিত-জন্য মূর্চ্ছার এইটি নিদান। শরীরে শোণিতের আধিক্য হইলে এইরূপ ঘটে। যুবতী স্ত্রীলোকদিগের রক্তের আধিক্যের জন্য এইরূপ মূর্চ্ছা ও তাহার আনুষঙ্গী অন্যান্য বায়ু-বিকার অনেক স্থলে দেখা যায়।

† বাত, পিত্ত ও কফ জন্য মূর্চ্ছার লক্ষণ গ্রন্থকার স্পষ্ট করিয়া উল্লেখ করেন নাই। ঐ সকল লক্ষণে গ্রন্থান্তরে যেরূপ দেখা যায় তাহা এস্থলে উল্লেখ করা।

জল সেচন, অবগাহন, মণি, মাল্য, শীতল প্রদেহ, বায়ুব্যজন, শীতল পান, গন্ধ প্রভৃতি শৈত্যক্রিয়া মূর্চ্ছারোগে বিধেয়। চিনি, পিয়াল, ইক্ষুরস, দ্রাক্ষা, মৌল, খর্জ্জুর ও কাশ্মর্য্য ইহাদিগের রসে পাক করিয়া পানীয় প্রস্তুত করিবে। কাকোল্যাদি গণ যোগে পাক করা ঘৃত, মধুর বর্গ সহযোগে দুগ্ধ এবং দাড়িম রস সহযোগে জাঙ্গল মাংসের রস পাক করিয়া সেবন করিবে। যব, শালী অন্ন ও মটর মূর্চ্ছারোগে পথ্য। ভুজঙ্গপুষ্প (নাগদন্তী), মরিচ, বেণামূল, কুলের মজ্জা, সমভাগে পান করিবে। মটরের জলে মৃণাল, মধু ও চিনিযোগে পিপ্পলী ও হরীতকী সেবন করিবে। মূর্চ্ছাকালে নাসিকা ও মুখ অবরোধ করিবে। নারীর স্তনদুগ্ধ পান করাইবে, সর্ব্বদা তীক্ষ্ণ শিরোবিরেচন ও বমন প্রয়োগ করিবে। হরীতকী বা আমলকীর রসে পাক করা ঘৃত পান করিবে। দ্রাক্ষা, চিনি, দাড়িম, বেণামূল ও নীলোৎপল এই সকল একত্র যোগে ক্বাথ গন্ধযুক্ত করিয়া পান করিবে। পিত্তজ্বরে বিহিত সকল প্রকার যোগেও মূর্চ্ছারোগের শান্তি হয়। দোষের আধিক্য ও তমোগুণের বাহুল্য প্রযুক্ত মূর্চ্ছিত হইয়া প্রবুদ্ধ না হইলে তাহার সংজ্ঞা সংন্যস্ত হইয়া থাকে, এই রোগ অতি দুশ্চিকিৎস্য। যেমন অপক্ব মৃত্তিকা-খণ্ড জলে পতিত হইলে বিলীন হইবার পূর্ব্বে তাহাকে উদ্ধার করা

আবশ্যক হইতেছে। মূর্চ্ছার প্রারম্ভে সমস্ত দিক্ শূন্য জ্ঞান হয়। সেই শূন্য নীল কৃষ্ণ বা অরুণবর্ণ দর্শন পূর্ব্বক তমসাচ্ছন্ন হইয়া মূর্চ্ছিত হইলে ও শীঘ্র প্রবুদ্ধ হইলে এবং কম্প, অঙ্গমর্দ্দ, হৃৎপীড়া থাকিলে ও শরীর কৃশ হইলে বায়ুজন্য মূর্চ্ছা বলা যায়।

রক্ত বা হরিৎ বর্ণ আকাশ দর্শন পূর্ব্বক তমসাচ্ছন্ন হইলে, স্বেদ হইয়া প্রবুদ্ধ হইলে, পিপাসা, সন্তাপ, পীতবর্ণ মলভেদ এবং চক্ষু রক্ত ও পীতবর্ণ বিশিষ্ট হইলে পিত্তজন্য মূর্চ্ছা বলা যায়।

আকাশ মেঘের ন্যায় বা অন্ধকারময় দেখিয়া তমসাচ্ছন্ন হইলে, অনেক বিলম্বে প্রবুদ্ধ হইলে, দেহ ভার ও আর্দ্র চর্ম্মে আবৃতের ন্যায় বোধ হইলে এবং কফস্রাব ও বমনেচ্ছা থাকিলে কফজন্য মূর্চ্ছা বলা যায়।

কর্ত্তব্য, সেইরূপ তাহাকে শীঘ্র প্রবুদ্ধ করা কর্ত্তব্য। তীক্ষ্ণ অঞ্জন, অভ্যঙ্গ, ধূম, নখের অভ্যন্তরে শস্ত্রপাত, অপূর্ব্ব গীত বাদ্য, আত্মগুপ্ত (আলকুশী ফল) অঙ্গে ঘর্ষণ এই সকল ক্রিয়ার দ্বারা প্রবুদ্ধ করিবে। মূর্চ্ছারোগে আনাহ, লালাস্রাব ও শ্বাস উপদ্রব থাকিলে পরিত্যাগ করিবে। সম্যক্ চেতনা হইলে তীক্ষ্ণ সংশোধন, লঘু পথ্য, শর্করা-যোগে ত্রিফলা, চিত্রক, শুণ্ঠী এবং শিলাজতু প্রয়োগ করিবে। বিশেষতঃ জীর্ণ ঘৃত পান করাইবে। এই রূপ একমাস কাল চিকিৎসা করিবে। মূর্চ্ছারোগ যে দোষ জন্য জ্বর হইলে যে ঔষধ দেওয়া যায়, তাহাতেও সেই ঔষধ প্রয়োগ করিবে। বিষজন্য মূর্চ্ছারোগে বিষঘ্ন ঔষধ প্রয়োগ করিবে।

সপ্তচত্বারিংশ অধ্যায়।

অতিশয় মদ্যপান জন্য রোগের চিকিৎসা।

মদ্য—উষ্ণ, তীক্ষ্ণ, সূক্ষ্ম, বিশদ, রুক্ষ, আশুকারী, ব্যবায়ী এবং বিকাশী মদ্য উষ্ণতা প্রযুক্ত শৈত্য এবং তীক্ষ্ণতাপ্রযুক্ত মনের গতি নাশ করে, সূক্ষ্মতা প্রযুক্ত সকল অবয়বে প্রবেশ করে, বিশদ প্রযুক্ত কফ ও শুক্র নাশ করে, রুক্ষতা প্রযুক্ত বায়ু কুপিত করে, আশু কারিতা প্রযুক্ত দেহে শীঘ্র কার্য্য করে, ব্যবায়িত্ব প্রযুক্ত হর্ষজনক এবং বিকাশিত্ব প্রযুক্ত শরীরে সঞ্চরণ করে। ইহা অম্লরস-বিশিষ্ট, লঘু, রুচিকর ও অগ্নির দীপ্তিকর বলিয়া কথিত আছে। কেহ কেহ বলেন লবণ ব্যতিরেকে অপর সকল রসই ইহাতে আছে। স্নিগ্ধ অন্ন, মাংস ও অন্যান্য ভক্ষ্য দ্রব্যের সহিত মদ্য পান করিলে আয়ু ও বল বৃদ্ধি হয়। কাম্যতা, মনের তুষ্টি, ধৈর্য্য, তেজঃ, অতি বিক্রম, বিধি পূর্ব্বক পান করিলে এই সকল গুণ জন্মে। অজ্ঞ ব্যক্তি ভক্ষ্যদ্রব্য ব্যতিরেকে অপরিমিত মাত্রায় পান করিলে শরীরস্থ অগ্নির সহিত মিলিত হইয়া মত্ততা জন্মায়। মত্ততার দ্বারা ইন্দ্রিয়ের ভাবের অন্যথা হইলে অবশ

হইয়া অপ্রকাশ্য নিগূঢ়ভাব প্রকাশ করে। মত্ততার তিন অবস্থা,— পূর্ব্ব, পশ্চিম এবং মধ্য। পূর্ব্বাবস্থায় বীর্য্য, রতি, প্রীতি, হর্ষ এবং বাক্‌শক্তি বৃদ্ধি হয়; মধ্যম অবস্থায় প্রলাপ, হর্ষ এবং ন্যায্যান্যায্য উভয় প্রকার ক্রিয়াই সম্পাদিত হয়, পশ্চিম অবস্থায় ক্রিয়াশক্তি ও চেতনা রহিত হইয়া শয়ন করিয়া থাকা। শ্লেষ্মল অল্প পিত্ত বিশিষ্ট বা স্নিগ্ধ শরীর হইলে অথবা পরিমিত ভাবে পান করিলে মদ্যপানে অত্যর্থ পীড়া জন্মেনা, ইহার বিপরীত হইলে পীড়া জন্মে। অনাহারে একান্ত মদ্যপান করিলে বিবিধ প্রকার কষ্টসাধ্য রোগ জন্মে এবং শরীর ভেদ হয়। ক্রুদ্ধ, ভীত, পিপাসিত, শোকাভিতপ্ত ক্ষুধার্ত্ত হইলে, পরিশ্রম ভার-বহন এবং পথশ্রমে ক্লান্ত হইলে, বেগের অবরোধ বা অভিহত হইলে, অতিশয় অম্ল ভক্ষণে উদর পূর্ণ হইলে, অজীর্ণ ভোজন করিলে, দুর্ব্বল হইলে অথবা কোনরূপে উষ্ণতার দ্বারা তাপিত হইলে মদ্যপান কর্ত্তৃক বিবিধ বিকার জন্মে।

পান-জন্য রোগ চারি প্রকার, পানাত্যয়, পরমদ, পানাজীর্ণ এবং পান-বিভ্রম। স্তম্ভ, অঙ্গমর্দ্দ (কামড়ানি), হৃদ্‌গ্রহ (হৃদয়ে বেদনা), তোদ, কম্প, বায়ু জন্য পানাত্যয়ের এই সকল লক্ষণ। স্বেদ, প্রলাপ, মুখশোষ, দাহ, মূর্চ্ছা, মুখ ও চক্ষুঃ পীতবর্ণ এই গুলি পিত্তজন্য পানাত্যয়ের লক্ষণ। বমন, শীত, কফস্রাব, শ্লেষ্ম-জন্য পানাত্যয়ের লক্ষণ। সন্নিপাত-জন্য হইলে এই সমস্ত লক্ষণ দৃশ্য হয়। শরীর উষ্ণ ও ভার, মুখ বিরস, শ্লেষ্মার আধিক্য, অরুচি এবং মলমূত্র রোধ, পরমদের এই সকল লক্ষণ। তৃষ্ণা, শিরোবেদনা, সন্ধিভেদ আধ্মান, অম্লরসের উদ্গিরণ এবং বিদাহ (গলাজ্বালা করা), এই পানাজীর্ণের লক্ষণ পিত্তের প্রকোপ দ্বারা জন্মে। হৃদি বেদনা, গাত্রবেদনা, বমন, জ্বর, কণ্ঠধূম, মূর্চ্ছা, কফস্রাব, ঊর্দ্ধগত রোগ, বিদাহ, সুরা, অন্ন বা অন্ন-জাত ভক্ষ্যদ্রব্যে দ্বেষ এই গুলি পানবিভ্রমের লক্ষণ। অধরোষ্ঠ স্থূল এবং উত্তরোষ্ঠ অপেক্ষাকৃত ক্ষুদ্র হওয়া, অতিশয় শীত, দাহ এবং মুখ যেন তৈলাক্ত

এইগুলি অতিপান করার লক্ষণ, এইরূপ রোগী বর্জ্জনীয়। জিহ্বা, ওষ্ঠ ও দন্ত কৃষ্ণ বা নীলবর্ণ, নেত্রপীত ও রক্তের আভা, হিক্কা, জ্বর, বমন, কম্প, পার্শ্বশূল, কাশ, ও ভ্রম পানাহত হইলে এই সকল লক্ষণ হয়।

পূর্ব্বোক্ত সকল প্রকার রোগের চিকিৎসা এক্ষণে বলা যাইতেছে। চুক্র, মরিচ, আর্দ্রক, যমানী, কুষ্ঠ, সৌবর্চ্চল এই সকল দ্রব্য প্রচুর পরিমাণে সংযোগ করিয়া মদ্যপান করিলে বায়ুর শান্তি হয়। অথবা দ্রাক্ষা, যমানী, শুণ্ঠী, হিঙ্গু, ও সৌবর্চ্চল সহযোগে পান করিবে। আম্রাতক (আমড়া), আম্র, দাড়িম, মাতুলুঙ্গ এই সকলের ষাড়ব ও পানক প্রস্তুত করিয়া সেবন করিবে। অথবা এই সকল ফলের রস সংযোগে আনূপবর্গের মাংস, (কূর্ম্ম শম্বুক প্রভৃতি) সুগন্ধিত করিয়া সেবন করিবে। পিত্তপ্রবলতা স্থলে মধুর বর্গের ক্বাথ মিশ্রিত করিয়া, মধু শর্করা-যুক্ত ও গন্ধযুক্ত করিয়া পান করিবে। এবং প্রচুর পরিমাণে ইক্ষুরস সহযোগে মদ্যপান করিয়া ক্ষণকাল অপেক্ষা করিয়া নিঃশেষে বমন করিবে। লাব ও তিত্তির মাংসের রস ও অম্লরহিত মুদ্গ যূষ, ঘৃত ও চিনী সহযোগে সেবন করিবে। কফজন্য পানাত্যয়ে বিল্বফল ও বেতসের রস সহযোগে মদ্যপান পূর্ব্বক কফ উল্লেখন করিবে। তিক্ত ও কটুরস এবং তিক্ত ও কটু দ্রব্য-যোগে যূষ, যবান্ন, জাঙ্গল মাংস এবং শ্লেষ্মনাশক অন্যান্য দ্রব্য সেবন করিবে। সর্ব্ব দোষ জন্য রোগ হইলে পূর্ব্বোক্ত সকল প্রক্রিয়া এবং দ্বিদোষজন্য হইলে দোষের প্রাধান্য বিবেচনা করিয়া প্রতিক্রিয়া করিবে।

পানাত্যয়ে পশ্চাৎ লিখিত যোগগুলি বিশেষ উপকারী। গুড়ত্বক্, নাগকেশর, পিপ্পলী, এলাইচ, যষ্টিমধু, ধন্যা, কৃষ্ণজীরক ও মরিচ চূর্ণ সমভাগে লইয়া প্রচুর কপিত্থরস, জল এবং, পরূষকের সহিত সংযোগ করিয়া পান করিবে। লোধ্র, পদ্ম, করবীর, অন্যান্য জলজ পুষ্প, পদ্মকাষ্ঠ এবং সারিবাদিগণ এই সকল সহযোগে শীতল জল সেচন

করিবে। গুড়ত্বক্, তেজপত্র, মরিচ, এলাইচ, নাগকেশর, বহুবার ফল, গুড় ও দ্রাক্ষা সংযুক্ত এবং সুগন্ধি করিয়া পান করিবে। যষ্টিমধু, কটুকী, দ্রাক্ষা, সসারমূল, কার্পাস মূল এবং গোরক্ষচাকুলে এই সকল সমভাগে লইয়া পানীয় প্রস্তুত করিবে। গাম্ভারি, দেবদারু, বিট্‌লবণ, দাড়িম, পিপ্‌পলী, দ্রাক্ষা, ইহাদিগের জলে পানক প্রস্তুত করিয়া বীজপূরের রস সহ পান করিলে পানজন্য রোগের শান্তি হয়। দ্রাক্ষা, চিনী, যষ্টিমধু, কৃষ্ণজীরক, ধন্যা, পিপ্‌পলী ও ত্বক্‌ যোগে অথবা ফলাম্লের রস, সৌবর্চ্চল যোগে পানীয় প্রস্তুত করিয়া পান করিবে। ভার্গী সহযোগে জল পাক করিয়া অবসেচন করিবে।

ইক্ষাকু (তিতলাউ), অপামার্গ, কুটজবীজ, বকপুষ্প ও উড়ুম্বর একত্র দুগ্ধে পাক করিয়া এক পোয়া পরিমাণে পান করিয়া বমন করিবে। তদনন্তর দিবাবসানে মদ্য পান করিবে। অজীর্ণ জন্মিলে এই প্রক্রিয়া বিধেয়।

গুড়ত্বক্, পিপ্‌পলী, নাগকেশর, বিট্‌লবণ, হিঙ্গু, মরিচ, এলাইচ এই সকল যোগে ফলাম্ল পান অথবা উষ্ণোদক সহ সৈন্ধব, বিট্‌লবণ, গুড়ত্বক্, চব্য, এলাইচ, হিঙ্গু, পিপ্পলী, পিপ্‌পলী মূল, শুণ্ঠী অথবা সুস্বাদু খড় সহযোগে ভোজন প্রশস্ত; অথবা দ্রাক্ষা, কপিত্থ, ও দাড়িম ইহাদিগের পানক প্রস্তুত করিয়া পান করিবে। এই সকল যোগে পান বিভ্রমের শান্তি হয়। অথবা প্রচুর পরিমাণে মধু, শর্করা আম্রাতক, (আমড়া) ও কোলের রস সহযোগে পানক অথবা খর্জ্জুর বেত্র, করীর, পরূষক, দ্রাক্ষা, ত্বক্‌, চিনি, গাম্ভারী অথবা যষ্টিমধু ও উৎপল হিমজলে মিশ্রিত করিয়া পান করিবে। ক্ষীরি বৃক্ষের অঙ্কুর মৃণাল, জীরক, নাগকেশর, তেজপত্র, এলবালু, পদ্ম, পদ্মকাষ্ঠ, আম্রাতক, ভব্য (কামরাঙ্গা), করমর্দ্দ (করঞ্জ), কপিত্থ, কোল, বৃক্ষাম্ল, বেত্রফল, জীরক, দাড়িম এই সকল সেবন করিবে। অথবা মরিচ, জীরক, নাগকেশর, গুড়ত্বক, তেজপত্র, শুণ্ঠী, চৈ, এলাইচ ইহাদিগের

রস বা হিম সূক্ষ্মবস্ত্রে স্রাবিত ও সুগন্ধিযুক্ত করিয়া পান করিবে। ইহাতে পানজন্য সপ্ত প্রকার রোগের শান্তি হয়। মনোহারিণী কামিনীর সমাগমও পানাত্যয়ে বিধেয়।

মদ্যপানে পতিত হইলে পুষ্প ও ফলের (দাড়িম, আমড়া প্রভৃতি অম্ল ফলের) রস, চিনি, মৌল, দারুচিনী, এলাইচ, তেজপত্র, নাগকেশর, কৃষ্ণজীরক, পিপ্পলী, মরিচ এই সকলের চূর্ণ সমভাগে সংযোগ করিয়া পান করিবে। মুথা, যষ্টিমধু, মৌল লাক্ষা, দারুচিনী, বহুবার বৃক্ষের অঙ্কুর, কৃষ্ণজীরক, দ্রাক্ষা, পিপ্পলী, নাগকেশর, এই সকল দুগ্ধে আলোড়িত করিয়া ঈষদুষ্ণ থাকিতে সুরা, বা আসবের সহিত প্রচুর পরিমাণে পান করিবে। বিধিপূর্ব্বক প্রস্তুত না হইলে ইহাতে কোন ফল হয় না।

মদ্য-বিরত ব্যক্তি সহসা অধিক পরিমাণে মদ্য পান করিলে পানাত্যয়-জন্য বিকার জন্মে। মদ্যের অগ্নিবায়বীয় গুণে জলবহা স্রোতঃ সমস্ত শুষ্ক হইয়া তৃষ্ণা জন্মে। তাহাতে রক্ত, লোধ, পদ্মমূল, মৃণাল ইহাদিগের যোগে হিমজল প্রস্তুত করিয়া পিপ্পলী মিশ্রিত করিয়া পান করিবে। ঘৃত, তৈল, বসা, মজ্জা, দধি, ভৃঙ্গরাজ রস যোগে পান করিবে। অঞ্জন ব্যবহার করিতে হইলে বিল্ব ও যবের কাথে সর্ব্বগন্ধা পিষিয়া ও পাক করিয়া ব্যবহার করিবে। রস-বিশিষ্ট ভোজন এবং শীতল সুগন্ধি পানক দোষানুসারে বিধেয়।

পানজন্য উষ্ণতা, পিত্তরক্ত কর্তৃক বৃদ্ধি হইয়া ত্বকে আশ্রয় পূর্ব্বক ঘোরতর দাহ জন্মায়। এরূপ স্থলে পিত্তজন্য দাহের ন্যায় চিকিৎসা করিবে সমৃদ্ধিশালী ব্যক্তির এরূপ দাহ হইলে পশ্চাৎ বক্ষ্যমাণ প্রক্রিয়া কর্ত্তব্য। চন্দনের লেপন প্রথমতঃ হিতকর। শিশিরোদক, শীতল জল ও শীতলতর দ্রব্যে শয্যা প্রস্তুতপূর্ব্বক শয়ন করাইয়া, হার ও মৃণাল বলয়যুক্ত কামিনীর দ্বারা স্পর্শ করাইবে। উৎপল শয্যায় শয়ন করাইয়া নলিনীপত্র বীজন করিবে। অভিলষিত গন্ধ

সেবন করাইবে। কমল-কহ্লার-দল-সঞ্চালিত শীতল বনানিল সেবন পূর্ব্বক প্রীতমনে উপবনস্থ দীর্ঘিকার তীরে বিচরণ করিবে। এইরূপ বিবিধ প্রকার উপবন বিলাসোপযোগী বিবিধ শৈত্য প্রক্রিয়া ও তাহার সঙ্গে সঙ্গে কামিনীর স্পর্শ-সুখ দ্বারা দাহের শান্তি হয়।

পিত্ত-জন্য পানাত্যয়ে কামিনী-সম্ভাষণ বা সংস্পর্শনের দ্বারা হৃষ্ট করিবে। রক্তপিত্ত, তৃষ্ণা, দাহ এই কয়েক স্থলেই সামান্যতঃ এই বিধি প্রয়োজ্য। অতঃপর দাহের বিশেষ প্রতীকার বলা যাইতেছে। সর্ব্ব দেহস্থ রক্ত উদ্রিক্ত হইয়া অতিশয় দগ্ধ হইলে দেহ ও নয়নদ্বয় তাম্রবর্ণ এবং মুখ রক্তগন্ধ-বিশিষ্ট হয় ও শরীর অগ্নি-বিকীর্ণের ন্যায় দগ্ধ হয়। ইহাতে রোগীকে লঙ্ঘন দেওয়াইয়া দোষানুসারে আহারের ব্যবস্থা করিবে। জাঙ্গল মাংসের প্রচুর রস সহযোগে ভোজন করিয়াও যদি দাহের শান্তি না হয়, তবে পিত্তজন্য দাহ হইলে পিত্তজ্বরের ন্যায় চিকিৎসা করিবে। তৃষ্ণার্ত্ত হইয়া পান না করিলে জলীয় রসধাতু ক্ষীণ হইয়া তেজঃ সমুত্থিত হয়। তৎকর্ত্তৃক দেহের অন্তর্ব্বাহ্যে দাহ উপস্থিত হইয়া গল, তালু, ওষ্ঠ, জিহ্বা অত্যর্থ শুষ্ক হয় ও রোগী কাঁপিতে থাকে। এস্থলে তেজের শান্তি করিয়া জলীয় ধাতুর বৃদ্ধি করিবে। শর্করা সহযোগে প্রচুর পরিমাণে শীতল জল, ইক্ষুরস ও মন্থ প্রদান করিবে।

কোষ্ঠদেশ রক্তপূর্ণ হইলে অত্যর্থ দাহ উপস্থিত হয়। দ্বিব্রণীয় অধিকারে ইহার লক্ষণ ও চিকিৎসা বলা হইয়াছে। ধাতুক্ষয়-জন্য দাহ উপস্থিত হইলে মূর্চ্ছা ও তৃষ্ণা জন্মে, স্বর ক্ষীণ হয়, ক্রিয়াশক্তি রহিত ও শরীর অবসন্ন হয়। সে স্থলে রক্তপিত্তের ন্যায় প্রক্রিয়া ও স্নিগ্ধ এবং বায়ুশান্তিকর ক্রিয়া সকল হিতকর। অনাহার, শোক প্রভৃতি অনেক কারণে অন্তর্দ্দাহ জন্মে। অভীষ্ট বিষয়ে প্রাপ্তির দ্বারা তাহার শান্তি হয়। এ সকল স্থলে বন্ধুবর্গের দ্বারা বেষ্টিত হইয়া ক্ষীর, মাংসরস প্রভৃতি আহার করিবে। মর্ম্মস্থানে অভিঘাত জন্য যে দাহ

জন্মে তাহা অসাধ্য। বাহিরে শীতল ও অন্তরে দাহ থাকিলে তাহা অসাধ্য। মদ্যপান-জন্য পীড়ার শান্তি হইলেও শোধনী প্রয়োগ করিবে।

কৃষ্ণজীরক, সচললবণ, উভয়ের সমান আর্দ্রক, সকল একত্র যোগে পরিমাণের স্বর্দ্ধেক জলে আপ্লুত করিয়া তৎসহযোগে সুগন্ধি মদ্যপান করিলে তৃষ্ণার শান্তি হয়। দাহে চন্দন জলে আপ্লুত করিয়া লেপন ও মাল্য ধারণ করিবে। মাংস সংযুক্ত অন্নের সহিত সুরা পান করিলে রোগ হয় না, এবং উন্মত্তও করে না।

অষ্টচত্বারিংশ অধ্যায়।

তৃষ্ণার চিকিৎসা।

সতত জল পানে তৃপ্তি না হইয়া পুনর্ব্বার জলের আকাঙ্ক্ষা হইলে তৃষ্ণা বলা যায়। সংক্ষোভ, শোক, শ্রম, মদ্যপান, রুক্ষ, অম্ল, শুষ্ক, উষ্ণ ও কটু দ্রব্য ভোজন, ধাতুক্ষয়, লঙ্ঘন এবং তাপ, এই সকল দ্বারা পিত্ত ও বায়ু বৃদ্ধি হইয়া জলীয়-ধাতুবাহী স্রোতঃ সমস্ত দূষিত করে। সেই সকল স্রোতঃপথ দূষিত হইলে প্রবলা তৃষ্ণা জন্মে। তৃষ্ণা সপ্ত প্রকার—বায়ু-জন্য, পিত্ত-জন্য, শ্লেষ্মা-জন্য, ক্ষয়-জন্য, (ধাতু ক্ষয়), আম-জন্য এবং ভোজন-জন্য (কটু তিক্ত প্রভৃতি)।

অতঃপর ইহাদিগের লক্ষণ এবং চিকিৎসা বলা যাইতেছে। তালু, ওষ্ঠ, কণ্ঠ এবং আস্যদেশ সম্যক্ শুষ্ক, দাহ, সন্তাপ, মোহ, ভ্রম, বিলাপ, প্রলাপ, সামান্যতঃ এই গুলি তৃষ্ণার পূর্ব্ব লক্ষণ। বিশেষতঃ বায়ু-জন্য তৃষ্ণায়, মুখশোষ, শঙ্খদেশ, শিরোদেশ এবং গলদেশ তোদ (টনটনানি), স্রোতঃ-পথের অবরোধ মুখের বৈরস্য এবং শীতল জলে তৃষ্ণার বৃদ্ধি হয়। মূর্চ্ছা, প্রলাপ, অরুচি, মুখশোষ, পীত-নেত্র, অত্যর্থ দাহ, শীতাভিলাষ, মুখের তিক্ততা এবং কণ্ঠ হইতে ধূমোদ্গম, এই

গুলি পিত্ত-জন্য তৃষ্ণার লক্ষণ। জঠরানল কফ কর্ত্তৃক সংবৃত হইলে তাহার বাষ্প অবরুদ্ধ হয়। তাহাতে জলবাহী স্রোতঃ পথ দূষিত হইয়া (শুষ্ক) তৃষ্ণা জন্মায়। নিদ্রা দেহের গুরুতা, মুখের মধুরতা, শীতজ্বর, বমন, অরুচি, এই গুলি কফ জন্য তৃষ্ণার লক্ষণ। শোণিত-জন্য পীড়া বা শোণিত নিসঃরণ (শস্ত্রাদি দ্বারা) হইলে তৃষ্ণার সকল লক্ষণ প্রকাশ পাইয়াও অধিক জলের আকাঙ্ক্ষা থাকে না। ইহা-কেই রক্ত-জন্য তৃষ্ণা বলা যায়। রস প্রভৃতি ধাতুক্ষয়-জন্য যে তৃষ্ণা জন্মে দিবানিশি পুনঃ পুনঃ পান করিয়াও তাহার শান্তি হয় না। ইহাকে কেহ কেহ সান্নিপাতিক তৃষ্ণা বলে। এস্থলে রস প্রভৃতি ধাতুক্ষয়ের যে সকল লক্ষণ পূর্ব্বে সূত্রস্থানে বলা হইয়াছে তাহা এস্থলে লক্ষ্য করিবে। আম-জন্য তৃষ্ণাতে ত্রিদোষেরই লক্ষণ দৃষ্ট হয়, তদ্ভিন্ন হৃদিশূল, নিষ্ঠীবন এবং শরীরের অবসাদ এই লক্ষণ গুলিও জন্মে। অতিশয় স্নেহ, অম্ল বা লবণ কিম্বা গুরুপাক অন্ন ভোজন করিলে তৃষ্ণা জন্মে। ইহাকে ভোজন জন্য তৃষ্ণা বলা যায়*।

তৃষ্ণার্ত্ত ব্যক্তি ক্ষীণ, মানসিক ক্রিয়া-হীন, ও বধির হইলে, এবং তাহার জিহ্বা নির্গত হইয়া পড়িলে পরিত্যাগ করিবে। উদর পরি-পূর্ণ থাকিয়া তৃষ্ণা প্রবল হইলে পিপ্পলীর কাথে বমন করাইবে। দাড়িম, আম্রাতক শীতল রস ও বীর্য্যবিশিষ্ট দ্রব্যের সহিত পিষিয়া (মূর্দ্ধদেশে) লেপ দিলে তৃষ্ণার শান্তি হয়। আমলকী চূর্ণের গণ্ডূষ ধারণ করিলে মুখের বৈরস্য নষ্ট হয়। সুবর্ণ, রূপ্য, লোষ্ট্র বা উৎপল খণ্ড অগ্নিতপ্ত করিয়া জলে নিক্ষেপণ পূর্ব্বক সেই ঈষদুষ্ণ জল পান করিলে তৃষ্ণা (বায়ু-জন্য) নিবৃত্ত হয়। মধু, শর্করাযোগে হিম জল পান করিলে তৃষ্ণার শান্তি হয়† তৃষ্ণাশান্তিকর যে পাঁচটি গণ

---

* অতিশয় কটু বা তিক্তরস ভোজনেও তৃষ্ণা জন্মে।

† যে প্রণালীতে হিম প্রস্তুত হয় এ জলও সেই প্রণালীতে প্রস্তুত করিবে, অর্থাৎ রাত্রিতে হিমে রাখিয়া প্রাতঃকালে পান করিবে।

গণবর্ণায় উল্লিখিত হইয়াছে তাহাদিগের ফল, মূল, ত্বক্, পত্র পুষ্প অথবা বিদারিগন্ধাদি-গণ জলে সিদ্ধ করিয়া ঈষদুষ্ণ অবস্থায় অল্পে অল্পে পান করিবে। ইহাতে বায়ু-জন্য তৃষ্ণার শান্তি হয়। পিত্ত-নাশক দ্রব্য সহযোগে পাক করা শীতল কাথ, শর্করা ও মধুযোগে অথবা কাকোল্যাদিগণে দুগ্ধ পাক করিয়া পান করিলে পিত্তজন্য তৃষ্ণার শান্তি হয়। টুমুর, কলাই, কণ্টক, পঞ্চমূল, বল্লী পঞ্চমূল যোগে পাক করা জল পান করিলে কফজন্য তৃষ্ণার শান্তি হয়। নিম্ব পুষ্প সহযোগে তপ্ত জল পান করিয়া বমন করিলেও উপকার হয়। সকল প্রকার বিশেষতঃ পিত্তজন্য তৃষ্ণা পূর্ব্বোক্ত রূপ দোষানুসারে প্রতীকার না করিলে নিবৃত্ত হয় না। উড়ুম্বরের বৃক্ষ নিঃসৃত রস বা উড়ুম্বরের কাথ, শর্করা যোগে পান করিবে। সারিবাদিবর্গে শিশির জল সিদ্ধ করিয়া পান করিবে। কেশুর, পাণিফল, পদ্ম, মোচা (কদলীর), মৃণাল, এই সকল যোগে জল সিদ্ধ করিয়া পান করিলে শোণিত-জন্য, পিপাসার শান্তি হয়। নীলোৎপল, বেণামূল, রক্তচন্দন, এই কয়েক দ্রব্য সহযোগে জল রাত্রিকালে বাসিত করিয়া রাখিয়া, পর দিবস চিনী মধু ও প্রচুর পরিমাণে দ্রাক্ষা সহযোগে পান করিবে। সারিবাদিগণ, তৃণপঞ্চমূল, উৎপলাদি গণ এবং মধুর গণ সহযোগে কাথ প্রস্তুত করিয়া মধুক পুষ্প বা তদ্রূপ পুষ্প সহযোগে পান করিবে। কেবল মাত্র কার্পাস ফল অথবা বিম্বিকা ফল পিষিয়া পান করিবে। শোণিত-জন্য পিপাসার, শোণিত-জন্য পীড়া বা শোণিত নিঃসরণ নিবৃত্তির দ্বারা শান্তি হয়। ধাতু ক্ষয় জন্য পিপাসা, শোণিত পান অথবা ক্ষীর ঘৃত বা মাংসের কাথ পানে নিবৃত্ত হয়। আম-জন্য পিপাসা হইলে বিল্ব, বচ ও অগ্নিকর দ্রব্যের একত্র যোগে কাথ, অথবা অগ্নিকর দ্রব্য যোগে আম্রাতক, ভল্লাতক ও বেড়েলার একত্র যোগে কাথ পান করিবে। গুরুপাক অন্ন ভোজনের জন্য যে তৃষ্ণা জন্মে অথবা ক্ষয় জন্য তৃষ্ণা ভিন্ন অপর সকল প্রকার

তৃষ্ণা বমনের দ্বারা নিবৃত্ত হয়। শ্রম-জন্য তৃষ্ণা হইলে মাংসরস, গুড়োদক, বা মস্থ পান করিবে। অন্নের উপরোধ জন্য যে তৃষ্ণা জন্মে তাহাতে উষ্ণ যবাগু বা শীতল মস্থ পান করিবে। স্নেহপান-জন্য তৃষ্ণা হইলে উষ্ণ জল পান করিবে। মদ্যপায়ী ব্যক্তির সদ্যঃ যে তৃষ্ণা জন্মে তাহাতে অর্দ্ধজলমিশ্রিত মদ্যপান কর্ত্তব্য। উষ্ণতা-জন্য তৃষ্ণা হইলে শর্করা সংযুক্ত শীতল জল বা ইক্ষুরস পান করিবে। তৃষ্ণা রোগে দোষানুসারে ক্বাথ পান করিয়া বমন করিবে। যে দোষ জন্য তৃষ্ণা জন্মে সেই দোষ জন্য জ্বরঘ্ন পাঁচন ক্বাথেপ্রয়োজ্য। লেপন, অবগাহন, পরিষেচন, শীতল গৃহে বাস, সংশোধন, দুগ্ধ, মাংসরস, ঘৃত এবং মধুর ও হিম লেহ তৃষ্ণাতে প্রয়োজ্য।

ঊনপঞ্চাশত্তম অধ্যায়।

ছর্দ্দি রোগের চিকিৎসা।

অতিশয় দ্রব, স্নিগ্ধ, অপ্রিয়, বা লবণ অথবা অকালে বা অধিক পরিমাণে ভোজন, বা অনভ্যস্ত দ্রব্য ভোজন জন্য অথবা শ্রমজন্য ক্ষয়জন্য অজীর্ণ বা কৃমিদোষ-জন্য, বা অতিশয় দ্রুত আহার করণ-জন্য বিম্বা স্ত্রীলোকের গর্ভ জন্য বা ঘৃণার সহিত ভোজন জন্য এবং অন্যান্য কারণেও দোষ সমস্ত উৎক্লিষ্ট হইয়া বেগে মুখ মণ্ডল আচ্ছন্ন করিয়া অঙ্গ ভঞ্জন পূর্ব্বক বক্ত্র মধ্যে ধাবিত হয়, ইহাকেই ছর্দ্দি বা বমন বলে। বিরুদ্ধ-আহার-সেবন-শীল ব্যক্তির উদান বায়ু ব্যানের সহিত মিলিয়া দোষ সমস্ত উর্দ্ধগত করে। তদ্দ্বারা বমনেচ্ছা, উদ্গার-রোধ, মুখে লবণাক্ত জল নিঃসরণ, অন্ন পানে দ্বেষ, এই গুলি বমির পূর্ব্ব লক্ষণ।

ভুক্ত দ্রব্য পরিপাকের পর, পুনঃ পুনঃ অল্প অল্প ফেনিল অভ্যর্থ কষায়-রস-বিশিষ্ট বমন, এবং পার্শ্ব ও পৃষ্ঠে শূল শ্রান্তি বোধ

এবং বায়ুর শব্দ সহকারে বমন, এই গুলি বায়ুজন্য বমনের লক্ষণ। মুখ অম্ল কটু বা তিক্ত রসবিশিষ্ট হইয়া রক্ত যুক্ত, পীত বা হরিতবর্ণ বমন হইলে, এবং দাহ, চোষ, জ্বর, মুখশোষ ও মূর্চ্ছা উপদ্রব থাকিলে পিত্তজন্য বমি বলা যায়। শরীর লোমাঞ্চিত হইয়া মধুর রস-বিশিষ্ট শুক্লবর্ণ, হিম, গাঢ় এবং প্রচুর পরিমাণ-বিশিষ্ট কফ সংযুক্ত বমন হইলে কফ-জন্য বমন বলা যায়। ইহাতে অন্নে অরুচি, দেহের গৌরব এবং অবসাদ জন্মে। ত্রিদোষ জন্য বমন হইলে পূর্ব্বোক্ত সকল লক্ষণই দৃষ্ট হয়। ঘৃণা জন্য, গর্ভ-জন্য, আমজন্য, অনভ্যস্ত আহার-জন্য, বা কৃমিজন্য বমনেও দোষের বৃদ্ধি দেখা যায় *। সকল প্রকার বমন রোগেই আমাশয় উৎক্লিষ্ট হয়, এ কারণ প্রথমে লঙ্ঘন কর্ত্তব্য। কৃমি-জন্য হৃদ্রোগে অত্যর্থ শূল ও বমনেচ্ছা জন্মে। কৃমি-জন্য হৃদ্রোগে যে সকল লক্ষণ হয় সেই সকল লক্ষণ ইহাতেও জন্মে। ক্ষীণ শরীরে উপদ্রব বিশিষ্ট এবং ময়ূরপুচ্ছের চন্দ্রিকার ন্যায় বর্ণবিশিষ্ট, শোণিত ও পূয যুক্ত বমন হইতে থাকিলে চিকিৎসা করিবে না। অধিক পরিমাণে দোষ থাকিলে বমন হিতকর। অথবা এরূপ স্থলে দোষানুসারে জ্বরঘ্ন ক্বাথ সেবন করিবে।

বিরেচনও প্রয়োজ্য। মিলিত দোষ-জন্য বমন হইলে দোষ অনুসারে চিকিৎসা করিবে। বমন রোগে লঘু পরিশুষ্ক এবং অভ্যস্ত অন্ন সেবনীয়। ক্ষীর, ঘৃত, সৈন্ধব যোগে মুদ্গ, আমলকের যূষ, ফলাম্ল, সৈন্ধব যোগে বিষ্কির মাংসের রস অথবা পঞ্চমূলীর ক্বাথে ঘৃত এবং মধু-মিশ্রিত যবাগু পানে বায়ু-জন্য বমির নিবৃত্তি হয়। ইহাতে ঈষদুষ্ণ লবণ ও স্নেহ বিরেচনও হিতকর। পিত্ত-জন্য বমন রোগে পিত্ত-শান্তিকর পানীয় দ্রব্য, ক্বাথ এবং শিশির জল পান করা বিধেয়। দ্রাক্ষা রস প্রভৃতি মধুর দ্রব্য যোগে শোধনীও হিতকর।

* অন্যান্য গ্রন্থকারের মতে এই পঞ্চ প্রকার আগন্তুক ছর্দ্দি রোগ বলা যায়।

এই বমি বলবতী হইলে তিল্বক ঘৃত পান করা প্রশস্ত। কফজন্য বমন রোগে আরগ্বধাদি বা দশমূলের ক্বাথ মধুরযোগে পান করাইবে। পূর্ব্বোক্ত ত্রিবিধ বমনেই গুলঞ্চের হিমসংজ্ঞক ক্বাথ মধু সহযোগে সেবন করা প্রশস্ত। ঘৃণাজন্য বমন, প্রিয় দ্রব্য ভক্ষণ দ্বারা এবং স্ত্রীলোকের গর্ভজন্য বমন অভীষ্টফলভক্ষণ দ্বারা নিবৃত্ত হয়। কৃমি-জন্য বমি কৃমিজন্য হৃদ্রোগের ন্যায় চিকিৎসনীয়। আমজন্য বমনে লঙ্ঘন ও বমন এবং অনভ্যস্ত দ্রব্য আহারে যে বমি হয় তাহাতে অভ্যস্ত দ্রব্য আহার বিধেয়।

দোষানুসারে পূর্ব্বোক্ত সকল বিধি অবলম্বন করিবে। দধি-রস সহযোগে পিপ্পলী ও মধু মুহুর্মুহুঃ লেহন করিলে বমি নিবৃত্ত হয়। তণ্ডুলোদক মধুযোগে মধুর করিয়া পান করিবে। পূর্ব্বোক্ত ত্রিবিধ দোষের ঔষধ বমনের দোষানুসারে মধুযোগে প্রচুর পরিমাণে সেবন করিবে। আত্মগুপ্ত ফল (আলকুশী) ও যষ্টিমধু তণ্ডুলোদক ও মধু যোগে দ্রব করিয়া লেহন করিবে। করঞ্জ পত্র সহযোগে যবাগু পাক করিয়া অথবা ধন্যা পিষিয়া অম্ল ও লবণ সহযোগে পান করিবে। অথবা তণ্ডুলোদক ও ত্রিকটু যোগে কপিত্থ ভক্ষণ করিবে। চিনী চন্দন ও মধু সহযোগে মক্ষিকার বিষ্ঠা লেহন করিবে। ঘৃত মধু যোগে লাজচূর্ণ অথবা ঘৃত মধু চিনী যোগে পিপ্পলী চূর্ণ লেহন করিবে। আমলকী রসে চন্দন ঘর্ষণ করিয়া বা মুদ্গ দাইলের যূষ পাক করিয়া পান করিবে। অথবা কুল বা আমলকীর মজ্জা, দারু-চিনী, তেজপত্র, এলাইচ ও মধুযোগে লেহন করিবে। অথবা শালিচাল্য, লাজ বা যবের মণ্ড মধু সহযোগে পান করিবে। মন এবং ঘ্রাণেন্দ্রিয়ের সুখজনক গন্ধদ্রব্য, জাঙ্গল-মাংস-রস, সুস্বাদু পানক, বিবিধ প্রকার সুস্বাদু ভোজন বিধান করিবে।

পঞ্চাশত্তম অধ্যায়।

হিক্কারোগের চিকিৎসা।

বিদাহি, গুরু, বিষ্টম্ভি, রুক্ষ এবং অভিষ্যন্দ-জনক ভোজন, শীতল পান, আসন, স্থান, রজঃ, ধূম, বায়ু-অগ্নি, ব্যায়াম, ভারবহন, পথ-শ্রম, বেগের প্রতিঘাত, উপবাস, আমদোষ, অভিঘাত, স্ত্রী-সংসর্গ জনিত ক্ষীণতা, রোগের যন্ত্রণা, বিষমাশন, অধ্যশন * এবং সংশমনীয় দ্রব্যের অবৈধ সেবন; এই সকল কারণে হিক্কা, শ্বাস, ও কাস জন্মে। যকৃৎ প্লীহা ও অন্ত্রি বা মুখ আক্ষেপণ পূর্ব্বক মুহুর্মুহুঃ শব্দ সহকারে বায়ু ঊর্দ্ধগত হইলে হিক্কা বলা যায়। শীঘ্র প্রাণহিংসা করণে সমর্থ বলিয়া পণ্ডিতেরা ইহার হিক্কা নাম দিয়াছেন।

কফ বায়ুর অনুগত হইলে হিক্কা উৎপন্ন হয়। হিক্কা পঞ্চবিধ,—অন্নজা, যমলা, ক্ষুদ্রা, গম্ভীরা এবং মহতী। মুখ কষায়, সকলেই অপ্রীতি, কণ্ঠ ও বক্ষদেশের ভার এবং জঠরে শব্দ এই গুলি হিক্কার পূর্ব্বরূপ। অন্নপানে অতিশয় সংযুক্ত থাকিলে বায়ু সহসা পীড়িত হইয়া ঊর্দ্ধে গমন পূর্ব্বক হিক্কা জন্মায়, তাহাকে অন্নজা বলে। অনেক বিলম্বে যুগল বেগে যে হিক্কা উদ্গত হইয়া মস্তক ও গ্রীবাদেশ কম্পিত করে, তাহাকে যমলা কহে। যে হিক্কা বিলম্বে মন্দবেগে উৎপন্ন হয় তাহাকে ক্ষুদ্রিকা বলে। এই হিক্কা জত্রুমূল হইতে উৎপন্ন হয়। যে হিক্কা নাভিমণ্ডল হইতে ঘোর গম্ভীর শব্দ সহকারে উৎপন্ন হয়, ওষ্ঠ, কণ্ঠ, জিহ্বা, ও মুখের শুষ্কতা এবং শ্বাস ও পার্শ্ববেদনা প্রভৃতি উপদ্রব জন্মায় তাহাকে গম্ভীরা বলে। মর্ম্মস্থান পীড়িত, দেহ আয়ত এবং এবং সর্ব্বশরীর কম্পিত করিয়া যে হিক্কা সতত বেগে শব্দসহকারে উদ্গত হয় ও অতিশয় তৃষ্ণা জন্মায় তাহাকে মহা হিক্কা বলে।

---

* সূত্রস্থান দ্রষ্টব্য।

হিক্কা উঠিবার কালে অঙ্গ আয়ত হইলে এবং দৃষ্টি ঊর্দ্ধগত ও স্থিরভাবে থাকিলে অথবা রোগী ক্ষীণ হইলে এবং অন্নে দ্বেষ ও কাসি থাকিলে, অথবা গম্ভীরা বা মহতী হিক্কা হইলে, আরোগ্য হয় না।

প্রাণায়াম (প্রাণের নিগ্রহ অর্থাৎ শ্বাসরোধ), ভয় প্রদর্শন, সূচীর দ্বারা বিদ্ধকরণ এবং মনের সংভ্রম হিক্কার পক্ষে প্রশস্ত। মধু-যোগে যষ্টিমধু, অথবা পিপ্‌পলী. পিপ্‌পলী মূল চূর্ণ, শর্করা চূর্ণ সহযোগে অথবা ঈষদুষ্ণ ঘৃত, দুগ্ধ ও ইক্ষুরস অবপীড়নে প্রয়োগ করিবে। রোগী অধিক ক্ষীণ না হইলে বমন ও বিরেচন প্রয়োগ করিবে। নারী-দুগ্ধে রক্তচন্দন পিষিয়া বা সৈন্ধবযোগে ঈষদুষ্ণ ঘৃত বা সৈন্ধব চূর্ণ জলের সহিত নস্য প্রয়োগ করা হিতকর। শাল-নির্যাস (ধুনা), নৈপাল (মনঃশিলা), গোরোচনা অথবা ঘৃতযুক্ত চর্ম্ম ও লোম ধূপে প্রয়োগ করিবে। হিক্কার স্থানে নাভিমণ্ডলে স্বেদ প্রয়োগ করিবে। গিরিমৃত্তিকা, স্বর্ণমাক্ষীক অথবা গ্রাম্য পশুর অস্থি, ভস্ম, মধুসহযোগে লেহন করিবে। ছাগ-বিষ্ঠা, মেষ, গো প্রভৃতির লোম, ময়ূরপুচ্ছ অথবা উড়ুম্বর বা তিল্বক লোধের পুষ্প, ধূম নির্গত না হয় এরূপ দগ্ধ করিবে। সেই ভস্ম, ঘৃত ও মধু সহযোগে লেহন করিবে। সর্জ্জিকাক্ষার বীজপূর লেবুর রস ও মধুযোগে লেহন করিবে। ঘৃত-সহযোগে স্নিগ্ধ যবের মণ্ড, ঈষদুষ্ণ অন্নের গ্রাস বা পায়স অথবা শুণ্ঠীর জলে ছাগীদুগ্ধ পাক করিয়া শর্করা সহযোগে পরিতৃপ্তি পরি-মাণে সেবন করিবে। ছাগ ও মেষের মূত্র আঘ্রাণ করিবে। পূতি-কীট, লশুন, বচ, হিঙ্গু এবং শঙ্খ চূর্ণ করিয়া মধু ও চিনি সহ ভাবিত করিয়া সেবন করিবে। এক পল পরিমাণ সৈন্ধব বা দুইপল পরি-মাণ ঘৃত সেবন করিবে। হরীতকী সেবন করিয়া ঈষদুষ্ণ জল অনুপান করিবে অথবা ক্ষার ও মধু যোগে ঘৃত পান করিবে। অথবা মধু, পিপ্‌পলী যোগে দুই তোলা পরিমাণ কপিত্থের রস পান

করিবে। পিপ্‌পলী, চিনি, আমলকী, শুণ্ঠী, মধু সহযোগে লেহন করিবে। কুলের আঁটির মজ্জা, রসাঞ্জন, লাজ চূর্ণ, মধু সহযোগে লেহন করিবে।

পাটলা বৃক্ষের ফল, পুষ্প, গৈরিক (গিরিমৃত্তিকা) ও কটুকী, খর্জ্জুর শস্য ও পিপ্‌পলী অথবা কাশীস ও মৌল এই চারি প্রকার যোগের যূষ তুল্যপরিমাণ মধুর সহিত পান করিবে। কপোত, পারাবত, লাব, গোধা, বৃষদংশ ইহাদিগের মাংসের রস, অম্ল ফলের সৈন্ধব যুক্ত হিম রস অথবা মৃগ মাংসের রস পান করিবে। সৈন্ধব-যোগে বিরেচন এবং মিছরি যোগে ঈষদুষ্ণ ঘৃত সেবনও হিক্কার * পক্ষে প্রশস্ত। কেহ কেহ বলেন বায়ুর ঊর্দ্ধগতির পক্ষে অনুবাসন প্রশস্ত।

একপঞ্চাশত্তম অধ্যায়।

শ্বাসরোগের চিকিৎসা।

যে সকল কারণে হিক্কা জন্মে সেই সকল কারণেই শ্বাস রোগ জন্মে। প্রাণবায়ু, কফ সংযুক্ত হইয়া স্বীয় প্রকৃতি পরিত্যাগ পূর্ব্বক ঊর্দ্ধগত হইলে শ্বাস বলা যায়। শ্বাস পঞ্চ প্রকার—ক্ষুদ্রক, তমক, ছিন্ন, মহান্ এবং ঊর্দ্ধ। হৃৎপীড়া অন্নে অরুচি, অরতি, আনাহ, পার্শ্বশূল ও মুখের বৈরস্য, এইগুলি শ্বাসরোগের পূর্ব্বরূপ।

কিছুমাত্র শ্রম করিলেই শ্বাস উপস্থিত হয় এবং স্থিরভাবে থাকিলেই সুস্থ থাকে, ইহাকে ক্ষুদ্রক শ্বাস বলে। তৃষ্ণা, স্বেদ, বমনেচ্ছা, কণ্ঠে ঘুর্ঘুরক শব্দ এবং মেঘাচ্ছন্ন দিনে রোগ বৃদ্ধি হইয়া রোগী অভিভূত থাকে, ইহাকে তমক শ্বাস বলে। অতিশয় শব্দ,

---

* নির্ধূম অঙ্গারে হিঙ্গু ও মাষকলাই চূর্ণ নিক্ষেপ করিয়া ধূম পান করিলে সকল প্রকার হিক্কার উপকার হয়।

কাস ও কফ বিশিষ্ট হইলে, দুর্ব্বল ও অন্নে দ্বেষ হইলে এবং রোগী জ্বর ও মূর্চ্ছায় অভিভূত থাকিলে প্রতমক শ্বাস বলে। বস্তিদেশে দাহ জন্মিয়া উদর আধ্মাত হয় এবং বিচ্ছিন্নভাবে শ্বাস নির্গত হয় তাহাকে ছিন্নশ্বাস বলে। সংজ্ঞাহীন, পার্শ্বশূলে পীড়িত, কণ্ঠ অত্যর্থ শুষ্ক এবং শব্দ বিশিষ্ট, নেত্র আয়ত ও স্থির, এই সকল লক্ষণ হইলে মহাশ্বাস বলা যায়। মর্ম্মস্থানে পীড়া, মুহুর্মুহুঃ অজ্ঞান হওয়া ঊর্দ্ধদৃষ্টি এবং স্বরভঙ্গ, এইগুলি ঊর্দ্ধশ্বাসের লক্ষণ। ইহাদিগের মধ্যে ক্ষুদ্র-শ্বাস অনায়াসসাধ্য, তমকশ্বাস কষ্টসাধ্য এবং এবং অপর তিন প্রকার শ্বাস ও দুর্ব্বল ব্যক্তির তমকশ্বাস অসাধ্য।

কেহ কেহ বলেন যে কাস, শ্বাস, হিক্কা এবং হৃদ্রোগে দুর্ব্বল ব্যক্তির পক্ষে স্নেহ-বস্তি, ব্যতিরেকে অন্য উপায়ে ঊর্দ্ধাধোভাগ সংশোধন কর্ত্তব্য। অভয়া-হরীতকী, বিট্‌লবণ, ও অঙ্কোট মূল সহযোগে পুরাতন ঘৃত পাক করিয়া অথবা সচল লবণ অভয়া ও বিল্ব সহযোগে নূতন ঘৃত পাক করিয়া, সেবন করিবে। বিদারিগন্ধাদিগণে ঘৃত পাক করিয়া পিপ্পল্যাদি গণ ও পঞ্চ লবণ প্রক্ষেপ করিবে। এই ঘৃতে শ্বাস ও কাসের শান্তি হয়।

ঘৃতের দ্বিগুণ দুগ্ধ, চতুর্গুণ জল, এবং কাকমাচী, ডহর করঞ্জ, ত্রিকটু, ত্রিফলা, চিত্রক, ইহাদিগের কল্ক, যথা নিয়মে ঘৃত পাক করিয়া তোলক পরিমাণে পান করিলে কাস ও শ্বাসের শান্তি হয়, এবং অর্শঃ অরুচি গুল্ম মল্লভেদ এবং ক্ষয়রোগও নিবৃত্ত হয়।

বাসকের কাথ চতুর্গুণ, এবং বাসকের মূল ও পুষ্প শৃঙ্গী, মৌরি, ভার্গী, শুণ্ঠী, মৌল, মুথা, হরিদ্রা, যষ্টিমধু, চিনী, ইহাদিগের চর্ণ, যথা বিধি ক্রমে ঘৃত পাক করিয়া শীতল হইলে মধুসংযোগে সেবন করিবে। এই ঘৃত সেবনে শ্বাস কাস ও হিক্কার শান্তি হয়।

এক প্রস্থ ঘৃত, দুই সের জল, রাঁম্না, কৃষ্ণচন্দন, বামনহাটী, শুঁয়াঠুটী, বেতস-ফল, কাকমাচী, শুণ্ঠী, বৃহতী এবং কণ্টকারী ইহা-

দিগের কল্ক, * যথা নিয়মে ঘৃত পাক করিয়া এক তোলা পরিমাণে উষ্ণ করিয়া সেবন করিবে।

সৌবর্চ্চল, যবক্ষার, কটুকী, ত্রিকটু, চিত্রক, বচ, অভয়া-হরীতকী, এই সকল দ্রব্য যোগে ঘৃত পাক করিয়া সেবন করিলে শ্বাস আরোগ্য হয়। অগ্রে ঘৃত, দ্বিগুণ জল ও দ্বিগুণ গাভিদুগ্ধে পাক করিয়া লইবে।

ঘৃতের চারি ভাগের এক ভাগ হিঙ্গু, চতুর্গুণ জল এবং তালীশ, ভূমিআমলা, বচ, জীবন্তী, কুষ্ঠ, সৈন্ধব, বিল্ব, পদ্মবীজ, করঞ্জ, সাজিমাটী, পিপ্পলী, চিতে, হরীতকী, গজ পিপ্পলী, ইহাদিগের কল্কে যথা নিয়মে ঘৃত পাক করিয়া সেবন করিলে সকল প্রকার শ্বাস নিবৃত্ত হয়।

পূর্ব্বোক্ত পঞ্চবিধ ঘৃত শ্বাস কাসের পক্ষে প্রশস্ত, তদ্ভিন্ন বাসা ঘৃত এবং ষট্ পলক নামক ঘৃত ও ইহাতে হিতকর †। দশগুণ ভৃঙ্গরাজ রসে রীতিমত তৈলপাক করিয়া সেবন করিলে শ্বাস ও কাসের শান্তি হয়। বিষ্কির পশুর মাংস, অম্লবেতস, ঘৃত ও সৈন্ধব যোগে অথবা হরিণাদির মজ্জা যোগে কাথ প্রস্তুত করিয়া অথবা কুলত্থের ক্বাথ প্রস্তুত করিয়া সেবন করিবে। পাক করা দুগ্ধ পানেও শ্বাস ও কাসের শান্তি হয়।

তিনিসের বীজ, কাকড়াশৃঙ্গী, যবক্ষার অথবা দুরলভা, পিপ্পলী, কটুকী হরীতকী অথবা কুক্কুর বিষ্ঠা, ময়ূরের লোম, কুল, ছোট এলাইচ ও পিপ্পলী অথবা বামনহাটী, দারুচিনী, শুণ্ঠী, শর্করা, শশবৃক্ষের বীজ বা কেবলমাত্র গোক্ষুরী বীজ চূর্ণ, এই পাঁচটি যোগ ঘৃত মধু যোগে লেহন করিলে শ্বাস ও কাসের শান্তি হয়।

---

* কল্ক দ্রব্য ঘৃত ও তৈলের চারিভগের এক ভাগ। ঘৃত পাকের অপরার বিধি স্নেহ পাক অধ্যায়ে দ্রষ্টব্য।

† ষট্পলক ঘৃত প্লীহাধিকারে দ্রষ্টব্য।

ছাতিম পুষ্প ও পিপ্‌পলীচূর্ণ, দধিমস্তুর সহিত সেবন করিবে; অথবা ভৃষ্ট যব মধুসহ সেবন করিবে, অথবা অর্কের অঙ্কুর সহ যব পুনঃ পুনঃ ভাবিত করিয়া তাহার মণ্ড মধুসহ-যোগে প্রচুর পরিমাণে পান করিবে।

শিরীষ, কদলী, কুন্দপুষ্প এবং পিপ্‌পলী তণ্ডুলোদক সহযোগে পান করিবে। কুলের অস্থির মজ্জা, তালমূলী এবং ঋষ্য জাতীয় হরিণের চর্ম্মের ভস্ম * মধুযোগে অথবা বামনহাটী, ঘৃত, মধুযোগে অথবা নিম্ব ও কদম্ব বীজ, মধু ও তণ্ডুলোদক যোগে অথবা দ্রাক্ষা, হরীতকী, পিপ্‌পলী, কাকড়া শৃঙ্গী এবং দুরালভা, ঘৃত, মধুযোগে লেহন করিবে। হরিদ্রা, মরিচ, দ্রাক্ষা, গুড়, রাস্না, পিপ্‌পলী, শটী, সকলের সমান তিলতৈল একত্র যোগে লেহন করিবে। গোময় বা অশ্বপুরীষের রস, মধু ও পিপ্‌পলীযোগে লেহন করিবে। যে সকল যোগ পাণ্ডুরোগে শোথরোগে এবং কাশরোগে সেবনীয় তাহারাও শ্বাস কাশে প্রয়োজ্য। বামনহাটি, গুড়ত্বক্‌, ত্রিকটু, হরিদ্রা, কটুকী, পিপ্‌পলী, মরিচ, বচ, গোময়রস, তলকীটের বীজ, একত্রযোগে মোদক পাক করিয়া সেবন করিলে শ্বাসের শান্তি হয়।

পুরাতন ঘৃত, পিপ্‌পলী, কুলত্থ কলায়ের রস, জাঙ্গল পশুর মাংসের রস, সুরা, কাঞ্জী, হিঙ্গু, মাতুলুঙ্গ রস, দ্রাক্ষা, আমলকী ও বিল্ব এবং মধু এই গুলি শ্বাস ও হিক্কার পক্ষে প্রশস্ত। শ্বাস ও হিক্কা রোগে তৈল ও লবণ যোগে স্নেহ স্বেদ প্রয়োগ করিবে। তদ্দ্বারা গ্রথিত কফ বিলীন হয় এবং বায়ুর শান্তি হয়। স্নিগ্ধ হইলে মাংসের রস ও অন্ন ভোজন করিবে। বাতশ্লেষ্ম-জনিত বিবন্ধ অর্থাৎ মল মূত্র রোধ ঘটিলে ধূম প্রয়োগ করিবে। মনঃশীলা, দেবদারু, হরিদ্রা, পশুর চর্ম্ম, লাক্ষা এবং এরণ্ডমূল ইহাদিগের দ্বারা বর্ত্তি নির্ম্মাণ পূর্ব্বক

* অন্তর্ধূম প্রণালীতে দগ্ধ করিবে যেন কৃষ্ণবর্ণ হয়। পেয় বা লেহ্য ঔষধ রুগ্ন অবস্থায় দুই তিন ঘণ্টা অন্তর সেবন করা কর্ত্তব্য।

ধূম প্রয়োগ কর্ত্তব্য। নূতন ঘৃত, মধুচ্ছিষ্ট (মোম্) ধুনা, গাভির শৃঙ্গ, লোম, খুর, স্নায়ু, ত্বক্, সরল কাষ্ঠ, শল্লকী (যে কাষ্ঠে শিলারস জন্মে), গুগ্‌গুল এবং পদ্মকাষ্ঠ, এই সকল দ্রব্যও ধূমে প্রয়োজ্য। কফ বলবান্ থাকিলে বমন বিরেচন প্রশস্ত। দেহ দুর্ব্বল ও রুক্ষ হইলে প্রচুর পরিমাণে হিতকর দ্রব্য ভোজন করিবে। এস্থলে জাঙ্গল, ঔরভ্র বা আনূপ পশুর মাংস উত্তম রূপে পাক করিয়া ভোজন কর্ত্তব্য।

আমলকী প্রমাণ কণ্টকারী, অর্দ্ধেক পরিমাণে হিঙ্গু ও প্রচুর পরিমাণে মধু সহযোগে লেহন করিলে তিন দিনের মধ্যে শ্বাসের শান্তি হয়। কাষ্ঠরাশি সম্ভূত অগ্নি বা সুররাজ-মুক্ত অশনি যেরূপ দুর্নিবার, শ্বাস, কাশ এবং বিলম্বিকা রোগ সেইরূপ দুর্নিবার।

দ্বিপঞ্চাশত্তম অধ্যায়।

কাশরোগের চিকিৎসা।

যে যে কারণে শ্বাস ও হিক্কারোগ জন্মে সেই সকল কারণেই কাশ রোগের উৎপত্তি। ধূম বা ধূলি কর্ত্তৃক উপঘাত, ব্যায়াম, রুক্ষ অন্ন সেবন, অতি ভোজনশীল ব্যক্তির ভোজন-জন্য অন্ন রসের বিমার্গে গমন এবং বেগের অবরোধ এই সকল কারণে প্রাণবায়ু, কণ্ঠস্থিত উদান বায়ুর অনুগত হইয়া দূষিত হয়। তাহাতে কণ্ঠের স্বর ভগ্ন কাংশ্যের ন্যায় হয় এবং কাশিলে মুখ হইতে দোষ (শ্লেষ্মা প্রভৃতি) নিঃসৃত হয়। ইহাকেই কাশ রোগ বলা যায়।

কাশরোগ পাঁচ প্রকার। বায়ুজন্য, পিত্তজন্য, কফজন্য, ক্ষতজন্য এবং ক্ষয়জন্য। এই পঞ্চবিধ কাশ রোগ ক্রমশঃ বৃদ্ধি পাইলে যক্ষ্মা-রোগে পরিণত হয়। কণ্ঠদেশে কফ, ভুক্ত দ্রব্য গলাধঃকরণে অবরোধ, গলদেশ ও তালুদেশে লেপ (চট্‌চটে), স্বরের বৈপরীত্য, অরুচি অগ্নির

মান্দ্য, এই গুলি কাশরোগের পূর্ব্বরূপ। হৃদয়, ললাট, মূর্দ্ধা উদর ও পার্শ্বদেশে শূল, মুখ ম্লান, বল, স্বর এবং ওজের ক্ষীণতা, বেগের অবরোধ, শুষ্ক কাশ অর্থাৎ শ্লেষ্মাদি উদ্গত না হওয়া, স্বর ভঙ্গ, এই গুলি বায়ু-জন্য কাশরোগের লক্ষণ। বক্ষদেশে দাহ জ্বর, মুখশোষ ও মুখের তিক্ততা, তৃষ্ণা বমনে কটুরস, কাশ, বর্ণের পাণ্ডুতা এবং দাহ, এই গুলি পিত্তজন্য কাশের লক্ষণ। মুখ বিলিপ্ত (চট্‌চটে), শিরোবেদনা, দেহ কফপূর্ণ, অন্নে অরুচি, দেহের গৌরব ও অবসাদ, কাশিলে গাঢ় কফ নিঃসরণ, এই গুলি কফজন্য কাশের লক্ষণ। ব্যয়াম, ভার বহন, অধ্যয়ন বা অভিঘাতের দ্বারা বক্ষঃস্থল বিহিত হইলে হৃদয় বিশ্লিষ্ট হইয়া সর্ব্বদা কাশী হইয়া নিষ্ঠিবনের সহিত রক্ত নিঃসরণ হয়। ইহাকে ক্ষতজন্য কাশী বলা যায়। অতিশয় স্ত্রী-সঙ্গ, ভার বহন, পথশ্রম, যুদ্ধ, অশ্ব গজের নিগ্রহ অর্থাৎ আরোহণ করিয়া বলে দমন করা এই সকল কারণে শরীর রুক্ষ হইয়া বায়ু কর্ত্তৃক উরঃক্ষত না জন্মিয়া কাশ জন্মে। ইহাতে প্রথমে শুষ্ক কাশী হইয়া পরে রক্ত নিঃসরণ হয়। কণ্ঠকূজন, বক্ষঃস্থল ভেদ, শূচী কর্ত্তৃক বিদ্ধের ন্যায় শূল, তাহাতে স্পর্শ সহ্য হয় না, পর্ব্বভেদ জ্বর, শ্বাস, তৃষ্ণা, স্বরের বিকৃতি, পারাবতের ন্যায় কূজন, এই গুলি ক্ষত জন্য কাশের উপদ্রব। বিরুদ্ধ অনভ্যস্ত দ্রব্যের ভোজন, অত্যর্থ স্ত্রী-সঙ্গ, বেগের (মল মূত্রাদি) নিগ্রহ, ঘৃণা ও শোক এই সকল কারণে অগ্নি ব্যাপন্ন হইয়া দোষ ও মল কুপিত করে। তদ্দ্বারা ক্ষয় জন্য কাশ জন্মিয়া শরীর ক্ষয় করে। গাত্রশূল, জ্বর, দাহ, মোহ প্রাণক্ষয়, শোষ, মাংস ক্ষয়, দৌর্ব্বল্য, পূয-যুক্ত রুধিরের নিষ্ঠীবন, এই গুলি ত্রিদোষের লক্ষণ—ক্ষয় জন্য কাশে জন্মে। ইহা অতি দুশ্চিকিৎসনীয়। বার্দ্ধক্য জন্য যে কাশ রোগ জন্মায় তাহা আরোগ্য হয় না—যাপ্য থাকে।

শৃঙ্গী, বচ, কটফল, গন্ধতৃণ, মুথা, ধন্যা, অভয়া-হরীতকী, বামনহাটী, দেবদারু, শুণ্ঠী, এই সকল একত্র হিঙ্গুযোগে উষ্ণোদকের সহিত

পান করিবে। ত্রিফলা, ত্রিকটু, বিড়ঙ্গ, শৃঙ্গী, রাস্না বচ, পদ্মকাষ্ঠ, দেবদারু, এই সকল দ্রব্য মধু, চিনী ও ঘৃতের সহিত লেহ প্রস্তুত পূর্ব্বক লেহন করিবে। হরীতকী, চিনী, আমলকী, যব, পিপ্‌পলী, শুণ্ঠী, একত্র ঘৃত মধুযোগে লেহন করিবে। সৈন্ধবযোগে পিপ্‌পলী ঈষদুষ্ণ জলের সহিত, শুণ্ঠী ও পিপ্‌পলী যোগে গুড় ভক্ষণ বা ঘৃত মধু যোগে দ্রাক্ষা, লেহন করিবে। দ্রাক্ষা চিনী, পিপ্‌পলী, শুণ্ঠী, বংশলোচন এই সকল দ্রব্য সমভাগে ঘৃত মধু যোগে লেহন করিবে, অথবা মরিচ ও মিছরি একত্র যোগে বা আমলকী, পিপ্‌পলী, শুণ্ঠী ও মিছরি সমভাগে চূর্ণ করিয়া দধিমণ্ডের সহিত বা রেণুকা ও পিপ্‌পলী, তুল্য অংশে দধি সহযোগে পান করিবে। হরিদ্রা, দারুহরিদ্রা, দেবদারু, শুণ্ঠী, খদিরকাষ্ঠ এই সকল তুল্য অংশে ঈষদুষ্ণ জলে বা ছাগ মূত্র সহযোগে সেবন করিবে। দন্তী, দ্রবন্তী, তিল্বক-লোধ এবং ঘৃতে ভর্জ্জিত কুলের অস্থির শস্য সৈন্ধব যোগে সমভাগে একপল পরিমাণে সেবন (ক্রমশঃ) করিবে। কুল পরিমিত হিঙ্গু, কাঞ্জী বা অম্লরস সহযোগে পান, অথবা মধু সহযোগে মরিচ লেহন করিবে। বামনহাটী, বচ এবং হিঙ্গু একত্র যোগে বর্ত্তী নির্ম্মাণ পূর্ব্বক ঘৃত যুক্ত করিয়া ধূম প্রয়োগ করিবে। বংশনীল, এলাইচ ও লবণ অথবা মুথা, ইঙ্গুদী, গুড়ত্বক্, যষ্টিমধু, জটামাংসী, মনঃশীলা, এলাইচ একত্র ছাগমূত্রে পিষিয়া বর্ত্তী নির্ম্মিত হয়। বর্ত্তী সহযোগে ধূম প্রয়োগ করিয়া দুগ্ধ অনুপান করিবে। মরিচ যোগে মধু পানও কর্ত্তব্য। এই যোগ গুলির দ্বারা বাতশ্লেষ্ম-জন্য কাশির নিবৃত্তি হয়। দ্রাক্ষারস, মঞ্জিষ্ঠা এবং পুরা নামক গন্ধদ্রব্য দুগ্ধে পাক করিয়া মধু সহযোগে সেবন করিবে। মুদ্গ উত্তমরূপে সিদ্ধ করিয়া, তাহাতে কণ্টকারী শুণ্ঠী ও পিপ্‌পলী মিলিত করিয়া ঘৃত ও মধু সহযোগে মোদক প্রস্তুত করিবে। প্লীহাধিকারস্থ ষড়ঙ্গ ঘৃত সেবনে বায়ুজন্য কাশী আরোগ্য হয়। বিদারিগন্ধাদি অথবা বাসকের রসে ঘৃত পাক করিয়া সেবন

করিবে। স্নেহ-বিরেচন, অনুবাসন বা আস্থাপন বা স্নৈহিক ধূমও প্রয়োগ করিবে। ঈষদুষ্ণ ঘৃত, মাংসরসে সিদ্ধ করা যবের মণ্ড এবং ঘৃতযুক্ত ঈষদুষ্ণ দুগ্ধ পান করা বিধেয়। বমন, বিরেচন, শিরো-বিরেচন, ধূম, কবলগ্রহ, উষ্ণ ও কটু লেহ এই সকলের দ্বারা কফের বিশেষ শান্তি হয়। ত্রিকটু, বিড়ঙ্গ অথবা নিসিন্দা পত্রের রসে ঘৃত পাক করিয়া সেবন করিলে কফজন্য কাশীর শান্তি হয়। পাঠা, বিট্‌লবণ, ত্রিকটু, বিড়ঙ্গ, সৈন্ধব. গোক্ষুরী, রাস্না, চিত্রক, বেড়েলা, কর্কটশৃঙ্গী, মুথা, দেবদারু, দুরালভা, বামনহাটি, অভয়া-হরীতকী, শুণ্ঠী ইহাদিগের কল্ক, কণ্টকারীর রস এবং রসের দ্বিগুণ ঘৃত। এই সকল একত্র পাক করিয়া সেবন করিলে শ্বাস, অগ্নিমান্দ্য, স্বরভেদ এবং পঞ্চবিধ কাশ আরোগ্য হয়।

বিদারিগন্ধাদি, উৎপলাদি, সারিবাদি এবং যষ্টিমধু এই সকলের ক্বাথ, ইক্ষুরস, জল এবং দুগ্ধ এবং কাকোল্যাদিগণের চূর্ণ এই ক্বাথ ও চূর্ণযোগে যথানিয়মে ঘৃত পাক করিয়া প্রাতঃকালে শর্করাযোগে সেবন করিলে পিত্ত-জন্য কাশ এবং স্ত্রীসঙ্গ-জন্য ক্ষয় কাশ আরোগ্য হয়। খর্জ্জুর, বামনহাটী, পিপ্পলী, পিয়াল, মৌরী, এলাইচ, আমলকী ইহাদিগের চূর্ণ সমভাগে লইয়া প্রচুর পরিমাণে ঘৃত, মধু, চিনিযোগে সেবনে পিত্ত-জন্য, ক্ষত-জন্য এবং ক্ষয়-জন্য কাশের শান্তি হয়। মঞ্জিষ্ঠা, হরিদ্রা, রসাঞ্জন, চিতে, পাঠা, মূর্ব্বা, পিপ্‌পলী এই সকল সমভাগে মধু সহযোগে অথবা ইক্ষুরসে পাক করা ঘৃত বা আমলকী চূর্ণ দুগ্ধে পাক করিয়া ঘৃত সহযোগে পান করিলে ক্ষত-জন্য এবং ক্ষয়-জন্য কাশ আরোগ্য হয়। গোধুম, যব এবং কাকোল্যাদি গণের সূক্ষ্মচূর্ণ দুগ্ধ, মধু এবং ঘৃত সহযোগে পান করিবে। ইহাতে পূর্ব্বোক্ত ত্রিবিধ কাশের শান্তি হয়। গুড়োদক বা গুড়েৎ ক্বাথ, শীতল হইলে কিঞ্চিৎ মরিচ চূর্ণ ও মধুসহ সেবন করিবে।

তিন প্রস্থ আমলকীর রস (১২ সের), গুড় অর্দ্ধ তুলা (৬ সের

এক পোয়া), বচ, চই, জীরক, ত্রিকটু, গজপিপ্‌পলী, হবুষা, যমানী, বিড়ঙ্গ, সৈন্ধব, ত্রিফলা, বনযমানী, পাঠা, চিতে, ধন্যা ইহাদিগের চূর্ণ প্রত্যেকে ১ তোলা পরিমাণ, ত্বৃবৃৎ, চূর্ণ ৮ পল, একত্র যোগে মোদক পাক করিয়া দারুচিনী, এলাইচ, তেজপত্র যোগে বিভীতক ফল পরিমাণে সেবন করিবে। ইহার নাম কল্যাণক গুড়। ইহার দ্বারা গ্রহণী, শ্বাস, কাশ, স্বরভঙ্গ, শোষ এবং অগ্নিমান্দ্য নষ্ট হয়, এবং পুরুষত্ব হানির ও স্ত্রীদিগের বন্ধ্যা দোষ দূর হয়।

তণ্ডুল দুই পালী, যব (৮ সের), একশত বড় হরীতকী, একত্র যোগে ক্বাথ প্রস্তুত করিয়া পাদাবশেষ থাকিতে বস্ত্র পূত পূর্ব্বক গ্রহণ করিবে। পরে গুড় (১২৷৷ সের) এবং দশমূল গজপিপ্‌পলী, আলকুশী বীজ, বামনহাটী, শটী, কুড়, শুণ্ঠী, পাঠা, গুলঞ্চ, বচ, শঙ্খ-পুষ্পী, রাস্না, চিতে, আপাঙ্, বেড়েলা, দুরালভা, অৰ্দ্ধ সের তৈল ও অৰ্দ্ধ সের ঘৃত এই সকল দ্রব্য একত্র সেই ক্বাথে পাক করিবে, পরে তাহাতে পিপ্পলী চূর্ণ প্রদান করিবে এবং পাক সিদ্ধ ও শীতল হইলে তাহাতে মধু সংযোগ করিবে। এই রসায়ন কল্ক ও ২টী হরীতকী নিত্য সেবন করিলে রাজযক্ষ্মা, গ্রহণী, শোফ, অগ্নিমান্দ্য, স্বরভেদ, কাশ, পাণ্ডু, শ্বাস, শিরোরোগ, হৃদ্রোগ, হিক্কা ও বিষমজ্বর আরোগ্য হয় এবং মেধা, বল, উৎসাহ বৃদ্ধি ও মন প্রসন্ন হয়। এই রসায়ন ভগবান্ অগস্ত্য মুনির কল্পিত।

কুলীর, চটক, হরিণ, লাব ইহাদিগের মাংসে মধুর ও অন্যান্য বর্গসহ * ক্বাথ প্রস্তুত করিয়া তাহাতে ঘৃত পাক করিয়া সেবন করিলে ক্ষত-জন্য ও ক্ষয়-জন্য কাশ আরোগ্য হয়। শতমূলী, গোরক্ষ, চাকুল্যা এবং বেড়েলা সহযোগে ঘৃত পাক করিয়া সেবন করা কাশের পক্ষে হিতকর।

---

* কাকোল্যাদি, বিদারিগন্ধাদি এবং দশমূল পিপ্‌পলাদি প্রভৃতি পুষ্টিকর উষ্ণ ও কটু রস বিশিষ্ট গণ।

ত্রিপঞ্চাশত্তম অধ্যায়।

স্বরভেদ চিকিৎসা।

উচ্চৈঃস্বরে বাক্য কথন, বিষ সেবন, অধ্যয়ন, অভিঘাত, ও শৈত্য প্রভৃতির দ্বারা বায়ু প্রভৃতি দোষ কুপিত হইয়া শব্দবাহিনী ধমনীর মধ্যে প্রবেশ পূর্ব্বক স্বর বিকৃত করে।

স্বরভেদ ছয় প্রকার—বাতজন্য, পিত্তজন্য, কফজন্য, সন্নিপাত জন্য, ক্ষয়-জন্য এবং মেদজন্য। বাত জন্য হইলে চক্ষু, মুখ, পুরীষ ও মূত্র কৃষ্ণবর্ণ হয় এবং গর্দ্দভের ন্যায় ভগ্ন ও খরতর স্বরে বাক্য নির্গত হয়। পিত্তজন্য হইলে চক্ষু, মুখ, পুরীষ, মূত্র পীতবর্ণ হয়, এবং কথা কহিবার কালে গলদেশে দাহ হয়। কফজন্য হইলে কণ্ঠদেশ কফ কর্ত্তৃক রুদ্ধ হইলে কষ্টে অল্প অল্প বাক্য নিঃসরণ হয়। এ উপদ্রব দিবা ভাগেই বিশেষ রূপ জন্মে। সন্নিপাত জন্য হইলে পূর্ব্বোক্ত সকল প্রকার বিকার বিশিষ্ট এবং বাক্য অস্পষ্ট হয়। ইহা অসাধ্য। ক্ষয়-জন্য হইলে ধূমের ন্যায় (কেবল বায়ু মাত্র) বাক্য নিঃসরণ হয় অর্থাৎ শব্দ হয় না অথবা বাক্ রহিত হয়। এই রোগ বর্জ্জনীয়। অন্তর্গত স্বরে অর্থাৎ গলমধ্যগত স্বরে বাক্য নিঃসরণ হইলে মেদ জন্য বলা যায়। ইহাতে গল, তালু ও কণ্ঠদেশে মেদ লিপ্ত থাকা প্রযুক্ত বাক্য স্পষ্টরূপে এবং শীঘ্র নিঃসৃত হয় না।

রোগী ক্ষীণ, বৃদ্ধ বা কৃশ হইলে, বহুকাল গত বা জন্মাবধি জাত হইলে অথবা মেদ-জন্য বা সর্ব্বদোষ জন্য হইলে স্বরভেদ রোগ আরোগ্য হয় না। রোগীকে স্নিগ্ধ করিয়া বমন, বিরেচন, বস্তি, অবপীড়ন, মুখধাবন, ধূম, লেহ এবং কবলগ্রহের দ্বারা অগ্রে দোষের শান্তি করিবে। শ্বাস ও কাশ রোগের প্রথমাবস্থায় যে সকল প্রক্রিয়া বলা হইয়াছে প্রথমতঃ সেই সকল ক্রিয়া করিবে। তদনন্তর যে সকল প্রতীকার কর্ত্তব্য তাহা পশ্চাৎ বলা যাইতেছে।

স্বরভেদ রোগ বায়ুজন্য হইলে আহারের পর ঘৃত পান করিবে। পটোল, বার্ত্তাকু, ভীমরাজ এবং নীলঝিণ্টী ইহাদিগের রসে ঘৃত পাক করিয়া পান করা প্রশস্ত। অথবা যবক্ষার, যমানী, চিতে ও আমলকী সহযোগে ঘৃত পাক করিয়া পান করিবে অথবা দেবদারু ও চিত্রক সহযোগে ঘৃত পাক করিয়া মধুসহ পান করিবে। ঘৃত ও গুড়সহ অন্ন ভোজন করিয়া ঈষদুষ্ণ জল অনুপান করিবে। পিত্তজন্য হইলে ঐরূপ অন্ন ভোজন করিয়া দুগ্ধ অনুপান করিবে। অথবা সর্ব্বদা ঘৃত পান করিবে। ঘৃতযোগে যষ্টিমধুর পায়স ভোজন করিবে। অথবা শালীতণ্ডুল চূর্ণ, মধু ও ঘৃতে আপ্লুত করিয়া লেহন করিবে, অথবা শতমূলী চূর্ণ বা বেড়েলা চূর্ণ, ঘৃত ও মধু যোগে লেহন করিবে। কফজন্য হইলে, গোমূত্র যোগে কটু দ্রব্য লেহন বা মধু, তৈল যোগে কটু দ্রব্য লেহন করিবে। মেদজন্য হইলে, কফজন্য স্বর বিকারের ন্যায় চিকিৎসা করিবে। সন্নিপাত-জন্য হইলে রোগীকে পরিত্যাগ পূর্ব্বক চিকিৎসা করিবে। উচ্চৈঃস্বরে বাক্য কথন প্রযুক্ত স্বরভঙ্গ হইলে মধুর দ্রব্যের সহিত দুগ্ধ পান করিয়া মধু মিশ্রণ পূর্ব্বক পান করিবে।

চতুঃপঞ্চাশত্তম অধ্যায়।

ক্রিমি রোগের চিকিৎসা।

ভুক্ত দ্রব্য পরিপাকের পূর্ব্বে আহার করণ, অজীর্ণ-জনক অনভ্যস্ত, বিরুদ্ধ বা মলিন দ্রব্য ভোজন, পরিশ্রমের অভাব, গুরুপাক, অতিশয় স্নিগ্ধ এবং শীতল দ্রব্য ভোজন দিবা নিদ্রা, মাষকলাই, পিষ্টান্ন, বিদল, মৃণাল, শালুক, কেশুর, পর্ণ, শাক, সুরা, শুক্ত, দধি. ক্ষীর, গুড়, ইক্ষু, নূপপশুর মাংস, পিণ্যাক (সর্ষপাদির খৈল), চিপিটক এবং

মধুরাম্ল পানীয় এই সকলের দ্বারা শ্লেষ্মা এবং পিত্ত কুপিত হয়। তদ্দ্বারা দেহের বিবিধ স্থানে বিবিধ প্রকার আকার বিশিষ্ট কৃমি সকল জন্মে। আমাশয় ও পক্বাশয়ই তাহাদিগের উৎপত্তির স্থান।

দেহস্থ কৃমি বিংশতি জাতীয় এবং পুরীষ, কফ ও রক্ত এই তিন প্রকার পদার্থ হইতে তাহারা উৎপন্ন হয়। তাহাদিগের নাম ও লক্ষণ বলা যাইতেছে। অযবা, বিযবা, কিপ্‌পা, চিপ্‌পা, গণ্ডুপদা, চূরব এবং দ্বিমুখ, এই সপ্ত প্রকার কৃমি পুরীষ-জাত। ইহারা শ্বেত-বর্ণ, সূক্ষ্ম এবং গুদ অর্থাৎ মল-নির্গত পথে সঞ্চরণ করে। তাহাদিগের মধ্যে কতক গুলির পুচ্ছদেশ স্থূল থাকে। ইহারা পুরীষ-জাত কৃমি। পুরীষ-জাত কৃমি জন্মিলে, শূল, অগ্নিমান্দ্য, পাণ্ডুতা, বিষ্টম্ভ, বল-ক্ষয়, লালাস্রাব, অরুচি, হৃদ্রোগ এবং মলভেদ এই সকল উপসর্গ ঘটে। রক্ত, গণ্ডুপদ, দীর্ঘ', দর্ভপুষ্পা, প্রলূনা, চিপিট পিপীলিকার, এই কৃমি গুলি কফ প্রকোপ হেতু জন্মে। ইহাদিগের দ্বারা শূল, আটোপ, মলভেদ এবং অজীর্ণ এই উপদ্রব গুলি জন্মে। রোমশা, রোম-মূর্দ্ধান, সপুচ্ছা, শ্যাবমণ্ডল, কিক্কিশ ও কুষ্ঠজ এই ছয় প্রকার শোণিত-জন্য কৃমি। ইহাদিগের মধ্যে প্রথম চারি প্রকার কৃমি ধান্যাঙ্কুরের ন্যায় আকারবিশিষ্ট, শুক্ল বর্ণ এবং সূক্ষ্ম। ইহারা মজ্জা, নেত্র, তালু ও শ্রোত্রদেশে জন্মিয়া কেশ, নখ, রোম, ভক্ষণ করে। ইহাদিগের শিরোরোগ, হৃদ্রোগ, বমন, প্রতিশ্যায় প্রভৃতি উপদ্রব জন্মে। কিক্কিশ নামক কৃমি দন্তে জন্মে, এবং কুষ্ঠজ কৃমি শরীরে বিচরণ করে। শোণিত-জাত কৃমি সমূহ রক্তযুক্ত, কৃষ্ণবর্ণ, স্নিগ্ধ এবং স্থূল। ইহা-দিগের কর্তৃক প্রায় রক্তগত রোগ সমস্ত জন্মে।

মাশকলাই, পিষ্টান্ন, লবণ, গুড়, শাক এই সকল আহারের দ্বারা পুরীষ-জাত কৃমি জন্মে। মাংস, মাষকলাই, গুড়, ক্ষীর, দধি এবং (বহু কাল স্থিত বিকৃত অম্লীভূত ইক্ষুরস) এই সকল আহারের দ্বারা কফ-জন্য কৃমি জন্মে। বিরুদ্ধ এবং অজীর্ণ-জনক শাক প্রভৃতি

আহারের দ্বারা শোণিত জন্ম ক্রিমি জন্মে। জ্বর, বিবর্ণতা, শূল, হৃদ্রোগ, অবসাদ, ভ্রম, অরুচি এবং অতিসার, ক্রিমি জন্মিলে এই সকল উপদ্রব ঘটে। প্রথম ত্রয়োদশ প্রকার ক্রিমি স্পষ্ট দৃশ্য হয়। কেশ-জাত প্রভৃতি ক্রিমি অদৃশ্য। প্রথোমক্ত দুই প্রকার ক্রিমিরোগ আরোগ্য হয় না।

ক্রিমি রোগের চিকিৎসা করিতে হইলে রোগিকে প্রথমতঃ স্নিগ্ধ করিয়া সুরসাদি গণের ক্বাথ সহযোগে পাক করা ঘৃত দ্বারা বমন করাইবে। পরে তীক্ষ্ণ বিরেচন প্রয়োগ পূর্ব্বক যব, কোল, কুলথ এবং সুরসাদিগণের ক্বাথ, বিড়ঙ্গ, তৈল ও সৈন্ধব, লবণযোগে আস্থাপন প্রয়োগ করিবে। বস্তি প্রযুক্ত দ্রব্য মলাশয় হইতে প্রত্যাগত হইলে রোগীকে সুখোদকে স্নান করাইয়া ক্রিমি নাশক আহার প্রদান করিবে। তদনন্তর শিরীষ ও অপামার্গের রস, অথবা কচুর রস মধু-সহযোগে পান করিবে। তীক্ষ্ণ ক্রিমিনাশক দ্রব্যই ভোজনের পক্ষে প্রশস্ত। কচুর রস, মধু সহযোগে বা পলাশ বীজের রস বা কল্ক, তণ্ডুলোদক সহযোগে, পালিদা পত্র শালিঞ্চা শাক বা সুরসাদিগণের রস, মধু সহযোগে পান করিবে। অশ্বের পুরীষ চূর্ণ বা বিড়ঙ্গ চূর্ণ, মধু সহযোগে সেবন করিবে। মূষিকাপর্ণ অর্থাৎ ইন্দুরকাণীর পত্র উত্তম রূপে পিষিয়া তৎসহযোগে পিষ্টক প্রস্তুত করিবে। সেই পিষ্টক ভক্ষণ করিয়া ধান্যাম্ল অনুপান করিবে। সুরসাদিগণের কল্ক ও ক্বাথ সহযোগে তৈল পাক করিয়া পান করিবে। বিড়ঙ্গ চূর্ণ ও বিড়ঙ্গ কল্ক উক্ত তৈল-সহ ভক্ষণ করিবে। অথবা সুরসাদিগণের ক্বাথ তিল ভাবিত করিয়া তন্নিঃসৃত তৈল পান করিবে। কুক্কুরের বিষ্ঠা, বিড়ঙ্গ ত্রিফলার ক্বাথে সাতবার ভাবিত করিয়া মধু সহযোগে লেহন পূর্ব্বক আমলকীর রস অনুপান করিবে। এই প্রণালী-ক্রমে লৌহ চূর্ণ সেবন করিয়া বিভাতকী ও হরীতকীর রস অনুপান করিবে। অথবা নাটা করঞ্জার রস মধু সহযোগে, বা

পিপ্‌পলী-মূল অজা-মূত্র সহযোগে পান করিবে। অথবা দধিমস্তু সহযোগে সীসক সপ্তাহ ঘর্ষণ করিয়া পান করিবে। পুরীষ-জাত এবং কফ জাত ক্রমি এই সকল প্রণালীতে চিকিৎসা করিবে।

মস্তক হৃদয় মুখ নাসিকা এ চক্ষু এই সকল স্থানে যে সকল ক্রমি জন্মে তাহাতে অঞ্জন, নস্য, অবপীড়ন প্রয়োজ্য। অশ্বের পুরিষের রস শুষ্ক করিয়া বিড়ঙ্গের ক্বাথে পুনঃ পুনঃ ভাবিত করিবে। সেই চূর্ণ প্রধমনে প্রয়োগ করিবে। এই প্রণালীক্রমে লৌহচূর্ণও প্রয়োজ্য কাংস্য নীল (কাঁসার কলঙ্ক) ও তৈল সহযোগে সুরসাদিগণও নস্যে প্রয়োজ্য। রোম-জাত ক্রমির স্থলে ইন্দ্রলুপ্তের বিধি প্রয়োজ্য। দন্তজাত ক্রমি রোগ মুখ-রোগ-বিহিত প্রণালী অবলম্বন করিবে। রক্তজাত ক্রমি রোগে কুষ্ঠের ন্যায় চিকিৎসা করিবে। সকল প্রকার কুলত্থ ক্বাথ সংযোগে তিক্ত ও কটু রস ভোজন করা হিতকর। দুগ্ধ পানও প্রশস্ত।

দুগ্ধ (ঘন পাক), মাংস, ঘৃত, দধি, শাক, অম্ল, মধুর, হিম, ক্রমিরোগে এই সকল আহার পরিত্যাগ করিবে।

পঞ্চপঞ্চাশত্তম অধ্যায়।

উদাবর্ত্ত রোগের চিকিৎসা।

জীবিতাভিলাষী প্রাজ্ঞ ব্যক্তি বায়ু প্রভৃতি পদার্থের উর্দ্ধ বা অধঃ-প্রবৃত্তির বেগ কদাচই ধারণ করিবে না। বায়ু, পুরীষ, মূত্র, জৃম্ভণ, অশ্রু, ক্ষবথু উদ্গার, বমন এবং শুক্র প্রভৃতির বেগ ধারণের দ্বারা বায়ু উর্দ্ধগত হইয়া এই রোগ জন্মায়, এ কারণ ইহাকে উদাবর্ত্ত বলে। ক্ষুধা, তৃষ্ণা, নিদ্রা এবং শ্বাশের বেগ ধারণেও এই রোগ জন্মে। ইহা-দিগের লক্ষণ এবং চিকিৎসা সংক্ষেপতঃ বলা যাইতেছে। এই রোগ

কারণভেদে ত্রয়োদশ প্রকার হইয়া থাকে। অপথ্য ভোজন-জন্যও অপর এক প্রকার উদাবর্ত্ত জন্মে।

আধ্মান, শূল, হৃদয়ের উপরোধ (আহার বা দেহ সঞ্চালনে হৃদয়ের অভ্যন্তরে যেন কিছু লাগে বলিয়া বোধ হয়), শিরোরোগ, শ্বাস, অতিশয় হিক্কা, কাশ, প্রতিশ্যায়, গলদেশে বেদনা, দেহে পিত্ত এবং শ্লেষ্মার সঞ্চরণ, পুরীষের এককালে অপ্রবৃত্তি বা মুখ হইতে নিঃসরণ, অপান বায়ুর বেগ ধারণে এই সকল উপদ্রব ঘটে। আটোপ (পক্বাশয়ে গুড় গুড় শব্দ), শূল, পরিকর্ত্তন (গুদ অর্থাৎ মল নির্গমের দ্বারে যেন কর্ত্তন করিতেছে এইরূপ পীড়া), বায়ুর ঊর্দ্ধগতি, পুরীষের অপ্রবৃত্তি বা মুখ হইতে নিঃসরণ, পুরীষের বেগ ধারণে এই সকল উপদ্রব ঘটে। কষ্টে অল্প অল্প মূত্র নিঃসরণ, মেঢ্র, গুদ, বঙ্ক্ষণ, মুষ্ক, নাভি, বস্তি অথবা মূর্দ্ধদেশে আকৃষ্ট অর্থাৎ টেনে ধরার ন্যায় যাতনা এবং শূল, মূত্রবেগধারণে এই সকল উপদ্রব জন্মে। মন্যাস্তম্ভ, গলস্তম্ভ, শিরোরোগ এবং মুখ, নাসিকা, চক্ষু ও কর্ণে বায়ুজন্য তীব্র রোগ, জৃম্ভণের বেগ ধারণে এই সকল উপদ্রব জন্মে। আনন্দাশ্রু হউক বা শোকাশ্রু হউক, অশ্রুবেগ ধারণ করিলে মস্তকের ভার, তীব্র নেত্ররোগ এবং পীনস জন্মে। ক্ষবথুর বেগ ধারণে মস্তক, চক্ষু, নাসিকা এই সকল স্থানে রোগ জন্মে। কণ্ঠ ও মুখের পূর্ণতা, অতিশয় তোদ, কুজন এবং বায়ুর প্রবৃত্তি, ইত্যাদি বায়ুজন্য বিকার, উদ্গারের বেগ ধারণে জন্মে। বমনের বেগধারণে কুষ্ঠ, অন্নের বিদগ্ধভাব, মূত্রাশয়েও মল নির্গম পথে ফুলা ও বেদনা এবং কষ্টে মূত্র নিঃসরণ, এই সকল উপদ্রব ঘটে। শুক্রের বেগ ধারণে শুক্রাশ্মরী ও শুক্র স্রাব প্রভৃতি শুক্র-জাত বিকার জন্মে। ক্ষুধার বেগ ধারণে অর্থাৎ ক্ষুধা কালে আহার না করিলে তন্দ্রা, অঙ্গমর্দ্দ, অরুচি, শ্রান্তি এবং দৃষ্টির ক্ষীণতা, এই সকল উপদ্রব ঘটে। কণ্ঠ-শোষ, মুখ-শোষ, শ্রবণ-শক্তির রোধ এবং হৃদয়দেশে বেদনা, তৃষ্ণার বেগধারণে এই

সকল উপদ্রব ঘটে। শ্রান্ত অবস্থায় নিশ্বাসের বেগ ধারণ করিলে হৃদ্রোগ, মোহ অথবা গুল্ম রোগ জন্মে। জৃম্ভণ, অঙ্গমর্দ্দ, দেহ, মস্তক ও চক্ষুর জড়তা অথবা তন্দ্রা, নিদ্রার বেগ ধারণে এই সকল উপদ্রব ঘটে।

তৃষ্ণার্ত্ত, অত্যর্থ ক্লিষ্ট, ক্ষীণ, শূলার্ত্ত ও পুরীষ বমন, উদাবর্ত্ত রোগে এই সকল লক্ষণ ঘটিলে রোগিকে পরিত্যাগ করিবে। বায়ুর বিপথে গমন প্রযুক্ত এই রোগ জন্মে বলিয়া বায়ু স্বাভাবিক পথে আনিবার নিমিত্ত সকল প্রক্রিয়া এই রোগের পক্ষে সকল ঋতুতেই বিধেয়। অতঃপর এই রোগের সামান্যতঃ এবং পৃথক্ রূপ ক্রিয়া সকল বলা যাইতেছে।

বায়ুজন্য উদাবর্ত্ত রোগে স্নেহ ও স্বেদ প্রয়োগ করিয়া আস্থাপন প্রয়োগ করিবে। পুরীষ-রোধজন্য রোগ হইলে আনাহ রোগের প্রক্রিয়া কর্ত্তব্য। মূত্র-রোধ-জন্য হইলে সচল লবণ বা এলাইচ সহযোগে বা দুগ্ধ সহযোগে মদিরা পান করিবে, বা আমলকীর রস জল সহযোগে তিন দিন, বা অশ্ব-পুরীষের রস পান করিবে। মাংস উপদংশের (চাটনি) সহিত মধু অথবা গৌড়িক সীধু পান করিবে। দেবদারু, মূথা, মুর্ব্বা, হরিদ্রা এবং যষ্টিমধু একত্র যোগে কুল প্রমাণ বটী বৃষ্টির জলের সহিত পান করিবে। দুরালভার রস, কুঙ্কুমের ক্বাথ অথবা জলের সহিত এর্ব্বারু (কাকুড় বা শশা) বীজ লবণাক্ত করিয়া পান করিবে। পঞ্চমূলী সহযোগে পাক করা দুগ্ধ বা দ্রাক্ষারস পান করিবে। অশ্মরী-ভেদক যোগ সমস্তও এ স্থলে প্রয়োজ্য। অথবা মূত্রকৃচ্ছ্র অধিকারস্থ যোগ সকলও প্রয়োগ করা যাইতে পারে। সেই সকল যোগ মূত্রাঘাত অধিকারে পরে বলা যাইবে। জৃম্ভণ-ধারণ জন্য রোগে স্নেহ-স্বেদ প্রয়োগ করিবে। অশ্রু ধারণ-জন্য রোগে রোগিকে স্নিগ্ধ ও স্বেদ প্রয়োগ করিয়া অশ্রু মোক্ষণ করাইবে। অথবা তীক্ষ্ণ অঞ্জন, অবপীড়ন, তীক্ষ্ণগন্ধ গ্রহণ, বর্ত্তি প্রয়োগ বা তীক্ষ্ণ

প্রধমন বা সূর্য্য কিরণে দৃষ্টিপাত দ্বারা ক্ষবথু (হাঁচি) প্রবর্ত্তিত করিবে। উদ্গার-রোধ-জন্য উদাবর্ত্ত হইলে স্নেহ ধূম প্রয়োগ ও সচল লবণ ও বীজপূরের (টাবা লেবুর) রস সহযোগে সুরা পান করিবে। বমন রোধ-জন্য হইলে দোষ অনুসারে স্নেহাদি ক্রিয়া করিবে; অথবা ক্ষার ও লবণযোগে অভ্যঙ্গ প্রয়োগ করিবে। এবং বস্তি-শুদ্ধিকর দ্রব্য ও চতুর্গুণ জল সহযোগে দুগ্ধ পাক করিয়া জল নিঃশেষ হইলে প্রচুর পরিমাণে পান করিবে। শুক্ররোধ-জন্য উদাবর্ত্ত হইলে স্ত্রীর সহবাস কর্ত্তব্য। ক্ষুধা-সহন-জন্য রোগে অল্প পরিমাণে স্নিগ্ধ ও উষ্ণ দ্রব্য ভোজন করিবে। তৃষ্ণা সহ্য করিয়া রোগ হইলে শীতল মন্থ বা যবের মণ্ড পান করিবে। শ্রান্ত অবস্থায় শ্বাস-নিগ্রহ-জন্য পীড়া হইলে মাংস রস সহযোগে ভোজন কর্ত্তব্য। নিদ্রা-সহন-জন্য পীড়া হইলে দুগ্ধ পান করিবে এবং প্রিয় কথোপকথনে নিদ্রা যাইবে। আধ্মান-জন্য রোগে দোষানুসারে চিকিৎসা করিবে। রুক্ষ, কষায়, কটু ও তিক্ত ভোজনের দ্বারা কোষ্ঠগত বায়ু কুপিত হইয়া উদাবর্ত্ত জন্মায়। তাহাতে বায়ু, মূত্র, পুরীষ, শোণিত, কফ এবং মেদ-বহা শিরা সমূহের মধ্যে বায়ু ঊর্দ্ধগত হয়। তৎপ্রযুক্ত হৃৎ ও বস্তিদেশে শূল, দেহের গৌরব, অরুচি, বায়ু, মূত্র এবং পুরীষের কষ্টে নিঃসরণ, শ্বাস, কাশ, প্রতিশ্যায়, দাহ, মোহ, বমি, জ্বর, তৃষ্ণা, হিক্কা, শিরো-রোগ, মন ও শ্রুতির বিভ্রম প্রভৃতি বিবিধ বায়ুর প্রকোপ জন্য বিকার জন্মে। এ অবস্থায় তৈল ও লবণযোগে অভ্যঙ্গ প্রয়োগে স্নিগ্ধ করিবে এবং স্বেদ ও নিরূঢ় বস্তি প্রয়োগ করিবে। দোষ প্রযুক্ত মল-ভেদ হইলে ভোজনান্তেও অনুবাসন প্রয়োজ্য। তাহাতেও শান্তি না হইলে অধিক পরিমাণে স্নিগ্ধ করিয়া স্নেহ-বিরেচন প্রয়োগ করিবে। অম্লপানক সহযোগে তেউড়ী, পীলু, যমানীচূর্ণ পান করাইবে। হিঙ্গু, কুষ্ঠ, বচ, স্বর্জ্জিক্ষার এবং বিড়ঙ্গ উত্তরোত্তর দ্বিগুণিত করিয়া সেবন করাইবে। এই দুইটী যোগের দ্বারা উদাবর্ত্ত এবং শূল রোগেরও

শান্তি হয়। দেবদারু, চিত্রক, কুড়, বচ, হরীতকী, পলঙ্কষা, পুষ্কর মূল, (অভাবে কুড়) একত্র যোগে ৩২ সের জলে পাক করিয়া পাদাবশেষ থাকিতে পান করিবে। মূলা (পুরাতন), শুণ্ঠী, পুনর্নবা, পঞ্চমূলী, শোঁদাল একত্র যোগে ক্বাথ প্রস্তুত করিয়া সংসহযোগে ঘৃত উদাবর্ত্তে অতি প্রশস্ত। বচ, আতইচ, কুষ্ঠ, হরীতকী, পিপ্‌পলী এবং মূর্ব্বা, একত্র যোগে উষ্ণোদকের সহিত (চূর্ণ বা শল্ক) পান করিবে। তিক্ত লাউয়ের মূল, ময়নাফল, গুড়ুচী, আতইচ, বচ, কুষ্ঠ, কিণ্ব (সুরাবীজ), চিত্রক, সমভাগে উষ্ণোদকের সহিত পান করিবে। দেবদারু, চিত্রক, ত্রিফলা, বৃহতী একত্র যোগে গোমূত্রের সহিত পান করিবে। ত্রিফলা ও কণ্টকারী আঢ়ক পরিমিত জলে পাক করিয়া * তাহার ক্বাথে এক প্রস্থ যব পাক করিবে। অর্দ্ধ প্রস্থ থাকিতে নামাইয়া হিঙ্গু সহযোগে পান করিবে। মদন ফল, অলাবু বীজ, পিপ্পলী এবং কণ্টকারী, ইহাদিগের চূর্ণ নলের দ্বারা মলাশয়ে প্রধমিত করিবে। দন্তী, কমলাগুড়ী, তিক্তলাউ, চিত্রক, ঘোষা-ফল, পিপ্‌পলী এবং সৈন্ধব লবণ একত্র যোগে গোমূত্রের সহিত বর্ত্তী প্রস্তুত করিবে। ঐ বর্ত্তী নলদ্বারে প্রবিষ্ট করিবে। এই দুইটি নিম্ন লিখিত যোগে শীঘ্র উদাবর্ত্ত রোগের শান্তি হয়।

ষট্‌পঞ্চাশত্তম অধ্যায়।

বিসূচিকা চিকিৎসা।

অজীর্ণ; আম, বিষ্টব্ধ এবং বিদগ্ধ এই চতুর্ব্বিধ কারণে বিসূচিকা, অলসক এবং বিলম্বিকা নামক তিন প্রকার রোগ জন্মে। অজীর্ণ প্রযুক্ত সূচী কর্ত্তৃক গাত্র বিদ্ধ হওনের ন্যায় বায়ু-জন্য যাতনা হইলে

* এস্থলে ত্রিফলা ও কণ্টকারী পরিমাণ না থাকিলেও পরিভাষার নিয়মানুসারে জলের পরিমাণ থাকাতেই দ্রব্যের পরিমাণ জানা যায়।

বিসূচিকা বলা যায়। শাস্ত্রজ্ঞ পরিমিতাহারী ব্যক্তির এই রোগ কদাচ জন্মে না, অসংযতেন্দ্রিয় আহার লোলুপ মূঢ় ব্যক্তিরই জন্মে।

মূর্চ্ছা, অতিসার, বমন, পিপাসা, শূল, ভ্রম, উদ্বেষ্টন, জৃম্ভণ, দাহ, বিবর্ণতা, কম্প, হৃদয়ে বেদনা, শিরো-বেদনা, কুক্ষিদেশের আনদ্ধ ভাব (টেনে থাকা), আচ্ছন্ন প্রায় কুজন (গোঁ গোঁ শব্দ) বায়ু রুদ্ধ হইয়া কুক্ষিদেশে ধাবিত হওন এবং বায়ু পুরীষের কুক্ষিদেশে নিরোধ, হিক্কা এবং উদ্গার এই সকল লক্ষণ হইলে অলসক বলা যায়।

ভুক্তদ্রব্য কফ ও বায়ু কর্ত্তৃক দূষিত হইয়া উর্দ্ধ বা অধোভাগে প্রবর্ত্তিত না হইলে বিলম্বিকা রোগ বলা যায়। ইহা বর্জ্জনীয়। আম কর্ত্তৃক আমাশয়ে বিশেষ পীড়া জন্মিলে এবং দোষের সকল লক্ষণ প্রকাশ পাইলে আমজন্য রোগ বলা যায়।

দন্ত, ওষ্ঠ, নখ, শ্যাববর্ণ, অল্প সংজ্ঞা, বমন, নেত্র কোষ-মগ্ন (চক্ষু খোলে বসিয়া যাওয়া), স্বরের ক্ষীণতা এবং সন্ধির শৈথিল্য এই গুলি ঘটিলে বিসূচিকা রোগীকে পরিত্যাগ করিবে *। রোগ অসাধ্য না হইলে পার্ষ্ণিদ্বয় দগ্ধ করণ, অগ্নিতাপ এবং তীক্ষ্ণ বমন প্রশস্ত। অন্ন পরিপাক হইলে লঙ্ঘন, পাচন ও বিরেচন প্রয়োজ্য। এই সকলের দ্বারা শরীর সংশোধিত হইলে মূর্চ্ছা, অতিসার প্রভৃতি উপদ্রবের শান্তি হয়। ইহাতে আস্থাপনও প্রয়োজ্য।

পূর্ব্বোক্ত সকল রোগের অপরাপর যোগ বলা যাইতেছে। হরীতকী, বচ, হিঙ্গু, ইন্দ্রযব, রশুন, সচল লবণ, আতইচ, এই সকলের চূর্ণ ঈষদুষ্ণ জলের সহিত পান করিলে অজীর্ণ, শূল, বিসূচিকা ও অরুচির শান্ত হয়। অথবা ক্ষারাগদ (বিষ চিকিৎসায় দ্রষ্টব্য) বা বিট্‌লবণ কিম্বা প্রচুর পরিমাণে গুড় সহযোগে সর্ষপ অথবা সৈন্ধব, হিঙ্গু, বীজপূর, ঘৃত, ত্রিফলা এবং ত্রিকটু একত্র অম্লরস সহযোগে অথবা

* বিসূচিকাই ওলাউঠা রোগ ওলাউঠা রোগে এই লক্ষণ গুলি ঘটিলে রোগীকে কদাচই বাঁচিতে দেখা যায় না।

সুহীক্ষীর (মনসার আটা) মিশ্রিত ত্রিকটু, সৈন্ধব লবণ সহযোগে পান করিবে। অথবা বাতব্যাধি চিকিৎসার অন্তর্গত কল্যাণ লবণ বা পিপ্পলী, যমানী এবং অপামার্গ অথবা তুল্য পরিমাণে পিপ্‌পলী এবং দন্তী বা ঘোষালতার রস ও দন্তী সহযোগে পিপ্‌পলীর কল্ক বা শুণ্ঠীর কল্কযুক্ত পিপ্পলীর কল্ক উষ্ণোদকের সহিত পান করিবে। ত্রিকটু, নাটাফল, হরিদ্রা, দারুহরিদ্রা এবং পিপ্পলীমূল সমভাগে টাবালেবুর রসে মর্দ্দন পূর্ব্বক ছায়া শুষ্ক করিয়া গুটিকা প্রস্তুত করিবে। ইহার অঞ্জনে বিসূচিকার শান্তি হয়। সম্যক্ রূপে বান্ত বিরেচিত বা লঙ্ঘিত হইলে এবং সম্যক্ ক্ষুধা হইলে পাচনীয় ও অগ্নিকর পেয়া (যব প্রভৃতির) পান করাইবে।

কুপিত বায়ু কর্ত্তৃক আম অথবা পুরীষ সঞ্চিত হইয়া বদ্ধ হইলে এবং আপনা হইতে নির্গত না হইলে আনাহ রোগ বলা যায়। আনাহ রোগ আম-জন্য হইলে তৃষ্ণা, প্রতিশ্যায়, শিরোদাহ, আমাশয়ে শূল ও ভার, বমনেচ্ছা, উদ্গারের ব্যাঘাত (উদ্গার সম্যক্ রূপে নির্গত না হওয়া), কটি, পৃষ্ঠ, পুরীষ ও মূত্রের স্তব্ধ ভাব, শূল মূর্চ্ছা, পুরীষবমন, শ্বাস এবং অলসক রোগের পূর্ব্বোক্ত সকল লক্ষণ প্রকাশ পায়।

এ স্থলে পুরীষ-জন্য আনাহ রোগ হইলে ও পুরীষ বমন না হইলে, স্বেদ ও পাচনীয় দ্রব্যের দ্বারা অগ্রে আমের পরিপাক করিবে। বিসূচিকা রোগে যে সকল বিরেচক দ্রব্য বলা হইয়াছে সেই সকল দ্রব্য মহিষ, ছাগ, মেষ, হস্তী ও গো ইহাদিগের মূত্রে ভাবিত করিয়া বর্ত্তী নির্ম্মাণ করিবে। রোগীকে স্বেদ প্রয়োগ করিয়া পায়ুরন্ধ্রে নল প্রবিষ্ট করিয়া ঐ বর্ত্তীর চূর্ণ তদ্দ্বারা প্রধমিত করিবে। ঊর্দ্ধাধোভাগশোধনকর দ্রব্য (শোধনী বর্গ দ্রষ্টব্য) গোমূত্রে পাক করিয়া সেই কাথ ও তাহার অর্দ্ধেক মূত্র একত্র মধু সংযোগ করিয়া নিরূঢ় বস্তি প্রয়োগ করিবে। লবণযোগে তেউড়ী সেবন করাইয়া বিরেচনের

প্রণালী অবলম্বন করিবে। অথবা পূর্ব্বোক্ত সকল দ্রব্যের সহযোগে তৈল পাক করিয়া অনুবাসনে প্রয়োগ করিবে।

সপ্তপঞ্চাশত্তম অধ্যায়।

অরোচক রোগের চিকিৎসা।

চিত্ত-বিপর্য্যয় হেতু দোষ ভিন্ন রূপে বা পরস্পর মিলিত হইয়া হৃদয়ে গাঢ়রূপে ব্যাপ্ত হইলে অন্নে অরুচি জন্মে। অরুচি পঞ্চবিধ। হৃদি-শূল এবং মুখের বৈরস্য, এই দুইটী বায়ু-জন্য অরুচির লক্ষণ। হৃদয়ে দাহ, চোষ, মুখের তিক্ততা, মূর্চ্ছা এবং তৃষ্ণা এই গুলি পিত্ত-জন্য অরুচির লক্ষণ। কণ্ডু, গুরুতা, কফস্রাব, দেহের অবসাদ, তন্দ্রা এবং মুখের মধুরতা, এই গুলি শ্লেষ্মজন্য অরোচকের লক্ষণ। ত্রিদোষ-জন্য হইলে হৃদয়ে বায়ু, পিত্ত, কফের বহুতর লক্ষণ প্রকাশ পায়। রাগ, শোক, ভয়, মনের বিপ্লব এবং অশুচি দর্শন, এই সকল কারণেও অরুচি জন্মে।

বায়ু-জন্য অরুচি হইলে জলের সহিত বচের চূর্ণ পান করিয়া বমন করিবে। তদনন্তর পিপ্পলী, বিড়ঙ্গ, যবক্ষার, হরেণু, বামনহাটী, রাস্না, এলাইচ, হিঙ্গু, সৈন্ধব এবং শুণ্ঠী ইহাদিগের চূর্ণ, ঘৃত, সুরা বা উষ্ণ জলের সহিত পান করিবে। পিত্ত-জন্য হইলে মধুর গুড়োদক পান করিয়া বমন করিবে। তদনন্তর সৈন্ধব, চিনি, মধু ও ঘৃত একত্র সেবন করিবে। কফ-জন্য হইলে নিম্বোদক পান করিয়া বমন করিবে। তদনন্তর যমানী-চূর্ণ অথবা বায়ু-জন্য অরোচকে পূর্ব্বোক্ত চূর্ণ পিয়ালের রস ও মধু সহযোগে পান করিবে। ত্রিদোষ জন্য হইলে পূর্ব্বোক্ত সকল যোগেই প্রয়োগ করিবে।

দ্রাক্ষা, পটোল, বিট্‌লবণ, বেত্র-করীর (বেতের ডগা), নিম্ব,

মুর্ব্বা, অভয়া-হরীতকী, বিভীতকী, বদর, আমলকী, দেবদারু, পিয়াল বীজ, করঞ্জ বীজ এই সকল একত্র গোমূত্র যোগে লেহ প্রস্তুত করিবে। মুথা, বচ, ত্রিকটু, হরিদ্রা, দারুহরিদ্রা, ভার্গী (বামনহাটী), কুষ্ঠ, মুর্ব্বা এই সকল একত্র যোগে মেষ মূত্রে পিষিয়া হস্তী-মূত্র সহযোগে পাক করিবে। এই কয়েকটী যোগের দ্বারা গুল্ম, অরুচি, শ্বাস এবং হৃদ্রোগের উপশম হয়।

অরুচিরোগে অভ্যস্ত স্বদেশ-জাত মূল, ফল, ষাড়ব প্রভৃতি বিবিধ প্রকার ভক্ষ্য ও পানীয় এবং লঘু, রুক্ষ, মনের প্রীতিকর সকল দ্রব্য ভক্ষণ ও পান করিবে। ত্রিকটু, হরিদ্রা, ত্রিফলা এবং যবশূক এই সকলের চূর্ণ, অথবা অন্যান্য তিক্ত বা কটু দ্রব্য চূর্ণ মধু সহযোগে মুখধাবনে ব্যবহার করিবে। মুস্তাদি বা আরগ্বধাদি গণের ক্বাথ মধু, মূত্র, আসব, গুড়, এবং ক্ষার আসব এই সকল দ্রব্যে বিবিধ লেহ প্রস্তুত করিয়া সেবন করিবে। এই সকল যোগের দ্বারায় কফ ও বাত-জন্য অরুচির শান্তি হয়।

অষ্টপঞ্চাশত্তম অধ্যায়।

মূত্রাঘাত রোগের চিকিৎসা।

বাতকুণ্ডলী, বাতাষ্টিলা, বাতবস্তি, মূত্রাতীত, মূত্রজঠর, মূত্রোৎসঙ্গ, মূত্রক্ষয়, মূত্রগ্রন্থি, মূত্রশুক্র, উষ্ণবাত এবং দুই প্রকার মূত্রোকসাদ রোগ, মূত্রাঘাত রোগ এই দ্বাদশ প্রকার।

রুক্ষ বা বেগের ব্যাঘাত জন্য বায়ু বিগুণিত হইয়া বস্তিদেশে কুণ্ডলাকারে থাকে। তজ্জন্য মূত্র রোধ হইয়া বস্তিদেশে বেদনা জন্মে অথবা যাতনা সহকারে অল্প অল্প মূত্র নিঃসরণ হয়, এই সুদারুণ রোগকে বাতকুণ্ডলী বলে। মলদ্বার এবং বস্তিদেশে বায়ু আশ্রয় করিলে অষ্ঠীলার ন্যায় কঠিন ও অচল গ্রন্থি জন্মে; ইহাকে বাতাষ্ঠীলা

বলে। মূত্রবেগ ধারণ করিলে, বস্তিগত বায়ু কর্ত্তৃক বস্তির মুখ রুদ্ধ হইয়া মূত্ররোধ হয় এবং বস্তি ও কুক্ষিদেশে পীড়া জন্মে। এই কষ্ট-সাধ্য রোগকে বাতবস্তি বলে। মূত্রবেগ ধারণ করিয়া পুনর্ব্বার ত্যাগ করিতে ইচ্ছা করিলে, অতি কষ্টে অল্পে অল্পে অথবা প্রবাহ-ভাবে পুনঃ পুনঃ নিঃসরণ হয়—ইহাকে মূত্রাতীত বলে। মূত্রবেগ বিহত হইলে (নিঃসরণ হইবার কালে বাধা পাইলে) অপান বায়ু কুপিত হইয়া উদর বায়ু পূর্ণ হয়, তজ্জন্য নাভির অধোভাগে আধ্মান ও তীব্র বেদনা জন্মে—ইহাকে মূত্র-জঠর বলে। প্রবৃত্ত মূত্র বস্তিদেশ মূত্রনাল, বা মণিতে বদ্ধ হইয়া প্রবাহিত ভাবে অল্পে অল্পে রক্তের সহিত নিসঃরণ হয় এবং তাহাতে যাতনা থাকে নাও থাকে। ইহাকে মূত্রোৎসঙ্গ বলে--কুপিত বায়ু জন্য জন্মে। রুক্ষ ও ক্লান্ত-দেহ ব্যক্তির বস্তিগত পিত্ত ও বায়ু কর্ত্তৃক দাহ ও বেদনাযুক্ত কষ্টসাধ্য মূত্রক্ষয় রোগ জন্মে। বস্তি মুখের অভ্যন্তরে অশ্মরির লক্ষণ বিশিষ্ট বেদনা যুক্ত বৃত্তাকার ক্ষুদ্র গ্রন্থি জন্মিলে এবং তাহা নির্গত না হইয়া মূত্রপথ রুদ্ধ করিয়া থাকিলে, মূত্রগ্রন্থি রোগ বলা যায়। ইহা বেদনা প্রভৃতি যন্ত্রণার দ্বারা জানা যায়। মূত্রবেগ উপস্থিত কালে মৈথুন আচরণ করিলে সহসা রেতযুক্ত মূত্র নিঃসরণ হয়। অথবা মূত্র নিঃসরণের পূর্ব্বে বা পরে ভস্মোদকের ন্যায় মূত্র নির্গত হয়। ব্যায়াম, পথশ্রম ও আতপ কর্ত্তৃক পিত্ত কুপিত হইয়া বস্তিদেশে গমন পূর্ব্বক বায়ুর দ্বারা আবৃত হয়। তৎকর্ত্তৃক বস্তি, মেঢ্র ও মলদ্বার দগ্ধ হইয়া হরিদ্রা বর্ণ মূত্র কষ্টে নিঃসরণ হয়, তাহাতে রক্ত থাকে, নাও থাকে।

নির্ম্মল পীতবর্ণ মূত্র দাহ সহকারে বহলভাবে নির্গত হয় এবং শুষ্ক হইলে গোরচনার ন্যায় বর্ণ হয়। ইহাকে পিত্তজন্য মূত্রৌকসাদ বলে। পিচ্ছিল, গাঢ়, শ্বেতবর্ণ মূত্র কষ্টে নির্গত হইলে কফজন্য মূত্রৌকসাদ বলে।

কষায়, কল্ক, ঘৃত, ভক্ষ্য, লেহ, পেয়, ভার, মধু, আসব, স্বেদ, বস্তি, উত্তর বস্তি এই সমস্ত বিধান করিবে। অশ্মরী নাশক এবং মূত্রজন্য উদাবর্ত্তের যোগ সকলও প্রয়োজ্য।

এর্ব্বারু বীজের দুই তোলা পরিমিত কল্ক, সৈন্ধব ও ধান্যাম্ল সহযোগে পান করিলে মূত্রকৃচ্ছ্র নিবৃত্ত হয়। মূত্রকৃচ্ছ্র রোগে সচল লবণ সহযোগে সুরা বা মধুযুক্ত মাংসের উপদংশ (চাটনি) যোগে গুড়জাত সুরা, পান করিবে। অথবা মধূদক পর্য্যুষিত করিয়া রাখিবে, প্রাতঃকালে দুই তোলা কুঙ্কুম তৎসহযোগে পান করিবে। দাড়িমের রস, সৈন্ধব এবং প্রচুর পরিমাণে এলাইচ, জীরক ও শুণ্ঠী সহযোগে সুরা পান করিবে। পৃথকপর্ণাদি বর্গের * ও গোক্ষুরির মূল অর্দ্ধপ্রস্থ জল এবং মূলের চতুর্গুণ দুগ্ধ একত্র পাক করিয়া দুগ্ধ শেষ থাকিতে শীতল হইলে চিনী ও মধুযোগে পান করিবে। ইহা দ্বারা বায়ু পিত্ত-জন্য মূত্রাঘাত নিবৃত্ত হয়। গর্দ্দভ ও অশ্বের বিষ্ঠা বস্ত্রে নিষ্পীড়িত করিয়া কুড়ব পরিমিত রস পান করিলে মূত্র রোগের শান্তি হয়। মুথা, অভয়াহরীতকী, দেবদারু, মূর্ব্বামূল, মৌল ও দ্রাক্ষা ইহাদিগের দুই তোলা পরিমিত কল্ক জল সহযোগে পান করিবে। অথবা পর্য্যুষিত শীতল বারি পান করিবে। কুড়ব পরিমিত (৩২ তোলা) কণ্টকারীর রস অথবা কল্ক মধু সহযোগে, আমলকীর রস কুড়ব পরিমাণে অথবা আমলকীর রস বা শীতল তণ্ডুলোদক সহযোগে ছোট এলাইচ পিষিয়া পান করিবে। তালের নূতন মূল, সসার জল সহযোগে রূপা ভস্ম ও কর্কট পান করিবে। মধুর দ্রব্য সহযোগে দুগ্ধ পাক করিয়া ঘৃত মিশ্রিত করিয়া পান করিবে। ইহাতে মূত্রদোষ ও শুক্রদোষ নিবৃত্ত হয়। বেড়েলা, গোক্ষুরী, ক্রৌঞ্চাস্থি, কুলত্থ কলাই, বংশমূল, দেবদারু, চিতেমূল এবং আমলকী বীজ, সুরা সহযোগে ইহাদিগের কল্ক পান করিবে। ইহার

* পৃথক পর্ণাদি বর্গ সূত্রস্থানে শমনীবর্গ দ্রষ্টব্য।

দ্বারা মূত্রদোষের শান্তি এবং অশ্মরী শোধিত হয়। পাটলা বৃক্ষের ক্ষার সপ্তবার পরিশ্রুত করিয়া তৈল সংযোগে পান করিবে। নল, ইক্ষু, কুশ, পাথর-কেঁাড়, সসা বীজ, কাঁকুড় বীজ, দুগ্ধে পরিশ্রুত করিয়া ঘৃত সহযোগে পান করিবে। পাটলা, যবশূক, পালিতামাদার, তিল এই সকলের ক্ষীরোদক সহযোগে গুড়ত্বক্, এলাইচ এবং ত্রিকটু চূর্ণ পান করিবে। অথবা ঐ সকল চূর্ণ প্রত্যেকে গুড়ের সহিত মিশ্রিত করিয়া লেহন করিবে।

অতঃপর মূত্রদোষের হিতকর ক্রম বলা যাইতেছে। স্নেহ স্বেদ প্রয়োগ করিয়া পরে বিরেচন করাইবে। তদনন্তর দেহ সংশোধিত হইলে উত্তর বস্তি প্রয়োগ করিবে। স্ত্রী-সংসর্গের আতিশয্যে শোণিত নিঃসরণ হইলে স্ত্রী-সংসর্গে নিবৃত্ত হইবে এবং বৃংহণীয় অর্থাৎ দেহের পুষ্টিকর বিধান অবলম্বন করিবে। অর্দ্ধ পাত্র মধু, এক পাত্র ক্ষীর, ঘৃত, আলকুশী বীজ, তিল্বকলোধ, পিপ্পলী চূর্ণ একত্র যোগে অর্দ্ধ ভাগ, দর্ব্বীর দ্বারা মথিত করিয়া তাহার পাণিতল পরিমিত চূর্ণ লেহন করিয়া পরে দুগ্ধ পান করিবে। বেড়েলা, কুলের আঁটি, যষ্টিমধু, গোক্ষুরী, শতমূলী, মৃণাল, কেশুর, কুলথ কলাই, মহাশতমূলী, শালপাণী, পারুল, চাকুলিয়া, পীতবেড়েলা, ভূমিকুষ্মাণ্ড এবং বৃংহণীয় গণ, (কাকোল্যাদি গণ), এই সকল দ্রব্য সমভাগ চতুর্গুণ দুগ্ধ এবং তুলা পরিমাণ গুড় একত্র পাক করিয়া ৩২ সের পরিমাণ থাকিতে বস্ত্রপূত করিয়া তৎসহযোগে অষ্ট সের ঘৃত পাক করিবে। পাক সিদ্ধ হইলে দুই সের পরিমাণ মধু মিশ্রিত করিয়া কলসী মধ্যে রাখিবে। এই ঘৃতের দ্বারা সকলপ্রকার মূত্রদোষ, শোণিত দোষ, বন্ধ্যা দোষ এবং যোনিদোষ নিবৃত্ত হয়।

ঊনষষ্টিতম অধ্যায়।

মূত্রদোষের চিকিৎসা।

বায়ু, পিত্ত, কফ, সন্নিপাত, অভিঘাত, অশ্মরী এবং শর্করা এই অষ্টবিধ কারণে মূত্রদোষ জন্মে। কোষ, মূত্রনালী এবং বস্তি পীড়িত করিয়া কষ্ট সহকারে অল্পে অল্পে মূত্র নিঃসরণ হইলে বায়ু-জন্য মূত্রাঘাত বলা যায়। হরিদ্রা বা রক্তবর্ণ মূত্র, কোষ, মূত্রনালী এবং বস্তিদেশ যেন দগ্ধ করিয়া নিঃসরণ হইলে পিত্ত-জন্য মূত্রদোষ বলা যায়। কোষ, মূত্রনালী এবং বস্তিদেশের ভার, লোমহর্ষণ এবং স্নিগ্ধ, শুক্ল ও অনুষ্ণ মূত্র নিঃসরণ এই গুলি শ্লেষ্ম-জন্য মূত্রদোষের লক্ষণ। দাহ ও শীত অনুভব, মুহুর্মুহুঃ নানা বর্ণের মূত্র নিঃসরণ, তমো ভাব এবং মূত্র নিঃসরণে কষ্ট এই গুলি সান্নিপাতিক মূত্রদোষের লক্ষণ। মূত্রবাহী-স্রোত-পথ ক্ষত বা অভিহত হইলে অত্যর্থ বেদনাযুক্ত মূত্রাঘাত জন্মে তাহাতে বাত-বস্তি রোগের ন্যায় সকল লক্ষণ প্রকাশ পায়। পুরীষের বেগ বিহত হইলে বায়ু বিগুণ হয় তজ্জন্য উদর আধ্মান হয় এবং শূল সহকারে মূত্ররোধ হয়। অশ্মরী-জন্য এক প্রকার মূত্রাঘাত রোগ জন্মে। শর্করা এবং অশ্মরীর উৎপত্তির কারণ একই প্রকার। তবে ভেদ এই যে শর্করা পিত্ত কর্তৃক পাক হইয়া বায়ুর দ্বারা ক্ষুদ্র ক্ষুদ্র আকারে খণ্ডিত হয় এবং শ্লেষ্মা কর্তৃক তাহার অবয়ব নির্ম্মিত হয়। শর্করা-জন্য মূত্রাঘাত রোগে হৃৎপীড়া, কম্প, কুক্ষিদেশে শূল এবং অগ্নিমান্দ্য এই সকল উপদ্রব হয়। ইহাতে মূর্চ্ছা এবং মূত্রাঘাত জন্মে। মূত্রনালীর মুখস্থিত ক্ষুদ্র শর্করা খণ্ড সকল নির্গত হইলে যাবৎ অন্য সকল খণ্ড মূত্রনালীর মুখে উপস্থিত না হয় তাবৎ বেদনা শাম্য থাকে।

অতঃপর অষ্ট প্রকার মূত্রদোষের চিকিৎসা বলা যাইতেছে। অশ্মরী-জন্য মূত্রদোষে দোষানুসারে চিকিৎসা এবং স্নেহাদিক্রিয়া

কর্ত্তব্য। গোক্ষুরী, পাথর কোঁড়, গুগ্‌গুলু, হবুষ, কণ্টকারী, বেড়েলা, শতমূলী, রাস্না, বরুণ, গিরিকর্ণিকা, এবং বিদারিগন্ধাদিগণ সহযোগে ত্রৈবৃত ঘৃত বা তৈল পাক করিয়া পান বা অনুবাসন অথবা উত্তর বস্তি প্রয়োগ করিবে। এইটির দ্বারা বাত-জন্য মূত্রকৃচ্ছ্রের শান্তি হয়। গোক্ষুরীর রসে গুড়, ক্ষীর এবং শুণ্ঠী যোগে তৈল পাক করিয়াও পূর্ব্বোক্ত প্রকারে প্রয়োগ করা যাইতে পারে। পিত্ত-জন্য মূত্রকৃচ্ছ্র রোগে পঞ্চতৃণ, উৎপলাদি, কাকোল্যাদি এবং ন্যগ্রোধাদি গণ সহযোগে ঘৃত পাক করিয়া তৎসহযোগে উত্তর বস্তি প্রয়োগ করিবে। এই সকল দ্রব্য এবং ইক্ষুরস, দুগ্ধ ও দ্রাক্ষা রস সহযোগে স্নেহ পাক করিয়া ত্রিবিধ বস্তি কার্য্যে প্রয়োগ করা যায়। রাস্না, গুগ্‌গুলু, মুস্তাদি গণ এবং বরুণাদি গণ এই সকল সহযোগে পাক করা তৈল এবং যবাগু কফ-জন্য মূত্রকৃচ্ছ্র রোগে হিতকর। কাকডুমুর, শ্বেতপুনর্নবা, কুশ, অশ্মভেদ এই সকলের সার চূর্ণ জল সহযোগে অথবা সুরা, ইক্ষুরস ও কুশের জল পান করিলে মূত্রকৃচ্ছ্রের যাতনার শান্তি হয়। অভিঘাত জন্য মূত্রকৃচ্ছ্র জন্মিলে সদ্যব্রণের ন্যায় চিকিৎসা করিবে। এই রোগে বায়ু শান্তিকর ক্রিয়াই কর্ত্তব্য। স্বেদ, অবগাহ, অভ্যঙ্গ, বস্তি, চূর্ণক্রিয়া প্রয়োজ্য। অশ্মরী জন্য এবং শর্করা জন্য মূত্রকৃচ্ছ্র রোগের চিকিৎসা ঐ দুই রোগের অধিকারে বলা হইয়াছে।

ষষ্টিতম অধ্যায়।

অমানুষিক রোগের চিকিৎসা।

পূর্ব্বে বলা হইয়াছে যে ক্ষত এবং আতুর রোগিকে নিশাচর হইতে সর্ব্বদা রক্ষা করা কর্ত্তব্য। এক্ষণে তাহা বিস্তার পূর্ব্বক বলা

যাইতেছে। রোগির ক্রিয়ার গুহ্যতা, বিষমতা অমানুষিকতা এবং সহিষ্ণুতা থাকিলে গ্রহ বলা যায়। অসংখ্য গ্রহ এবং গ্রহাধিপতিগণ অশুচি, অমর্য্যাদক, ক্ষত হউক বা না হউক লোকের হিংসাকারী, এবং হিংসার্থ বা সৎকারাভিলাষে ভ্রমণ করে। ইহারা বিবিধাকার হইয়াও আট প্রকারে বিভক্ত। দেব, অসুর, গন্ধর্ব্ব, যক্ষ, পিতৃ, রক্ষ, ভুজঙ্গ এবং পিশাচ এই অষ্ট প্রকার।

সন্তুষ্ট, শুচি, গন্ধমাল্যে প্রবৃত্তি, তন্দ্রাহীন, বিশুদ্ধ সংস্কৃত ভাষী, তেজস্বী, স্থির দৃষ্টি, বর প্রদাতা, ব্রহ্মনিষ্ঠাশীল, এই গুলি দেবগ্রহাবিষ্টের লক্ষণ। ঘর্ম্মাক্ত, দ্বিজ গুরু দেবতার দোষবক্তা, কুটিল-নেত্র, নির্ভয়, বিষম দৃষ্টি, অন্ন পানে অসন্তুষ্ট, দুষ্ট বুদ্ধি, এই গুলি অসুর গ্রহাবিষ্টের লক্ষণ। হৃষ্টমনা নদীতীর বা বনান্তচারী, শুদ্ধাচারী, গীত গন্ধ ও মাল্য প্রিয়, নৃত্য ও হাস্যশীল এবং মনোহর মৃদু শব্দকারী, এই গুলি গন্ধর্ব্বাবিষ্টের লক্ষণ। তাম্রাক্ষ, মনোহর দেহ, রক্ত-বস্ত্রধারী, গম্ভীর, চঞ্চল, অল্পভাষী, সহিষ্ণু, তেজস্বী এবং কাহাকে কি দান করিব এই রূপ কথন, এই গুলি যক্ষ গ্রহাবিষ্টের লক্ষণ। কুশ প্রভৃতি সংস্তরণের উপর পিণ্ড নির্ম্মাণ বা জল প্রদান, শান্তমনা, অপসব্য-বস্ত্র (দক্ষিণ স্কন্ধে উত্তরীয় ধারণ) এবং মাংস, তিল, গুড় ও পায়সে অভিলাষ, এই গুলি পিতৃগ্রহাবিষ্টের লক্ষণ। ভূমিতে কথন কথন সর্পের ন্যায় প্রসরণ করা, জিহ্বা দ্বারা সৃক্কণী লেহন করা, নিদ্রাশীল এবং গুড়, মধু, দুগ্ধ ও পায়সে অভিলাষ, এ গুলি ভুজঙ্গ গ্রহাবিষ্টের লক্ষণ। মাংস, রক্ত এবং বিবিধ প্রকার সুরাতে অভিলাষী, নির্লজ্জ, চঞ্চল, নিষ্ঠুর, শূর ক্রোধশীল, বিপুল বলশালী, নিশা-বিহারী এবং শৌচদ্বেষী, এই গুলি রক্ষগ্রহাবিষ্টের লক্ষণ। উদ্ধস্ত, কৃশ, কর্কশ, সর্ব্বদা প্রলাপী, দুর্গন্ধ-যুক্ত, অশুচি, চঞ্চল, বহুভোজী, বিজনস্থান ও শীতল জলে প্রিয়, রাত্রিচারী, কুপ্রবৃত্তিতে ভ্রমণ এবং রোদন এই গুলি পিশাচাবিষ্টের লক্ষণ। স্থূলাক্ষ দ্রুতগতি, আত্ম-ফেন-লেহী, নিদ্রালু, পতনশীল, কম্পিত, পর্ব্বত,

বৃক্ষ, হস্তী প্রভৃতি হইতে বিচ্যুত হইয়া সংস্পৃষ্ট না হয়, তাহাকে বার্দ্ধকাবিষ্ট বলা যায়।

দেবগ্রহ পৌর্ণমাসীতে, অসুরগ্রহ দিবারাত্রির সন্ধিকালে, গন্ধর্ব্বগ্রহ অষ্টমীতে, যক্ষগ্রহ প্রতিপদে, পিতৃগ্রহ কৃষ্ণপক্ষে, ভুজঙ্গগ্রহ পঞ্চমীতে, রক্ষগ্রহ নিশাকালে এবং পিশাচগ্রহ চতুর্দ্দশীতে আবিষ্ট হয়। দর্পণাদিতে যে রূপ ছায়া, প্রাণীদেহে যে রূপ শীতোষ্ণ, সূর্য্যকান্ত মণিতে যে রূপ সূর্য্যরশ্মি এবং দেহে যে রূপ জীব অলক্ষিত ভাবে প্রবেশ করে, গ্রহগণও সেই রূপে শরীর মধ্যে প্রবেশ করে। তীব্র তপস্যা, দান, ব্রত, ধর্ম্ম, নিয়ম এবং সত্য গ্রহদিগের স্বভাব অন্বেষণে এই সমস্ত বা কিয়দংশ বা বিপরীত গুণ দৃষ্ট হয়। সেই সকল কদাচ মনুষ্যের সংবিষ্ট বা আবিষ্ট হয় না, আবিষ্ট হয় বলিয়া যাহারা বলে তাহারা ভূতবিদ্যা বিষয়ে অনভিজ্ঞ। রক্ত-মাংস-বসাভোজী, ভীমদর্শন, নিশাচারীও তাহাদিগের কোটি, সহস্র, অযুত, পদ্ম, সংখ্যক পরিচারক-মনুষ্য দেহে আবিষ্ট হয়।

ঐ সকল নিশাচর মধ্যে যাহারা দেবগণ সংস্থত, দেবতার সত্ত্ব, সংসর্গ হেতু তাহাদিগকে দেবাংশ বলিয়া জানিবে। সেই সকল শুচিশীল দেবগ্রহকে দেবতার ন্যায় নমস্কার ও তাহাদিগের নিকট প্রার্থনা করিবে। তাহারা দিব্যভাব ধারণ করিয়া হিংসার্থ বিচরণ করে বলিয়া তাহাদিগকে ভূত বলা যায়। অতএব তাহাদিগের এই চিকিৎসা বিদ্যাকে ভূত বিদ্যা বলে। তাহাদিগের শান্তি জন্য একাগ্র-মনে নিয়মিত জপ, হোম প্রভৃতি ক্রিয়া করিবে। এবং রক্তবর্ণ গন্ধ-মাল্য, মধু, ঘৃত, সকল প্রকার ভক্ষ্য দ্রব্য, বস্ত্র, মদ্য, মাংস, রুধির, দুগ্ধ প্রভৃতি যাহার যাহা অভীষ্ট তাহাকে সেই রূপ প্রদান করিবে। যাহারা দিবাভাগে মনুষ্যের হিংসা করে তাহাদিগের দিবাভাগেই বলি প্রদান করিবে। দেবগ্রহ হইলে দেবতার গৃহে হোম করিয়া বলি প্রদান করিবে, অসুর গ্রহকে যথাকালে অর্থাৎ সন্ধ্যাকালে চত্বরে,

রাক্ষস গ্রহকে ভীষণ বনে বা চত্তপথে, পিশাচের শূন্যগৃহে, ভূতবিদ্যা দর্শিত মন্ত্র পাঠ পূর্ব্বক বলি প্রদান করিবে। যদি তাহাতে নিবৃত্তি না হয় নিম্ন লিখিত যোগ সমস্ত প্রয়োগ করিবে। ছাগল, ভল্লুক, শল্যক, উলূক ইহাদিগের চর্ম্ম, রোম, হিঙ্গু, ছাগমূত্র একত্র যোগে ধূম প্রয়োগ করিবে। ইহাতে বলবান্ গ্রহেরও শান্তি হয়। গোধা, নকুল, মার্জার ও ভল্লুকের পিত্ত সহযোগে গজপিপ্পলীর মূল, ত্রিকটু, আমলকী এবং সর্ষপ ভাবিত করিয়া নস্ত অভ্যঙ্গ এবং সেচনে প্রয়োগ করিবে। গর্দ্দভ, অশ্ব, অশ্বতর, উলূক, করভ, কুক্কুর, শৃগাল, গৃধ্র এবং বরাহের পুরীষ, ছাগমূত্রে পেষণ করিয়া তৎসহযোগে তৈল পাক করিবে। সেই তৈল পূর্ব্বের ন্যায় নস্যাদিতে প্রয়োগ করিবে। শিরীষ বীজ, লশুন, শুণ্ঠী, শ্বেত সর্ষপ, বচ, মঞ্জিষ্ঠা, হরিদ্রা, কটুকী, ছাগমূত্রে পিষিয়া বর্ত্তী নির্ম্মাণ পূর্ব্বক ছায়াতে শুষ্ক করিয়া পিত্ত সহযোগে অঞ্জনে প্রয়োগ করিবে। নাটা করঞ্জার ফল, ত্রিকটু, সোনা ও বিল্ব বৃক্ষের মূল, হরিদ্রা এবং দারু হরিদ্রাএকত্র যোগে বর্ত্তি নির্ম্মাণ পূর্ব্বক পিত্ত সহযোগে অঞ্জনে প্রয়োগ করিবে। সৈন্ধব, কটুকী, হিঙ্গু, হরীতকী, বচ, ছাগমূত্রে পিষিবে। যে কোন গ্রহ হউক শান্তি না হইলে ইহার অঞ্জন প্রয়োগ করিবে। পুরাণ ঘৃত, লশুন, হিঙ্গু, শ্বেত সর্ষপ, বচ, গোলোমী (বচ বিশেষ), অজলোমী (শূকশিম্বী বৃক্ষ), শেফালিকা, জটামাংসী, শাল্মলী, সর্পগন্ধা, কাণ, বিষাণিকা (মেষশৃঙ্গী), ঋষ্যপ্রোক্তা (শতমূলী), হরীতকী, অর্কমূল, ত্রিকটু-লতা (প্রিয়ঙ্গু), অঞ্জন, শ্রোতাঞ্জন, নৈপালী, হরিতাল এবং অপরাপর রক্ষোঘ্ন যে সকল দ্রব্য আছে তাহাও গ্রহণ করিবে, এবং সিংহ, ব্যাঘ্র, ভল্লুক, বিড়াল, হস্তী, অশ্ব, গো, কুক্কুর, শল্যক, গোধা, উষ্ট্র, নকুল এই সকলের পুরীষ, ত্বক্, রোম, বসা, মূত্র, রক্ত, পিত্ত, নখ প্রভৃতি এই বর্গস্থিত সমস্ত দ্রব্য সহযোগে তৈল, ঘৃত পান, অভ্যঙ্গ, অবপীড়, অঞ্জন, এবং পরিষেচনার্থ গুটিকা, ক্বাথ ও চূর্ণ প্রস্তুত করিবে,

সূক্ষ্ম চূর্ণ করিয়া প্রদেহে প্রয়োগ করিবে। যে সকল মানসিক বিকার আরোগ্য না হয় তাহা এই স্নেহাদি ক্রমের দ্বারা আরোগ্য হয়। দেবগ্রহের স্থলে অযুক্তরূপে প্রয়োগ করিবে না। পিশাচ গ্রহ ভিন্ন অন্য গ্রহের স্থলে প্রতিকূল আচরণ করিবে না তাহা হইলে ক্রুদ্ধ হইয়া বৈদ্য এবং আতুর উভয়কেই হনন করে। হিতাহিত বিধি বিবেচনা করিয়া চিকিৎসা করিলে বিপুল যশঃ ও সিদ্ধি লাভ হয়।

একষষ্টিতম অধ্যায়।

অপস্মাররোগের চিকিৎসা।

পদার্থের বিজ্ঞানকে স্মৃতি বলে এবং অপ শব্দে তাহার পরিবর্জ্জন বুঝায়। এই কারণে অপস্মার নাম হইল, এই রোগ প্রাণনাশক। মিথ্যা আহার বিহার, অতিশয় ইন্দ্রিয়ক্রিয়া বিরুদ্ধ বা মলিন আহার বিহার, বেগ-নিগ্রহ, অহিত এবং অশুচি ভোজন-জন্য কুপিত-মল, ব্যক্তির রজস্তমোগুণের প্রাধান্য, রজঃস্বলা গমন, কাম, ভয়, উদ্বেগ, শোক এবং ক্রোধে দ্বারা মন অভিহত হইলে অপস্মার রোগ জন্মে। সংজ্ঞাবহ শিরা সমস্ত দোষের দ্বারা ব্যাপ্ত হইলে রজস্তম গুণের প্রবল হয়, তৎপ্রযুক্ত মূঢ় ও ভ্রান্তমনা হইয়া হস্ত পাদ বিক্ষেপ করে, জিহ্বা, ভ্রু ও নেত্রদ্বয়ের বিকৃতি জন্মে এবং দন্ত কিড়ি-মিড়ি, ফেনোদ্গম, নেত্রদ্বয় বিবৃত, ভূমিতে পতন এবং অল্প কাল পরে পুনর্ব্বার সংজ্ঞা লাভ, এই সকল লক্ষণ ঘটে। ইহাকে অপস্মার বলে; ইহা চারি প্রকার,—বাত-জন্য, পিত্ত-জন্য, কফ-জন্য এবং সন্নিপাত-জন্য। হৃৎকম্প, শূন্যতা, স্বেদ, ধ্যান, মূর্চ্ছা, মূঢ়তা এবং নিদ্রানাশ এইগুলি এই রোগের পূর্ব্ব লক্ষণ। বিকৃত কৃষ্ণবর্ণ পুরুষ দর্শন করিয়া ও তাহা ধরিতে আসিতেছে এইরূপ ভয় উপস্থিত হইয়া যাহাতে জ্ঞান নাশ হয় এবং কম্প, দন্ত-দংশন, শ্বাস ও ফেণ বমন

উপদ্রব জন্মে তাহাকে বায়ু-জন্য অপস্মার বলে। বিকৃত ও পীতবর্ণ দর্শন করিয়া ও ধরিতে আসিতেছে এইরূপ ভয়প্রযুক্ত জ্ঞান নাশ হইলে এবং তৃষ্ণা, গাত্রসন্তাপ, স্বেদ, মূর্চ্ছা, অঙ্গ সমূহের মৃদু কম্পন ও বিহ্বলতা এই সকল উপদ্রব জন্মিলে পিত্ত-জন্য অপস্মার বলা যায়। বিকৃতসত্ব, শুক্লবর্ণ দর্শন করিয়া ও ধরিতে আসিতেছে এরূপ ভয় উপস্থিত হইয়া জ্ঞান শূন্য হইলে এবং শীত, বমনেচ্ছা, নিদ্রা, ভূমিতে পতন ও কফ-বমন এই সকল উপদ্রব জন্মিলে, শ্লেষ্মা-জন্য অপস্মার রোগ বলা যায়। হৃদয়ে বেদনা, তৃষ্ণা, বমনেচ্ছা প্রলাপ ও কূজন এইগুলি রোগের সাধারণ লক্ষণ। সন্নিপাত-জন্য হইলে সকল দোষের লক্ষণ প্রকাশ পায়। অকারণে রোগ উপস্থিত হয় বিবেচনা করিয়া কেহ কেহ বলেন যে অপস্মার আগন্তুক দোষজাত নহে। দোষের ক্রমশঃ উপযোগ, রোগের অল্পকাল স্থিতি এবং রোগের বহুবিধ উপদ্রব, পণ্ডিতগণ কর্ত্তৃক বর্ণিত হইয়াছে। যেমন বর্ষা হইলে ভূমিতে যে কোন বীজ শরৎকালে অঙ্কুরিত হয়, সেইরূপ অল্পকাল স্থায়ী রোগও বর্দ্ধিত হইয়া বিবিধ প্রকার উপদ্রব প্রদর্শন করে। অতএব অপস্মার নামক এই মহারোগও দোষ হইতে উৎপন্ন। উন্মাদের সকল প্রতীকার ইহাতে কর্ত্তব্য।

পুরাণ ঘৃত পান ও অভ্যঙ্গে প্রশস্ত। গ্রহাধিকারে উক্ত যোগ সকল বিশেষ হিতকর। শজনা-বীজ, কট্বঙ্গ (শোনাগাছ), সুরাবীজ, নিমছালের রস, চতুর্গুণ গোমূত্র এই সকল যোগে তৈল পাক করিয়া অভ্যঙ্গে প্রয়োগ করিবে। গোধা, নকুল, সর্প, হরিণ, ভল্লুক, গো ইহাদিগের পিত্ত সহযোগে তৈল পাক করিয়া পানে ও অভ্যঙ্গে প্রয়োগ করিবে। ঊর্দ্ধাধোভাগ সংশোধন এবং শিরোবিরেচন প্রয়োগ করিবে। রুদ্র ও তাহার গণদেবতার নিত্য পূজা করা কর্ত্তব্য। কুলত্থ, যব, কুল, শণবীজ (গোক্ষুরী), জটামাংসী, দশমূল, হরীতকী ইহাদিগের ক্বাথ, ছাগ-মূত্রযোগে পাক করা ঘৃত, বায়ুজন্য

অপস্মার রোগে হিতকর। বিদারিগন্ধাদিগণের ক্বাথে ও দুগ্ধে ঘৃত পাক করিয়া কাকোল্যাদিগণের চূর্ণ ও চিনি, মধু সহযোগে পিত্তজন্য অপস্মার রোগে প্রয়োগ করিবে। আরগ্বধাদিগণের ক্বাথ মূত্রবর্গে ঘৃত পাক করিয়া কটুকী, বচ ও মুথা চূর্ণ সংযোগ করিবে। ইহা শ্লেষ্মজন্য অপস্মার রোগে হিতকর।

দেবদারু, বচ, কুষ্ঠ, সর্ষপ, ত্রিকটু, হিঙ্গু, মঞ্জিষ্ঠা, হরিদ্রা, দারু-হরিদ্রা, ত্রিফলা, মুথা, করঞ্জবীজ, শিরীষবীজ, অপরাজিতা ও চিতে-মূল এই সকলের ক্বাথ ও চতুর্গুণ গোমূত্রে ঘৃত পাক করিবে। ইহার নাম সিদ্ধার্থক ঘৃত। কৃমি, কুষ্ঠ, বিষ, শ্বাস, কফরোগ, বিষমজ্বর, ভূতগ্রহ, উন্মাদ এবং অপস্মার, ইহা দ্বারা শান্তি হয়।

দশমূল, সোঁদাল-ছাল, মুর্গামূল, বামনহাটী, ত্রিফলা, সোঁদাল, হরীতকী, ছাতিম, আপাঙ, পিলু, এই সকলের কল্ক চিরতা, নাটা-করঞ্জ, ত্রিকটু, চিতে, তৃবৃৎ, পাঠা, হরিদ্রা, দারুহরিদ্রা, শ্যামালতা, অনন্তমূল, কুড়, কটুকী, মদয়ন্তী, (কাঠ মল্লিকা), বচ, নীলিমী, বিড়ঙ্গ এই সকলের ক্বাথ এবং গাভীর দুগ্ধ, দধি, মূত্র এবং গোময়-রস সহ-যোগে ঘৃত পাক করিবে। ইহাকে পঞ্চগব্য ঘৃত বলে, ইহা দ্বারা সকল প্রকার অপস্মারের শান্তি হয়। চাতুর্থক, ক্ষয়, শ্বাস এবং উন্মাদ রোগেও প্রয়োজ্য।

অপস্মার রোগ বায়ু-জন্য হইলে বস্তি, পিত্ত-জন্য হইলে বিরেচন এবং শ্লেষ্ম-জন্য হইলে বমন প্রয়োগ করিবে। বামনহাটী সহযোগে দুগ্ধ পাক করিয়া তাহাতে শালিতণ্ডুলের পায়স প্রস্তুত করিবে। শরীর সংশোধনের জন্য তাহা তিন দিবস ভোজন করাইবে।

বামনহাটী দুগ্ধে পাক করিয়া মধুর হইলে তুলিয়া লইয়া শুষ্ক করিবে। সেই বামনহাটীর চূর্ণ তিন ভাগ এবং সুরাবীজ একভাগ মিলিত করিবে। পরে অন্য বামনহাটীর ক্বাথ প্রস্তুত করিয়া তাহাতে মণ্ডোদক প্রস্তুত করিবে। শীতল হইলে ঐ সমস্ত দ্রব্য একত্র নূতন

কলসে নিহিত করিবে। তাহাতে গন্ধ ও রস বিশিষ্ট সুরা প্রস্তুত হইলে রোগীকে পান করাইবে। অপস্মার রোগে শিরা বিদ্ধ করিবে ও মাঙ্গল্য ধারণ করাইবে।

দ্বিষষ্টিতম অধ্যায়।

উন্মাদরোগের চিকিৎসা।

ঊর্দ্ধগত দোষ সমস্ত ঊর্দ্ধগত শিরাপথ আশ্রয় করিয়া মনের মত্ততা জন্মায় বলিয়া এই রোগকে উন্মাদ বলে। তিন দোষ ভিন্ন ভাবে বা একত্র ভাবে কুপিত হওয়া জন্য অথবা মানসিক দুঃখ জন্য, এই পঞ্চ কারণে জন্মে বলিয়া উন্মাদ রোগ পঞ্চ প্রকার এবং বিষ প্রযুক্ত অপর এক প্রকার, এই ছয় প্রকার বলা যায়। স্ব স্ব কারণানুসারে তাহাদিগের চিকিৎসা করিবে এই রোগ অল্পকালের হইলে মদনামক রোগ বলা যায়। মোহ, মনের উদ্বেগ, কর্ণে শব্দ শ্রবণ, দেহের কার্শতা, অতিশয় উৎসাহ, অন্নে অরুচি, স্বপ্নে কলুষ দ্রব্য ভোজন, বায়ু কর্ত্তৃক উন্মথন এবং ভ্রম, এই সকল লক্ষণ প্রকাশ পাইলে শীঘ্র উন্মাদরোগ আরোগ্য হয়।

দেহের রুক্ষতা, কর্কশ বাক্য, শ্বাস, কার্শতা, অঙ্গের সন্ধির স্ফুরণ, আস্ফালন, গান, নৃত্য, রোদন ও ভ্রমণ করা, বায়ুর প্রকোপ-জন্য হইলে এই সকল লক্ষণ প্রকাশ পায়। তৃষ্ণা, স্বেদ, দাহ, অতি ভোজন, নিদ্রাহিনতা, হিম বায়ু ও জলবিহারে অভিলাষ, তীব্র হিমজল প্রভৃতিতে অগ্নিশঙ্কা এবং দিবাভাগে নভোমণ্ডলে তারকা দর্শন, এই গুলি পিত্তজন্য উন্মাদের লক্ষণ। বমন, অগ্নিমান্দ্য, অঙ্গের অবসাদ, অরুচি, কাস, স্ত্রী সংসর্গে অভিলাষ অল্পমতি, নিদ্রাশীলতা, অল্প কথন অল্লাহারী, উষ্ণোসেবী, রাত্রিকালে বৃদ্ধি, এই গুলি কফ-জন্য উন্মাদের লক্ষণ। সন্নিপাত-জন্য হইলে পূর্ব্বোক্ত তিন দোষের

লক্ষণ থাকে। সম্পূর্ণ লক্ষণ হইলে রোগ অসাধ্য হয়। সন্নিপাত-জন্য রোগ কেহ কেহ সাধ্য বলেন। চোর, রাজপুরুষ বা শত্রু প্রভৃতির দ্বারা অতিশয় ত্রাসিত হওয়া প্রযুক্ত, মনের অতিশয় ক্ষোভ প্রযুক্ত বা স্ত্রী সংসর্গের আতিশর্য্য প্রযুক্ত, মনের উৎকট বিকার জন্মে। তজ্জন্য হতসংজ্ঞ হইয়া মনের অভিমত নানা প্রকার কথা জল্পনা করে। মূঢ়ভাবে গান, হাস্য বা রোদন করণ, চক্ষু রক্তবর্ণ, বল ও ইন্দ্রিয় প্রভাবের হানি, দীন-ভাব, মুখ শ্যাব বর্ণ এবং সংজ্ঞাহীনতা, এই গুলি বিষজন্য উন্মাদ রোগের লক্ষণ।

উন্মাদরোগে রোগিকে অগ্রে স্নিগ্ধ ও স্বেদ প্রয়োগ করিয়া তীক্ষ্ণ-রূপে বমন ও বিরেচন করাইয়া শিরো বিরেচন প্রয়োগ করিবে। সর্ষপ তৈল সহযোগে বিবিধ প্রকার অবপীড়ক দ্রব্যের চূর্ণ নস্যে প্রয়োগ সর্ব্বদা কুক্কুর ও গোমাংস যোগে ধূপ প্রদান করিবে। সর্ষপ তৈলযোগে নস্য ও অভ্যঙ্গ হিতকর। অদ্ভুতদর্শন করাইবে এবং প্রিয়জনের বিনাশ শ্রবণ করাইবে। ভীষণাকার মনুষ্য, হস্তী ও নির্ব্বিষ সর্পের দ্বারা সর্ব্বদা ভয় দেখাইবে। পাশের দ্বারা বন্ধন করিয়া কশাঘাতের দ্বারা তাড়না করিবে। তৃণাগ্নির দ্বারা ভয় প্রদর্শন করিবে। প্রতুদ নামক শস্ত্রের দ্বারা মর্ম্মস্থান ব্যতিরেকে শরীর বিদীর্ণ করিবে। তিন দিবস অন্তরে যবাগু বা জল সহযোগে শক্তু অথবা জল সহযোগে কুলথ কলাই আহারার্থে প্রদান করিবে। মুখ প্রিয় অথচ অগ্নিকর দ্রব্যই উন্মাদ রোগির পথ্য।

বিড়ঙ্গ, ত্রিফলা, মুথা, মঞ্জিষ্ঠা, দাড়িম, উৎপল, শ্যামালতা, এল-বালুক, এলাইচ, রক্তচন্দন, দেবদারু, বালা, হরিদ্রা, কুষ্ঠ, চাকুলে, অনন্তমূল, রেণুক, তেউড়ি, দন্তী, বচ, তালীশ, নাগকেশর ও মালতী পুষ্প এই সকল দ্রব্যের কল্ক এবং দ্বিগুণ দুগ্ধের সহিত ঘৃত পাক করিবে। ইহাকে কল্যাণ ঘৃত বলে—গুল্ম, কাস, জ্বর, শ্বাস, ক্ষয় এবং উন্মাদ রোগের শান্তিকর।

পূর্ব্বোক্ত সকল দ্রব্যের কল্ক এবং চতুর্গুণ দুগ্ধ সহযোগে ঘৃত পাক করিয়া কাকোল্যাদিগণের প্রক্ষেপ দিবে। ইহাকে মহাকল্যাণ-ঘৃত বলে। ইহাদ্বারা অপস্মার, গ্রহ, শোষ, ক্লীবত্ব, কার্শ্য এবং বন্ধ্যা-দোষ নিবৃত্ত হয়।

বালা, কুষ্ঠ, মঞ্জিষ্ঠা, কটুকী, এলাইচ, হরিদ্রা, দারুহরিদ্রা, ত্রিফলা, হিঙ্গু, অশ্বগন্ধা, দেবদারু, যমানী, কাকোলী, মেদ, যষ্টিমধু, পদ্মকাষ্ঠ এই সকল দ্রব্যের কল্ক, চতুর্গুণ দুগ্ধ এবং শর্করা সহযোগে ঘৃত পাক করিবে। গ্রহজুষ্ট বালক, দুষ্ট ও অল্প মেধা বিশিষ্ট পুরুষ এবং বন্ধ্যা স্ত্রীলোকের পক্ষে ইহা ব্যবহার্য্য। ইহাকে ফল ঘৃত বলে।

বামনহাটী, রাখাল শশা, বিড়ঙ্গ, ত্রিকটু, হিঙ্গু, সুরা, রুদ্রজটা, লশুন, রাস্না, গুলঞ্চ, কৃষ্ণ তুলসী, বচ, জ্যোতিষ্মতী (ন ফট্‌কী), হস্তীর বিষ্ঠা, অনন্তমূল. হরীতকী, সৌরাষ্ট্র মৃত্তিকা, এই সকল সম-ভাগে গজমূত্রে পেষণ ও ছায়া শুষ্ক করিয়া বর্ত্তী নির্ম্মাণ করিবে। ইহা অবপীড়ে, অঞ্জনে, অভ্যঙ্গে, নস্যে, ধূমে এবং লেপনে ব্যবহার করিবে। অপস্মার ও গ্রহাধিকার বিহিত ক্রিয়া সকলও এস্থলে কর্ত্তব্য। দোষের শান্তি হইলে স্নেহ বিরেচন প্রয়োগ করিবে। শোকজন্য উন্মাদে শোকশল্য অপনয়ন করিবে। সকল প্রকার উন্মাদে চিত্তের প্রসাদ জন্মান অতি কর্ত্তব্য। মদরোগে অর্থাৎ উন্মাদের প্রথমাবস্থায় মৃদুক্রিয়া করিবে। বিষ-জন্য রোগ হইলেও মৃদুক্রিয়া এবং বিষঘ্ন ক্রিয়া কর্ত্তব্য।

ত্রিষষ্টিতম অধ্যায়।

রসভেদের বিবরণ।

দোষের পঞ্চদশ প্রকার প্রসরণ পূর্ব্বে বলা হইয়াছে। সেই সকল দোষের স্থলে ত্রিষষ্টি প্রকার রসভেদ প্রযোজিত হয় *। দোষ সকল

* যে যে রোগে যে যে দোষের শান্তি করে তাহা পূর্ব্বে বলা হইয়াছে এবং

বিদগ্ধ ও অবিদগ্ধ বিবেচনা করিয়া এই ত্রিষষ্টি প্রকার রস ব্যবহার করিবে। ছয় রসের মধ্যে এক একটিকে মূল করিয়া অপর গুলি ক্রমশঃ এক একটি তাহার সহিত মিলিত করিলে ত্রিষষ্টি প্রকার হয়।

দ্বিকভাবে মিলিত হইলে, মধুর রস পঞ্চ প্রকার, অম্ল, চারি প্রকার, লবণরস তিন প্রকার, কটুরস দুই প্রকার, তিক্ত কষায় মিলিত হইয়া এক প্রকার হয়। মধুরাম্ল, মধুর-লবণ, মধুর-তিক্ত, মধুর-কটু, মধুর-কষায়, মধুর রস এই পঞ্চ প্রকার। অম্ল-লবণ, অম্ল-কটু, অম্ল-তিক্ত, এবং অম্ল-কষায়, অম্ল রস চারি প্রকার। লবণ-কটু, লবণ-তিক্ত, লবণ-কষায়, লবণ রস তিন প্রকার। কটু তিক্ত এবং-কটু, কটু রস এই দুই প্রকার। তিক্ত-কষায়, তিক্ত রস এক প্রকার।

মধুরাম্ল-লবণ, মধুরাম্ল-কটু, মধুরাম্ল-তিক্ত, মধুরাম্ল-কষায়, মধুর-লবণ-কটু, মধুর-লবণ-তিক্ত, মধুর-লবণ-কষায়, মধুর-কটু-তিক্ত, মধুর-কটু-কষায়, মধুর-তিক্ত-কষায়, মধুর-রস-মূলক ত্রিক সংযোগে এই দশ বিধ হইয়া থাকে। অম্ল-লবণ-কটু, অম্ল-লবণ-তিক্ত, অম্ল-লবণ-কষায়, অম্ল-কটু-কষায়, অম্ল-কটু-তিক্ত, অম্ল-তিক্ত-কষায় এই ছয় প্রকার অম্ল রস মূলক। লবণ-কটু-তিক্ত, লবণ-কটু-কষায়, লবণ-তিক্ত-কষায় এবং কটু-তিক্ত-কষায়, তিন তিনটি মিলিত হইয়া এই বিংশতি প্রকার ভেদ হয়।

চারি চারিটি মিলিত হইয়া মধুর রস দশ বিধ, অম্ল রস চারি প্রকার এবং লবণ এক প্রকার হইয়া থাকে। যথা—মধুরাম্ল-লবণ-কটুক, মধুরাম্ল-লবণ-তিক্ত, মধুরাম্ল-লবণ-কষায়, মধুরাম্ল-কটু-তিক্ত, মধুরাম্ল-কটু-কষায়, মধুর-লবণ-তিক্ত-কটু, মধুরাম্ল-তিক্ত-কষায়, মধুর-লবণ-কটু-তিক্ত, মধুর-লবণ-কট-কষায়, মধুর লবণ-তিক্ত-কষায় এই

পরস্পর সংযোগ হইয়া দোষেরও ভিন্নতা সূত্রস্থলে প্রদর্শিত হইয়াছে। এক্ষণে ছয় প্রকার রস পরস্পর মিলিত হইয়া কত প্রকার হইতে পারে তাহাই প্রদর্শিত হইতেছে।

দশবিধ মধুর রস মূলক। অম্ল-লবণ-কটু-তিক্ত, অম্ল-লবণ-কটু-কষায়, অম্ল-লবণ-তিক্ত-কষায়, অম্ল-কটু-তিক্ত-কষায়, লবণ-কটু-তিক্ত-কষায়, চারি চারিটি করিয়া এই পঞ্চদশ প্রকার রসভেদ হইয়া থাকে।

মধুরাম্ল-লবণ-কটু-তিক্ত, মধুরাম্ল-লবণ-কটু-কষায়, মধুরাম্ল-লবণ-তিক্ত-কষায়, মধুরাম্ল-কটু-তিক্ত-কষায়। অম্ল-লবণ-কটু-তিক্ত-কষায়, পাঁচ পাঁচটি মিলিত হইয়া এই ছয় প্রকার রস ভেদ হইয়া থাকে।

ছয় রস মিলিত হইয়া এক প্রকার হইয়া থাকে। যথা—মধুরাম্ল-লবণ-কটু-তিক্ত-কষায়। এবং ছয় রস পৃথক ভাবে ছয়টি হইয়া থাকে। এই ত্রিষষ্টি প্রকার রস-ভেদ বলা হইল, দোষ-ভেদে ইহাদিগকে প্রয়োগ করা কর্ত্তব্য।

চতুষষ্টিতম অধ্যায়।

স্বাস্থ্যরক্ষা বিধি।

পূর্ব্বে সূত্র স্থানে বলা হইয়াছে যে বায়ু, পিত্ত, কফ, অগ্নি, সপ্ত ধাতু এবং মলের ক্রিয়া সমভাবে থাকিলে এবং মনঃ ও ইন্দ্রিয় প্রসন্ন থাকিলে সুস্থ বলা যায়। সেই স্বাস্থ্যরক্ষাই চিকিৎসার প্রয়োজন। তাহার নিয়ম পূর্ব্বে সংক্ষেপে বলা হইয়াছে, এক্ষণে তাহা বিস্তার পূর্ব্বক বলা যাইতেছে। যে যে ঋতুতে দেহে যে যে দোষ কুপিত হয় ও তাহাতে যে যে রস প্রয়োজ্য সেই সেই দোষের শান্তিকর রস সেই সেই ঋতুতে প্রয়োগ করিবে। বর্ষাকালে শরীর (ঘর্ম্মাভাবে) ক্লেদযুক্ত থাকে এবং লোমহর্ষণ হয়, এজন্য বায়ু অতিশয় কুপিত হয়। অতএব ক্লেদ সংশোধন এবং দোষ হরণের জন্য কষায়, তিক্ত এবং কটুরস বিশিষ্ট দ্রব্য পান করিবে। অধিক স্নিগ্ধ বা অধিক রুক্ষ না হয়, অগ্নিকর এবং উষ্ণ এরূপ অন্ন ভোজন করিবে এবং বৃষ্টির জল, অথবা উষ্ণ জল শীতল করিয়া মধু সহযোগে পান করিবে। দিবাভাগে

নভোমণ্ডল মেঘ, বায়ু ও শীতল জলে সঙ্কুলিত থাকে এবং ওষধি সমস্ত নূতন জাত বলিয়া ভোজনবিদগ্ধ (অম্লভাব) প্রাপ্ত হয়, এ কারণ তৎকালে ব্যায়াম, অতিশয় জল পান, স্ত্রী-সংসর্গ এবং আতপ সেবন কর্ত্তব্য নহে। বর্ষাকালে ভূমি হইতে যে বাষ্প উদ্গত হয় তাহা পরিহার জন্য শূন্যে শয়ন করিবে।

শীতকালে গুরুতর আবরণ বিশিষ্ট এবং অগ্নিযুক্ত গৃহে বাস করিবে। এই কালে দিবানিদ্রা এবং অজীর্ণকর দ্রব্য ভোজন পরিত্যাগ করিবে। শরৎকালে কষায়, মধুর এবং তিক্তরস সেবন করিবে। এই কালে সকল জলই নির্ম্মল, সুতরাং হিতকর হইয়া থাকে। দুগ্ধ, ইক্ষু-বিকৃতি, মধু, শালি তণ্ডুল, মুদ্গ ও জাঙ্গল পশুর মাংস ভোজন করিবে। কমলোৎপল-শালী সরোবরে সন্তরণ করিবে। সন্ধ্যাকালে চন্দনাদি লেপন করিবে। তিক্ত ঘৃত পান এবং রক্ত মোক্ষণ করিবে। বর্ষাকালে যে পিত্ত সঞ্চিত হয় তাহা এই কালে বিরেচনের দ্বারা নিঃসারিত করিবে। তীক্ষ্ণ অম্ল, উষ্ণ ক্ষার, দিবা-নিদ্রা, রৌদ্র, রাত্রি জাগরণ এবং মৈথুন পরিত্যাগ করিবে। মধুর, শীতল নির্ম্মল জলও মদ্যপান করিবে। চন্দন ও কর্পূরবাসিত নির্ম্মল লঘু বস্ত্র পরিধান করিবে। মাল্যধারণ ও যুক্তি অনুসারে সীধু পান করিবে। যাহা কিছু পিত্তশান্তিকর তাহা এই কালে সেব্য।

হেমন্তকাল শীতল এবং রুক্ষ, এই কালে সূর্য্যের কিরণ মন্দ এবং আকাশ-মণ্ডল বায়ু কর্ত্তৃক আকুলিত হইয়া থাকে, এ কারণ শীত কর্ত্তৃক কোষ্ঠস্থিত বায়ু কুপিত হয়। শীতসংস্পর্শ-জন্য অন্তরস্থ অগ্নিও পিণ্ডীকৃত হইয়া শরীরস্থ রস উচ্ছোষিত করে। এই কালে লবণ ক্ষার, তিক্ত অম্ল এবং কটুরস বিশিষ্ট ঘৃত-তৈল-যুক্ত হিম অন্ন হিতকর। তীক্ষ্ণ পানীয় পান, অগুরু চন্দন লেপন, তৈল মর্দ্দন পূর্ব্বক সুখোদক-পূর্ণ জলধারে অবগাহন, কৌশেয় বস্ত্র বিস্তার পূর্ব্বক মহৎ শয্যায় শয়ন, স্ত্রী-সংসর্গ, মধুর, তিক্ত, কটু, অম্ল, লবণ এই সকল রস বিশিষ্ট

অন্নপান, তিল, মাষ, শাক, দধি, ইক্ষুবিকার, শালি সুগন্ধ অন্ন, প্রসহ (কাকাদি পক্ষী), আনূপ (মহিষ বরাহাদি), ক্রব্যাদ (মাংসভোজী পশু পক্ষী), বিলশায়ী এবং জলচরগণের মাংস, উত্তম মদ্য এবং অপর যাহা কিছু বলকর তাহা সমস্ত হেমন্তের সমাগমে পুষ্টি-অভিলাষী ব্যক্তি ভোজন করিবে। নূতন ধান্যের অন্নও এ কালে ভোজন করা যাইতে পারে। শিশির কালেও এই নিয়ম অবলম্বন করিবে।

হেমন্তকালে যে সকল শ্লেষ্মা সঞ্চিত হয়, বসন্ত কালের উষ্ণতা প্রযুক্ত তাহা কুপিত হইয়া নানা প্রকার রোগ জন্মায়। তজ্জন্য বসন্তকালে অম্ল, মধুর স্নিগ্ধ ও লবণ রস এবং গুরুপাক আহার বর্জ্জন করিবে। বমনাদি করিবে। যষ্টি ধান্যের অন্ন, যব, মুদগ নীবার, কোদ্রব এই সকল অন্ন, লাব বিষ্কির (ময়ূর তিত্তিরাদি পক্ষী) এই সকল মাংসের রস বা যূষ সহ ভোজন করিবে। পটোল, নিম্ব, বার্ত্তাকু এবং অন্যান্য তিক্তদ্রব্য সেবন করিবে। মধ্বাসব, অরিষ্ট, সীধু, দ্রাক্ষাসব পান করিবে। ব্যায়াম, অঞ্জন, ধূম, তীক্ষ্ণ কবলগ্রহ, সুখোদক সেবন ও তাহাতে সকল ক্রিয়া সম্পাদন, তীক্ষ্ণ, রুক্ষ, কটু, ক্ষার, কষায়, ঈষদুষ্ণ দ্রব-বর্জ্জিত দ্রব্য ভোজন ও অল্পমধুর রস বিশিষ্ট যব ও মুদগ প্রভৃতি ভোজন, ব্যায়াম, পথশ্রম, নির্ব্বাত-গৃহ-সেবন, আলেপন, স্নান, রমণীসঙ্গ, এবং বন-বিহার, বসন্তকালে এই গুলি হিতকর। হেমন্তকালের সঞ্চিত শ্লেষ্মাও একালে নির্হরণ কর্ত্তব্য। তজ্জন্য শিরোবিরেচন, বমন, নিরুঢ় বস্তি, কবলগ্রহ প্রভৃতি প্রয়োজ্য।

নিদাঘ কালে, মধুর ও স্নিগ্ধ রস, দিবানিদ্রা, গুরুপাক, দ্রব দ্রব্য ভোজন, ব্যায়াম, উষ্ণ আহার, পরিশ্রম, মৈথুন, অতিশোষণ-কর ভোজন বা ক্রিয়া ও পিত্তকর-রস পরিত্যাগ করিবে। সরোবর, নদী, মনোহর বন, চন্দন মাল্য, পদ্ম উৎপল, তালবৃন্ত ব্যজন, শীতল গৃহ, ঘর্ম্মকালে অতি লঘু বস্ত্র, শর্করা বা খণ্ডের সুগন্ধি হিম পানক (সরবত),

শর্করা-যুক্ত মন্থ, এবং শীতল ঘৃত যুক্ত মধুর দ্রব দ্রব্য ভোজন, এই কালে হিতকর। রাত্রিকালে শর্করা সহযোগে মধুর দুগ্ধ সহ ভোজন করিবে। চন্দন লেপন পূর্ব্বক মন্দ-বায়ু সঞ্চারিত স্থানে প্রস্ফুটিত-কুসুম-বিকীর্ণ শয্যায় শয়ন করিবে।

তাপাত্যয়ে অর্থাৎ প্রাবৃট্‌কালে মধুর, অম্ল, লবণ এই তিন গুরু-পাক রস হিতকর। ঈষদুষ্ণ দুগ্ধ, মাংস রস, তৈল, ঘৃত, সকল প্রকার পুষ্টিকর দ্রব্য এবং অভিষ্যন্দী দ্রব্য এই কালে হিতকর। নিদাঘ-সঞ্চিত-বায়ু এই কালে কুপিত হয়, অতএব বায়ু-শান্তিকর ক্রিয়া সকল করিবে। এই কালে নদীজল, রুক্ষ উষ্ণ জল এবং অন্ন, রৌদ্র, ব্যায়াম, দিবা-নিদ্রা এবং স্ত্রী-সমাগম বর্জ্জন করিবে। পুরাতন যব, ষাট ধান্য, গোধূম ও শালিধান্য ভোজন করিবে। নির্ব্বাত গৃহ মধ্যে কোমল শয্যায় শয়ন করিবে। এই কালে বৃষ্টির জল সমল সুতরাং বিষ তুল্য। অন্যান্য কালে বর্ষার জল উপাদেয় হইলেও এই কালে কুপিত বায়ুর শান্তির জন্য নিরূঢ় বস্তি প্রভৃতি বায়ু-শান্তিকর ক্রিয়া করিবে। ঋতুভেদে এই নিয়ম অনুসারে কার্য্য করিলে ঋতুজন্য রোগ কদাচ জন্মে না।

অতঃপর দশ প্রকার অন্ন সেবনের নিয়ম বলা যাইতেছে। শীতল, উষ্ণ, স্নিগ্ধ, রুক্ষ, দ্রব, শুষ্ক, এককালিক, দ্বিকালিক, ঔষধযুক্ত, মাত্রাহীন, এই দশবিধ অন্ন দোষ শান্তির পক্ষে প্রশস্ত। তৃষ্ণা, উষ্ণতা, মদ এবং দাহ পীড়িত, রক্তপিত্ত এবং বিষ-রোগী, মূর্চ্ছা-রোগী এবং স্ত্রী সমাগমে ক্ষীণ, এই সকল রোগীর পক্ষে শীতল অন্ন প্রশস্ত। কফ-বাত রোগে বিরেচনান্তে, স্নেহপায়ী ও ক্লিন্নদেহীর (ব্রণরোগী) পক্ষে উষ্ণ অন্ন প্রশস্ত। বাতিক, রুক্ষদেহ, ব্যায়াম-কর্ষিত এবং ব্যায়াম শীলের পক্ষে স্নিগ্ধ অন্ন প্রশস্ত। মেদুর, স্থূল, মেহরোগ বা শ্লেষ্মল দেহের পক্ষে রুক্ষ অন্ন প্রশস্ত। শুষ্ক দেহ, পিপাসার্ত্ত বা দুর্ব্বলের পক্ষে দ্রব অন্ন প্রশস্ত। মেহরোগে এবং ব্রণ রোগে শরীর

ক্লিন্ন থাকা প্রযুক্ত শুষ্ক অন্ন প্রশস্ত। দুর্ব্বলাগ্নি ব্যক্তির পক্ষে একবার মাত্র অন্ন ভোজন প্রশস্ত। সমাগ্নি ব্যক্তির পক্ষে দিবারাত্রি উভয়-কালে অন্ন ভোজন প্রশস্ত। ঔষধ-দ্বেষীর পক্ষে ঔষধ-যোগে অন্ন প্রশস্ত। দুর্ব্বলাগ্নি রোগীর পক্ষে মাত্রাহীন অর্থাৎ অতি অল্প পরিমাণে অন্ন প্রশস্ত। এই নিয়মে আহার প্রদান করিলে দোষের শান্তি হয়।

অতঃপর দশবিধ ঔষধ সেবনের কাল বলা যাইতেছে। নির্ভক্ত, প্রাগ্‌ভক্ত, অধোভক্ত, মধ্যভক্ত, অন্তরাভক্ত, সভক্ত, সামুদ্গ, মুহুর্মুহুঃ, গ্রাসান্তর এই দশটি ঔষধ সেবনের কাল কেবলমাত্র ঔষধ সেবন করিলে নির্ভক্ত বলা যায়। অন্নহীন ঔষধ অর্থাৎ ঔষধ সেবন করিয়া কিছুমাত্র ভোজন না করিলে ঔষধের বীর্য্যের আধিক্য হয়, তাহাতে শীঘ্র রোগ শান্তি হয়। বালক, বৃদ্ধ, যুবতী কোমলাঙ্গ ব্যক্তির পক্ষে এরূপে ঔষধ সেবন করা অতিশয় গ্লানিকর এবং বলক্ষয়কর।

আহারের পূর্ব্বে ঔষধ সেবনের নাম প্রাগ্‌ভক্ত। এরূপ ঔষধ সেবনে শীঘ্র পরিপাক হয়, বলের হানি হয় না, এবং মুখ হইতে নির্গত হয় না। ইহাতে বল-বৃদ্ধি হয়। বৃদ্ধ, শিশু, ভীরু, এবং স্ত্রীগণের এইরূপ ঔষধ সেবন বিধেয়।

ভোজনান্তে ঔষধ সেবনের নাম অধোভক্ত বলা যায়। ইহাতে শরীরের উর্দ্ধভাগস্থ বহুবিধ রোগের শান্তি হয়, এবং বল জন্মে।

ভোজনের মধ্যে সেবন করাকে মাধ্যভক্ত বলে। ইহাতে ঔষধ-বীর্য্য সর্ব্বদেহে বিসারিত হয় না; দেহের মধ্যভাগস্থ সকল রোগের শান্তি করে।

ভোজনের পূর্ব্ব এবং পরে সেবন করার নাম অন্তরাভক্ত। ইহা হৃদ্য, বলকর এবং অগ্নিকর।

ঔষধ সহযোগে অন্ন প্রস্তুত করিয়া সেবন করাকে সভক্ত বলে। অবলা, বালক, বৃদ্ধের পক্ষে এইরূপ ঔষধ সেবনীয়।

ভোজনের প্রথমে ও শেষে সেবনের নাম সামুদ্গ। উর্দ্ধ অধঃ

গতি থাকিলে ঐরূপ সেবন করা বিহিত, এজন্য

বলে।

হত হউক বা অন্ন রহিত হউক সর্ব্বদা সেবনের নাম

কাশ, হিক্কা ও বমনরোগে এইরূপ সেবন কর্ত্তব্য।

মিশ্রিত করিয়া সেবন করাকে গ্রাসান্তর বলে।

শ্বাসাদি রোগে লেহনীয় ঔষধ এইরূপে সেবনীয়।

ঔষধের কাল। পুরীষ, মূত্র ত্যাগ করিয়া দেহ

শুদ্ধি হইলে, হৃদয় নির্ম্মল ও বায়ু সরল হইলে, ক্ষুধার

শিথিল হইলে, আহার প্রদান করিবে।

সম্পূর্ণ।

সুশ্রুতঃ।

দ্বিতীয় সংস্করণম্।

আর্য্যচিকিৎসা বিজ্ঞানম্।

বহুবাজারস্থ অম্বিকাচরণ বন্দ্যোপাধ্যায়েন

অনুদিতঃ সংস্কৃতশ্চ।

THE MEDICAL SCIENCE

OF THE

ANCIENT ARYANS.

TRANSLATED & EDITED

BY

AMBICA CHURUN BANDOPADHYA

THE SECOND EDITION.

কলিকাতা রাজধান্যাম্

বহুবাজারস্থ বরাট প্রেসে

তথা পটলডাঙ্গাস্থ নূতন আর্য্য যন্ত্রে চ

মুদ্রিতঃ।

শকাব্দাঃ ১৮০৭।

মূল্য ৮৲ আট টাকা।

সুশ্রুতঃ।

সূচীপত্রম্

সূত্রস্থানম্।

বিষয়		পৃষ্ঠা
	প্রথমোঽধ্যায়ঃ।	
অষ্টাঙ্গায়ুর্ব্বেদ বিবরণম্	... ...	২
	দ্বিতীয়োঽধ্যায়ঃ।	
শিষ্যোপনয়ন বিধিঃ	... ...	৫
	তৃতীয়োঽধ্যায়ঃ।	
অধ্যায় সমূহানাম্ সংক্ষেপ বিবরণম্	... ...	৬
	চতুর্থোঽধ্যায়ঃ।	
প্রভাষণীয়োঽধ্যায়ঃ	... ...	১১
	পঞ্চমোঽধ্যায়ঃ।	
অগ্রোপহরণীয় বিবরণম্	... ...	১২
	ষষ্ঠোঽধ্যায়ঃ।	
ঋতুচর্য্যা	... ...	১৬
	সপ্তমোঽধ্যায়ঃ।	
ন্ত্র বিবরণম্	... ...	১৯
	অষ্টমোঽধ্যায়ঃ।	
শস্ত্র বিবরণম্	... ...	২২
	নবমোঽধ্যায়ঃ।	
যোগ্যাসূত্রীয় বিবরণম্	... ...	২৪

বিষয়		পৃষ্ঠা
	দশমোঽধ্যায়ঃ।	
বিশিখানু প্রবেশনীয়ঃ	... ...	২৫
	একাদশাধ্যায়ঃ।	
ক্ষারপাক-বিধিঃ	... ...	২৬
	দ্বাদশাধ্যায়ঃ।	
অগ্নিকর্ম্ম-বিধিঃ	... ...	২৯
	ত্রয়োদশাধ্যায়ঃ।	
জলৌকাবচরণ বিধিঃ	... .	৩৩
	চতুর্দ্দশাধ্যায়ঃ।	
শোণিত বর্ণনম্	... ...	৩৫
	পঞ্চদশাধ্যায়ঃ।	
দোষধাতু মলক্ষয় বৃদ্ধি বিজ্ঞানম্	... ...	৪০
	ষোড়শাধ্যায়ঃ।	
কর্ণব্যধবন্ধবিধিঃ	... ...	৪৫
	সপ্তদশাধ্যায়ঃ।	
আমপক্কৈষণীয়াধ্যায়ঃ	... .	৫১
	অষ্টাদশাধ্যায়ঃ।	
ব্রণালেপনবন্ধন বিধিঃ	... ...	৫৩
	একোনবিংশতিতমোধ্যায়ঃ।	
ব্রণিতোপালনীয়ম্	... ...	৫৭
	বিংশতিতমোধ্যায়ঃ।	
হিতাহিতীয় বিবরণম্	... ...	৬০
	একবিংশতিতমোধ্যায়ঃ।	
ব্রণ প্রশ্ন জ্ঞানম্	... ...	৬৪
	দ্বাবিংশতিতমোঽধ্যায়ঃ।	
ব্রণাস্রাব বিজ্ঞানম্	... ...	৬৯

বিষয়	ত্রয়োবিংশতিতমোঽধ্যায়ঃ।	পৃষ্ঠা।
কৃত্যাকৃত্য বিধিঃ	... ...	৭২
	চতুর্ব্বিংশতিতমোঽধ্যায়ঃ।	
ব্যাধিসমুদ্দেশীয়ম্	... ...	৭৪
	পঞ্চবিংশতিতমোঽধ্যায়ঃ।	
অষ্টবিধ শস্ত্র কর্ম্ম বিবরণম্	... ...	৭৭
	ষড়্বিংশতিতমোঽধ্যায়ঃ।	
প্রণষ্টশল্য বিজ্ঞানীয়ম্	... ...	৮০
	সপ্তবিংশতিতমোঽধ্যায়ঃ।	
শল্যাপনয়নীয়াধ্যায়ঃ	... ...	৮৩
	অষ্টবিংশতিতমোধ্যায়ঃ।	
বিপরীতাবিপরীত ব্রণজ্ঞানম্	... ...	৮৬
	একোনত্রিংশত্তমোঽধ্যায়ঃ।	
বিপরীতাবিপরীত দূত শকুন স্বপ্ন নিদর্শনম্	...	৮৭
	ত্রিংশত্তমোঽধ্যায়ঃ।	
পঞ্চেন্দ্রিয়ার্থ বিপ্রতিপত্তিঃ	... ...	৯৪
	একত্রিংশত্তমোঽধ্যায়ঃ	
ছায়াবিপ্রতিপত্তিঃ	... ...	৯৬
	দ্বাত্রিংশত্তমোঽধ্যায়ঃ।	
স্বভাব বিপ্রতিপত্তিঃ	... ...	৯৮
	ত্রয়স্ত্রিংশত্তমোধ্যায়ঃ।	
অবারণীয় রোগ বিবরণম্	... ...	১০০
	চতুস্ত্রিংশোঽধ্যায়ঃ।	
যুক্তসেনীয় বিবরণম্	... ...	১০২
	পঞ্চত্রিংশোঽধ্যায়ঃ।	
আতুরোপক্রমণীয়ঃ	... ...	১০৪

বিষয়		পৃষ্ঠা।
	ষট্‌ত্রিংশত্তমোঽধ্যায়ঃ।	
মিশ্রকোঽধ্যায়ঃ	... ...	১১০
	সপ্তত্রিংশত্ত মোহধ্যায়ঃ।	
ভূমিপ্রবিভাগ বিজ্ঞানম্	... ...	১১৩
	অষ্টত্রিংশত্তমোঽধ্যায়ঃ।	
দ্রব্যসংগ্রহ নিয়ম্	... ...	১১৫
	একোনচত্বারিংশোঽধ্যায়ঃ।	
সংশোধন সংশমনীয়ম্	... ...	১২১
	চত্বারিংশত্তমোঽধ্যায়ঃ।	
দ্রব্যরস গুণবীর্য্য বিপাক বিজ্ঞানীয়ম্	... ...	১২৩
	একচত্বারিংশত্তমোঽধ্যায়ঃ।	
দ্রব্য বিশেষ বিজ্ঞানীয়ম্	... ...	১২৬
	দ্বিচত্বারিংশত্তমোঽধ্যায়ঃ।	
রসবিশেষ বিজ্ঞানম্	... ...	১২৮
	ত্রিচত্বারিংশত্তমোঽধ্যায়ঃ।	
বমনদ্রব্য বিকল্প জ্ঞানম্	... ...	১৩২
	চতুশ্চত্বারিংশত্তমোঽধ্যায়ঃ।	
বিরেচনদ্রব্য বিকল্প জ্ঞানম্	... ...	১৩৪
	পঞ্চচত্বারিংশত্তমোঽধ্যায়ঃ।	
দ্রবদ্রব্যবিধিঃ	... ...	
জলবর্গঃ	... ...	১৪১
ক্ষীরবর্গঃ	... ...	১৪৫
দধিবর্গঃ	... ...	১৪৭
তক্রবর্গঃ	... ...	১৪৯
ঘৃতবর্গঃ	... ...	১৫০
তৈলবর্গঃ	... ...	১৫১

বিষয়	পৃষ্ঠা।
ধুবর্গঃ	১৫৩
ক্ষুবর্গঃ	১৫৫
দ্যবর্গঃ	১৫৬
ত্রবর্গঃ	১৬০

ষট্‌চত্বারিংশত্তমোঽধ্যায়ঃ।

অন্নপান বিধিঃ	১৬১
কুধান্যবর্গঃ	১৬৩
মাংস মৎস্য বর্গঃ	১৬৬
ফলবর্গঃ	১৭৩
শাকবর্গঃ	১৭৮
পুষ্পব[illegible]	১৮৪
কন্দবর্গঃ	১৮৬
লবণ ক্ষারবর্গঃ	১৮৭
কৃতান্নবর্গঃ	১৮৮
রসবীর্য্যবিপাক ভেদেন ভক্ষ্য নির্ণয়ম্	১৯৩
সর্ব্বানুপানবর্গঃ	১৯৫
আহার বিধিঃ	১৯৮

নিদানস্থানম্।

প্রথমোঽধ্যায়ঃ।

বাতব্যাধি নিদানম্	২০৫

দ্বিতীয়োঽধ্যায়ঃ।

অর্শসাং নিদানম্	২১২

তৃতীয়োঽধ্যায়ঃ।

অশ্মরী নিদানম্	২১৫

বিষয়	পৃষ্ঠা।
চতুর্থোঽধ্যায়ঃ।	
ভগন্দরাণাং নিদানম্	২১৮
পঞ্চমোঽধ্যায়ঃ।	
কুষ্ঠ নিদানম্	২২০
ক্ষুদ্রকুষ্ঠ নিদানম্	২২১
ষষ্ঠোঽধ্যায়ঃ।	
প্রমেহ নিদানম্	২২৩
সপ্তমোঽধ্যায়ঃ।	
উদরাণাং নিদানম্	২২৬
অষ্টমোঽধ্যায়ঃ।	
মূঢ়গর্ভ নিদানম্	২২৮
নবমোঽধ্যায়ঃ।	
বিদ্রধি নিদানম্	২৩০
দশমোঽধ্যায়ঃ।	
বিসর্পনাড়ী স্তনরোগ নিদানম্	২৩৩
একাদশোঽধ্যায়ঃ।	
গ্রন্থ্যপচার্ব্বুদ গলগণ্ডানাং নিদানম্	২৩৬
দ্বাদশোঽধ্যায়ঃ।	
বৃদ্ধ্যুপদংশ শ্লীপদানাং নিদানম্	২৩৮
ত্রয়োদশোঽধ্যায়ঃ।	
ক্ষুদ্ররোগ নিদানম্	২৪০
চতুর্দ্দশোঽধ্যায়ঃ।	
শূকদোষ নিদানম্	২৪৫
পঞ্চদশোধ্যায়ঃ।	
ভগ্নানাং নিদানম্	২৪৭

বিষয়াঃ　　ষোড়শোঽধ্যায়ঃ ।　　পৃষ্ঠা ।

মুখরোগাণাং নিদানম্ ২৪৮

শারীর স্থানম্ ।

প্রথমোঽধ্যায়ঃ ।

সর্ব্বভূতচিন্তা শারীরম্ ২৫৫

দ্বিতীয়োঽধ্যায়ঃ ।

শুক্রশোণিত শুদ্ধিঃ ২৫৮

তৃতীয়োঽধ্যায়ঃ ।

গর্ভাবক্রান্তিঃ ২৬৪

চতুর্থোঽধ্যায়ঃ ।

গর্ভব্যাকরণম্ ২৬৮

পঞ্চমোঽধ্যায়ঃ ।

শরীরসংখ্যা ব্যাকরণম্ ২৭৭

ষষ্ঠোঽধ্যায়ঃ ।

প্রত্যেক মর্ম্মনির্দ্দেশঃ ২৮৪

সপ্তমোঽধ্যায়ঃ ।

শিরাবর্ণন বিভক্তিঃ ২৯২

অষ্টমোঽধ্যায়ঃ ।

শিরাব্যধ বিধিঃ ২৯৫

নবমোঽধ্যায়ঃ ।

ধমনী ব্যাকরণম্ ৩০০

দশমোধ্যায়ঃ ।

গর্ভিণী ব্যাকরণম্ ৩০৩

গর্ভিণ্যামাসানুমাসিকঃ বিধিঃ ৩১১

চিকিৎসিত স্থানম্।

বিষয়াঃ	প্রথমোঽধ্যায়ঃ।	পৃষ্ঠা
দ্বিব্রণীয় চিকিৎসা	... ...	৩১৩
	দ্বিতীয়োধ্যায়ঃ।	
সদ্যব্রণ চিকিৎসা	... ...	৩২৬
	তৃতীয়োঽধ্যায়ঃ।	
ভগ্নানাং চিকিৎসা	... ...	৩৩৩
	চতুর্থোঽধ্যায়ঃ।	
বাতব্যাধি চিকিৎসা	... ...	৩৩৯
	পঞ্চমোঽধ্যায়ঃ।	
মহা বাতব্যাধি চিকিৎসা	... ...	৩৪২
	ষষ্ঠোঽধ্যায়ঃ।	
অর্শসাং চিকিৎসা	... ...	৩৫০
	সপ্তমোঽধ্যায়ঃ।	
অশ্মরী চিকিৎসা	... ...	৩৫৫
	অষ্টমোঽধ্যায়ঃ।	
ভগন্দারাণাং চিকিৎসা	... ...	৩৫৯
	নবমোঽধ্যায়ঃ।	
কুষ্ঠ চিকিৎসা	... ...	৩৬৪
	দশমোঽধ্যায়ঃ।	
মহাকুষ্ঠ চিকিৎসা	... ...	৩৭১
	একাদশোঽধ্যায়ঃ।	
প্রমেহ চিকিৎসা	... ...	৩৭৪
	দ্বাদশোধ্যায়ঃ।	
প্রমেহ পীড়কা চিকিৎসা	... ...	৩৭৭

বিষয়াঃ		পৃষ্ঠা।
	ত্রয়োদশোধ্যায়ঃ।	
মধুমেহ চিকিৎসা	... ...	৩৭৯
	চতুর্দ্দশোঽধ্যায়ঃ।	
উদারাণাং চিকিৎসা	... ...	৩৮২
	পঞ্চদশোধ্যায়ঃ।	
মূঢ়গর্ভ চিকিৎসা	... ...	৩৮৬
	ষোড়শোঽধ্যায়ঃ।	
বিদ্রধীণাং চিকিৎসা	... ...	৩৯০
	সপ্তদশোঽধ্যায়ঃ।	
বিসর্পনাড়ীস্তনরোগ চিকিৎসা	... ...	৩৯৩
	অষ্টাদশোঽধ্যায়ঃ।	
গ্রন্থ্যপচার্ব্বুদ গলগণ্ড চিকিৎসা	... ...	৩৯৭
	উনবিংশোঽধ্যায়ঃ।	
বৃদ্ধ্যুপদংশ শ্লীপদানাং চিকিৎসা	... ...	৪০২
	বিংশতিতমোঽধ্যায়ঃ।	
ক্ষুদ্ররোগ চিকিৎসা	... ...	৪০৭
	একবিংশতিতমোঽধ্যায়ঃ।	
শূকরোগ চিকিৎসা	... ...	৪১২
	দ্বাবিংশতিতমোঽধ্যায়ঃ।	
মুখরোগ চিকিৎসা	... ...	৪১৩
	ত্রয়োবিংশোঽধ্যায়ঃ।	
শোফানাং চিকিৎসা	... ...	৪২০
	চতুর্ব্বিংশতিতমোঽধ্যায়ঃ।	
অনাগতাবাধপ্রতিষেধ বিধিঃ	... ...	৪২২
	পঞ্চবিংশতিতমোঽধ্যায়ঃ।	
মিশ্র চিকিৎসা	.. ..	৪৩১

বিষয়াঃ ষড়্বিংশতিতমোঽধ্যায়ঃ। পৃষ্ঠা।

ক্ষীণবলীয় বাজীকরণং ৪৩৬

সপ্তবিংশতিতমোঽধ্যায়ঃ।

সর্ব্বোপঘাত শমনীয় রসায়নম্ ৪৪০

অষ্টবিংশতিতমোঽধ্যায়ঃ।

মেধায়ুষ্কামীয়রসায়নম্ আয়ুষ্কামীয়ঞ্চ ... ... ৪৪২—৪

একোনত্রিংশত্তমোঽধ্যায়ঃ।

স্বভাবব্যাধিপ্রতিষেধনীয়ম্ রসায়নম্ ... ৪৪৫

ত্রিংশত্তমোঽধ্যায়ঃ।

নিবৃত্তসন্তাপীয় রসায়নম্ ৪৫০

একত্রিংশত্তমোঽধ্যায়ঃ।

স্নেহোপযোগিক চিকিৎসা ৪৫৪

দ্বাত্রিংশত্তমোঽধ্যায়ঃ।

স্বেদাবচারণম্ ৪৬০

ত্রয়োস্ত্রিংশত্তমোঽধ্যায়ঃ।

বমনবিরেচন সাধ্যোপদ্রব চিকিৎসা ৪৬২

চতুস্ত্রিংশোত্তমোঽধ্যায়ঃ।

বমনবিরেচন ব্যাপচ্চিকিৎসা ৪৬৭

পঞ্চত্রিংশত্তমোঽধ্যায়ঃ।

নেত্রবস্তি প্রমাণ প্রবিভাগঃ ৪৭২

ষট্ত্রিংশত্তমোধ্যায়ঃ।

নেত্রবস্তি ব্যাপচ্চিকিৎসা ৪৭৬

সপ্তত্রিংশোত্তমোধ্যায়ঃ।

অনুবাসনোত্তরবস্তি চিকিৎসা ৪৮০

অষ্টত্রিংশত্তমোধ্যায়ঃ।

নিরুটোপক্রম চিকিৎসা ৪৮৯

বিষয়াঃ	পৃষ্ঠা।
বস্তি কল্পনা	৪৯৩
একোনচত্বারিংশত্তমোধ্যায়ঃ।	
আতুরোপদ্রব চিকিৎসা	৪৯৯
চত্বারিংশত্তমোধ্যায়ঃ।	
ধূমনস্যকবলগ্রহ চিকিৎসা	৫০২

কল্পস্থানম্।

প্রথমোঽধ্যায়ঃ।	
অন্নপান রক্ষাকল্পঃ	১
দ্বিতীয়োঽধ্যায়ঃ।	
স্থাবর বিষবিজ্ঞানম্	৭
তৃতীয়োঽধ্যায়ঃ।	
জঙ্গম বিষ বিজ্ঞানম্	১২
চতুর্থোঽধ্যায়ঃ।	
সর্পদষ্ট বিষ বিজ্ঞানম্	১৬
পঞ্চমোঽধ্যায়ঃ।	
সর্পদষ্ট কল্প চিকিৎসা	২২
ষষ্ঠোঽধ্যায়ঃ।	
মূষিক কল্পম্	২৯
সপ্তমোঽধ্যায়ঃ।	
দুন্দুভিস্বনীয় মধ্যায়ঃ	৩৪
অষ্টমোঽধ্যায়ঃ।	
কীটকল্পঃ	৩৭

উত্তর তন্ত্রম্।

শালক্য তন্ত্রম্।

বিষয়াঃ	প্রথমোঽধ্যায়ঃ।	পৃষ্ঠা।
ঔপদ্রবিকাধ্যায়ঃ।	... ...	১
	দ্বিতীয়োধ্যায়ঃ।	
সন্ধিগত রোগ বিজ্ঞানম্	... ...	৪
	তৃতীয়োঽধ্যায়ঃ।	
বর্ত্মগতরোগ বিজ্ঞানম্	... ...	৫
	চতুর্থোঽধ্যায়ঃ।	
শুক্লগত রোগ বিজ্ঞানম্	... ...	৭
	পঞ্চমোঽধ্যায়ঃ।	
কৃষ্ণগত রোগ বিজ্ঞানম্	... ...	৮
	ষষ্ঠোঽধ্যায়ঃ।	
সর্ব্বগত রোগ বিজ্ঞানম্	... ...	৯
	সপ্তমোঽধ্যায়ঃ।	
দৃষ্টিগত রোগ বিজ্ঞামম্	... ...	১১
	অষ্টমোঽধ্যায়ঃ।	
চিকিৎসা প্রবিভাগ বিজ্ঞানম্	... ...	১৫
	নবমোঽধ্যায়ঃ।	
বাতাভিষ্যন্দ প্রতিষেধঃ	... ...	১৭
	দশমোঽধ্যায়ঃ।	
পিত্তাভিষ্যন্দ প্রতিষেধঃ	... ...	১৮
	একাদশোধ্যায়ঃ।	
শ্লেষ্মাভিষ্যন্দ প্রতিষেধঃ	... ...	১৯
	দ্বাদশাধ্যায়ঃ।	
রক্তাভিষ্যন্দ প্রতিষেধঃ	... ...	২১

বিষয়াঃ		পৃষ্ঠা।
	ত্রয়োদশাধ্যায়ঃ।	
লেখ্যরোগ প্রতিষেধঃ	... ...	২৫
	চতুর্দ্দশাধ্যায়ঃ।	
ভেদ্যরোগ প্রতিষেধঃ	... ...	২৬
	পঞ্চদশোঽধ্যায়ঃ।	
ছেদ্যরোগ প্রতিষেধঃ	... ...	২৭
	ষোড়শাধ্যায়ঃ।	
পক্ষ্মকোপ প্রতিষেধঃ	... ...	৩০
	সপ্তদশোঽধ্যায়ঃ।	
দৃষ্টিগত রোগ প্রতিষেধঃ	... ...	৩০
	অষ্টাদশোঽধ্যায়ঃ।	
ক্রিয়াকল্পঃ	... ...	৩৮
	উনবিংশতিতমোঽধ্যায়ঃ।	
নয়নাভিষ্যন্দ প্রতিষেধঃ	... ...	৪৬
	বিংশতিতমোঽধ্যায়ঃ।	
কর্ণগত রোগ বিজ্ঞানম্	... ...	৪৯
	একবিংশতিতমোঽধ্যায়ঃ।	
কর্ণগতরোগ প্রতিষেধঃ	... ...	৫০
	দ্বাবিংশতিতমোঽধ্যায়ঃ।	
নাসাগত রোগ বিজ্ঞানম্	... ...	৫৫
	ত্রয়োবিংশতিতমোঽধ্যায়ঃ।	
নাসাগতরোগ প্রতিষেধঃ	... ...	৫৬
	চতুর্ব্বিংশতিতমোধ্যায়ঃ।	
প্রতিশ্যায় প্রতিষেধঃ	... ...	৫৬
	পঞ্চবিংশতিতমোঽধ্যায়ঃ।	
শিরোরোগ বিজ্ঞানম	...	

ষড়্‌বিংশতিতমোঽধ্যায়ঃ।

বিষয়াঃ	পৃষ্ঠা।
শিরোরোগ বিজ্ঞানম্	৬২

সপ্তবিংশতিতমোঽধ্যায়ঃ।

কৌমার ভৃত্যতন্ত্রঃ।

নবগ্রহাকৃতি জ্ঞানম্	৬৬

অষ্টাবিংশতিতমোঽধ্যায়ঃ।

স্কন্দগ্রহ প্রতিষেধম্	৬৮

ঊনত্রিংশত্তমোঽধ্যায়ঃ।

স্কন্দাপস্মার প্রতিষেধঃ	৬৯

ত্রিংশত্তমোধ্যায়ঃ।

শকুনী প্রতিষেধঃ	৭০

একত্রিংশত্তমোঽধ্যায়ঃ।

রেবতী প্রতিষেধঃ	৭১

দ্বাত্রিংশত্তমোঽধ্যায়ঃ।

পূতনা প্রতিষেধঃ	৭২

ত্রয়স্ত্রিংশত্তমোধ্যায়ঃ।

অন্ধ পূতনা প্রতিষেধঃ	৭৩

চতুস্ত্রিংশত্তমোধ্যায়ঃ।

শীতপূতনা প্রতিষেধঃ	৭৩

পঞ্চত্রিংশত্তমোঽধ্যায়ঃ।

মুখমণ্ডিকা প্রতিষেধঃ	৭৪

ষট্‌ত্রিংশত্তমোঽধ্যায়ঃ।

নৈগমেষ প্রতিষেধঃ	৭৫

সপ্তত্রিংশত্তমোঽধ্যায়ঃ।

গ্রহোৎপত্তি বিবরণম্	৭৬

বিষয়াঃ	অষ্টত্রিংশত্তমোঽধ্যায়ঃ।	পৃষ্ঠা।
যোনিব্যাপৎ প্রতিষেধম্	... ...	৭৭
	উনচত্বারিংশত্তমোঽধ্যায়ঃ।	
জ্বর প্রতিষেধঃ	... ...	৮০
	চত্বারিংশত্তমোঽধ্যায়ঃ।	
অতীসার প্রতিষেধঃ	... ...	১০৩
	একচত্বারিংশত্তমোধ্যায়ঃ।	
শোষ প্রতিষেধঃ	... ...	১১৭
	দ্বিচত্বারিংশত্তমোঽধ্যায়ঃ।	
গুল্ম প্রতিষেধঃ	... ...	১২২
	ত্রিচত্বারিংশত্তমোঽধ্যায়ঃ।	
হৃদ্রোগ প্রতিষেধঃ	... ...	১৩৩
	চতুশ্চত্বারিংশত্তমোঽধ্যায়ঃ।	
পাণ্ডুরোগ প্রতিষেধঃ	... ...	১৩৪
	পঞ্চচত্বারিংশত্তমোঽধ্যায়ঃ।	
রক্তপিত্ত প্রতিষেধঃ	... ...	১৩৮
	ষট্চত্বারিংশত্তমোঽধ্যায়ঃ।	
মূর্চ্ছাপ্রতিষেধঃ	... ...	১৪১
	সপ্তচত্বারিংশত্তমোঽধ্যায়ঃ।	
পানাত্যয় প্রতিষেধঃ	... ...	১৪৩
	অষ্টচত্বারিংশত্তমোঽধ্যায়ঃ।	
তৃষ্ণা প্রতিষেধঃ	... .	১৫১
	উনপঞ্চাশত্তমোঽধ্যায়ঃ।	
ছর্দ্দি প্রতিষেধঃ	... ...	১৫৪
	পঞ্চাশত্তমোঽধ্যায়ঃ।	
হিক্কা প্রতিষেধঃ	... ...	১৫৬

বিষয়াঃ	একপঞ্চাশত্তমোঽধ্যায়ঃ।	পৃষ্ঠা।
শ্বাস প্রতিষেধঃ	... ...	১৫৯
	দ্বিপঞ্চাশত্তমোঽধ্যায়ঃ।	
কাস প্রতিষেধঃ	... ...	১৬৩
	ত্রিপঞ্চাশত্তমোঽধ্যায়ঃ।	
স্বরভেদ প্রতিষেধঃ	... ...	১৬৭
	চতুঃপঞ্চাশত্তমোঽধ্যায়ঃ।	
কৃমি রোগ চিকিৎসা	... ...	১৬৯
	পঞ্চপঞ্চাশত্তমোঽধ্যায়ঃ।	
উদাবর্ত্ত প্রতিষেধঃ	... ...	১৭২
	ষট্পঞ্চাশত্তমোঽধ্যায়ঃ।	
বিসূচিকা প্রতিষেধঃ	... ...	১৭৬
	সপ্তপঞ্চাশত্তমোঽধ্যায়ঃ।	
অরোচক প্রতিষেধঃ	... ...	১৭৮
	অষ্টপঞ্চাশত্তমোঽধ্যায়ঃ।	
মূত্রাঘাত প্রতিষেধঃ	... ...	১৮১
	ঊনষষ্টিতমোঽধ্যায়ঃ।	
মূত্রদোষ প্রতিষেধঃ	... ...	১৮৫
	ষষ্টিতমোঽধ্যায়ঃ।	
অমানুষ প্রতিষেধঃ	... ...	১৮৭
	একষষ্টিতমোঽধ্যায়ঃ।	
অপস্মার প্রতিষেধঃ	... ...	১৯২
	দ্বিষষ্টিতমোঽধ্যায়ঃ।	
উন্মাদ প্রতিষেধঃ	... ...	১৯৫
	ত্রিষষ্টিতমোঽধ্যায়ঃ।	
রসভেদ বিকল্প জ্ঞানম	... ...	১৯৮

বিষয়াঃ		পৃষ্ঠা।
	চতুঃষষ্টিতমোঽধ্যায়ঃ।	
স্বস্থবৃত্ত মধ্যায়ঃ	... ...	২০০
	পঞ্চষষ্টিতমোঽধ্যায়ঃ।	
তন্ত্রযুক্তীয় মধ্যায়ঃ	... ...	২০৬
	ষট্ষষ্টিতমোঽধ্যায়ঃ।	
দোষভেদ বিকল্পনা জ্ঞানম্	... ...	২১০

সূচীপত্রম্ সমাপ্তং।

সুশ্রুত।

সূত্রস্থান।

বিষয়	প্রথম অধ্যায়।	পৃষ্ঠা।
আয়ুর্ব্বেদোৎপত্তি বিবরণ		১
	দ্বিতীয় অধ্যায়।	
শিষ্যোপনয়ন বিধি		৮
	তৃতীয় অধ্যায়।	
গ্রন্থস্থিত বিষয়ের বিবরণ		১০
	চতুর্থ অধ্যায়।	
প্রভাষণীয় অধ্যায়		১৬
	পঞ্চম অধ্যায়।	
আহরণীয় দ্রব্যের বিবরণ		১৮
	ষষ্ঠ অধ্যায়।	
ঋতু বিবরণ		২২
	সপ্তম অধ্যায়।	
যন্ত্র বিবরণ		২৮
	অষ্টম অধ্যায়।	
শস্ত্র ব্যবহার প্রণালী		৩১
	নবম অধ্যায়।	
চিকিৎসা বিধি ও রোগ জ্ঞান		৩৫
	দশম অধ্যায়।	
চিকিৎসকের কর্ত্তব্য		৩৬

বিষয় পৃষ্ঠা।

একাদশ অধ্যায়।

ক্ষারপাক ও প্রয়োগ ৩৮

দ্বাদশ অধ্যায়।

অগ্নিকর্ম্ম বিধি ৪৪

ত্রয়োদশ অধ্যায়।

জলৌকা ব্যবহার প্রণালী ৪৯

চতুর্দ্দশ অধ্যায়।

শোণিত বর্ণন ৫৪

পঞ্চদশ অধ্যায়।

দোষধাতু ও মলক্ষয় বৃদ্ধি বিজ্ঞান ৬৩

ষোড়শ অধ্যায়।

কর্ণ বেধ ও বন্ধন প্রণালী ৭৩

সপ্তদশ অধ্যায়।

পক্কাপক্ক ব্রণের লক্ষণ ৮২

অষ্টাদশ অধ্যায়।

ব্রণের আলেপন ও বন্ধন ৮৬

ঊনবিংশ অধ্যায়।

ব্রণ হইলে যেরূপ আচরণ কর্ত্তব্য তাহার উপদেশ ... ৯৩

বিংশ অধ্যায়।

আহারীয় দ্রব্যের হিতাহিত বর্ণন ৯৬

একবিংশ অধ্যায়।

বাতাদির স্থান সঞ্চয় প্রকোপ প্রসরণ ও
তদ্দ্বারা ব্রণোৎপত্তির বিবরণ ১০২

দ্বাবিংশ অধ্যায়।

ব্রণের স্রাব বিজ্ঞান ১১১

বিষয়		পৃষ্ঠা।
	ত্রয়োবিংশ অধ্যায়।	
কৃত্যাকৃত্য বিধি	... ...	১১৪
	চতুর্ব্বিংশ অধ্যায়।	
ব্যাধি সমুদ্দেশ	... ...	১১৭
	পঞ্চবিংশ অধ্যায়।	
অষ্টবিধ শস্ত্র কর্ম্মের বিবরণ...	... ...	১২২
	ষড়্বিংশ অধ্যায়।	
প্রণষ্টশল্যের বিজ্ঞান	... ...	১২৭
	সপ্তবিংশ অধ্যায়।	
শল্য অপনয়ন	... ...	১৩১
	অষ্টাবিংশ অধ্যায়।	
বিপরীতাবিপরীত ব্রণের বিজ্ঞান	... ...	১৩৪
	একোনত্রিংশ অধ্যায়।	
বিপরীতাবিপরীত দূত, শকুন, ও স্বপ্ন নিদর্শন	...	১৩৬
	ত্রিংশ অধ্যায়।	
পঞ্চেন্দ্রিয়ের দ্বারা বিপরীত জ্ঞান	... ...	১৪১
	একত্রিংশ অধ্যায়।	
ছায়াদির দ্বারা মৃত্যু লক্ষণ নির্ণয়	... ...	১৪৩
	দ্বাত্রিংশ অধ্যায়।	
স্বভাবের বিপ্রতিপত্তি	... ...	১৪৫
	ত্রয়স্ত্রিংশ অধ্যায়।	
অসাধ্য রোগের বিবরণ	... ...	১৪৭
	চতুস্ত্রিংশ অধ্যায়।	
যুক্তসেনীয় বিবরণ	... ...	১৪৯
	পঞ্চত্রিংশ অধ্যায়।	
আতুরোপক্রমনীয় অধ্যায় ...	... ...	১৫১

বিষয়	ষট্‌ত্রিংশ অধ্যায়।	পৃষ্ঠা।
শোফের চিকিৎসা	... ...	১৫৯
	সপ্তত্রিংশ অধ্যায়।	
ঔষধ সংগ্রহার্থ ভূমি পরীক্ষা	... ...	১৬২
	অষ্টাত্রিংশ অধ্যায়।	
দ্রব্য সংগ্রণীয় অধ্যায়	... ...	১৬৫
	একোনচত্বারিশৎ অধ্যায়।	
সংশোধন ও শংসমনীয় দ্রব্যের বিবরণ	... ...	১৭২
	চত্বারিংশৎ অধ্যায়।	
দ্রব্য, রস, গুণ, বীর্য্য ও বিপাকের বিজ্ঞান	...	১৭৫
	একচত্বারিংশৎ অধ্যায়।	
দ্রব্যের বিশেষ বিজ্ঞান	... ...	১৭৯
	দ্বিচত্বারিংশৎ অধ্যায়।	
রস বিশেষ বিজ্ঞান	... ...	১৮২
	ত্রিচত্বারিংশৎ অধ্যায়।	
বমন দ্রব্য বিধি	... ...	১৮৭
	চতুশ্চত্বারিংশৎ অধ্যায়।	
বিরেচন দ্রব্য বিধি	... ...	১৯০
	পঞ্চচত্বারিংশৎ অধ্যায়।	
দ্রবদ্রব্যের গুণ বর্ণনা	... ...	১৯৭
জল বর্গ	.. ..	১৯৭
দুগ্ধ বর্গ	... ...	২০২
দধি বর্গ	... ...	২০৪
তক্র বর্গ	... ...	২০৬
ঘৃত বর্গ	... ...	২০৭
তৈল বর্গ	... ...	২০৯

বিষয়				পৃষ্ঠা।
মধু বর্গ	...	...	...	২১১
ইক্ষু বর্গ	...	...	...	২১৩
মদ্য বর্গ	...	...	...	২১৫
মূত্র বর্গ	...	...	...	২১৯
অন্নপান বিধি	...	...	...	২২১
কুধান্য বর্গ	...	...	...	২২২
মাংস বর্গ	...	...	...	২২৫
ফল বর্গ	...	...	...	২৩৩
শাক বর্গ	...	...	...	২৪০
পুষ্প বর্গ	...	...	...	২৪৫
লবণ বর্গ	...	...	...	২৪৮
কৃতান্ন বর্গ	...	...	...	২৫০
রসবীর্য্য বিপাকানুসারে ভক্ষ্য দ্রব্যের গুণ			...	২৫৬
সর্ব্বানুপান বর্গ	...	...	...	২৫৯
আহার প্রস্তুত করিবার ও ভোগ করিবার বিধি			...	২৬১
শৈত্যাদি দ্রব্য গুণের ক্রিয়া বিবরণ		...	...	২৬৭

নিদান স্থান।

প্রথম অধ্যায়।

বাতব্যাধি নিদান ২৭০

দ্বিতীয় অধ্যায়।

অর্শ নিদান ২৭৯

তৃতীয় অধ্যায়।

অশ্মরী নিদান ২৮২

বিষয়	পৃষ্ঠা।
চতুর্থ অধ্যায়।	
ভগন্দর নিদান	২৮৫
পঞ্চম অধ্যায়।	
কুষ্ঠ নিদান	২৮৮
ক্ষুদ্র কুষ্ঠ নিদান	২৮৯
ষষ্ঠ অধ্যায়।	
প্রমেহ নিদান	২৯২
সপ্তম অধ্যায়।	
উদর রোগের নিদান	২৯৫
অষ্টম অধ্যায়।	
মূঢ় গর্ভ নিদান	২৯৮
নবম অধ্যায়।	
বিদ্রধি নিদান।	৩০১
দশম অধ্যায়।	
বিসর্প, নাড়ী ও স্তন রোগের নিদান	৩০৪
একাদশ অধ্যায়।	
গ্রন্থি, অপচি, অর্ব্বুদ ও গলগণ্ডের নিদান... ...	৩০৬
দ্বাদশ অধ্যায়।	
বৃদ্ধি, উপদংশ ও শ্লীপদের নিদান	৩১০
ত্রয়োদশ অধ্যায়।	
ক্ষুদ্র রোগের নিদান	৩১২
চতুর্দ্দশ অধ্যায়।	
শূকদোষ নিদান	৩১৮
পঞ্চদশ অধ্যায়।	
ভগ্নের নিদান	৩২১

বিষয়	ষোড়শ অধ্যায়।	পৃষ্ঠা।
মুখরোগের নিদান	... ...	৩২৪

শারীর স্থান।

প্রথম অধ্যায়।

সর্ব্ব ভূত চিন্তা শারীর ৩৩৪

দ্বিতীয় অধ্যায়।

শুক্র শোণিত শুদ্ধি ৩৪২

তৃতীয় অধ্যায়।

গর্ভাবক্রান্তি ৩৪৮

চতুর্থ অধ্যায়।

গর্ভব্যাকরণ ৩৬৪

পঞ্চম অধ্যায়।

প্রত্যঙ্গের বিবরণ ৩৬৩

ষষ্ঠ অধ্যায়।

মর্ম্মস্থান নিরূপণ ৩৭২

সপ্তম অধ্যায়।

শিরা বর্ণন ৩৮১

অষ্টম অধ্যায়।

শিরা বিদ্ধ করিবার প্রণালী ৩৮৫

নবম অধ্যায়।

ধমনী ব্যাকরণ ৩৯১

দশম অধ্যায়।

প্রত্যঙ্গের বিবরণ ৩৯৫

কল্প স্থান।

বিষ চিকিৎসা।

বিষয়	প্রথম অধ্যায়।	পৃষ্ঠা।
অন্নপান রক্ষাবিধি	... ...	৭
	দ্বিতীয় অধ্যায়।	
স্থাবর বিষের বিজ্ঞান	... ...	৭
	তৃতীয় অধ্যায়।	
সর্পাদির বিষ বিজ্ঞান	... ...	১২
	চতুর্থ অধ্যায়।	
সর্প দংশন বিষবিজ্ঞান	... ...	১৭
	পঞ্চম অধ্যায়।	
সর্পদংশের চিকিৎসা	... ...	২৪
	ষষ্ঠ অধ্যায়।	
মূষিক কল্প	... ...	৩২
	সপ্তম অধ্যায়।	
ঔষধ প্রকরণ	... ...	৩৭
	অষ্টম অধ্যায়।	
কীট কল্প ...	... ...	৪০

চিকিৎসিত স্থান।

	প্রথম অধ্যায়।	
দ্বিব্রণীয় চিকিৎসা	... ...	৫২
	দ্বিতীয় অধ্যায়।	
সদ্যব্রণের চিকিৎসা	... ...	৬৬

বিষয়				পৃষ্ঠা।
	তৃতীয় অধ্যায়।			
ভগ্নের চিকিৎসা	...	...	...	৭৩
	চতুর্থ অধ্যায়।			
বাতব্যাধির চিকিৎসা	...	...	...	৭৯
	পঞ্চম অধ্যায়।			
মহাব্যাতব্যাধি, বাতরক্ত ও আমবাত চিকিৎসা			...	৮৩
	ষষ্ঠ অধ্যায়।			
অর্শ চিকিৎসা	...	...	...	৯৫
	সপ্তম অধ্যায়।			
অশ্মরী চিকিৎসা	...	...	...	১০৩
	অষ্টম অধ্যায়।			
ভগন্দরের চিকিৎসা	...	...	...	১০৮
	নবম অধ্যায়।			
কুষ্ঠ চিকিৎসা	...	...	...	১১৩
	দশম অধ্যায়।			
তৈলমোদকাদি প্রস্তুতের জ্ঞাতব্য বিষয়			...	১২২
মহাকুষ্ঠ চিকিৎসা	..	...	...	১২৮
	একাদশ অধ্যায়।			
প্রমেহ চিকিৎসা	...	...	...	১৩৪
	দ্বাদশ অধ্যায়।			
প্রমেহ পিড়কা চিকিৎসা	...	...	...	১৩৭
	ত্রয়োদশ অধ্যায়।			
মধুমেহ চিকিৎসা	...	...	...	১৪০
	চতুর্দ্দশ অধ্যায়।			
উদর রোগের চিকিৎসা	...	...	...	১৪৩

বিষয়		পৃষ্ঠা।
	পঞ্চদশ অধ্যায়।	
মূঢ়গর্ভ চিকিৎসা	... ...	১৫০
	ষোড়শ অধ্যায়।	
বিদ্রধি চিকিৎসা	... ...	১৫৫
	সপ্তদশ অধ্যায়।	
বিসর্প নাড়ী স্তনরোগের চিকিৎসা	... ...	১৫৯
	অষ্টাদশ অধ্যায়।	
গ্রন্থি অপচি অর্ব্বুদ গলগণ্ডের চিকিৎসা	... ...	১৬৪
	ঊনবিংশ অধ্যায়।	
বৃদ্ধি উপদংশ ও শ্লীপদের চিকিৎসা	... ...	১৭০
	বিংশ অধ্যায়।	
ক্ষুদ্ররোগের চিকিৎসা	... ...	১৭৬
	একবিংশ অধ্যায়।	
শূকরোগের চিকিৎসা	... ...	১৮১
	দ্বাবিংশ অধ্যায়।	
মুখরোগের চিকিৎসা	... ...	১৮৩
	ত্রয়োবিংশ অধ্যায়।	
শোফের চিকিৎসা	... ...	১৮৯
	চতুর্ব্বিংশ অধ্যায়।	
স্বাস্থ্যরক্ষার প্রণালী	... ...	১৯২
	পঞ্চবিংশ অধ্যায়।	
মিশ্রক চিকিৎসা	... ...	২০২
	ষড়বিংশ অধ্যায়।	
ক্ষীণশরীরে বাজীকরণ প্রণালী	... ...	২০৫
	সপ্তবিংশ অধ্যায়।	
সর্ব্বোপঘাত শমনীয় রসায়ন	... ...	২০৯

বিষয়			পৃষ্ঠা।
অষ্টাবিংশ অধ্যায়।			
মেধা ও আয়ুষ্কামীয় রসায়ন	...	...	২১৭
উনত্রিংশ অধ্যায়।			
স্বাভাবিক ব্যাধি প্রতিষেধনীয় রসায়ন ...		...	২১৫
ত্রিংশ অধ্যায়।			
নিবৃত্ত সন্তাপীয় রসায়ন ...	...	...	২২০
একত্রিংশ অধ্যায়।			
স্নেহপাকবিধি ও স্নেহোপযোগী চিকিৎসা		...	২২৩
সুশ্রুত মতেমান পরিভাষা ...	...	...	২২৫
দ্বাত্রিংশ অধ্যায়।			
স্বেদপ্রয়োগ প্রণালী ...	...	...	২৩০
ত্রয়স্ত্রিংশ অধ্যায়।			
বমন বিরেচন সাধ্য উপদ্রবের চিকিৎসা ...		...	২৩৪
চতুস্ত্রিংশ অধ্যায়।			
বমন বিরেচনের ব্যাপদের চিকিৎসা	...	...	২৪০
পঞ্চত্রিংশ অধ্যায়।			
নেত্রবস্তির পরিমাণ ও তাহার চিকিৎসা ...		...	২৪৭
ষটত্রিংশ অধ্যায়।			
নেত্রবস্তিব্যাপ চিকিৎসা ...	...	...	২৫২
সপ্তত্রিংশ অধ্যায়।			
অনুবাসন ও আস্থাপন ...	..	...	২৫৬
অষ্টাত্রিংশ অধ্যায়।			
নিরূঢ় বস্তি প্রয়োগ ...	...	...	২৬৬
উনচত্বারিংশৎ অধ্যায়।			
আতুরোপদ্রব চিকিৎসা ..	...	...	২৭৫

বিষয় চত্বারিংশৎ অধ্যায়। পৃষ্ঠা।

ধূমনস্য ও কবলগ্রহ প্রণালী ২৭৮

উত্তরতন্ত্র।

প্রথম অধ্যায়।

নেত্ররোগের বিবরণ ২৮৭

দ্বিতীয় অধ্যায়।

নেত্রের সন্ধিগত রোগের বিবরণ ২৯০

তৃতীয় অধ্যায়।

বর্ত্মগত রোগের বিবরণ ২৯১

চতুর্থ অধ্যায়।

শুক্লমণ্ডলগত রোগের বিজ্ঞান ২৯২

পঞ্চম অধ্যায়।

কৃষ্ণমণ্ডলগত রোগের বিজ্ঞান ২৯৩

ষষ্ঠ অধ্যায়।

নেত্রের সর্ব্বস্থানগত রোগের বিজ্ঞান ২৯৪

সপ্তম অধ্যায়।

দৃষ্টিগত রোগের বিবরণ ২৯৬

অষ্টম অধ্যায়।

নেত্ররোগের চিকিৎসা বিভাগ ২৯৯

নবম অধ্যায়।

বায়ুজন্য অভিষ্যন্দ রোগের চিকিৎসা ৩০০

দশম অধ্যায়।

পিত্তজন্য অভিষ্যন্দ রোগের চিকিৎসা ৩০২

একাদশ অধ্যায়।

শ্লেষ্মজন্য অভিষ্যন্দ রোগের চিকিৎসা ৩০৩

বিষয় দ্বাদশ অধ্যায়। পৃষ্ঠা।

রক্তজন্য অভিষ্যন্দ রোগের চিকিৎসা … … ৩০৫

ত্রয়োদশ অধ্যায়।

লেখ্যরোগের প্রক্রিয়া … … … ৩০৮

চতুর্দ্দশ অধ্যায়।

ভেদ্য রোগের প্রক্রিয়া … … … ৩১০

পঞ্চদশ অধ্যায়।

ছেদ্যরোগের প্রক্রিয়া … … … ৩১১

ষোড়শ অধ্যায়।

পক্ষ্মকোপের প্রতিকার … … … ৩১৩

সপ্তদশ অধ্যায়।

দৃষ্টিগতরোগের প্রতিকার … … … ৩১৪

অষ্টাদশ অধ্যায়।

ক্রিয়াকল্প … … … … ৩২২

উনবিংশ অধ্যায়।

নয়নাভিঘাত প্রতিষেধ … … … ৩২৯

বিংশ অধ্যায়।

কর্ণরোগ … … … … ৩৩১

একবিংশ অধ্যায়।

কর্ণরোগের চিকিৎসা … … … ৩৩২

দ্বাবিংশ অধ্যায়।

নাসাগত রোগের বিবরণ .. … … ৩৩৬

ত্রয়োবিংশ অধ্যায়।

নাসাগত রোগের চিকিৎসা … … ৩৩৮

চতুর্ব্বিংশ অধ্যায়।

প্রতিশ্যায় রোগের চিকিৎসা … … ৩৩৯

বিষয়	পঞ্চবিংশ অধ্যায়।			পৃষ্ঠা
শিরোরোগের বিবরণ	...	...	...	৩৪২
	ষড়্বিংশ অধ্যায়।			
শিরোরোগের চিকিৎসা	...	...	...	৩৪৪
	সপ্তবিংশ অধ্যায়।			
নবগ্রহের আকৃতি জ্ঞান	...	...	...	৩৪৭
	অষ্টাবিংশ অধ্যায়।			
স্কন্দগ্রহ চিকিৎসা	...	...	...	৩৪৯
	ঊনত্রিংশ অধ্যায়।			
স্কন্দাপস্মার রোগের চিকিৎসা		...	...	৩৫০
	ত্রিংশ অধ্যায়।			
শকুনিগ্রহের চিকিৎসা	...	...	...	৩৫১
	একত্রিংশ অধ্যায়।			
রেবতী গ্রহের চিকিৎসা	...	...	...	৩৫১
	দ্বাত্রিংশ অধ্যায়।			
পূতনা গ্রহের চিকিৎসা	...	...	...	৩৫২
	ত্রয়স্ত্রিংশ অধ্যায়।			
অন্ধ পূতনা চিকিৎসা	...	...	...	৩৫২
	চতুস্ত্রিংশ অধ্যায়।			
শীত পূতনা চিকিৎসা	...	...	...	৩৫৩
	পঞ্চত্রিংশ অধ্যায়।			
মুখমণ্ডিকা চিকিৎসা	...	...	...	৩৫৪
	ষটত্রিংশ অধ্যায়।			
নৈগমেষ গ্রহের চিকিৎসা	...	...	...	৩৫৪
	সপ্তত্রিংশ অধ্যায়।			
গ্রহোৎপত্তির বিবরণ	...	...	...	৩৫৫

বিষয়	পৃষ্ঠা।

অষ্টাত্রিংশ অধ্যায়।

যোনি রোগের চিকিৎসা ৩৫৬

উনচত্বারিংশৎ অধ্যায়।

জ্বর রোগ ৩৫৮
জ্বরঘ্ন ঘৃত ৩৭৭

চত্বারিংশৎ অধ্যায়।

অতিসার রোগের বিবরণ ৩৮৫
গ্রহণী চিকিৎসা ৩৯৭

একচত্বারিংশৎ অধ্যায়।

শোষ রোগের চিকিৎসা ৩৯৮

দ্বিচত্বারিংশৎ অধ্যায়।

গুল্ম রোগের চিকিৎসা ৪০৩
শূল রোগের চিকিৎসা ৪০৮

ত্রিচত্বারিংশৎ অধ্যায়।

হৃদ্রোগের চিকিৎসা ৪১৩

চতুশ্চত্বারিংশৎ অধ্যায়।

পাণ্ডু রোগের চিকিৎসা ৪১৪

পঞ্চচত্বারিংশৎ অধ্যায়।

রক্তপিত্তের চিকিৎসা ৪১৮

ষট্‌চত্বারিংশৎ অধ্যায়।

মূর্চ্ছা রোগের চিকিৎসা ৪২৩

সপ্তচত্বারিংশৎ অধ্যায়।

মদ্যপান-জন্য রোগের চিকিৎসা ৪২৫

অষ্টচত্বারিংশৎ অধ্যায়।

তৃষ্ণা চিকিৎসা ৪৩১

বিষয়	উনপঞ্চাশৎ অধ্যায়।	পৃষ্ঠা।
ছর্দ্দি চিকিৎসা	... ...	৪৩২
	পঞ্চাশৎ অধ্যায়।	
হিক্কা চিকিৎসা	... ...	৪৩৭
	একপঞ্চাশৎ অধ্যায়।	
শ্বাসরোগের চিকিৎসা	... ...	৪৩৯
	দ্বিপঞ্চাশৎ অধ্যায়।	
কাশ রোগের চিকিৎসা	... ...	৪৪৩
	ত্রিপঞ্চাশৎ অধ্যায়।	
স্বরভেদ চিকিৎসা	... ...	৪৪৮
	চতুঃপঞ্চাশৎ অধ্যায়।	
কৃমিরোগ চিকিৎসা	... ...	৪৪৯
	পঞ্চপঞ্চাশৎ অধ্যায়।	
উদাবর্ত্ত রোগের চিকিৎসা...	... ...	৪৫২
	ষট্ পঞ্চাশৎ অধ্যায়।	
বিসূচিকা চিকিৎসা	... ...	৪৫৬
	সপ্তপঞ্চাশৎ অধ্যায়।	
অরোচক চিকিৎসা	... ...	৪৫৯
	অষ্টপঞ্চাশৎ অধ্যায়।	
মূত্রাঘাত চিকিৎসা	... ...	৪৬০
	উনষষ্টিতম অধ্যায়।	
মূত্রদোষ চিকিৎসা	... ...	৪৬৪
	ষষ্টি অধ্যায়।	
অমানুষ রোগের চিকিৎসা···	... ...	৪৬৫
	একষষ্টিতম অধ্যায়।	
অপস্মার রোগের চিকিৎসা...	... ...	৪৬৯

দ্বিষষ্টিতম অধ্যায়।

উন্মাদ রোগের চিকিৎসা ৪৭২

ত্রিষষ্টিতম অধ্যায়।

রসভেদের বিবরণ ৪৭৪

চতুঃষষ্টিতম অধ্যায়।

স্বাস্থ্যরক্ষা বিধি ৪৭৬

সূচিপত্র সমাপ্ত।